তদুত্তরে বলিতেছেন,—বৈশ্বানর শব্দে বিষ্ণুকেই বোধ করাইতেছে। বৈশ্বানর শব্দে যদিও সাধারণত চারিটিকেই বোধ করায়; কিন্তু বিষ্ণুসাধারণ দ্যুমূর্দ্ধাদি শব্দ দ্বারা বিশেষিত হইয়া বৈশ্বানর শব্দ বিষ্ণুকেই বোধ করাইতেছে। এইরূপ আত্ম ও ব্রহ্ম শব্দ দ্বারা উহাদের মুখ্যার্থ হরিকেই বোধ করাইতেছে, এ কথা পূর্ব্বেই বলা হইয়াছে। বিশেষত বৈশ্বানরের উপাসক ব্যক্তির পাপ

যোগেন তত্রৈব বর্ত্তেত বিশ্বে নরা অস্যেতি। তস্মাদ্বিষ্ণু-
রেব সঃ ॥ ২৫ ॥

ইতোঽপীত্যাহ।

স্মর্য্যমাণমনুমানং স্যাদিতি ॥ ২৬ ॥

ইতি শব্দো হেত্বর্থঃ। অহং বৈশ্বানরো ভূত্বা প্রাণিনাং
দেহমাশ্রিত ইতি বিষ্ণোস্তত্ত্বং স্মর্য্যমাণমেতস্যা বিদ্যায়া
বিষ্ণুপরত্বে অনুমানং লিঙ্গং ভবতি ইতি হেতোঃ স বিষ্ণু-
রেব ॥ ২৬ ॥

অথ জাঠরং নিরস্যতি।

শব্দাদিভ্যোঽন্তঃপ্রতিষ্ঠানাচ্চ নেতি চেন্ন তথা দৃষ্ট্যুপ-
দেশাদসম্ভবাৎ পুরুষবিধমপি চৈনমধীয়তে ॥ ২৭ ॥

পাপবিনাশঃ ফলং শ্রুতমতশ্চ স সর্ব্বেশ্বর ইত্যর্থঃ। সোঽপি বৈশ্বানরশব্দো-
ঽপি ॥ ২৫ ॥

স্মর্য্যমাণমিতি। অহমিতি শ্রীগীতাসু। বৈশ্বানরো ভূত্বেতি। জাঠরাগ্নিরূপ-
স্তদধিষ্ঠাতা সন্নিত্যর্থঃ। তত্ত্বং বৈশ্বানরত্বং। এতস্যাশ্ছান্দোগ্যস্থবৈশ্বানর-
বিদ্যায়াঃ ॥ ২৬ ॥

সকল অগ্নিতে তূলার ন্যায় ভস্মীভূত হয়, এইরূপ ফল উক্ত হইয়াছে। এবং
বৈশ্বানর শব্দের যোগার্থও বিষ্ণুই হইতেছেন ॥ ২৫ ॥

শ্রীমদ্ভগবদ্গীতাতে আমি বৈশ্বানর রূপে প্রাণিগণের দেহ আশ্রয় পূর্ব্বক
অবস্থান করিয়া থাকি, এইরূপ উক্তি হেতু বৈশ্বানর শব্দে বিষ্ণুই অনুমিত
হইতেছেন ॥ ২৬ ॥

কিন্তু ঐ বাক্যে বৈশ্বানর শব্দে যে জাঠরাগ্নিরূপ অর্থ আপতিত হইতেছে,
তাহার নিরাসার্থ বলিতেছেন,—

ননু বৈশ্বানরো ন বিষ্ণুরয়মগ্নির্বৈশ্বানর ইতি বৈশ্বানর-শব্দৈকার্থাগ্নিশব্দাৎ হৃদয়ং গার্হপত্য ইত্যাদিনা হৃদয়াদিস্থস্য তস্য অগ্নিত্রেতাপ্রকল্পনাৎ প্রাণা ইত্যাধারত্বোক্তেঃ পুরুষে-ঽন্তঃপ্রতিষ্ঠিতং বেদেত্যন্তঃপ্রতিষ্ঠানাচ্চ। কিন্তু জাঠরাগ্নি-রেবায়মিতি চেন্ন। কুতঃ তথেতি। তথা জাঠররূপত্বেন দৃষ্টের্বিষ্ণূপাসনস্যোক্তেঃ। তন্মাত্রপরিগ্রহে দ্যুমূর্দ্ধত্বাদেরস-ম্ভবাৎ। কিঞ্চ স যো হ্যেতমেবাগ্নিং বৈশ্বানরং পুরুষবিধং পুরুষেঽন্তঃপ্রতিষ্ঠিতং বেদেতি পুরুষবিধমপ্যেনমধীয়তে বাজসনেয়িনঃ। জাঠরে গৃহীতে তস্য পুরুষেঽন্তঃপ্রতিষ্ঠানং স্যান্নতু পুরুষবিধত্বঞ্চ। বিষ্ণোস্তূভয়ং সম্ভবেৎ ॥ ২৭ ॥

অথ দেবতাগ্নিভূতাগ্নী নিরাকরোতি।

জাঠরাগ্নিমাশঙ্ক্য নিরাকরোতি শব্দাদিভ্য ইতি। আদিপদগ্রাহ্যং দর্শয়তি হৃদয়মিত্যাদিনা। তন্মাত্রেতি। জাঠরাগ্নৌ স্বীকৃতে তস্মিন্ দ্যুমূর্দ্ধত্বাদিকং ন সম্ভবেদিত্যর্থঃ। কিঞ্চেতি। পুরুষবিধং পুরুষাকারং জঠরস্থমগ্নিং যো বেদে-ত্যর্থঃ। উভয়মিতি। জাঠররূপং পুরুষাকারত্বঞ্চেত্যর্থঃ ॥ ২৭ ॥

যদিও বৈশ্বানর শব্দে বিষ্ণুর ন্যায় অগ্নিবৈভব, এইরূপ বোধ করাইতেছে, এবং পূর্ব্বোক্ত শ্রুতিতে হৃদয়াদি ঐ অগ্নিরই আধাররূপে বোধ করাইতেছে বলিয়া বৈশ্বানর শব্দে আপাততঃ অগ্নি এই অর্থই প্রতীত হয় বটে, কিন্তু তাহা বলিতে পারা যায় না। কারণ, বৈশ্বানর শব্দে অগ্নি এই অর্থ করিলে, দ্যুমূর্দ্ধাদি বিশেষণ সম্ভব হয় না এবং তাঁহার পুরুষের অন্তরে অধিষ্ঠান হইলেও পুরুষ-বিধত্ব সম্ভব হয় না। বিষ্ণুর তদুভয়ই সম্ভব হয় ॥ ২৭ ॥

এক্ষণে ভূতাগ্নি ও দেবতাগ্নির নিরাকরণ করিতেছেন,—

অতএব ন দেবতা ভূতঞ্চ ॥ ২৮ ॥

নন্থ দেবতাগ্নেরৈশ্বর্য্যবশেন দ্যুলোকাদ্যঙ্গত্বসম্ভবাদেষ নির্দ্দেশস্তথা ভূতাগ্নেশ্চ। যো ভানুনা পৃথিবীং দ্যামুতেমামাততান রোদসী অন্তরীক্ষমিত্যাদিমন্ত্রবর্ণাদিতি চেন্ন। কুতঃ অতএব। এভ্য উক্তেভ্য এব হেতুভ্যো দেবতাগ্নির্ভূতাগ্নিশ্চ ন স ইত্যর্থঃ। মন্ত্রবর্ণস্তু প্রশংসাবচনং ॥ ২৮ ॥

বৈশ্বানরশব্দবদগ্নিশব্দস্যাপি সাক্ষাৎ তৎপরত্বমিতি জৈমিনিমতেন দর্শ্যতে।

সাক্ষাদপ্যবিরোধং জৈমিনিঃ ॥ ২৯ ॥

বিশ্বনেতৃত্বেন গুণেন বিশ্বে নরা অস্যেতি সর্ব্বকারণত্বাদিনা বা যথা বৈশ্বানরশব্দস্তথাত্র নয়নাদিগুণযোগেনাগ্নি-

---

যো ভানুনেতি। যো ভূতাগ্নির্দেবঃ পৃথিবীং দ্যাঞ্চেমাং দ্যাবাপৃথিব্যৌ রোদসী অন্তরীক্ষং তয়োর্মধ্যঞ্চ ভানুনা রূপেণাততান ব্যাপ্তবান্ স দ্যুলোকাদ্যবয়বো ভূতাগ্নির্ধ্যেয় ইত্যর্থঃ। সিদ্ধান্তে তু স্তুতিপরমেতৎ। স বৈশ্বানরঃ ॥ ২৮ ॥

পূর্ব্বমগ্ন্যাদিশব্দানাং জাঠরাগ্নিরূপে জাঠরাগ্ন্যধিষ্ঠাতরি বা হরৌ বৃত্তির্দর্শিতা ইদানীং তদর্থকল্পনাং বিনৈব সাক্ষাদেব তেষাং তস্মিন্ হরৌ বৃত্তিরিতি জৈমিনিমতেনাপি দর্শ্যতে। সাক্ষাদপীতি। বিশ্বেষাং নিখিলানাং প্রাণিনাং নরো নেতা প্রবর্ত্তকঃ সর্ব্বেশ ইতি যাবৎ। অথবা বিশ্বে সর্ব্বে নরা যস্মাৎ স বিশ্বানরঃ। বিশ্বশ্চাসৌ নরশ্চেতি বা। নরে সংজ্ঞায়ামিতি সূত্রাৎ দীর্ঘঃ। স এব বৈশ্বানরঃ।

পূর্ব্বোক্ত কারণবশতই বৈশ্বানর শব্দে ভূতাগ্নিত্ব বা দেবতাগ্নিত্বও সম্ভব হয় না। মন্ত্রে যে কোন কোন স্থলে উহাদিগেরও ঐরূপ বিশেষণ দৃষ্ট হয়, তাহা প্রশংসাবচন মাত্র ॥ ২৮ ॥

এক্ষণে বৈশ্বানর শব্দের ন্যায় অগ্নিশব্দেরও সাক্ষাৎ বিষ্ণুপরত্ব জৈমিনিমতে প্রদর্শিত হইতেছে,—

শব্দশ্চ সাক্ষাদেব বিষ্ণুবাচক ইত্যবিরোধমত্র জৈমিনির্মন্যতে গুণবিশেষস্যোপজীব্যত্বাৎ ॥ ২৯ ॥

নন্বু কথমত্র প্রাদেশমাত্রোক্তিরপরিচ্ছিন্নস্য তত্রাহ।

অভিব্যক্তেরিত্যাশ্মরথ্যঃ ॥ ৩০ ॥

তদ্দৃষ্টিবিশিষ্টানামুপাসকানাং তথাভিব্যক্তো বিভাতো ভবতি বিষ্ণুরিত্যাশ্মরথ্যো মন্যতে ॥ ৩০ ॥

অনুস্মৃতেরিতি বাদরিঃ ॥ ৩১ ॥

প্রাদেশমাত্রহৃৎপদ্মপ্রতিষ্ঠিতেন মনসায়মনুস্মর্য্যতে অতঃ প্রদেশমাত্র উচ্যতে ইতি বাদরির্মন্যতে ॥ ৩১ ॥

অগি গতাবিত্যতোঽঙ্গেনির্ন লোপশ্চেতি নিপ্রত্যয়েঽগ্নিরিতি রূপং। তন্নিরুক্তিশ্চ অঙ্গয়তীত্যগ্নির্জন্ম প্রাপয়তীতি নিখিলজন্মপ্রদ ইত্যর্থঃ। স চ স চ শব্দঃ সাক্ষাৎ পরেশবাচক ইতি ন কাপি ক্ষতিরিতি জৈমিনিরাহ। স কস্মাদেবং ব্যাচষ্টে। তত্রাহ গুণেতি দ্যুমূর্দ্ধত্বভক্তদোষনির্দাহকত্বাদিতদেকান্তগুণানাশ্রিত্য তথা ব্যাচক্ষাবিত্যর্থঃ। অন্যথা তচ্ছ্রবণং বা ব্যাকুপ্যেৎ ॥ ২৯ ॥

তদ্দৃষ্টীতি। প্রাদেশমাত্রত্বেন ধ্যায়তামিত্যর্থঃ। অভিব্যক্তঃ স্ফুরিতঃ। স্মৃতিশ্চ কেচিৎ স্বদেহান্তর্হৃদয়াবকাশে প্রাদেশমাত্রং পুরুষং বসন্তমিত্যাদি॥৩০॥

অনুস্মৃতেরিতি। স্মৃতিস্থানহৃম্মানস্য স্মর্য্যমাণে স্থানানি হরাবুপচর্য্যত ইতি বাদরিমতং। তথাচ বিভৌ তস্মিংস্তন্মাত্রত্বং ভাক্তমিতি ॥ ৩১ ॥

বিশ্বনেতৃত্ব হেতু সর্ব্বকারণভূত বিষ্ণুবোধক বৈশ্বানর শব্দের ন্যায় প্রাপণাদি-গুণযোগ হেতু অগ্নি শব্দও সাক্ষাৎ পরমাত্মবাচক, ইহাই জৈমিনির মত ॥ ২৯ ॥

এক্ষণে অপরিচ্ছিন্ন পরমাত্মার প্রাদেশমাত্র রূপে উক্তি কিরূপে সম্ভব হয় তাহাই বলিতেছেন,—

আশ্মরথ্য ঋষি বলেন, প্রাদেশমাত্ররূপে ধ্যানকারী ব্যক্তির সম্বন্ধে পরমাত্মা তদ্রূপেই প্রকাশ পাইয়া থাকেন ॥ ৩০ ॥

সম্পত্তেরিতি জৈমিনিস্তথাহি দর্শয়তি ॥ ৩২ ॥

বিভোরপি তস্য যৎপ্রদেশমাত্রত্বং তৎ কিল সম্পত্তে-রবিচিন্ত্যশক্তিরূপাদৈশ্বর্য্যাদেব নত্বৌপাধিকমিতি জৈমিনি-র্মন্যত এব। কুতস্তত্রাহ তথেতি। হি যতস্তমেকং গোবিন্দং সচ্চিদানন্দবিগ্রহং। একোঽপি সন্ বহুধা যো বভাতীত্যাদ্যা শ্রুতিস্তথাবিচিন্ত্যশক্তিকত্বেনেশে বিরুদ্ধধর্ম্মসমাবেশং বোধয়-তীত্যর্থঃ। তে চ ধর্ম্মা জ্ঞানত্বেঽপি মূর্ত্তত্বমেকত্বেঽপি বহুত্ব-মিত্যাদয়ঃ। উপরি চৈতদ্বহুলীভবিষ্যতি। বিভুত্বে সত্যেব মধ্যমত্বমিতি ন কিঞ্চিদবদ্যং ॥ ৩২ ॥

আমনন্তি চৈনমস্মিন্ ॥ ৩৩ ॥

আশ্মরথ্যাভিমতামচিন্ত্যশক্তিসম্পত্তিং জৈমিনিমতেন স্ফুটয়ন্ তন্মাত্রত্বং বাস্তবং স্থাপয়তি সম্পত্তেরিতি। অচিন্ত্যশক্তিকত্বং তর্কাগোচরত্বং দুর্ঘটঘটনা-পটীয়স্ত্বং চেত্যাহুঃ। উপরীতি 'শ্রুতেস্তু শব্দমূলত্বাৎ' 'সর্ব্বোপেতা চ তদ্দর্শনাৎ' ইত্যনয়োর্ব্ব্যাখ্যানে। নন্থু মধ্যমত্বমনিত্যত্বব্যাপ্যং ততঃ কথমস্য ব্রহ্মধর্ম্মত্বমিতি চেৎ তত্রাহ। বিভুত্বে সত্যেবেতি ॥ ৩২ ॥

বাদরি ঋষি বলেন, প্রাদেশমাত্র হৃৎপদ্মে প্রতিষ্ঠিত পুরুষকে মনে মনে স্মরণ করা হয় বলিয়াই পরমাত্মাকেও প্রাদেশমাত্র বলা হয় ॥ ৩১ ॥

জৈমিনি বলেন, বিভু পরমাত্মার প্রাদেশমাত্রত্ব তাঁহার অচিন্ত্যশক্তিরই প্রভাব, জানিতে হইবে; উহা তাঁহার ঔপাধিক নহে। পরমাত্মার বিভুত্ব সত্ত্বেও পরিচ্ছিন্নত্ব প্রভৃতি বিরুদ্ধধর্ম্মসমাবেশ 'তমেকং গোবিন্দং সচ্চিদানন্দ-বিগ্রহং,' ইত্যাদি শ্রুতিতে বারংবার উল্লিখিত হইয়াছে; ইহা পরে বিস্তৃত ভাবে প্রদর্শিত হইবে ॥ ৩২ ॥

এনমচিন্ত্যশক্তিযোগং ধর্ম্মমাথর্ব্বণিকা অস্মিন্ পরমাত্মনি আমনন্তি। অপাণিপাদোঽহমচিন্ত্যশক্তিরিতি। আত্মেশ্বরোঽতর্ক্যসহস্রশক্তিরিতি স্মৃতিশ্চশব্দাৎ। ন চাত্র মিথো মতানাং বিরোধঃ। ব্যাসচিত্তস্থিতাকাশাদবিচ্ছিন্নানি কানিচিৎ। অন্যে ব্যবহরন্ত্যেতদুরীকৃত্য গৃহাদিবেত্যাদিস্মৃতেঃ ॥ ৩৩ ॥

ইতি শ্রীব্রহ্মসূত্রভাষ্যে প্রথমাধ্যায়স্য দ্বিতীয়ঃ পাদঃ ॥

অপাণীতি কৈবল্যোপনিষদি দৃষ্টং। আত্মেশ্বর ইতি শ্রীভাগবতে। ন চেতি। ন চ সমুদ্রৈকদেশেন সহ সমুদ্রো বিরোধীতি ভাবঃ। ব্যাসচিত্তেতি স্কান্দে ॥৩৩॥

ইতি শ্রীগোবিন্দভাষ্যব্যাখ্যানে সূক্ষ্মাভিধানে প্রথমাধ্যায়স্য
দ্বিতীয়পাদো ব্যাখ্যাতঃ ॥ ২ ॥

আথর্ব্বণিকগণও পরমাত্মার এইরূপ অচিন্ত্যশক্তিযোগ বর্ণন করিয়া থাকেন। যথা, 'অপাণিপাদোঽহং' ইত্যাদি। 'আত্মেশ্বরোঽতর্ক্যসহস্রশক্তিঃ,' ইত্যাদি স্মৃতিতেও ঐপ্রকার বলিয়া থাকেন। এস্থলে মত সকলের পরস্পর কোনরূপ ভেদ নাই। কারণ, স্কন্দপুরাণে উল্লিখিত হইয়াছে, যিনি যাহা কিছু ব্যবহার করেন, সকলই ব্যাসদেবের চিত্তাকাশরূপ ভাণ্ডার হইতে সংগৃহীত ॥ ৩৩ ॥

গোবিন্দভাষ্যানুবাদে প্রথমাধ্যায়ে দ্বিতীয় পাদ।

তৃতীয়পাদঃ।

বিশ্বং বিভর্ত্তি নিঃস্বং যঃ কারুণ্যাদেব দেবরাট্।
মমাসৌ পরমানন্দো গোবিন্দস্তনুতাং রতিং॥

অথ তৃতীয়ে পাদে বিস্পষ্টজীবাদিলিঙ্গকানাং কেষাঞ্চিদ্বাক্যানাং তস্মিন্ ব্রহ্মণি সমন্বয়শ্চিন্ত্যতে। মণ্ডূকে শ্রূয়তে। যস্মিন্ দ্যৌঃ পৃথিবী চান্তরীক্ষমোতং মনঃ সহ প্রাণৈশ্চ সর্ব্বৈঃ। তমেবৈকং জানথ আত্মানমন্যা বাচো বিমুঞ্চথ

অথ বিস্পষ্টজীবাদিলিঙ্গকানি বাক্যানি শ্রীবিষ্ণৌ সঙ্গময়িতুং মঙ্গলমাচরতি বিশ্বমিতি। যঃ কারুণ্যাদেব হেতোর্নিঃস্বং নির্দ্ধনং কৃপণমিতিযাবৎ বিশ্বং তদ্বর্ত্তিজীববৃন্দং বিভর্ত্তি ধারয়তি পালয়তি চেত্যর্থঃ। কর্ম্মণা তোষয়তঃ সর্গানন্দং দত্ত্বা বিভর্ত্তি। নন্ন দেবাঃ ফলদা ইতি শ্রুতমিতি চেন্মৈবং যদসৌ দেবরাট্ সুরেশ্বরঃ তদনুকম্পিতাস্তে ফলং যচ্ছন্তীতি স এব তথেতি ভাবঃ। উপাসনয়া তোষয়তস্তু স্বরূপানন্দং দত্ত্বা বিভর্ত্তীত্যভিপ্রেত্যাহ পরমানন্দ ইতি। অসৌ গোবিন্দো মম রতিং তনুতামিত্যনুষঙ্গঃ। নন্ন সতি সাধনে কারুণ্যাদিতি কথমিতি চেন্ন। নহ্যমূল্যস্য মণের্মৌল্যায় কপর্দ্দিকা পর্য্যাপ্নোতীতি কারুণ্যাদেব তত্তদ্দানমিতি।

যে সুরপতি স্বভাবসিদ্ধ কারুণ্যগুণে এই দরিদ্র জীব সকলকে ভরণ করেন, সেই পরমানন্দস্বরূপ গোবিন্দ আমার রতিবর্দ্ধন করুন।

এই তৃতীয়পাদে বিস্পষ্ট জীবাদিলিঙ্গক কতকগুলি বাক্যের ব্রহ্মে সমন্বয়ে চিন্তা করিতেছেন,—

মণ্ডূকে উক্ত হইয়াছে,—

অমৃতস্যৈষ সেতুরিতি। তত্র সংশয়ঃ। কিমিহ দ্যুভ্বাদ্যায়তনং প্রধানং কিং বা জীব উত ব্রহ্মেতি। তত্র প্রধানমিতি তাবৎ প্রাপ্তং সর্ব্ববিকারকারণত্বেন তদায়তনত্বোপপত্তেঃ। অমৃতসেতুশ্চ তদেব বৎসবিবৃদ্ধয়ে ক্ষীরমিব পুংবিমুক্তয়ে

ত্রিচত্বারিংশৎসূত্রকং একাদশাধিকরণকং তৃতীয়ং পাদং ব্যাখ্যাতুমারভতে অথেত্যাদিনা। আদিনা প্রধানাদিগ্রহণং। পূর্ব্বত্রোপক্রমস্থিতসাধারণশব্দস্য বাক্যশেষস্থিতেন দ্যুমূর্দ্ধত্বাদিলিঙ্গেন পরমাত্মপরত্বং নির্ণীতং তদ্বদিহোপক্রম-স্থিতসাধারণায়তনত্বস্য বাক্যশেষস্থিতসেতুশ্রুত্যা পরিচ্ছিন্নে সেতুশব্দার্থে প্রধা-নাদৌ ব্যবস্থাপনমস্ত্বিতি দৃষ্টান্তসঙ্গত্যারম্ভঃ। পূর্ব্বপক্ষে প্রধানাদেরুপাসনং ফলং সিদ্ধান্তে তু শ্রীবিষ্ণোরিতি বোধ্যং। মাতেব হিতকারিণী শ্রুতির্মুমুক্ষূনুপদিশতি যস্মিন্নিতি। দিবাদিপ্রাণান্তং যস্মিন্নোতং তমাত্মানং বিভুং বিজ্ঞানানন্দং হরিং বিজানথ জ্ঞাত্বোপাসধ্বং যূয়মিত্যনুষঙ্গঃ। দ্যোরন্তরীক্ষং। পৃথিবীতি চতুর্দ্দশভুব-নানি। চকারাৎ তন্মাত্রাহঙ্কারমহদব্যক্তানি চাভিমতানি। প্রাণৈঃ সহেতি। প্রাণেন্দ্রিয়বন্তো জীবা বোধ্যন্তে। কীদৃশমাত্মানং একং সর্ব্বেশ্বরং বিশুদ্ধং বা। একো মুখ্যানন্যকেবল ইত্যমরঃ। এবকারব্যাবৃত্তমাহান্যা ইতি। অন্যা বাচো হরী-তরবিষয়াঃ কর্ম্মকাণ্ডপর্য্যন্তা ইত্যর্থঃ। বিমুঞ্চথ ত্যজত। নন্বু কিমর্থং তদুপাসনং তত্রাহামৃতস্যেতি। মুক্তিদত্বাদসাবুপাস্য ইত্যর্থঃ। তত্র সংশয় ইতি। ইহ দিবা-দীনামোতত্বশ্রুতিঃ সন্দেহবীজং দ্যুভ্বাদ্যায়তনং তৎ। কিমিতি। তদায়তনত্বেতি।

'যাঁহাতে স্বর্গ, পৃথিব্যাদি চতুর্দ্দশ ভুবন, অন্তরীক্ষ, প্রধানমহদাদি তত্ত্ব, মন ও প্রাণাদিবিশিষ্ট জীব অবস্থিত, সেই আত্মাকেই জানিতে হইবে, অন্য সকলই পরিত্যজ্য। তিনিই একমাত্র সংসারতরণের উপায়।'

এস্থলে সংশয় এই যে, উক্ত স্বর্গাদির আশ্রয়ভূত বস্তু, প্রধান জীব বা পর-মাত্মা? স্বর্গাদি প্রকৃতিরই বিকার এবং অচেতন দুগ্ধ যেরূপ বৎসবিবৃদ্ধির কারণ, তদ্রূপ অচেতন হইলেও, প্রকৃতি পুরুষের মুক্তির হেতুভূত হয়, অতএব

প্রধানং প্রবর্ত্ততে ইত্যঙ্গীকারাৎ। আত্মশব্দস্তু প্রীতিপ্রদে তস্মিন্নুপচরিতঃ বিভুত্বযোগাদ্বা। জীবো বা স্যাৎ ভোক্তৃত্বেন ভোগ্যপ্রপঞ্চায়তনত্বযোগাৎ মনঃপ্রাণবত্ত্বাদেস্তত্র প্রসিদ্ধেশ্চেতি প্রাপ্তৌ পঠতি।

দ্যুভ্বাদ্যায়তনং স্বশব্দাৎ॥ ১॥

ব্রহ্মৈব কিল তদায়তনং। কুতঃ স্বশব্দাৎ। অমৃতস্যৈষ সেতুরিতি তদসাধারণশব্দসত্ত্বাদিত্যর্থঃ। সিনোতের্ব্বন্ধনার্থত্বাৎ সেতুরমৃতস্য প্রাপকঃ। সেতুরিব সেতুরিতি বা। স যথা নদ্যাদিষু কুলস্যোপলম্ভকস্তথায়ং সংসারপারভূতস্য

বিকারাঃ খলু স্বস্বকার্য্যে প্রকৃতেঃ পূর্ব্বমপেক্ষ্যন্তে তে অন্যথা কার্য্যেন তত্রাক্ষমাঃ স্যুরিতি তেষামায়তনং প্রধানমুপপন্নমিত্যর্থঃ। তদেব প্রধানমেব। অঙ্গীকারাদিতি। বৎসবিবৃদ্ধিনিমিত্তং ক্ষীরস্য যথা প্রবৃত্তিরজ্ঞস্য পুরুষবিমোক্ষনিমিত্তং তথা প্রবৃত্তিঃ প্রধানস্যেতি সাংখ্যাচার্য্যৈরভ্যুপগমাদিত্যর্থঃ। তস্মিন্ প্রধানে। তদ্ধি সত্ত্বদ্বারা পুরুষং প্রীণয়তি প্রিয়ো হি মমায়মাত্মেতি প্রযুজ্যতে। ভোক্তৃত্বেনেতি। অন্নপানাদীনি ভোগ্যানি ভোক্তারং পুরুষমাশ্রিত্য তিষ্ঠন্তীতি প্রসিদ্ধং।

এবং প্রাপ্তে ব্রবীতি দ্যুভ্বাদীতি। দ্যৌশ্চ ভূশ্চ তে আদী যস্য প্রাণান্তস্য তৎ দ্যুভ্বাদি। তস্য আয়তনমাশ্রয়ো ব্রহ্মৈবেহ গ্রাহ্যং। কুতঃ স্বশব্দাৎ। অমৃতস্যৈষ সেতুরিতি। সংসারনিবৃত্তিকরণার্থকাদ্বাক্যাৎ ব্রহ্মাসাধারণাদিত্যর্থঃ।

উহা প্রধানকেই বোধ করাইতেছে। আত্মশব্দ প্রীতিপ্রদ বা ব্যাপক প্রধানে উপচরিত। আবার উহা ভোক্তৃরূপে ভোগ্য প্রপঞ্চের আয়তনভূত জীবকেও বোধ করাইতে পারে। জীবের মনপ্রাণাদিমত্ত্ব প্রসিদ্ধই আছে।

তদুত্তরে বলিতেছেন,—

ব্রহ্মই স্বর্গাদির আয়তনভূত। কারণ, তিনিই নদীপারের হেতুভূত সেতুর ন্যায় সংসারপারভূত মুক্তির হেতুস্বরূপ, এইরূপ উক্তি ব্রহ্মের উদ্দেশেই সম্ভব

মোক্ষস্যেতি তস্যৈবায়ং শব্দঃ। শ্রুতিশ্চৈবমাহ। তমেব বিদিত্বাতিমৃত্যুমেতীত্যাদ্যা ॥ ১ ॥

ইতোঽপীত্যাহ।

মুক্তোপসৃপ্যব্যপদেশাৎ ॥ ২॥

যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণমিত্যাদৌ নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতীতি মুক্তপ্রাপ্যত্বেনোক্তেশ্চ ব্রহ্মৈব তৎ ॥ ২ ॥

নানুমানমতচ্ছব্দাৎ ॥ ৩ ॥

স্মার্ত্তং প্রধানং ইহ ন গ্রাহ্যং। কুতঃ অতচ্ছব্দাৎ অচেতনপ্রধানবাচকশব্দাভাবাৎ ॥ ৩ ॥

তদন্যস্য মোক্ষদত্বং নৈবেত্যত্র শ্রুতিমাহ তমেবেতি। বরং বৃণীষ্ব ভদ্রং তে ঋতে কৈবল্যমদ্য নঃ। এক এবেশ্বরস্তস্য ভগবান্‌ বিষ্ণুরব্যয়ঃ। ইতি শ্রীদশমে মুচুকুন্দং প্রতি ইন্দ্রাদিদেবোক্তেশ্চ। বহুনাত্র কিমুক্তেন যাবদ্বিষ্ণুং ন গচ্ছতি। যোগী তাবন্ন মুক্তঃ স্যাদেষ শাস্ত্রস্য নির্ণয় ইত্যাদিত্যপুরাণবচনাচ্চ। মুক্তিং প্রার্থয়মানং মাং পুনরাহ ত্রিলোচনঃ। মুক্তিপ্রদাতা সর্ব্বেষাং বিষ্ণুরেব ন সংশয় ইতি শ্রীহরিবংশে কৈলাসযাত্রায়াং স্বপূজকং ঘণ্টাকর্ণং প্রতি শ্রীশিববাক্যাচ্চ॥১॥

মুক্তেতি। যদেত্যাদৌ দ্যুভ্বাদ্যায়তনস্য মুক্তোপসৃপ্যত্বং ব্যপদিষ্টমতস্তদ্‌ ব্রহ্মৈব ভাবপ্রধানো নির্দ্দেশঃ॥ ২ ॥

অতচ্ছব্দাদিতি। প্রত্যুত তদ্বিরোধী শব্দোঽস্তি যঃ সর্ব্বজ্ঞ ইতি ॥ ৩ ॥

হয়। 'তমেব বিদিত্বা', ইত্যাদি শ্রুতিতেও ব্রহ্মেরই মুক্তিহেতুত্ব উল্লিখিত হইয়াছে, প্রধান বা জীবের নহে ॥ ১ ॥

'যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং', ইত্যাদি শ্রুতি অনুসারেও মুক্তের প্রাপ্য ব্রহ্মই বোধিত হইতেছেন ॥ ২ ॥

এস্থলে অচেতন-প্রধান-বাচক শব্দের অভাব হেতু স্মৃত্যুক্ত প্রধান অনুমিত হইতেছেন না ॥ ৩ ॥

প্রাণভৃচ্চ ॥ ৪ ॥

নেত্যনুবর্ত্ততে হেতুশ্চ। নাপ্যাত্মশব্দাৎ প্রাণভৃদ্গ্রহণাশাত্র সংভবতি। অততীতিব্যুৎপত্তেঃ সর্ব্বব্যাপকে ব্রহ্মণ্যেব মুখ্যত্বাৎ। যঃ সর্ব্ববিদ্দিত্যাদিরুপরিতনস্তু তত্রৈব বর্ত্ততে অতো জীববাচকশব্দাভাবাৎ ন তস্যাপ্যত্র গ্রহণং যোগ্যমিতি ॥ ৪ ॥

ইতোঽপ্যত্র প্রাণভৃদ্গ্রহণং নেত্যাহ।

ভেদব্যপদেশাচ্চ ॥ ৫ ॥

তমেবৈকং জানথেত্যাদিনা তস্মাৎ তস্য ভেদোক্তেশ্চ॥৫॥

প্রকরণাৎ ॥ ৬ ॥

কস্মিন্নু বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতীতি ব্রহ্মণঃ প্রকৃতত্বাচ্চ তথা ॥ ৬ ॥

হেতুশ্চেতি। স চাতচ্ছব্দাদিত্যেষঃ ॥ ৪ ॥

তমেবৈকমিতি। জ্ঞেয়াৎ তস্মাৎ জ্ঞাতৄণাং জীবানাং ভেদো বিহিতোঽতশ্চ প্রাগ্বৎ আদিশব্দাদোমিত্যেবং ধ্যায়থ আত্মানমিতি পরবাক্যে চ গ্রাহ্যং ॥ ৫ ॥

প্রকরণেতি। একস্য বিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানমুপক্রম্য দ্যুভ্বাদ্যায়তনস্যোপন্যাসাৎ প্রাগ্বৎ। ন হি ব্রহ্মণ্যস্মিন্ বিজ্ঞাতে তৎ সম্ভবেদিতি তস্যৈব তৎ প্রকরণং ॥ ৬ ॥

আত্মশব্দ দ্বারা প্রাণভৃৎ জীবকেও বোধ করাইতে পারে না। কারণ, ঐ শব্দের মুখ্যার্থ ব্রহ্মেই জানিতে হইবে ॥ ৪ ॥

বিশেষত শাস্ত্রে ব্রহ্ম ও জীবের ভেদও উক্ত হইয়াছে ॥ ৫ ॥

অধিকন্তু প্রকরণবলে ব্রহ্মই বোধিত হইতেছেন ॥ ৬ ॥

স্থিত্যদনাভ্যাঞ্চ ॥ ৭ ॥

দ্যুভ্বাদ্যায়তনং প্রকৃত্য দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতীতি পঠ্যতে। তয়োর্দীপ্যমানস্যাব্রহ্মত্বং তদা স্যাদ্‌ যদি দ্যুভ্বাদ্যায়তনস্য পূর্ব্বং ন তৎ প্রতিপাদয়েৎ। ইতরথা আকস্মিকী তদুক্তিরশ্লিষ্টা স্যাৎ। জীবোক্তিস্তু ন তথা লোকপ্রসিদ্ধস্য তস্যাত্রানুবাদাৎ। তস্মাদ্‌ব্রহ্মৈব তদিতি ॥ ৭ ॥

স্থিতীতি পঞ্চমীদ্বিবচনং। দ্বা সুপর্ণেতি ছান্দসং। দ্বৌ সুপর্ণৌ পক্ষিণৌ সযুজৌ সহযোগবন্তৌ সখায়ৌ মিত্রে ভবতঃ সমানমেকং দেহলক্ষণং বৃক্ষং পরিষ্বজ্য তিষ্ঠতঃ। তয়োরন্য একঃ সুপর্ণো জীবঃ পিপ্পলং দেহং পিপ্পলনিষ্পন্নকর্ম্মফলং। স্বাদু মধুরং যথা স্যাৎ তথাত্তি ভুঙ্‌ক্তে। অন্যঃ সুপর্ণঃ পরমাত্মা তু তৎ ফলমনশ্নন্নভুঞ্জানোঽপ্যভিচাকশীতি প্রদীপ্যত ইত্যর্থঃ। তদিতি ব্রহ্মত্বং। তদুক্তির্ব্রহ্মোক্তিরশ্লিষ্টাসঙ্গতেত্যর্থঃ। ন তথা নাসঙ্গতা। তস্য জীবস্য। সূত্রস্থশ্চশব্দো জুষ্টং যদা পশ্যত্যন্যমীশমিতি বাক্যশেষস্থং তদ্‌ভেদবচনমাহ ॥ ৭ ॥

স্থিতি ও ফলভোগ দ্বারাও ব্রহ্মই বোধিত হইতেছেন। স্বর্গাদির আশ্রয় রূপে নির্দ্দেশ পূর্ব্বক ‘দ্বা সুপর্ণা’, ইত্যাদি শ্রুতি পঠিত হয়। এইস্থলে একটি পক্ষীর কর্ম্মফললুব্ধত্ব এবং অন্যটির ফলভোগ না করিয়াও দীপ্যমান রূপে দেহান্তরে অবস্থিতি প্রতিপাদিত হইয়াছে। উহাদিগের মধ্যে দীপ্যমানেরও ব্রহ্মত্ব হইত না, যদি স্বর্গাদির আশ্রয়রূপে, ইঁহাকে পূর্ব্বেই প্রতিপাদিত না হইতেন। অন্যথা আকস্মিকী ব্রহ্মত্বোক্তি অসঙ্গতা হইত; কিন্তু জীবত্বোক্তি অসঙ্গতা হইত না; কারণ, সেই স্থলে লোকপ্রসিদ্ধেরই অনুবাদ হইয়াছে। অতএব উহা দ্বারা ব্রহ্মই বোধিত হইতেছেন ॥ ৭ ॥

ছান্দোগ্যে শ্রীনারদেন পৃষ্টঃ শ্রীসনৎকুমারস্তং প্রতি নামাদীন্যুপদিশ্যাহ। ভূমা ত্বেব বিজিজ্ঞাসিতব্য ইতি ভূমানং ভগবো বিজিজ্ঞাস ইতি। যত্র নান্যৎ পশ্যতি নান্যচ্ছৃণোতি নান্যদ্বিজানাতি স ভূমা। অথ যত্রান্যৎ পশ্যত্যন্যচ্ছৃণোত্যন্যদ্বিজানাতি তদল্পমিতি। ইহ ভূমশব্দেন বহুত্বসংখ্যা নাভিধীয়তে কিন্তু বৈপুল্যরূপা ব্যাপ্তিরেব। যত্রান্যৎ পশ্যতি তদল্পমিত্যল্পত্বপ্রতিদ্বন্দ্বিকত্বোক্তেঃ। অল্পশব্দনিগদিতধর্ম্মিপ্রতিদ্বন্দ্বিপ্রতিপত্তেরেব ভূমগুণবান্ ধর্ম্মী স ইতি নির্ণীয়তে।

পূর্ব্বমমৃতত্বেন লিঙ্গেনাত্মশব্দস্য বিষ্ণুপরত্বং যথোক্তং তথেহ তাদৃশলিঙ্গং নাস্তীতি প্রাণো ভূমা স্যাদিতি প্রত্যুদাহরণসঙ্গত্যাহ ছান্দোগ্য ইত্যাদি। শ্রুতং হ্যেব ভগবদ্দৃশেভ্যস্তরতি শোকমাত্মবিদিতি সোঽহং ভগবঃ শোচামি তং মাং ভগবান্ শোকস্য পারং তারয়ত্বিতি শ্রীনারদেন পৃষ্টঃ শ্রীসনৎকুমারো নামবাঙ্‌মনঃসঙ্কল্পচিত্তধ্যানবিজ্ঞানবলান্নাপ্তেজ আকাশস্মরাশাপ্রাণান্ পঞ্চদশার্থান্ পূর্ব্বপূর্ব্বস্মাৎ পরপরস্য ভূয়স্ত্বেনোপদিষ্টবান্। তত্রাদৌ নাম ব্রহ্মেত্যুপদিদেশ। পুনরস্তি ভগবো নাম্নো ভূয় ইতি তেন পৃষ্টো বাগ্‌বাব নাম্নো ভূয়সীতি প্রত্যুবাচ। পুনরস্তি ভগবো বাচো ভূয় ইতি পৃষ্টো মনো বাব বাচো ভূয় ইতি

• ছান্দোগ্যে সনৎকুমার নারদ কর্ত্তৃক পৃষ্ট হইয়া নামাদি উপদেশ পূর্ব্বক বলিতেছেন,—'ভূমা পুরুষই বিজিজ্ঞাসিতব্য। আপনি ভূমা পুরুষকেই জিজ্ঞাসা করুন। ঐ ভূমা পুরুষকে জানিলে, অপর কিছুরই স্ফূর্ত্তি হয় না, কেবল তিনিই সর্ব্বত্র স্ফূর্ত্তি লাভ করেন। কিন্তু তদ্ভিন্ন জানিলে অপর বিষয়েরও স্ফূর্ত্তি হয়, কারণ, তাহারা ভূমা নহে।' এস্থলে ভূমা শব্দ দ্বারা বহুত্বসংখ্যা উক্ত হইতেছে না; কিন্তু বৈপুল্যরূপা ব্যাপ্তিই উক্ত হইতেছে। অল্পশব্দনিগদিত ধর্ম্মীর প্রতিদ্বন্দ্বীই ভূমা।

অত্র বিচিকিৎসা। ভূমা প্রাণো বিষ্ণুর্বেতি। তত্র প্রাণো বা আশায়া ভূয়ানিতি সন্নিধানাৎ পুনঃ প্রশ্নোত্তরয়োরভাবাচ্চ প্রাণো ভূমা। প্রাণশব্দো হি প্রাণসচিবং জীবমভিধত্তে ন বায়ুবিকারমাত্রং। তরতি শোকমাত্মবিদিত্যুপক্রমাৎ আত্মন এবেদং সর্ব্বমিত্যুপসংহারাচ্চ। তেনান্তরালিকো ভূমাপি স এব ভবিতুমর্হতি। যত্র নান্যৎ পশ্যতীত্যাদিকমপ্যস্মিন্ পক্ষে সঙ্গচ্ছেত। সুষুপ্তৌ প্রাণগ্রস্তেষু ইন্দ্রিয়েষু তত্র দর্শনাদিবিনিবৃত্তেঃ। যো বৈ ভূমা তৎ সুখমিত্যপ্যবিরুদ্ধং। তস্যাং সুখ-

---

প্রত্যুবাচেত্যেবংক্রমেণ প্রাণাবধিকং প্রশ্নে দৃষ্টে প্রাণোপদেশানন্তরং তু প্রশ্নেন বিনৈবেদং শ্রূয়তে। এষ তু বা অতিবদতি যঃ সত্যেনাতিবদতীতি ভূমা ত্বেব বিজিজ্ঞাসিতব্য ইত্যাদি। অস্যার্থঃ। অল্পে পরিচ্ছিন্নে সুখং নাস্তীতি ভূমৈব ব্যাপ্তিগুণকঃ শ্রীহরিরেব সুখমিত্যনন্তসুখমিচ্ছতা স এব বিজিজ্ঞাস্য ইত্যর্থঃ। তস্য লক্ষণং যত্রেতি। যস্মিন্ ভূমন্যনুভূতে নান্যৎ কিঞ্চিৎ স্ফুরতি কিন্তু স এব সর্ব্বত্রেত্যর্থঃ। আত্মবিৎ স্বস্বরূপজ্ঞঃ। আত্মনো জীবাত্মনঃ। ইদং সর্ব্বং জগদদৃষ্টদ্বারাজায়ত ইত্যর্থঃ। আন্তরালিকো মধ্যে পঠিতো। ভূমাপ্যেব জীব এবেত্যর্থঃ।

এস্থলে সংশয় এই,—ঐ ভূমা পুরুষ প্রাণ বা বিষ্ণু? প্রাণশব্দের সহিত ভূমা শব্দের সান্নিধ্য বশত এবং তদুক্তির পর প্রশ্নোত্তরের অভাব বশত ভূমা শব্দে প্রাণকেই বোধ করুক। প্রাণই ভূমা; প্রাণশব্দ প্রাণসহিত জীবকেই বোধ করাইতেছে; প্রাণ বায়ুবিকার নহে। 'আত্মবিদ্ ব্যক্তি শোকমুক্ত হয়েন'; এইরূপ উপক্রম ও 'আত্মা হইতেই সমস্ত', এইরূপ উপসংহার হেতু মধ্যবর্ত্তী ভূমা শব্দেও প্রাণকেই বোধ করাইতেছে। 'ভূমার জ্ঞানে অন্যের জ্ঞান হয় না', এই উক্তিও এই পক্ষে সঙ্গত হইতেছে। কারণ সুষুপ্তিকালে ইন্দ্রিয় সকল প্রাণে আচ্ছন্ন হইলে দর্শনাদির বিনিবৃত্তি হইয়া থাকে। 'যিনি ভূমা তিনিই

মহমস্বাপ্সমিতি সুখশ্রবণাৎ। এবং জীবাত্মনি নির্ণীতে বাক্য-শেষোঽপি তদনুকূলতয়ৈব নেয় ইত্যেবং প্রাপ্তে ব্রবীতি।

ভূমা সম্প্রসাদাদধ্যুপদেশাৎ ॥ ৮ ॥

শ্রীবিষ্ণুরেবায়ং ভূমা ন প্রাণসচিবো জীবঃ। কুতঃ সমিতি। যো বৈ ভূমা তৎ সুখমিতি বিপুলসুখরূপত্বশ্রবণাৎ সর্ব্বেষামুপর্য্যুপদেশাচ্চ। এষ সম্প্রসাদোঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায়েতি শ্রৌতপ্রসিদ্ধেঃ সম্প্রসাদঃ প্রাণসচিবো জীবস্তস্মাদধিকতয়া ভূমগুণবৈশিষ্ট্যেনাভিধানাদিতি বা। অয়মর্থঃ। পূর্ব্বং নামাদিকমুপদিশ্য স বা এষ এবং পশ্যন্নেবং মন্বান এবং বিজানন্নতিবাদী ভবতীতি প্রাণবিদোঽতিবাদিত্বমুক্ত্বা এষ তু

অস্মিন্ জীবপক্ষে। তত্র ভূম্নি জীবে। তস্যাং সুষুপ্তৌ। তদনুকূলতয়া জীববিষয়তয়া।

ভূমেতি। সংপ্রসাদ ইতি। শ্রীভগবদনুগ্রহপাত্রত্বাদত্র মুক্তো জীবঃ সংপ্রসাদ ইত্যুচ্যতে। এষ ত্বিতি। যঃ সত্যেন পরমাত্মনা প্রাণপর্য্যন্তান্ পঞ্চদশ অতীত্য

সুখ', এইরূপ উক্তিও সঙ্গত হইতেছে; কেন না, সুষুপ্তিকালে সুখের শ্রবণ হয়। এইরূপে জীবাত্মা নির্ণীত হইলে, বাক্যসমাপ্তিও তদনুকূলভাবেই গ্রহণীয় হইতেছে। এইরূপ সংশয়ের নিরাসার্থ বলিতেছেন:—

বিষ্ণুই ভূমা; প্রাণসচিব জীব ভূমা হইতে পারেন না। কারণ, ভূমা পুরুষের বিপুলসুখরূপত্ব ও সর্ব্বোপরি বিরাজিতত্ব উপদিষ্ট হইয়াছে। ভগবদনুগৃহীত মুক্ত পুরুষের নাম সম্প্রসাদ। ভূমাপুরুষ সংপ্রসাদ প্রাণসচিব জীব হইতে অধিকগুণবিশিষ্ট রূপে উপদিষ্ট হইয়াছেন। প্রথমত নামাদি উপদেশ পূর্ব্বক, 'সেই এই পুরুষ, এইরূপে দর্শন করিয়া এইরূপে চিন্তা করিয়া এইরূপে জানিয়া অতিবাদী হয়েন,' এইরূপে প্রাণবিদ্ ব্যক্তির অতিবাদিত্ব কথনের পর, যিনি

বা অতিবদতি যঃ সত্যেনাতিবদতীতি ভিন্নোপক্রমার্থকেন তু শব্দেনাতিবাদিত্বহেতুং প্রকৃতাং প্রাণোপাস্তিং ব্যাবর্ত্ত্য মুখ্যাতিবাদিত্বহেতোর্বিষ্ণোঃ সত্যশব্দেন পৃথগুপক্রমাৎ প্রাণাদর্থান্তরমধিকশ্চ ভূমেতি নিশ্চীয়তে। প্রাণস্যৈব ভূমত্বে তস্মাদূর্দ্ধং তদুপদেশো ন সম্ভবেৎ। নামাদেরাপ্রাণাদূর্দ্ধমুপদিষ্টং বাগাদি তস্মাদর্থান্তরং বীক্ষ্যতে। এবং প্রাণাদূর্দ্ধমুপদিষ্টো ভূমাপি তথা। সত্যশব্দঃ খলু পরব্রহ্মণি শ্রীবিষ্ণৌ প্রসিদ্ধঃ। সত্যং জ্ঞানমনন্তমিত্যাদৌ সত্যং পরং ধীমহীত্যাদৌ চ। সত্যেনেতি হেতৌ তৃতীয়া। সত্যেন পরব্রহ্মণা নিমিত্তেন যোঽতিবদতীতি ভাবঃ। প্রাণস্য নামাদ্যাশাবসানোপাস্যাপেক্ষয়া উৎকর্ষঃ অতদ্বিদোঽতিবাদিত্বং। শ্রীবিষ্ণোস্তু তস্মাদপ্যুৎকর্ষাৎ তদ্বিদস্তন্মুখ্যমিতি প্রাণাতিবাদিনঃ সত্যাতিবাদী

বদতি সত্যশব্দিতঃ শ্রীহরিঃ সর্ব্বশ্রেষ্ঠ ইতি বদতি স এষোঽতিবদতীত্যর্থঃ। স্বোপাস্যপারম্যবাদিত্বমতিবাদিত্বং। নন্থ মুক্তজীবস্য প্রাণসচিবোক্তিরিহ কথমিতি চেন্নৈবং তস্যাপ্যষ্টমাবরণভেদপর্য্যন্তং প্রাণসাহিত্যাৎ। তস্মাদূর্দ্ধমিতি প্রাণাদূর্দ্ধং ভূমোপদেশো ন যুক্ত ইত্যর্থঃ। প্রাণস্যেতি। অতদ্বিদঃ প্রাণোপাসকস্য। শ্রীবিষ্ণোস্ত্বিতি। তস্মাৎ প্রাণাদপি। তদ্বিদঃ শ্রীবিষ্ণূপাসকস্য।

ভূমা পুরুষকে প্রাণ পর্য্যন্ত পঞ্চদশ পদার্থের অতীত বলিয়া নির্দ্দেশ করেন, তিনিই অতিবাদী হয়েন; সুতরাং প্রাণ হইতে ভিন্ন ও অধিকগুণবিশিষ্টরূপে ভূমা নির্দ্দিষ্ট হইয়াছেন। প্রাণ ভূমা হইলে তদূর্দ্ধরূপে ভূমার উপদেশ অসম্ভব হইত। নাম হইতে প্রাণ পর্য্যন্ত বস্তু মধ্যে ক্রমান্বয়ে প্রধানরূপে বাগাদি উপদিষ্ট হইয়াছে; আবার প্রাণ হইতে উৎকৃষ্ট রূপে ভূমা উপদিষ্ট হইয়াছেন; অতএব প্রাণ হইতে ভূমাও ভিন্ন। এবং সত্য শব্দ পরব্রহ্ম বিষ্ণুতেই রূঢ়। নামাদি

শ্রেয়ানিতি বিস্ফুটং। অতএব সোহহং ভগবঃ সত্যেনাতি-বদানীতি শিষ্যোহভ্যর্থয়তে। গুরুরপ্যাহ। সত্যস্ত্বেব বিজিজ্ঞাসিতব্যমিতি। ন চ পুনঃ প্রশ্নোত্তরাভাবাৎ প্রাণবিষয়মতি-বাদিত্বং পরত্রানুকর্ষণীয়মিতি বাচ্যং অনববোধাৎ। তথাহি প্রাণাদূর্দ্ধমপৃচ্ছতোহয়মাশয়ঃ, নামাদ্যাশাবসানেম্বচেতনেষূপাস্যেষু পূর্ব্বপূর্ব্বস্মাদুত্তরোত্তরং ভূয়স্ত্বেনোপদিশ্য তত্ত্বিদো-হতিবাদিত্বং গুরুণা নোক্তং প্রাণশব্দিতজীবাত্মযাথাত্ম্যবিদস্তু তদুক্তমিত্যত্রৈবোপদেশস্য পরাকাষ্ঠা ইতি। অতঃ পুনঃ প্রশ্নাভাবঃ। গুরুস্তত্র তামনঙ্গীকুর্ব্বংস্তদভ্যধিকশ্রীবিষ্ণুস্বরূপ-

---

তদতিবাদিত্বং। মুখ্যমতিশয়ি। পরত্র ভূমবাক্যে। তথাহীতি। অপৃচ্ছতঃ শ্রীনারদস্য। নামেতি। নামাদ্যাশাবসানেষু চতুর্দ্দশম্বিত্যর্থঃ। তত্ত্বিদো নামাদিচতুর্দ্দশোপাসকস্য। তদুক্তমিতি। তদতিবাদিত্বং। অত্রৈব জীবে। তত্রেতি। তত্র

হইতে প্রাণের উৎকৃষ্টত্ববেত্তা অতিবাদী। বিষ্ণু প্রাণ হইতেও উৎকৃষ্ট। সুতরাং প্রাণাতিবাদী হইতে সত্যস্বরূপ বিষ্ণুর উৎকৃষ্টত্ববাদীই শ্রেয়, অতএব মুখ্যাতি-বাদী। শিষ্য সত্যের অতিবাদই অভ্যর্থনা করিতেছেন। গুরু তদুত্তরে বলিতে-ছেন, সত্যই বিজিজ্ঞাসিতব্য। পুন প্রশ্নোত্তরের অভাব হেতু উক্ত অতিবাদ যে প্রাণবিষয়ক, এরূপ বলা যায় না; কারণ, এস্থলে সেরূপ বোধ হইতেছে না। যিনি প্রাণের পর আর অধিক জিজ্ঞাসা করিতেছেন না, তাঁহার আশয় এই যে, নামাদি অচেতন উপাস্য সকলের মধ্যে পূর্ব্ব পূর্ব্ব হইতে উত্তরোত্তরের প্রাধান্য উপদেশ করিয়া গুরু তত্তদ্‌বেত্তার অতিবাদিত্ব বলেন নাই; কিন্তু প্রাণ-শব্দিত জীবাত্মার তত্ত্ববেত্তা ব্যক্তির অতিবাদিত্ব বলিয়াছেন। অতএব এই স্থলেই উপদেশের পরাকাষ্ঠা হইয়াছে; সুতরাং আর প্রশ্নই হইতে পারে না।

যাথাত্ম্যাবগমে সত্যেব সেতি স্বয়মেবৈষ ত্বিত্যাদিভিরুপ-দিশতি। শিষ্যশ্চ সর্ব্বোৎকৃষ্টে শ্রীবিষ্ণৌ তস্মিন্নুপদিষ্টে তদুপাসনতদুপায়তৎস্বরূপযাথাত্ম্যপ্রতিপিৎসয়া সোঽহং ভগবঃ সত্যেনাতিবদানীত্যাদিকমভ্যর্থয়তে। ন চোপক্রমাদি-দৃষ্ট আত্মশব্দঃ প্রাণসচিবং জীবমাহেতি শক্যং বদিতুং তস্য পরস্মিন্নেব মুখ্যে বুৎপন্নত্বাৎ আত্মনঃ প্রাণ ইত্যগ্রিমবাক্য-বিরোধাচ্চ। এবং সতি যত্র নান্যদিত্যাদিবাক্যসঙ্গতির্দর্শি-তাপি নিরস্তা। যত্র ভূমন্যনুভূয়মানে সত্যনুভবিতুস্তদাবিষ্ট-স্যান্যদর্শনাদিকং নিষিধ্যতে। সৌষুপ্তিকং সুখং স্বল্পমিতি সুষুপ্তস্য প্রাণিনঃ ভূমরূপত্বং বদন্নুপহাসাস্পদং। তস্মাৎ শ্রীবিষ্ণু-রেব ভূমা॥ ৮॥

জীবে। তাং পরাকাষ্ঠাং। সা পরাকাষ্ঠা। প্রতিপিৎসয়েতি লিপ্সয়েত্যর্থঃ। অগ্রিমবাক্যেতি। তত্র হি তস্য আত্মনশ্চৈতৎসর্ব্বকারণত্বমুচ্যতে ন চৈতৎ প্রাণসচিবে জীবে শক্যং বক্তুং। তদাবিষ্টস্যেতি। তদনুরক্তস্যেত্যর্থঃ। এবং স্মর্য্যতে। আত্মনি বিষ্ণুং ব্যঞ্জয়ন্ত ইব পুষ্পফলাঢ্যা ইত্যাদিনা॥ ৮॥

অধিকন্তু গুরু উহা অঙ্গীকার না করিয়া তদপেক্ষা প্রধান বিষ্ণুর তত্ত্বজ্ঞানেই উপদেশের পরাকাষ্ঠা ইহাই বলিতেছেন। শিষ্যও সর্ব্বোৎকৃষ্ট শ্রীবিষ্ণুরই উপ-দেশের অনন্তর তদুপাসনা, তদুপায় ও তৎস্বরূপ-বিষয়ক যাথাত্ম্যজ্ঞানের নিমিত্ত 'সোঽহং ভগব' ইত্যাদি বাক্য দ্বারা অভ্যর্থনা করিতেছেন।

উপক্রমাদিদৃষ্ট আত্মশব্দ প্রাণসচিব জীবকেই নির্দ্দেশ করিতেছেন, এরূপ বলা যায় না। কারণ, উক্ত আত্মশব্দ পরমাত্মাতেই ব্যুৎপন্ন। আরও 'আত্মনঃ প্রাণঃ' ইত্যাদি পরবর্ত্তী বাক্যের সহিত বিরোধ উপস্থিত হয়। অতএব 'যত্র নান্যদিত্যাদি' বাক্যসঙ্গতি দর্শিত হইয়াও নিরস্ত হইতেছে। যখন ভূমা পুরুষ

ধর্ম্মোপপত্তেশ্চ ॥ ৯ ॥

অস্মিন্ ভূম্নি যে ধর্ম্মাঃ পঠ্যন্তে তে পরব্রহ্মণি শ্রীবিষ্ণাবেবোপপদ্যন্তে নান্যত্র। যো বৈ ভূমা তদমৃতমিতি স্বাভাবিকমমৃতত্বং। স ভগবঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি স্বে মহিম্নি ইত্যনন্যাধারত্বং। স এবাধস্তাদিত্যাদিনা সর্ব্বাশ্রয়ত্বং। আত্মনঃ প্রাণ ইত্যাদিনা সর্ব্বকারণত্বঞ্চেত্যাদয়ঃ ॥ ৯ ॥

বৃহদারণ্যকে পঠ্যতে। কস্মিন্ খলু আকাশ ওতশ্চ প্রোতশ্চেতি। স হোবাচ। এতদ্বৈ তদক্ষরং গার্গি ব্রাহ্মণা

নান্যত্রেতি। অন্যত্র প্রাণিনি জীবে ॥ ৯ ॥

পূর্ব্বত্র ভূম্নো ব্রহ্মত্বে যথা সত্যশব্দো নির্ণেতা তথা অক্ষরস্য তত্ত্বে নির্ণেতা শব্দো নাস্তীতি প্রত্যুদাহরণসঙ্গত্যাহ বৃহদারণ্যক ইতি। প্রধানাদেরুপাস্তিঃ

অনুভূত হইলে তদাবিষ্টচিত্ত ব্যক্তির অন্যদর্শন নিষিদ্ধ হইতেছে, তখন স্বল্পসুখদায়ক সুষুপ্তির সাক্ষী জীবের ভূমরূপত্ব বলিলে উপহাসাস্পদ হইতে হয়। অতএব শ্রীবিষ্ণুই ভূমা ॥ ৮ ॥

বিশেষত এই ভূমা পুরুষে যে সকল ধর্ম্ম পঠিত হয়, তাহা পরব্রহ্ম বিষ্ণুতেই উপপন্ন হয়, অন্যত্র হয় না। 'যিনি ভূমা তিনিই অমৃত,' এই স্থলে ভূমার অমৃতত্ব স্বাভাবিক। 'সেই ভগবান কোথায় প্রতিষ্ঠিত, নিজ মহিমাতে প্রতিষ্ঠিত;' ইত্যাদি স্থলে ভূমার অনন্যাধারত্ব প্রতিপন্ন হইতেছে। 'তিনিই সকলের অধস্তন;' ইত্যাদি স্থলে তাঁহার সর্ব্বাশ্রয়ত্ব প্রতিপন্ন হইতেছে; 'তিনিই আত্মার প্রাণ;' ইত্যাদি স্থলে তাঁহার সর্ব্বকারণত্ব প্রতিপন্ন হইতেছে; ইত্যাদি ॥ ৯ ॥

বৃহদারণ্যকে পঠিত হয়,—'এই আকাশ কাহাতে ওতপ্রোত রহিয়াছে? তিনি বলিলেন, 'গার্গি! এই আকাশ যাঁহাতে ওতপ্রোত রহিয়াছে, তিনি অক্ষর

অভিবদন্তি অস্থূলমনণ্বহ্রস্বমদীর্ঘমলোহিতমস্নেহমচ্ছায়মিত্যাদি। তত্র সংশয়ঃ। কিমক্ষরং প্রধানং কিং বা জীব উত ব্রহ্মেতি। তত্র ত্রিষ্বপ্যক্ষরশব্দপ্রয়োগাদনির্ণয়ঃ স্যাদিতি প্রাপ্তৌ।

অক্ষরমম্বরান্তধৃতেঃ ॥ ১০ ॥

অক্ষরং ব্রহ্মৈব। কুতঃ অম্বরেতি। এতস্মিন্ খলু অক্ষরে গার্গ্যাকাশ ওতশ্চ প্রোতশ্চেত্যাকাশপর্য্যন্তস্য সর্ব্বস্য ধারণাৎ ॥ ১০ ॥

ননু সা প্রধানেঽপি স্যাৎ সর্ব্ববিকারকারণত্বাৎ। জীবে চ ভোগ্যভূতসর্ব্বাচিদ্বস্ত্বাশ্রয়ত্বাদিতি চেত্তত্রাহ।

পূর্ব্বপক্ষে ফলং সিদ্ধান্তে তু শ্রীহরেরেবেতি বোধ্যং। কস্মিন্নিতি। অস্যার্থঃ। যদূর্দ্ধং দিবো যদধস্তাৎ পৃথিব্যা যে চ উভে দ্যাবাপৃথিব্যো যদন্তরীক্ষং যদ্ভূতং যদ্ভবিষ্যচ্চৈতৎ সর্ব্বং কস্মিন্নোতং প্রোতঞ্চেতি গার্গ্যা পৃষ্টে যাজ্ঞ্যবল্ক্যেন আকাশে তৎ সর্ব্বমোতং প্রোতঞ্চেতি প্রত্যুত্তরিতে গার্গী পুনরপৃচ্ছৎ কস্মিন্নিতি। আকাশ ওতপ্রোতত্বেন কুত্রাস্তীত্যর্থঃ।

অক্ষরমিতি। অক্ষরং সদৈকরসং ব্রহ্মৈব নান্যদিতি ॥ ১০ ॥

ব্রহ্ম। তিনি অস্থূল, অনণু, অহ্রস্ব, অদীর্ঘ, অলোহিত, অস্নেহ, অচ্ছায়, ইত্যাদি।'

এস্থলে সংশয় এই, অক্ষর শব্দে প্রধান জীব বা ব্রহ্ম? অক্ষরশব্দে তিনকেই বোধ করাইতে পারে, সুতরাং কিছুরই নির্ণয় হইতেছে না।

এতদুত্তরে বলিতেছেন, অক্ষরশব্দে ব্রহ্মকেই বোধ করাইতেছে; কারণ, 'এক অক্ষরপুরুষেই আকাশ ওতপ্রোত রহিয়াছে;' ইত্যাদি স্থলে অক্ষরেরই অম্বর পর্য্যন্ত সর্ব্বভূতের আশ্রয়রূপে নির্দ্দেশ হইতেছে ॥ ১০ ॥

সা চ প্রশাসনাৎ ॥ ১১ ॥

সাম্বরান্তধৃতির্ব্রহ্মণ্যেব। কুতঃ প্রেতি। এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি দ্যাবাপৃথিবী বিধৃতে তিষ্ঠতঃ। এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি সূর্য্যাচন্দ্রমসৌ বিধৃতৌ তিষ্ঠত ইত্যাদিবিদিতস্য প্রশাসনস্য তত্রৈব সম্ভবাদিত্যর্থঃ। ন চেদং স্বপ্রশাসনাধীনং সর্ব্বধারণং জড়ে প্রধানে বদ্ধমুক্তোভয়াবস্থে জীবে চ সমস্তি ॥ ১১ ॥

অন্যভাবব্যাবৃত্তেশ্চ ॥ ১২ ॥

তদ্বা এতদক্ষরং গার্গ্যদৃষ্টং দৃষ্টৃ অশ্রুতং শ্রোতৃিত্যাদিনা বাক্যশেষেণাস্যাক্ষরস্য ব্রহ্মান্যত্বব্যাবর্ত্তনাচ্চ ব্রহ্মৈব তৎ।

সাচেতি। প্রশাসনমাজ্ঞা ॥ ১১ ॥

অন্যেতি। অন্যভাবো ব্রহ্মান্যত্বং তস্য ব্যাবৃত্তের্নিরাসাদিত্যর্থঃ ॥ ১২ ॥

যদি কেহ এরূপ আশঙ্কা করেন যে, তদ্দ্বারা সর্ব্ববিকারকারণভূত প্রধানকে, অথবা ভোগ্যভূত সর্ব্ব অচেতন বস্তুর আশ্রয়স্বরূপ জীবকেই বোধ করুক; তদুত্তরে বলিতেছেন,—

অম্বর পর্য্যন্ত সর্ব্ব বস্তুর আশ্রয়ত্ব ব্রহ্মেই সম্ভব। কারণ, 'গার্গি! এই অক্ষরের আজ্ঞাতেই স্বর্গ ও পৃথিবী বিধৃত হয়;' ইত্যাদি শ্রুতিতে উক্ত আজ্ঞামাত্র ধারণ ব্রহ্মেরই সম্ভব হয়, অন্যের হয় না। জড় প্রধান, ও বদ্ধ বা মুক্ত উভয়বিধ জীবেরই সঙ্কল্পমাত্রে জগৎ ধারণ সম্ভব হয় না ॥ ১১ ॥

'হে গার্গি! এই অক্ষরই অদৃষ্ট হইয়াও দ্রষ্টা, অশ্রুত হইয়াও শ্রোতা;' ইত্যাদি বাক্যশেষ দ্বারা অক্ষর পুরুষের ব্রহ্মান্যত্ব ধর্ম্মের নিরাস হেতু অক্ষর পুরুষই যে ব্রহ্ম, ইহাই স্থির হইতেছে। এইস্থলে দ্রষ্টৃত্বাদি ধর্ম্ম দ্বারা জড়াত্মক

অত্র দ্রষ্টৃত্বাদিনা জড়াত্মকপ্রধানভাবো ব্যাবর্ত্ত্যতে। সর্ব্বেরদৃষ্টস্য তস্য সর্ব্বদ্রষ্টৃত্বাত্যুপদেশাৎ জীবভাবশ্চেতি ॥ ১২ ॥

প্রশ্নোপনিষদি এতদ্বৈ সত্যকাম পরঞ্চাপরঞ্চ ব্রহ্ম যোঽয়মোঙ্কারস্তস্মাদ্বিদ্বানেতেনৈবায়তনেনৈকতরমন্বেতীতি প্রকৃত্য যঃ পুনরেতং ত্রিমাত্রেণোমিত্যনেনৈবাক্ষরেণ পরং পুরুষমভিধ্যায়ীত স তেজসি সূর্য্যে সম্পন্নো যথা পাদোদরস্ত্বচা

পূর্ব্বং প্রধানাদৌ প্রযুক্তস্যাপ্যক্ষরশব্দস্য সর্ব্বপ্রশাস্ত্রিত্যাদিনা লিঙ্গেন ন ক্ষরতীতি ব্যুৎপত্ত্যা কূটস্থত্বাদ্বাপিত্বাদ্বা ব্রহ্মণি যোগবৃত্তিরাশ্রিতা তথেহাপি দেশপরিচ্ছিন্নফলশ্রবণেন লিঙ্গেন পরশব্দস্যাপেক্ষিকপরত্ববিশিষ্টে চতুর্ম্মুখে বৃত্তিরস্ত্বিতি দৃষ্টান্তসঙ্গত্যাহ প্রশ্নোপনিষদীত্যাদি। পূর্ব্বপক্ষে বিধেঃ সিদ্ধান্তে শ্রীহরেরুপাসনং ফলং। এতদ্বৈ ইত্যাদেরর্থঃ। পিপ্পলাদো নামাচার্য্যঃ সত্যকামেন পৃষ্টো ব্যাচষ্টে হে সত্যকাম পরং শ্রীনারায়ণাখ্যমপরং চতুর্ম্মুখাখ্যং চ ব্রহ্ম তদেতদেব। যোঽয়মোঙ্কার ইতি। ওঙ্কারস্তু পরং ব্রহ্মত্বং মৎস্যকূর্ম্মাদিবৎ তদবতারত্বাৎ। অপরব্রহ্মত্বঞ্চ তজ্জনকত্বাৎ তজ্জনকত্বং পরব্রহ্মাভেদাৎ। তস্মাৎ প্রণবং ব্রহ্মাত্মকং বিদ্বান্ জানন্ জন এতেন প্রণবেন ধ্যানায়তনেন ধ্যাতেনেতি যাবৎ। পরাপরয়োরেকমন্বেতি যথা ধ্যানং। ত্রিমাত্রেণেতি।

প্রধানের ধর্ম্ম নিরস্ত হইতেছে; এবং সকলের অদৃষ্ট সেই পুরুষের সর্ব্বদ্রষ্টৃত্বাদির উপদেশ হেতু জীবভাবও নিরস্ত হইতেছে ॥ ১২ ॥

প্রশ্নোপনিষদেও পিপ্পলাদ আচার্য্য বলিতেছেন, 'হে সত্যকাম! ওঙ্কার চতুর্ম্মুখাখ্য অপরব্রহ্ম এবং শ্রীনারায়ণাখ্য পরব্রহ্ম স্বরূপ। ঐ প্রণবকে ব্রহ্মাত্মক রূপে ধ্যান করিলে, একতর প্রাপ্তি হয়;' ইত্যাদি উপক্রম করিয়া, 'যিনি ত্রিমাত্র প্রণবাক্ষর স্বরূপ সূর্য্যান্তঃস্থ পরম পুরুষকে অভিধ্যান করেন, তিনি সূর্য্যকেই প্রাপ্ত হইয়া সাম দ্বারা ব্রহ্মলোকে উন্নীত হয়েন, পরমপুরুষধ্যাতা,

বিনির্মুচ্যতে এবং হৈব স পাপ্মভির্বিনির্মুক্তঃ স সামভিরুন্নীয়তে ব্রহ্মলোকং স এতস্মাৎ জীবঘনাৎ পরাৎপরং পুরিশয়ং পুরুষং বীক্ষ্যতে ইতি পঠ্যতে।

তত্র সংশয়ঃ। ধ্যানেক্ষয়োর্বিষয়ঃ পুরুষশ্চতুর্ম্মুখঃ পুরুষোত্তমো বেতি। তত্রৈকমাত্রং প্রণবমুপাসীনস্য মনুষ্যলোকং দ্বিমাত্রমুপাসীনস্যান্তরীক্ষলোকং ফলং প্রোচ্য ত্রিমাত্রমুপাসীনস্য ব্রহ্মলোকমাহ। স চ লোকক্রমাচ্চতুর্ম্মুখলোকঃ প্রত্যেতব্যস্তদ্গতেন বীক্ষমাণস্তু স এবেতি যুক্তেশ্চতুর্ম্মুখঃ স ইতি প্রাপ্তে।

তৃতীয়েয়ং দ্বিতীয়াম্বেন নেয়া। ব্রহ্মোঙ্কারয়োরভেদোপক্রমাৎ তাদৃশমক্ষরং সূর্য্যান্তঃস্থং পরং ধ্যায়ীতেতি। ধ্যাত্বা সূর্য্যং প্রাপ্তঃ সামভির্ব্রহ্মলোকং নীয়তে। পাদোদরঃ সর্পঃ। স ইতি পরমপুরুষধ্যাতা। স এতস্মাৎ জীবঘনাৎ সর্ব্বজীবাভিমানিনশ্চতুর্ম্মুখাৎ পরং পুরিশয়ং পরমে ব্যোম্নি পুরি স্থিতং শ্রীনারায়ণং শ্রীপতিমীক্ষতে লভত ইত্যর্থঃ। ক্রমমুক্তিরিহ প্রকাশিতা সনিষ্ঠানাং বোধ্যা।

সর্প যেরূপ ত্বক্ হইতে বিনির্ম্মুক্ত হয় তদ্রূপ, পাপজন্য স্থূল-সূক্ষ্ম শরীর হইতে বিনির্ম্মুক্ত হয়েন। তিনি সাম দ্বারা ব্রহ্মলোকে নীত হয়েন। তিনি এই সর্ব্বজীবাভিমানী চতুর্ম্মুখ হইতেও পর পরব্যোমপুরস্থিত শ্রীপতিকে লাভ করেন।'

এ স্থলে সংশয় এই,—ধ্যান ও দর্শনের বিষয়, চতুর্ম্মুখ ব্রহ্মা বা পুরুষোত্তম শ্রীনারায়ণ? যে ব্যক্তি একমাত্র প্রণবের উপাসনা করেন, তিনি মনুষ্যলোক, যে ব্যক্তি দ্বিমাত্র প্রণবের উপাসনা করেন, তিনি অন্তরীক্ষ লোক প্রাপ্ত হয়েন, এইরূপ ফল বলিয়া, পরে যিনি ত্রিমাত্র প্রণবের উপাসনা করেন, তিনি ব্রহ্মলোক প্রাপ্ত হয়েন, এইরূপ ফলও বলিয়াছেন। সুতরাং ঐ লোক চতুর্ম্মুখ-

ঈক্ষতিকর্ম্মব্যপদেশাৎ সঃ ॥ ১৩ ॥

স পুরুষোত্তম এব ঈক্ষতিকর্ম্ম দর্শনবিষয়ঃ। কুতঃ ব্যপদেশাৎ। তমোঙ্কারেণৈবায়তনেনান্বেতি বিদ্বান্ যৎ তচ্ছান্তমজরমমৃতমভয়ং পরং পরায়ণং চেতি ব্রহ্মধর্ম্মনির্দ্দেশাৎ। তদেবং নির্ণীতে ব্রহ্মলোকশব্দোঽপি নিষাদস্থপত্যধিকরণন্যায়েন শ্রীবিষ্ণুলোকস্য বাচকঃ সিদ্ধ্যতি ॥ ১৩ ॥

ছান্দোগ্যে শ্রূয়তে। অথ যদিদমস্মিন্ ব্রহ্মপুরে দহরং পুণ্ডরীকং বেশ্ম দহরোঽস্মিন্নন্তরাকাশস্তস্মিন্ যদন্তস্তদন্বেষ্টব্যং তদ্বিজিজ্ঞাসিতব্যমিতি।

তদ্‌গতেনেতি। চতুর্ম্মুখলোকগতেন জনেন বীক্ষ্যমাণঃ স চতুর্ম্মুখ এবেতি যুক্তমিত্যর্থঃ।

তদেবমিতি। ব্রহ্মৈব লোকো ব্রহ্মলোক ইতি কর্ম্মধারয়োঽত্র সমাসঃ। নিষাদস্থপতিং যাজয়েদিত্যত্র নিষাদশ্চাসৌ স্থপতিশ্চেতি তথা সঃ ॥ ১৩ ॥

পূর্ব্বত্র পরমপুরুষশব্দস্য শ্রীনারায়ণে রূঢ়ত্বাৎ তস্যৈবোপাস্যতা নির্ণীতা তদ্বদত্রাকাশশব্দস্য ভূতাকাশে রূঢ়ত্বাৎ তস্যৈবোপাস্যতাস্ত্বিতি দৃষ্টান্তসঙ্গত্যাহ ছান্দোগ্যেত্যাদি। অথ যদিতি। ভূমবিদ্যানন্তর্য্যমথশব্দার্থঃ। অন্বেষ্টব্যং ধ্যেয়মিত্যর্থঃ।

লোক বলিয়াই আপাতত প্রতীয়মান হইতেছে। অতএব তাদৃশ বিষয় চতুর্ম্মুখই হউক, এই প্রকার সংশয়ের উত্তরে বলিতেছেন।

পুরুষোত্তমই ঈক্ষণকর্ম্ম দর্শনের বিষয়। কারণ, প্রণব-ধ্যায়ীর শান্তত্ব অজরত্ব অমরত্ব অভয়ত্ব ও পরত্বাদি ব্রহ্মধর্ম্মের নির্দ্দেশ হইয়াছে। এস্থলে নিষাদস্থপতি শব্দের ন্যায় ব্রহ্মলোক শব্দেও কর্ম্মধারয় সমাসে বিষ্ণুলোকই বুঝিতে হইবে ॥ ১৩ ॥

তত্র সন্দেহঃ। কিময়ং হৃদয়পুণ্ডরীকস্থো দহরাকাশো ভূতাকাশঃ কিং বা জীবঃ উত শ্রীবিষ্ণুরিতি। তত্র প্রসিদ্ধের্ভূতাকাশঃ স্যাৎ। পুরস্বামিত্বাদল্পত্বপ্রত্যয়ত্বাচ্চ জীবো বেতি প্রাপ্তে।

দহর উত্তরেভ্যঃ॥ ১৪॥

শ্রীবিষ্ণুরেব দহরঃ। কুতঃ উত্তরেভ্যঃ বাক্যশেষগতেভ্যো হেতুভ্য ইত্যর্থঃ। তে চ বিয়দুপমত্বসর্ব্বাধারত্বাপহতপাপ্মত্বাদয়ো ভূতাকাশে জীবে চ ন সম্ভবেয়ুঃ। শ্রুতৌ ব্রহ্মপুর-

তত্র সন্দেহ ইতি। প্রসিদ্ধির্মিতত্বঞ্চ তদ্বীজং বোধ্যং।

দহরেতি। তে চেতি। বিজিজ্ঞাস্যত্বেনোক্তস্য দহরাকাশস্য তঞ্চেদ্‌ব্রূয়ুরিত্যুপক্রম্য কিং তদত্র বিদ্যতে যদন্বেষ্টব্যং যদ্বা বিজিজ্ঞাসিতব্যমিত্যাক্ষেপপূর্ব্বকং সমাধানবাক্যং। স ব্রূয়াৎ যাবান্ বা অয়মাকাশস্তাবানেষোঽন্তর্হৃদয় আকাশ

ছান্দোগ্য উপনিষদে শ্রুত হইয়া থাকে, 'এই ব্রহ্মপুরে হৃদয়পুণ্ডরীকে যে দহরাকাশ আছে, তাহাই ব্রহ্মের আবাসভূত। ঐ বেশ্মমধ্যে যিনি অবস্থিত, তিনিই অন্বেষ্টব্য, তিনিই জিজ্ঞাস্য,' ইত্যাদি।

এস্থলে সংশয় এই যে, ঐ হৃদয়পুণ্ডরীকস্থ দহরাকাশ শব্দে ভূতাকাশ, জীব বা বিষ্ণুকে বোধ করাইতেছে? আকাশ শব্দের প্রসিদ্ধি হেতু ভূতাকাশকে এবং পুরস্বামিত্ব ও অল্পত্ব প্রত্যয় হেতু জীবকেও বোধ করাইতে পারে। তদুত্তরে বলিতেছেন,—

দহরাকাশ পদে বিষ্ণুকেই বোধ করাইতেছে; কারণ, বাক্যশেষস্থ আকাশোপমত্ব, সর্ব্বাধারত্ব ও অপহতপাপ্মত্বাদি হেতু সকল ভূতাকাশ ও জীবকে নিরস্ত করিয়া বিষ্ণুকেই অবগত করাইতেছে। শ্রুতিতে ব্রহ্মপুর শব্দে উপাসকের

মুপাসকস্য শরীরং তদবয়বভূতং হৃদয়পুণ্ডরীকং ব্রহ্মণো বেশ্ম তত্র ধ্যেয়ং দহরাকাশশব্দং পরং ব্রহ্ম তস্মিন্নন্বেষ্টব্য-মতহতপাপ্মত্বাদিগুণজাতমিতি ব্যাখ্যেয়ং ॥ ১৪ ॥

ইতোঽপি দহরঃ শ্রীবিষ্ণুরেবেত্যাহ।

গতিশব্দাভ্যাং তথা দৃষ্টং লিঙ্গঞ্চ ॥ ১৫ ॥

যথা হিরণ্যনিধিং নিহিতমক্ষেত্রজ্ঞা উপরি সঞ্চরন্তোঽপি ন বিদুস্তথেমাঃ সর্ব্বাঃ প্রজা অহরহর্গচ্ছন্ত্য এনং ব্রহ্ম-লোকং ন বিদন্ত্যনৃতেন হি প্রত্যূঢ়া ইত্যত্রৈনমিতি প্রকৃতং

উভে অস্মিন্ দ্যাবাপৃথিবী অন্তরেব সমাহিতে ইত্যাদি। এতৎ সত্যং ব্রহ্মপুর-মস্মিন্ কামাঃ সমাহিতা এষ আত্মাপহতপাপ্মা বিজরো বিমৃত্যুরিত্যাদি চ। অত্রাকাশোপমানত্বং দ্যাবাপৃথিব্যাশ্রয়ত্বং কামাদ্যাধারত্বঞ্চ দহরস্যোক্তং। শ্রুত্য-র্থস্তু তং গুরুং শিষ্যা ব্রূয়ুঃ কিং তদিতি। হৃৎপুণ্ডরীকং তাবদল্পং তত্র স্থিত আকাশস্ততোঽপ্যল্পঃ স্যাদিতি অল্পে হৃৎপুণ্ডরীকে কিমস্তি। যৎ শ্রুতিযুক্তিভ্যাং বিচার্য্য ধ্যেয়মিত্যল্পত্বদোষেণ দহরস্য ধ্যেয়ত্বে শিষ্টৈরাক্ষিপ্তে তত্র সমাধানং স ব্রূয়াদিতি। স গুরুর্ব্রূয়াৎ। কিং ব্রূয়াদিত্যাহ যাবানিতি। তথা চাকাশোপ-মত্বেনাল্পত্বদোষনিরাকরণাদচিন্ত্যশক্ত্যা বিভুত্বমজহদেব মধ্যমতয়া বিভাতীতি স শ্রীহরিরেব তাদৃশো ধ্যেয় ইত্যর্থঃ। আকাশশব্দবাচ্যাশ্চাষ্টৌ গুণাস্তত্রান্বে-ষ্টব্যাঃ কথিতাঃ। যো খলু য ইহাত্মানমনুবিদ্য ব্রজন্ত্যেতাংশ্চ সত্যান্ কামানিত্যুপসংহৃতাঃ। ইহ তদ্‌গুণগণস্য মুমুক্ষুমৃগ্যত্বশ্রবণাদানুবাদিত্বাদিকং তস্য নিরস্তং ॥ ১৪ ॥

শরীর, এবং পুণ্ডরীক শব্দে তদবয়বভূত হৃদয় নির্দ্দেশ করিতেছে; সুতরাং দহরাকাশশব্দে পরব্রহ্মই বোধিত হইতেছেন। তাদৃশ পরব্রহ্মেই অপহতপাপ্ম-ত্বাদি গুণজাত অন্বেষণীয়, ইত্যাদি ব্যাখ্যা করিতে হইবে ॥ ১৪ ॥

পরবর্ত্তী কারণেও দহরশব্দে বিষ্ণুকেই বোধ করাইতেছে।

দহরং নির্দ্দিশ্য তত্র প্রজানাং গতিরুক্তা গন্তব্যস্য তস্য ব্রহ্ম-লোকশব্দশ্চোক্তস্তাভ্যাং দহরঃ শ্রীবিষ্ণুরেবেতি নিশ্চিতং। তথাহি সতা সৌম্য তদা সম্পন্নো ভবতীতি তত্রৈবান্যত্র প্রাণানাং পরস্মিন্ গমনং দৃষ্টং তদেব ব্রহ্মলোকশব্দস্য শ্রী-বিষ্ণুপরত্বে লিঙ্গং গমকং। সত্যলোকপরত্বে তু তত্র প্রত্যহং তাসাং সা ন সম্ভবেৎ ॥ ১৫ ॥

যথা হিরণ্যেতি। ন বিদন্ত্যত্র হেতুরনৃতেনেতি। হি যস্মাদনৃতেন প্রজাঃ প্রত্যূঢ়া গ্রস্তা ইত্যর্থঃ। সতেতি। হে সৌম্য শ্বেতকেতো তদা সুষুপ্তিকালে জীবঃ সতা ব্রহ্মণা সহ সম্পন্নো ভবতি তত্র লীয়ত ইত্যর্থঃ। তত্র প্রত্যহমিতি। তত্র সত্যলোকে। প্রতিদিনং তাসাং প্রজানাং সা গতির্ন সম্ভবেদিত্যর্থঃ ॥১৫॥

গতি ও শব্দ দ্বারাও দহরপদে বিষ্ণুকেই বোধ করাইতেছে। বিশেষত ঐ শব্দ বিষ্ণুলিঙ্গক। 'সুবর্ণাদি নিধি সকল আকরে নিহিত থাকিলেও ভূতত্বজ্ঞ ব্যক্তি ভিন্ন উপরি সঞ্চরণকারী ব্যক্তিগণ যেমত তাহা জানিতে পারেন না, তদ্রূপ লোক সকল প্রতিদিন ঐ ব্রহ্মলোকে গমন করিলেও মায়ামোহিত থাকাতে তাহা জানিতে পারেন না।' এস্থলে 'এনং' শব্দ দ্বারা প্রকৃত দহর নির্দ্দেশ করিয়া সেই স্থলে লোকের গতি এবং ঐ গন্তব্য দহরের উদ্দেশে ব্রহ্ম-লোক শব্দ উল্লিখিত হইয়াছে। সুতরাং উক্ত গতি ও শব্দ দ্বারা দহরপদে বিষ্ণুই বোধিত হইতেছেন। 'হে সৌম্য শ্বেতকেতো! সুষুপ্তিকালে জীব সকল ব্রহ্মে লীন হয়েন,' ইত্যাদি শ্রুতিতে প্রাণিগণের যে দহরলোক গমন উক্ত হইয়াছে, সেই দহরলোক বা ব্রহ্মলোক শব্দে বিষ্ণুপদই জানিতে হইবে। ঐ দহরশব্দে সত্যলোক বোধ করাইতে পারে না; কারণ, তথায় প্রতিদিন জীবের গমন সম্ভব হয় না ॥ ১৫ ॥

ধৃতেশ্চ মহিম্নোঽস্যাস্মিন্নুপলব্ধেঃ ॥ ১৬ ॥

দহরোঽস্মিন্নন্তরাকাশ ইতি প্রকৃত্য বিয়দুপমাপূর্ব্বকং তত্র সর্ব্বসমানত্বমুক্ত্বাত্মশব্দঞ্চ প্রযুজ্যোপদিশ্য চাপহতপাপ্মত্বাদি তমেবানতিবৃত্তপ্রকরণং নির্দ্দিশতি। অথ য আত্মা স সেতুর্বিধৃতিরেষাং লোকানামসংভেদায়েতি। তস্মাদস্য বিশ্বধৃতিরূপস্য মহিম্নোঽস্মিন্ দহরে প্রাপ্তেরয়ং শ্রীবিষ্ণুরেব। এষ সেতুর্বিধারণ এষাং লোকানামসম্ভেদায়েত্যন্যত্রাপ্যেষ মহিমা তত্রৈব দৃষ্টঃ ॥ ১৬ ॥

প্রসিদ্ধেশ্চ ॥ ১৭ ॥

কো হ্যেবান্যাদিত্যাদৌ ব্রহ্মণ্যাকাশশব্দস্য খ্যাতেশ্চ॥১৭॥

দহরেতি। তমেব দহরমেব অনতিক্রান্তপ্রকরণমিত্যর্থঃ। স সেতুরিতি। সেতুর্বর্ণাশ্রমাদ্যসঙ্করতাহেতুঃ। বিধৃতির্বিশিষ্টা ধৃতির্যেন সঃ। অঞ্জসা অসাঙ্কর্য্যেণ চ নিখিলধারক ইত্যর্থঃ। অসংভেদায় অসাঙ্কর্য্যায় ॥ ১৬ ॥

প্রসিদ্ধেরিত্যাদি সুগমং ॥ ১৭ ॥

'এই হৃদয়স্থিত অন্তরাকাশের নাম দহর,' এইরূপ উপক্রম করিয়া আকাশের সহিত সাদৃশ্য প্রদর্শন পূর্ব্বক আত্মশব্দের প্রয়োগে ও তাহার অপহতপাপ্মত্বাদি ধর্ম্ম কথনে প্রকরণমধ্যেই দহরের নির্দ্দেশ হইতেছে। আত্মা এই সকল লোকের ধর্ম্মকে অসাঙ্কর্য্য হইতে সেতুর ন্যায় রক্ষা করেন। অতএব এই দহরে বিশ্ববিধারণরূপ মহিমা দৃষ্টে দহরপদে বিষ্ণুকেই বুঝিতে হইবে। অন্যত্রও দহরেরই উক্ত মহিমা দৃষ্ট হইয়া থাকে ॥ ১৬ ॥

'কো হ্যেবান্যাৎ' ইত্যাদি শ্রুতিতেও আকাশশব্দের ব্রহ্মেই প্রসিদ্ধি দৃষ্ট হয় ॥ ১৭ ॥

নন্নু স এষ সংপ্রসাদোঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায় পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে। এষ আত্মেতি হোবাচ। এতদমৃতমেতদভয়মেতদ্ব্রহ্মেতি দহরবাক্যা-ন্তরালে জীবস্য পরামর্শাৎ স এব দহরঃ স্যাদিতি চেৎ তত্রাহ।

ইতরপরামর্শাৎ স ইতি চেন্নাসম্ভবাৎ॥ ১৮॥

মধ্যে জীবপরামর্শাদুপক্রমেঽপি স এবেতি ন শক্যং বক্তুং। কুতঃ অসম্ভবাৎ। উপক্রমোক্তস্য অপহতপাপ্ম-ত্বাদিগুণাষ্টকস্য জীবেঽনুপপত্তেরিত্যর্থঃ॥ ১৮॥

স্যাদেতৎ দহরবিদ্যায়াঃ পরস্মাৎ য আত্মাপহতপাপ্মা বিজরো বিমৃত্যুর্বিশোকো বিজিঘৎসোঽপিপাসঃ সত্যকামঃ

নন্বিতি। সম্প্রসাদো জীবঃ। পরং জ্যোতিঃ পরং ব্রহ্ম। এষ পরং-জ্যোতিঃশব্দনির্দ্দিষ্ট আত্মা বিভুর্বিজ্ঞানানন্দঃ।

মধ্য ইতি। উপক্রমোক্তস্য উপক্রান্তে দহরে পঠিতস্য॥ ১৮॥

এক্ষণে সংশয় হইতেছে যে, 'এই সংপ্রসাদ এই শরীর হইতে উৎক্রান্ত হইয়া পরজ্যোতীরূপ রূপলাভ পূর্ব্বক নিজরূপে অভিনিষ্পন্ন হয়েন, ইনিই আত্মা, ইনিই অমৃত, ইনিই অভয়প্রদ ব্রহ্ম,' ইত্যাদি দহরবাক্যমধ্যে জীবের উক্তি দৃষ্ট হয়; সুতরাং দহরশব্দে জীবই বোধিত হউন। তদুত্তরে বলিতেছেন,—

মধ্যে জীবপরামর্শদৃষ্টে উপক্রমেও জীবপরামর্শ হউক, এরূপ বলিতে পারা যায় না। কারণ, উপক্রমোক্ত অপহতপাপ্মত্বাদি গুণাষ্টক জীবে উপপন্ন হইতে পারে না॥ ১৮॥

সত্যসঙ্কল্পঃ সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্য ইত্যাদের্জীব-পরাৎ প্রজাপতিবাক্যাৎ তদষ্টকং দহরবাক্যান্তরালে পঠিতে জীবেঽপি সম্ভবেদতঃ স এব দহর ইত্যাশঙ্ক্য নিরা-চষ্টে।

উত্তরাচ্চেদাবির্ভাবস্বরূপস্তু ॥ ১৯ ॥

শঙ্কাচ্ছেদায় তুশব্দঃ। নেত্যনুবর্ত্ততে। প্রজাপতিবাক্যে সাধনাবির্ভাবিতস্বরূপস্যোপদেশাৎ ন তেনাবির্ভূতস্বরূপঃ শক্যো গ্রহীতুমিত্যর্থঃ। দহরবাক্যার্থং তদষ্টকং নিত্যাবির্ভূতং তথৈব প্রতীয়াৎ। প্রজাপতিবাক্যোক্তং তৎ সাধনাবি-

স্যাদেতদিতি। য ইতি আত্মা জীবলক্ষণঃ। বিমৃত্যুর্মরণরহিতঃ। বিজিঘৎসঃ বিগতা জিঘৎসা যস্য সঃ। এতদ্গুণাষ্টকবিশিষ্টং জীবস্য নৈজং স্বরূপং। তদ-ষ্টকং গুণাষ্টকং।

শঙ্কেতি। সাধনেতি। সাধনেন ব্রহ্মোপাসনেনাবির্ভাবিতং তদষ্টকবৎ স্বরূপং যস্য স জীবঃ তথা তস্য তত্রোপদেশাৎ। তেনেতি। প্রজাপতি-বাক্যেন নিত্যসিদ্ধরূপঃ পরমাত্মা ন শক্যতে নেতুমিত্যর্থঃ। এতদ্বিশদয়তি

দহরবিদ্যার পর, যিনি এই আত্মা অপহতপাপ্মা বিজর বিমৃত্যু বিশোক বিজিঘৎস অপিপাস সত্যকাম সত্যসঙ্কল্প, তিনিই অন্বেষ্টব্য তিনিই বিজিজ্ঞাসি-তব্য, ইত্যাদি বাক্য সকল জীবপর প্রজাপতিবাক্য, সুতরাং উক্ত গুণাষ্টক দহরবাক্যান্তরালে পঠিত জীবেও সম্ভব হয়। অতএব প্রজাপতিরূপ জীবই দহরপদবাচ্য, এইরূপ আশঙ্কার নিরাসার্থ বলিতেছেন,

প্রজাপতিবাক্যে সাধনাবির্ভাবিত স্বরূপের উপদেশ হেতু নিত্যাবির্ভূত স্বরূপ গ্রহণ করা যাইতে পারে না। দহরবাক্যোক্ত গুণাষ্টক নিত্যাবির্ভূত

র্ভাবিতং। এবমেবৈষ সম্প্রসাদোঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায়েত্যাদিনা তথৈব প্রতীতেরিত্যুভয়োর্মহদন্তরং। কিঞ্চ সাধনাবির্ভাবিততদষ্টকেঽপি জীবে অসম্ভাব্যাঃ সেতুত্বজগদ্বিধারকত্বাদয়ো গুণাঃ পরেশত্বং দহরস্য গময়ন্তি ॥ ১৯ ॥

যদ্যেবং তর্হি তদন্তরালে জীবপ্রস্তাবঃ কিমর্থং তত্রাহ।

অন্যার্থশ্চ পরামর্শঃ ॥ ২০ ॥

তত্র জীবপরামর্শঃ পরমাত্মজ্ঞানার্থ এব। যং প্রাপ্য জীবস্তদষ্টকবতা স্বরূপেণাভিনিষ্পদ্যতে স এষ পরমাত্মেতি ॥ ২০ ॥

দহরেত্যাদিনা। এবমেবেতি। আদিশব্দাৎ পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে স উত্তমঃ পুরুষ ইতি বাক্যশেষো গ্রাহ্যঃ। যৎ পরং জ্যোতিঃ স উত্তমঃ পুরুষঃ শ্রীহরিরিত্যর্থঃ। লিঙ্গান্তরমাহ কিঞ্চেত্যাদি ॥ ১৯ ॥

রূপে প্রতীত হইতেছে; কিন্তু প্রজাপতিবাক্যোক্ত গুণাষ্টক তদ্রূপ না হইয়া সাধনাবির্ভাবিত রূপে প্রতীত হইতেছে। এইরূপ, 'এষ সম্প্রসাদোঽস্মাৎ শরীরাৎ', ইত্যাদি শ্রুতি দ্বারাও তদ্রূপই প্রতীতি হইতেছে; সুতরাং উভয়ের মহদন্তর জানিতে হইবে। আরও সাধনাবির্ভাবিত গুণাষ্টক বিশিষ্ট জীবে সেতুত্ব জগদ্বিধারকত্ব প্রভৃতি ধর্ম্ম অসম্ভব হইতেছে, অতএব তদ্দ্বারা দহরের পরেশত্বই বোধিত হইতেছে ॥ ১৯ ॥

এক্ষণে তদন্তরালে জীবপ্রস্তাবের কারণ কি, এইরূপ আশঙ্কার নিরাসার্থ বলিতেছেন,—

ঐ স্থলে জীবপরামর্শ পরমাত্মজ্ঞানের নিমিত্তই জানিতে হইবে। যাঁহাকে প্রাপ্ত হইয়া জীব গুণাষ্টকবিশিষ্ট স্বরূপে অভিনিষ্পন্ন হয়েন, তিনিই পরমাত্মা ॥ ২০ ॥

নন্বু দহরোঽস্মিন্নিত্যল্পত্বশ্রবণাৎ তদন্তরালে পঠিতো জীব এব পূর্ব্বত্রাপি বোধ্য ইতি চেৎ তত্রাহ।

অল্পশ্রুতেরিতি চেৎ তদুক্তং ॥ ২১ ॥

তত্র যৎ সমাধানং তৎ প্রাগেবোক্তং। নিচায্যত্বাদেবং ব্যোমবচ্চেত্যনেন বিভোরপি প্রাদেশমাত্রত্বং তন্মাত্রস্মৃতি-স্থানমানোপচারাৎ। স্মৃতিভাবাপেক্ষয়াবিচিন্ত্যমহিম্নস্তস্য তথা প্রাকট্যাদেব ॥ ২১ ॥

ইতশ্চৈতদেবমিত্যাহ।

অনুকৃতেস্তস্য চ ॥ ২২ ॥

নিত্যাবির্ভূততদষ্টকবিশিষ্টস্য দহরস্য সাধনাবির্ভাবিত-তদষ্টকেন প্রজাপতিবাক্যোক্তেন জীবেনানুকরণাৎ তস্মা-দিতরঃ সঃ। পূর্ব্বমনৃতাপিহিতস্বরূপঃ পশ্চাৎ ব্রহ্মোপাসনয়া

যদ্যেবমিতি। তদন্তরালে দহরবাক্যমধ্যে।

অন্যার্থেত্যাদি স্পষ্টং ॥ ২০ ॥

নন্বিতি। অল্পত্বং মধ্যমত্বং। পূর্ব্বত্র দহরবাক্যাদৌ।

অল্পেত্যাদি স্পষ্টং ॥ ২১ ॥

অন্বিতি। চাবধৃতৌ। অনুকরণং নাম তৎসমতয়া বর্ত্তনং। তস্মাৎ জীবাৎ। স দহরঃ। ইহ স্ফুটয়তি পূর্ব্বমিতি। অনৃতাপিহিতমবিদ্যাসংবৃতং

'নিচায্যত্বাদেবং ব্যোমবচ্চ' ইত্যাদি সূত্রে স্মৃতিস্থান হৃদয়ের পরিমাণ অনু-সারে এবং স্মরণকর্ত্তার ভাবাপেক্ষায় অবিচিন্ত্যমহিম বিভু পুরুষেরও প্রাদেশ-মাত্রত্বাদিরূপে আবির্ভাবের সমাধান উক্ত হইয়াছে ॥ ২১ ॥

নিত্যাবির্ভূতগুণাষ্টকবিশিষ্ট দহরের প্রজাপতিবাক্যোক্ত সাধনাবির্ভাবিত-গুণাষ্টক জীব কর্ত্তৃক অনুকরণ হেতু দহর জীব হইতে ভিন্ন। জীব পূর্ব্বে মায়াবৃত-

সংছিন্নপিধানস্তদুপসম্পত্ত্যাবির্ভাবিততদষ্টকবিশিষ্টঃ সন্ তৎসমো ভবতীতি প্রজাপতিনিগদিতস্য দহরানুকারঃ। অনুকার্য্যানুকর্ত্রোর্মিথোঽন্যত্বন্তু সুসিদ্ধং পবনমনুহরতে হনুমানিত্যাদিষু। দৃশ্যতে চ মুক্তস্য ব্রহ্মানুকারঃ নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতীতি শ্রুত্যন্তরে ॥ ২২ ॥

অপি স্মর্য্যতে ॥ ২৩ ॥

ইদং জ্ঞানমুপাশ্রিত্য মম সাধর্ম্ম্যমাগতাঃ। সর্গেঽপি নোপজায়ন্তে প্রলয়ে ন ব্যথন্তি চেতি। মুক্তানাং ভগবৎসাধর্ম্ম্যলক্ষণঃ স স্মর্য্যতে। তস্মাৎ দহরঃ শ্রীহরিরেব ন জীবঃ ॥ ২৩ ॥

স্বরূপং যস্য সঃ। সংছিন্নপিধানো বিনষ্টাবিদ্যঃ। তদুপসংপত্ত্যা পরংজ্যোতিঃসন্নিধিলাভেন। তৎসমো ব্রহ্মতুল্যঃ। মিথোঽন্যত্বং পরস্পরভেদঃ ॥ ২২ ॥

ইদমিতি। ইহ বচনেন ভেদেঽপি জীববহুত্বমুক্তং তেন তত্র ভগবতো মুক্তানাঞ্চ মিথো ভেদঃ সিদ্ধঃ ॥ ২৩ ॥

স্বরূপ থাকিয়া পরে ব্রহ্মোপাসনা দ্বারা সংছিন্নাবরণ এবং পরংজ্যোতিঃসন্নিধানলাভে আবির্ভাবিত-গুণাষ্টক-বিশিষ্ট ও ব্রহ্মতুল্য হয়েন; ইহাই প্রজাপতি-বাক্যোক্ত জীবের দহরানুকরণ। অনুকার্য্য ও অনুকর্ত্তার পরস্পর ভেদ সুসিদ্ধই আছে। হনুমান পবনের অনুকরণ করেন, ইত্যাদি স্থলেও ভেদ দৃষ্ট হইয়া থাকে। মুক্ত জীবের ব্রহ্মানুকরণ, 'নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি' ইত্যাদি শ্রুতিতেও দৃষ্ট হয় ॥ ২২ ॥

'এই জ্ঞান আশ্রয় পূর্ব্বক যাহারা আমার সাধর্ম্ম্য লাভ করে, তাহাদিগকে সৃষ্টিকালেও জন্মগ্রহণ করিতে হয় না এবং প্রলয়েও বিনাশ পাইতে হয় না।'

কঠবল্ল্যাং পঠ্যতে অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষো মধ্য আত্মনি তিষ্ঠতি। ঈশানো ভূতভব্যস্য ততো ন বিজুগুপ্সত ইত্যাদি। ইহ বীক্ষা। অঙ্গুষ্ঠমাত্রো জীবঃ শ্রীবিষ্ণুর্ব্বেতি। প্রাণাধিপঃ সঞ্চরতি স্বকর্ম্মভিরঙ্গুষ্ঠমাত্রো রবিতুল্যরূপ ইত্যাদি শ্বেতাশ্বতরবাক্যৈকার্থাৎ জীব ইতি প্রাপ্তে।

পূর্ব্বত্রাকাশশব্দস্যাদিমে ভূতে রূঢ়স্যাপি প্রসিদ্ধিবশাদাকাশোপমত্বাদিলিঙ্গাচ্চ ব্রহ্মপরত্বং যথা দর্শিতং তথাত্রাঙ্গুষ্ঠমাত্রশব্দস্যাঙ্গুষ্ঠমাত্রো রবিতুল্যরূপ ইতি প্রসিদ্ধিবশাৎ পরিচ্ছিন্নত্বলিঙ্গেন জীবপরত্বমস্তিতি দৃষ্টান্তসঙ্গত্যাহ কঠবল্ল্যামিতি। অঙ্গুষ্ঠেতি। আত্মনি দেহে মধ্যে হৃদীত্যর্থঃ। ততস্তমুপাস্য ন বিজুগুপ্সতে শ্লাঘ্যো ভবতীত্যর্থঃ। অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষো জ্যোতিরিবাধূমকঃ ঈশানো ভূতভব্যস্য স এবাদ্য স উ শ্বঃ এতদ্বৈতদিতি। তত্রেদং বাক্যমাদিপদাদ্‌গ্রাহ্যং। অধূমক ইতি লিঙ্গব্যত্যয়েন নির্ধূমজ্যোতিরিবেত্যর্থঃ। নিত্যতামাহ স এবাদ্য ইতি। অদ্য বর্ত্তমানকালে স এবাস্তি। শ্বো ভবিষ্যৎকালে স এব ভবিতা। ভূতেঽপি স এবাভূদিত্যস্যোপলক্ষণমেতৎ। যন্নাচিকেতাঃ পপ্রচ্ছ যত্র

ইত্যাদি শ্রুতিতে মুক্ত পুরুষের ভগবৎসাধর্ম্ম্য-লক্ষণ ভেদ স্পষ্টই উক্ত হইয়াছে। অতএব দহরশব্দে হরিকেই জানিতে হইবে, জীবকে নহে॥ ২৩॥

কঠবল্লীতেও পঠিত হয়, 'হৃদয়মধ্যে যে অঙ্গুষ্ঠমাত্র পুরুষ অবস্থান করেন, তিনি ভূতভব্যের নিয়ামক ঈশ্বর; তাঁহার উপাসনা করিলে জীব শ্লাঘ্য হয়েন;' ইত্যাদি।

এস্থলে সংশয় এই, ঐ অঙ্গুষ্ঠমাত্র পুরুষ জীব বা বিষ্ণু। 'অঙ্গুষ্ঠমাত্র রবিতুল্য-জ্যোতির্ম্ময় প্রাণাধিপ পুরুষ নিজ কর্ম্মানুসারে সঞ্চরণ করেন;' ইত্যাদি শ্বেতাশ্বতর বচনের সহিত ঐক্য বিধায় তাদৃশ পুরুষ জীবই হউক। ইত্যাদির উত্তরে সমাধান করিতেছেন,—

শব্দাদেব প্রমিতঃ ॥ ২৪ ॥

অঙ্গুষ্ঠপ্রমিতঃ শ্রীবিষ্ণুরেব। কুতঃ শব্দাদেব। ঈশানো ভূতভব্যস্যেতি শ্রুতেরেবেত্যর্থঃ। ন চেদৃগৈশ্বর্য্যং কর্ম্মাধীনস্থ জীবস্য সম্ভবেৎ ॥ ২৪ ॥

নন্বু বিভোস্তৎপ্রমিতত্বং কথং তত্রাহ।

হৃদ্যপেক্ষয়া তু মনুষ্যাধিকারত্বাৎ ॥ ২৫ ॥

তু শব্দোঽবধারণে। অঙ্গুষ্ঠমাত্রে হৃদি স্মর্য্যমাণত্বাদ্বিভোরপ্যঙ্গুষ্ঠমাত্রত্বং। হৃন্মানাপেক্ষয়া তস্মিন্ মানোপচারাৎ স্মর্ত্তৃভাবাপেক্ষয়া তাদৃশস্যাপি তস্যাচিন্ত্যমহিম্নস্তথা হৃদি

ধর্ম্মাদিত্বাদিত্যাদিনা তদ্বন্দ্বেতদেব। প্রাণাধিপ ইতি। বনপর্ব্বণি চ। ততঃ সত্যবতঃ কায়াৎ পাশবদ্ধং বশং গতং। অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং নিশ্চকর্ষ যমো বলাদিতি।

শব্দাদিতি স্পষ্টং ॥ ২৪ ॥

নন্বঙ্গুষ্ঠমাত্রত্বাল্লিঙ্গাৎ জীব এব সোঽস্ত্বিতি চেৎ তত্রাহ হৃদ্যপেক্ষয়েতি। লিঙ্গাপেক্ষয়েশান ইতি শ্রুতের্বলিষ্ঠত্বাৎ ন তেন লিঙ্গেন জীবঃ প্রতিপাদ্য ইত্যর্থঃ।

অঙ্গুষ্ঠপ্রমিত পুরুষ শ্রীবিষ্ণুই। কারণ, 'ঈশানো ভূতভব্যস্য,' ইত্যাদি শ্রুতিই তদ্রূপ বলিতেছেন। ভূতভব্যনিয়ামকত্বরূপ ঐশ্বর্য্য কখনই কর্ম্মাধীন জীবের সম্ভব হইতে পারে না ॥ ২৪ ॥

এক্ষণে বিভুর অঙ্গুষ্ঠপ্রমিতত্বের সমাধান করিতেছেন,—

হৃদয়পরিমাণাপেক্ষায় পরিমাণের উপচার বশত অঙ্গুষ্ঠমাত্র-প্রমিত হৃদয়ে স্মর্য্যমাণ বিভুর অঙ্গুষ্ঠমাত্রত্ব স্বীকৃত হইয়া থাকে। অথবা স্মরণকর্ত্তার মনের ভাব অনুসারে তাদৃশ অচিন্ত্যমহিম পুরুষের ভক্তহৃদয়ে তাদৃশভাবে আবির্ভাব

প্রাকট্যাদ্বেত্যুদিতং প্রাক্। ননু দেহিভেদেন হৃন্মানভেদাৎ তাবত্ত্বং তস্যাশক্যং সম্পাদয়িতুমিতি চেৎ তত্রাহ মনুষ্যেতি। শাস্ত্রমবিশেষেণ প্রবৃত্তমপি মনুষ্যানধিকরোতি। তেষাং সামর্থ্যাদিজুষামুপাসকত্বসম্ভবাৎ। ততশ্চ মনুষ্যবপুষামৈকবিধ্যাৎ তদ্বতাং তদবিরুদ্ধং। তেন করিতুরগাদিহৃদামঙ্গুষ্ঠমাত্রত্বেঽপি ন বিরোধঃ। যত্তু জীবস্যাপ্যঙ্গুষ্ঠমাত্রত্বমুক্তং তৎ কিল তাবতি হৃদি স্থিতেরেব তু তাবৎস্বরূপতয়া বালাগ্রশতভাগেত্যাদ্যুত্তরবাক্যেন তস্যাণুত্ববিনিশ্চয়াৎ। তস্মাদিহ শ্রীবিষ্ণুরেবাঙ্গুষ্ঠমাত্র ইতি॥ ২৫॥

তাবত্ত্বমঙ্গুষ্ঠপ্রমিতত্বং। তস্য ব্রহ্মণঃ। তেষাং মনুষ্যাণাং। উক্তং শ্বেতাশ্বতরশ্রুত্যা। তাবতি অঙ্গুষ্ঠপ্রমিতে। তাবৎস্বরূপতয়েত্যঙ্গুষ্ঠপরিমিতস্বরূপতয়েত্যর্থঃ। এবং সত্যঙ্গুষ্ঠপ্রমিতত্ববোধকবাক্যানি লিঙ্গদেহবিশিষ্টজীবাত্মবোধকানীতি বোধ্যং। তস্যেতি জীবস্য॥ ২৫॥

হয়, ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। দেহিভেদে হৃদয়পরিমাণেরও ভেদ হয় বলিয়া বিভুর অঙ্গুষ্ঠপ্রমিতত্ব সঙ্গত হয় না, এরূপও বলা যায় না। কারণ, শাস্ত্র অবিশেষে প্রবৃত্ত হইয়াও মনুষ্যাধিকারমাত্র প্রকাশ করিতেছে। লোক, উপাসনার সামর্থ্য ব্যতিরেকে কখনই উপাসক হইতে পারে না। অতএব মনুষ্যশরীর একরূপ বলিয়া তাদৃশ দেহে তাদৃশ পরিমাণ অবিরুদ্ধ হইতেছে। অধিকন্তু করিতুরগাদিহৃদয়ের অঙ্গুষ্ঠপরিমাণ হইলেও কোন বিরোধ হইতেছে না। শাস্ত্রে জীবের যে অঙ্গুষ্ঠমাত্রত্ব উক্ত হইয়াছে, তাহাও তৎপরিমিত হৃদয়ে তদ্রূপে স্থিতি প্রযুক্তই জানিতে হইবে। ‘জীব বালাগ্রশতভাগেরও শতভাগৈকভাগস্বরূপ অর্থাৎ অণুপরিমিত,’ ইত্যাদি শ্রুতিতেও জীবের অণুপরিমাণ ব্যক্ত হইয়াছে। অতএব অঙ্গুষ্ঠমাত্র পুরুষ শ্রীবিষ্ণুই, অন্য নহে॥ ২৫॥

ব্রহ্মণোঽঙ্গুষ্ঠপরিমিতত্বসিদ্ধয়ে তদাবেদকং শাস্ত্রং মনুষ্যাধিকারমিত্যুক্তং তেন মনুষ্যাণামেব তদুপাসকত্বমিতি সমর্থিতং। ইদানীং তদপবাদেন পরাধিকরণমিদং প্রবর্ত্তয়তে। বৃহদারণ্যকে শ্রূয়তে। তদ্যো যো দেবানাং প্রত্যবুধ্যত স এব তদভবৎ তথর্ষীণাং তথা মনুষ্যাণামিতি। তদ্দেবা জ্যোতিষাং জ্যোতিরায়ুর্হোপাসতেঽমৃতমিতি চ।

মনুষ্যাধিকারং শাস্ত্রমিতি প্রাক্ প্রোক্তং তর্হি ক্রমমুক্ত্যর্থয়া উপাসনয়া দেবত্বং প্রাপ্তানাং মনুষ্যাণাং তত্রাধিকারো ন স্যাদিত্যাক্ষিপ্য সমাধানাদাক্ষেপসঙ্গত্যাহ ব্রহ্মণোঽঙ্গুষ্ঠেত্যাদি। প্রসঙ্গসঙ্গত্যা বেত্যেকে। দেবানামনধিকারাৎ তদর্থায়াং তস্যাং দেবাদিভোগদ্বারা মুক্তিকামানাং নৃণাং প্রবৃত্তির্নেতি পূর্ব্বপক্ষে ফলং সিদ্ধান্তে তাদৃক্ প্রবৃত্তিরিতি বোধ্যং। তদ্য ইতি। দেবাদীনাং মধ্যে যো যো দেবাদিস্তৎ তাদৃশগুণকং ব্রহ্ম প্রত্যবুধ্যত জ্ঞাত্বোপাস্ত। স এব তদভবৎ প্রাপ্নোৎ। পরস্মৈপদং ছান্দসং। স এবেত্যাদিনা জীবব্রহ্ময়োরভেদোঽপি নাশঙ্কনীয়ঃ সাদৃশ্যাবেদকবহুবাক্যব্যাকোপাৎ। তদ্দেবা ইতি। দেবাস্তদ্ব্রহ্মোপাসতে ধ্যায়ন্তি। কীদৃক্ জ্যোতিষাং প্রকাশকানাং সূর্য্যাদীনাং জ্যোতিঃ প্রকাশকং। আয়ুর্জীবনপ্রদং। অমৃতমবিনাশি নিত্যমিত্যর্থঃ।

ব্রহ্মের অঙ্গুষ্ঠপরিমিতত্ব সিদ্ধির নিমিত্ত তদ্বোধক শাস্ত্রে মনুষ্যাধিকার প্রদর্শন দ্বারা মনুষ্যের ব্রহ্মোপাসকত্ব সমর্থিত হইয়াছে। এক্ষণে ক্রমমুক্তিসাধক উপাসনা দ্বারা দেবত্বপ্রাপ্ত মনুষ্যগণের উহাতে অধিকার না হউক, এইরূপ আক্ষেপ করিয়া তৎসমাধানার্থ পরাধিকরণ আরম্ভ করিতেছেন।

বৃহদারণ্যকে শ্রুত হয়, ‘যে যে দেবতা তাদৃশ ব্রহ্মের উপাসনা করেন, সেই সেই দেবতা তাঁহাকেই প্রাপ্ত হয়েন। ঋষিগণ ও মনুষ্যগণ সম্বন্ধেও ঐরূপই নিয়ম। দেবতা সকল—জ্যোতিঃপদার্থ, সূর্য্যাদিরও প্রকাশক, জীবনপ্রদ, অবিনাশী ব্রহ্মের উপাসনা করেন, ইত্যাদি।’

ইহ সংশয়ঃ। ইদং ব্রহ্মোপাসনং মনুষ্যেম্বিব দেবেষু শ্রূয়মাণং সম্ভবেন্ন বেতি। ইহেন্দ্রিয়াভাবেন সামর্থ্যাভাবাৎ ন তেষু তদুপাসনসম্ভবঃ। মন্ত্রাত্মকাঃ খল্বিন্দ্রাদয়ো দেবা ন তেষাং দেহেন্দ্রিয়াণি সন্তি। তদভাবাদেব সামর্থ্যবৈরাগ্যার্থিত্বানি চ নেত্যেবং প্রাপ্তে।

তদুপর্য্যপি বাদরায়ণঃ সম্ভবাৎ ॥ ২৬ ॥

তদ্ব্রহ্মোপাসনং মনুষ্যাণামুপরি দেবেষু চ স্বীকার্য্যমিতি ভগবান্ বাদরায়ণো মন্যতে। কুতঃ উপনিষন্মন্ত্রার্থবাদেতিহাসপুরাণলোকপরিজ্ঞাতবিগ্রহশালিনাং তেষাং সামর্থ্যাদিসম্ভবাৎ।

তেম্বিতি দেবেষু। তেষাং মন্ত্রাত্মকানাং দেবানাং।

তদিতি। উপনিষদিতি। তেষাং বিগ্রহযোগাৎ তৎ সম্ভবতীত্যর্থঃ। ইদমত্র বোধ্যং। কর্ম্মঠৈরপি দেবতাবিগ্রহাঃ স্বীকৃতাঃ অন্যথা যস্মৈ দেবতায়ৈ

এস্থলে সংশয় এই যে, মনুষ্যের ন্যায় দেবতারও শ্রূয়মাণ ব্রহ্মোপাসন সম্ভব হয় কি না? ইন্দ্রিয়ের অভাব হেতু উপাসনসামর্থ্যেরও অভাব হয় বলিয়া দেবতাদিগের ব্রহ্মোপাসনও আপাতত অসম্ভব প্রতীত হয়। ইন্দ্রাদি দেবতা সকল মন্ত্রাত্মক, সুতরাং তাঁহাদিগের দেহেন্দ্রিয়াদি নাই, দেহেন্দ্রিয়ের অভাব হইলে, সামর্থ্য, বৈরাগ্য বা অর্থিত্ব প্রভৃতিরও অভাব হইল। এইরূপ আশঙ্কার নিরাস করিতেছেন,—

রদ্ধৈমং সহস্রাংশুসমপ্রভম্। তস্মিন্ জজ্ঞে স্বয়ং ব্রহ্মা সর্ব্বলোকপিতামহঃ॥ ইত্যাদি। শ্রীপরাশরঃ। বিষ্ণোঃ সকাশাদুদ্ভূতং জগত্তত্রৈব চ স্থিতম্। স্থিতিসংযমকর্ত্তাসৌ জগতোঽস্য জগচ্চ সঃ॥ যথোর্ণনাভির্হৃদয়াদূর্ণাং সন্তত্য বক্ত্রতঃ। তয়া বিহৃত্য ভূয়স্তাং গ্রসত্যেবং জনার্দ্দনঃ॥ ইত্যাদি। এবমন্যেঽপি। ন চাসাং স্মৃতীনাং কর্ম্মকাণ্ডার্থোপবৃংহণেন সাবকাশতা। ব্রহ্মজ্ঞানোদয়ার্থাং চিত্তশুদ্ধিমুদ্দিশ্য ধর্ম্মান্ বিদধতীনাং তাসাং জ্ঞানকাণ্ডার্থোপবৃংহণ এব বৃত্তেঃ। চিত্তশোধ-

---

শক্তিকঃ অচিন্ত্যস্তর্কাগোচরঃ। তাদৃশত্বে শ্রুত্যেকগম্য ইত্যর্থঃ। স্বয়ং স্বশক্ত্যেকসহায়ঃ। ইতি অভিধ্যায় বহু স্যামিতি সংকল্পাৎ। স্বাৎ শরীরাৎ সিসৃক্ষুরিতি জগৎস্রষ্টের্লীলানিত্যত্বং ব্যঞ্জিতম্। শরীরাত্তাদৃশাত্তমসঃ। বিষ্ণোরিতি শ্রীবৈষ্ণবে। তয়া উর্ণয়া। অত্র তমঃশক্তিমতশ্চেতনাদ্বিষ্ণোরেব প্রপঞ্চজন্মাদিস্মৃতিমতশ্চেতন এব তদ্ধেতুঃ। তথা চ স্মৃত্যোর্বিরোধে শ্রুত্যনুগতা স্মৃতিঃ প্রমাণম্। আসামিতি মন্বাদিস্মৃতীনাম্। চিত্তশুদ্ধিমিতি। কষায়শক্তিঃ

বারিতে বীর্য্যাধান করিলেন। ঐ বীর্য্য হইতে সহস্রসূর্য্যের ন্যায় প্রভাশালী সুবর্ণময় অণ্ড উৎপন্ন হইল। ঐ অণ্ডেই সর্ব্বলোকপিতামহ স্বয়ং ব্রহ্মা উৎপন্ন হইলেন।” পরাশর ঋষিও বলিয়াছেন, “পরিদৃশ্যমান জগৎ ভগবান বিষ্ণু হইতেই সমুৎপন্ন এবং তদাশ্রয়েই অবস্থিত। তিনিই ইহার পালনকর্ত্তা ও নাশকর্ত্তা। এই জগৎ তাঁহারই শক্তিবিশেষ। উর্ণনাভ যেরূপ নিজ দেহ হইতেই উর্ণা সকল বিস্তার পূর্ব্বক পরে আপনিই উহাকে গ্রাস করে, ভগবান বিষ্ণুও তদ্রূপ নিজ শক্তি হইতে জগৎপ্রপঞ্চের সৃষ্টি করিয়া অন্তে আবার নিজ শক্তিতেই উহাকে বিলীন করিয়া থাকেন।” অপরাপর ঋষিগণও ঐরূপই বলিয়া থাকেন। কর্ম্মকাণ্ডের উপবৃংহণ দ্বারাই সাংখ্যস্মৃতির সবিষয়তা সিদ্ধ হইবে, এরূপও বলা যায় না। কারণ, উহা ব্রহ্মজ্ঞানোদয়ের কারণস্বরূপ চিত্তশুদ্ধির উদ্দেশে ধর্ম্মবিধানেই প্রবৃত্ত। উক্ত স্মৃতির ঐ প্রবৃত্তি জ্ঞানকাণ্ডের উপ-

কতা চৈষাং দৃশ্যতে—তমেতং বেদানুবচনেনেত্যাদি শ্রুতৌ। যত্তু তেষাং বৃষ্টিপুত্রস্বর্গাদিফলকত্বং ক্বাপি ক্বাপি বীক্ষ্যতে-ঽনুভাব্যতে চ তদপি শাস্ত্রবিশ্রম্ভোৎপাদনেন তত্রৈব চ বিশ্রান্তং সর্ব্বে বেদা যৎপদমামনন্তীত্যাদের্নারায়ণপরা বেদা ইত্যাদেশ্চ। ন চ সাংখ্যস্মৃত্যা বেদান্তার্থোপবৃংহণং শক্যং কর্ত্তুং শ্রুতিবিরুদ্ধার্থপ্রতিপাদনাৎ। শ্রুতিসংবাদার্থস্পষ্টীকরণং হ্যুপবৃংহণম্। ন চ তস্যামিদমস্তি। তস্মাচ্ছ্রুতিবিরুদ্ধা সাংখ্যস্মৃতিঃ স্বকপোলকল্পিতানাপ্তেতি ন তদ্ব্যর্থতাদোষাদ্-বিভীমঃ। ন চাপ্তত্বব্যপাশ্রয়কল্পনয়া তৎস্মৃতিপক্ষপাতো

কর্ম্মাণীত্যাদি স্মৃতেঃ। এষাং ধর্ম্মাণাম্। তেষাং ধর্ম্মাণাং বৃষ্ট্যাদিফলং যচ্ছ্রূয়তে যচ্চ ফলং দত্ত্বা তথৈবানুভাব্যতে বেদেন হরিণা বা তৎ খলু তদ্বিশ্বাসার্থমেব বোধ্যম্। সাংখ্যস্মৃতের্বেদানুসারিত্বং দূষয়তি ন চেতি। তস্যাং সাংখ্য-

---

বৃংহণের নিমিত্তই বলিতে হইবে। ঐ সকল ধর্ম্মের চিত্তশোধকতাও দৃষ্ট হইয়া থাকে। 'তমেতং বেদানুবচনেন' ইত্যাদি শ্রুতিবাক্যই উহার প্রমাণ। কোন কোন স্থলে যে বেদের বৃষ্টি-পুত্র-স্বর্গাদিফলকত্ব দৃষ্ট ও অনুভূত হয়, তাহাও শাস্ত্রে বিশ্বাসোৎপাদন দ্বারা ব্রহ্মজ্ঞানোদয়েই পর্য্যবসিত হইতেছে। 'সর্ব্বে বেদা যৎ-পদমামনন্তি, ও 'নারায়ণপরা বেদাঃ' ইত্যাদি শ্রুতিও ঐরূপ অভিপ্রায়ই ব্যক্ত করিতেছে। এইরূপে সাংখ্যস্মৃতির জ্ঞানকাণ্ডের উপবৃংহণের নিমিত্তই প্রবৃত্তি অনুমিত হইলেও তদ্দ্বারা বেদান্তার্থের উপবৃংহণ স্বীকার করিতে পারা যায় না। কারণ, সাংখ্যস্মৃতিতে শ্রুতিবিরুদ্ধার্থই প্রতিপাদিত হইয়াছে। শ্রুতি-সংবাদ সকলের অর্থের স্পষ্টীকরণই উহার উপবৃংহণ। সাংখ্যস্মৃতিতে শ্রুতি-সংবাদার্থের স্পষ্টীকরণ দৃষ্ট হয় না। সুতরাং উহাকে শ্রুতিবিরুদ্ধই বলিতে হইবে। যাহা শ্রুতিবিরুদ্ধ, তাহা স্বকপোলকল্পিত বলিয়া অনাপ্তই হইতেছে। অতএব ঐ অনাপ্ত সাংখ্যস্মৃতির ব্যর্থতা দোষ অপরিহার্য্য হইয়া উঠে। কোন একটি স্মৃতির অনাপ্তত্ব স্থির করিবার প্রতীক্ষায় স্মৃত্যন্তরের পক্ষপাত

যুক্তঃ। তত্ত্বেন ব্যাখ্যাতানাং বহূনাং স্মৃতিষু বিভিন্নার্থাসু পক্ষপাতে সতি বাস্তবার্থানবস্থিতিপ্রসঙ্গাৎ। স্মৃত্যো-র্বিপ্রতিপত্তৌ সত্যাং শ্রুতিব্যপাশ্রয়াদন্যো নির্ণয়হেতুর্ন ভবে-দতঃ শ্রুত্যনুসারিণ্যেবাদরণীয়েতি। স্মৃতিবলেনাক্ষেপ্তৄন্ স্মৃতিবলেনৈব নিরাকরিষ্যাম ইত্যন্যস্মৃত্যনবকাশাৎ দোষোপ-ন্যাসঃ। যত্তু ঋষিং প্রসূতং কপিলং যস্তমগ্রে জ্ঞানৈর্বিভর্ত্তীতি শ্বেতাশ্বতরশ্রুতেরাপ্তত্বং তস্যেতি তন্ন। তস্যা অন্যপরত্বাৎ শ্রুত্যর্থবৈপরীত্যবক্তৃতয়া তদভাবাচ্চ। মনোরাপ্তত্বং তু

স্মৃতৌ। স্বকপোলকল্পিতা স্বধীবৈভবরচিতা। ন চেতি। তত্ত্বেনাপ্তত্বেন। বহূনাং গৌতমাদীনাম্। নন্বেবং মাভূৎ মন্বাদিস্মৃতিপক্ষপাতোঽপীতি চেত্তত্রাহ স্মৃত্যোশ্চেতি। আক্ষেপ্তৄন্ প্রতিবাদিনঃ। নিরাকরিষ্যাম ইতি শাস্ত্র-কৃতামনুসন্ধিবচনম্। যত্ত্বিতি। যস্তাবদগ্রে সর্গাদৌ জায়মানমৃষিং ব্রহ্মাণং স্থিতিকালে প্রসূতং জ্ঞানৈস্ত্রৈকালিকৈর্বিভর্ত্তি পুষ্ণাতি তমীশ্বরং পশ্যেদিত্যর্থঃ। ঋষিং কীদৃশং কপিলং কনকপ্রভম্। তদভাবাচ্চেতি আপ্তত্ববিরহাদিত্যর্থঃ।

যুক্ত হয় না; যেহেতু, বিভিন্নার্থ স্মৃতি সকলের পক্ষপাতী হইলে, আপ্তভাবে ব্যাখ্যাকারী গৌতমাদি অনেকের অনেক মত দর্শনে বাস্তবার্থ নির্ণয়ে অনবস্থা ঘটে। দুইটি স্মৃতির পরস্পর বিরোধ উপস্থিত হইলে, শ্রুতির আশ্রয় গ্রহণের প্রতীক্ষণ ভিন্ন অপর একটি নির্ণায়ক প্রমাণের সাহায্য গ্রহণ অসম্ভব হয়। যাহার আশ্রয় গ্রহণ করিতে হইবে, তাহা অবশ্য শ্রুত্যনুসারী হওয়াই উচিত। শ্রুতির অনুসারী না হইলে, উহার আদর হইতে পারে না। যাঁহারা স্মৃতির বলেই আক্ষেপ উত্থাপন করেন, তদ্দ্বারাই তাঁহাদের নিরাকরণ করা হইবে। তাহাতে অন্যস্মৃতির নির্বিষয়তারূপ দোষের উপন্যাস অবশ্যম্ভাবী। শ্বেতাশ্বতর উপনিষদে 'ঋষিং প্রসূতং কপিলম্' ইত্যাদি বাক্যে এক আপ্ত কপিল ঋষির কথা উক্ত হইয়াছে বটে, কিন্তু সে কপিল ঐ কপিল নহেন, তিনি অন্য কপিল ঋষি। অতএব ঐ কপিলকে অনাপ্ত বলাতে শ্রুতিরও

তৈত্তিরীয়াঃ পঠন্তি যদ্বৈ কিঞ্চন মনুরবদত্তদ্ভেষজমিতি। শ্রীপরাশরো হি পুলস্ত্যবশিষ্ঠপ্রসাদাদেব দেবতাপারমার্থ-ধিয়ং প্রাপেতি স্মর্য্যতে। বেদবিরুদ্ধস্মৃতিপ্রবর্ত্তকঃ কপিলো হ্যগ্নিবংশজো জীববিশেষ এব মায়য়া বিমোহিতো ন তু কর্দ্দমোদ্ভূতো বাসুদেবঃ। কপিলো বাসুদেবাখ্যঃ সাংখ্যং তত্ত্বং জগাদ হ। ব্রহ্মাদিভ্যশ্চ দেবেভ্যো ভৃগ্বাদিভ্যস্তথৈব চ॥ তথৈবাসুরয়ে সর্ব্বং বেদার্থৈরুপবৃংহিতম্। সর্ব্ববেদবিরুদ্ধঞ্চ কপিলোহন্যো জগাদ হ॥ সাংখ্যমাসুরয়েহন্যস্মৈ কুতর্কপরিবৃংহিতমিতি স্মরণাৎ। তস্মাদ্বেদবিরুদ্ধতয়ানাপ্তায়াঃ সাংখ্য-স্মৃতের্ব্যর্থতা ন দোষঃ॥ ১॥

মনোরিতি। মনুর্ম্মনীষেতি স্মৃত্যা তু ভগবদ্বুদ্ধিত্বং তস্যোক্তম্। শ্রীপরাশরো হীতি। পরান্ বাহ্যকুতর্কান্ যঃ আশৃণাতি নিরস্যতি প্রমাণতর্কশতৈরিতি সঃ। দেবতেতি। ভগবদ্বিষয়কবাস্তবজ্ঞানযাথাত্ম্যমিত্যর্থঃ। স্মর্য্যতে শ্রীবৈষ্ণবে। কপিলো বাসুদেবাখ্য ইতি পাদ্মে। তস্মাদিতি। উক্তশ্রুতেশ্চতুর্মুখপরত্বাৎ

অসম্মান করা হইতেছে না। মনু ও পরাশরের আপ্তত্ব শ্রুতিস্মৃতিপ্রসিদ্ধ। বেদবিরুদ্ধ সাংখ্যস্মৃতির প্রবর্ত্তক কপিল এবং কর্দ্দমোদ্ভূত ভগবান কপিল এক নহেন। প্রথমোক্ত কপিল অগ্নিবংশজ মায়ামোহিত জীববিশেষ এবং শেষোক্ত কপিল বাসুদেবেরই অবতার। শ্রুতিতে উক্ত হইয়াছে,—ভগবান বাসুদেব কর্দ্দম ঋষি হইতে কপিলরূপে অবতীর্ণ হইয়া সাংখ্যতত্ত্ব প্রচার করিয়াছিলেন। তিনি ঐ সাংখ্যতত্ত্ব ব্রহ্মাদি দেবগণকে, ভৃগু প্রভৃতি ঋষিগণকে এবং আসুরি নামক বিপ্রকে উপদেশ করেন। তদুক্ত সাংখ্যস্মৃতি বেদার্থ দ্বারা উপ-বৃংহিত। এবং অপর এক কপিল ঐ আসুরিকেই কুতর্কপরিবৃংহিত স্বকপোল-কল্পিত অপর এক সাংখ্য উপদেশ করিয়াছিলেন। অতএব বেদবিরুদ্ধ শেষোক্ত অনাপ্ত সাংখ্যস্মৃতিকে ব্যর্থ বলিয়া নির্দ্দেশ করাতে কোনই দোষ হইতেছে না॥ ১॥

ইতরেষাঞ্চানুপলব্ধেঃ ॥ ২ ॥

ইতরেষাঞ্চ সাংখ্যস্মৃত্যুক্তানামর্থানাং বেদেঽনুপলম্ভাত্তস্যাঃ নাপ্তত্বম্। তে চ বিভবশ্চিন্মাত্রাঃ পুরুষাস্তেষাং বন্ধমোক্ষৌ প্রকৃতিরেব করোতি। তৌ পুনঃ প্রাকৃতাবেব। সর্ব্বেশ্বরঃ পুরুষবিশেষো নাস্তি। কালস্তত্ত্বং ন ভবতি। প্রাণাদয়ঃ পঞ্চ করণবৃত্তিরূপা ভবন্তীত্যেবমাদয়স্তস্যামেব দ্রষ্টব্যাঃ ॥ ২ ॥

নন্থু সাংখ্যস্মৃত্যা বেদান্তা ব্যাখ্যাতুং ন যুক্তাঃ। তস্যা বেদান্তবিরুদ্ধত্বাৎ। যোগস্মৃত্যা তু ব্যাখ্যেয়াস্তে। বেদান্তার্থানাশ্রিত্য তস্যা বর্ণিতত্বাৎ। যোগঃ খলু শ্রৌতঃ। তাং যোগমিতি মন্যন্তে স্থিরামিন্দ্রিয়ধারণাম্। বিদ্যামেতাং

সাংখ্যপ্রবক্তুঃ কপিলস্য বেদবিরোধিত্বে স্মৃতিলাভাচ্চ তৎস্মৃতিরনাপ্তৈবেত্যর্থঃ ॥ ১ ॥

ইতরেষামিতি। এতত্ পরিষ্টাদ্বিস্ফুটীভাবি। প্রাকৃতাবিতি। প্রকৃতেরেব তৌ ন তু পুংস ইত্যর্থঃ ॥ ২ ॥

বিশেষত উক্ত সাংখ্যস্মৃতিতে এরূপ কতকগুলি বিষয় উক্ত হইয়াছে, তাহা বেদে প্রাপ্ত হওয়া যায় না। এই কারণেও উক্ত সাংখ্যস্মৃতিকে অনাপ্ত বলা যাইতে পারে। বিষয়গুলি এই—পুরুষ অর্থাৎ জীবাত্মা সকল চিন্মাত্র ও বিভু। প্রকৃতিই উহাদের বন্ধ ও মোক্ষের কর্ত্রী। বন্ধ ও মোক্ষ উভয়ই প্রাকৃত। সর্ব্বেশ্বর বলিয়া কোন এক পুরুষ নাই। কাল একটি পৃথক তত্ত্বই নহে। প্রাণাদি পাঁচটি ইন্দ্রিয়েরই বৃত্তি। ইত্যাদি কতকগুলি বিষয় ঐ সাংখ্যস্মৃতিতে দেখা যায় ॥ ২ ॥

ঐ সাংখ্যস্মৃতি বেদান্তবিরুদ্ধ। অতএব তদ্দ্বারা বেদান্তের ব্যাখ্যা করা কর্ত্তব্য হয় না। যোগস্মৃতি দ্বারাই বেদান্তের ব্যাখ্যা কর্ত্তব্য। কারণ, বেদান্তার্থের আশ্রয়েই যোগস্মৃতি বর্ণিত হইয়াছে। যোগ শ্রৌত। কঠাদি

যোগবিধিঞ্চ কৃৎস্নমিত্যাদিষু কঠাদিশ্রুতিষু যোগবিষয়কবহু-লিঙ্গলাভাৎ। ত্রিরুন্নতং স্থাপ্য সমং শরীরমিত্যাদিষ্বাসনাদি-যোগাঙ্গাভিধানাচ্চ। তেন যোগেন জগদ্‌দুঃস্থং পরিজিহীর্ষু-রাপ্ততমো ভগবান্ পতঞ্জলিঃ স্মৃতিং নিববন্ধ। অথ যোগানু-শাসনম্; যোগশ্চিত্তবৃত্তিনিরোধ ইত্যাদিভিঃ। সমন্বয়াবিরো-ধেন বেদান্তেষু ব্যাখ্যাতেষ্বেষা স্মৃতিরনবকাশা স্যাদ্‌যোগ-প্রতিপত্তিমাত্রবিষয়ত্বাৎ। মন্বাদিস্মৃতীনাং তু ধর্ম্মাবেদনয়া

যোগস্মৃতিং নিরাকর্ত্তুমবতারয়তি নন্বিতি। অতিদেশত্বাদেহ পৃথক্ সঙ্গতিঃ। তামিতি। ইন্দ্রিয়াণামৈকাগ্র্যলক্ষণাৎ ধারণাৎ যোগজ্ঞা যোগমিতি মন্যন্তে। যথোক্তমৈকাগ্র্যমেব পরং তপ ইতি বক্তুমিতি শব্দ ইতি ভাবঃ। বিদ্যামিতি। এতাং ব্রহ্মবিদ্যাং যোগপ্রকারঞ্চ মে মত্তো যমান্নচিকেতা লব্ধো ব্রহ্মপ্রাপ্তোঽভূদিতি শেষঃ। ত্রিরুন্নতমিতি ব্যাখ্যাস্যতে। তেন যোগেনেতি। ইহ তৎশব্দেন যোগপরামর্শসিদ্ধৌ যোগশব্দেনৈব তৎপরামর্শঃ প্রাচাং রীতে-রনুবাদঃ। এবমন্যত্র চ বোধ্যম্। অথেত্যস্যার্থঃ। অথশব্দোঽধিকারার্থো মঙ্গলার্থশ্চ। যোগো যুক্তিঃ সমাধিরিত্যর্থঃ। অনুশিষ্যতে ব্যাখ্যায়তে লক্ষণভেদোপায়ফলৈরিত্যনুশাসনম্। তদ্‌যোগানুশাসনমাশাস্ত্রপূর্ত্তেরধিকৃতং বোধ্যমিতি। কো যোগ ইত্যপেক্ষায়ামাহ যোগশ্চিত্তেতি। অস্যার্থঃ। চিত্তস্য নির্ম্মলসত্ত্বপরিণতিরূপস্য যা বৃত্তয়োঽঙ্গানি ভাবপরিণতিরূপাস্তাসাং নিরোধো বহির্ম্মুখপরিণতিবিচ্ছেদাদন্তর্মুখতয়া প্রতিলোমপরিগত্যা স্বকারণে লয়ো

শ্রুতিতে যোগবিষয়ক অনেক কথাই দৃষ্ট হইয়া থাকে। এবং শ্বেতাশ্বতরাদি উপনিষদে আসনাদি যোগাঙ্গ সকলও উপদিষ্ট হইয়াছে। পরমাপ্ত ভগবান পতঞ্জলি ঋষি যোগ দ্বারা দুঃখার্ণবনিমগ্ন লোক সকলের উদ্ধারের নিমিত্তই "অথ যোগানুশাসনম্" ইত্যাদি সূত্র দ্বারা যোগস্মৃতি রচনা করিয়াছেন। সমন্বয়ের অবিরোধে বেদান্ত সকলের ব্যাখ্যা করা হইলে, এই যোগস্মৃতির নির্বিষয়তা ঘটে; কারণ, উহাতে কেবল যোগই প্রতিপাদিত হইয়াছে। কিন্তু

সাবকাশতা ভবেৎ। তস্মাদ্‌যোগস্মৃত্যৈব ন ভূক্তসমন্বয়ানুগত্যা তে ব্যাখ্যেয়া ইত্যেবং প্রাপ্তে—

এতেন যোগঃ প্রত্যুক্তঃ ॥ ৩ ॥

এতেন সাংখ্যস্মৃতিপ্রত্যাখ্যানেন যোগস্মৃতিরপি প্রত্যাখ্যাতা বোধ্যা। তস্যাশ্চ তদ্বদ্‌বেদান্তবিরুদ্ধত্বাৎ। তাদৃশ্যা যোগস্মৃত্যা তেষু ব্যাখ্যাতেষু বেদানুসারিমন্বাদিস্মৃতের্নির্বিষয়তা স্যাদতস্তয়া তে ন ব্যাখ্যেয়া ইত্যর্থঃ। ন চ বেদান্তাবিরুদ্ধা সা বক্তুং শক্যা। তত্রাপি প্রধানমেব স্বতন্ত্রং কারণম্। ঈশো

যোগ ইত্যাখ্যায়ত ইতি। সমন্বয়েতি। এষা স্মৃতিঃ পাতঞ্জলী। ধর্ম্মাবেদনয়েতি। কর্ম্মকাণ্ডার্থোপবৃংহণেনেত্যর্থঃ।

এবং প্রাপ্তে তন্নিরাসায়াহ এতেনেতি। যোগস্মৃতিরপীতি। যমনিয়মাদ্যষ্টাঙ্গযোগপ্রমাণভূতাপীতি ভাবঃ। অস্যাঃ সেশ্বরত্বেঽপি কুটিলকাপিলযুক্তিজালজঞ্জালবিলিপ্তত্বেন প্রধানস্বাতন্ত্র্যাদ্যুক্তের্বৈদিকসিদ্ধান্তানুগত্যা পরেশানিরূ-

---

মন্বাদিস্মৃতি সকলের কর্ম্মকাণ্ডার্থের উপবৃংহণ হেতু সবিষয়তাই দৃষ্ট হয়। অতএব উক্ত যোগস্মৃতি দ্বারা বেদান্ত ব্যাখ্যেয় হইলে, অবশ্য সমন্বয়ের অনুগতি পরিত্যাগ করিয়াই তদ্দ্বারা বেদান্তের ব্যাখ্যা করিতে হইবে। এইরূপ পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন;—

এই সাংখ্যস্মৃতির প্রত্যাখ্যান দ্বারা যোগস্মৃতিরও প্রত্যাখ্যান করা হইয়াছে, ইহাই বুঝিতে হইবে। কারণ, যোগস্মৃতিও সাংখ্যস্মৃতির ন্যায় বেদান্তবিরুদ্ধ। তাদৃশ যোগস্মৃতি দ্বারা বেদান্ত ব্যাখ্যাত হইলে, বেদানুসারিণী মন্বাদিস্মৃতির নির্ব্বিষয়তারূপ দোষের আপত্তি হয়। অতএব যোগস্মৃতি দ্বারা বেদান্তের ব্যাখ্যা না করিয়া মন্বাদিস্মৃতি অনুসারেই বেদান্তের ব্যাখ্যা কর্ত্তব্য। ঐ যোগস্মৃতিকে বেদান্তের অবিরোধিনীও বলা যায় না। যোগস্মৃতিতেও প্রধান স্বতন্ত্র কারণ, ঈশ্বর ও জীব সকল চিন্মাত্র এবং বিভু, যোগ হইতেই

জীবাশ্চ চিতিমাত্রাঃ সর্ব্বে বিভবঃ। যোগাদেব দুঃখনিবৃত্তিরেব মুক্তিঃ। ইত্যাদি তদ্বিরুদ্ধার্থপ্রতিপাদনাৎ। প্রত্যক্ষাদিপ্রমাণং চিত্তবৃত্তিরিত্যাদীনাং তদুক্তার্থানাং তেষ্বনুপলম্ভাৎ চ। তত্র তে হ্যর্থাস্তস্যামেবান্বেষ্টব্যাঃ। তস্মাদ্বেদান্তবিরুদ্ধায়া যোগস্মৃতের্বৈয়র্থ্যাদ্দোষান্ন বিত্রাসঃ। অন্যচ্চ প্রাগ্বৎ। যত্তু বেদান্তবেদ্যমীশ্বরজীবোপায়োপেয়যাথাত্ম্যং তদুপর্য্যুপরি

পণাচ্চোপেক্ষ্যাসাবিতি তন্নিরাসায়াতিদেশোঽয়ম্। কিঞ্চ প্রত্যক্ষাদীতি। পতঞ্জলিনা কপিলমনুস্মৃত্য চিত্তস্য পঞ্চবৃত্তয়ঃ কথিতাঃ প্রমাণবিপর্য্যয়বিকল্পনিদ্রাস্মৃতয় ইতি। তাসু প্রমাণরূপায়াশ্চিত্তবৃত্তের্লক্ষণমুক্তম্। প্রত্যক্ষানুমানাগমাঃ প্রমাণানীতি। ন হ্যেতে চিত্তবৃত্তিত্বেন বেদেষূপলভ্যন্তে। চক্ষুরাদীন্দ্রিয়পঞ্চকং খলু মনোবজ্জীবস্য করণং তেষূপলভ্যতে। অনুমানমপি জ্ঞানমেব তস্য তৈরভ্যুপগম্যতে। আগমশ্চ শব্দ এব নভোগুণঃ। বেদলক্ষণঃ শব্দস্তু ভগবন্নিশ্বসিতমেব। তস্য বা এতস্য নিশ্বসিতমেতদ্‌যদৃগ্বেদ ইত্যাদি শ্রুতেঃ। বিপর্য্যয়স্মৃতী চ জ্ঞানবিশেষে এব ন তু চিত্তবৃত্তী। চিত্তং খলু জ্ঞানং ব্যনক্তি ইতি শ্রৌতঃ পন্থাঃ। কিঞ্চ জ্ঞানমাত্রত্বং পুংসোঽভ্যুপগতম্। দ্রষ্টা দৃশিমাত্রঃ শুদ্ধোঽপি প্রত্যয়ানুপশ্য ইতি তৎসূত্রাৎ। দৃশিমাত্রশ্চিন্মাত্রঃ দ্রষ্টা পুরুষঃ মাত্রশব্দেন ধর্ম্মধর্ম্মিভাবনিরাসঃ। স শুদ্ধোঽপি পরিণামাভাবেন স্বপ্রতিষ্ঠোঽপি প্রত্যয়ানুপশ্যঃ বিষয়োপরক্তে বুদ্ধিতত্ত্বে সন্নিধিমাত্রেণ দ্রষ্টৃত্বং ভজতীত্যর্থঃ। তচ্চৈতদ্বৈদিকং বেদে ধর্ম্মিত্বেন তস্য নিরূপণাদিতি। অন্যচ্চ প্রাগ্বদিতি। ন চাপ্তত্বব্যপাশ্রয়েত্যাদিপূর্ব্বাধিকরণোক্তমত্রাপি বোধ্যমিত্যর্থঃ। যত্ত্বিতি। ঈশ্বরযাথাত্ম্যং বেদা-

---

দুঃখের নিবৃত্তি ও মুক্তি, ইত্যাদি বেদান্তবিরুদ্ধ অর্থ প্রতিপাদিত হইয়াছে। এবং যোগস্মৃত্যুক্ত চিত্তবৃত্তিরূপ প্রত্যক্ষাদি প্রমাণ প্রভৃতি কয়েকটি বিষয় বেদান্তে প্রাপ্ত হওয়া যায় না। অতএব বেদান্তবিরুদ্ধ যোগস্মৃতির বৈয়র্থ্যদোষজ ভয়ের কারণ হইতেছে না। অবশিষ্ট পূর্ব্ববৎ। বেদান্তবেদ্য ঈশ্বর

ব্যক্তীভবিষ্যদ্বীক্ষ্যম্। এবং সতি ত্রিরুন্নতমিত্যাদাবাসনাদিযোগাঙ্গবিধানং তৎকারণং সাংখ্যযোগাধিগম্যমিত্যাদৌ চ সাংখ্যাদিশব্দাভ্যাং জ্ঞানং ধ্যানঞ্চ যৎ দৃষ্টং তৎ কিল বৈদিকাদন্যদেব গ্রাহ্যম্। ন হি প্রকৃতিপুরুষান্যতাপ্রত্যয়েন জ্ঞানেন তদুক্তেন যোগবর্ত্মনা বা মোক্ষো ভবেৎ। তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্ব্বীত এতদ্‌যো ধ্যায়তি রসতি ভজতি সোঽমৃতো ভবতীত্যাদি শ্রুতিভ্যঃ। কিঞ্চ যোঽংশোঽনয়োরবিরুদ্ধস্তত্র নো ন বিদ্বেষঃ। কিন্তু বিরুদ্ধোঽংশঃ

ন্তেষু দৃষ্টম্ অবিচিন্ত্যাত্মশক্তির্নিত্যানন্দচিদ্বিগ্রহো মধ্যম এব বিভূর্নিত্যাধিষ্ঠানপার্ষদভ্রাজমানো নিত্যাসংখ্যেয়কল্যাণগুণঃ স্বানুরূপয়া শ্রিয়া বিশিষ্টঃ স্বায়ত্তপ্রধানক্ষেত্রজ্ঞানুপ্রবেশনিয়মনকৃৎ স্বসঙ্কল্পেনৈব স্ববিলক্ষণজগদ্রূপঃ স্বয়মবিকারী ভজনানন্দহেতুরীশ্বর ইত্যেতৎ। জীবযাথাত্ম্যঞ্চ জ্ঞানরূপো জ্ঞানাদিগুণকঃ পরমাণুর্জীবো হরিবৈমুখ্যাদ্বদ্ধঃ তৎসাম্মুখ্যাত্তু মোক্ষঞ্চাপ্নোতীত্যেতৎ। উপায়যাথাত্ম্যঞ্চ তত্ত্বজ্ঞানপূর্ব্বকং হর্য্যুপাসনমেব মোচকমিত্যেতৎ। উপেয়যাথাত্ম্যঞ্চ দুঃখাত্যন্তনিবৃত্তিপূর্ব্বকমানন্দব্রহ্মসন্দর্শনমিত্যেতদিতি। তদুক্তেন তৎস্মৃত্যুক্তেন। কিঞ্চেতি। তত্ত্বানাং ক্রমেণ সর্গো ব্যুৎক্রমেণ প্রতিসর্গঃ। প্রাকৃতাংশস্যাস্পর্শঃ পুংসাং বিশুদ্ধিঃ। যমনিয়মাদিযোগাঙ্গক্রমঃ

জীব, উপায় ও উপেয়ের যাথাত্ম্য পরে ব্যক্ত হইবে। "ত্রিরুন্নতং স্থাপ্য সমং শরীরম্" ইত্যাদি শ্রুতিতে আসনাদিযোগাঙ্গের বিধান এবং "তৎকারণং সাংখ্যযোগাধিগম্যম্" ইত্যাদি স্থলে যে সাংখ্যাদি শব্দ ব্যবহৃত হইয়াছে, তদ্দ্বারা যে জ্ঞান ও ধ্যানের কথা উল্লেখিত হইয়াছে, ঐ জ্ঞান ও ধ্যান বৈদিকাতিরিক্তই স্বীকার করিতে হইবে। প্রকৃতি ও পুরুষের ভেদজ্ঞান দ্বারা এবং তদুক্ত যোগমার্গ দ্বারা মোক্ষ হইতে পারে না। কারণ, সর্ব্বেশ্বর পুরুষের জ্ঞান ও ধ্যানাদি ভক্তির অঙ্গই মুক্তির হেতু বলিয়া শ্রুতিতে উক্ত হইয়াছে। তবে সাংখ্য বা যোগের যে যে অংশ, বেদান্তের অবিরুদ্ধ, সে সকল অংশের

পরিহীয়তে। যদ্যপ্যেষ পরেশনিষ্ঠঃ। ঈশ্বরপ্রণিধানাদ্বা; ক্লেশকর্ম্মবিপাকাশয়ৈরপরামৃষ্টঃ পুরুষবিশেষঃ ঈশ্বরঃ; ইত্যাদি সূত্রপ্রণয়নাৎ। তথাপি মোহাদেবং জজল্পেতি বদন্তি। গৌতমাদয়োঽপি বিমোহিতা বিরুদ্ধানি মতানি দধুঃ। তানি চ প্রত্যাখ্যাস্যতি। বিজ্ঞানাং বিমোহঃ কচিৎ সার্ব্বজ্ঞাভিমানকুপিতয়া হরের্মায়য়া কচিত্তু তস্যেচ্ছয়ৈবার্থান্তরপ্রযুক্তয়া

ঈশোপাস্তিফলহেতুরিত্যাদি যোঽংশস্তত্র তত্রাবিরুদ্ধঃ সোঽস্মাভিঃ স্বীক্রিয়তে। বিরুদ্ধোঽংশস্ত্যজ্যতে। স চ স্ফুট এবেত্যর্থঃ। যদ্যপীতি। এষ পতঞ্জলিঃ। ঈশ্বরেতি। ঈশ্বরস্য প্রণিধানাত্তস্মিন্ ভক্তিবিশেষাৎ সমাধিস্তৎফলঞ্চ সিধ্যতীতি সুগমোপায়োঽয়মিত্যর্থঃ। ঈশ্বরঃ কিংস্বরূপ ইত্যাহ ক্লেশেতি। ক্লেশস্ত্যাভিরিত্যবিদ্যাদয়ঃ ক্লেশাঃ কর্ম্মাণি বিহিতপ্রতিষিদ্ধব্যামিশ্রাণি বিপচ্যন্ত ইতি বিপাকা জাত্যায়ুর্ভোগাঃ কর্ম্মফলানি আফলবিপাকাৎ চিত্তভূমৌ শেরত ইত্যাশয়া বাসনাখ্যাঃ সংস্কারাস্তৈস্ত্রিষু কালেষু অপরামৃষ্টোঽসংস্পৃষ্টঃ পুরুষবিশেষ ঈশ্বর ইত্যর্থঃ। অন্যেভ্যঃ পুরুষেভ্যো বিশিষ্যত ইতি বিশেষঃ। ঈশ্বর ঈশনশীলঃ। সঙ্কল্পমাত্রেণৈব নিখিলোদ্ধরণক্ষম ইত্যর্থঃ। গৌতমাদয়োঽপীত্যাদিনা কণভুক্প্রভৃতেগ্রহণম্। বিজ্ঞানামিত্যাদি। কচিন্মায়াদিশাস্ত্রে। হরের্মায়য়েতি। যে হি বিজ্ঞম্মন্যাঃ শ্রুতৌ প্রতীতানর্থাননন্যথা কল্পয়ন্তঃ স্বকপোলকল্পিতান্ সিদ্ধান্তান্ প্রকাশয়ন্তি তে হি কিল হরের্মায়য়া বিমূঢ়াঃ

প্রতি আমাদিগের কোন বিদ্বেষ নাই। কেবল শ্রুতিবিরুদ্ধ অংশই বর্জ্জনীয় হইতেছে। "ঈশ্বরপ্রণিধানাদ্বা" ইত্যাদি সূত্র প্রণয়ন করাতে যদিও আপাততঃ পতঞ্জলিকে পরেশনিষ্ঠ বলিয়াই বোধ হয়, কিন্তু সাধুগণ বলিয়া থাকেন যে, পতঞ্জলি পরেশনিষ্ঠ নহেন, তদ্বোধক সূত্র সকল তিনি মোহাধীন হইয়াই প্রণয়ন করিয়াছেন। গৌতমাদি মুনি সকলও মায়ামোহিত হইয়াই বিরুদ্ধ মত সকল প্রচার করিয়াছেন। ঐ সকল মত এই অধ্যায়ে প্রত্যাখ্যাত হইবে। ঐ সকল বিজ্ঞ মুনিগণের বিমোহ কোথাও বা নিজের সার্ব্বজ্ঞাভিমান

বোধ্যঃ। ঈশ্বরাদ্যভ্যুপগমেন শঙ্কাধিক্যাত্তন্নিরাসার্থোঽধিকরণাতিদেশঃ। হিরণ্যগর্ভকৃতাপি যোগস্মৃতিরনেনৈব নিরাকৃতা বোধ্যা ॥ ৩ ॥

সন্তস্তথা জল্পন্তীতি শ্রুতিস্তান্নিন্দতি। কাঠকে পঠ্যতে। অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ। দংদভ্যমানাঃ পরিযন্তি মূঢ়া অন্ধেনৈব নীয়মানা যথান্ধা ইতি। অস্যার্থঃ। অবিদ্যায়ামন্তরে অজ্ঞানগর্ত্তে বর্ত্তমানাঃ স্থিতাঃ স্বয়ং ধীরাঃ প্রজ্ঞাবন্তঃ পণ্ডিতম্মন্যমানাঃ সর্ব্বশাস্ত্রনিপুণা বয়মিত্যভিমানিনঃ দংদভ্যমানাঃ অতিকুটিলামনেকবিধাং মতিং গচ্ছন্তঃ। স্ফুটার্থমন্যৎ। মাধ্যন্দিনাশ্চ পঠন্তি ন তং বিদাথ য ইমা জজান অন্যদ্‌যুষ্মাকমন্তরং বভূব। নীহারেণ প্রাবৃতা জল্প্যাশ্চাসুতৃপ উক্‌থশাসশ্চরন্তীতি। অস্যার্থঃ। হে জল্প্যাস্তার্কিকাঃ হে উক্‌থশাসঃ কর্ম্মঠাঃ যূয়ং তং ন বিদাথ ন জানীথ। তং কম্ ইত্যপেক্ষ্যাহ—যো হরিরিমাঃ প্রজাঃ জজান উৎপাদয়ামাস। কুতো ন জানীমস্তত্রাহান্যদিতি। যুষ্মাকমন্তরং চিত্তমন্যদ্বিপরীতং বভূব। কেন তদ্‌বৈপরীত্যমভূত্তত্রাহ নীহারেণেতি। তমসাজ্ঞানেনেত্যর্থঃ। অতো ভবন্তোঽপি অসুতৃপশ্চরন্তি প্রবর্ত্তন্ত ইতি। ক্কচিত্ত্বিতি পাতঞ্জলাদিশাস্ত্রে। তদ্যেচ্ছয়েতি। তেনাশেষাধিকারিণাং হরেরিচ্ছয়া বিমোহঃ সূচিতঃ। স চ ক্কচিত্তত্ত্বসিদ্ধান্তপরিষ্কারকঃ ক্কচিত্তল্লীলাপোষকশ্চ বোধ্যঃ। ননু ব্রহ্মণা কৃতয়া যোগস্মৃত্যা বেদান্তা ব্যাখ্যেয়াঃ সন্তু স খলু সর্ব্ববেদবিদ্বন্দ্য ইতি চেত্তত্রাহ হিরণ্যেতি। সোঽপি তদিচ্ছয়া বিমোহিতস্তথা জজল্পেতি ভাবঃ ॥ ৩ ॥

হইতে কোথাও বা ভগবানের ইচ্ছা হইতেই ঘটিয়া থাকে। মুনিগণের সর্ব্বজ্ঞতাভিমান ঘটিলে ভগবান কুপিত হইয়া তাঁহাদিগকে নিজ মায়া দ্বারা মোহিত করিয়া থাকেন এবং কখনও বা কোন বিশেষ প্রয়োজন সাধনের নিমিত্ত তাঁহাদিগকে মোহিত করিয়া থাকেন। যোগস্মৃতি প্রভৃতিতে ঈশ্বরাদির অভ্যুপগম অর্থাৎ স্বীকার করা হইয়াছে। ঐ স্বীকার প্রযুক্তই তদ্বিষয়ে শঙ্কা অধিক হইতেছে। অতএব ঐ সকল স্মৃতির নিরাসের নিমিত্তই এই অধিকরণ অতিদিষ্ট হইল। এতদ্দ্বারা হিরণ্যগর্ভকৃত যোগস্মৃতিও নিরাকৃত হইল ॥ ৩ ॥

তদেবং সাংখ্যাদিস্মৃত্যোর্ব্বেদবিরুদ্ধত্বেনানাপ্তত্বে নির্ণীতে বেদেঽপি তদ্বিরোধিনঃ কেচিৎ সাংখ্যাদয়ঃ সংশয়ীরন্। তৎ-পরিহারায়েদমারভ্যতে। তত্রৈবং সংশয়ঃ। বেদোঽপ্যনাপ্তো ন বেতি। তত্র কারীর্য্যা যজেত বৃষ্টিকাম ইত্যাদি শ্রুত্যুক্তে কারীর্য্যাদিকর্ম্মণ্যনুষ্ঠিতেঽপি ফলানুপলব্ধেরনাপ্ত ইতি প্রাপ্তৌ—

ন বিলক্ষণত্বাদস্য তথাত্বঞ্চ শব্দাৎ ॥ ৪ ॥

নাস্য বেদস্য সাংখ্যাদিস্মৃতিবদপ্রামাণ্যম্। কুতঃ বিলক্ষণত্বাৎ জীবক্লৃপ্তত্বেন ভ্রমাদিদোষচতুষ্টয়বিশিষ্টায়াঃ সাংখ্যাদিস্মৃতেঃ সকাশাদ্বেদস্য নিত্যতয়া ভ্রমাদিকর্ত্তৃদোষশূন্যস্য বৈশেষ্যাৎ।

সাংখ্যযোগস্মৃত্যোর্ব্বেদবিরুদ্ধার্থপ্রতিপাদনাদনাপ্তত্বমুক্তং প্রাক্। তদ্বৎ উক্তফলানুপলম্ভাদ্বেদস্যাপি তদস্তু ইতি দৃষ্টান্তসঙ্গত্যারভ্যতে তদেবমিত্যাদি।

নেতি। ভ্রমাদীতি। ভ্রমঃ প্রমাদো বিপ্রলিপ্সা করণাপাটবঞ্চেতি চত্বারো দোষা জীবেষু সন্তি। তেষু বিপ্রলিপ্সা স্বপ্রতীতবিপরীতপ্রত্যায়নম্।

এইরূপে সাংখ্যাদি স্মৃতির বেদবিরুদ্ধত্ব প্রযুক্ত অনাপ্তত্ব নির্ণীত হইলে, বেদবিরোধী সাংখ্যাদিপ্রণেতা কপিলাদি ঋষিগণ বেদেরও অনাপ্তত্বে সংশয় করিতে পারেন, এইরূপ আশঙ্কার পরিহারের নিমিত্ত প্রকরণান্তর আরম্ভ করিতেছেন। তদ্বিষয়ে প্রথমত সংশয় এই, বেদ আপ্ত কি অনাপ্ত? 'বৃষ্টিকাম ব্যক্তি কারীরী যজ্ঞ করিবেন', এইরূপ বিধান দৃষ্টে তদুক্ত কর্ম্মের অনুষ্ঠানেও ফল না পাইয়া লোকে বেদকে অনাপ্ত বলিয়াই স্থির করিবেন। এইরূপ পূর্ব্ব-পক্ষের উত্তরে বলিতেছেন ;—

সাংখ্যাদি স্মৃতির ন্যায় বেদের অপ্রামাণ্য হইতে পারে না। কারণ, বেদ সাংখ্যাদিস্মৃতি হইতে সম্পূর্ণ বিলক্ষণ। সাংখ্যাদি স্মৃতি জীবকল্পিত, অতএব ভ্রমাদি-দোষ-চতুষ্টয়-বিশিষ্ট। কিন্তু বেদ সেরূপ নহে, উহা নিত্য ও ভ্রমাদি-কর্ত্তৃ-দোষ-শূন্য। ঈশ্বরকৃত বেদে ভ্রমাদি কর্ত্তৃদোষের সম্ভাবনাই নাই। বেদের

তথাত্বং নিত্যত্বঞ্চাস্য শব্দাদবগম্যতে। বাচা বিরূপ নিত্য-য়েত্যাদিশ্রুতেঃ অনাদিনিধনা নিত্যা বাগুৎসৃষ্টা স্বয়ম্ভুবা। আদৌ বেদময়ী দিব্যা যতঃ সর্ব্বাঃ প্রবৃত্তয় ইতি স্মৃতেশ্চ। মন্বাদিস্মৃতীনান্তু বেদমূলকত্বাদেব প্রামাণ্যম্। পূর্ব্বং যুক্ত্যা নিত্যত্বমুক্তমিহ তু শ্রুত্যেতি বিশেষঃ। নমু তস্মাদ্‌যজ্ঞাৎ সর্ব্বহুতঃ ঋচঃ সামানি জজ্ঞিরে। ছন্দাংসি জজ্ঞিরে তস্মাদ্-যজুস্তস্মাদজায়তেতি পুরুষসূক্তে জন্মশ্রবণাজ্জাতস্য চ বিনাশা-বশ্যম্ভাবাদনিত্যত্বম্। নৈবম্। জনিশব্দেন তত্রাবির্ভাবোক্তেঃ। অত উক্তম্—স্বয়ম্ভুরেষ ভগবান্ বেদো গীতস্ত্বয়া পুরা। শিবাদ্যা ঋষিপর্য্যন্তাঃ স্মর্ত্তারোঽস্য ন কারকা ইতি। ন চ

বাচেতি। হে বিরূপ হে বিশ্বরূপ হে পরেশ নিত্যয়া বেদলক্ষণয়া বাচা স্তুতিং প্রেরয়েতিমন্ত্রপদার্থঃ। মন্বাদীতি। পূর্ব্বমিতি। অতএব চ নিত্যত্বমিত্যস্মিন্ সূত্রে ইতি বোধ্যম্। নম্বিতি। তস্মাদ্যজ্ঞরূপাৎ পুরুষাৎ। ছন্দাংসি গায়ত্র্যা-দীনি। অনিত্যত্বমিতি। বেদস্যেতি জ্ঞেয়ম্। স্বয়ম্ভুরিতি। এষ ভগবান্ বেদঃ

ভ্রমাদি-কর্ত্তৃদোষ-শূন্যত্ব এবং নিত্যত্ব শ্রুতি ও স্মৃতি হইতেই অবগত হওয়া যায়। শ্রুতি বলিয়াছেন, 'বেদবাক্য নিত্য।' স্মৃতিতেও বলিয়াছেন, 'স্বয়ম্ভু ভগবান প্রথমেই আদ্যন্তশূন্য বেদবাক্য প্রকাশ করেন। ঐ বেদবাক্য হইতেই সকল শাস্ত্রের প্রবৃত্তি।' বেদমূলকত্বহেতুই মন্বাদি স্মৃতির প্রামাণ্য। "অতএব চ নিত্য-ত্বম্" এই সূত্রে পূর্ব্বে যুক্তি দ্বারা বেদের নিত্যত্ব বলা হইয়াছে, এক্ষণে শ্রুতি দ্বারা উহার নিত্যত্ব ব্যক্ত হইল, এইমাত্র বিশেষ। 'যজ্ঞমূর্ত্তি পুরুষ হইতে ঋগাদি বেদ সকল উৎপন্ন হইয়াছে' ইত্যাদি পুরুষসূক্ত মন্ত্রে বেদের উৎপত্তি শ্রবণ করা যায়। যাহার উৎপত্তি আছে, তাহার বিনাশ অবশ্যম্ভাবী। বেদ যদি বিনশ্বর হইল', তবে উহার অনিত্যত্বও স্থির হইল। এরূপ সিদ্ধান্ত অসঙ্গত। কারণ, এস্থলে উৎপত্তিবাচক 'জনি' শব্দ দ্বারা আবির্ভাবই উক্ত হইয়াছে। এই জন্যই বলিয়াছেন, 'এই বেদ নিত্য, শিবাদি ঋষিপর্য্যন্ত সকলেই উঁহার

ফলাদর্শনাদপ্রামাণ্যম্। অধিকারিণাং সর্ব্বত্র ফলদর্শনাৎ। যত্তু ক্বচিত্তদদর্শনং তৎ কিল কর্ত্তুরযোগ্যতয়োপপদ্যেত। সাংখ্যাদিস্মৃতীনাং তু বেদবিরোধাদেবাপ্রামাণ্যম্ ॥ ৪ ॥

স্যাদেতৎ তত্তেজ ঐক্ষত বহু স্যাং তা আপ ঐক্ষন্ত বহ্ব্যঃ স্যামেতি ছান্দোগ্যে। তে হেমে প্রাণা অহং শ্রেয়সে বিবদমানা ব্রহ্ম জগ্মুঃ কো নঃ বিশিষ্ট ইতি বৃহদারণ্যকে চ বাধিতার্থকং বাক্যং বীক্ষ্যতে তাদৃশঞ্চৈব বন্ধ্যাসুতো ভাতীতিবৎ অপ্রমাণমেব। এবমেকদেশাপ্রামাণ্যেনান্যস্যাপ্যপ্রামাণ্যাজ্জগৎকারণত্বং ব্রহ্মণঃ শ্রূয়মাণং নেতি চেত্তত্রাহ—

স্বয়ম্ভুর্নিত্য ইত্যর্থঃ। যত্ত্বিতি। কৃতায়ামপি কারীর্য্যাং ক্বচিদ্বৃষ্টির্ন ভবতীতি যদ্দৃষ্টং তৎ খলু কর্ত্তুর্যজমানস্য বৈগুণ্যাদেবেত্যর্থঃ ॥ ৪ ॥

স্যাদিতি। তেজোঽপামীক্ষিতৃত্বং সঙ্কল্পশ্চেত্যেতদর্থকং বাক্যং বাগাদের্বিবাদিত্ববোধকঞ্চ যদ্বাক্যং তদ্বাধিতার্থকং জড়েষু তেষু তদসম্ভবাৎ ইত্যাশয়ঃ।

স্মরণকর্ত্তা, কেহই উহার রচয়িতা নহেন।' বেদোক্ত কোন কোন কর্ম্মের ফলের অদর্শন হেতু উহার অপ্রামাণ্যও বলা যায় না। কারণ, অধিকারী হইলে, সর্ব্বত্রই ফল পাইতে পারেন। কর্ত্তার অযোগ্যতাবশতই কোনও কোনও স্থলে ফলের অভাব হইয়া থাকে। বেদের সহিত বিরোধবশতই সাংখ্যাদি স্মৃতির অপ্রামাণ্য ॥ ৪ ॥

সে যাহা হউক, 'ঐ তেজ দর্শন করিল, বহু হইব, এইরূপ সঙ্কল্প করিল, সেই জলও দর্শন করিল, বহু হইব, এইরূপ সঙ্কল্প করিল', এইপ্রকার বাক্য ছান্দোগ্য উপনিষদে দৃষ্ট হয়। এবং বৃহদারণ্যকেও 'ঐ সকল প্রাণ এবং আমি মঙ্গলের নিমিত্ত আমাদিগের মধ্যে কে প্রধান, এইরূপ বিবাদ করিতে করিতে প্রজাপতি-সমীপে গমন করিলাম', ইত্যাদি বাক্য দৃষ্ট হইয়া থাকে। ঐ সকল বাক্য বাধিতার্থ বলিয়াই প্রতীত হয়। কারণ, তেজ, জল ও প্রাণ জড়বস্তু। জড়ের দর্শনাদি অসম্ভব। অতএব ঐ সকল বাক্য 'বন্ধ্যার পুত্র' এই বাক্যের

অভিমানিব্যপদেশস্তু বিশেষানুগতিভ্যাম্ ॥ ৫ ॥

তু-শব্দঃ শঙ্কাচ্ছেদায়। তত্তেজ ইত্যাদিব্যপদেশঃ তেজ-আদ্যভিমানিনীনাং চেতনানাং দেবতানামেব ন ত্বচেতনানাং তদাদীনাম্। কুতঃ বিশেষেতি। হন্তাহমিমাস্তিস্রো দেবতা ইতি। তেজোঽবন্নানাং সর্ব্বা হ বৈ দেবতা অহং শ্রেয়সে বিবদমানাস্তে দেবাঃ প্রাণে নিঃশ্রেয়সং বিদিত্বেতি প্রাণানাঞ্চ তত্র তত্র দেবতাশব্দেন বিশেষণাৎ। অগ্নির্বাগ্ভূত্বা মুখং প্রাবিশদাদিত্যশ্চক্ষুর্ভূত্বাক্ষিণী প্রাবিশদিত্যাদ্যৈতরেয়কে বাগাদ্যভিমানিতয়াগ্ন্যাদীনামনুপ্রবেশশ্রবণাচ্চ। স্মৃতিশ্চ—পৃথিব্যাদ্যভিমানিন্যো দেবতাঃ প্রথিতৌজসঃ। অচিন্ত্যাঃ

অভিমানীতি। অহং শ্রেয়সে স্বস্বশ্রৈষ্ঠ্যায়। ব্রহ্মেতি প্রজাপতিঃ। তদাদীনাং তেজ-আদীনাম্। তত্র তত্রেতি ছান্দোগ্যে বৃহদারণ্যকে চেতি ক্রমাদ্বোধ্যম্।

ন্যায় অপ্রমাণ। এইরূপে যদি বেদের একদেশের অপ্রামাণ্য হইল, তবে উহার অন্যান্য অংশেরও অপ্রামাণ্য অবশ্যম্ভাবী। বেদ যদি অপ্রমাণ হইল, তবে বেদোক্ত ব্রহ্মের জগৎকারণত্ব প্রভৃতিও অবশ্যই অপ্রমাণ হইবে। এইরূপ পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন ;—

'ঐ তেজ দর্শন করিল', ইত্যাদি শ্রুতিতে যে তেজ প্রভৃতি শব্দ ব্যবহৃত হইয়াছে, উহা তেজ প্রভৃতির অভিমানী চেতন দেবতার উদ্দেশেই, তেজ প্রভৃতি জড় বস্তুর উদ্দেশে নহে। কারণ, "হন্তাহমিমাস্তিস্রো দেবতাঃ" "তেজোঽবন্নানাং সর্ব্বা হ বৈ দেবতাঃ" "অহং শ্রেয়সে বিবদমানাস্তে দেবাঃ" ইত্যাদি শ্রুতিতে দেবতাশব্দের উল্লেখ হেতু ঐ তেজ প্রভৃতি শব্দ সকল দেবতার বিশেষণ বলিয়াই বোধ হয়। এবং "অগ্নির্বাগ্ভূত্বা মুখং প্রাবিশৎ" ইত্যাদি ঐতরেয়ক শ্রুতিতে বাক্য প্রভৃতির অভিমানী রূপে অগ্নি প্রভৃতি দেবতারই প্রবেশ শ্রবণ করা যায়। স্মৃতিতেও উক্ত হইয়াছে, 'পৃথিবী প্রভৃতির অভিমানিনী দেবতা সকল প্রথিতবীর্য্যা। উহাদের অচিন্ত্য শক্তি সকল মুনিগণ

শক্তয়স্তাসাং দৃশ্যন্তে মুনিভিশ্চ তা ইতি। এবং গ্রাবাণঃ প্লবন্ত ইত্যত্রাপি কর্ম্মবিশেষাঙ্গীভূতানাং গ্রাব্ণাং বীর্য্য-বর্দ্ধনার্থা স্তুতিরিয়ম্। সা চ শ্রীরামকৃতসেতুবন্ধাদৌ যথাবদেবেতি ন ক্বাপ্যনাপ্তত্বং বেদস্য তেন তদুক্তং ব্রহ্মণো বিশ্বৈক-কারণত্বং সুস্থিরম্ ॥ ৫ ॥

পুনরপি ব্রহ্মোপাদানতাক্ষেপায় তর্কমাশ্রয়ন্ সাংখ্যঃ প্রবর্ত্ততে। যদ্যপ্যয়মাত্মযাথাত্ম্যনির্ণয়ে ত্যক্ততর্কঃ শ্রুতি-বিরোধান্ন কুতর্কাপসদস্যাত্মলাভ ইত্যুক্তেঃ। তথাপি পরং

এতদর্থমেব দ্বয়োঃ প্রাগুল্লেখঃ। পৃথিব্যাদীতি ভবিষ্যৎপুরাণে। গ্রাবাণঃ শিলাঃ ॥ ৫ ॥

সাংখ্যাদিস্মৃত্যা নির্মূলয়া বিরোধঃ সমন্বয়ে মাভূৎ প্রত্যক্ষমূলেনানু-মানেন তত্র সোঽস্ত্বিতি প্রত্যুদাহরণসঙ্গত্যাহ পুনরপীত্যাদি। যদ্যপি সাপেক্ষেণ তর্কেণ নিরপেক্ষশ্রুতিসমন্বয়ো ন শক্যো বিরোদ্ধুং তথাপি দৃষ্টার্থানুসারেণার্থসমর্পকত্বাৎ বলবতা তর্কেণ পরোক্ষার্থবোধনস্বভাবে শ্রুতিশব্দে বিরোধঃ শক্যঃ কর্ত্তুমিতি। তর্কাশ্রয়েণ প্রতিবাদিনঃ প্রবৃত্তিঃ। তর্কাগম্যে গ্রহচেষ্টাদৌ শব্দস্যৈব সাধকতমত্বদর্শনাদতিসূক্ষ্মে কারণে বস্তুনি তস্যৈব তত্ত্ব-মিতি বাদিনঃ প্রতিপত্তির্বোধ্যা। যদ্যপীতি। অয়ং কপিলঃ। তথাচ প্রকৃতি-পুরুষসংযোগা নিত্যানুমেয়া ইতি বাচাটত্বাদেব তদীয়ভণিতিরিতি ভাবঃ।

দর্শন করিয়া থাকেন। এইরূপ "গ্রাবাণঃ প্লবন্তে" 'শিলা সকল লম্ফপ্রদান করে,' এইস্থলে লম্ফনরূপ কর্ম্মবিশেষের অঙ্গীভূত শিলা সকলের প্রশংসার নিমিত্তই ঐরূপ উক্ত হইয়া থাকে। ঐ উক্তি রামকৃতসেতুবন্ধাদিতে যথাযোগ্য-রূপেই সঙ্গত হয়। অতএব কোন প্রকারেই বেদের অনাপ্তত্ব ঘটিতেছে না। এতদ্দ্বারা বেদোক্ত ব্রহ্মের বিশ্বৈককারণত্বও সুস্থির হইল ॥ ৫ ॥

পুনর্ব্বার ব্রহ্মের উপাদানত্বের আক্ষেপের নিমিত্ত তর্ক আশ্রয় করিয়া সাংখ্য প্রবৃত্ত হইতেছে। 'শ্রুতিবিরোধ হেতু কুতর্ক দ্বারা অধমের আত্মলাভ হয় না,'

প্রতি দোষ্যপ্রকাশনমেতৎ। তত্রৈবং সংশয়ঃ। জগদ্‌ব্রহ্মোপাদানকং স্যান্ন বেতি। কিং প্রাপ্তং ব্রহ্মোপাদানকং নেতি বৈরূপ্যাৎ। সর্ব্বজ্ঞসর্ব্বেশ্বরবিশুদ্ধসুখরূপতয়া ব্রহ্মাভিমতম্। অজ্ঞানীশ্বরমলিনদুঃখিতয়া প্রত্যক্ষাদিভিরবগতং জগৎ। অতস্তয়োর্ব্বৈরূপ্যং নির্ব্বিবাদম্। উপাদেয়ং খলু উপাদানস্বরূপং দৃষ্টম্। যথা মৃৎসুবর্ণতন্ত্বাদ্যুপাদেয়ং ঘটমুকুটপটাদি। অতো বৈ ব্রহ্মবৈরূপ্যেণ তদুপাদেয়ত্বাসম্ভবাৎ তৎস্বরূপমুপাদানং কিঞ্চিদন্বেষণীয়ম্। তচ্চ প্রধানমেব। সুখদুঃখমোহাত্মকং জগৎ প্রতি তাদৃশস্য তস্যৈব যোগ্যত্বাৎ। যচ্চোপাদেয়সারূপ্যসাধনায় তথাভূতেঽপ্যুপাদানে ব্রহ্মণি

শ্রুতীতি তৎসূত্রম্। কুতর্কৈরপসদস্যাধমস্য নাত্মলাভঃ। তর্কেণ সহ শ্রুতের্ব্বিরোধাৎ। আত্মা খলু শ্রুত্যেকগম্যো নাবেদবিন্মনুতে তং বৃহন্তমিত্যাদিশ্রুতেঃ। তথাপীতি। তথাচ বঞ্চকঃ স ইতি ভাবঃ। তর্কং দর্শয়তি জগদিতি। জগৎ প্রধানোপাদানকং তৎসারূপ্যাৎ। ব্রহ্মোপাদানকং ন তদ্বৈরূপ্যাৎ। তেনেতি।

এইরূপ শাস্ত্রোক্তি-বলে যদিও আত্মযাথার্থ্যনির্ণয়ে কপিল কর্তৃক তর্ক ত্যক্ত হইয়াছে, তথাপি পরের প্রতি দোষ প্রকাশের নিমিত্তই এইস্থলে তর্ক স্বীকৃত হইতেছে। এইস্থলে সংশয় এই, ব্রহ্ম জগতের উপাদান কি না? বৈরূপ্য প্রযুক্ত ব্রহ্মকে জগতের উপাদান বলা যায় না। ব্রহ্ম সর্ব্বজ্ঞ, সর্ব্বেশ্বর, বিশুদ্ধ ও সুখস্বরূপ রূপেই অভিমত। এবং প্রত্যক্ষাদি প্রমাণ দ্বারা জগৎ অজ্ঞ অনীশ্বর মলিন ও দুঃখী রূপেই প্রতীত হয়। অতএব ব্রহ্ম ও জগতের বৈরূপ্যসম্বন্ধে কোন সন্দেহ নাই। উপাদেয় বস্তুকে উপাদান স্বরূপেই দেখা যায়। মৃত্তিকা, সুবর্ণ ও সূত্র প্রভৃতি বস্তুই ঘট, মুকুট ও পটের উপাদান। ব্রহ্ম জগৎ হইতে সম্পূর্ণ বিরূপ। বিরূপের উপাদেয়ত্ব সম্ভব হয় না। অতএব উপাদেয় জগতের অন্য কোন স্বরূপ উপাদান অন্বেষণীয় হইতেছে। জগতের স্বরূপ উপাদান প্রধানই। প্রধানই সুখদুঃখমোহাত্মক জগতের সমান উপাদান। উপাদেয় জগতের সহিত সারূপ্য

চিজ্জড়াত্মিকাতিসূক্ষ্মা শক্তিদ্বয়ী প্রাগপ্যস্তীত্যুচ্যতে। তেনাপি বৈরূপ্যং দুষ্পরিহরং সূক্ষ্মাৎ সূক্ষ্মশক্তিকাদুপাদানাৎ স্থূলতরোপাদেয়োদয়নিরূপণাৎ। এবমন্যচ্চ বৈরূপ্যং বিভাবনীয়ম্। এবং ব্রহ্মবৈরূপ্যাত্তদুপাদানকং জগন্নেতি তর্কশ্চ শাস্ত্রস্যাবশ্যাপেক্ষ্যঃ তদনুগৃহীতস্যৈব ক্বচিদ্বিষয়েঽর্থনিশ্চয়হেতুত্বাদিতি পূর্ব্বপক্ষঃ। তমিমং নিরস্যতি।

দৃশ্যতে তু ॥ ৬ ॥

তুশব্দেন শঙ্কা বিহন্যতে। পূর্ব্বতো নেত্যনুবর্ত্ততে। যদুক্তং ব্রহ্মবৈরূপ্যাত্তদুপাদানকং জগন্নেতি তন্ন বিরূপাণামপ্যুপাদানোপাদেয়ভাবস্য দৃষ্টত্বাৎ। যথা গুণানামুৎপত্তির্বিজাতীয়াদ্‌দ্রব্যাৎ যথা কৃমীণাং মাক্ষিকাৎ যথা করিতুরগাদীনাং

অতিসূক্ষ্মশক্তিদ্বয়াঙ্গীকারেণাপীত্যর্থঃ। তর্কশ্চেতি। তদনুগৃহীতস্য তর্কপোষিতস্য। ক্বচিদ্বিষয় ইতি। অতএব মন্তব্য ইত্যুক্তম্।

সাধনের নিমিত্ত তথাভূত উপাদান ব্রহ্মে চিজ্জড়াত্মিকা অতিসূক্ষ্মা দুইটি শক্তির অস্তিত্ব পূর্ব্ব হইতেই স্বীকার করা হয়। তাহাতেও বৈরূপ্য দুষ্পরিহর হইতেছে। কারণ, সূক্ষ্মশক্তিসমন্বিত উপাদান হইতে স্থূলতর উপাদেয় জগতের উৎপত্তি নিরূপণ করা হইয়াছে। এইরূপ অন্য বৈরূপ্যও বিভাবনীয় হইতেছে। ব্রহ্ম ও জগতের বৈরূপ্যবশত ব্রহ্ম জগতের উপাদান হইতে পারেন না, এইরূপ তর্ক অবশ্য অপেক্ষণীয় হইতেছে। তর্কানুগৃহীত না হইলে, সকল স্থলে অর্থনিশ্চয় ঘটে না। ইহাই পূর্ব্বপক্ষ। পরসূত্রে উহার নিরাস করিতেছেন;—

বিরূপেরও উপাদানোপাদেয়ত্বভাব দৃষ্ট হইয়া থাকে। তু-শব্দ দ্বারা শঙ্কার নিরাস করা হইয়াছে। পূর্ব্ব হইতে ন-কার অনুবৃত্ত হইয়াছে। ব্রহ্মবৈরূপ্য প্রযুক্ত ব্রহ্ম জগতের উপাদান নহেন, এরূপ বলা যায় না। কারণ, বিরূপ বস্তুদ্বয়েরও উপাদানোপাদেয়ত্বভাব দৃষ্ট হইয়া থাকে। দ্রব্য হইতে গুণের উৎপত্তি, মধু হইতে কৃমির উৎপত্তি, কল্পবৃক্ষ হইতে করিতুরগাদির উৎপত্তি, এবং

কল্পদ্রুমাৎ যথা চ সুবর্ণাদীনাং চিন্তামণেরিতি। ইত্থমভি-প্রেত্যৈব দৃষ্টান্তিতমাথর্ব্বণিকৈঃ। যথোর্ণনাভিঃ সৃজতে গৃহ্নতে চ যথা পৃথিব্যামোষধয়ঃ সম্ভবন্তি। যথা সতঃ পুরুষাৎ কেশ-লোমানি তথাক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বমিতি ॥ ৬ ॥

ননূপাদানাৎ বিলক্ষণং চেদুপাদেয়ং তর্হ্যুপাদানে ব্রহ্মণি জগদুৎপত্তেঃ প্রাগসদিত্যাপদ্যেত। পূর্ব্বমৈক্যাবধারণাদস-চ্চোৎপদ্যেত। ন চৈতদিষ্টং তে সৎকার্য্যবাদিন ইতি চেৎ তত্রাহ—

অসদিতি চেন্ন প্রতিষেধমাত্রত্বাৎ ॥ ৭ ॥

দৃশ্যতে ইতি। বিরূপাণাং বিধর্ম্মাণামপি। যথোর্ণেতি। সৃজতে তন্তূন্ গৃহ্নতে নিগিরতি। সতো জীবতঃ। পুরুষাদ্দেহাৎ। অক্ষরাৎ পরব্রহ্মণঃ ॥ ৬ ॥

নন্বিতি। ঐক্যাবধারণাদেকস্যৈব ব্রহ্মণঃ পূর্ব্বসত্ত্বাদসদেব জগত্তস্মাদুৎপদ্যে-তেত্যর্থঃ। ন চেতি। সৎকার্য্যবাদিনস্তে বেদান্তিনোঽপি এতদসৎকার্য্যত্বং নেষ্ট-মিত্যর্থঃ।

চিন্তামণি হইতে সুবর্ণাদির উৎপত্তি চিরপ্রসিদ্ধ। এই অভিপ্রায়েই আথর্ব্বণিকেরা বলিয়া থাকেন, 'যেরূপ ঊর্ণনাভ নিজ উদর হইতে সূত্র বিস্তার পূর্ব্বক পুনর্ব্বার তাহা নিগীরণ করে, যেরূপ পৃথিবীতে ওষধি সকল উৎপন্ন হয়, যেরূপ জীবের দেহ হইতে কেশলোমাদি উৎপন্ন হয়, সেইরূপ সেই অক্ষর পুরুষ হইতে এই বিশ্ব উৎপন্ন হয়' ॥ ৬ ॥

এইরূপে উপাদেয় যদি উপাদান হইতে বিলক্ষণ হইল, তাহা হইলে, উৎ-পত্তির পূর্ব্বে জগতের উপাদানভূত ব্রহ্মে এই জগতের অস্তিত্বের অভাব ছিল। তৎকালে একমাত্র ব্রহ্মই ছিলেন; অসৎ জগৎ তাঁহা হইতেই উৎপন্ন হইল; সৎকার্য্যবাদীর ইহা ইষ্ট হইতে পারে না; এইরূপ পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন;—

নৈষ দোষঃ। কুতঃ প্রতীতি। পূর্ব্বসূত্রে সারূপ্যনিয়মস্য প্রতিষেধমাত্রং বিবক্ষিতম্। ন তূপাদানাদুপাদেয়স্য দ্রব্যান্তরত্বমপি। ব্রহ্মৈব স্ববিলক্ষণবিশ্বাকারেণ পরিণমত ইত্যঙ্গীকারাৎ। অয়ং ভাবঃ। যস্য সারূপ্যস্যাভাবাৎ ব্রহ্মোপাদানতামাক্ষিপসি তৎ কিং কৃৎস্নস্য ব্রহ্মধর্ম্মস্যানুবর্ত্তনমভিপ্রৈষ্যত যস্য কস্যচিদিতি। নাদ্যঃ উপাদানোপাদেয়ভাবানুপপত্তেঃ। ন হি ঘটাদিষু মৃৎপিণ্ডোপাদেয়েষু পিণ্ডত্বাদ্যনুবৃত্তিরস্তি। দ্বিতীয়ে তু নানিষ্টাপত্তিঃ সত্ত্বাদিলক্ষণস্য ব্রহ্মধর্ম্মস্য প্রপঞ্চেঽপ্যনুবৃত্তেঃ। নন্বু যেন কেনচিদ্ধর্ম্মেণ সারূপ্যং ন শক্যং মন্তুং সর্ব্বস্য সর্ব্বসারূপ্যেণ সর্ব্বস্মাৎ সর্ব্বোৎপত্তিপ্রসঙ্গাৎ। তস্মাৎ

অসদিতি। ন ত্বিতি। উপাদানাচ্ছক্তিমতো ব্রহ্মণঃ সকাশাৎ। উপাদেয়স্য জগতঃ। দ্রব্যান্তরত্বং ভিন্নত্বম্। অয়মিতি। সারূপ্যস্য সাধর্ম্ম্যস্য। তৎ কিমিতি। তৎ সারূপ্যং কিং নিখিলব্রহ্মধর্ম্মানুবর্ত্তনং যৎকিঞ্চিদ্‌ব্রহ্মধর্ম্মানুবর্ত্তনং বেত্যর্থঃ।

ব্রহ্ম ও জগতের বৈরূপ্য বলাতেও কোন দোষ হয় নাই। কারণ, পূর্ব্বসূত্রে যে বৈরূপ্য উক্ত হইয়াছে, উহা সারূপ্যের প্রতিষেধার্থই জানিতে হইবে। তদ্দ্বারা উপাদান হইতে উপাদেয়ের দ্রব্যান্তরত্ব উক্ত হয় নাই। ব্রহ্মই আপনা হইতে বিলক্ষণ বিশ্বের আকারে পরিণত হয়েন, এইরূপ স্বীকার করা হইয়াছে। তাৎপর্য্য এই যে, যে সারূপ্যের অভাববশত ব্রহ্মের উপাদানতার আক্ষেপ করা হইতেছে, উহা সমস্ত ব্রহ্মধর্ম্মের অনুবর্ত্তন অভিলাষ করিয়াই করা হইয়াছে, কি যে কোন একটি ব্রহ্মধর্ম্মের অনুবর্ত্তন অভিলাষ করিয়াই করা হইয়াছে? সকল ব্রহ্মধর্ম্মের অনুবর্ত্তনাভিলাষে বলা যায় না; কারণ, তাহা হইলে, উপাদানোপাদেয়ত্বভাবের অনুপপত্তি হয়। মৃৎপিণ্ড হইতে উৎপন্ন ঘটাদিতে পিণ্ডত্বাদি ধর্ম্মের অনুবর্ত্তন দেখা যায় না। যে কোন একটি ব্রহ্মধর্ম্মের অনুবর্ত্তনে অনিষ্টাপত্তি ঘটে না। সত্ত্বাদিলক্ষণ ব্রহ্মধর্ম্মের প্রপঞ্চেও অনুবর্ত্তন দৃষ্ট হইয়া থাকে। যে কোন একটি ধর্ম্মের অনুবর্ত্তনে সারূপ্য স্থির করা যায় না, এরূপ বলা যায় না। কারণ, সকল বস্তুর সকল ধর্ম্মের সারূপ্য স্বীকারে সকল বস্তু

যেন ধর্ম্মেণোপাদানভূতং বস্তু বস্ত্বন্তরাৎ ব্যাবর্ত্ততে তস্য ধর্ম্মস্যোপাদেয়েঽনুবৃত্তিঃ সারূপ্যং যথা তন্ত্বাদিতঃ সুবর্ণং যেন স্বভাবেন ব্যাবর্ত্ততে তস্য কঙ্কণাদিকে তদুপাদেয়েঽনুবৃত্তির্দৃষ্টা তথৈতৎ দ্রষ্টব্যমিতি চেন্নৈবম্। মাক্ষিকাদিভ্যঃ কৃম্যাদীনামুৎপত্তাবস্য নিয়মস্য ব্যভিচারাৎ। ন চ স্বর্ণকঙ্কণয়োঃ সর্ব্বথা সারূপ্যমস্তি অবস্থাভেদাৎ। তথাচ স্বর্ণচিন্তামণ্যোরিব বৈরূপ্যেঽপি কঙ্কণস্বর্ণয়োরিব দ্রব্যৈক্যসত্ত্বান্নাসৎ কার্য্যমিতি ॥৭॥

যুক্ত্যন্তরেণ পুনরাক্ষিপতি—

অপীতৌ তদ্বৎ প্রসঙ্গাদসমঞ্জসম্ ॥ ৮ ॥

অস্য চিজ্জড়াত্মকস্য নানাবিধাপুমর্থবিকারাস্পদস্য জগতঃ সূক্ষ্মশক্তিকং ব্রহ্ম চেদুপাদানং তদাপীতৌ প্রলয়ে তস্য তদ্বৎ

ব্যাবর্ত্ততে ভিন্নং প্রতীয়তে। যেন স্বভাবেনেতি ভাস্বরত্বেন গুরুত্বেন চ ধর্ম্মেণেত্যর্থঃ ॥ ৭ ॥

হইতেই সকল বস্তুর উৎপত্তি-প্রসঙ্গ হয়। অতএব যে ধর্ম্ম দ্বারা উপাদানভূত বস্তু বস্ত্বন্তর হইতে ব্যাবৃত্ত হয়, সেই ধর্ম্মের উপাদেয় বস্তুতে অনুবৃত্তিই উহার সারূপ্য। যে ধর্ম্ম দ্বারা সুবর্ণ সূত্রাদি হইতে ভিন্ন হয়, সুবর্ণের সেই ধর্ম্মকেই কঙ্কণাদিতে অনুবৃত্ত হইতে দেখা যায়। সকল স্থলেই এই নিয়মের প্রয়োগ করিতে হইবে, এরূপও নিশ্চয় করা যায় না। কারণ, মাক্ষিকাদি হইতে কৃমি প্রভৃতির উৎপত্তিতে উক্ত নিয়মের ব্যভিচারও দৃষ্ট হইয়া থাকে। স্বর্ণ ও কঙ্কণের অবস্থাভেদ-দর্শনে উহাদের সকল অবস্থাতেই সারূপ্য আছে, ঐরূপ স্বীকার করা যায় না। অতএব স্বর্ণ ও চিন্তামণির ন্যায় ব্রহ্ম ও জগতের বৈরূপ্যসত্ত্বেও কঙ্কণ ও স্বর্ণের ন্যায় দ্রব্যের ঐক্যপ্রযুক্ত জগৎকার্য্যকে অসৎ বলা যাইতে পারে না ॥৭॥

পুনর্ব্বার যুক্ত্যন্তর দ্বারা আক্ষেপ করিতেছেন ;—

সূক্ষ্মশক্তিক ব্রহ্মই যদি চিজ্জড়াত্মক, নানাবিধ অপুরুষার্থ ও বিকারের আস্পদ জগতের উপাদান হয়েন, তাহা হইলে, প্রলয়ে উক্ত বিকৃত জগতের

প্রসঙ্গঃ ষষ্ঠ্যন্তাদিবার্থে বতিঃ তত্র তস্যেবেতি সূত্রাৎ। উপাদেয়বদপুমর্থবিকারপ্রাপ্তিঃ স্যাৎ তদানীং তেন সহ তস্যৈক্যাৎ। অতোঽসমঞ্জসমিদমুপনিষদ্বাক্যবৃন্দং যৎ সার্ব্বজ্ঞনিরবদ্যত্বাদিগুণকমুপাদানং ব্রহ্মেতি গদতি ॥ ৮ ॥

পরিহরতি—

ন তু দৃষ্টান্তভাবাৎ ॥ ৯ ॥

তুশব্দাদাক্ষেপসম্ভাবনাপি নিরস্তা। নৈব কিঞ্চিদসমঞ্জসম্। কুতঃ উপাদেয়জগৎসম্পর্কেঽপ্যুপাদানস্য ব্রহ্মণঃ শুদ্ধতয়াবস্থিতৌ দৃষ্টান্তসত্ত্বাৎ। যথৈকস্মিংশ্চিত্রাম্বরে নীলপীতাদয়ো গুণাঃ স্বস্বপ্রদেশেষ্বেব দৃষ্টা ন তু তে ব্যতিকীর্য্যন্তে তথা চৈকস্মিন্ দেহিনি বাল্যাদয়ো দেহধর্ম্মা দেহে কাণত্বাদয়ঃ

অপীতাবিতি। তদ্বদিতি। কার্য্যবৎ কারণস্যাপ্যশুদ্ধ্যাদিপ্রাপ্তেরিত্যর্থঃ। যথা ব্যঞ্জনে লীয়মানং হিঙ্গ্বাদি স্বগন্ধেন তদ্দূষয়েদেবং ব্রহ্মণি লীয়মানং জগৎ স্বগতেন জাড্যাদিনা তদ্দূষয়িষ্যতীত্যাক্ষেপঃ সূত্রার্থঃ। তদানীং প্রলয়ে। তেন ব্রহ্মণা সহ তস্য জগতঃ ঐক্যাদভেদাৎ ॥ ৮ ॥

সংসর্গে তাঁহাতেও বিকারের ও অপুরুষার্থত্বের আপত্তি হইবে। অতএব উপনিষদে যে সকল বাক্য সর্ব্বজ্ঞতা ও নিরবদ্যতা প্রভৃতি গুণযুক্ত ব্রহ্মকেই জগতের উপাদান বলিয়া নির্দ্দেশ করিতেছেন, তাঁহাদিগেরও অসামঞ্জস্য ঘটিতেছে ॥ ৮ ॥

অনন্তর এই পূর্ব্বপক্ষের পরিহার করিতেছেন ;—

উপাদেয় জগতের সংসর্গেও উপাদানভূত ব্রহ্মের শুদ্ধত্বাদির হানি হইতেছে না ; কারণ, তাঁহার সার্ব্বকালিকী শুদ্ধতার দৃষ্টান্ত রহিয়াছে। যেরূপ একটি চিত্র বস্ত্রে নীলপীতাদি বর্ণ সকল নিজ নিজ প্রদেশ বিশেষেই দৃষ্ট হয়, উহারা সমস্ত বস্ত্রে বিকীর্ণ হইতে পারে না, এবং যেরূপ একই দেহীতে বাল্য প্রভৃতি দেহধর্ম্ম সকল দেহেই প্রতীত হয় ও কাণত্ব প্রভৃতি ইন্দ্রিয় ধর্ম্ম

করণধর্ম্মাশ্চ করণগণে বিজ্ঞায়ন্তে ন ত্বাত্মনি। এবমপুমর্থ-বিকারা ব্রহ্মশক্তিধর্ম্মাঃ শক্তিগতাঃ স্যুর্ন তু ব্রহ্মণি শুদ্ধে প্রসজ্যেরন্নিতি ॥ ৯ ॥

ন কেবলং নির্দ্দোষতয়া ব্রহ্মোপাদানতা স্বীকৃতা। প্রধা-নোপাদানতায়া দুষ্টত্বাদপীত্যাহ—

স্বপক্ষে দোষাচ্চ ॥ ১০ ॥

যে দোষাস্ত্বয়া সাংখ্যেনাস্মৎপক্ষে সম্ভাবিতাস্তে স্বপক্ষে নিজমত এব দ্রষ্টব্যাঃ তেষামন্যত্র নিরস্তত্বাৎ। তথাহি উপা-দানোপাদেয়য়োর্বৈরূপ্যং সাংখ্যপক্ষেঽপ্যস্তি শব্দাদিশূন্যাৎ প্রধানাচ্ছব্দাদিমতো জগতো জন্মরঙ্গীকারাৎ। তস্মাৎ তস্য

নেতি। নৈবেতি কিঞ্চিদপি বাক্যং নাসঙ্গতমিত্যর্থঃ। ন তু তে ব্যতিকীর্য্যন্তে মিথো মিশ্রিতা ন ভবন্তীত্যর্থঃ। প্রসজ্যেরন্ প্রাপ্তাঃ স্যুঃ ॥ ৯ ॥

ন কেবলমিতি। অন্যত্রোপনিষদে সিদ্ধান্তে। তস্মাৎ তস্যেতি। তস্মাৎ প্রধানাৎ কারণাত্তস্য কার্য্যস্য জগতো বৈলক্ষণ্যাদিত্যর্থঃ ॥ ১০ ॥

সকল ইন্দ্রিয়েই প্রতীত হয়, আত্মাতে প্রতীত হয় না, তদ্রূপ অপুরুষার্থ ও বিকার প্রভৃতি শক্তিধর্ম্ম সকলও শক্তিতেই অবস্থিত হয়, শুদ্ধ ব্রহ্মে তাহা-দিগের প্রসক্তি হয় না ॥ ৯ ॥

এইরূপে কেবল নির্দ্দোষত্ব প্রযুক্তই যে ব্রহ্মের উপাদানতা স্বীকার করা হইয়াছে, তাহা নহে; পরন্তু প্রধানের উপাদানতা স্বীকারে দোষ হয় বলিয়াই ঐ প্রকার স্বীকার করা হইয়াছে, ইহাই বলিতেছেন;—

সাংখ্যদর্শন অনুসারে যে সকল দোষ আমাদিগের পক্ষে সম্ভাবিত হইতে-ছিল, সেই সকল দোষই আবার সাংখ্যের নিজমতেও দ্রষ্টব্য হইতেছে। যে হেতু, ঐ সকল দোষ বলিয়া অন্যত্র নিরস্তই হইয়াছে। উপাদান ও উপাদেয়ের বৈরূপ্য সাঙ্খ্যপক্ষেও দৃষ্ট হইয়া থাকে। কারণ, সাঙ্খ্যমতে শব্দাদিশূন্য প্রধান হইতে শব্দাদিবিশিষ্ট জগতের উৎপত্তি স্বীকার করা হইয়াছে। এইরূপ

বৈরূপ্যাদেবাসৎকার্য্যতাপ্রসঙ্গঃ। প্রধানাবিভাগস্বীকারাদে-বাপীতৌ তদ্বৎ প্রসঙ্গশ্চেত্যেবমাদয়ঃ। জগৎপ্রবৃত্তিরপি প্রধান-বাদে ন সম্ভবতীতি তৎপরীক্ষায়াং বক্ষ্যামঃ॥ ১০॥

যত্তূক্তং তর্কানুগৃহীতং শাস্ত্রমর্থনিশ্চয়হেতুরিতি তৎ প্রত্যাহ।

তর্কাপ্রতিষ্ঠানাদপ্যন্যথানুমেয়মিতি চেদেবমপ্যনির্ম্মোক্ষ-প্রসঙ্গঃ॥ ১১॥

পুরুষধীবৈবিধ্যাৎ তর্কা নষ্টপ্রতিষ্ঠা মিথো বিহন্যমানা বিলোক্যন্তে। অতোঽপি তাননাদৃত্যৌপনিষদী ব্রহ্মোপাদা-নতা স্বীকার্য্যা। ন চ লব্ধমাহাত্ম্যানাং কেষাঞ্চিৎ তর্কাঃ প্রতি-

তর্কেতি। যত্নেনাপাদিতোঽপ্যর্থঃ কুশলৈরনুমাতৃভিঃ। অভিযুক্ততরৈ-রন্যৈরন্যথৈবোপপদ্যত ইতি তর্কস্যাপ্রতিষ্ঠিতত্বং বদন্তি। ননু তর্কমাত্রেঽপ্রতিষ্ঠিতে ধূমজ্ঞানোত্তরং বহ্নৌ প্রবৃত্ত্যনুপপত্তিঃ বাক্যার্থসংশয়ে তর্কেণ তদর্থানির্ণয়-প্রসঙ্গশ্চ। কিঞ্চ তর্কাপ্রতিষ্ঠানাদিত্যনেন তর্কেণ পরপক্ষখণ্ডনঞ্চ ন স্যাৎ। তস্মাৎ কস্যচিৎ তর্কস্যাপ্রতিষ্ঠানেঽপি কস্যচিৎ প্রতিষ্ঠানাৎ তেন সমন্বয়ে বিরোধঃ শক্যঃ কর্তুমিত্যাক্ষিপতি অন্যথানুমেয়মিতি চেদিত্যনেন সূত্রখণ্ডেন।

উপাদান ও উপাদেয়ের বৈরূপ্য বশত অসৎকার্য্যতা-প্রসঙ্গ হইতেছে। এবং প্রধান হইতে ব্রহ্মের অবিভাগ অর্থাৎ ঐক্য স্বীকারেই প্রলয়ে প্রকৃতির সংসর্গে ব্রহ্মের অপুমর্থ ও বিকারের প্রাপ্তি-প্রসঙ্গ প্রভৃতি দোষও ঘটিতেছে। প্রধান-বাদে জগৎ-প্রবৃত্তিও সম্ভব হয় না। এই বিষয়টি উক্ত বাদের পরীক্ষাতেই প্রদর্শিত হইবে॥ ১০॥

এক্ষণে তর্কানুগৃহীত শাস্ত্রই অর্থনিশ্চয়ের হেতু, এই বিষয়ে যাহা বলা হইয়াছে, তৎপ্রসঙ্গেই পরবর্ত্তী সূত্রের অবতারণা করিতেছেন;—

পুরুষের বুদ্ধির নানাত্ব প্রযুক্ত তর্ক সকল অপ্রতিষ্ঠিত হইয়া থাকে। অত-এব ঐ সকল তর্কের প্রতি আদর না করিয়া, উপনিষদে উক্ত যে ব্রহ্মোপা-দানতা, তাহাই স্বীকার করা কর্ত্তব্য। লব্ধপ্রতিষ্ঠ ব্যক্তিগণের তর্ক প্রতিষ্ঠিত

ষ্ঠিতাঃ তথাভূতানামপি কপিলকণভুগাদীনাং মিথো বিবাদসন্দর্শনাৎ। নন্বহমন্যথানুমাস্যে যথা প্রতিষ্ঠা ন স্যাৎ। ন তু প্রতিষ্ঠিতস্তর্ক এব নাস্তীতি শক্যং বদিতুং তর্কাপ্রতিষ্ঠানুরূপস্য তর্কস্য প্রতিষ্ঠিতত্বাৎ। সর্ব্বতর্কাপ্রতিষ্ঠায়াং জগদ্ব্যবহারোচ্ছেদপ্রসঙ্গাৎ। অতীতবর্ত্তমানবর্ত্মসাধারণ্যেনানাগতেঽপি বর্ত্মনি সুখদুঃখপ্রাপ্তিপরিহারার্থা লোকপ্রবৃত্তির্দৃষ্টেতি চেৎ এবমপ্যনির্ম্মোক্ষপ্রসঙ্গঃ। পুরুষবুদ্ধিমূলতর্কাবলম্বনস্য ভবতো দেশান্তরকালান্তরজনিপুণতমতার্কিকদূষ্যত্বসম্ভাবনয়া

অতীতেতি। ভূতং বর্ত্তমানঞ্চ যদ্বর্ত্ম তত্তৌল্যেনানাগতে ভবিষ্যতি চ বর্ত্মনীত্যর্থঃ। যথা কৃষিবাণিজ্যাদি পুরাকৃতং যথেদানীং ক্রিয়তে এবমেবাগ্রেঽপি করিষ্যতে তেন সুখপ্রাপ্তির্দুঃখপরিহারশ্চ ভবিষ্যতীত্যর্থঃ। স্বীকৃত্য পরিহরতি এবমপীতি। অত্র ব্যাচষ্টে তর্কেণ অনির্মোক্ষপ্রসঙ্গো মোক্ষস্যাপ্রাপ্তিরোপ-

---

বলিয়া স্বীকার্য্য, এরূপও বলা যায় না। কারণ লব্ধপ্রতিষ্ঠ কপিল এবং কণাদ প্রভৃতিরও পরস্পর বিবাদ দৃষ্ট হইয়া থাকে। যদি বল—প্রতিষ্ঠিত তর্কই নাই, অর্থাৎ সকল তর্কই অপ্রতিষ্ঠিত, এরূপও বলিতে পারা যায় না; কারণ, তর্কের অপ্রতিষ্ঠানসাধক তর্কই প্রতিষ্ঠিত হইতেছে। অতএব যেরূপ তর্কের অপ্রতিষ্ঠা না হয়, এইরূপ তর্কই স্বীকার করিতে হইবে। সকল তর্কই অপ্রতিষ্ঠিত বলা নিতান্ত অসঙ্গত। যেহেতু, তাহাতে জগদ্ব্যবহারেরই উচ্ছেদ-প্রসঙ্গ হয়। অতীত ও বর্ত্তমানের দৃষ্টান্ত অনুসারে ভবিষ্যতেও সুখলাভ ও দুঃখপরিহারের নিমিত্ত লোকের প্রবৃত্তি পরিদৃষ্ট হইতেছে।—তাহাতে শ্রদ্ধা করিতে পারা যায় না; কারণ, তাহা হইলে, অনির্ম্মোক্ষ-প্রসঙ্গ ঘটে; অর্থাৎ তর্কের নিস্তার না হওয়াতে মোক্ষই অসিদ্ধ হইয়া পড়ে, যেহেতু তর্কনিশ্চিত জ্ঞানে মুক্তি হয় না, ঔপনিষদ জ্ঞানই মুক্তির সাধন। তুমি পুরুষবুদ্ধিমূলক তর্কের প্রতিষ্ঠা স্বীকার করিলে, দেশান্তরে বা কালান্তরে তোমা হইতে নিপুণতর যে সকল তার্কিক জন্মগ্রহণ করিবে, তাহারা তোমার তর্ককেও অপ্রতিষ্ঠিত করিয়া দিতে

তর্কাপ্রতিষ্ঠানদোষাদনিস্তারঃ স্যাৎ। যদ্যপ্যর্থবিশেষে তর্কঃ প্রতিষ্ঠিতস্তথাপি ব্রহ্মণি সোঽয়ং নাপেক্ষ্যতে অচিন্ত্যত্বেন তদনর্হত্বাৎ শ্রুতিবিরোধান্নৈতি ত্বদুক্ত্যসঙ্গতেশ্চ। শ্রুতিশ্চ ব্রহ্মণস্তর্কাগোচরতামাহ। নৈষা তর্কেণ মতিরাপনেয়া প্রোক্তান্যেন সুজ্ঞানায় প্রেষ্ঠেতি কঠানাম্। স্মৃতিশ্চ—ঋষে বিদন্তি মুনয়ঃ প্রশান্তাত্মেন্দ্রিয়াশয়াঃ। যদা তদেবাসত্তর্কৈস্তিরোধীয়েত বিপ্লুতমিত্যাদ্যা। তস্মাৎ শ্রুতিরেব ধর্ম্ম ইব ব্রহ্মণি প্রমাণম্। তৎপোষকারী তর্কস্ত্বপেক্ষ্যত এব মন্তব্য ইতি

নিবদাত্মজ্ঞানেন তস্য শ্রবণাদিতি। যদ্যপীতি। অর্থবিশেষে পর্ব্বতীয়বহ্ন্যাদৌ ব্রহ্মণোঽতর্ক্যত্বে প্রমাণং নৈষেতি। প্রেষ্ঠ হে প্রিয়তমেতি নচিকেতসং প্রতি যমোক্তিঃ। এষা পরতত্ত্বগ্রহণার্হা মতির্ধিষণা ত্বয়া তর্কেণ শুষ্কেণ নাপনেয়া ন ঘটনীয়া যদিয়মন্যেন বেদজ্ঞেন গুরুণা প্রোক্তোপদিষ্টা সতী সুজ্ঞানায় পরতত্ত্বানুভবায় সম্পদ্যেতেতি। ঋষে ইতি। শ্রীভাগবতে নারদং প্রতি ব্রহ্মবাক্যম্। যদা বিদন্তি বিষয়ং কুর্ব্বন্তি তদেবাসদ্ভিঃ শুষ্কৈস্তর্কৈর্বিপ্লুতমনুষিতং সৎ তিরোধীয়েতান্তর্দধ্যাদিত্যর্থঃ। তৎপোষকারীতি। তত্র মনুঃ—প্রত্যক্ষমনুমানঞ্চ শাস্ত্রঞ্চ

পারিবে। এইরূপে তর্কের যে অপ্রতিষ্ঠারূপ দোষ উত্থিত হইবে, তাহার আর নিস্তার নাই। যদিও অর্থবিশেষে তর্কের প্রতিষ্ঠা দৃষ্ট হয়, কিন্তু ব্রহ্মবিষয়ে ঐ তর্কের অপেক্ষা দেখা যায় না। ব্রহ্ম অচিন্ত্য বস্তু, সুতরাং তর্কের অগোচর। ব্রহ্মে তর্ক স্বীকার করিলে, শ্রুতির সহিত বিরোধ হয় এবং তোমার উক্তিও অসঙ্গত হইয়া পড়ে। 'প্রেষ্ঠ নচিকেত! তোমার এই পরতত্ত্বগ্রহণসমর্থা বুদ্ধিকে শুষ্ক তর্ক দ্বারা অপমার্গে নীত করিও না। বেদজ্ঞ গুরু কর্ত্তৃক উপদিষ্ট হইলে, তোমার ঐ বুদ্ধি উৎকৃষ্ট ফল প্রসব করিবে;' ইত্যাদি শ্রুতিতে ব্রহ্মপদার্থের তর্কাগোচরতাই নির্দ্দেশ করিয়াছেন। স্মৃতিতেও উক্ত হইয়াছে—'প্রশান্তাত্মা মুনিগণই ব্রহ্মজ্ঞান লাভ করিয়া থাকেন। অসৎ তর্ক দ্বারা বিপ্লুত হইলে, উহা তিরোহিত হইয়া যায়।' অতএব শ্রুতিই ধর্ম্মের ন্যায় ব্রহ্মের প্রমাণ। তবে ঐ শ্রুতির পোষক তর্কের অপেক্ষা আছে। 'মন্তব্য' ইত্যাদি শ্রুতি এবং

শ্রুতেঃ পূর্ব্বাপরাবিরোধেনেত্যাদিস্মৃতেশ্চ। তস্মাৎ ব্রহ্মোপাদানকং জগদিতি ॥ ১১ ॥

সাংখ্যযোগস্মৃতিভ্যাং তদীয়তর্কৈশ্চ বিরোধঃ পরিহৃতঃ। ইদানীং কণভুগাদিস্মৃতিভিস্তদীয়তর্কৈশ্চ স পরিহ্রিয়তে। তত্র কণাদাদিমতৈর্ব্রহ্মোপাদানতা বাধ্যতে ন বেতি বীক্ষায়াং তস্যাং সত্যাং তৎস্মৃতীনামনবকাশতাপত্তেঃ। সর্ব্বত্র ন্যূন-

---

বিবিধাগমম্। ত্রয়ং সুবিদিতং কার্য্যং ধর্ম্মশুদ্ধিমভীপ্সতেতি। আর্ষং ধর্ম্মোপদেশঞ্চ বেদশাস্ত্রাবিরোধিনা। যস্তর্কেণানুসন্ধত্তে স ধর্ম্মং বেদ নেতর ইতি ॥ ১১ ॥

সাংখ্যেতি। কণভুক্প্রভৃতয়ো হি শ্রুত্যর্থাভাসানাসাদ্য স্মৃতীঃ কল্পয়াঞ্চক্রুঃ। তথাহি ছান্দোগ্যে শ্বেতকেতুং প্রতি উদ্দালকঃ সূক্ষ্মে বস্তুনি স্থূলস্যান্তর্ভাবং বিবক্ষুরাহ। ন্যগ্রোধফলমদ আহরেতি। ইদং ভগব ইতি। ভিন্দীতি। ভিন্নং ভগব ইতি। কিমত্র পশ্যসীতি। অণ্ব্য ইবেমাধানা ভগব ইতি। আসামঙ্গৈকাং ভিন্দীতি। ভিন্না ভগব ইতি। কিমত্র পশ্যসীতি। ন কিঞ্চন ভগব ইতি। এতস্য বৈ সৌম্যৈষোঽণিম্ন এব মহান্যগ্রোধস্তিষ্ঠতীতি। জগতঃ প্রাগবস্থায়াং দৃষ্টান্তঃ শ্রূয়তে। তত্র ন কিঞ্চনাদিশব্দশ্রবণাৎ শূন্যবাদাণুকারণবাদা দার্ষ্টান্তিকত্বেনাবগম্যন্তে। এবমসদেবেদমগ্র আসীৎ তৎ নামরূপাভ্যাং ব্যাক্রিয়তেত্যাদাবসৎস্বভাববাদৌ চাবগতৌ তাসাং শ্রুতীনাং তত্বাদেষু তাৎপর্য্যমস্তীতি প্রতীতেঃ। তর্কশ্চ ব্রহ্ম ন বিশ্বোপাদানং বিশুদ্ধত্বাৎ খবদিতি। এবং পূর্ব্বপক্ষান্ দর্শয়িতুমাহেদানীমিতি। তস্মাং ব্রহ্মোপাদানতায়াম্। তৎস্মৃতীনাং

'পূর্ব্বাপরের অবিরোধে তর্ক অভিমত' ইত্যাদি স্মৃতিই উহার প্রমাণ। অতএব জগতের ব্রহ্মোপাদানকত্ব সিদ্ধ হইল ॥ ১১ ॥

সাংখ্যস্মৃতি ও যোগস্মৃতির সহিত এবং ঐ সকল স্মৃতিতে উক্ত তর্কের সহিত যে বিরোধ, তাহা পরিহৃত হইয়াছে। এক্ষণে কণাদপ্রণীত স্মৃতি ও তদুক্ত তর্কের সহিত যে বিরোধ, তাহার পরিহার করা হইতেছে। কণাদ প্রভৃতির মতে ব্রহ্মোপাদানকতা বাধিত হয় কি না, এই প্রকার সন্দেহে দেখা যায় যে, ব্রহ্মোপাদানকতা স্বীকারে কাণাদাদি স্মৃতির নির্বিষয়তা ঘটে।

পরিমাণানামেব দ্ব্যণুকাদীনাং ত্র্যণুকাদিমহাকার্য্যারম্ভকত্বদর্শ-নাৎ ব্রহ্মণো বিভুত্বেন তদযোগাচ্চ বাধ্যত ইতি প্রাপ্তে

এতেন শিষ্টাপরিগ্রহা অপি ব্যাখ্যাতাঃ ॥ ১২ ॥

শিষ্টাঃ পরিশিষ্টাঃ। নাস্তি পরিগ্রহো বেদকর্ম্মকো যেষাং তে অপরিগ্রহাঃ। বিশেষণয়োঃ কর্ম্মধারয়ঃ। এতেন বেদবিরোধিসাংখ্যাদিনিরাসেন পরিশিষ্টাস্তদ্বিরোধিনঃ কণভক্ষাক্ষপাদপ্রভৃতয়োঽপি নিরস্তা বেদিতব্যাঃ নিরাকরণ-হেতোঃ সাম্যাৎ। ন হ্যারম্ভবাদেঽপি ন্যূনপরিমাণারম্ভকত্ব-নিয়মোঽস্তি। দীর্ঘতন্তারব্ধদ্বিতন্তুকপটে বিয়দুৎপন্নে শব্দে চ ব্যভিচারাৎ। কারণবস্তুবিষয়স্য তর্কস্যাপ্রতিষ্ঠানমশক্যং বক্তু-

---

কণাদাদিগ্রন্থানাম্। সর্ব্বত্র বীজবৃক্ষাদৌ। তদযোগাৎ স্বতো মহাকার্য্যারম্ভক-ত্বাসম্ভবাৎ। এবং প্রাপ্তেঽতিদিশতি।

এতেনেতি। অতিদেশত্বান্নাত্র পৃথক্‌সঙ্গত্যপেক্ষা। শিষ্টাঃ কপিলপতঞ্জলিভ্যা-মন্যে। অপরিগ্রহা বেদমগৃহ্নন্তস্তর্কপরা ইত্যর্থঃ। এতেনেতি। তদ্বিরোধিনো বেদপ্রতিকূলাঃ। অক্ষপাদোঽত্র গৌতমঃ। এবং হি বর্ণয়ন্তি। লোকং পশ্যতি যস্যাঙ্ঘ্রিঃ স যস্যাঙ্ঘ্রিং ন পশ্যতি। তাভ্যামপ্যপরিচ্ছেদ্যা বিদ্যা বিশ্বগুরোস্তবেতি।

বিশেষতঃ ন্যূনপরিমাণ দ্ব্যণুকাদিরই ত্র্যণুকাদি মহৎকার্য্যের আরম্ভকতা দৃষ্ট হইয়া থাকে। ব্রহ্ম বিভু বস্তু। তাঁহা হইতে অণুকাদির উৎপত্তি সম্ভব বোধ হয় না। অতএব ব্রহ্মোপাদানকতা বাধিতই হইতেছে। এইরূপ পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন ;—

বেদবিরোধী কপিল ও পতঞ্জলি প্রভৃতির নিরাস দ্বারাই অবশিষ্ট কণাদ ও অক্ষপাদ প্রভৃতি বেদবিরোধী দার্শনিকও নিরস্ত হইতেছেন, এইরূপ জানিতে হইবে। কারণ উভয়পক্ষেই বেদবিরোধিত্ব রূপ দোষের নিরাকরণের হেতু সমান হইতেছে। আরম্ভবাদেও ন্যূন পরিমাণের আরম্ভকত্বের কোন নিয়ম নাই। দীর্ঘ তন্তু দ্বারা আরব্ধ দ্বিতন্তুবিশিষ্ট পটে এবং আকাশ হইতে উৎপন্ন শব্দে উহার ব্যভিচার দেখা যাইতেছে। কারণ-বস্তুবিষয়ক তর্কের প্রতিষ্ঠা

ম্মিতি শঙ্কাধিক্যাদধিকরণাতিদেশঃ। তৎপরিহারস্তু শুষ্কতর্ক-স্যাপ্রতিষ্ঠাননিয়মাৎ। অতএবাপরে বৌদ্ধাদয়ঃ পরমাণূনন্যথা বর্ণয়ন্তি। ক্ষণিকানর্থাত্মকান্ কেচিৎ। জ্ঞানরূপান্ পরে। শূন্যাত্মকানপরে। সদসদ্রূপাংস্ত্বন্যে। সর্ব্বে হ্যেতে তন্নিত্যতাবিরোধিন ইতি ॥ ১২ ॥

পুনরাশঙ্ক্য সমাধত্তে।

ভোক্ত্রাপত্তেরবিভাগশ্চেৎ স্যাল্লোকবৎ ॥ ১৩ ॥

তত্র তাভ্যাং গৌতমপতঞ্জলিভ্যামিত্যর্থঃ। নিরাকরণহেতোর্বেদবিরোধিতায়াঃ। দীর্ঘেতি। অত্র কারণপরিমাণং মহদবগম্যতে। অতএবাপরেতি। বৈভাষিকো বৌদ্ধঃ পরমাণূন্ ক্ষণিকান্ অর্থভূতান্ মন্যতে। যোগাচারো জ্ঞানরূপান্। মাধ্যমিকস্তু শূন্যাত্মকান্। জৈনঃ পুনঃ সদসদ্রূপান্। এতচ্চাগ্রিমচরণে বিস্পষ্টীভবিষ্যতি। সর্ব্বে এতে পরমাণুকারণবাদিনো বৈভাষিকাদয়ো জৈনাশ্চত্বারঃ পরমাণুনিত্যতায়াং কণাদাদিস্বীকৃতায়াং বিরোধিনঃ ক্ষণিকত্বাদিস্বীকারাদিতি ভাবঃ। তথাচ কারণবস্তুবিষয়স্যাপি তর্কস্যাপ্রতিষ্ঠানমসন্দেহমিতি। ন চ ন কিঞ্চনাদিশব্দবিরোধঃ অনভিব্যক্তনামরূপত্বেন সঙ্গতেঃ। অণুশব্দস্তু সৌক্ষ্ম্যাৎ ব্রহ্মণি গৌণঃ। স্বভাববাদস্তূপরি নিরাকরিষ্যতে ॥ ১২ ॥

অথ প্রত্যক্ষেণ সমন্বয়ে বিরোধমুদ্ভাব্য নিরাকর্ত্তুং প্রবর্ততে পুনরাশঙ্ক্যেত্যাদিনা। তর্কেণ বিরোধো মাস্তু প্রত্যক্ষেণ সোঽস্ত্বিতি প্রত্যুদাহরণমিহ সঙ্গতিঃ।

নাই, এরূপও বলা যায় না। শঙ্কার আধিক্য বশতই অধিকরণের অতিদেশ জানিতে হইবে। শুষ্ক তর্কের প্রতিষ্ঠা নাই বলিয়াই সামান্যত তর্কের পরিহার করা হইয়াছে। এই কারণেই কোন কোন বৌদ্ধ পরমাণুকে অন্য প্রকারে বর্ণনা করিয়া থাকেন। কেহ কেহ পরমাণুকে ক্ষণিক ও অর্থাত্মক বলিয়া স্বীকার করেন। কেহ কেহ উহাকে জ্ঞানরূপই বলেন। কেহ কেহ বা শূন্যাত্মাও বলিয়া থাকেন। আবার কেহ কেহ বা উহাকে সদসদ্রূপও বলেন। বস্তুত সকলেই পরমাণুর নিত্যতা অস্বীকার করিয়া থাকেন ॥ ১২ ॥

পুনর্ব্বার আশঙ্কা উত্থাপন করিয়া তাহার সমাধান করিতেছেন ;—

সূক্ষ্মশক্তিকং ব্রহ্মৈবোপাদানং তদেব স্থূলশক্তিক-মুপাদেয়মিতি মতম্। তদিদং যুক্তং ন বেতি সংশয়ে ইহ ভোক্ত্রা জীবেন সহ ব্রহ্মণ ঐক্যাপত্তেরবিভাগঃ শক্তেঃ শক্তিমদ্ব্রহ্মাভেদাপত্তের্দ্বা সুপর্ণা—জুষ্টং যদা পশ্যত্যন্যমীশমিত্যাদি-শ্রুতিসিদ্ধঃভেদলোপস্ততো ন যুক্তমিতি চেৎ তৎপরিহারঃ স্যাল্লোকবৎ। লোকে যথা দণ্ডিনঃ পুরুষাভেদেঽপ্যস্তি দণ্ড-পুরুষয়োঃ স্বরূপতো ভেদস্তথা শক্তিমতো ব্রহ্মণঃ শক্ত্য-ভেদেঽপি শক্তিব্রহ্মণোঃ সোঽস্তীতি ন ক্ষতিঃ॥ ১৩॥

জগদুপাদানে ব্রহ্মণি সমন্বয়ো দর্শিতঃ। তদুপাদানঞ্চ তদভিন্নং মন্তব্যম্। তত্রঞ্চ প্রত্যক্ষেণ নাহমীশ্বর ইত্যেবংবিধেন বিরুদ্ধমতঃ সমন্বয়েঽপি প্রত্যক্ষবিরুদ্ধত্ব-মিতি।

ভোক্তেতি। ভোক্ত্রা জীবেনেতি। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্তীত্যাদি শ্রব-ণাৎ ভোক্তৃত্বং জীবস্য ব্যাখ্যাতম্। শক্তিমদ্ব্রহ্মাভেদাপত্তেরিত্যত্র ক্ষীরনীরাদিবৎ.

উক্ত মতে ভোক্তা জীবের সহিত ব্রহ্মের ঐক্যাপত্তি বশত শ্রুতিসিদ্ধ জীব-ব্রহ্মের ভেদের বিলোপ হইবে ভাবিয়া ব্রহ্মোপাদানকতাকে অযুক্ত বলা যাইতে পারে না; কারণ, লৌকিক দৃষ্টান্ত দ্বারাই উহার পরিহার করা হইতেছে।

সূক্ষ্মশক্তিসমন্বিত ব্রহ্মই জগতের উপাদান এবং ঐ ব্রহ্মই স্থূলশক্তিসমন্বিত হইয়া উপাদেয় জগৎরূপে পরিণত হয়েন, এই মত যুক্ত কি না? এই প্রকার সংশয় হইলে, ভোক্তা জীবের সহিত ব্রহ্মের ঐক্যাপত্তি প্রযুক্ত অর্থাৎ শক্তিভূত জীব হইতে শক্তিমদ্ব্রহ্মের অভেদাপত্তি বশত "দ্বা সুপর্ণা" প্রভৃতি শ্রুতিতে নির্দ্ধারিত জীবব্রহ্মের যে ভেদভাব, তাহার বিলোপ হইবে, অতএব ব্রহ্মের উপাদানতা অস্বীকার্য্য, এই প্রকার পূর্ব্বপক্ষীয় সিদ্ধান্ত, লৌকিক দৃষ্টান্ত দ্বারাই পরিহৃত হইতে পারে। দণ্ডধারী পুরুষ হইতে দণ্ডের ভেদ স্থির না হইলেও দণ্ড ও পুরুষের স্বরূপত ভেদ যেরূপ আছেই বলিতে হইবে, তদ্রূপ শক্তিমদ্ব্রহ্ম হইতে শক্তি অভিন্ন হইলেও শক্তি ও ব্রহ্মের ভেদ স্বীকারে কোনই ক্ষতি হইতেছে না॥ ১৩॥

জগতো ব্রহ্মাভেদমঙ্গীকৃত্য ব্রহ্মণস্তদুপাদানত্বং নিরূপিতমসদিতি চেন্নেত্যাদিনা তমেবাক্ষিপ্য সমাধাতুমিদানীং প্রবর্ত্ততে। তত্রোপাদেয়ং জগদুপাদানাৎ ব্রহ্মণো ভিন্নমভিন্নং বেতি বীক্ষায়াং মৃৎপিণ্ড উপাদানং ঘট উপাদেয়ম্ ইতি ধীভেদাৎ উপাদানমুপাদেয়মিতি শব্দভেদাৎ মৃৎপিণ্ডেন ঘটায় প্রবর্ত্ততে ঘটেন তু জলমানয়েতি প্রবৃত্তিভেদাৎ পিণ্ডাকারম্ উপাদানং কম্বুগ্রীবাদ্যাকারম্ উপাদেয়মিত্যাকারভেদাৎ পূর্ব্বকালমুপাদানমুত্তরকালমুপাদেয়মিতি কালভেদাচ্চ ভিন্নমেবোপাদানাদুপাদেয়ম্। ইতরথা কারকব্যাপারবৈয়র্থ্যপ্রসঙ্গাৎ উপাদানমেব চেদুপাদেয়ং কৃতং তর্হি তদ্ব্যাপারেণ চ

বিমিশ্রণাদিত্যাশয়ঃ। সোঽস্তীতি। সঃ স্বরূপতো ভেদোঽস্তীত্যর্থঃ। ক্ষতির্দূষণম্ ॥ ১৩ ॥

জগত ইতি। পূর্ব্বোক্তং কার্য্যকারণয়োরভেদমাক্ষিপ্য সমাদধাতীত্যাক্ষেপোঽত্র সঙ্গতিঃ। তদুপাদানত্বং জগদুপাদানত্বম্। তমেব কার্য্যকারণভেদম্।

জগৎ হইতে ব্রহ্মের অভেদ স্বীকার করিয়া ব্রহ্মের যে জগদুপাদানত্ব নিরূপণ করা হইয়াছে, তাহা যদি অসৎ বল, এরূপ উক্তি সঙ্গত হয় না; ইত্যাদিরূপে তাহার আক্ষেপ পূর্ব্বক তৎসমাধানার্থ অধিকরণান্তর আরম্ভ করিতেছেন। এস্থলে সংশয় এই, উপাদেয় জগৎ, উপাদানভূত ব্রহ্ম হইতে পৃথক্ কি না? মৃৎপিণ্ড উপাদান, ঘট উপাদেয়, এই প্রকার বুদ্ধিভেদ বশত; উপাদান ও উপাদেয়, এই দুই শব্দের ভেদ বশত; মৃৎপিণ্ড দ্বারা লোকে ঘটনির্ম্মাণে প্রবৃত্ত হয়, ঘটে করিয়া জল আনয়ন কর, এইরূপ প্রবৃত্তি ভেদ বশত; উপাদান পিণ্ডাকার ও উপাদেয় কম্বুগ্রীবাকার, এইরূপ আকারের ভেদ বশত; এবং উপাদান পূর্ব্বকালবর্ত্তী ও উপাদেয় উত্তরকালবর্ত্তী, এইরূপ কালভেদ বশত;—উপাদান উপাদেয় হইতে ভিন্ন বলিয়াই প্রতীতি হয়। উক্ত ভেদের অস্বীকারে কারকব্যাপারের বৈয়র্থ্যাপত্তি হয়। উপাদান যদি স্বয়ংই উপাদেয়ে পরিণত হয়, তবে উপাদানব্যাপারের আর প্রয়োজন থাকে না। উপাদেয়

সতোঽপ্যুপাদেয়স্যাভিব্যক্তয়ে তেন ভাব্যং ক্ষোদাক্ষমত্বাৎ। তথাহি কারকব্যাপারাৎ প্রাক্ সা সতী অসতী বা। নাদ্যঃ তদ্ব্যাপারবৈয়র্থ্যাৎ নিত্যোপলব্ধিপ্রসঙ্গাচ্চোপাদেয়স্য। ততশ্চ নিত্যানিত্যবিভাগো বিলুপ্যেত। তথাভিব্যক্তেরভিব্যক্ত্যন্তরেঽঙ্গীকৃতেঽনবস্থা। ন চান্ত্যঃ অসৎকার্য্যতাপত্তেঃ। তস্মাদসত উপাদেয়স্যোৎপত্তিহেতুত্বে নার্থবত্ত্বং ব্যাপারস্যেত্যসত্ত্বাদেবোপাদানাৎ ভিন্নমুপাদেয়মিতি বৈশেষিকাদিনয়াৎ পূর্ব্বপক্ষে প্রাপ্তে পরিহরতি।

তদনন্যত্বমারম্ভণশব্দাদিভ্যঃ ॥ ১৪ ॥

তস্মাৎ জীবপ্রকৃতিশক্তিযুক্তাৎ জগদুপাদানাৎ ব্রহ্মণঃ অনন্যদেবোপাদেয়ং জগৎ। কুতঃ আরম্ভণেতি। আরম্ভণশব্দ

কারকেতি। দণ্ডচক্রাদি কুলালশ্চ কারকম্। কৃতমিতি ব্যর্থম্। তেনেতি কারকব্যাপারেণ। সেত্যভিব্যক্তিঃ। নিত্যোপেতি কার্য্যনিত্যতাপত্তেশ্চেত্যর্থঃ। ন চান্ত্য ইতি। অন্ত্যঃ অভিব্যক্তিরসতীতি পক্ষঃ। বৈশেষিকাদীত্যাদিপদাৎ নৈয়ায়িকো গ্রাহ্যঃ। এবং প্রাপ্তে—

ঐ পরমাণুর ক্রিয়া পরমাণুগত অদৃষ্ট হইতে অথবা আত্মগত অদৃষ্ট হইতে উৎ-পন্ন? আত্মগত ধর্ম্মাধর্ম্মজন্য অদৃষ্টের পরমাণুগতত্বের অসম্ভাবনাপ্রযুক্ত প্রথম পক্ষ সঙ্গত হয় না। আবার আত্মগত অদৃষ্ট দ্বারা পরমাণুগত ক্রিয়ার উৎপত্তিও অসম্ভব বলিয়া শেষ পক্ষও অসঙ্গত হইতেছে। সংযুক্তসমবায়সম্বন্ধে ঐ ক্রিয়ার উৎপত্তিও সম্ভব হয় না। নিরবয়ব পরমাণু সকলের নিরবয়ব আত্মার সহিত সংযোগই অনুপপন্ন হয়। অতএব উভয়থাই আদ্যক্রিয়াজনক অদৃষ্ট সঙ্গত হয় না। জড়ত্ববশতও উহা সঙ্গত হয় না। অচেতন পদার্থ চেতন পদার্থ কর্ত্তৃক অধিষ্ঠিত হইয়াও কার্য্যে স্বতঃপ্রবৃত্ত হয় না বা কাহারও প্রবর্ত্তক হয় না। ইহা পূর্ব্বেই পরীক্ষিত হইয়াছে। আত্মাও উহার প্রবর্ত্তক নহে। প্রবর্ত্তনকালে

ন চাদৃষ্টানুসারীশ্বরেচ্ছা তৎক্রিয়াহেতুঃ তস্যা নিত্যত্বেন নিত্যং তৎপ্রসঙ্গাৎ। ন চাদৃষ্টোদ্বোধাভাবাৎ প্রতিসর্গে তদভাবঃ তস্যাপি সামগ্রীসত্ত্বেঽনাবশ্যকত্বাৎ। ততশ্চ নিয়তস্য কস্যচিৎ ক্রিয়াহেতোরভাবান্ন সা। পরমাণুষু তদভাবান্ন তৎসংযোগঃ। তদভাবাচ্চ ন দ্ব্যণুকাদিকমিত্যতস্তদভাবঃ সর্গাভাবঃ স্যাৎ ॥ ১২ ॥

সমবায়াভ্যুপগমাচ্চ সাম্যাদনবস্থিতেঃ ॥ ১৩ ॥

সমবায়স্বীকারাচ্চাসমঞ্জসং তন্মতম্। কুতঃ সাম্যাদিতি। পরমাণূনাং দ্ব্যণুকৈঃ সহ সমবায়ঃ সম্বন্ধস্তার্কিকৈরঙ্গীকৃতঃ।

প্রসঙ্গাৎ। সম্বন্ধস্য তত্ত্বে তু তত্রাপি তদনন্তরকল্পনেঽনবস্থৈবেতি যৎ কিঞ্চিদেতৎ। তদেতি প্রলয়ে। তস্য জীবাত্মনঃ। তত্ত্বাৎ জড়ত্বাৎ। দেহপ্রতিষ্ঠিতেন মনসা সহাত্মনঃ সংযোগে তত্র জ্ঞানাদিগুণ উৎপদ্যেত। তদা দেহাভাবেন জ্ঞানানুৎপত্তের্জড় আত্মেত্যর্থঃ। তস্যাদৃষ্টোদ্বোধস্য। কস্যচিদিতি। অদৃষ্টস্য জীবাত্মন ঈশ্বরেচ্ছায়া বেত্যর্থঃ। এবং প্রতিসর্গোঽপি ন স্যাৎ পরমাণূনাং বিভাগায় ক্রিয়োৎপত্তেরসম্ভবাৎ। ন তত্রেশেচ্ছা হেতুঃ তস্য নিত্যত্বেনোক্তদোষাপত্তেঃ। ন চ জীবাদৃষ্টং ভোগার্থত্বেন খ্যাতস্য তস্য প্রলয়ার্থত্বকল্পনাযোগাৎ ॥ ১২ ॥

অনুৎপন্নচৈতন্য পরমাণুর অচেতনত্বই প্রবর্ত্তকতার অসম্ভাবনা প্রদর্শন করিয়া দিতেছে। অদৃষ্টানুসারী ঈশ্বরের ইচ্ছাও ঐ ক্রিয়ার হেতু হইতে পারে না। কারণ, সামগ্রীসত্ত্বে উহার আবশ্যকতাই দেখা যায় না। অতএব ক্রিয়ার কোন নিয়ত হেতু না থাকাতে পরমাণুরও ক্রিয়া স্বীকার করা যায় না। আবার ক্রিয়ার অভাবে সংযোগের অভাব, তদভাবে দ্ব্যণুকাদিরও অভাব এবং দ্ব্যণুকাদির অভাবে সৃষ্টিরও অভাব ঘটিতেছে ॥ ১২ ॥

সমবায় স্বীকারেও অসামঞ্জস্য ঘটিতেছে। সাম্যই উক্ত অসামঞ্জস্যের হেতু। পরমাণু সমূহের দ্ব্যণুক সকলের সহিত সমবায় রূপ সম্বন্ধ তার্কিকেরা স্বীকার

স খলু ন সম্ভবতি। তস্যাপি সম্বন্ধিত্বসাম্যাৎ। তত্রাপি সমবায়াপেক্ষায়ামনবস্থাপত্তেঃ। তথাহি গুণক্রিয়াজাতিবিশিষ্টবুদ্ধিং জনয়ন্ সমবায়স্তৈঃ সম্বন্ধ এব জনয়েদন্যথাতিপ্রসঙ্গাৎ। তথাচ সমবায়ান্তরাঙ্গীকারেঽনবস্থা। স্বরূপমেব তত্র সম্বন্ধ ইতি চেত্তর্হ্যন্যত্রাপি স এবাস্তু কিং তেন। ন চ যুক্তঃ সোঽভ্যুপগন্তুম্। তস্য স্বরূপমাত্রতয়া সর্ব্বত্র সর্ব্বধর্ম্ম-

---

সমবায়েতি। পরমাণুপ্রভৃতিষবয়বেষু দ্ব্যণুকাদিরবয়বী সমবায়েন তিষ্ঠতি। দ্রব্যেষু গুণকর্ম্মণী। দ্রব্যগুণকর্ম্মসু দ্রব্যত্বাদিকা জাতিশ্চ তেনৈব তিষ্ঠতীতি তার্কিকা মন্যন্তে। নিত্যসম্বন্ধো হি সমবায়ঃ। অথাবয়ববিশিষ্টগুণবিশিষ্টাদিষু তিষ্ঠন্ সমবায়ঃ কেন সম্বন্ধেন তিষ্ঠেদিতি পৃচ্ছায়াং সংযোগেন তিষ্ঠেদিতি ন শক্যং বক্তুং দ্রব্যয়োরেব সংযোগাঙ্গীকারাৎ। সমবায়েন তিষ্ঠেদিতি চেৎ তর্হি সোঽপি সমবায়েনেত্যেবমনবস্থা স্যাদিত্যর্থঃ। এতদ্বিশদয়তি তথাহীতি। তৈর্গুণাদিবিশিষ্টৈঃ সম্বন্ধ এব সন্ সমবায়স্তাং গুণাদিবিশিষ্টবুদ্ধিং জনয়েৎ। অন্যথা তৈরসম্বন্ধস্য তদ্বুদ্ধিজনকত্বস্বীকারে সতীত্যর্থঃ। স্বরূপমেবেতি। সমবায়স্য যৎ স্বরূপং স এব তস্য সম্বন্ধো ন তু সম্বন্ধান্তরং তেন নানবস্থেতি চেৎ উচ্যতে। তর্হ্যন্যত্র সংযোগাদাবপি স এব স্বরূপসম্বন্ধ এবাস্তু কিং তেন সমবায়েন সংযোগাদের্গুণপরিভাষায়াঃ কল্পিতত্বাৎ ন তয়া সমুদ্ধার ইতি ভাবঃ। বেদান্তিনস্তু তত্র তত্র বিশেষণতৈব সম্বন্ধো বোধ্যঃ। ন চেতি। স স্বরূপসম্বন্ধঃ।

করিয়া থাকেন। ঐ সমবায় সম্বন্ধই সম্ভব হয় না। সম্বন্ধিত্বে উহার সাম্য দেখা যায়। বিশেষত সমবায়েরও সমবায়াপেক্ষায় অনবস্থাপত্তি ঘটে। সমবায় গুণক্রিয়াজাতিবিশিষ্টবুদ্ধি উৎপাদন করিয়া বস্তু সকলের গুণক্রিয়াদির সহিত সম্বন্ধই স্থাপন করে। অন্যথা উহার অতিপ্রসঙ্গ হয়, অর্থাৎ অতিব্যাপ্তি দোষ ঘটে। আবার সমবায়ান্তরের স্বীকারে অনবস্থাই হয়। উহাকে যদি স্বরূপ সম্বন্ধই বলা যায়, তাহা হইলে এই স্থলেও তাহাই বলিতে পারা যায়। পৃথক্ সমবায় স্বীকারের কোন কারণই দেখা যায় না। এইরূপে সমবায় অস্বীকার করিয়া স্বরূপ সম্বন্ধ স্বীকারেও স্বরূপমাত্র রূপে সর্ব্বত্র সর্ব্বধর্ম্মের উপপত্তিরূপ

প্রাপ্তেঃ। কিঞ্চ সমবায়বাদিনাং বায়ৌ গন্ধঃ পৃথিব্যাং শব্দ আত্মনি রূপং তেজসি বুদ্ধিরিত্যাপদ্যেত। সমবায়স্যৈকত্বেন তত্তৎসমবায়স্য তত্র সত্ত্বাৎ। ন চ তন্নিরূপিতঃ স নাস্তীতি বোধ্যং তত্তন্নিরূপিতত্বস্যাপি স্বরূপমাত্রত্বেন তস্যাপি তত্ত্বাৎ। অতিরিক্তস্য চ নিয়তপদার্থবাদেঽসম্ভবাৎ। তস্মাদ্বিরুদ্ধস্তর্কসময়ঃ॥ ১৩॥

সর্ব্বত্র সর্ব্বধর্ম্মপ্রাপ্তিং প্রপঞ্চয়তি সমবায়বাদিনামিত্যাদিনা। সমবায়স্যৈকত্বেনেতি। গন্ধাদিসমবায়স্য বায়্বাদিষ্বপি সত্ত্বাদিত্যর্থঃ। ন চ তদিতি। গন্ধনিরূপিতঃ সমবায়ো ন বায়ৌ শব্দনিরূপিতস্তু ন পৃথিব্যামিতি নাতিপ্রসঙ্গ ইতি ন বাচ্যমিত্যর্থঃ। তত্র হেতুস্তত্তদিতি। সমবায়স্য যৎ গন্ধাদিনিরূপিতত্বং তৎ কিল সমবায়স্বরূপান্নাতিরিক্তমতস্তস্যাপি গন্ধাদিনিরূপিতসমবায়স্যাপি তত্ত্বাৎ বায়্বাদৌ স্থিতত্বাৎ। তেন চ সর্ব্বত্র সর্ব্বধর্ম্মপ্রাপ্তিরিত্যর্থঃ। অত্রৈব কেচিদ্‌ব্যাচক্ষতে সমবায়াভ্যুপগমাচ্চ তর্কসিদ্ধান্তো বিরুদ্ধঃ। ননু তদভ্যুপগমে কো দোষস্তত্রাহ সাম্যাদনবস্থিতেরিতি। দ্ব্যণুকং পরমাণুভ্যামত্যন্তং ভিন্নং সৎ সমবায়মপেক্ষতে। এবং সমবায়োঽপি সমবায়িভ্যামত্যন্তং ভিন্নঃ সন্নন্যেন সমবায়েন তাভ্যাং সম্বধ্যেত। ভিন্নত্বসাম্যাদসম্বন্ধস্য চ সম্বন্ধত্বাদর্শনাৎ। তথাচ তস্যাপি তৎসাম্যাৎ সমবায়ান্তরমিত্যনবস্থাপত্তিঃ। স্বরূপস্য সম্বন্ধত্বে তু সমবায়বিলোপপ্রসঙ্গ ইতি॥ ১৩॥

দোষ অনিবার্য্য হইয়া পড়ে। আরও সমবায়বাদীর বায়ুতে গন্ধ, পৃথিবীতে শব্দ, আত্মাতে রূপ, তেজে বুদ্ধি প্রভৃতির অবস্থানেরও আপত্তি হয়। সমবায়ের একত্ব প্রযুক্ত তত্তৎসমবায়ের সেই সেই বস্তুতে স্থিতি হইতেই ঐ দোষ আপতিত হয়। তত্তন্নিরূপিত সমবায় সেই সেই বস্তুতে নাই, এরূপও বলা যায় না। কারণ, তত্তন্নিরূপিতত্বও স্বরূপমাত্র ভিন্ন আর কিছুই নহে। সুতরাং তাদৃশ নিরূপিতত্বের অস্তিত্ব অপরিহার্য্য। নিয়ত পদার্থবাদে অতিরিক্ত পদার্থ অসম্ভব। অতএব তর্কসমন্বয় বিরুদ্ধই হইতেছে॥ ১৩॥

নিত্যমেব চ ভাবাৎ ॥ ১৪ ॥

সমবায়স্য নিত্যত্বস্বীকারাত্তৎসম্বন্ধিনোঽপি জগতো নিত্যত্বপ্রসঙ্গাদসমঞ্জসং তন্মতম্ ॥ ১৪ ॥

রূপাদিমত্ত্বাচ্চ বিপর্য্যয়ো দর্শনাৎ ॥ ১৫ ॥

পার্থিবাপ্যতৈজসবায়বীয়ানাং পরমাণূনাং রূপরসগন্ধস্পর্শবত্ত্বাঙ্গীকারাত্তেষু নিত্যত্বনিরবয়বত্ববিপর্য্যয়োঽনিত্যত্বসাবয়বত্বপ্রাপ্তিঃ স্যাৎ রূপাদিমতি ঘটাদৌ তথা দর্শনাদিতি স্বীকারপরিত্যাগাদসমঞ্জসং তন্মতম্ ॥ ১৫ ॥

উভয়থা চ দোষাৎ ॥ ১৬ ॥

পরমাণূনাং রূপাদ্যনঙ্গীকারে স্থূলপৃথিব্যাদেরপি তদভাবাপ্তিঃ। তৎপরিজিহীর্ষয়া রূপাদ্যঙ্গীকারে তু প্রাগুক্তদোষ ইত্যুভয়থা ক্ষোদাক্ষমত্বাদসমঞ্জসং তন্মতম্ ॥ ১৬ ॥

নিত্যমিতি। সম্বন্ধনিত্যত্বং খলু সম্বন্ধিনিত্যত্বমন্তরা ন সম্ভবতীতি ভাবঃ। অত্র ব্যাচক্ষতে। পরমাণবশ্চেৎ প্রবৃত্তিস্বভাবাস্তদা নিত্যং সর্গপ্রসঙ্গঃ নিবৃত্তিস্বভাবাশ্চেন্নিত্যং প্রলয়প্রসঙ্গ ইত্যুভয়নিত্যতাপত্তেরসমঞ্জসস্তর্কসময় ইতি ॥১৪॥

রূপাদিমত্ত্বাদিতি। পার্থিবাদয়ঃ পরমাণবো রূপাদিমন্তো নিত্যাশ্চেতি তার্কিকসিদ্ধান্তঃ। স ন যুক্তঃ। তেঽনিত্যাঃ স্থূলাশ্চ রূপাদিমত্ত্বাদ্‌ঘটাদিবদিতি বিপরীতানুমানসত্ত্বাৎ ॥ ১৫ ॥

আবার সমবায়ের নিত্যত্ব স্বীকার হেতু তৎসম্বন্ধি জগতের অনিত্যত্ব প্রসঙ্গ দেখিয়া উক্ত মতকে অসমঞ্জসই বলিতে হইতেছে ॥ ১৪ ॥

বিশেষত পার্থিব, জলীয়, তৈজস ও বায়বীয় পরমাণু সকলের রূপ-রস-গন্ধস্পর্শ-বিশিষ্টতার অঙ্গীকারবশত উহাদের নিত্যত্ব, নিরবয়বত্ব প্রভৃতির বিপর্য্যয় অর্থাৎ অনিত্যত্ব ও সাবয়বত্ব প্রভৃতির প্রাপ্তি হয়। কারণ, রূপাদিবিশিষ্ট ঘটাদি দ্রব্যে অনিত্যত্বাদিই দৃষ্ট হইয়া থাকে। এইরূপ স্বীকার ও পরিত্যাগ হইতে উক্ত মতের অসামঞ্জস্যই স্থির হইতেছে ॥ ১৫ ॥

অথ সর্ব্বথানুপাদেয়ত্বমুপদিশন্নুপসংহরতি—

অপরিগ্রহাচ্চাত্যন্তমনপেক্ষা ॥ ১৭ ॥

কপিলাদিমতানাং কেনচিদংশেন শিষ্টৈর্মন্বাদিভিঃ পরিগ্রহাৎ কথঞ্চিদপেক্ষা স্যাৎ। অস্য তু পরমাণুকারণবাদস্য বেদবিরুদ্ধস্য তৈঃ কেনাপ্যংশেনাপরিগ্রহাদসঙ্গতেশ্চ নাত্র শ্রেয়োঽর্থিনামপেক্ষা স্যাদিতি ॥ ১৭ ॥

উভয়থেতি। তদভাবপ্রাপ্তিঃ রূপাদ্যভাবপ্রসঙ্গঃ। তৎপরিজিহীর্ষয়েতি স্থূলপৃথিব্যাদিষু রূপাদ্যভাবপ্রসঙ্গো মাভূদিতি তদ্দোষপরিহারেচ্ছয়া পুনঃ পরমাণুষু রূপাদ্যঙ্গীকারে সতি তেষনিত্যত্বস্থূলত্বরূপপূর্ব্বোক্তদোষাপত্তিরিত্যর্থঃ ॥ ১৬ ॥

অপরিগ্রহাদিতি। কেনচিদংশেনেতি। সৎকার্য্যতাদ্যংশেনেতি বোধ্যম্। অসঙ্গতেশ্চেতি। ইয়ঞ্চ পূর্ব্বব্যাখ্যানেষু বিস্ফুটৈব দ্রষ্টব্যা। শ্রেয়োঽর্থিনাং পরমার্থলিপ্সূনাম্। তর্কশাস্ত্রনিষ্ঠা চ দুর্যোনিপ্রদেত্যুক্তং মোক্ষধর্ম্মে—আন্বিক্ষিকীং তর্কবিদ্যামনুরক্তো নিরর্থিকাম্। তস্যৈব ফলনির্বৃত্তিঃ শৃগালত্বং বনে মমেতি ॥ ১৭ ॥

আবার পরমাণু সকলের রূপাদির অনঙ্গীকারে স্থূল পৃথিব্যাদিরও রূপাদির অভাব ঘটে। সুতরাং তৎপরিহারার্থ পৃথিবী প্রভৃতিতে রূপাদির অঙ্গীকারেও পূর্ব্বোক্ত দোষেরই আপত্তি হয়। এইরূপে উভয়থাই অপরিহার্য্য দোষ বশত উক্ত মত অশ্রদ্ধেয় হইতেছে ॥ ১৬ ॥

অনন্তর সর্ব্বপ্রকারেই উক্ত মতের অনুপাদেয়ত্ব উপদেশ করিবার নিমিত্ত পরবর্ত্তী উপসংহার সূত্রের অবতারণা করিতেছেন ;—

শিষ্ট মনু প্রভৃতি ঋষি সকল কপিলাদিমতের কোন কোন অংশ স্বীকার করিয়াছেন বলিয়া তদ্বিষয়ে অপেক্ষা করিলেও করা যাইতে পারে। কিন্তু এই পরমাণুকারণবাদ বেদবিরুদ্ধ। বিশেষত ইহার কোন অংশই কোন শিষ্ট কর্ত্তৃক পরিগৃহীত হয় নাই, অতএব মঙ্গলাকাঙ্ক্ষী পুরুষমাত্রই ইহাতে অপেক্ষা করিবেন না ॥ ১৭ ॥

ইদানীং বুদ্ধমতং নিরাক্রিয়তে। তত্র বুদ্ধমুনের্বৈভাষিক-সৌত্রান্তিকযোগাচারমাধ্যমিকাখ্যাশ্চত্বারঃ শিষ্যাঃ। তেষু বাহ্যঃ সর্ব্বোঽপ্যর্থঃ প্রত্যক্ষ ইতি বৈভাষিকঃ। বুদ্ধিবৈচিত্র্যা-দর্থোঽনুমেয় ইতি সৌত্রান্তিকঃ। অর্থশূন্যং বিজ্ঞানমেব পরমার্থসৎ বাহ্যার্থস্তু স্বাপ্নতুল্য ইতি যোগাচারঃ। সর্ব্বং শূন্যমিতি মাধ্যমিকঃ। ইত্যেবং তে মতানি দধ্রুঃ। ভাবপদার্থঃ সর্ব্বত্র ক্ষণিকঃ। তত্রাদ্যৌ ভূতভৌতিকশ্চিত্তচৈত্যশ্চেতি

ইদানীমিতি। তার্কিকমতনিরাসানন্তরমিত্যর্থঃ। তার্কিকো হর্দ্ধবৈনাশিকঃ দেহাত্মনোঃ ক্রমাদ্বিনাশস্থৈর্য্যাভ্যুপগমাৎ। বৈভাষিকাদিস্তু পূর্ণবৈনাশিকঃ দেহাদেঃ সর্ব্বস্য ক্ষণবিনাশিত্বাভ্যুপগমাৎ। তদনয়োঃ পৌর্ব্বোত্তর্য্যেণ নিরাসো যুক্তঃ। মা ভূদসঙ্গতেন শিষ্টানঙ্গীকৃতেন তর্কসিদ্ধান্তেন বেদান্তসমন্বয়বিরোধঃ। বৈভাষিকসিদ্ধান্তেন তস্মিন্ স স্যাৎ তস্য সর্ব্বজ্ঞেন ভগবতা বুদ্ধেনোপদেশাৎ। তদুপদিষ্টস্য ভূতদয়াখ্যস্য ধর্ম্মস্য শিষ্টৈঃ স্বীকারাচ্চেতি প্রত্যুদাহরণাদাক্ষেপঃ। তত্র বুদ্ধমুনেরিতি। বুদ্ধেন স্বাগমে চাতুর্বিধ্যেনার্থা বর্ণিতাঃ। তে চার্থাশ্চতুর্ভি-র্বৈভাষিকাদ্যৈঃ শিষ্যৈঃ স্ববাসনানুসারেণ গৃহীতা ইত্যর্থঃ। তেম্বিতি। বৈভাষিক-সৌত্রান্তিকয়োঃ সিদ্ধান্তে জ্ঞানং তদ্ভিন্নাঃ পদার্থাশ্চ সর্ব্বে ক্ষণিকাঃ সত্যাশ্চ ভবন্তি। ইয়াংস্তু বিশেষঃ। বৈভাষিকো ঘটাদিঃ প্রত্যক্ষ ইতি মন্যতে। সৌত্রা-ন্তিকস্তু জ্ঞানে ঘটাদ্যাকারে জাতে তেনাকারেণ প্রত্যক্ষেণাপ্রত্যক্ষো ঘটাদি-রনুমীয়ত ইতি বদতি। তদনয়োঃ সিদ্ধান্তং বাহ্যার্থাস্তিত্বাবিশেষাদেকী-

---

তদনন্তর বৌদ্ধমত নিরাকৃত হইতেছে। বুদ্ধমুনির চারি শিষ্য ;—বৈভাষিক, সৌত্রান্তিক, যোগাচার ও মাধ্যমিক। বৈভাষিকের মতে বাহ্যবস্তুমাত্রই প্রত্যক্ষ। সৌত্রান্তিকের মতে বস্তুমাত্রই বুদ্ধির বৈচিত্র্য হইতে অনুমেয়। যোগাচারের মতে বস্তুমাত্রই অসৎ। বিজ্ঞানই একমাত্র পরমার্থভূত সৎ বস্তু। বাহ্য বস্তু সকল স্বপ্নের ন্যায় মিথ্যা। মাধ্যমিকের মতে সকলই শূন্য। বৌদ্ধ-সম্প্রদায়ের এইপ্রকার মত। ভাব পদার্থমাত্রই ক্ষণিক। তন্মধ্যে ভূত-ভৌতিক

সমুদায়দ্বয়ং মন্যেতে। তথাহি রূপবিজ্ঞানবেদনাসংজ্ঞা-সংস্কারাখ্যাঃ পঞ্চ স্কন্ধাঃ ভবন্তি। তেষু খরস্নেহোষ্ণচলন-স্বভাবাঃ পার্থিবাদয়শ্চতুর্ব্বিধাঃ পরমাণবঃ পৃথিব্যাদিভূত-চতুষ্টয়রূপেণ সংহন্যন্তে। তচ্চতুষ্টয়ঞ্চ দেহেন্দ্রিয়বিষয়-রূপেণেতি স এষ ভূতভৌতিকাত্মা রূপস্কন্ধো বাহ্যসমু-দায়ঃ। অহংপ্রত্যয়সমারূঢ়ো জ্ঞানসন্তানো বিজ্ঞানস্কন্ধঃ। স এষ কর্ত্তা ভোক্তা চাত্মা। সুখবেদনা দুঃখবেদনা চ বেদনা-স্কন্ধঃ। দেবদত্তাদি নামধেয়ং সংজ্ঞাস্কন্ধঃ। রাগদ্বেষমোহাদি-শ্চৈতসিকো ধর্ম্মঃ সংস্কারস্কন্ধঃ। ত এতে চত্বারঃ স্কন্ধা-

কৃত্য প্রত্যাখ্যাতুং তৎপ্রক্রিয়াং দর্শয়তি তত্রাদ্যাবিত্যাদিনা। তথাহীতি। পার্থিবাদয়শ্চতুর্বিধাঃ পরমাণবো যুগপৎ পুঞ্জীভূতাঃ সন্তঃ পৃথিব্যাদীনি চত্বারি ভূতানি ভবন্তি। তানি চত্বারি পুনর্দেহেন্দ্রিয়বিষয়রূপাণি ভৌতিকান্যুচ্যন্তে। তানীমানি ভূতভৌতিকানি পরমাণুপুঞ্জব্যতিরিক্তানি ন সন্তীতি পরমাণুহেতু-কোঽয়ং বাহ্যসমুদায়ো রূপস্কন্ধ ইত্যর্থঃ। বিজ্ঞানাদিস্কন্ধচতুষ্কহেতুকস্ত্বান্তর-সমুদায় আধ্যাত্মিকঃ। তং প্রতিপাদয়ত্যহমিত্যাদিনা। জ্ঞানসন্তান আলয়-বিজ্ঞানপ্রবাহঃ। সুখাদিপ্রত্যয়ো বেদনাস্কন্ধঃ। মনুষ্যো গৌরশ্ব ইত্যাদিবিশিষ্ট-বস্তুবিষয়কঃ সবিকল্পপ্রত্যয়ঃ সংজ্ঞাস্কন্ধঃ। রাগেতি। আদিশব্দেন ধর্ম্মাধর্ম্মৌ

ও চিত্ত-চৈত্ত, এই দুইটি 'সমুদায়' স্বীকৃত হইয়া থাকে। উক্তমতে রূপ, বিজ্ঞান, বেদনা, সংজ্ঞা ও সংস্কার, এই পাঁচটি স্কন্ধ। খরস্বভাব, স্নেহস্বভাব, উষ্ণস্বভাব ও চলনস্বভাব, এই চতুর্বিধ পার্থিবাদি পরমাণু সকলই পৃথিব্যাদিভূতচতুষ্টয়-রূপে পরিণত হইয়া থাকে। উক্ত ভূতচতুষ্টয়ই আবার দেহ, ইন্দ্রিয় ও বিষয় রূপে প্রকাশ পায়। রূপস্কন্ধ, ভূত-ভৌতিকাত্মক বাহ্যবস্তু। অহংপ্রত্যয়-সমারূঢ় জ্ঞানসমূহই বিজ্ঞানস্কন্ধ। আত্মা কর্ত্তা ও ভোক্তা। সুখবেদনা ও দুঃখবেদনাই বেদনাস্কন্ধ। দেবদত্তাদি সংজ্ঞাই সংজ্ঞাস্কন্ধ। রাগ, দ্বেষ ও মোহ প্রভৃতি চিত্তের ধর্ম্মই সংস্কারস্কন্ধ। এই চারিটি স্কন্ধের সাধারণ নামই চিত্ত-

শ্চিত্তচৈত্তিকাঃ কথ্যন্তে। সর্ব্বব্যবহারাস্পদত্বেন চান্তঃ সংহন্যন্তে। তদয়মান্তরঃ সমুদায়শ্চতুস্কন্ধীরূপঃ। ইদমেব সমুদায়দ্বয়মশেষং জগৎ। এতদন্যদাকাশাদিকমবস্তুভূতমিতি। অত্র সংশয়ঃ। এষা সমুদায়দ্বয়কল্পনা যুক্তা ন বেতি। এতেনৈব জগদ্ব্যবহারোপপত্তের্যুক্তেতি প্রাপ্তে প্রতিবিধত্তে—

সমুদায় উভয়হেতুকেঽপি তদপ্রাপ্তিঃ ॥ ১৮ ॥

যোঽয়মুভয়সংঘাতহেতুক উভয়বিধঃ সমুদায়ো নিরূপিতস্তস্মিন্ স্বীকৃতেঽপি তদপ্রাপ্তির্জগদাত্মকসমুদায়াসিদ্ধিঃ। সমুদায়িনামচেতনত্বাদন্যস্য চ সংহন্তুঃ স্থিরচেতনস্যাভাবাৎ। স চ ভাবক্ষণিকত্বাঙ্গীকারাৎ। স্বতঃ প্রবৃত্ত্যুরীকৃতৌ তৎসাতত্যপ্রসঙ্গঃ। তস্মাদযুক্তা তৎকল্পনা ॥ ১৮ ॥

গ্রাহ্যৌ। এষু চতুর্ষু বিজ্ঞানস্কন্ধশ্চিত্তমিত্যাত্মেতি চ কথ্যতে। ইতরে চৈত্যা ভণ্যন্তে। তদেবং দ্বিবিধসমুদায়রূপং নিখিলং জগদিতি। অত্রেতি। সোঽয়ং বৈভাষিকাদিসিদ্ধান্তো বিষয়ঃ। স চ প্রমাণমূলো ভ্রমমূলো বেতি সংশয়ে সর্ব্বজ্ঞোপদিষ্টত্বাৎ প্রমাণমূল ইতি প্রাপ্তে নিরাচষ্টে।

চৈত্তিক। সমস্ত ব্যবহারের আস্পদরূপে উহারা অন্তরেই মিলিত হইয়া থাকে। অতএব এই আন্তর সমুদায়ই চতুস্কন্ধরূপ। উক্ত সমুদায়দ্বয় লইয়াই অশেষ জগৎ। এতদ্ভিন্ন আকাশাদি পদার্থ অবস্তুভূত। এস্থলে সংশয় এই—উক্ত সমুদায়দ্বয়ের কল্পনা যুক্ত কি অযুক্ত? ইহা দ্বারাই জগদ্ব্যবহারের উপপত্তি প্রযুক্ত উক্ত কল্পনা যুক্তই হইতেছে, এইরূপ পূর্ব্বপক্ষের খণ্ডনার্থ বলিতেছেন ;—

এই যে উভয়সঙ্ঘাতহেতুক উভয়বিধ সমুদায় নিরূপিত হইয়াছে, তৎস্বীকারেও তাহার অপ্রাপ্তি অর্থাৎ জগদাত্মক সমুদায়ের অসিদ্ধি হইতেছে। সমুদায়ী সকলের অচেতনত্ব এবং তদন্য স্থিরচেতন সঙ্ঘাতের অভাব প্রযুক্তই ঐ দোষ ঘটিতেছে। কারণ, উক্ত মতে সর্ব্বত্রই ভাবক্ষণিক অঙ্গীকৃত হইয়াছে।

নন্ু সৌগতসময়ে বিদ্যাদয়ো মিথো হেতুফলভাবমাপন্নাঃ স্বীক্রিয়ন্তে অপ্রত্যাখ্যেয়াশ্চ তে সর্ব্বেষাং তেষু চ মিথস্তথাভাবেন ঘটীযন্ত্রবৎ সন্ততমাবর্ত্তমানেষ্বর্থাক্ষিপ্তঃ সঙ্ঘাতস্তমন্তরেণৈষামসিদ্ধেঃ। তে চাবিদ্যা সংস্কারো বিজ্ঞানং

সমুদায় ইতি। উভয়হেতুকঃ পরমাণুহেতুকো বাহ্যসমুদায়শ্চতুষ্কন্ধীহেতুক আন্তরসমুদায় ইত্যর্থঃ। সূত্রশেষং দর্শয়তি সমুদায়িনামিতি। স চেতি স্থিরচেতনাভাবঃ ॥ ১৮ ॥

পুনরাশঙ্কতে নন্বিতি। তমন্তরেণেতি। সঙ্ঘাতং বিনাবিদ্যাদীনামসিদ্ধেরিত্যর্থঃ। আধারং বিনাধেয়স্থিতির্ন সম্ভবেদিতি ভাবঃ। তে চাবিদ্যেতি। বিজ্ঞানস্কন্ধস্যাত্মনঃ ক্ষণিকত্বাদবিদ্যা ক তিষ্ঠেৎ ক বা রাগদ্বেষাদিরূপো জায়েতেতি চ বোধ্যম্। ক্ষণিকেষ্বপি স্থিরত্বাদিভ্রান্তিরবিদ্যা তয়া সংস্কারাখ্যো রাগদ্বেষাদির্জন্যতে। তেন সংস্কারেণ গর্ভস্থাদ্যং বিজ্ঞানং জন্যতে। তেন বিজ্ঞানেন পৃথিব্যাদিচতুষ্টয়ং শরীরস্য সমুদায়স্য হেতুভূতং নাম জন্যতে। নামাশ্রয়ত্বাৎ তচ্চতুষ্টয়ং নামেত্যুক্তম্। তেন নাম্না সিতাসিতাদিরূপং শরীরং জন্যতে। রূপাশ্রয়ত্বাৎ শরীরং রূপমিত্যুক্তম্। গর্ভভূতস্য শরীরস্য কললবুদ্বুদাদ্যবস্থা নামরূপশব্দার্থঃ। তেন রূপেণ ষড়ায়তনমিন্দ্রিয়বৃন্দং জন্যতে। পৃথিব্যাদি চতুষ্টয়ং শরীরং বিজ্ঞানধাতুশ্চেতি ষট্ যস্যায়তনানি তদিত্যর্থঃ। তেন ষড়ায়তনেন নামরূপেন্দ্রিয়াণাং মিথঃ সম্বন্ধঃ স্পর্শো জন্যতে। তস্মাৎ সুখাদিবেদনাদয়স্ততঃ পুন-

স্বতঃপ্রবৃত্তি স্বীকারেও তৎসাতত্য প্রসঙ্গ হয়। অতএব তৎকল্পনা অযুক্তই হইতেছে ॥ ১৮ ॥

যদি বল, সৌগতসময়ে অর্থাৎ বৌদ্ধমতে অবিদ্যাদি পদার্থ সকল পরস্পর হেতুভাব ও ফলভাব প্রাপ্ত হইয়া থাকে, এই রূপই স্বীকৃত হয়। উহা সকলেরই অপ্রত্যাখ্যেয় হইতেছে। যে হেতু উহাদিগের পরস্পর হেতুফলভাব দ্বারা ঘটীযন্ত্রের ন্যায় সন্তত আবর্ত্তমান ঐ সকল পদার্থে সঙ্ঘাত অর্থ দ্বারাই আক্ষিপ্ত হইতেছে। সঙ্ঘাত ব্যতিরেকে অবিদ্যা প্রভৃতিরই অসিদ্ধি হয়।

নামরূপং ষড়ায়তনং স্পর্শো বেদনা তৃষ্ণোপাদানং ভবো জাতির্জরা মরণং শোকঃ পরিদেবনা দুঃখং দুর্ম্মনস্তা চেতি। তত্রাহ—

ইতরেতরপ্রত্যয়ত্বাদিতি চেন্নোৎপত্তিমাত্রনিমিত্তত্বাৎ ॥১৯॥

প্রত্যয়শব্দো হেতুবাচী। অবিদ্যাদীনাং পরস্পরহেতুত্বাদুপপন্নঃ সঙ্ঘাত ইতি যদুক্তং তন্ন। কুতঃ উৎপত্তীতি। তেষাং পূর্ব্বপূর্ব্বমুত্তরোত্তরস্যোৎপত্তিমাত্রং প্রতি নিমিত্তং স্যান্ন তু সঙ্ঘাতং প্রতি কিঞ্চিৎ তদস্তীতি। কিঞ্চ ভোগার্থং সঙ্ঘাতঃ। ন চ ক্ষণিকেষ্বাত্মসু ভোগঃ সম্ভবতি। তদ্ধেতোর্ধর্ম্মাধর্ম্মাদেস্তৈঃ পূর্ব্বমসম্পাদনাৎ। ন চ তৎসন্তানেন স সম্পাদিতঃ।

রবিদ্যাদয়ো যথোক্তরীত্যা ভবন্তীত্যনাদিরিয়মন্যোন্যমূলাবিদ্যাদিকা চক্রপরিবৃত্তির্ভূতভৌতিকসঙ্ঘাতাদৃতে ন সম্ভবতীতি তৎসঙ্ঘাতোঽর্থাক্ষিপ্ত ইত্যর্থঃ।

ইতরেতরেতি। প্রত্যয়শব্দো হেতুবাচীতি। প্রত্যয়োঽধীনশপথজ্ঞানবিশ্বাসহেতুষ্বিতি নানার্থবর্গঃ। তন্নিরুক্তিস্তু কার্য্যং প্রত্যেতি জনকত্বেন গচ্ছতীতি। কিঞ্চিদিতি। কিঞ্চিৎ নিমিত্তং স্থিরচেতনরূপং ত্বয়াঙ্গীকৃতং নাস্তী-

---

অবিদ্যা, সংস্কার, বিজ্ঞান, নাম, রূপ, ষড়ায়তন, স্পর্শ, বেদনা, তৃষ্ণা, উপাদান, ভব, জাতি, জরা, মরণ, শোক, পরিবেদনা, দুঃখ ও দুর্মনস্ক, এই গুলিরই নাম সঙ্ঘাত। তদ্বিষয়ে বলিতেছেন ;—

প্রত্যয়শব্দ হেতুবাচী। অবিদ্যাদির পরস্পর হেতুত্ব প্রযুক্ত সঙ্ঘাত উপপন্নই হইতেছে, এইরূপ যাহা বলা হইয়াছে, তাহা সঙ্গত হইতেছে না। কারণ, উহাদিগের পূর্ব্ব পূর্ব্ব উত্তরোত্তরের উৎপত্তিমাত্রের প্রতি কারণ হয়, কিন্তু সঙ্ঘাতের প্রতি নিমিত্ততা দৃষ্ট হয় না। আরও সঙ্ঘাত ভোগের জন্যই। ক্ষণিক আত্মাতে ভোগের সম্ভাবনা নাই। আত্মা সকল কর্ত্তৃক ভোগহেতু ধর্ম্মাধর্ম্মাদির পূর্ব্বে সম্পাদন না হওয়াতেই ভোগের অসম্ভাবনা হয়। আত্ম-

তস্য স্থায়িত্বে সর্ব্বক্ষণিকত্বপ্রতিজ্ঞাব্যাকোপাৎ। ক্ষণিকত্বে প্রাগুক্তদোষানতিবৃত্তেঃ। তস্মাদসঙ্গতঃ সৌগতসময়ঃ ॥ ১৯ ॥

ইদানীমবিদ্যাদীনাং মিথো হেতুত্বং দূষয়তি।

উত্তরোৎপাদে চ পূর্ব্বনিরোধাৎ ॥ ২০ ॥

নেত্যনুবর্ত্ততে। ক্ষণভঙ্গবাদিনো মন্যন্তে উত্তরস্মিন্ ক্ষণে উৎপদ্যমানে পূর্ব্বঃ ক্ষণো নিরুধ্যেত ইতি। উত্তরক্ষণবর্ত্তিনি কার্য্যে জায়মানে সতি পূর্ব্বক্ষণবর্ত্তি কারণং বিনশ্যতীতি তদর্থঃ। ন চৈবমুরীকুর্ব্বতাবিদ্যাদীনাং মিথো হেতুহেতুমদ্ভাবঃ শক্যো বিধাতুং নিরুদ্ধস্য পূর্ব্বক্ষণবর্ত্তিনো নিরুপাখ্য-

ত্যর্থঃ। তদ্ধেতোর্ভোগজনকস্য। তৈরাত্মভিঃ। ন চ তদিতি। আত্মসন্তানেন ধর্ম্মাধর্ম্মাদির্ন কৃত ইত্যর্থঃ। তস্যেতি। তস্যাত্মসন্তানস্য নিত্যত্বেঽভিমতে সর্ব্বো ভাবঃ ক্ষণিক ইতি তব প্রতিজ্ঞা ভজ্যেতেত্যর্থঃ। সৌগতসময়ো বুদ্ধ-সিদ্ধান্তঃ। সর্ব্বজ্ঞঃ সুগতো বুদ্ধ ইত্যমরঃ। সন্তানঃ কারণং মৃদাদি সন্তানি কার্য্যং ঘটাদিরিতি বোধ্যম্ ॥ ১৯ ॥

উত্তরেতি। উরীকুর্ব্বতা স্বীকুর্ব্বতা সৌগতেন ॥ ২০ ॥

সন্তান দ্বারা ধর্ম্মাধর্ম্মাদির উৎপত্তি, এরূপও বলা যায় না। কারণ, উহার স্থায়িত্ব স্বীকারে সর্ব্বক্ষণিকত্ব প্রতিজ্ঞার ব্যাঘাত হয়। আবার ক্ষণিকত্ব বলিলেও পূর্ব্বোক্ত দোষ অপরিহার্য্য হইয়া পড়ে। অতএব সৌগত মত অসঙ্গতই হইতেছে ॥ ১৯ ॥

এক্ষণে অবিদ্যাদির পরস্পরহেতুত্বে দোষারোপ করিতেছেন ;—

পূর্ব্বসূত্র হইতে ন অনুবর্ত্তিত হইবে। ক্ষণভঙ্গবাদীরা বিবেচনা করেন যে, উত্তরক্ষণোৎপত্তিতে পূর্ব্বক্ষণ নিরুদ্ধ হয়। অর্থাৎ উত্তরক্ষণবর্ত্তী কার্য্য জায়মান হইলে, পূর্ব্বক্ষণবর্ত্তী কারণের বিনাশ হয়। এইরূপ বলিলেও অবিদ্যাদির পরস্পর হেতুত্বে হেতুহেতুমদ্ভাব স্থাপন করিতে পারা যায় না। কারণ, পূর্ব্বক্ষণবর্ত্তী

ত্বেনোত্তরক্ষণবর্ত্তিহেতুতানুপপত্তেঃ। কারণং হি কার্য্যানুস্যূতং দৃষ্টম্॥ ২০॥

অসতঃ সদুৎপত্তিং তে মন্যন্তে। নানুপমর্দ্য প্রাদুর্ভাবাদিতি। তাং দূষয়তি।

অসতি প্রতিজ্ঞোপরোধো যৌগপদ্যমন্যথা॥ ২১॥

অসত্যুপাদানে চেৎ কার্য্যং তদা স্কন্ধহেতুকা সমুদায়োৎপত্তিরিতি প্রতিজ্ঞাভঙ্গঃ। সর্ব্বদা সর্ব্বত্র সর্ব্বং চোৎপদ্যেত উৎপন্নঞ্চাসৎ। অন্যথোপাদানাচ্চেৎ কার্য্যং তর্হি যৌগপদ্যং কার্য্যকারণয়োঃ সহাবস্থিতিঃ স্যাৎ কার্য্যানুস্যূতস্যোপাদান-

---

অসদুৎপত্তিবাদং দূষয়তি অসত ইত্যাদিনা। তে বৈভাষিকাঃ সৌত্রান্তিকাশ্চ তত্র তদ্বাক্যং প্রমাণয়তি নানুপমর্দ্যেতি। বীজমনুপমর্দ্য নাঙ্কুরঃ প্রাদুর্ভবেদতোঽসতঃ তদুৎপত্তিঃ সিদ্ধা।

অসতীতি। বীজস্যোপমর্দ্দিতত্বাদুপাদানস্য তস্যাসদ্রূপত্বম্। সর্ব্বদেতি। সর্ব্বস্মিন্ কালে দেশে চাসতঃ সৌলভ্যাৎ সর্ব্বং কার্য্যং তত্র তত্র জায়েতেত্যর্থঃ।

নিরুদ্ধ কারণের নিরুপাখ্যত্ব অর্থাৎ অসত্ত্ব প্রযুক্ত উত্তরক্ষণহেতুতার অনুপপত্তি হয়॥ ২০॥

কারণমাত্রই কার্য্যে অনুস্যূত দেখা যায়। বীজের অনুপমর্দ্দনেই অঙ্কুরের উৎপত্তি হয় বলিয়া পূর্ব্বপক্ষীরা অসৎ হইতেই সতের উৎপত্তি স্বীকার করিয়া থাকেন। সম্প্রতি উক্ত মতে দোষারোপ করিতেছেন;—

উপাদান না থাকিলেও যদি কার্য্যের উৎপত্তি স্বীকার করা হয়, তাহা হইলে, "সমুদায়োৎপত্তিঃ স্কন্ধহেতুকা," অর্থাৎ স্কন্ধরূপ হেতু হইতে সমুদায়ের উৎপত্তি হয়, এই যে প্রতিজ্ঞা, তাহার ভঙ্গ হয়। বিশেষত তাহা হইলে, সর্ব্বদাই সর্ব্বত্র সকল বস্তুই উৎপন্ন হইতে পারিত। আবার অসৎ হইতে উৎপন্ন কার্য্যকেও অসৎই বলিতে হয়। উপাদান, কার্য্যে অনুস্যূতই থাকে। ঐ অনুস্যূত উপাদান যদি অসৎ না হইয়া সৎই হয়, তাহা হইলে, কার্য্য যে উপাদান

ত্বাৎ। তথাচ ভাবক্ষণিকত্বমতভঙ্গঃ। তস্মান্নাসতঃ তদুৎ-পত্তিঃ ॥ ২১ ॥

দীপস্যেব ঘটাদের্নিরন্বয়ং বিনাশং মন্যন্তে। তং দূষয়তি।

প্রতিসংখ্যাপ্রতিসংখ্যানিরোধাপ্রাপ্তিরবিচ্ছেদাৎ ॥ ২২ ॥

ভাবানাং ধীপূর্ব্বকো ধ্বংসঃ প্রতিসংখ্যানিরোধঃ। তদ্বিল-ক্ষণস্ত্বপ্রতিসংখ্যানিরোধঃ। আবরণাভাবমাত্রমাকাশম্। এত-ত্রয়ং নিরুপাখ্যং শূন্যমিতিযাবৎ। তদন্যৎ সর্ব্বং ক্ষণিকম্। যদুক্তম্। বুদ্ধিবোধ্যং ত্রয়াদন্যৎ সংস্কৃতং ক্ষণিকং চেতি। তত্রাকাশং পরত্র নিরাকরিষ্যতি। নিরোধৌ তাবন্নিরা-

উৎপন্নমিতি। জাতকার্য্যগসন্নিরূপাখ্যং স্যাৎ। তদ্ধেতোরসত্ত্বাদিত্যর্থঃ। সহাব-স্থিতিরেকস্মিন্ কালেঽবস্থানম্ ॥ ২১ ॥

দীপস্যেতি। নিরন্বয়ং নিরবশেষম্।

প্রতিসংখ্যেতি। প্রতিকূলাসন্তং ঘটমসন্তং করোমীত্যেবংলক্ষণা সংখ্যাবুদ্ধিঃ প্রতিসংখ্যা তয়া নিরোধো নাশঃ প্রতিসংখ্যানিরোধঃ তদ্বিলক্ষণস্ত্বন্য ইত্যর্থঃ। নিরুপাখ্যং তুচ্ছমবস্তুভূতমিতি যাবৎ। বুদ্ধীতি। ত্রয়াৎ নিরোধদ্বয়াকাশরূপাৎ

হইতে উৎপন্ন হইত, সেই উপাদানের সহিত সর্ব্বদাই একত্র অবস্থান করিত। সুতরাং ভাবক্ষণিকত্ব মতেরও ভঙ্গ হইত। অতএব অসৎ হইতে সতের উৎ-পত্তি কোনরূপেই স্বীকার্য্য হইতে পারে না ॥ ২১ ॥

অনন্তর যাঁহারা দীপের ন্যায় ঘটাদির নিরবশেষে বিনাশ স্বীকার করেন, তাঁহাদের মতে দোষারোপ করিতেছেন ;—

ভাব সকলের বুদ্ধিপূর্ব্বক ধ্বংসের নাম প্রতিসংখ্যানিরোধ এবং তদ্বৈপ-রীত্যই অপ্রতিসংখ্যানিরোধ। আবরণাভাবমাত্রই আকাশ। এই তিনটিই নিরু-পাখ্য অর্থাৎ শূন্য। তদ্ভিন্ন আর সকলই ক্ষণিক। উক্ত হইয়াছে—'নিরোধদ্বয় ও আকাশ, এই পদার্থ তিনটি হইতে ভিন্ন পরমাণু ও পৃথিবী প্রভৃতি পদার্থ সকল বুদ্ধিগম্য, সংস্কৃত ও ক্ষণিক। তন্মধ্যে আকাশ পরে নিরাকৃত হইবে। সম্প্রতি

করোতি প্রতিসংখ্যেতি। এতয়োর্নিরোধয়োরপ্রাপ্তিরসম্ভবঃ স্যাৎ। কুতঃ অবিচ্ছেদাৎ। সতো নিরন্বয়বিনাশাভাবাৎ। অবস্থান্তরাপত্তিরেব সতো দ্রবস্যোৎপত্তির্বিনাশশ্চ। অবস্থাশ্রয়ো দ্রব্যং ত্বেকং স্থায়ীতি। ন চ দীপনাশস্য নিরন্বয়ত্ববীক্ষণাদন্যত্রাপি তথাস্ত্বিতি বাচ্যম্ অবস্থান্তরাপত্তেরেবান্যত্র নাশত্বে নিশ্চিতে দীপেঽপি তস্যা এব তত্ত্বেন নিশ্চেয়ত্বাৎ। অনুপলম্ভস্ত্বতিসৌক্ষ্ম্যাদেব। সদ্বস্তুনো নিরন্বয়শ্চেদ্বিনাশস্তর্হি ক্ষণানন্তরং বিশ্বং নিরুপাখ্যং পশ্যেস্ত্বঞ্চ ন ভবের্ন চৈবমস্তি। তস্মাদনুপপন্নঃ সঃ॥ ২২॥

অন্যৎ পরমাণুপৃথিব্যাদি। বুদ্ধিবোধ্যং ধীগম্যমিত্যর্থঃ। অবস্থান্তরেতি। সতো মৃৎপিণ্ডস্য কম্বুগ্রীবাদ্যবস্থাযোগো ঘটস্যোৎপত্তিস্তদ্বিরোধিকপালাদ্যবস্থাযোগস্তু তস্য বিনাশঃ মৃৎপিণ্ডস্ত্বেকঃ স্থায়ীত্যর্থঃ। ন চেতি। অন্যত্র ঘটাদিবিনাশে। অন্যত্র ঘটাদৌ। তস্যা ইতি। অবস্থান্তরাপত্তেরেব নাশত্বেন নিশ্চেতুং শক্যত্বাদিত্যর্থঃ। নমু মৃদ্রব্যস্যেব দীপস্য কুতো নোপলম্ভস্তত্রাহাতিসৌক্ষ্ম্যাদিতি। দীপপ্রকাশোঽপি ভূততৃতীয়ে তেজসি বিলীনস্তিষ্ঠেদেবেতি ভাবঃ। নিরুপাখ্যমভাবগ্রস্তম্। ত্বঞ্চেতি। নিরন্বয়বিনাশবাদী ক্ষণিকস্ত্বঞ্চ ক্ষণোত্তরমভাবগ্রস্তঃ

নিরোধদ্বয়ই নিরাকৃত হইতেছে। অবিচ্ছেদ বশত অর্থাৎ সৎ বস্তুর নিরন্বয় বিনাশের অভাব হেতু উক্ত নিরোধদ্বয়ের অপ্রাপ্তি অর্থাৎ অসম্ভব হইতেছে। অবস্থান্তরাপত্তিই সদ্দ্রব্যের উৎপত্তি। বিনাশও অবস্থাশ্রয়। এক দ্রব্যই স্থায়ী। দীপনাশের শূন্যত্ব দর্শনে অন্যত্রও ঐরূপই বলা যাইতে পারে না। অন্যত্র অবস্থান্তরাপত্তিই যদি নাশরূপে নির্ণীত হইল, তবে দীপেও অবস্থান্তরাপত্তিরই নিশ্চয় করিতে হইতেছে। অতি সূক্ষ্মত্ব প্রযুক্তই উহার উপলব্ধি হয় না। সৎ বস্তুর বিনাশ যদি, উহার শূন্যত্বই হইত, তাহা হইলে, তুমিও ক্ষণান্তরে বিশ্বকে শূন্যই দেখিতে এবং তুমি নিজেও থাকিতে না। কিন্তু এরূপ কখনই ঘটে না। অতএব উক্ত মত অনুপপন্নই হইতেছে॥ ২২॥

অথ তদভিমতাং মুক্তিং দূষয়তি।

উভয়থা চ দোষাৎ ॥ ২৩ ॥

ত্রিষু মণ্ডূকপ্লুত্যা নেত্যনুবর্ত্ততে। যোঽয়ং সংসারহেতোরবিদ্যাদের্নিরোধো বৌদ্ধৈর্মোক্ষোঽভিমতঃ। স কিং সাক্ষাত্তত্ত্বজ্ঞানাৎ স্যাৎ স্বয়মেব বা। নাদ্যঃ নির্হেতুকবিনাশস্বীকারবৈয়র্থ্যাৎ নেতরঃ সাধনোপদেশনৈরর্থক্যাদিত্যুভয়থাপি বিচারাসহত্বাত্তদভিমতো মোক্ষোঽপি ন সিধ্যতি ॥ ২৩ ॥

অথাকাশস্য নিরুপাখ্যত্বং নিরস্যতে।

আকাশে চাবিশেষাৎ ॥ ২৪ ॥

আকাশে যা নিরুপাখ্যতাভিমতা সা ন সম্ভবতি। কুতঃ অবিশেষাৎ। ইহ শ্যেন উৎপততীতি প্রতীত্যা তত্রাপি

স্যা ইত্যর্থঃ। তথাচ মোক্ষোপায়ে প্রবৃত্তিস্তেঽতীবমূঢ়তামাপাদয়েদিতি ভাবঃ। স নিরন্বয়বিনাশঃ ॥ ২২ ॥

উভয়থেতি। নির্হেতুকেতি। অপ্রতিসংখ্যানিরোধাঙ্গীকারনৈরর্থক্যাদিত্যর্থঃ ॥ ২৩ ॥

অনন্তর তদভিমত মুক্তিতেও দোষারোপ করিতেছেন ;—

মণ্ডূকপ্লুতি অনুসারে তিনটি সূত্রে ন অনুবর্ত্তিত হইবে। বৌদ্ধেরা সংসারহেতু অবিদ্যাদির নিরোধকেই যে মোক্ষ বিবেচনা করেন, সেই মোক্ষ তত্ত্বজ্ঞান হইতেই হয় বা আপনা হইতেই হয়? উহাকে তত্ত্বজ্ঞানজন্য বলা যায় না। কারণ, তাহা হইলে নির্হেতুক বিনাশ অর্থাৎ অপ্রতিসংখ্যানিরোধের স্বীকার ব্যর্থ হয়। দ্বিতীয় পক্ষও সঙ্গত হয় না। কারণ আপনা হইতেই মোক্ষ হয় বলিলে, সাধনোপদেশ নিরর্থক হইয়া পড়ে। এইরূপে উভয়পক্ষই বিচারাসহ হইতেছে। অতএব তদভিমত মোক্ষও সিদ্ধ হইতেছে না ॥ ২৩ ॥

সম্প্রতি আকাশের নিরুপাখ্যত্ব নিরাস করিতেছেন ;—

আকাশে যে শূন্যতা অভিমত হইয়াছে, অবিশেষ বশত তাহা সম্ভব হয় না। 'আকাশে শ্যেন পক্ষী উড়িতেছে,' এইরূপ প্রতীতি হেতু আকাশেও

পৃথিব্যাদিবদ্ভাবরূপত্বাৎ গন্ধাদিগুণানাং পৃথিব্যাদিবস্ত্বাশ্রয়ত্ব-বীক্ষণাচ্ছব্দগুণস্যাপ্যাকাশো বস্তুভূত এবাশ্রয় ইত্যনুমানাচ্চ। বায়ুরাকাশসংশ্রয় ইতি স্বতুক্ত্যসঙ্গতেশ্চ। অপি চ আবরণা-ভাবমাত্রমাকাশমিতি ন শক্যং বক্তুং ক্ষোদাক্ষমত্বাৎ। তথাহি। ন তাবৎ প্রাগভাবাদিত্রয়মাকাশঃ। পৃথিব্যাদে-রাবরণস্য সত্ত্বেন তদপ্রতীতিপ্রসঙ্গাৎ বিশ্বং নিরাকাশং স্যাৎ। আকাশস্য সত্ত্বেন পৃথিব্যাদ্যপ্রতীতিপ্রসঙ্গাচ্চ। নাপ্যন্যো-ন্যাভাবঃ তস্য তত্তদাবরণগতত্বেন তন্মধ্যাকাশাপ্রতীতি-

আকাশে ইতি। তত্রাপি আকাশেঽপীত্যর্থঃ। ন তাবদিতি। প্রাগভাবঃ প্রধ্বস্তাভাবোঽত্যন্তাভাবশ্চ নাকাশ ইত্যর্থঃ। তদপ্রতীতিস্তস্যাঃ প্রসঙ্গাৎ প্রাপ্তেঃ। নাপীতি। অন্যোন্যাভাবোঽপি নাকাশ ইত্যর্থঃ। তস্যান্যোন্যাভাবস্য পৃথিব্যাদ্যাবরণবর্ত্তিত্বেন পৃথিব্যাদিমধ্যগতাকাশপ্রতীতেরিত্যর্থঃ॥ ২৪॥

পৃথিব্যাদির ন্যায় ভাবরূপত্ব দৃষ্ট হয় বলিয়া, এবং গন্ধাদি গুণ যেরূপ পৃথিব্যাদি বস্তুকে আশ্রয় করিয়া থাকে, তদ্রূপ শব্দগুণ আকাশরূপ বস্তুকে আশ্রয় করিয়া থাকে বলিয়া, বিশেষত 'বায়ুরাকাশসংশ্রয়ঃ' এইরূপ নিজের উক্তির অসঙ্গতি হয় বলিয়া পৃথিব্যাদি বস্তুর সহিত আকাশের কোন বিশেষ না থাকাতেই আকাশকে শূন্য বলিতে পারা যায় না। আরও অযৌক্তিকত্ব প্রযুক্ত 'আবরণা-ভাবমাত্রই আকাশ,' এইরূপ বলিতেই পারা যায় না। যেহেতু আকাশকে প্রাগভাবাদি অভাবত্রয়ের মধ্যে নিবেশ করা যায় না। পৃথিব্যাদির আবরণের সত্তা আছে। আকাশ যদি আবরণাভাব অর্থাৎ কাহারও আবরণ নহে, এই-রূপ অভাব পদার্থ হইল, তাহা হইলে, উহা পৃথিব্যাদির আবরণ হইতে পারিল না। সুতরাং বিশ্ব আকাশরহিতই হইয়া পড়িল। আবার আকাশের সত্তা স্বীকারে সদ্বস্তুর অপ্রতীতি নিবন্ধন পৃথিব্যাদিরও অপ্রতীতির প্রসঙ্গ হয়। ঐ আবরণাভাবরূপ আকাশকে অন্যোন্যাভাবও বলা যায় না। কারণ, উক্ত অন্যোন্যাভাব পৃথিব্যাদির আবরণেরই অন্তর্গত বলিয়া পৃথিব্যাদিমধ্যগত

প্রসঙ্গাদিতি যৎকিঞ্চিদেতৎ। যত্রাবরণাভাবস্তদাকাশমিতি চেত্তর্হি বস্তুভূতমেব তৎ আবরণাভাবেন বিশেষিতত্বাৎ। তস্মাৎ পৃথিব্যাদিবদ্ভাবভূতমেবাকাশং ন তু নিরুপাখ্যম্ ॥২৪॥

অথ ভাবস্য ক্ষণিকত্বং দূষয়তি।

অনুস্মৃতেশ্চ ॥ ২৫ ॥

পূর্ব্বানুভূতবস্তুবিষয়া ধীরনুস্মৃতিঃ। প্রত্যভিজ্ঞেতি যাবৎ। সমস্তং বস্তু তদেবেদমিতি পূর্ব্বানুভূতমনুসন্ধীয়তেঽতঃ ক্ষণিকত্বং ভাবস্য ন। ন চ সেয়ং গঙ্গা তদিদং দীপার্চ্চিরিতিবৎ সাদৃশ্যনিবন্ধনা ন তু বস্ত্বৈক্যনিবন্ধনা সেতি বাচ্যং সাদৃশ্যগ্রহীতুরেকস্য স্থায়িনো ভাবেন তদযোগাৎ। কিঞ্চ বাহ্যে বস্তুনি কদাচিৎ সংশয়ঃ স্যাত্তদেবেদং তৎসদৃশং বেতি

আকাশের অপ্রতীতি প্রসঙ্গ ঘটে। এ সম্বন্ধে আর অধিক বলা নিষ্প্রয়োজন। যাহাতে আবরণ না থাকে, তাহাকেই যদি আকাশ বলা হয়, তাহা হইলেও ঐ আকাশের বস্তুভূতত্বই অর্থাৎ ভাবত্বই হইতেছে। কারণ, আকাশ, আবরণাভাবরূপ একটি বিশেষ বস্তু, ইহাই সিদ্ধ হইতেছে। অতএব আকাশ অভাব না হইয়া পৃথিব্যাদি ভাব পদার্থের সদৃশ একটি ভাব পদার্থই হইতেছে। উহা শূন্য অর্থাৎ অবস্তুভূত নহে ॥ ২৪ ॥

অনন্তর ভাব পদার্থের ক্ষণিকত্ব পক্ষে দোষ প্রদান করিতেছেন ;—

পূর্ব্বানুভূতবস্তুবিষয়িণী বুদ্ধির নাম অনুস্মৃতি। অনুস্মৃতি শব্দে প্রত্যভিজ্ঞাই বোধিত হয়। 'ইহা সেই পূর্ব্বানুভূত বস্তুই,' এইরূপে সংসারের সকল বস্তুরই পূর্ব্বানুভূতত্ব অনুসন্ধিত হয়। অতএব ভাব পদার্থ কখনই ক্ষণিক হইতে পারে না। 'সেই এই গঙ্গা,' 'সেই এই দীপশিখা,' ইত্যাদি প্রতীতির ন্যায় প্রত্যভিজ্ঞামাত্রই সাদৃশ্যনিবন্ধনা, ঐক্যনিবন্ধনা নহে, এরূপ বলা যায় না। কারণ, একটি স্থায়ী বস্তু ব্যতিরেকে সাদৃশ্যগ্রহীতার ঐরূপ পূর্ব্বানুস্মৃতির জ্ঞানই হইতে পারে না। আরও বাহ্য বস্তুতে কখনও না কখন 'ইহা কি তাহাই,

আত্মনি তূপলব্ধরি ন কদাচিৎ অন্যানুভূতেঽন্যস্মৃত্যসম্ভবাৎ। ন চ সন্তানৈক্যং নিয়ামকং স্থায়িসন্তানস্বীকারে স এব স্থির আত্মেতি মতান্তরাপত্তেঃ। অস্বীকারেঽন্যস্মৃত্যসিদ্ধেঃ। অপি চ কিং নাম ক্ষণিকত্বম্। কিং ক্ষণসম্বন্ধঃ কিং বা ক্ষণেনৈবোৎপত্তিবিনাশৌ। ন তাবদাদ্যঃ স্থায়িনঃ ক্ষণসম্বন্ধসত্ত্বাৎ। ন দ্বিতীয়ঃ প্রত্যক্ষবাধাৎ। এতেন দৃষ্টিসৃষ্টিরপি নিরাকৃতা। অত্রাপ্যর্থাৎ ক্ষণিকত্বস্বীকারাৎ। তস্মান্ন ক্ষণিকো ভাবঃ॥ ২৫॥

স্বকীয়ং পীতাদ্যাকারং জ্ঞানে সমর্প্য বিনষ্টোঽপ্যর্থো জ্ঞানগতেন পীতাদ্যাকারেণানুমীয়তে। অতোঽর্থবৈচিত্র্যকৃতমেব জ্ঞানবৈচিত্র্যমিতি সৌত্রান্তিকমতং দূষয়তি।

অনুস্মৃতেরিতি। তদযোগাৎ সাদৃশ্যানুসন্ধানাসম্ভবাৎ। বাহ্যে বস্তুনি গঙ্গাপ্রবাহদীপার্চ্চিরাদৌ॥ ২৫॥

অথ সৌত্রান্তিকমাত্রস্বীকৃতমংশং দূষয়তি স্বকীয়মিত্যাদিনা।

অথবা তৎসদৃশ,' এরূপ সংশয় হইতে পারিত, কিন্তু উপলব্ধিকর্ত্তার আত্মাতে সংশয় হইতে পারিত না। অন্য কর্ত্তৃক অনুভূত বস্তুতে অন্যের অনুস্মৃতিই অসম্ভব। সন্তান অর্থাৎ জ্ঞানধারার ঐক্যকেই যে ঐ বুদ্ধির নিয়ামক বলা হইবে, তাহাও বলিতে পারা যায় না। উক্ত সন্তানের স্থায়িত্ব স্বীকারে স্থির আত্মা স্বীকৃত হইয়া পড়িতেছে। স্থির আত্মা বৌদ্ধের বিপক্ষের মত। উহার অস্বীকারে স্মরণই অসিদ্ধ হইতেছে। আরও ক্ষণিক কাহাকে বলিব? ক্ষণসম্বন্ধের নামই কি ক্ষণিক? অথবা ক্ষণে উৎপত্তি ও ক্ষণে বিনাশের নামই ক্ষণিক? প্রথম পক্ষ সঙ্গত হয় না। কারণ, স্থায়ী বস্তুরও ক্ষণসম্বন্ধ দৃষ্ট হয়। দ্বিতীয় পক্ষও অসঙ্গত। কারণ, তৎস্বীকারে প্রত্যক্ষের বাধ হয়। এতদ্দ্বারা দৃষ্টিসৃষ্টিও নিরাকৃত হইল। কারণ, উক্ত মতেও অর্থত ক্ষণিকত্ব স্বীকার করা হইয়াছে। অতএব ভাব পদার্থ কোনরূপেই ক্ষণিক হইতে পারে না॥ ২৫॥

নাসতোঽদৃষ্টত্বাৎ॥ ২৬॥

অসতো বিনষ্টস্য পীতাদ্যর্থস্য পীতাদিরাকারো জ্ঞানে ন সম্ভবতি। কুতঃ অদৃষ্টত্বাৎ। ধর্ম্মিণি বিনষ্টে ধর্ম্মস্যান্যত্র সম্বন্ধাদর্শনাৎ। ন চানুমেয়ো ঘটাদির্ন তু প্রত্যক্ষ ইতি শক্যং ভণিতুম্। প্রত্যক্ষেণ জানামীতি প্রতীত্যৈব তন্নিরাসাদিতি সৌত্রান্তিকাসাধারণো দোষঃ। তস্মাৎ প্রত্যক্ষো ঘটাদির্ন তু জ্ঞানগতেন তদাকারেণানুমীয়ত ইতি॥ ২৬॥

অথোভয়সাধারণদোষমাহ।

উদাসীনানামপি চৈবং সিদ্ধিঃ॥ ২৭॥

নাসত ইতি। ধর্ম্মিণীতি। পীতাদিকোঽর্থো ধর্ম্মী তস্মিন্ বিনষ্টেঽপি সতি। ধর্ম্মস্য পীতাদ্যাকারস্য ততোঽন্যত্র জ্ঞানে সম্বন্ধো ন দৃষ্টো নানুভূতো যস্মাদিত্যর্থঃ। প্রত্যক্ষেণেতি। চাক্ষুষাদিনা প্রত্যক্ষেণ ঘটমহং জানামীতি প্রত্যয়েনৈবানুমাননিরাসাদিত্যর্থঃ॥ ২৬॥

'বস্তু সকল স্বীয় পীতাদি আকারকে জ্ঞানে সমর্পণ পূর্ব্বক বিনষ্ট হইলেও তাহারা জ্ঞানগত পীতাদি আকার দ্বারা অনুমিত হইয়া থাকে। অতএব জ্ঞানবৈচিত্র্য অর্থবৈচিত্র্যকৃত।' এই যে সৌত্রান্তিকের মত, এক্ষণে তাহাতেই দোষারোপ করিতেছেন ;—

অদৃষ্টত্ব হেতু অসতের পীতাদি আকার জ্ঞানে অবস্থান করে, এরূপ সম্ভব হয় না।

যাহা বিনষ্ট হইয়াছে, তাহাই অসৎ। ঐ অসৎ পীতাদি বস্তুর যে পীতাদি আকার, তাহা জ্ঞানে থাকে, এরূপ বলা যায় না ; কারণ, উহা দেখা যায় না। উহা যদি থাকিত, তবে দেখাও যাইত। ধর্ম্মী বস্তু বিনষ্ট হইলে, তদ্ধর্ম্মের অন্যত্র সম্বন্ধ কোথাও দেখা যায় নাই। ঘটাদি প্রত্যক্ষ নহে, অনুমেয়, এরূপও বলা যায় না। কারণ, এই বস্তুকে আমি প্রত্যক্ষ করিতেছি, এইরূপ প্রতীতি দ্বারাই উক্ত মত নিরস্ত হইতেছে। এইটি সৌত্রান্তিকের অসাধারণ দোষ। অতএব প্রত্যক্ষ ঘটাদি জ্ঞানগত তদাকারে অনুমেয় বলা যায় না॥ ২৬॥

এবং ভাবক্ষণিকতয়াসদুৎপত্তৌ স্বীকৃতায়ামুদাসীনানা-মুপায়শূন্যানামপ্যুপেয়সিদ্ধিঃ স্যাৎ ক্ষণভঙ্গবাদে ভাবমাত্রস্য পরক্ষণস্থিত্যভাবাদিষ্টানিষ্টাপ্তিপরিহারয়োর্লোকদৃষ্টয়োরহে-তুকত্বমতোঽনুপায়বতামপি তৎপ্রাপ্তিঃ স্যাৎ। উপেয়-লিপ্সুঃ কশ্চিদপি কুত্রাপ্যুপায়ে ন প্রবর্ত্তেত স্বর্গায় মোক্ষায় বা ন কোঽপি প্রযতেত। ন চৈবমস্তি সর্ব্বস্যা-

উদাসীনানামিতি। বৈভাষিকাঃ সৌত্রান্তিকাশ্চোত্তরোৎপাদে চ পূর্ব্ব-নিরোধাদিতি স্বীকুর্ব্বন্তঃ কার্য্যোৎপত্তিপ্রারম্ভে সতি হেতোর্ভাবস্য ক্ষণিকত্বা-দ্বিনাশং মন্যন্তে। ভাবস্য ক্ষণাদূর্দ্ধং বিনাশিত্বেন কার্য্যারম্ভে তদুপাদেয়ো হেতু-রভাবগ্রস্ত ইত্যকারণিকৈব তন্মতে সা ভবেৎ। ততশ্চ কার্য্যমুৎপিপাদয়িষবস্তে হেতোর্বিনাশাদ্ধেতুরূপোপায়াভাবাদুপায়শূন্যা উদাসীনাঃ কথ্যন্তে। ব্যবহারো-পায়হীনা বিরক্তা যথোদাসীনা ব্যপদিষ্টাঃ ইত্থঞ্চোদাসীনানামুপায়শূন্যানামিতি সাধু ব্যাখ্যাতম্। তদয়মর্থঃ। ধান্যাদিফলোপায়েষু কর্ষণাদিষ্বপ্রবর্ত্তমানানাং স্ববেশ্মনি তূষ্ণীং স্থিতানাং পুংসামভীষ্টধান্যাদিফলপ্রাপ্তিঃ স্যাৎ। সন্ন্যাসিনামপি পুত্রাদিকং ভবেদিত্যন্যে। ক্ষণভঙ্গবাদে ইষ্টপ্রাপ্ত্যনিষ্টপরিহারয়োর্লোকদৃষ্টয়ো-রুক্তরীত্যা নির্হেতুকত্বাৎ তাবিচ্ছতাং হেতুরূপোপায়শূন্যানামপি তদ্রূপোপেয়-সিদ্ধিঃ স্যাদিত্যর্থঃ। যদ্যেষ সিদ্ধান্তঃ পারমার্থিকস্তর্হি তদ্গ্রাহিকাণামৈহিক-ফলসাধনেষু প্রবৃত্তির্ন স্যাদিত্যাহ উপেয়লিপ্সুঃ কশ্চিদিতি। উপেয়ং ফলং তল্লিপ্সুঃ তদর্থীত্যর্থঃ। পারলৌকিকফলসাধনেষ্বপি ন তেষাং প্রবৃত্তিঃ সুতরা-

অনন্তর উভয়সাধারণ দোষ দেখাইতেছেন ;—

এইরূপে ভাবপদার্থকে ক্ষণিক বলিলে, অসৎ হইতে সতের উৎপত্তি স্বীকার করিতে হয়। তাহা হইলে উপায়শূন্য উদাসীনের উপেয়সিদ্ধি স্বীকার্য্য হইয়া পড়ে। ক্ষণভঙ্গবাদে ভাবপদার্থমাত্রেরই উৎপত্তির পরক্ষণে স্থিতির অভাব প্রযুক্ত ইষ্টের স্বীকার ও অনিষ্টের পরিহার রূপ লোকদৃষ্ট হেতু নিরর্থক হয়। তাহা হইলে, উপায়হীন ব্যক্তির ইষ্টপ্রাপ্তি ঘটে। সুতরাং আর কেহই উপেয়লিপ্সু হইয়া কখন কোন উপায়ে প্রবৃত্ত হইবে না। কেহই স্বর্গ বা

প্ন্যপেয়ার্থিনঃ সোপায়তা তয়ৈবোপেয়লাভশ্চ প্রতীয়তে। তস্মাদ্বিশ্বপ্রতারার্থমেতয়োঃ প্রবৃত্তিঃ। যৌ কিল ভাবভূতস্কন্ধ-হেতুকাং সমুদায়োৎপত্তিং স্বীকৃত্যাপি পুনরভাবাদ্ভাবোৎপত্তি-মূচতুঃ ক্ষণিকানামপ্যাত্মনাং স্বর্গাপবর্গসাধনান্যুপাদিদিশতু-রিতি তুচ্ছস্তৎসিদ্ধান্তঃ॥ ২৭॥

তদেবং বৈভাষিকে সৌত্রান্তিকে চ নিরস্তে বিজ্ঞান-মাত্রবাদী যোগাচারঃ প্রত্যবতিষ্ঠতে। বাহ্যে বস্তুন্যভিনিবেশ-মানান্ কাংশ্চিচ্ছিষ্যাননুরুধ্য বাহ্যার্থপ্রক্রিয়েয়ং সুগতেন রচিতা। তস্যাং ন তস্যাশয়ঃ বিজ্ঞানস্কন্ধমাত্রতাৎপর্য্যাৎ।

মিত্যাহ স্বর্গায়েতি। নন্বস্তু প্রবৃত্তিরিতি চেৎ তত্রাহ ন চৈবমস্তীতি। সোপায়তা দৃশ্যত ইতি শেষঃ। তয়ৈব সোপায়তয়ৈব। এতয়োর্বৈভাষিকাদ্যোঃ। তথাচ ভ্রান্তিমূলেন এতয়োঃ সিদ্ধান্তেন বিরোধঃ সমন্বয়ে নেতি সিদ্ধম্॥ ২৭॥

অথ যোগাচারং নিরাকর্ত্তুমারভতে তদেবমিত্যাদিনা। মা ভূদসঙ্গতেন বৈভাষিকাদিসিদ্ধান্তেন বিরোধঃ সমন্বয়ে বিজ্ঞানবাদেন তু স্বপ্নদৃষ্টান্তপুষ্টেন শক্যঃ স তস্মিন্ কর্ত্তুমিতি প্রত্যুদাহরণাদাক্ষেপঃ। বিজ্ঞানাতিরিক্তস্য বাহ্যবস্তুনঃ

মোক্ষের জন্য চেষ্টা করিবে না। কিন্তু তাহা ত দেখা যায় না। সকলেই উপেয়-লিপ্সু হইয়া তজ্জন্য চেষ্টা করিয়া থাকেন। এবং উপায় দ্বারাই উপেয়ের লাভ দেখা যায়। অতএব লোকপ্রতারণার্থই উহাদিগের প্রবৃত্তি বলিতে হইবে। যাঁহারা ভাবভূত স্কন্ধহেতুক সমুদায়োৎপত্তি স্বীকার করিয়াও, পুনর্ব্বার অভাব হইতেই ভাবোৎপত্তি বলেন, এবং ক্ষণিক আত্মার স্বর্গ ও মোক্ষের সাধন সক-লের উপদেশ করেন, তাঁহাদিগের সিদ্ধান্ত অতি তুচ্ছই হইতেছে॥ ২৭॥

এইরূপে বৈভাষিক ও সৌত্রান্তিক নিরস্ত হইলেন। এক্ষণে বিজ্ঞানমাত্র-বাদী যোগাচারের মত নিরাকরণার্থ প্রকরণান্তর আরম্ভ করিতেছেন। বাহ্য বস্তুতে অভিনিবিষ্ট কোন কোন শিষ্যের অনুরোধে সুগত মুনি এই বাহ্যার্থ-প্রক্রিয়া রচনা করিয়াছেন। কিন্তু এই প্রক্রিয়াতে তাঁহার অভিপ্রায় দৃষ্ট হয়

তথাহি বিজ্ঞেয়ো ঘটাদ্যর্থো বিজ্ঞানান্নাতিরিচ্যতে। তস্যৈবার্থাকারত্বাৎ। ন চার্থান্ বিনা ব্যবহারাসিদ্ধিঃ তান্ বিনাপি স্বপ্নবৎ সিদ্ধেঃ। বাহ্যার্থাস্তিত্ববাদিনাপি জ্ঞানেঽর্থাকারত্বং ধর্ম্মোঽবশ্যং মন্তব্যঃ। কথমন্যথা ঘটজ্ঞানং পটজ্ঞানমিতি ব্যবহারোপপত্তিঃ। তথাচ তেনৈব তৎসিদ্ধৌ কিমর্থৈঃ। নন্বু কথমান্তরং জ্ঞানং ঘটপর্ব্বতাদ্যাকারকম্। মৈবম্। জ্ঞানং কিল প্রকাশমানম্। নিরাকারস্য তস্য প্রকাশাসম্ভবাৎ সাকারমেব

অভাব ইতি সিদ্ধান্তোঽত্র বিষয়ঃ। স প্রমাণমূলো ভ্রমমূলো বেতি সন্দেহে প্রমাণমূল ইতি বক্তুং তৎপ্রক্রিয়াং দর্শয়তি তথাহীত্যাদিনা। তস্যৈবেতি। বিজ্ঞানস্যৈব ঘটাদ্যাকারত্বাদিত্যর্থঃ। স্বপ্নবদিতি সপ্তম্যন্তাদিবার্থে বতিঃ। কথমন্যথেতি। ঘটাকারকং জ্ঞানং ঘটজ্ঞানম্। যথা ঘটকর্ত্তুঃ কুলালস্য জ্ঞানেনৈব ব্যবহারে সিদ্ধে বাহ্যার্থাঙ্গীকারো ব্যর্থঃ। নন্বু কথমিতি সূক্ষ্মে মনসি পর্ব্বতাকারকস্য জ্ঞানস্যাসমাবেশাপত্তেরিতি ভাবঃ। জ্ঞানং কিলেতি। জ্ঞানস্য নিরাকারত্বে কালাদেরিব তস্য প্রকাশো ন স্যাদতঃ সূর্য্যাদেরিব সাকারস্যৈব তস্য প্রকাশান্যথানুপপত্তিস্তত্ত্বে মানম্। ন চ তত্ত্বস্যাসমাবেশঃ তত্তদাকারস্য জ্ঞানাত্মকতয়া

না। যেহেতু বিজ্ঞানস্কন্ধমাত্রেই অন্য স্কন্ধ সকলের তাৎপর্য্য দেখা যায়। বিজ্ঞেয় ঘটাদি পদার্থ বিজ্ঞান হইতে অতিরিক্ত নহে। কারণ, বিজ্ঞানই অর্থাকারে পরিদৃষ্ট হইয়া থাকে। আরও অর্থ ব্যতিরেকে ব্যবহারসিদ্ধি সম্ভব হয় না। অর্থ ব্যতিরেকে ব্যবহারের সিদ্ধি স্বপ্নের সদৃশ। বাহ্যার্থের অস্তিত্ব যাঁহারা স্বীকার করিয়া থাকেন, তাঁহাদেরও জ্ঞানে অর্থাকারত্ব ধর্ম্ম অবশ্য স্বীকার্য্য। অন্যথা ঘটজ্ঞান ও পটজ্ঞান, এইরূপ ব্যবহারই উপপন্ন হয় না। জ্ঞান দ্বারাই যদি ব্যবহারের সিদ্ধি হইল, তাহা হইলে বাহ্য বস্তুর অঙ্গীকারের কোনই প্রয়োজন দেখা যায় না। ক্ষুদ্র মনে স্থিত আন্তর জ্ঞান কিরূপে ঘট ও পর্ব্বতাদির আকারে প্রকাশিত হয়, এরূপও আশঙ্কা করা যাইতে পারে না। কারণ, জ্ঞান প্রকাশমান বস্তু। যাহা নিরাকার, তাহার প্রকাশও সম্ভব হয় না। অতএব

তৎ। নন্বু কথমসতি বাহ্যেঽর্থে ধীবৈচিত্র্যম্। বাসনাবৈচিত্র্যাদ্‌ভবেৎ। বাসনাহেতুকস্য তদ্বৈচিত্র্যস্যান্বয়ব্যতিরেকাভ্যামবধারণাৎ। জ্ঞানজ্ঞেয়য়োঃ সহোপলম্ভনিয়মাদপি ন জ্ঞেয়ং জ্ঞানাদ্ভিন্নম্। কিন্তু জ্ঞানাত্মকমেবেতি।

ইহ সংশয়ঃ। সর্ব্বং জ্ঞানাত্মকমিতি যুজ্যতে ন বেতি স্বপ্নবদ্বিনাপ্যর্থান্ জ্ঞানেনৈব ব্যবহারসিদ্ধেঃ পৃথক্ তদঙ্গীকারে ফলানতিরেকাচ্চ যুজ্যত ইতি প্রাপ্তে—

নাভাব উপলব্ধেঃ ॥ ২৮ ॥

বাহ্যার্থস্যাভাবো ন শক্যো বক্তুম্। কুতঃ উপলব্ধেঃ। ঘটস্য জ্ঞানমিত্যাদৌ জ্ঞানান্যস্যার্থস্যোপলম্ভাৎ। ন চোপ-

---

লৌকিকাকারবৈলক্ষণ্যেন সমাবেশসিদ্ধেঃ। তস্যেতি জ্ঞানস্য। তদ্বৈচিত্র্যস্যেতি ধীবৈচিত্র্যস্য। জ্ঞানং বিনা জ্ঞেয়ং ন ভাসতে অতস্তয়োরভেদ ইত্যর্থঃ। ইহ সংশয় ইত্যাদি। তদঙ্গীকারে অর্থস্বীকারে। তথাচ স্বপ্রকাশাৎ সাকারাৎ ক্ষণিকাৎ জ্ঞানাদেব ব্যবহারে সিদ্ধে স্থিরাৎ জ্ঞানাৎ সশক্তিকাৎ ব্রহ্মণো জগৎসর্গং বদন্ সমন্বয়ো নাস্থেয়ঃ সুধীয়েতি প্রাপ্তে নিরস্যতি।

ঐ জ্ঞানের সাকারত্বই স্বীকার্য্য হইতেছে। যদি বল, বাহ্যবস্তু না থাকিলে, বুদ্ধির বৈচিত্র্য কিরূপে ঘটিবে, তদুত্তরে বক্তব্য এই যে, বাসনার বৈচিত্র্য হইতে বুদ্ধির বৈচিত্র্য হইয়া থাকে। অন্বয় ও ব্যতিরেক দ্বারা বৈচিত্র্যকে বাসনাহেতুক বলিয়াই স্থির করা যায়। আবার জ্ঞান ও জ্ঞেয় বস্তুর সহোপলম্ভ নিয়ম হইতে জ্ঞান বস্তুর জ্ঞেয় বস্তু হইতে অভেদ সিদ্ধান্তিত হয়। জ্ঞেয় বস্তু জ্ঞানাত্মকই। এস্থলে সংশয় এই—সকল বস্তুকেই জ্ঞানাত্মক বলা যুক্ত কি অযুক্ত? স্বপ্নের ন্যায় অর্থ ব্যতিরেকেই ব্যবহারসিদ্ধি দর্শনে এবং উহাকে পৃথক্ বলিয়া স্বীকার করিলেও ফলের অনতিরেক দর্শনে জ্ঞানাত্মক বলাই যুক্ত হইতেছে। এই প্রকার পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন ;—

যখন প্রতিনিয়তই উপলব্ধ হইতেছে, তখন বাহ্যবস্তু যে নাই, এরূপ বলিতে পারা যায় না। 'ঘটের জ্ঞান,' ইত্যাদি স্থলেই জ্ঞান হইতে অতিরিক্ত

লব্ধমপলপন্ গ্রাহ্যবাক্ প্রেক্ষাবতাম্। ন চ নাহমর্থং নোপলভে অপি তু জ্ঞানান্যং নোপলভে ইতি বাচ্যম্। উপলব্ধিবলেনৈব তদন্যতায়া গলে নিপাতনাৎ। ঘটমহং জানামীত্যাদৌ জ্ঞাধাত্বর্থং সকর্ম্মকং সকর্ত্তৃকঞ্চ সর্ব্বো লোকঃ প্রত্যেতি প্রত্যা-য়য়তি চান্যান্। তেন জ্ঞানমাত্রং সাধয়ন্ সকলোপহাসহেতুরিতি ভিন্নোঽর্থো জ্ঞানাৎ। ননু জ্ঞানান্যশ্চেদ্‌ঘটাদিস্তস্য প্রকাশঃ কথং জ্ঞানে চেৎ তর্হ্যেকস্মিন্ সর্ব্বস্য প্রকাশঃ স্যাৎ অন্যত্বা-বিশেষাদিতি চেন্ন। তদ্ভিন্নেঽপি তস্মিন্ যত্র বিষয়তাখ্যঃ

নাভাব ইতি। সর্ব্বপ্রত্যক্ষসিদ্ধস্য ভাবস্যাভাবং বদতা জ্ঞানমাত্রস্যাভাবং কথয়ন্ ন শক্যো নিবারয়িতুমিতি চ বোধ্যম্। ন চেতি। উপলব্ধমর্থম্। তদন্য-তায়া ইতি। অর্থস্থায়া জ্ঞানান্যতায়া ইত্যর্থঃ। তেন জ্ঞাধাত্বর্থেন। তর্হ্যেক-স্মিন্নিতি ঘটজ্ঞানে। এবং ঘটাদের্নিখিলস্য ভানং স্যাদিত্যর্থঃ। তদ্ভিন্নেঽপীতি।

বাহ্য বস্তুর উপলব্ধি হইতেছে। যিনি প্রত্যক্ষের অপলাপ করেন, তাঁহার কথা কখনই জ্ঞানীর গ্রাহ্য হইতে পারে না। 'আমি বাহ্য উপলব্ধ অর্থ উপলব্ধি করি না; জ্ঞান হইতে অতিরিক্ত অর্থেরও উপলব্ধি করি না,' এরূপও বলিতে পারা যায় না। কারণ বাহ্য অর্থ উপলব্ধি করি না, বলাতেই জ্ঞানাতিরিক্ত বাহ্য অর্থেরই উপলব্ধি করি না, ইহাঁই বোধিত হইয়াছে। তৎকালে ঐরূপ বোধ অনিবার্য্য। 'আমি ঘটকে জানি,' এই বাক্যে সকলেই জ্ঞা ধাতুর অর্থ সকর্ম্মক ও সকর্ত্তৃকই উপলব্ধি করিয়া থাকেন এবং অন্যকেও ঐরূপই উপলব্ধি করাইয়া থাকেন। জ্ঞা-ধাতুর অর্থ দ্বারা জ্ঞানমাত্রই বোধিত হওয়াতে পূর্ব্ববক্তা সকলেরই উপহাসাস্পদ হইতেছেন। অতএব উক্ত বাক্যস্থ অর্থ পদ জ্ঞান-ভিন্নই বোধ করাইতেছে। যদি বল, জ্ঞান হইতে ভিন্ন বস্তু ঘটাদি; উহার প্রকাশ, কিরূপে জ্ঞানেই হইবে? যেহেতু ঐরূপ স্বীকার করিলে, এক ঘটের জ্ঞানে নিখিল বস্তুরই ভান স্বীকার করিতে হইবে। কারণ, ঘটাদি নিখিল বস্তুই জ্ঞান হইতে ভিন্ন। এই প্রকার যুক্তি সঙ্গত হইতে পারে না। যেহেতু নিখিল

সম্বন্ধস্তস্যৈব নান্যস্যেতি ব্যবস্থানাৎ। পীতরক্তাদিবিষয়ক-সমূহালম্বনস্য বিরুদ্ধনানাপীতাদ্যাকারাসম্ভবাচ্চ। যত্তু সহোপ-লম্ভনিয়মাদর্থো জ্ঞানাত্মেতি তদসৎ সাহিত্যস্যার্থভেদহেতুক-ত্বাৎ। ততশ্চ তয়োস্তন্নিয়মো হেতুফলভাবনিমিত্তো মন্তব্যঃ। কিঞ্চ বাহ্যমর্থং নিরস্যতা সৌগতেন তস্য পৃথক্‌সত্ত্বং স্বীকৃতম্। যত্তদন্তর্জ্ঞেয়ং রূপং তদ্বহির্বদবভাসত ইতি তদুক্তেঃ। অন্যথা বৎকরণাসম্ভবঃ। ন হি বন্ধ্যাপুত্রো বন্ধ্যাপুত্রবদিতি কশ্চিদাচক্ষীত ॥ ২৮ ॥

জ্ঞানভিন্নেঽপি ঘটাদাবর্থে যত্র বিষয়তাখ্যো জ্ঞানস্য সম্বন্ধস্তস্যৈবার্থস্য প্রকাশো জ্ঞানে ভবেৎ ন তু নিখিলস্যেতি ব্যবস্থিতেরিত্যর্থঃ। বাধকান্তরমাহ পীতরক্তা-দীতি। ষষ্ঠ্যন্তং জ্ঞানস্য বিশেষণম্। সাহিত্যস্যেতি। ন চ সহভাবমাত্রমৈক্যে তন্ত্রং বাগর্থয়োরৈক্যাপত্তেঃ। ততশ্চেতি। জ্ঞানজ্ঞেয়য়োঃ সহোপলম্ভনিয়মঃ কার্য্যকারণভাবহেতুক ইত্যর্থঃ। কিঞ্চেতি। তস্য বাহ্যার্থস্য। যদ্যপ্যয়মতীব ধূর্ত্তস্তথাপি তস্য হৃদ্‌গতার্থাবেদকং যত্তদিতি বাক্যং প্রমাদাদেব নির্গতমিতি বদন্তি ॥ ২৮ ॥

বস্তুই জ্ঞানভিন্ন হইলেও ঘটাদি যে বিষয়ে জ্ঞানের বিষয়তা সম্বন্ধ স্থির হইবে, সেই বিষয়ই সেই জ্ঞানে প্রকাশ পাইবে, অন্য কোন বিষয়ই প্রকাশ পাইবে না, এইরূপই ব্যবস্থা আছে। অন্যথা পীতরক্তাদিবিষয়ক সমূহালম্বন জ্ঞানের বিরুদ্ধ নানা পীতাদি আকারও সম্ভব হইয়া পড়ে; কিন্তু সমূহালম্বন জ্ঞানের নানাত্ব-সম্ভাবনা দৃষ্ট হয় না। কেহ কেহ বলেন, যখন জ্ঞান ও অর্থের একটির সহিত অপরটির উপলম্ভ নিয়মিত হইয়াছে, তখন অর্থ ও জ্ঞান একই। কিন্তু তাঁহাদিগের ঐ মত অযুক্ত। কারণ, ঐ সাহিত্য অর্থ হইতে জ্ঞানের ভেদই বোধ করাইয়া থাকে। অতএব ঐ নিয়ম, হেতুভাব ও ফলভাবের বোধক বলিয়াই বুঝিতে হইবে। বিশেষত সৌগতমতাবলম্বীরা বাহ্য বস্তুর নিরাস করিয়াও তাহার পৃথক্ সত্তাই স্বীকার করিয়াছেন। কারণ, 'যাহা উহার অন্তর্ব্বর্ত্তী জ্ঞেয় রূপ, তাহাই বাহ্যবস্তুর ন্যায় প্রকাশ পাইতেছে,' সৌগতদিগের এই নিজ উক্তির

অথ বাহ্যার্থান্ বিনাপি বাসনাহেতুকেন জ্ঞানবৈচিত্র্যেণ স্বপ্নে যথা ব্যবহার এবং সর্ব্বং জাগরেঽপি স্যাদিতি দৃষ্টান্তেন সাধিতং দূষয়তি।

বৈধর্ম্ম্যাচ্চ ন স্বপ্নাদিবৎ ॥ ২৯ ॥

চশব্দোঽবধারণে। স্বপ্নে মনোরথে চ যথা ঘটাদ্যর্থাকারক-জ্ঞানমাত্রসিদ্ধো ব্যবহারস্তথা জাগরেঽপি ভবেদিত্যেতন্ন সম্ভবতি। কুতঃ বৈধর্ম্ম্যাৎ। স্বপ্নজাগরপ্রাপ্তয়োর্ব্বস্তুনোরসা-ধর্ম্ম্যাদেব স্বপ্নে খল্বনুভূতং স্মর্য্যতে জাগরে তু প্রত্যক্ষেণানু-ভূয়তে। স্বপ্নোপলব্ধং ক্ষণদ্বয়মাত্রেণান্যদন্যদ্ভবতি বাধিতঞ্চ

নম্বু জাগ্রৎপ্রত্যয়াঃ সর্ব্বে নিরালম্বনাঃ প্রত্যয়ত্বাৎ স্বপ্নাদিপ্রত্যয়বদিত্যা-শঙ্ক্য দৃষ্টান্তে বাধিতবিষয়ত্বমুপাধিরিত্যাহ বৈধর্ম্ম্যাচ্চেতি। স্বপ্নজাগরপ্রত্যয়য়ো-র্বাধিতবিষয়ত্বাবাধিতবিষত্বাভ্যাং বৈধর্ম্ম্যাৎ ন তেন দৃষ্টান্তেন জাগরপ্রত্যয়স্য নিরালম্বনত্বং সাধ্যমিত্যর্থঃ ॥ ২৯ ॥

অন্তর্গত 'যাহা' ও 'তাহা' এই দুইটি শব্দ দ্বারাই বাহ্য বস্তুর পৃথক্ সত্তা স্বীকার করা হইতেছে। অন্যথা তাঁহারা 'বাহ্য বস্তুর ন্যায়' এইরূপ বাক্যই প্রয়োগ করিতেন না। 'বন্ধ্যাপুত্রকে' কেহই 'বন্ধ্যাপুত্রের ন্যায়,' এইরূপ বলেন না ॥২৮॥

অনন্তর বাহ্য অর্থ ব্যতিরেকেই বাসনাহেতুক জ্ঞানবৈচিত্র্য দ্বারা স্বপ্নে যেরূপ ব্যবহার হয়, তদ্রূপ ব্যবহার জাগ্রত অবস্থাতেও হউক, এইরূপ যে মত দৃষ্টান্তদ্বারা প্রকাশ করা হইয়াছে,এক্ষণে তাহাতেই দোষারোপ করিতেছেন;—

পরস্পর বৈধর্ম্ম্য বশত স্বাপ্নিক ও জাগ্রত ব্যবহারের একরূপতা স্বীকৃত হইতে পারে না। স্বপ্নে ও মনোরথে ঘটাদির আকারে আকারিত জ্ঞান মাত্র দ্বারা সিদ্ধ ব্যবহার যেরূপ, জাগ্রদবস্থায় ব্যবহারও তদ্রূপ, এরূপ বলা যায় না। কারণ, স্বপ্নের ধর্ম্ম, জাগ্রতের ধর্ম্ম হইতে সম্পূর্ণ বিভিন্ন। স্বাপ্নিক বস্তু ও জাগ্রত বস্তুর পরস্পর সাধর্ম্ম্যই দেখা যায় না। স্বপ্নে পূর্ব্বানুভূতের স্মরণ হয়। কিন্তু জাগ্রদবস্থায় প্রত্যক্ষত অনুভব হইয়া থাকে। স্বপ্নদৃষ্ট বস্তু সকল ক্ষণদ্বয়

বোধে। জাগরোপলব্ধং তু বর্ষশতানন্তরমপি তদ্ধর্ম্মকমবাধিতঞ্চেতি। কিঞ্চ স্বপ্নেঽনুভূতং স্মর্য্যত ইতি প্রত্যুক্তিমাত্রং বোধ্যম্। স্বমতস্তু স্বমাত্রানুভাব্যং তাবন্মাত্রসময়ং বস্তু স্বপ্নে পরেশঃ সৃজতীতি সন্ধ্যে সৃষ্টিরাহ হীত্যাদিনা বক্ষ্যতে ॥২৯॥

যত্তূক্তং বিনাপ্যর্থান্ বাসনাবৈচিত্র্যাজ্ জ্ঞানবৈচিত্র্যমুপপদ্যত ইতি তন্নিরাসায়াহ।

ন ভাবোঽনুপলব্ধেঃ ॥ ৩০ ॥

বাসনানাং ভাবো ন সম্ভবতি। কুতঃ অনুপলব্ধেঃ। ত্বন্মতে বাহ্যার্থাপ্রাপ্তেঃ। অর্থমূলা কিল বাসনার্থান্বয়ব্যতিরেকসিদ্ধা। তব ত্বর্থানঙ্গীকারাৎ সা ন সম্ভবেৎ ॥ ৩০ ॥

ন ভাবেতি। স্পষ্টম্ ॥ ৩০ ॥

মধ্যেই অন্যরূপ হয় এবং স্বপ্নাপগমে উহা বাধিতও হইয়া যায়। কিন্তু জাগ্রদ্‌দৃষ্ট বস্তুর সেরূপ রূপান্তর হয় না। উহা আজিও যেরূপ, শতবর্ষ পরেও সেইরূপই থাকে, এবং বাধিতও হয় না। আর এক কথা, এস্থলে স্বপ্নে পূর্ব্বানুভূত বস্তুরই স্মরণ হয়, এই যে উক্তি, তাহা প্রত্যুক্তিমাত্রই জানিতে হইবে। যেহেতু সূত্রকারের নিজমত তাহা নহে। সূত্রকার, "সন্ধ্যে সৃষ্টিরাহ হি," 'স্বপ্নে যাহা কিছু দেখা যায়, তাহা তৎকালে পরমেশ্বর কর্ত্তৃক সৃষ্ট হইয়া থাকে' এইরূপ বলিবেন ॥ ২৯ ॥

'অর্থ ব্যতিরেকেও বাসনাবৈচিত্র্য বশত জ্ঞানবৈচিত্র্য উপপন্ন হয়,' এইরূপ যাহা বাদী বলিয়াছেন, তাহারই নিরাসের নিমিত্ত পরবর্ত্তী সূত্রের অবতারণা করা হইতেছে।

অনুপলব্ধি বশত বাসনার সত্তাই স্বীকার করিতে পারা যায় না। পূর্ব্বপক্ষীর মতে বাহ্যার্থই নাই। বাসনা অর্থমূলক। অর্থ থাকিলেই বাসনা থাকে, অর্থ না থাকিলে বাসনাও থাকে না। অতএব বাহ্যার্থের অভাবে বাসনার অস্তিত্বই অসম্ভব হইয়া পড়িতেছে ॥ ৩০ ॥

কিঞ্চ বাসনা নাম সংস্কারবিশেষঃ। স চ স্থিরমাশ্রয়ং বিনা ন সম্ভবতীত্যাহ।

ক্ষণিকত্বাচ্চ ॥ ৩১ ॥

নেত্যনুবর্ত্ততে। বাসনাশ্রয়ঃ স্থিরঃ পদার্থো নৈব তেঽস্তি। কুতঃ ক্ষণিকত্বাৎ। প্রবৃত্তিবিজ্ঞানস্যালয়বিজ্ঞানস্য চ সর্ব্বস্য ক্ষণিকত্বাঙ্গীকারাৎ। ন হি ত্রিকালস্থিরসম্বন্ধিনি চেতনেঽসতি দেশকালনিমিত্তসাপেক্ষবাসনাধ্যানস্মরণাদিব্যবহারঃ সম্ভবেৎ। তথা চাশ্রয়াভাবান্ন সা তদভাবাচ্চ ন তদ্বৈচিত্র্যমিতি তুচ্ছো বিজ্ঞানমাত্রবাদঃ ॥ ৩১ ॥

এবং যোগাচারেঽপি নিরস্তে সর্ব্বশূন্যত্ববাদী মাধ্যমিকঃ প্রতিপদ্যতে। বুদ্ধেন বাহ্যার্থান্ বিজ্ঞানঞ্চাঙ্গীকৃত্য বিনেয়-বুদ্ধ্যারোহায় সোপানবত্তত্র ক্ষণিকত্বাদি কল্পিতম্। ন তু তে

ক্ষণিকত্বাদিতি। প্রবৃত্তীতি। প্রবৃত্তিবিজ্ঞানং ব্যষ্টিঃ আলয়বিজ্ঞানং সমষ্টিরিতি জ্ঞেয়ম্। সা বাসনা। তদ্বৈচিত্র্যং জ্ঞানবৈচিত্র্যম্। তথাচ ভ্রমমূলেন বিজ্ঞানমাত্রবাদেন সমন্বয়ে বিরোধঃ কর্ত্তুং ন শক্য ইতি সিদ্ধম্ ॥ ৩১ ॥

বিশেষত বাসনা সংস্কারবিশেষ। স্থির আশ্রয় ব্যতিরেকে উহার সত্তা কখনই সম্ভব হইতে পারে না। পরবর্ত্তী সূত্রে এই বিষয়টিই ব্যক্ত করিতেছেন ;—

পূর্ব্বপক্ষীর মতে সকল পদার্থই ক্ষণিক। সকল পদার্থই যদি ক্ষণিক হইল, তবে বাসনার আশ্রয়স্বরূপ স্থির পদার্থই রহিল না। তাঁহারা যে প্রবৃত্তিবিজ্ঞান ও আলয়বিজ্ঞান স্বীকার করেন, ঐ দুইটিকেও ক্ষণিকই বলিয়াছেন। ত্রিকাল-সম্বন্ধী চেতন পদার্থের সত্তা স্বীকার না করিলে, দেশ-কাল-নিমিত্ত-সাপেক্ষ বাসনা, ধ্যান বা স্মরণাদি কোন ব্যবহারই সম্ভব হইতে পারে না। অতএব পূর্ব্বপক্ষীর মতে তাদৃশ আশ্রয়ের অভাবে বাসনারই অভাব ঘটিতেছে। বাসনার অভাবে বাসনাবৈচিত্র্য বা তজ্জন্য জ্ঞানবৈচিত্র্য কিছুই সম্ভব হইতে পারিল না। অতএব এই বিজ্ঞানবাদ তুচ্ছই হইতেছে ॥ ৩১ ॥

তচ্চ বর্ত্তন্তে। শূন্যমেব তত্ত্বং তদাপত্তিরেব মোক্ষ ইত্যেব তন্মতরহস্যম্। যুক্তঞ্চৈতৎ। শূন্যস্যাহেতুসাধ্যত্বেন স্বতঃসিদ্ধেঃ। সতো হেত্বপেক্ষিণোঽপ্যুৎপত্ত্যনিরূপণাচ্চ। তথাহি। ন তাবস্তাবাদুৎপত্তিঃ সতঃ। অনষ্টাদ্বীজাদিতোঽঙ্কুরাদ্যুৎপত্ত্যদর্শনাৎ। নাপ্যভাবাৎ। নষ্টাদ্বীজাদিতো জাতস্যাঙ্কুরাদের্নিরুপাখ্যতা-

---

নম্ন মা ভূদসঙ্গতেন তেন বিজ্ঞানবাদেন সমন্বয়ে বিরোধঃ শূন্যবাদেন তস্মিন্ সোঽস্তু তস্য বক্ষ্যমাণরীত্যা উপপন্নত্বাদিতি প্রাগ্‌বদাক্ষেপঃ। শূন্যবাদোঽত্র বিষয়ঃ। স প্রমাণমূলো ভ্রমমূলো বেতি সন্দেহে তস্য প্রমাণমূলতাং বক্তুং তৎপ্রক্রিয়াং দর্শয়তি শূন্যমেব তত্ত্বমিত্যাদিনা। শূন্যস্যেতি। ন হি শূন্যং কেনচিৎ কারণেন সিদ্ধমস্তি। অতস্তার্কিকৈর্নিত্যত্বং তস্য মতম্। যে চ ক্ষিত্যঙ্কুরাদয়োঽর্থাঃ প্রতীয়ন্তে তেঽপি ভ্রান্তিরূপা এব। বস্তুতঃ শূন্যাৎ নেতরে ক্ষোদাক্ষমত্বাদিত্যাহ সতো হেত্বপেক্ষিণোঽপীত্যাদিনা। শিষ্টং স্পষ্টার্থম্। অয়মত্র নিষ্কর্ষঃ। শূন্যমেব সংবৃত্ত্যবচ্ছিন্নং বিচিত্রজগদ্রূপেণ বিবর্ত্ততে। পারমার্থিকসত্ত্বাভাবেঽপি সাংবৃত্ত্যসত্ত্বেন জগতি সদ্বুদ্ধিরর্থক্রিয়াকারিতাহানোপাদানাদয়শ্চ স্যুঃ। শূন্যমেবাবাঙ্‌মনসোঽগোচরং পরং তত্ত্বম্। তচ্চ নির্লেপং নির্বিশেষমস্তীতি ভাবনা-

---

এইপ্রকারে যোগাচারের মত নিরস্ত করিয়া সর্ব্বশূন্যবাদী মাধ্যমিকের মত খণ্ডন করিতেছেন। বুদ্ধমুনি বাহ্য অর্থ ও বিজ্ঞান অঙ্গীকার করিয়া বিনেয় বুদ্ধিতে আরোহণের নিমিত্ত সোপানের ন্যায় উহাদের ক্ষণিকত্বাদি কল্পনা করিয়াছেন। কিন্তু মাধ্যমিকের মতে কি বাহ্যার্থ, কি বিজ্ঞান, কিছুই নাই। এই মতে শূন্যই তত্ত্ব এবং সেই শূন্যাপত্তিই মোক্ষ। ইহাই এই মতের রহস্য। তাঁহারা বক্ষ্যমাণ প্রকারে স্বমতের যৌক্তিকতাও প্রদর্শন করিয়া থাকেন। তাঁহারা বলেন, 'শূন্য অহেতুসাধ্য, অতএব স্বতঃসিদ্ধ। যাহা স্বতঃসিদ্ধ, তাহাই তত্ত্ব। শূন্যই তত্ত্ব। সৎ বস্তু কারণাপেক্ষী হইলেও উহার উৎপত্তির নিরূপণ হয় না। কারণ, ভাব পদার্থ হইতে সদ্‌বস্তুর উৎপত্তি বলা যায় না। বীজ নষ্ট না হইলে, তাহা হইতে অঙ্কুরের উৎপত্তি দেখা যায় না। আবার অভাব হইতেও উহার উৎপত্তি বলিতে পারা যায় না। নষ্ট বীজাদি

পাতাৎ। ন চ স্বতঃ। আত্মাশ্রয়তাপত্তেরানর্থক্যাচ্চ। ন তু পরতঃ। পরত্বাবিশেষেণ সর্ব্বস্মাৎ সর্ব্বোৎপত্তিপ্রসঙ্গাৎ। এবমুৎপত্ত্যভাবাদ্বিনাশাভাবঃ। তস্মাদুৎপত্তিবিনাশসদসদাদিকং বিভ্রমমাত্রমতঃ শূন্যমেব তত্ত্বমিতি। ইহ সংশয়ঃ। শূন্যমেব তত্ত্বমিতি যুক্তং ন বেতি। শূন্যস্য স্বতঃসিদ্ধেরিতরেষাং পদার্থানাং ভ্রান্তিবিজৃম্ভিতত্বেনাসত্ত্বাচ্চ যুক্তমিতি প্রাপ্তে নিরস্যতি।

সর্ব্বথানুপপত্তেশ্চ ॥ ৩২ ॥

নেত্যনুবর্ত্তনীয়ম্। শূন্যমিতি বদন্ ভাবমভাবং ভাবাভাবং বা প্রতিপাদয়েৎ। সর্ব্বথা নাভিমতসিদ্ধিঃ। কুতঃ অনুপ-

---

পরিপাকাৎ শূন্যভাবাপত্তির্মোক্ষ ইতি শূন্যবাদেন সর্ব্বব্যবহারসিদ্ধৌ ভাবভূতাৎ বিজ্ঞানানন্দাৎ সার্ব্বজ্ঞ্যাদিগুণকাৎ চিদচিচ্ছক্ত্যুপেতাৎ ব্রহ্মণো জগৎসর্গং বদন্ সমন্বয়ো নাস্থেয়ঃ সূক্ষ্মধিয়েত্যেবং প্রাপ্তে প্রত্যাচষ্টে।

হইতে জাত অঙ্কুরাদির তাহা হইলে মিথ্যাত্বই হইল। আপনা হইতেই অঙ্কুরাদির উৎপত্তিও বলা যায় না। কারণ, তাহা হইলে আত্মাশ্রয় দোষ অনিবার্য্য হইয়া পড়ে এবং আনর্থক্যও ঘটে। পর হইতে উৎপত্তিও স্বীকার করা যায় না। যেহেতু তৎস্বীকারে পরত্বের অবিশেষ বশত সকল বস্তু হইতেই সকল বস্তুর উৎপত্তি প্রসঙ্গ হয়। এই প্রকারে উৎপত্তির অভাবে বিনাশেরও অভাব ঘটে। অতএব উৎপত্তি, বিনাশ, সৎ ও অসৎ, প্রভৃতি সকলই ভ্রমাত্মক। শূন্যই একমাত্র তত্ত্ব।'

এক্ষণে সংশয় এই যে, মাধ্যমিকের 'শূন্যই একমাত্র তত্ত্ব,' এই মত যুক্ত কি অযুক্ত? শূন্য যখন স্বতঃসিদ্ধ এবং তদতিরিক্ত পদার্থমাত্রই যখন ভ্রান্তিবিজৃম্ভিত, তখন উহা যুক্তই হইতেছে। পূর্ব্বপক্ষীর এই প্রকার সিদ্ধান্তের খণ্ডনার্থ বলিতেছেন ;—

সর্ব্বথা অনুপপত্তি প্রযুক্ত উহা অযুক্তই হইতেছে। ঐ শূন্য, ভাব কি অভাব অথবা ভাবাভাব? তিনটির কোনটিই প্রতিপাদন করা যায় না। উহার

পত্তেরযুক্তত্বাৎ। তথাহি। আদ্যেঽনিষ্টাপত্তিঃ। দ্বিতীয়ে প্রতিপাদয়িতুর্ভাবস্য তৎসাধনস্য চ সত্ত্বাৎ সর্ব্বশূন্যতাহানিঃ। তৃতীয়ে তু বিরোধোঽনিষ্টতা চেতি। কিঞ্চ যেন প্রমাণেন শূন্যং সাধ্যং তস্য শূন্যত্বে শূন্যবাদহানিঃ তস্য সত্যত্বে সর্ব্বসত্যতাপ্রসঙ্গশ্চেতি দুষ্টঃ শূন্যবাদঃ। এবং মিথো বিরুদ্ধত্রিমতীনিরূপণাজ্জগৎপ্রতারকতা বুদ্ধস্যাবসীয়তে। লোকায়তিকাদিমতানি স্মৃতিতুচ্ছত্বাদ্ভগবতা সূত্রকারেণ

সর্ব্বথেতি। আদ্যে শূন্যং ভাবং প্রতিপাদয়েদিতি পক্ষে শূন্যস্য ভাবরূপত্বা-স্বীকারাদনিষ্টাপত্তিঃ। দ্বিতীয়ে শূন্যমভাবং প্রতিপাদয়েদিতি পক্ষে। তৃতীয়ে শূন্যং ভাবাভাবরূপং প্রতিপাদয়েদিতি পক্ষে। কিঞ্চ প্রপঞ্চভ্রমস্য বাধ্যত্বে কিঞ্চিৎ সত্যমধিষ্ঠানং বাচ্যম্। নিরধিষ্ঠানবাধাযোগাৎ। তচ্চ তব নাস্তিমত-মিতি। তথাচ ভ্রমমূলেন শূন্যবাদেন বেদান্তসমন্বয়ো ন শক্যো বিরোদ্ধুমিতি। এবমিতি। ননু বুদ্ধস্যেশ্বরাবতারত্বাদহিংসাদিধর্ম্মোপদেশেনাপ্তত্বপ্রতীতেশ্চ তন্মতং ভ্রমমূলমিতি তদুক্তং ন শক্যং বক্তুমিতি চেদুচ্যতে। ন হি বুদ্ধো ভ্রমা-দেবং ভাষতে কিন্তু পরবঞ্চনার্থমেব। হরিবহির্ম্মুখাঃ স্বতঃ প্রবলাস্তে চেৎ বেদোক্তযজ্ঞাদ্যনুতিষ্ঠেয়ুস্তদাতিবলিষ্ঠাঃ সন্তো দৈত্যবদ্বৈদিকান্ হরিভক্তান্ বাধেরন্নিতি তদ্বঞ্চনার্থা তস্য বেদাবজ্ঞাদিপ্রচুরা প্রবৃত্তিঃ। দয়াপ্রকাশস্তু স্বোক্তে-ঽন্যপ্রবেশার্থঃ। ন চানাপ্তত্বদোষঃ স্বভক্তপরিত্রাণপর্য্যবসানকস্য তদ্বঞ্চনস্য গুণ-

যাহা কিছু প্রতিপাদন করিতে চেষ্টা করা যাইবে, তাহাতেই অভীষ্টসিদ্ধির হানি হইবে। কারণ, উহার কোনটিই যুক্ত হইতেছে না। শূন্যের ভাবরূপত্বের আদৌ অস্বীকার হেতু উহার তাদৃশত্ব স্বীকারে প্রথমপক্ষে অনিষ্ট হইতেছে। দ্বিতীয় পক্ষে শূন্যের অভাবরূপত্বের স্বীকারে প্রতিপাদনকর্ত্তার ও তৎসাধ-নের অস্তিত্ব বশত সর্ব্বশূন্যত্বের হানি হইতেছে। এবং তৃতীয় পক্ষে বিরোধ ও অনিষ্টাপত্তি উভয়ই ঘটিতেছে। অধিকন্তু যে প্রমাণ দ্বারা শূন্যের সাধন করা হইবে, তাহার শূন্যত্বে শূন্যবাদের হানি এবং তাহার সত্যত্বে সর্ব্বসত্যতাপ্রসঙ্গ ঘটে বলিয়া শূন্যবাদ দুষ্টই হইতেছে। এইরূপে পরস্পরবিরুদ্ধ মতত্রয়ের নিরূপণে

তুশব্দঃ শঙ্কাচ্ছেদে নিশ্চয়ে বা। সতো ব্রহ্মণঃ সম্ভবঃ উৎপত্তির্নৈবাস্তি। কুতঃ অনুপপত্তেঃ। হেতুবিরহিণস্তস্য তদযোগাদিত্যর্থঃ। অত এবং শ্রুতিরাহ। স কারণং কারণাধিপাধিপো ন চাস্য কশ্চিজ্জনিতা ন চাধিপ ইতি। ন চ কারণত্বাদুৎপত্তিমদিত্যনুমাতুং শক্যং শ্রুত্যানুমানবাধাৎ। মূলকারণস্য স্বীকার্য্যত্বাত্তদভাবেঽনবস্থাপাতাচ্চ। যন্মূলকারণং তৎ ত্বমূলমেব। মূলে মূলাভাবাদিতি। ইহ ব্রহ্মোৎপত্তিশঙ্কাপরিহারেণৈবং জ্ঞাপ্যতে। ব্রহ্মৈব পরমকারণত্বাদুৎপত্তিশূন্যং তদন্যদব্যক্তমহদাদিকন্তু সর্ব্বমুৎপত্তিমদেব। খাদিজন্মনিরূপণং তূদাহরণার্থমিতি ॥ ৮ ॥

অত্র ব্রহ্মাজত্বাদিশ্রুতের্ব্রহ্মোৎপত্তিশ্রুতেশ্চ বিরোধোঽস্তি ন বেতি সংশয়ে ব্রহ্মোৎপত্তিশ্রুতেরনুমানপোষেণ প্রাবল্যাদস্তি তয়া সহ বিরোধ ইতি প্রাপ্তে নিরস্যতি অসম্ভবস্থিতি। হেতুবিরহিণস্তস্যেতি। যদ্ধি হেতুবিরহিতং সদ্রূপং তন্নিত্যম্। যদুক্তম্—সদকারণং যৎ তৎ নিত্যমিতি। সতো ব্রহ্মণো হেতুবিরহে শ্রুতিমাহ স কারণমিতি। এতয়া শ্রুত্যানুমানবাধাৎ জাতো ভবসীতি শ্রুতিস্তু

তু-শব্দ শঙ্কানিরাসার্থ বা নিশ্চয়ার্থ। সৎস্বরূপ ব্রহ্মের উৎপত্তি সম্ভব হয় না। যে হেতু যাহার কারণ নাই, তাহার উৎপত্তিও যুক্তিযুক্ত হয় না। এই নিমিত্তই শ্রুতি বলিয়াছেন—'তিনি কারণের কারণ, এবং লোকপালগণেরও পতি। তাঁহার কারণ বা অধিপতি নাই।' তিনি কারণ বলিয়া তাঁহার উৎপত্তি অনুমিত হইতে পারে না। শ্রুতিই উক্ত অনুমানের বাধক হইতেছেন। একটি মূল কারণ অবশ্য স্বীকার্য্য। তদস্বীকারে অনবস্থাপত্তি হয়। মূল কারণ স্বয়ং মূলরহিত। মূলের আবার মূল থাকিতে পারে না। এই স্থলে ব্রহ্মের উৎপত্তিশঙ্কার পরিহার দ্বারা ইহাই জ্ঞাপিত হইতেছে যে, ব্রহ্মবস্তু পরমকারণ বলিয়া স্বয়ং উৎপত্তিরহিত। ব্রহ্মাতিরিক্ত অব্যক্ত ও মহদাদি তত্ত্ব সকল উৎপত্তিবিশিষ্ট। আকাশাদির উৎপত্তিনিরূপণ কেবল উদাহরণপ্রদর্শনার্থ ॥ ৮॥

এবং প্রাসঙ্গিকং সমাপ্য তেজোবিষয়কং শ্রুতিবিরোধং পরিহরতি। তত্তেজোঽসৃজতেতি ব্রহ্মজত্বং তেজসঃ শ্রুতম্। বায়োরগ্নিরিতি তু বায়ুজত্বম্। তত্র বায়োরিতি পঞ্চম্যা আনন্তর্য্যার্থত্বস্যাপি সম্ভবাৎ ব্রহ্মজং তদিতি প্রাপ্তে—

তেজোঽতস্তথা হ্যাহ ॥ ৯ ॥

অতো মাতরিশ্বনঃ সকাশাত্তেজ উৎপদ্যতে। তথাহি শ্রুতিরাহ। বায়োরগ্নিরিতি। ইদমত্র বোধ্যম্। অনুবর্ত্তমান-সম্ভূতশব্দান্বিতত্বেন বায়োরিতি পঞ্চম্যা অপাদানার্থত্বমেব

দুর্ব্বলা সতী শক্তিদ্বয়দ্বারা জগদাকারপরিণতিমেব ব্রূয়ান্ন তু স্বরূপৈক্যাচ্চিদ্বিকার-লেশমপীতি ন কোঽপি বিরোধগন্ধঃ। বিপ্রতিপত্তৌ সমমাবয়োর্দূষণমিত্যাহ মূলকারণস্যেত্যাদি ॥ ৮ ॥

ছান্দোগ্যে ব্রহ্মজং তেজঃ তৈত্তিরীয়কে তু বায়ুজং তদিত্যনয়োর্বিরোধো-ঽস্তি ন বেতি বীক্ষায়াং বাচনিকত্বাদস্তু বিরোধ ইতি প্রত্যুদাহরণসঙ্গত্যারভ্যতে এবমিত্যাদি। বক্ষ্যমাণেন তেজসঃ প্রাক্ বায়োঃ স্থাপনেন তু ন কশ্চিৎ বিরোধ ইতি বোধ্যম্।

এইরূপে প্রাসঙ্গিক বিচার সমাপন পূর্ব্বক তেজের বিষয়ে যে সকল শ্রুতি-বিরোধ দৃষ্ট হয়, তাহারই পরিহার করিতেছেন। 'তিনিই তেজের সৃষ্টি করিয়াছেন,' ইত্যাদি শ্রুতিতে ব্রহ্ম হইতেই তেজের উৎপত্তি অবগত হওয়া যায়। আবার "বায়োরগ্নিঃ," ইত্যাদি শ্রুতি হইতে বায়ুকেই তেজের কারণ বলিয়া বোধ হয়। ঐ স্থলে বায়ুতে যে পঞ্চমী বিভক্তি দৃষ্ট হয়, তাহার অর্থ আনন্তর্য্যও সম্ভব হয়। অতএব তেজ বায়ু হইতেই উৎপন্ন হইয়াছে, এইরূপই বোধিত হউক। এই প্রকার পূর্ব্বপক্ষের খণ্ডনার্থ বলিতেছেন ;—

বায়ু হইতেই তেজের উৎপত্তি শ্রুতিতে বলিয়া থাকেন।

বায়ু হইতেই তেজ উৎপন্ন হয়। "বায়োরগ্নিঃ" এইরূপ শ্রুতিবাক্যই দৃষ্ট হইয়া থাকে। এস্থলে এইরূপই বিবেচনা করিতে হইবে। অনুবর্ত্তমান সম্ভূত

মুখ্যং কৢপ্তত্বাৎ। আনন্তর্য্যার্থত্বং তু ভাক্তং কল্প্যত্বাৎ। ততশ্চ মুখ্যমেব ন্যায্যত্বাদ্‌গ্রাহ্যম্। এবমপি বক্ষ্যমাণযুক্ত্যা ব্রহ্মজত্বঞ্চ ন বিরুধ্যতে ॥ ৯ ॥

অথাপামুৎপত্তিমাহ। তত্র যদ্যুভয়ত্রাপ্যগ্নেরেব তদুৎপত্তিরুক্তা তথাপি বিরুদ্ধাৎ তস্মাৎ সা ন যুজ্যেতেতি কস্যচিৎ শঙ্কা স্যাৎ। তামপনেতুং সূত্রারম্ভঃ।

তেজ ইতি। অনুবর্ত্তমানেতি। তস্মাৎ বা এতস্মাদাত্মন আকাশ ইত্যাদৌ পৃথিব্যা ওষধয় ইত্যন্তে হেতুপঞ্চম্যা দর্শনাৎ মধ্যে কস্মাৎ ক্রমার্থা পঞ্চমীত্যসঙ্গতমেবেত্যর্থঃ। আনন্তর্য্যার্থত্বমিতি। ভাক্তং গৌণম্। বায়ুনন্তরং তেজ ইতি পদান্তরকল্পনপ্রসঙ্গাদিত্যর্থঃ। এবমপীতি। বক্ষ্যমাণপঞ্চমীত্যসঙ্গতমেবেত্যর্থঃ। বক্ষ্যমাণযুক্তিস্তু তদভিধ্যানাদিতি সূত্রোক্তা দ্রষ্টব্যা ॥ ৯ ॥

অথোত্তরয়োর্ন্যায়য়োর্ধীসন্নিধিলক্ষণা সঙ্গতিস্তেজসো বায়ুজত্বোক্ত্যনন্তরং জলপৃথিব্যোরেব ধীস্থত্বাৎ অথেত্যাদি। তস্মাদিতি। মুণ্ডকেঽপাং ব্রহ্মজত্বমুক্তম্। ছান্দোগ্যতৈত্তিরীয়কয়োস্তু তেজোজত্বম্। তদনয়োর্বিরোধো ন বেতি সন্দেহে বাচনিকত্বাব্বিরোধ ইতি প্রাপ্তে আপ ইতি বক্ষ্যমাণযুক্ত্যাপামপি ব্রহ্মজত্বাদবিরোধো বোধ্যঃ। যত্ত্বপামগ্নিদাহ্যত্বান্ন তজ্জত্বং সম্ভবেদিত্যাহুস্তন্ন ত্রিবৃৎকৃতয়োস্তয়োর্দাহকদাহ্যভাবে সত্যপ্যত্রিবৃৎকৃতয়োস্তদভাবাৎ। উভয়ত্র তৈত্তিরীয়কে ছান্দোগ্যে চ বিরুদ্ধাদিতি দাহকত্বেনেতি জ্ঞেয়ম্।

শব্দের সহিত অন্বিত থাকাতেই "বায়োঃ" এই পঞ্চমীর অপাদানার্থই মুখ্য হইতেছে। আনন্তর্য্যার্থ গৌণই জানিতে হইবে। অতএব ন্যায়সঙ্গত বলিয়া মুখ্যার্থই গ্রাহ্য। এইরূপ হইলে, বক্ষ্যমাণ যুক্তি অনুসারে তেজের ব্রহ্মজত্বও বিরুদ্ধ হইতেছে না ॥ ৯ ॥

অনন্তর জলের উৎপত্তি বলিতেছেন। যদিও অগ্নি হইতেই জলের উৎপত্তি উক্ত হইয়াছে, তথাপি বিরুদ্ধ তেজ হইতে জলের উৎপত্তি সঙ্গত হয় না, এই প্রকার আশঙ্কা হইতে পারে। অতএব উহার অপনয়নের নিমিত্ত পরবর্ত্তী সূত্রের অবতারণা করিতেছেন ;—

আপঃ ॥ ১০ ॥

অতস্তথাহ্যাহেত্যনুবর্ত্ততে। আপোঽতস্তেজস উৎপদ্যন্তে। হি যতস্তথা শ্রুতিরাহ। তদপোঽসৃজতেত্যগ্নেরাপ ইতি চ। ন হি বাচনিকেঽর্থে ন্যায়োঽবতরতি। ছান্দোগ্যে তূপপাদিকা যুক্তিরপি দৃশ্যতে। তস্মাৎ যত্র ক্ব চ শোচতি স্বেদতে বা পুরুষস্তেজস এব তদধ্যাপো জায়ন্তে ইতি ॥১০॥

তা আপ ঐক্ষন্ত বহ্বঃ স্যাম প্রজায়েমহীতি তা অন্নমসৃজন্তেত্যত্র বিচারান্তরম্। কিমনেনান্নশব্দেন যবাদিকং গ্রাহ্যং কিং বা পৃথিবীতি। তস্মাৎ যত্র ক্বচন বর্ষতি তদেব ভূয়িষ্ঠমন্নং ভবত্যদ্ভ্য এব তদধ্যন্নাদ্যং জায়ত ইতি তত্রৈব যুক্তিপ্রদর্শনাদ্রূঢ়েশ্চ যবাদিকমিতি প্রাপ্তে—

পৃথিব্যধিকাররূপশব্দান্তরেভ্যঃ ॥ ১১ ॥

আপ ইতি। স্ফুটার্থম্ ॥ ১০ ॥

তা আপ ইতি। তস্মাদিতি। মুণ্ডকে পৃথিব্যা ব্রহ্মজত্বং তৈত্তিরীয়কে ত্বব্জত্বম্। তদনয়োর্বিরোধোঽস্তি ন বেতি সংশয়ে বাচনিকত্বাৎ বিরোধে প্রাপ্তে বক্ষ্যমাণযুক্ত্যা তস্যাশ্চ ব্রহ্মজত্বাদবিরোধো ভাব্যঃ।

অগ্নি হইতেই জলের উৎপত্তি। কারণ, শ্রুতিতে ঐরূপই উক্ত হয়। 'তিনিই জলের সৃষ্টি করিলেন; অগ্নি হইতে জলের উৎপত্তি হইল;' এইরূপ শ্রুতি আছে। বাচনিক বিষয়ে ন্যায় অবতারিত হইতে পারে না। ছান্দোগ্যে তদুপপাদিকা যুক্তিও দেখা যায়। এই নিমিত্তই যখন পুরুষ শোক করেন, তাঁহার অশ্রু পতিত হয়,' এইপ্রকার শ্রুতিবাক্য প্রযুক্ত হইয়াছে ॥ ১০ ॥

"তাঃ আপঃ ঐক্ষন্ত বহ্বঃ স্যাম" ইত্যাদি শ্রুতিতে বিচারান্তর প্রয়োগ করিতেছেন। প্রথমত সংশয় এই যে, ঐ স্থলে অন্ন শব্দে যবাদি বোধিত হয়, অথবা পৃথিবীই বোধিত হয়? তদনন্তর, 'যেখানে বর্ষণ হয়, তাহাই প্রভূত অন্নরূপে পরিণত হয়। জল হইতেই অন্নাদির উৎপত্তি হয়।' এই বাক্যে যুক্তি

পৃথিব্যেব গ্রাহ্যা ন তু যবাদি। কুতঃ অধিকারেত্যাদেঃ। তত্তেজোঽসৃজতেতি মহাভূতানামেবাধিকারাৎ যৎ কৃষ্ণং তদন্নস্যেতি পার্থিবরূপত্বাৎ অদ্ভ্যঃ পৃথিবীতি শ্রুত্যন্তরাচ্চেত্যর্থঃ। এবং সতি তস্মাৎ যত্র ক্বচনেত্যাদিকং তু হেতুফলয়োরৈক্যবিবক্ষয়া সঙ্গমনীয়ম্ ॥ ১১ ॥

বিয়দাদিক্রমেণ তত্ত্বসৃষ্টিবিমর্শো বিসংবাদপরিহারায়ৈব কৃতঃ। প্রধানমহদাদিরূপেণ তদ্বিমর্শস্তু জন্মাদিসূত্রেণৈব সিদ্ধঃ। অথ তস্মিন্ বিশেষং বক্তুমারভতে। সুবালোপনিষদি

পৃথিবীতি। যত্তু তা অন্নমসৃজন্তেত্যত্রান্নশব্দো যবাদিপরো ভবতীতি পূর্ব্বপক্ষে তস্মাৎ যত্রেতি শ্রৌতী যুক্তির্দর্শিতা তাং সমাদধাতি এবং সতীতি। হেতুফলয়োঃ কারণকার্য্যয়োঃ পৃথিবীযবাদিকয়োরভেদং বিবক্ষিত্বেত্যর্থঃ। ততশ্চ পৃথিব্যাঃ স্থানে যবাদেঃ কথনেঽপি সা লভ্যেতৈবেতি ন কোঽপি বিরোধলেশ ইতি ভাবঃ ॥ ১১ ॥

প্রদর্শন হেতু এবং রূঢ়ি বশত অন্ন শব্দে যবাদিই জানিতে হইবে। এইরূপ পূর্ব্বপক্ষে উত্তর করিতেছেন ;—

অধিকার, রূপ ও শব্দান্তর হইতে অন্ন শব্দে পৃথিবীই প্রাপ্ত হওয়া যায়।

অন্ন শব্দে পৃথিবীকেই গ্রহণ করিতে হইবে, যবাদিকে নহে। কারণ, “তত্তেজোঽসৃজত” এই স্থলে মহাভূত সকলেরই অধিকার দৃষ্ট হয়। “যৎ কৃষ্ণং তদন্নস্য” এই স্থলে যে কৃষ্ণ রূপ উক্ত হইয়াছে, তাহা পার্থিব রূপ। আবার “অদ্ভ্যঃ পৃথিবী” এইরূপ শ্রুত্যন্তরও দেখা যায়। এই সকল কারণে অন্ন শব্দে পৃথিবীকেই বুঝিতে হইবে। তবে “যত্র ক্বচন” প্রভৃতি বাক্য সকল হেতু ও ফলের ঐক্যবিবক্ষাতেই সঙ্গমনীয় হইতেছে ॥ ১১ ॥

বিবাদের পরিহারের জন্যই আকাশাদিক্রমে তত্ত্বসৃষ্টির বিচার করা হইয়াছে। বস্তুত প্রধানমহদাদিক্রমে সৃষ্টির বিচার ‘জন্মাদি’ সূত্র দ্বারাই সিদ্ধ হইয়াছে। অনন্তর তদ্বিষয়ে বিশেষ বলিবার জন্য প্রকরণান্তর আরম্ভ করিতে-

পঠ্যতে। তদাহুঃ কিং তদাসীৎ তস্মৈ সহোবাচ ন সন্নাসন্ন সদসদিতি তস্মাৎ তমঃ সংজায়তে তমসো ভূতাদির্ভূতাদে-

পূর্ব্বৈরধিকরণৈর্মহাভূতশ্রুতীনামবিরোধপ্রতিপাদনাৎ তুল্যবিষয়তা। অথ তেষাকাশাদীনাং স্বাতন্ত্র্যেণ বায্বাদিস্রষ্টৃত্বং প্রতীতম্। তদপবাদেন হরেরেব তত্তৎসর্ব্বস্রষ্টৃত্বং বর্ণ্যমিত্যপবাদসঙ্গত্যেদমারভ্যতে। তথাহি কিমপআদ্যভিমানিন্যো দেবতা এব স্বতন্ত্রাঃ প্রধানাদীনি সৃজন্ত্যুত হর্য্যধিষ্ঠিতাস্তা ইতি সন্দেহে তদাহুরিতি। সুবালশ্রুত্যা স্বাতন্ত্র্যেণ তাস্তানি সৃজন্তীতি প্রতীয়তে। এতস্মাদিতি মুণ্ডকশ্রুত্যা তু হরিরেব তৎ সর্ব্বং সৃজতীতি জ্ঞাতম্। তদেতয়া সুবালশ্রুত্যা সহ মুণ্ডকশ্রুতের্বিরোধে প্রাপ্তে সুবালশ্রুতাবপি তত্তদধিষ্ঠাতৃতয়া হরের্বিবক্ষিতত্বাদবিরোধ ইত্যেতমর্থং হৃদি নিধায়েদমুচ্যতে অথেত্যাদি। তদাহুরিতি। তং গুরুং শিষ্যাঃ পৃচ্ছন্তীত্যর্থঃ। প্রষ্টব্যমাহ কিং তদিতি। সৃষ্টেঃ পূর্ব্বমবিনাশি বস্তু কিমাসীদিত্যর্থঃ। এবং পৃষ্টো গুরুরাহ। তস্মৈ স হেতি। তস্মৈ শিষ্যবর্গায় স গুরুর্হ স্ফুটমুবাচ ন সদিতি। সৃষ্টেঃ পূর্ব্বং যৎ বস্তু আসীৎ তৎ সৎ স্থূলং তেজোঽবন্নরূপং নাসীৎ। নাপ্যসৎ সূক্ষ্মং প্রধানাদিরূপমাসীৎ। ন চ সদসদ্দ্বয়রূপমাসীদিত্যর্থঃ। তর্হি কিমাসীদিতি চেৎ তত্তদ্বিলক্ষণং তমঃশক্তিকং ব্রহ্মৈব তদাসীদিত্যুক্তির্বোধ্যা। এতদেব স্ফুটয়ন্নাহ তস্মাদিতি। স্ববিলীনক্ষেত্রজ্ঞবুভুক্ষাভ্যুদিতদয়াৎ ঈক্ষিততমঃশক্তিকাৎ ব্রহ্মণস্তমঃ সঞ্জায়তে তেনাধিষ্ঠিতং সৎ প্রধানশরীরকাক্ষরশব্দিতক্ষেত্রজ্ঞাভিব্যঞ্জকদশাভিমুখং ভবতীত্যর্থঃ। তস্মাদক্ষরাৎ ক্ষেত্রজ্ঞাৎ ত্রিগুণমব্যক্তং সঞ্জায়তে অব্যক্তাৎ মহানিত্যাদি

ছেন। সুবালোপনিষদে পঠিত হয়—"শিষ্যগণ গুরুকে জিজ্ঞাসা করিলেন, সৃষ্টির পূর্ব্বে অবিনাশী বস্তু কি ছিল?" গুরু বলিলেন, "সৃষ্টির পূর্ব্বে তেজ প্রভৃতি স্থূল বস্তু বা প্রধানাদি সূক্ষ্ম বস্তু অথবা স্থূল ও সূক্ষ্ম উভয়ই ছিল না। তৎকালে তদুভয়-বিলক্ষণ তমঃশক্তিক ব্রহ্মই ছিলেন। তাঁহা হইতে তম উৎপন্ন হইল। অর্থাৎ ঐ তমঃশক্তি, ব্রহ্ম কর্ত্তৃক অধিষ্ঠিত হইয়া, প্রধানশরীর, অক্ষরশব্দিত ক্ষেত্রজ্ঞের অভিব্যঞ্জক দশাতে অভিমুখী হইলেন। ঐ অক্ষর ক্ষেত্রজ্ঞ হইতে ত্রিগুণময় অব্যক্ত উৎপন্ন হইল। অব্যক্ত হইতে মহত্তত্ত্ব প্রভৃতি উৎপন্ন হইল।

রাকাশমাকাশাদ্বায়ুর্বায়োরগ্নিরগ্নেরাপোঽদ্ভ্যঃ পৃথিবী তদণ্ডমভবদিতি। ইহ তমআকাশয়োরন্তরালেঽক্ষরাব্যক্তমহদ্ভূতাদিতন্মাত্রেন্দ্রিয়াণি ক্রমেণ বোধ্যানি। সন্দগ্ধ্বা সর্ব্বাণি ভূতানি পৃথিব্যপ্সু প্রলীয়তে। আপস্তেজসি লীয়ন্তে। তেজো বায়ৌ বিলীয়তে। বায়ুরাকাশে বিলীয়তে। আকাশমিন্দ্রিয়েষ্বিন্দ্রিয়াণি তন্মাত্রেষু তন্মাত্রাণি ভূতাদৌ বিলীয়ন্তে। ভূতাদির্মহতি বিলীয়তে মহানব্যক্তে বিলীয়তে। অব্যক্তমক্ষরে বিলীয়তে। অক্ষরং তমসি বিলীয়তে। তম একীভবতি পরস্মিন্। পরস্মাৎ ন সন্নাসন্ন সদসদিত্যগ্রিমলয়বাক্যানুরোধাৎ। এতচ্চাপাততো বস্তুতস্তু ভূতাদিশব্দেনাহঙ্কারস্ত্রিবিধঃ। তস্মাৎ সাত্ত্বিকাৎ মনো

ব্যক্তীভাবি। প্রলয়শ্রুত্যনুসারেণ সর্গশ্রুতাবূনানি তত্ত্বানি নিবেশ্যাপি তেন নিষ্কর্ষমনুপলভ্যাহৈতচ্চাপাতত ইতি। নিষ্কর্ষং দর্শয়ন্নাহ বস্তুতস্ত্বিতি। অয়মত্র ক্রমঃ। উক্তলক্ষণাৎ তমঃ সঞ্জায়তে। তমসোঽক্ষরশব্দিতোঽব্যক্তশরীরকঃ ক্ষেত্রজ্ঞঃ। তস্মাদভিব্যক্তাৎ ত্রিগুণময়মব্যক্তম্। তস্মাৎ ত্রিবিধো মহান্। সাত্ত্বিকো রাজসশ্চৈব তামসশ্চ ত্রিধা মহানিতি শ্রীবিষ্ণুপুরাণাৎ। মহত-

মহত্তত্ত্ব হইতে ভূতাদি অর্থাৎ অহঙ্কার এবং তাহা হইতে আকাশ, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল, জল হইতে পৃথিবী উৎপন্ন হইল। এইরূপে ব্রহ্মাণ্ড উৎপন্ন হইল। পূর্ব্বোক্ত তম ও শেষোক্ত আকাশ এই উভয়ের মধ্যে অক্ষর, অব্যক্ত, মহত্তত্ত্ব, অহঙ্কারতত্ত্ব, পঞ্চতন্মাত্র ও ইন্দ্রিয়াদির ক্রমান্বয়ে উৎপত্তি বুঝিতে হইবে। সর্ব্বভূতের বিনাশে পৃথিবী জলে, জল তেজে, তেজ বায়ুতে, বায়ু আকাশে, আকাশ ইন্দ্রিয়ে, ইন্দ্রিয় সকল তন্মাত্রে, তন্মাত্র সকল অহঙ্কারে, অহঙ্কার মহত্তত্ত্বে, মহত্তত্ত্ব অব্যক্তে, অব্যক্ত অক্ষরে, অক্ষর তমঃশক্তিতে এবং তমঃশক্তি পরব্রহ্মে বিলীন হয়। পরব্রহ্ম হইতে অতিরিক্ত কি স্থূল কি সূক্ষ্ম কিছুই থাকে না। এই অগ্রিম লয়বাক্যের অনুরোধে ঐরূপ সৃষ্টিপ্রলয়ক্রম স্বীকার করিতে হয়। কিন্তু বস্তুত ভূতাদি

দেবতাশ্চ। রাজসাদিন্দ্রিয়াণি। তামসাৎ তু তন্মাত্রদ্বারা-কাশাদীনীতি বহুব্যাখ্যানুসারাৎ। শ্রীগোপালোপনিষদি চ। পূর্ব্বং হ্যেকমেবাদ্বিতীয়ং ব্রহ্মাসীৎ। তস্মাদব্যক্তং ব্যক্তমেবা-

স্ত্রিবিধোঽহঙ্কারঃ। সাত্ত্বিকাদিন্দ্রিয়াধিষ্ঠাত্র্যো দেবতা মনশ্চ। রাজসাৎ দশেন্দ্রিয়াণি। তামসাৎ তু তন্মাত্রদ্বারাকাশাদীনি। তত্র শব্দতন্মাত্রদ্বারা তামসাৎ তস্মাদাকাশঃ স্পর্শতন্মাত্রদ্বারাকাশাদ্বায়ুঃ রূপতন্মাত্রদ্বারা বায়োরগ্নিঃ রসতন্মাত্রদ্বারাগ্নেরাপঃ গন্ধতন্মাত্রদ্বারাদ্ভ্যঃ পৃথিবীতি বোধ্যম্। অধিষ্ঠাতৃত্বং ব্রহ্মণঃ সর্ব্বত্র নির্বিশেষং জ্ঞেয়ম্। সংহতৈরেতৈরণ্ডম্। তত্র বৈরাজঃ পুরুষঃ। তত্র তদন্তর্য্যামী নারায়ণঃ। তন্নাভিপদ্মে বৈরাজস্য ভোগবিগ্রহশ্চতুর্মুখঃ। ততঃ ক্ষেত্রজ্ঞানাং যথাবসরং জন্মেতি। ন চৈতৎ কপোলকল্পনং সর্ব্বজ্ঞ-ব্যাখ্যানুসারিত্বাদিত্যাহ বহুব্যাখ্যেতি। যথোক্তমেকাদশে। আসীজ্জ্ঞানমথো অর্থ একমেবাবিকল্পিতমিত্যারভ্য ততো বিকুর্ব্বতো জাতো যোঽহঙ্কারো বিমোহনঃ। বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চেত্যহং ত্রিবৃৎ। তন্মাত্রেন্দ্রিয়মনসাং কারণং চিদচিন্ময়ঃ। অর্থস্তন্মাত্রিকাজ্ জজ্ঞে তামসাদিন্দ্রিয়াণি চ। তৈজসাদ্-দেবতা আসন্নেকাদশ চ বৈকৃতাদিতি। তামসাদর্থঃ পঞ্চভূতলক্ষণঃ তৈজসাদ্-রাজসাদিন্দ্রিয়াণি দশ বৈকৃতাৎ সাত্ত্বিকাদেকাদশ দেবতাঃ চান্মনশ্চেত্যর্থঃ। তৃতীয়ে চ। মহত্তত্ত্বাদ্বিকুর্ব্বাণাৎ ভগবদ্বীর্য্যচোদিতাৎ। ক্রিয়াশক্তিরহঙ্কারস্ত্রিবিধঃ সমপদ্যত। বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চ যতো ভবঃ। মনসশ্চেন্দ্রিয়াণাঞ্চ ভূতানাং মহতামপীতি। মনসশ্চেতি চাৎ দেবতানাঞ্চেতি বোধ্যম্ ক্রমাদিতি চ। প্রলয়শ্রুত্যনুসারাদক্ষরাদিত্রিকবৎ বহুস্মৃত্যনুসারাদহঙ্কারত্রিকাদিকল্পনমিহ জ্ঞেয়মিতি ব্যাখ্যাতারঃ। শ্রুত্যন্তরমাহ গোপালেতি। পূর্ব্বং সৃষ্টেঃ প্রাক্ তস্মাৎ তাদৃশাৎ ব্রহ্মণঃ অব্যক্তং ত্রৈগুণ্যশরীরকমক্ষরং জীবচৈতন্যং ব্যক্তং ব্যক্ত্যভি-

---

শব্দে ত্রিবিধ অহঙ্কার। তন্মধ্যে সাত্ত্বিক অহঙ্কার হইতে মন ও দেবতা, রাজস অহঙ্কার হইতে ইন্দ্রিয় সকল এবং তামস অহঙ্কার হইতে তন্মাত্র দ্বারা আকা-শাদি ভূত সকল উৎপন্ন হয়। এই প্রকার ব্যাখ্যা সর্ব্বত্র পরিদৃষ্ট হইয়া থাকে। এই কারণে গোপালোপনিষদেও বলিয়াছেন, পূর্ব্বে এক অদ্বিতীয়

ক্ষরং তস্মাদক্ষরাৎ মহান্ মহতো বা অহঙ্কারস্তস্মাদহঙ্কারাৎ পঞ্চ তন্মাত্রাণি তেভ্যো ভূতানি তৈরাবৃতমক্ষরং ভবতীতি। তত্র সংশয়ঃ। প্রধানাদীনি স্বানন্তরতত্ত্বাদুপজায়ন্তে উত সাক্ষাদেব সর্ব্বেশ্বরাদিতি। শব্দস্বারস্যাৎ স্বানন্তরতত্ত্বাদেবেতি প্রাপ্তে—

তদভিধ্যানাদেব তু তল্লিঙ্গাৎ সঃ ॥ ১২ ॥

শঙ্কাচ্ছেদায় তুশব্দঃ। স তম-আদিশক্তিকঃ সর্ব্বেশ্বর এব প্রধানাদীনাং পৃথিব্যন্তানাং কার্য্যাণাং সাক্ষাদ্ধেতুঃ। কুতঃ তদভীতি। সোঽকাময়ত বহু স্যাং প্রজায়েয়েত্যাদৌ তস্যৈব

মানি (ব্যক্তভিমুখং বা) আসীৎ তস্মাদক্ষরাত্তচ্ছরীরাৎ ত্রৈগুণ্যাৎ ত্রিবিধো মহান্ মহতোঽহঙ্কারস্ত্রিবিধস্তস্মাৎ সাত্বিকাদ্দেবতা মনশ্চ রাজসাদিন্দ্রিয়াণি তামসাৎ তু তন্মাত্রদ্বারকাণি খাদীনীতি প্রাগ্বৎ। তৈঃ পঞ্চীকৃতৈর্ভূতৈরক্ষরং জীবচৈতন্যমাবৃতং তল্লব্ধশরীরকং ভবতীত্যর্থঃ। স্বানন্তরতত্ত্বাদব্যবহিতস্বপূর্ব্বতত্ত্বাদিত্যর্থঃ।

তদভিধ্যানাদিতি। স্পষ্টম্ ॥ ১২ ॥

ব্রহ্মই ছিলেন। তাঁহা হইতে অব্যক্ত অর্থাৎ ত্রৈগুণ্যশরীর ব্যক্ত্যভিমুখ অক্ষর, অক্ষর হইতে মহত্তত্ত্ব, মহত্তত্ত্ব হইতে অহঙ্কার, তাহা হইতে পঞ্চ তন্মাত্র, তন্মাত্র হইতে ভূত সকল উৎপন্ন হয়। ঐ পঞ্চীকৃত ভূত সকলেই অক্ষর অর্থাৎ জীব আবৃত হয়েন। উহারাই দেহরূপে জীবকে আবরণ করে। এস্থলে সংশয় এই যে—প্রধানাদি তত্ত্ব সকল নিজ অব্যবহিত পূর্ব্ববর্ত্তী তত্ত্ব সকল হইতে উৎপন্ন হয় অথবা সাক্ষাৎ পরমেশ্বর হইতে উৎপন্ন হইয়া থাকে? শব্দস্বারস্য হেতু স্বানন্তরতত্ত্ব হইতেই উৎপত্তি স্বীকার করিতে হয়। এই প্রকার পূর্ব্বপক্ষের উত্তর করিতেছেন ;—

সেই ব্রহ্মের সঙ্কল্প হইতেই যখন উৎপত্তি, তখন তিনিই কারণ।

সেই তম-আদি-শক্তি-সমন্বিত সর্ব্বেশ্বরই প্রধানাদি পৃথিব্যন্ত কার্য্য সকলের সাক্ষাৎ জনয়িতা। কারণ, তাঁহার 'বহু হইব' ইত্যাকার সঙ্কল্প হইতেই

তচ্ছক্তিকস্য প্রধানাদিবহুভবনসঙ্কল্পাৎ লিঙ্গাৎ ব্রহ্মৈব তমঃ-প্রভৃতীনি প্রবিশ্য প্রধানাদিরূপেণ তানি পরিণময়তি। যস্য পৃথিবী শরীরমিত্যাদিশ্রুতেরন্তর্য্যামিব্রাহ্মণাচ্চ ॥ ১২ ॥

বিপর্য্যয়েণ তু ক্রমোঽত উপপদ্যতে চ ॥ ১৩ ॥

তুশব্দোঽবধারণে। এতস্মাৎ জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ। খং বায়ুর্জ্যোতিরাপশ্চ পৃথিবী বিশ্বস্য ধারিণীতি মুণ্ডকাদিশ্রুতৌ সুবালশ্রুত্যাদিদৃষ্টাৎ প্রধানমহদাদিক্রমাৎ বিপর্য্যয়েণ যঃ ক্রমঃ সাক্ষাৎ সর্ব্বেশ্বরানন্তর্য্যরূপঃ সর্ব্বেষাং প্রাণাদিপৃথিব্যন্তানাং প্রতীয়তে স খল্বতঃ সর্ব্বেশ্বরাদেব তত্তদ্বস্তুশক্তিকাৎ তত্তৎকার্য্যোৎপত্তেরুপপদ্যতে। অন্যথা শব্দস্বারস্যভঙ্গঃ। সর্ব্বেশ্বরস্য সর্ব্বোপাদানত্বং সর্ব্বস্রষ্টৃত্বং তদ্বিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানং ব্যাকুপ্যেৎ। জড়ৈঃ প্রধানাদিভিস্তত্তৎপরিণামাসম্ভবশ্চেতি চশব্দাৎ। তস্মাৎ স এব সর্ব্বত্র সাক্ষাদ্ধেতুরিতি ॥ ১৩ ॥

আশঙ্ক্য পরিহরতি।

উহাদের উৎপত্তি দৃষ্ট হয়। তিনিই তমঃপ্রভৃতি শক্তির মধ্যে প্রবিষ্ট হইয়া তাহাদিগকে প্রধানাদি রূপে পরিণামিত করেন। "যস্য পৃথিবী শরীরম্" ইত্যাদি শ্রুতি ও অন্তর্য্যামী ব্রাহ্মণ হইতে ঐরূপই সিদ্ধান্ত করা যায় ॥ ১২ ॥

বিপর্য্যয়ে যে ক্রম দৃষ্ট হয়, তাহাও তৎকারণত্বেই উপপন্ন হইতেছে।

তু-শব্দ অবধারণে। 'ইহা হইতে প্রাণ, মন, ইন্দ্রিয় সকল, আকাশ, বায়ু, তেজ, জল ও পৃথিবীর উৎপত্তি,' ইত্যাদি মুণ্ডকাদি শ্রুতিতে সুবালোপনিষদাদিদৃষ্ট প্রধানমহদাদিক্রমের বিপর্য্যয়ে সাক্ষাৎ সর্ব্বেশ্বরের আনন্তর্য্য রূপ যে ক্রম দৃষ্ট হয়, তাহা তত্তদ্বস্তুশক্তিক সর্ব্বেশ্বর হইতে তত্তৎকার্য্যের উৎপত্তি বশত উপপন্ন হয়। অন্যথা শব্দস্বারস্যভঙ্গ ঘটে। কারণ, সর্ব্বেশ্বরের সর্ব্বোপাদানত্ব, সর্ব্বস্রষ্টৃত্ব ও তদ্বিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান প্রভৃতি অসঙ্গত হইয়া পড়ে। চ শব্দ

অন্তরা বিজ্ঞানমনসী ক্রমেণ তল্লিঙ্গাদিতি চেন্নাবিশেষাৎ॥১৪॥

বিজ্ঞানশব্দেনাত্মেন্দ্রিয়াণি ভণ্যন্তে। সর্ব্বেষাং তত্ত্বানাং সাক্ষাৎ সর্ব্বেশাদুৎপত্তিরভিধ্যানলিঙ্গাদবগতা এতস্মাদিতি শ্রুত্যা নিশ্চীয়তে ইতি ন সম্ভবতি তস্যাঃ ক্রমবিশেষপরত্বাৎ। আকাশাদিষু শ্রুত্যন্তরসিদ্ধঃ ক্রমস্তয়াপি খং বায়ুরিত্যাদিনা প্রতীয়তে। তল্লিঙ্গাৎ তৈঃ সহ পাঠলিঙ্গাৎ। ভুতপ্রাণয়ো-

বিপর্য্যয়েণেতি। জ্যোতিরগ্নিঃ। জড়ৈরিতি। যদ্যপি প্রধানাদ্যধিষ্ঠাত্র্যো দেবতাশ্চেতনাস্তথাপি পরমাত্মপ্রেরণেন বলেন বিনা তা জড়তুল্যা ভবন্তী-ত্যাশয়ঃ। স সর্ব্বেশ্বরঃ॥ ১৩॥

অন্তরেতি। অভিধ্যানলিঙ্গাৎ সোঽকাময়ত বহু স্যামিত্যেবংলক্ষণাৎ। তস্যা ইতি। মুণ্ডকশ্রুতেঃ। সুবালাদিশ্রুতিদৃষ্টক্রমবিশেষবোধিতত্বাদিত্যর্থঃ। শ্রুত্যন্তরসিদ্ধঃ সুবালাদিশ্রুত্যুক্তঃ। তয়াপি মুণ্ডকশ্রুত্যাপি। প্রতীয়তে প্রত্যভি-জ্ঞায়তে। তল্লিঙ্গাদিতি। তৈঃ প্রলয়নিরূপিকয়া সুবালশ্রুত্যোক্তৈঃ প্রাণাদি-পৃথিব্যন্তৈঃ সহ মুণ্ডকশ্রুত্যুক্তানাং তেষাং পাঠতৌল্যাল্লিঙ্গাদিত্যর্থঃ। তেনৈব

দ্বারা জড় প্রধানাদি কর্ত্তৃক তত্তৎ পরিণামও অসম্ভব হয়, ইহাই বোধিত হইতেছে। অতএব সর্ব্বেশ্বরই সকলের সাক্ষাৎ কারণ॥ ১৩॥

পুনর্ব্বার আশঙ্কা উত্থাপন পূর্ব্বক তাহার পরিহার করিতেছেন।

সহপাঠরূপ লিঙ্গ হইতে অন্তরালে বিজ্ঞান ও মনের ক্রমে সকল তত্ত্বের সাক্ষাৎ সর্ব্বেশ্বর হইতে উৎপত্তি নিশ্চয় করা যায় না, এরূপ উক্তি অসঙ্গত; কারণ, উক্ত শ্রুতি সকলের তদ্বিষয়ে কিছুই বিশেষ নাই।

বিজ্ঞান শব্দে আত্মা ও ইন্দ্রিয়াদি উক্ত হইতেছে। "এতস্মাৎ" ইত্যাদি শ্রুতি দ্বারা সকল তত্ত্বেরই সাক্ষাৎ সর্ব্বেশ্বর হইতে উৎপত্তি অভিধ্যান-লিঙ্গ হইতে নিশ্চয় করা যায়, এরূপ বলা সম্ভব হয় না। ঐ শ্রুতি ক্রমবিশেষপর। আকাশাদিতে শ্রুত্যন্তরসিদ্ধ ক্রম, তত্তৎশ্রুতির "খং বায়ুঃ" ইত্যাদি উক্তি দ্বারা প্রতীত হয়। উহাদিগের সহিত একত্র পাঠরূপ লিঙ্গ হইতে ভূত ও প্রাণের

রন্তরালে তেনৈব ক্রমেণ বিজ্ঞানমনসী চ প্রজায়েতে ইত্যববুধ্যতে। অতস্তয়া শ্রুত্যা সর্ব্বেষাং তত্ত্বানাং সাক্ষাৎ সর্ব্বেশাদুৎপত্তির্নিশ্চেতুং ন শক্যেতি চেন্ন। কুতঃ অবিশেষাৎ। তস্যাং সর্ব্বেষাং প্রাণাদিপৃথিব্যন্তানাং সাক্ষাৎ সর্ব্বেশজাতত্বাভিধানস্য সমানত্বাদিত্যর্থঃ। এতস্মাদিত্যনেন হি সর্ব্বে প্রাণাদয়ঃ সম্বধ্যন্তে। অয়ং ভাবঃ। সোঽকাময়ত বহু স্যামিত্যাদেরেতস্মাৎ জায়তে প্রাণ ইত্যাদেশ্চ শ্রবণাৎ। অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে। তত্র তত্র স্থিতো

সুবালশ্রুতিদৃষ্টেনৈব ক্রমেণ। অতস্তয়েতি। মুণ্ডকশ্রুত্যেত্যর্থঃ। নন্বু ভূতপ্রাণয়োর্মধ্য ইন্দ্রিয়মনসী চ তেনৈব সুবালশ্রুতিদৃষ্টেন স্বপূর্ব্বতত্ত্বজাতত্বক্রমেণোৎপদ্যেত ইতি পূর্ব্বপক্ষঃ কথং সঙ্গতিমান্ স্যাৎ। এবমপি তৎক্রমালাভাদিতি চেদুচ্যতে। মুণ্ডকশ্রুতৌ প্রাণশব্দেন মহত্তত্ত্বোপলক্ষকঃ সূত্রাত্মা প্রথমবিকারো গ্রাহ্যঃ মনঃশব্দেন তদ্ধেতুঃ সাত্ত্বিকাহঙ্কারশ্চ ইন্দ্রিয়শব্দেন তদ্ধেতুরাজসাহঙ্কারশ্চ খাদিশব্দেন তদ্ধেতুস্তামসাহঙ্কারশ্চেতি। তস্যামপি সুবালাদিশ্রুতিদৃষ্টঃ ক্রমোঽববুদ্ধ ইতি ন কোঽপি ক্ষতিলেশ ইতি। মৈবমেতৎ। কুত ইত্যপেক্ষ্যাহাবিশেষাদিতি। তস্যাং মুণ্ডকশ্রুতৌ। সমানত্বাদেকরূপ্যাৎ। এতস্মাদিতি। অপাদানপঞ্চম্যন্তেনানেন সর্ব্বেষাং প্রাণাদীনাম্ এতস্মাৎ প্রাণ এতস্মান্মন ইত্যাদিরূপঃ সম্বন্ধো নির্ব্বিশেষো দৃশ্যত ইত্যর্থঃ। হিশব্দো হেতৌ।

অন্তরালে উক্ত ক্রমেই বিজ্ঞান ও মন উৎপন্ন হয়, ইহাই প্রতীত হইয়া থাকে। অতএব উক্ত শ্রুতি দ্বারা তত্ত্ব সকলের উৎপত্তি সাক্ষাৎ সর্ব্বেশ্বর হইতে নিশ্চয় করিতে পারা যায় না, এরূপ বলা যায় না; কারণ, ঐ শ্রুতিতেও প্রাণাদি পৃথিব্যন্ত তত্ত্ব সকলের সাক্ষাৎ সর্ব্বেশ্বর হইতে উৎপত্তি কথনের কোনই বিশেষ দৃষ্ট হয় না। "এতস্মাৎ" এই বাক্যের সহিত প্রাণাদি সকলেরই সম্বন্ধ আছে। তাৎপর্য্য এই—'তিনি বহু হইব, কামনা করিলেন;' 'ইহাঁ হইতেই প্রাণের উৎপত্তি;' ইত্যাদি শ্রুতি এবং 'আমিই সকলের উৎপত্তির কারণ;

বিষ্ণুস্তত্তচ্ছক্তিং প্রবোধয়েৎ। এক এব মহাশক্তিঃ কুরুতে সর্ব্বমঞ্জসেত্যাদিস্মৃতেশ্চ সর্ব্বাণি প্রধানাদীনি সাক্ষাৎ সর্ব্বেশোদ্ভবানীতি মন্তব্যম্। ন চৈবং সুবালশ্রুত্যাদিদৃষ্টক্রমবিরোধঃ। তম-আদি-শক্তিমান্ প্রধানাদিকার্য্যহেতুরিতি তত্র বিবক্ষিতত্বাৎ। তথাচোভয়ং সূপপন্নম্। তদেবং সতি তৎ-তেজোঽসৃজতেত্যত্র তত্তমঃপ্রভৃতিশক্তিকং ব্রহ্ম প্রধানাদি-বায়্বন্তং সৃষ্ট্বা তেজোঽসৃজতেতি তস্মাদ্বা ইত্যত্র তত্তস্মাৎ তমঃপ্রভৃতিশক্তিকাৎ সম্ভাবিতপ্রধানাদিকাদাত্মনঃ সর্ব্বেশাদাকাশঃ সম্ভূত ইতি সঙ্গমনীয়ম্ ॥ ১৪ ॥

নন্বেবং সর্ব্বেশ্বরো হরিরেব চেৎ সর্ব্বাত্মকস্তর্হি সর্ব্বেষাং চরাচরবাচিনাং শব্দানাং তদ্বাচকতাপত্তিঃ। ন চ সা তেষাং সমস্তি চরাচরেষু মুখ্যব্যুৎপন্নত্বাৎ। স্বীকৃতায়াঞ্চ তস্যাং গৌণী তেষাং তস্মিন্ প্রবৃত্তিরিত্যাশঙ্ক্যাহ—

অহমিতি। অহমিতি শ্রীগীতাসু। তত্র তত্রেতি বামনে। ছান্দোগ্যতৈত্তিরীয়কয়োঃ সুবালশ্রুত্যা সহ বিরোধায়াহ তদেবমিতি। প্রধানাদিবায়্বন্তমিতি। প্রধানমহদহংতন্মাত্রেন্দ্রিয়বিয়দ্বায়ূনুৎপাদ্যেত্যর্থঃ ॥ ১৪ ॥

নন্বিতি। সর্ব্বেশ্বরশ্চিজ্জড়াত্মকশক্তিদ্বয়স্বামী। তদ্বাচকতেতি। সর্ব্বেশ্বর-হরিবাচকতাপত্তিরিত্যর্থঃ। সা তদ্বাচকতা। তস্যাং তদ্বাচকতায়াম্। তেষাং চরাচরবাচিশব্দানাম্। তস্মিন্ সর্ব্বেশ্বরে হরৌ।

আমা হইতেই সকলের উৎপত্তি;' ইত্যাদি স্মৃতি হইতে পরমেশ্বরই যে সকলের কারণ, তাহা প্রতীত হওয়া যায়। এতদ্দ্বারা সুবালোপনিষদাদিদৃষ্ট ক্রমেরও কোন বিরোধ হইতেছে না। যেহেতু ঐসকলে তম-আদি-শক্তি-সমন্বিত সর্ব্বেশ্বরকেই প্রধানাদি কার্য্যের কারণ বলা হইয়াছে। অতএব উভয়ই সম্যক্ উপপন্ন হইল। এইরূপ হইলে, তাদৃশ সর্ব্বেশ্বর হইতেই আকাশাদি সকল তত্ত্বই উৎপন্ন হইয়াছে, এইরূপই সঙ্গতি করিতে হইবে ॥ ১৪ ॥

চরাচরব্যপাশ্রয়স্তু স্যাৎ তদ্ব্যপদেশোঽভাক্তস্তদ্ভাব-ভাবিত্বাৎ ॥ ১৫ ॥

তুশব্দঃ শঙ্কানিরাসার্থঃ। চরাচরব্যপাশ্রয়স্তদ্ব্যপদেশো জঙ্গমস্থাবরশরীরবাচকস্তত্তচ্ছব্দো ভগবত্যভাক্তো মুখ্যঃ স্যাৎ। কুতঃ তদ্ভাবেতি। তদ্ভাবস্য সর্ব্বেষাং শব্দানাং ভগবদ্বাচক-ভাবস্য শাস্ত্রশ্রবণাদূর্দ্ধং ভবিষ্যত্বাৎ। তদ্বুদ্ধেরুদেষ্যত্বাদিতি যাবৎ। শ্রুতিশ্চৈবমাহ। সোঽকাময়ত বহু স্যাং স বাসু-দেবো ন যতোঽন্যদস্তীত্যাদিনা। স্মৃতিশ্চ কটকমুকুটকর্ণি-কাদিভেদৈঃ কনকমভেদমপীষ্যতে যথৈকম্। সুরপশুমনুজাদি-

চরাচরেতি। শাস্ত্রশ্রবণাদূর্দ্ধমিতি বেদান্তাধ্যয়নাৎ তদর্থানুভবাৎ চোত্তর-স্মিন্ কালে ইত্যর্থঃ। তদ্বুদ্ধেস্তাদৃশজ্ঞানস্য। শ্রুতিশ্চৈবমিতি। স বাসুদেব ইতি গোপালোপনিষদি। কটকেতি শ্রীবৈষ্ণবে। শক্তিমতোঽত্র ব্রহ্মণঃ কনকং

এইপ্রকারে সর্ব্বেশ্বর শ্রীহরিই যদি সর্ব্বাত্মক হইলেন, তাহা হইলে, চরা-চরবাচী সকল শব্দেরই তদ্বাচকতাপত্তি হইতেছে। কিন্তু ঐ সকল শব্দের শ্রীহরিবাচকতা দেখা যায় না; যেহেতু উহারা চরাচরেই মুখ্যভাবে ব্যুৎপন্ন। তৎস্বীকারে ঐ সকল শব্দের সর্ব্বেশ্বরে গৌণী প্রবৃত্তি হয়, এইরূপ আশঙ্কায় বলিতেছেন ;—

তদ্ভাবভাবিত্ব প্রযুক্ত চরাচরব্যপাশ্রয় তদ্ব্যপদেশ গৌণ না হইয়া মুখ্যই হইবে।

তুশব্দ শঙ্কানিরাসার্থ। চরাচরবাচী অর্থাৎ স্থাবরজঙ্গমবাচী শব্দ সকল ভগ-বানে মুখ্যই হইবে, গৌণ নহে। কারণ, শব্দ সকলের ভগবদ্বাচক ভাব শাস্ত্র শ্রবণের পরই হইয়া থাকে। তাদৃশ জ্ঞানই উদ্দেশ্য। শ্রুতিতেও ঐরূপই বলিয়া থাকেন। 'তিনি বহু হইবেন, সঙ্কল্প করিলেন।' 'বাসুদেবই পরপুরুষ; তাঁহা হইতে অতিরিক্ত কিছুই নাই।' স্মৃতিতেও বলিয়াছেন, 'কটক, মুকুট ও কর্ণিকাদি অলঙ্কারের ভেদে যেরূপ কনকের ভেদ হয় না, তদ্রূপ দেবতা, পশু ও

কল্পনাভির্হরিরখিলাভিরুদীর্য্যতে তথৈক ইত্যাদ্যা। অয়ং ভাবঃ। শক্তিবাচকাঃ শব্দাঃ শক্তিমতি পর্য্যবস্যন্তি শক্তীনাং তদাত্মকত্বাদিতি ॥ ১৫ ॥

সর্ব্বং যস্মাদুৎপদ্যতে যস্য মূলকারণত্বাদুৎপত্তির্নাস্তি স পরমাত্মেতীশ্বরো নিরূপিতঃ। অথ জীবং নির্ণেতুমুপক্রমতে। তস্য তাবদুৎপত্তির্নিরস্যতে। যতঃ প্রসূতা জগতঃ প্রসূতি-

---

দৃষ্টান্তস্তথৈব নিষ্কর্ষাৎ। তদাত্মকত্বাদিতি শক্তিমদ্ব্রহ্মাভেদাদিত্যর্থঃ। লোকেঽপি গবাদিশব্দানাং গোত্বাদিবাচিনাং তদ্বতি পর্য্যবসানং দৃষ্টম্। অত্র পৃথিব্যাদিশব্দানাং গন্ধবদ্দ্রব্যাদিবাচকত্বব্যুৎপত্তির্বালার্থা বোধ্যা। পৃথিব্যাদিশক্তিমদ্ব্রহ্মবাচকতাপি তেষামস্তি সা তু তাত্ত্বিকীতি দর্শিতম্। স্মৃত্যন্তরাণি চাত্র মৃগ্যাণি বাসুদেবঃ সর্ব্বমিতি বচসাং বাচ্যমুত্তমমিতি সর্ব্বনামাভিধেয়শ্চ সর্ব্ববেদেড়িতশ্চ স ইতি চৈবমাদীনি ॥ ১৫ ॥

চিদচিচ্ছক্তিমান্ হরিঃ সর্ব্বহেতুস্তত্রৈব শাস্ত্রস্য সমন্বয়ো দর্শিতঃ। তত্রাচিদ্বিষয়কশ্রুতিবিরোধো নিরস্তঃ। অথ চিদ্বিষয়কশ্রুতিবিরোধনিরাকরণেন তৎস্বরূপং নিরূপণীয়ং যাবৎ পাদপূর্ত্তি। তত্র চিতো জীবাঃ। তত্র জীবজন্মবিনাশনিরূপকজাতেষ্ট্যাদিশাস্ত্রাণাং জীবনিত্যত্বাদিনিরূপকশাস্ত্রাণাং মিথো বিরোধোঽস্তি ন বেতি সংশয়ে জাতো মৃতশ্চ দেবদত্ত ইতি লোকব্যবহারপুষ্টত্বাৎ পূর্ব্বেষাং পরৈরস্তি বিরোধ ইতি প্রত্যুদাহরণাদাক্ষেপে পূর্ব্বেষাং দেহজন্মাদিনিমিত্তত্বেন নেয়ার্থত্বাৎ পরৈঃ সহৈকার্থ্যাদবিরোধঃ। অচিদ্বিষয়কঃ শ্রুতিবিরোধো মাস্তু চিদ্-

---

মনুষ্যাদি ভেদেও শ্রীহরির ভেদ হয় না। দেবতাদি অখিল শব্দ দ্বারা শ্রীহরিই উক্ত হইয়া থাকেন।' তাৎপর্য্য এই—শক্তিবাচক শব্দ সকল শক্তিমানেই পর্য্যবসিত হয়। কারণ, শক্তি সকল শক্তিমান হইতে অতিরিক্ত নহে ॥ ১৫ ॥

যাঁহা হইতে সকল বস্তু উৎপন্ন হয়, তিনিই মূলকারণ পরমাত্মা বলিয়া তাঁহার আর উৎপত্তি স্বীকৃত হয় না। তিনিই ঈশ্বর। অনন্তর জীবনির্ণয়ের উপক্রম করা হইতেছে। প্রথমত জীবের উৎপত্তির নিরাস করা হইতেছে।

স্তোয়েন জীবান্ ব্যসসর্জ্জ ভূম্যামিতি তৈত্তিরীয়কে সন্মূলাঃ সৌম্যেমাঃ সর্ব্বাঃ প্রজা ইতি চান্যত্র শ্রূয়তে। অত্র জীবস্যোৎপত্তিরস্তি ন বেতি সংশয়ে চিজ্জড়াত্মকস্য জগতঃ কার্য্যত্বাবগমাৎ ব্যতিরেকে প্রতিজ্ঞাভঙ্গাচ্চাস্তীতি প্রাপ্তে—

নাত্মা শ্রুতের্নিত্যত্বাচ্চ তাভ্যঃ॥ ১৬॥

আত্মা জীবো নৈবোৎপদ্যতে। কুতঃ শ্রুতেঃ। ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিন্নায়ং কুতশ্চিৎ ন বভূব কশ্চিৎ। অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো ন হন্যতে হন্যমানে শরীরে ইতি

বিষয়কস্তু সোঽস্থিতি প্রত্যুদাহরণস্বরূপমূহ্যম্। যত ইতি। তমঃশক্তিকাৎ ব্রহ্মণ ইত্যর্থঃ। জগতঃ প্রসূতিঃ প্রধানশক্তিঃ তোয়েন মহদাদিভূপর্য্যন্তেন স্বোৎপন্নেন তত্ত্বগণেনেত্যর্থঃ। ভূম্যাং জগদণ্ডে। ব্যসসর্জেতি ছান্দসম্। দেহেন্দ্রিয়বৈশিষ্ট্যেনোৎপাদিতবতীত্যর্থঃ। সন্মূলাঃ ব্রহ্মোৎপন্নাঃ। প্রজাঃ জীবাঃ। প্রতিজ্ঞা একবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানম্।

'যে তমঃশক্তিসম্পন্ন ব্রহ্ম হইতে জগৎপ্রসূতি ব্রহ্মশক্তি এবং মহদাদি ক্ষিতি পর্য্যন্ত স্বোৎপন্ন তত্ত্বসমূহ দ্বারা জগদণ্ডে দেহেন্দ্রিয় বিশিষ্ট জীবের উৎপত্তি।' তৈত্তিরীয় শ্রুতিতে এইরূপ উক্ত হইয়াছে। আবার, 'হে সৌম্য! সকল জীবই সৎস্বরূপ পরব্রহ্ম হইতে উৎপন্ন।' এই প্রকার অপরাপর শ্রুতিও দৃষ্ট হইয়া থাকে। তদ্দর্শনে জীবের উৎপত্তি আছে কি না? এইরূপ সংশয় অভ্যুদিত হয়। জড়াত্মক জগতের কার্য্যত্বাবগম হেতু এবং ব্যতিরেকে প্রতিজ্ঞাভঙ্গ হেতু জীবের উৎপত্তি আছে, এইরূপ পূর্ব্বপক্ষ স্থির হয়। তদুত্তরে সিদ্ধান্ত প্রদর্শন করিতেছেন ;—

শ্রুতি ও স্মৃতি হইতে আত্মার নিত্যত্ব শ্রবণ হেতু উহার উৎপত্তি স্বীকার করা যায় না।

আত্মা উৎপন্ন হয় না। 'জীবের জন্মও নাই, মৃত্যুও নাই; জীব নিত্য ও অজ। শরীরের নাশে জীবাত্মার নাশ হয় না।' এইরূপ কাঠক শ্রুতি এবং

কাঠকে। জ্ঞাজ্ঞৌ দ্বাবজাবীশানীশাবিতি শ্বেতাশ্বতরশ্রুতৌ চাজত্বশ্রবণাৎ। তথা তাভ্যঃ শ্রুতিস্মৃতিভ্যো নিত্যত্বপ্রতীতেশ্চ। চেতনত্বং চশব্দাৎ। তাস্তু নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানাম্ অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণ ইত্যাদ্যাঃ। এবং সতি জাতো যজ্ঞদত্তো মৃতশ্চেতি যোঽয়ং লৌকিকো ব্যবহারো যশ্চ জাতকর্ম্মাদিবিধিঃ স তু দেহাশ্রিত এব ভবেৎ। স বা অয়ং পুরুষো জায়মানঃ শরীরমভিসম্পদ্যমানঃ স উৎক্রামন্ ম্রিয়মাণ ইতি বৃহদারণ্যকাৎ। জীবাপেতং বাব কিলেদং ম্রিয়তে ন জীবো ম্রিয়ত ইতি ছান্দোগ্যাচ্চ। কথং তর্হি শ্রুতিপ্রতিজ্ঞানুপরোধঃ। ইত্থং জীবস্যাপি কার্য্যত্বাৎ তদুৎপত্তিরিতি। সূক্ষ্মোভয়শক্তিকং ব্রহ্মৈবাবস্থান্তরাপন্নং

নাত্মেতি। বিপশ্চিদত্র জীবঃ বিবিধানি সুখদুঃখানি পশ্যত্যনুভবতীতি ব্যুৎপত্তেঃ। ননু নিত্যশ্চেজ্জীবস্তর্হি লোকব্যবহারো জাতকর্ম্মাদিশাস্ত্রার্থশ্চ কথং সম্ভবেৎ তত্রাহৈবং সতীতি। দেহসম্বন্ধো জীবস্য জন্ম তত্ত্যাগস্তু মরণমিত্যর্থঃ।

'পরমাত্মা ও জীবাত্মা উভয়েই অজ ও ঈশান।' এইরূপ শ্বেতাশ্বতর শ্রুতি হইতে জীবের নিত্যত্বই প্রতীত হইয়া থাকে। চ শব্দ দ্বারা আত্মার চেতনত্বও বোধিত হয়। 'নিত্যের নিত্য ; চেতনেরও চেতন ;' 'অজ, নিত্য ও শাশ্বত ;' এইরূপ শ্রুতি এবং স্মৃতিই উহার প্রমাণ। এইরূপ হইলে, 'যজ্ঞদত্ত জাত, যজ্ঞদত্ত মৃত,' এই যে লৌকিক ব্যবহার এবং জীবের যে জাতকর্ম্মের বিধি, সে সকল দেহাশ্রিতই হইতেছে। 'জীব জন্মকালে শরীর প্রাপ্ত হয়' ও 'মৃত্যুকালে শরীর হইতে উৎক্রমণ করে,' ইত্যাদি বৃহদারণ্যক শ্রুতি এবং 'জীবের মৃত্যু নাই, জীব হইতে বিশ্লিষ্ট দেহেরই মৃত্যু,' ইত্যাদি ছান্দোগ্য শ্রুতি হইতেও ঐরূপই প্রতীতি হইয়া থাকে। তবে, কার্য্যত্বহেতু জীবেরও উৎপত্তি হয়, এইরূপ শ্রুতিপ্রতিজ্ঞার উপরোধ কিরূপে সম্ভব হইবে, এমন একটি সংশয় উত্থিত হইতে পারে। তাহার মীমাংসা এই—তমঃশক্তিসম্পন্ন ও জীবশক্তিসম্পন্ন

কার্য্যং নাম। ইয়াংস্তু বিশেষঃ। প্রধানাদেরচেতনস্য ভোগ্য-জাতস্য স্বরূপেণান্যথাভাবো জীবস্য তু ভোক্তুর্জ্ঞানসঙ্কোচ-বিকাশাত্মনেতি। উভয়ত্রাপি কার্য্যহেত্বোরৈক্যাৎ সা নোপ-রুধ্যতে। শ্রুতয়শ্চাঞ্জস্যং ভুঞ্জীরন্। তস্মাৎ জীবস্যোৎপত্তি-র্নেতি ॥ ১৬ ॥

অথাস্য স্বরূপং বিচারয়তি। যো বিজ্ঞানে তিষ্ঠন্নিতি সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমিতি চ শ্রূয়তে। তত্র জ্ঞান-মাত্রস্বরূপো জীব উত জ্ঞানজ্ঞাতৃস্বরূপ ইতি সংশয়ে জ্ঞান-মাত্রস্বরূপ সঃ যো বিজ্ঞানে তিষ্ঠন্নিত্যত্র তথৈব প্রত্যয়াৎ।

জীবাপেতমিতি। অপেতং ত্যক্তম্। ইদং শরীরম্। সূক্ষ্মোভয়েতি। তমঃ-শক্তির্জীবশক্তিশ্চাদৃষ্টবতীতি দ্বয়ং তদ্বিশিষ্টং ব্রহ্মৈব প্রধানাদ্যবস্থান্তরাপন্নং কার্য্যমুচ্যত ইত্যর্থঃ। অন্যথাভাবঃ পরিণামঃ। সা প্রতিজ্ঞা। আঞ্জস্যং মুখ্যার্থতাম্। ভুঞ্জীরন্ প্রাপ্নুয়ুঃ ॥ ১৬ ॥

অথাস্তেতি। পূর্ব্বত্র জীববিষয়কয়োর্জাতেষ্ট্যাদিনিত্যত্বাদিশ্রুত্যোর্বিষয়-ভেদাদস্তুবিরোধঃ। ইহ তু তদ্বিষয়কয়োর্নির্গুণসগুণশ্রুত্যোর্মাস্তুবিরোধ এক-বিষয়ত্বাদিতি প্রত্যুদাহরণসঙ্গত্যাক্ষেপঃ। যো বিজ্ঞানে ইত্যত্র জ্ঞানমাত্রো জীবঃ

ব্রহ্মই প্রধানাদি অবস্থাবিশিষ্ট হইয়া কার্য্যস্বরূপে উক্ত হয়েন। বিশেষ এই—প্রধানাদি অচেতন ভোগ্য বস্তু সকলের স্বরূপতই পরিণাম হয়, আর ভোক্তা জীবের জ্ঞানের সঙ্কোচ ও বিকাশেই পরিণাম হইয়া থাকে। উভয়ত্রই কার্য্য ও কারণের ঐক্য হেতু উক্ত প্রতিজ্ঞার উপরোধ হয় না। শ্রুতি সকল মুখ্যার্থ-তাই প্রাপ্ত হইবে। অতএব জীবের উৎপত্তি স্বীকার্য্য নহে ॥ ১৬ ॥

অনন্তর জীবের স্বরূপ বিচার করিতেছেন। "যো বিজ্ঞানে তিষ্ঠন্," এই শ্রুতি হইতে জীবের জ্ঞানরূপতা এবং "সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষম্," এই শ্রুতি হইতে উহার জ্ঞানবিশিষ্টত্ব অবগত হওয়া যায়। এই স্থলে সংশয় এই যে, ঐ জীব জ্ঞানমাত্রস্বরূপ অথবা জ্ঞাতৃস্বরূপ? প্রথম শ্রুতিদর্শনে জীবের জ্ঞান-

জ্ঞানং তু বুদ্ধেরেব ধর্ম্মস্তয়া সম্বন্ধে তত্রাধ্যস্যতে সুখমহমস্বাপ্সমিতি। এবং প্রাপ্তে—

জ্ঞোঽত এব ॥ ১৭ ॥

জ্ঞ এবাত্মা জ্ঞানরূপত্বে সতি জ্ঞাতৃস্বরূপ এব। এষ হি দ্রষ্টা স্প্রষ্টা শ্রোতা রসয়িতা ঘ্রাতা মন্তা বোদ্ধা কর্ত্তা বিজ্ঞানাত্মা পুরুষ ইতি ষট্‌প্রশ্নীশ্রুতেরেবেত্যর্থঃ। শ্রুতিবলাদেব তথা স্বীকৃতং ন তু যুক্তিবলাৎ। শ্রুতেস্তু শব্দমূলত্বাদিতি হি নঃ স্থিতিঃ। জ্ঞাতা জ্ঞানস্বরূপোঽয়মিতি স্মৃতেশ্চ। ন চাত্মা জ্ঞানমাত্রস্বরূপঃ সুখমহমিতি সুপ্তোত্থিতপরা-

প্রতীতঃ সুখমহমস্বাপ্সমিত্যত্র তু জ্ঞানীতি দ্বয়োর্বাক্যয়োর্বিরোধঃ প্রতিভাতি। রবিবিম্বন্যায়েন জ্ঞানমাত্রশ্রুতেরপি জ্ঞাতৃতয়া ব্যাখ্যানাদবিরোধো বোধ্যঃ। তয়া বুদ্ধ্যা। তত্র জীবে।

জ্ঞ ইতি। এষ হীতি। এষ জীবঃ। ন চাত্মেতি। স্বাপাদুত্থিতস্য সুখমহমস্বাপ্সমিতি বিমর্শাসিদ্ধেঃ মোক্ষে মুক্তঃ সুখী অহমস্মীতি পুমর্থসাক্ষাৎকারাসিদ্ধেশ্চেত্যর্থঃ ॥ ১৭ ॥

রূপতাই স্থির হয়। ঐ জ্ঞান বুদ্ধিরই ধর্ম্ম। পরবর্ত্তী শ্রুতিতে যে তাঁহার জ্ঞাতৃস্বরূপত্ব ব্যক্ত হইয়াছে, উহা বুদ্ধির সহিত সম্বন্ধ হেতু জীবে উপচরিত, এইরূপই বুঝিতে হইবে। এইপ্রকার পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন ;—

শ্রুতিপ্রমাণবশত জীবের জ্ঞানরূপতা সত্ত্বেও জ্ঞাতৃস্বরূপতা স্বীকার করিতে হইবে।

আত্মা জ্ঞানস্বরূপ। জ্ঞানস্বরূপত্ব সত্ত্বেও উহার জ্ঞাতৃস্বরূপত্ব বলিতে হয়। কারণ, "এষ হি দ্রষ্টা," ইত্যাদি প্রশ্নী শ্রুতিতে ঐরূপই উক্ত হইয়া থাকে। শ্রুতিবলেই আত্মার উভয়রূপতা স্বীকৃত হয় ; যুক্তিবলে নহে। শ্রুতির শব্দমূলত্বই আমাদিগের সিদ্ধান্ত। স্মৃতিতেও জীবকে জ্ঞাতৃস্বরূপ ও জ্ঞানস্বরূপ উভয়ই

মর্শানুপপত্তেঃ জ্ঞাতৃত্বশ্রুতিবিরোধাচ্চ। তস্মাৎ জ্ঞানস্বরূপো জ্ঞাতেতি ॥ ১৭ ॥

অথাস্য পরিমাণং চিন্তয়তি। মুণ্ডকে এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যো যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সংবিবেশেতি পঠ্যতে। ইহ সংশয়ঃ। জীবো বিভুরণুর্ব্বেতি। তত্র বিভুরেব জীবঃ। তং প্রকৃত্য মহানিতি শ্রুতেস্তথৈব বাদিভিরভ্যুপগমাচ্চ। অণুত্বং তু বুদ্ধিগতং তত্রোপচর্য্যতে। এবং প্রাপ্তৌ—

উৎক্রান্তিগত্যাগতীনাম্ ॥ ১৮ ॥

অত্রাণুরিতি পদমূহ্যম্ পরত্র নাণুরিতি পূর্ব্বপক্ষত্বাৎ। পঞ্চম্যর্থে ষষ্ঠী। পরমাণুরেবায়ং জীবো ন বিভুঃ। কুতঃ উৎ-

---

নন্বু নির্গুণসগুণবাক্যয়োঃ প্রাগ্‌দর্শিতোঽবিরোধঃ স্যান্নির্গুণবাক্যস্যাপি সগুণপরতয়া নীতত্বাৎ। ইহ তু বিভ্বণুবাক্যয়োর্বিরোধো দুষ্পরিহরঃ তয়োর্জীবমুদ্দিশ্য পাঠাদিতি প্রাগ্‌বদাক্ষেপে বিভুবাক্যং পরমাত্মানমধিকৃত্য পঠিতমিতি নির্ণীতত্বাদবিরোধ ইতি হৃদি কৃত্বাহ অথাস্যেতি। বাদিভির্গৌতমাদিভিঃ। তত্র বিভৌ জীবে।

বলিয়াছেন। জীবের এই উভয়স্বরূপতার অস্বীকারে জ্ঞাতৃত্ব শ্রুতির বিরোধ ঘটে। অতএব জীব জ্ঞানস্বরূপ হইয়াও জ্ঞাতৃস্বরূপ ইহাই স্থির সিদ্ধান্ত ॥ ১৭ ॥

অনন্তর জীবের পরিমাণ বিচার করিতেছেন। মুণ্ডকোপনিষদে 'এই আত্মা অণুরূপ,' ইত্যাদি উক্তি দ্বারা আত্মার অণুপরিমাণই বলিয়াছেন। তদ্বিষয়ে সংশয় এই—জীব বিভু কি অণু? শ্রুতিতে তিনি 'মহান্' বলিয়াই উক্ত হইয়াছেন। অতএব জীবের বিভুত্বই বক্তব্য হইতেছে। গৌতমাদি বাদীর অভ্যুপগমও ঐরূপই। বুদ্ধিগত অণুত্ব জীবে উপচরিত হয় মাত্র। এই প্রকার পূর্ব্বপক্ষে বলিতেছেন ;—

উৎক্রান্তি, গতি ও আগতি দর্শনে জীবের অণুত্বই স্বীকার্য্য হইতেছে।

পরে "নাণুঃ" এইরূপ পূর্ব্বপক্ষ হইতে সূত্রে অণু শব্দ উহ্য আছে, ইহাই বুঝিতে হইবে। সূত্রস্থ ষষ্ঠী বিভক্তি পঞ্চম্যর্থে। এই জীব পরমাণুরূপ। জীব বিভু

ক্রান্ত্যাদিভ্যঃ। তস্য হৈতস্য হৃদয়স্যাগ্রং প্রদ্যোততে। তেন প্রদ্যোতেনৈষ আত্মা নিষ্ক্রামতি চক্ষুষো বা মূর্দ্ধ্নো বান্যেভ্যো বা শরীরদেশেভ্য ইতি। অনন্দা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ। তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি অবিদ্বাংসোঽবুধো জনা ইতি। প্রাপ্যান্তং কর্ম্মণস্তস্য যৎ কিঞ্চেহ করোত্যয়ম্। তস্মাৎ লোকাৎ পুনরেত্যস্মৈ লোকায় কর্ম্মণে ইতি চ বৃহদারণ্যকশ্রুত্যা জীবস্যোৎক্রান্ত্যাদয়ো নিগদিতাঃ। ন চ সর্ব্বগতস্য তস্য তাঃ সম্ভবেয়ুঃ। অপরিমিতা ধ্রুবাস্তনুভৃতো যদি সর্ব্বগতাস্তর্হি ন শাস্যতেতি নিয়মো ধ্রুব নেতরথেত্যাদিকা হি স্মৃতিঃ। পরেশস্য তু বিভোরপি গত্যাদিকমচিন্ত্যত্বাৎ ন বিরুদ্ধম্॥ ১৮॥

উৎক্রান্তীতি। অনন্দাঃ সুখশূন্যাঃ। অবিদ্বাংসস্তত্ত্বজ্ঞানশূন্যাঃ। বুধো বিষয়ভোগপণ্ডিতাঃ। তস্য জীবস্য। তাঃ উৎক্রান্ত্যাদয়ঃ। অপরিমিতা ইতি শ্রীভাগবতে। হে ধ্রুব নিত্যস্বরূপস্বভাব ভগবন্ অপরিমিতা অনন্তা ধ্রুবা নিত্যাশ্চ তনুভৃতো জীবা যদি সর্ব্বগতা বিভবো ভবেয়ুস্তর্হি ভবান্ শাস্তা জীবাঃ শাস্যা ইতি যঃ শাস্ত্রীয়ো নিয়মঃ স ন স্যাৎ তেষাং তব চ মিথঃ সাম্যাৎ। ইতরথা তেষামণুত্বে

নহে। উৎক্রান্তি প্রভৃতি হইতেই ঐ প্রকার অবগত হওয়া যায়। "তস্য হৈতস্য হৃদয়স্যাগ্রং প্রদ্যোততে," ইত্যাদি বৃহদারণ্যক শ্রুতিতে জীবের উৎক্রান্তি প্রভৃতি উক্ত হইয়াছে। জীব সর্ব্বগত হইলে, তাঁহার উৎক্রান্তি প্রভৃতি সম্ভব হয় না। তদ্বিষয়ে স্মৃতিও দৃষ্ট হয়, যথা,—'হে ভগবন্! জীব যদি অপরিমিত, নিত্য ও বিভু হয়, তাহা হইলে, তিনি শাস্য, আপনি তাঁহার শাস্তা, এরূপ নিয়ম থাকিতে পারে না; কিন্তু তিনি যদি অণু হয়েন, তবেই ঐ নিয়ম থাকে।' পরমেশ্বর বিভু হইলেও অচিন্ত্যশক্তি প্রযুক্ত তাঁহার গতি প্রভৃতি সম্ভব হয়; জীবের তদভাব প্রযুক্ত ঐ সকল সম্ভব হয় না॥ ১৮॥

অত্র বিভোরচলতোঽপ্যুৎক্রান্তির্দেহাভিমাননিবৃত্তিমাত্রেণ গ্রামস্বাম্যনিবৃত্তিবৎ কদাচিৎ সংভাব্যেত গতাগতী তু নাচলতঃ সম্ভবেতামিত্যাহ।

স্বাত্মনা চোত্তরয়োঃ ॥ ১৯ ॥

চোঽবধারণে উত্তরয়োর্গত্যাগত্যোঃ স্বাত্মনৈব সম্বন্ধো বাচ্যঃ কর্ত্তৃস্থক্রিয়াত্বাৎ। সত্যোশ্চ তয়োরুৎক্রান্তিরপি দেহপ্রদেশাদেব মন্তব্যা। তেন প্রদ্যোতেনেত্যাদিশ্রবণাৎ। শরীরং যদবাপ্নোতি যচ্চাপ্যুৎক্রামতীশ্বরঃ। গৃহীত্বৈতানি সংযাতি বায়ুর্গন্ধানিবাশয়াদিত্যাদিস্মরণাচ্চ। যত্তূৎক্রান্ত্যাদিকমুপাধ্যুৎক্রান্ত্যাদিভির্ব্যপদিষ্টমিত্যুচ্যতে তন্মন্দম্। স

সতি সোঽনিয়মো ন কিন্তু নিয়ম এব তিষ্ঠেদিত্যর্থঃ। অত্র বিভুত্বং জীবানাং প্রত্যাখ্যাতম্। পরেশস্যেতি। অচিন্ত্যশক্ত্যা তৎ সিধ্যতীতি ॥ ১৮ ॥

অত্রেতি। বিভোঃ সর্ব্বদেশস্থ।

স্বাত্মনেতি। শরীরমিতি শ্রীগীতাসু। ঈশ্বরো দেহেন্দ্রিয়নিয়ন্তা জীবঃ প্রকরণাৎ ঈষ্টে ইতি ব্যুৎপত্তের্দেহাদিস্বামিনি তস্মিন্ সম্ভবাচ্চ। এতানি প্রাণেন্দ্রিয়াণি। আশয়াৎ পুষ্পগর্ভাৎ। যত্বিতি। উপাধিরত্র বুদ্ধির্জ্ঞেয়া। স

অনন্তর বিভু বস্তু অচল হইলেও দেহাভিমাননিবৃত্তিমাত্র গ্রামাধিপত্যের নিবৃত্তির ন্যায় উৎক্রান্তি কথঞ্চিৎ সম্ভব হয়, কিন্তু অচল বস্তুর গতি ও আগতি সম্ভব হয় না, ইহাই বলিতেছেন ;—

গতি ও আগতির আত্মার সহিতই সম্বন্ধ জানিতে হইবে।

চ-শব্দ অবধারণে। কর্ত্তার ক্রিয়াস্থত্ব প্রযুক্ত উত্তরবর্ত্তী গতি ও আগতির জীবাত্মার সহিতই সম্বন্ধ বুঝিতে হয়। গতি ও আগতি থাকিলে, দেহপ্রদেশ হইতেই উৎক্রান্তিও আছে, এইরূপ স্থির করিতে হইতেছে। 'সেই উজ্জ্বল আত্মার সহিত গমন করে,' ইত্যাদি শ্রুতি বাক্য এবং 'বায়ু যেরূপ গন্ধযুক্ত বস্তু হইতে গন্ধের সহিত গমন করে, তদ্রূপ জীবও উৎক্রমণসময়ে প্রাণ ও

যদাস্মাৎ শরীরাৎ সমুৎক্রামতি সহৈবৈতৈঃ সর্ব্বৈরুৎক্রামতীতি কৌষীতকীব্রাহ্মণশ্রুতসহশব্দবিরোধাৎ। স হি প্রধানাপ্রধানয়োঃ সমানামেব ক্রিয়াং বোধয়তি পুত্রেণ সহ পিতা ভুঙ্‌ক্ত ইতিবৎ। বায়ুদৃষ্টান্তগ্রহিগ্রাহয়োরসামঞ্জস্যাচ্চ। এতেন ঘটাকাশবদজ্ঞদৃষ্ট্যভিপ্রায়মেতদিতিবালকোলাহলোঽপি নিরস্তঃ॥ ১৯॥

নাণুরতচ্ছ্রুতেরিতি চেন্নেতরাধিকারাৎ॥ ২০॥

নন্নু নাণুর্জীবঃ বৃহদারণ্যকে স বা এষ মহানজ আত্মেতি তদ্বিপরীতস্য মহৎপরিমাণস্য শ্রুতত্বাদিতি চেন্ন। কুতঃ ইতরেতি। তত্রেতরস্য পরমাত্মনোঽধিকারাৎ। যদ্যপি

যদেতি। স জীবো যদা অস্মাৎ শরীরাৎ উৎক্রামতি নির্গচ্ছতি তদেতৈঃ সর্ব্বৈঃ প্রাণৈরিন্দ্রিয়ৈশ্চ সহৈব সমুৎক্রামতীত্যুক্তের্জীবস্য প্রাণাদীনাঞ্চ তুল্যৈবোৎক্রান্তিরাগতা তথৈব সহশব্দার্থাৎ। স হি সহশব্দঃ। দৃষ্টান্তেন বিশদয়তি পুত্রেণেতি। অন্যদ্বিশদার্থম্॥ ১৯॥

ইন্দ্রিয়াদির সহিতই উৎক্রান্ত হয়,' ইত্যাদি স্মৃতিবাক্যই উহার প্রমাণ। কেহ কেহ যে, উপাধির উৎক্রান্তি দ্বারা জীবের উৎক্রান্তি বলেন, তাহা নিতান্ত অযুক্ত। কারণ, তৎস্বীকারে, কৌষীতকী ব্রাহ্মণে 'জীব এই শরীর হইতে উৎক্রমণকালে প্রাণাদির সহ গমন করেন,' ইত্যাদি বাক্যে যে সহ শব্দ দৃষ্ট হয়, তাহার বিরোধ ঘটে। সহ শব্দ প্রধান ও অপ্রধানের সমান ক্রিয়া বোধ করায়। 'পুত্রের সহিত পিতা ভোজন করিতেছে,' এই বাক্যই উহার দৃষ্টান্ত। বায়ুর দৃষ্টান্তে গ্রহী ও গ্রাহের অসামঞ্জস্য হয়। এতদ্দ্বারা ঘট ও আকাশের ন্যায় অজ্ঞদৃষ্টির অভিপ্রায়ে 'উপাধিত্যাগই উৎক্রান্তি' এই প্রকার যাহা বলা হইয়াছে, তাহাও তুচ্ছ বলিয়াই নিরস্ত হইতেছে॥ ১৯॥

মহৎ পরিমাণের শ্রবণ হেতু জীব অণু নহে, এরূপও বলা হয় না। কারণ, মহৎ পরিমাণের উক্তি জীবাধিকারে নহে; পরন্তু পরমাত্মাধিকারে।

যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষ্বিতি জীবস্যোপক্রমস্তথাপি যস্যানু- বিত্তঃ প্রতিবুদ্ধ আত্মেতি মধ্যে জীবেতরং পরেশমধিকৃত্য মহত্ত্বপ্রতিপাদনাৎ তস্যৈব তত্ত্বং ন জীবস্যেতি ॥ ২০ ॥

স্বশব্দোন্মানাভ্যাঞ্চ ॥ ২১ ॥

স্বশব্দোঽণুত্ববাচী শব্দঃ শ্রূয়তে এষোঽণুরাত্মেতি। তথো- ন্মানঞ্চ পরমাণুতুল্যম্। বস্তুনিদর্শ্যতন্মানত্বং জীবস্যোচ্যতে। বালাগ্রশতভাগস্য শতধা কল্পিতস্য চ ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ স চানন্ত্যায় কল্প্যতে ইতি শ্বেতাশ্বতরৈঃ। তাভ্যামণুরেব সঃ।

নাণুরিতি। তদ্বিপরীতস্যাণুপরিমাণেতরস্য। যস্যেতি। যস্যোপাসকস্য। প্রতিবুদ্ধঃ সর্ব্বজ্ঞ আত্মা হরিরনুবিত্তো জ্ঞাতো ভবতি তস্য স উ প্রসিদ্ধো হরি- র্লোক এব লোকো ভবতীত্যুত্তরেণান্বয়ঃ। তত্ত্বং মহত্ত্বম্ ॥ ২০ ॥

স্বশব্দেতি। উন্মানমিতি। উদ্ধৃত্য মানমুন্মানম্। এতদেব বিশদয়তি পরমাণুতুল্যমিতি ॥ ২১ ॥

বৃহদারণ্যকে 'এই অজ আত্মা মহান্' ইত্যাদি বাক্যে আত্মার অণুত্বের বিপরীত মহৎপরিমাণ শ্রবণ করা যায়, অতএব জীব অণু নহে, এরূপও বলা যায় না। কারণ, ঐ স্থলে পরমাত্মারই অধিকার দৃষ্ট হইয়া থাকে। যদিও 'যিনি প্রাণমধ্যে বিজ্ঞানময়' এই বাক্যে জীবেরই উপক্রম দেখা যায়, তথাপি 'যে উপাসক জীব শ্রীহরিকে জানিতে পারেন, তিনি প্রতিবুদ্ধ হয়েন,' ইত্যাদি বাক্যের মধ্যে জীব হইতে ভিন্ন পরমেশ্বরেরই মহত্ত্ব প্রতিপাদন হেতু ঐ মহত্ত্ব পরেশেরই জানিতে হইবে, জীবের নহে ॥ ২০ ॥

অণুত্ববাচী শব্দ এবং অণুপরিমাণের উল্লেখ হইতেও ঐরূপই বুঝিতে হয়। "এষোঽণুরাত্মা" এই শ্রুতিতে জীবের অণুত্ববাচক শব্দই প্রাপ্ত হওয়া যায়। আরও জীবের পরমাণুর তুল্য পরিমাণও উক্ত আছে। 'একটি কেশের অগ্র- ভাগকে শতভাগে বিভক্ত করিয়া তাহাকে আবার শতভাগ করিলে, যেরূপ সূক্ষ্ম হয়, জীব তদ্রূপ অতি সূক্ষ্ম পদার্থ,' ইত্যাদি শ্রুতিবাক্যই জীবের অণু-

আনন্ত্যশব্দো মুক্ত্যভিধায়ী। অন্তো মরণং তদ্রাহিত্যমানন্ত্য-মিত্যর্থাৎ॥ ২১ ॥

নম্বণোরেকদেশস্থস্য সকলদেহগতোপলব্ধির্বিরুধ্যেতেতি চেৎ তত্রাহ—

অবিরোধশ্চন্দনবৎ॥ ২২ ॥

একদেশস্থস্যাপি হরিচন্দনবিন্দোঃ সকলদেহাহ্লাদবদনু-ভূতস্যাপি তস্য সা ন বিরুধ্যত ইত্যর্থঃ। স্মৃতিশ্চ অণুমাত্রো-হপ্যয়ং জীবঃ স্বদেহং ব্যাপ্য তিষ্ঠতি। যথা ব্যাপ্য শরীরাণি হরিচন্দনবিপ্রুষ ইতি॥ ২২ ॥

অবস্থিতিবৈশেষ্যাদিতি চেন্নাভ্যুপগমাৎ হৃদি হি ॥২৩॥

নম্বিতি। জীবস্যাণুত্বে গঙ্গাম্বুনিমগ্নসর্ব্বশরীরব্যাপিশৈত্যোপলব্ধির্বিরুদ্ধেতি চেৎ তত্রাহ।

অবিরোধ ইতি। সা উপলব্ধিঃ। স্মৃতিশ্চেতি ব্রহ্মাণ্ডোক্তিঃ। বিপ্রুষঃ কণাঃ॥ ২২ ॥

পরিমাণ ব্যক্ত করিতেছে। ফলত উক্ত উভয় কারণে জীবের অণুত্বই স্থির হই-তেছে। তবে যে কোথাও কোথাও জীবকে অনন্ত বলা হইয়াছে, সে বদ্ধ জীবের উদ্দেশে নহে, মুক্ত জীবের উদ্দেশে। আনন্ত্যের অর্থই মরণ-রাহিত্য॥ ২১ ॥

এই প্রকারে জীব যদি অণুরূপই হইল, তবে তাহার সকল দেহে উপলব্ধি বিরুদ্ধ হউক, এইরূপ পূর্ব্বপক্ষে বলিতেছেন ;—

চন্দনের সদৃশ অবিরোধ জানিতে হইবে। হরিচন্দনবিন্দু যেরূপ একদেশ-স্থিত হইয়াও সকল দেহের সুখদায়করূপে অনুভূত হয়, জীবও তদ্রূপ। জীবেরও একদেশস্থিতিতে সর্ব্বদেহব্যাপকত্ব বিরুদ্ধ হয় না। স্মৃতিতেও বলিয়াছেন, 'হরিচন্দনবিন্দু যেরূপ এক স্থানে অবস্থিত হইয়াও সর্ব্বশরীরের আনন্দপ্রদ হয়, জীবও তদ্রূপ একস্থানে স্থিত হইয়াও সর্ব্বদেহব্যাপক হয়েন॥ ২২ ॥

নন্বু তদ্বিন্দোঃ শরীরৈকদেশেঽবস্থিতিবিশেষঃ প্রত্যক্ষসিদ্ধো ন তু জীবস্য। ন চানুমেয়োঽসৌ খাদিদৃষ্টান্তেন বিপরীতানুমানস্যাপি সম্ভবাদতো বিষমো দৃষ্টান্ত ইতি চেন্ন। কুতঃ অভীতি। তদ্বৎ জীবস্যাপি তদেকদেশে তদ্বিশেষস্বীকারাদিত্যর্থঃ। নন্বু কোঽসৌ দেশো যত্র জীবস্তিষ্ঠতীতি চেৎ তত্রাহ হৃদি হীতি। হৃদি হ্যেষ আত্মেতি ষট্প্রশ্নীশ্রুতেরেবেত্যর্থঃ ॥ ২৩ ॥

সিদ্ধায়াং চাণুতায়ামিত্থমপ্যবিরোধঃ স্যাদিতি মুখ্যং মতমাহ।

গুণাদ্বালোকবৎ ॥ ২৪ ॥

দৃষ্টান্তবৈষম্যমাশঙ্ক্য পরিহরতি অবস্থিতীতি। অসৌ দৈহিকদেশোঽনুমাতুং ন শক্যঃ। তত্র হেতুঃ খাদীতি। জীবো নিষ্প্রদেশো বিভুত্বাৎ খাদিবদিত্যনুমানসত্বাৎ। নিরস্ততি নাভ্যুপেতি। তদ্বিশেষোঽবস্থিতিবিশেষঃ। দেহমধ্যং হৃদাক্রম্য সর্বেন্দ্রিয়াধ্যক্ষেণ মনসা সহিতো জীবস্তিষ্ঠতীত্যেবংলক্ষণঃ। বক্ষসি ললাটে বা তদ্বিন্দোঃ পিণ্ডাকারেণ যথাবস্থিতিরিতি বোধ্যম্ ॥ ২৩ ॥

অবস্থিতির বৈষম্য প্রযুক্ত দৃষ্টান্তের বৈষম্যও বলা যায় না; যেহেতু জীবেরও হৃদয়ে অবস্থিতি স্বীকৃত হইয়া থাকে।

যদি বল, হরিচন্দনবিন্দুর শরীরের একদেশে অবস্থিতি প্রত্যক্ষসিদ্ধ; কিন্তু জীবের অবস্থান প্রত্যক্ষসিদ্ধ নহে। উক্ত অবস্থান অনুমানও করা যায় না। যেহেতু আকাশাদির দৃষ্টান্ত অনুসারে বিপরীত অনুমানও সম্ভব হয়। অতএব দৃষ্টান্ত বিষম হইতেছে, এরূপ বলা সঙ্গত হয় না। কারণ, হরিচন্দনবিন্দুর ন্যায় জীবেরও শরীরৈকদেশে অবস্থিতিবিশেষ অঙ্গীকৃত হয়। জীবের উক্ত অবস্থানের স্থান হৃদয়। শ্রুতিতে হৃদয়েই জীবের অবস্থান উক্ত হইয়া থাকে ॥২৩॥

এইরূপে জীবের অণুত্ব সিদ্ধ হইলে, বক্ষ্যমাণ প্রকারেও বিরোধের পরিহার করা যাইতে পারে বলিয়া মুখ্য মত প্রকাশ করিতেছেন; —

অণুরপি জীবশ্চেতয়িতৃত্বলক্ষণেন চিদ্‌গুণেন নিখিল-দেহব্যাপী স্যাৎ আলোকবৎ। যথা সূর্য্যাদিরালোক একদেশ-স্থোঽপি প্রভয়া কৃৎস্নং খগোলং ব্যাপ্নোতি তদ্বৎ। আহ চৈবং ভগবান্। যথা প্রকাশয়ত্যেকঃ কৃৎস্নং লোকমিমং রবিঃ। ক্ষেত্রং ক্ষেত্রী তথা কৃৎস্নং প্রকাশয়তি ভারতেতি। ন চ সূর্য্যাৎ বিশীর্ণাঃ পরমাণবঃ সূর্য্যপ্রভেতি বাচ্যম্। তথা সতি তস্য হ্রাসপ্রসঙ্গাৎ। পদ্মরাগাদিমণয়োঽপি প্রভয়া নিজ-পরিসরান্ রঞ্জয়ন্তো দৃষ্টাঃ। ন চ তেভ্যঃ পরমাণবশ্চ্যবন্তে ইতি শক্যং বক্তুম্ অত্যন্তাসম্ভবাৎ উন্মানহান্যাপত্তেশ্চ। ইত্থঞ্চ গুণ এব প্রভা ॥ ২৪ ॥

গুণাদিতি। চিদ্‌গুণেন জীবধর্ম্মেণ। যথেতি শ্রীগীতাসু। ক্ষেত্রী জীবঃ। ন চেতি। তস্য সূর্য্যস্য। নিজেতি স্বনিকটভূদেশানিত্যর্থঃ। তেভ্যঃ পদ্মরাগাদিভ্যঃ। অত্যন্তেতি। পদ্মরাগাদীনাং পরমাণুক্ষরণাত্যন্তানুপপত্তেঃ সতি চ তৎক্ষরণে তেষাং ন্যূনপরিনাণতাপত্তেশ্চেত্যর্থঃ ॥ ২৪ ॥

জীব নিজগুণে আলোকের ন্যায় দেহব্যাপী হইয়া থাকে।

জীব অণু হইলেও চেতয়িতৃত্বলক্ষণ চিদ্‌গুণ দ্বারা আলোকের ন্যায় নিখিল-দেহব্যাপী হইয়া থাকে। সূর্য্যাদির আলোক যেরূপ একদেশস্থিত হইয়াও প্রভা দ্বারা সমস্ত খগোল ব্যাপ্ত করে, জীবও তদ্রূপ সমস্ত দেহ ব্যাপ্ত করে। ভগবান স্বয়ংই ঐরূপ বলিয়াছেন, 'সূর্য্য যেরূপ একাকী এই নিখিল লোক প্রকাশ করেন, জীবও তদ্রূপ সমস্ত শরীর প্রকাশ করে।' সূর্য্য হইতে বিশীর্ণ পরমাণু সকলই সূর্য্যের প্রভা, এরূপ বলা যায় না; কারণ, তাহা হইলে, সূর্য্যের হ্রাস হইতে পারিত। পদ্মরাগাদি মণি সকলকেও স্বকীয় প্রভা দ্বারা চতুর্দ্দিক আলোকিত করিতে দেখা যায়। ঐ সকল মণি হইতে পরমাণু সমূহ বিশ্লিষ্ট হইয়া যায়, এরূপ বলিতে পারা যায় না। কারণ, তাহা নিতান্ত অসম্ভব। তাহা হইলে, মণির পরিমাণের হানি হইত। অতএব গুণই প্রভাশব্দে বোধিত হয় ॥ ২৪ ॥

গুণস্য গুণ্যতিরিক্তে দেশে বৃত্তিরুক্তা। তাং দৃষ্টান্তেন বোধয়তি।

ব্যতিরেকো গন্ধবৎ তথাহি দর্শয়তি॥ ২৫॥

যথা কুসুমাদিগুণস্য গন্ধস্য গুণিব্যতিরিক্তেঽপি প্রদেশে বৃত্তির্ভবেদেবং চেতয়িতৃত্বস্য জীবগুণস্য তৎপ্রদেশে হৃদ্ব্যতিরিক্তে শিরোঽঙ্‌ঘ্র্যাদৌ বৃত্তিঃ স্যাৎ। তথাহি দর্শয়তি। প্রজ্ঞয়া শরীরং সমারুহ্যেতি কৌষীতক্যুপনিষৎ। গন্ধঃ খলু দূরং প্রসর্পন্নপি স্বাশ্রয়াৎ ন ভিদ্যতে মণিপ্রভাবৎ। উপলভ্যাপ্সু চেদ্গন্ধং কেচিদ্ব্রূয়ুরনৈপুণাঃ পৃথিব্যামেব তং বিদ্যাদপো বায়ুঞ্চ সংশ্রিতমিতিস্মৃতেঃ॥ ২৫॥

ব্যতিরেক ইতি। প্রজ্ঞয়েতি। অত্রাত্মজ্ঞানয়োঃ কর্তৃকরণভাবেন প্রত্যয়ঃ স্ফুটঃ। স্বাশ্রয়াৎ ন ভিদ্যতে তত এবং তৎপ্রভাবাদিতি ভাবঃ। উপলভ্যেতি বাদরায়ণবাক্যং স্ফুটার্থম্। আত্মনো ধর্ম্মভূতজ্ঞানস্য ভেদাভাবেঽপি বিশেষহেতুকভেদকার্য্যসত্ত্বাৎ ন তস্যাণুত্বক্ষতিরিত্যাহুঃ। এবমন্যত্র চ বোধ্যম্॥ ২৫॥

গুণ সকল গুণীর স্থান হইতে স্বতন্ত্র স্থানে অবস্থান করে, ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। এক্ষণে তাহাই দৃষ্টান্ত দ্বারা বিবৃত করিতেছেন;—

গন্ধের ন্যায় ব্যতিরেক স্বীকার্য্য। শ্রুতি প্রভৃতিতে ঐরূপই দর্শিত হইয়া থাকে।

কুসুমাদির গুণ গন্ধ যেরূপ কুসুমাদিব্যতিরিক্ত প্রদেশেও অবস্থান করে, চেতয়িতৃত্ব প্রভৃতি জীবগুণও তদ্রূপ জীবের আশ্রয় হৃদয়াদি হইতে অতিরিক্ত মস্তকাদি স্থানেও অবস্থান করিয়া থাকে। কৌষীতকী উপনিষদে 'প্রজ্ঞা দ্বারা শরীরকে আশ্রয় করিয়া,' ইত্যাদি বাক্যে ঐরূপই বলিয়াছেন। গন্ধ মণিপ্রভার ন্যায় দূরগত হইয়াও নিজ আশ্রয় গুণী পদার্থ হইতে ভিন্ন হয় না। 'অজ্ঞ ব্যক্তি সকল জলাদিতে গন্ধ পাইয়া উহাকে জলাদির গুণ বলে; কিন্তু গন্ধ বস্তুত জলাদির গুণ নহে, পৃথিবীরই গুণ। তবে জল ও বায়ুকে আশ্রয় করাতেই ঐরূপ প্রতীতি হয়।' এইরূপ স্মৃতিও আছে॥ ২৫॥

এষ হি দ্রষ্টেত্যাদৌ সংশয়ঃ। জীবস্য ধর্ম্মভূতং জ্ঞানমনিত্যং নিত্যং বেতি। পাষাণকল্পে জীবে মনসা সংযুক্তে জ্ঞানমুৎপদ্যতে। সুখমহমিত্যাদিশ্রুতেঃ। জ্ঞানত্বং তস্য জ্ঞানসম্বন্ধাৎ বোধ্যম্। বহ্নিত্বমিব বহ্নিসম্বন্ধাদয়সঃ। যদি জ্ঞানং নিত্যং তর্হি সুষুপ্ত্যাদৌ তৎ স্যাৎ করণব্যর্থতা চেতি প্রাপ্তে—

পৃথগুপদেশাৎ ॥ ২৬ ॥

পূর্ব্বত্রাণুত্বমহত্ত্ববাক্যয়োরেকত্র বিরোধে মহত্ত্বং ব্রহ্মগতং ব্যবস্থাপ্যাণুত্বং জীবস্য প্রতিপাদিতমিতি যথা তয়োর্বিরোধস্তথেহ ধর্ম্মভূতজ্ঞানবিষয়কয়োর্নিত্যত্বানিত্যত্ববাক্যয়োর্বিরোধে ধর্ম্মনিত্যত্ববাক্যস্যাবিনাশীত্যাদের্নৈর্গুণ্যানুরোধেন ব্যাখ্যানে দ্বয়োরবিরোধান্নির্গুণাণুচৈতন্যমাত্রো জীবোঽস্ত্বিতি দৃষ্টান্তোঽত্র সঙ্গতিঃ। সুখমহমিত্যত্রানিত্যং জ্ঞানং প্রতীতম্। অবিনাশীত্যত্র তু নিত্যং তৎ। তদনয়োর্বিরোধসংশয়ে অনিত্যনিত্যগুণবিষয়কত্বাদ্বিরোধে প্রাপ্তে দ্বয়োরপি নিত্যগুণবিষয়কত্বাদবিরোধঃ। স চেত্থং চিন্ত্যঃ। সুখমহমিত্যত্র সুষুপ্তিসাক্ষিণ্যপি জ্ঞানমস্ত্যেব। কথমন্যথোত্থিতস্য সুখবিমর্শঃ। অনুভূতমেব হি সর্ব্বং স্মরতি। ন চ সাক্ষী জ্ঞানশূন্যঃ সাক্ষিত্বানুপপত্তেঃ। অবিনাশীত্যত্র তু স্বরূপতোঽবিনাশী জীবঃ স পুনরনুচ্ছিত্তিধর্ম্মেতি উচ্ছেদরহিতো ধর্ম্মো যস্যেতি ধর্ম্মতোঽপ্যবিনাশীত্যর্থঃ। ব্যাখ্যান্তরে পৌনরুক্ত্যম্। যথা ন ক্রিয়তে জ্যোৎস্নেত্যাদিবলাদিদং ব্যাখ্যানং বোধ্যম্। এতমর্থং হৃদি নিধায় ন্যায়মাহ এষ হীত্যাদিনা। কাণাদনয়েন পূর্ব্বপক্ষো বোধ্যঃ। তজ্জ্ঞানম্।

অনন্তর "এষ হি দ্রষ্টা" এই শ্রুতিতে সংশয় প্রদর্শন করিতেছেন। জীবের ধর্ম্মভূত জ্ঞান নিত্য কি অনিত্য? "সুখমহমস্বাপ্সম্" ইত্যাদি শ্রুতি হইতে জ্ঞানসম্বন্ধ প্রযুক্ত জীবের জ্ঞানরূপত্ব প্রতীত হয়। অগ্নিসম্বন্ধ প্রযুক্ত লৌহের যেরূপ অগ্নিত্ব বোধ হয়, জীবেরও তদ্রূপই। জীবের জ্ঞান যদি নিত্য হয়, তাহা হইলে, সুষুপ্তি প্রভৃতিতেও ঐ জ্ঞান থাকিতে পারে। এবং তাহাতে ইন্দ্রিয়ের ব্যর্থতা ঘটে। এই প্রকার পূর্ব্বপক্ষে উত্তর করিতেছেন ;—

ধর্ম্মভূতং জ্ঞানং নিত্যম্। কুতঃ পৃথগিতি। এষ হীত্যাদিবাক্যাৎ পৃথগ্‌ভূতে অবিনাশী বা অরে অয়মাত্মানুচ্ছিত্তিধর্ম্মেত্যাদিবৃহদারণ্যকবাক্যে তত্ত্বেন তস্যোপদেশাৎ। ন চ মনসা সংযোগাদাত্মনি জ্ঞানোৎপত্তিঃ নিরবয়বয়োস্তয়োঃ সংযোগাসিদ্ধেঃ। ভগবদ্‌বৈমুখ্যেনাবৃতমিদং তৎসাম্মুখ্যেন তস্মিন্ বিনষ্টে সত্যাবির্ভবতীতি স্মৃতিরাহ। যথা ন ক্রিয়তে জ্যোৎস্না মলপ্রক্ষালনান্মণেঃ। দোষপ্রহাণাৎ ন জ্ঞানমাত্মনঃ ক্রিয়তে তথা। যথোদপানখননাৎ ক্রিয়তে ন জলান্তরম্। সদেব নীয়তে ব্যক্তিমসতঃ সম্ভবঃ কুতঃ। তথা হেয়গুণধ্বংসা-

---

পৃথগিতি। তত্ত্বেন নিত্যত্বেন। তয়োরাত্মমনসোঃ। ভগবদিতি। ইদং ধর্ম্মভূতং জ্ঞানম্। তস্মিন্ ভগবদ্বৈমুখ্যে। যথা নেতি শৌনকবাক্যম্। আত্মনো জীবস্য। সদেব বিদ্যমানমেব জলং ব্যক্তিং প্রাকট্যং নীয়তে। তথেতি। হেয়া গুণাস্তু দেবত্বমনুষ্যত্বাদয়ো বোধ্যাঃ॥ ২৬॥

পৃথক্ উপদেশ হেতু জীবের নিত্যজ্ঞান স্বীকার্য্য হয়।

জীবের ধর্ম্মভূত জ্ঞান নিত্যই। কারণ, "এষ হি দ্রষ্টা" ইত্যাদি বাক্য হইতে পৃথগ্‌ভূত "অবিনাশী অয়মাত্মানুচ্ছিত্তিধর্ম্মা" ইত্যাদি বৃহদারণ্যক বাক্যে ঐ জ্ঞানের নিত্যত্বই উপদিষ্ট হইয়াছে। মনের সহিত আত্মার সংযোগে আত্মাতে জ্ঞানোৎপত্তি হয়, এরূপও বলা যায় না। কারণ, মন ও আত্মা উভয়ই নিরবয়ব। নিরবয়ব বস্তুদ্বয়ের সংযোগই অসম্ভব। ভগবদ্‌বৈমুখ্য হেতু ঐ জ্ঞান আবৃত হয়, এবং তৎসাম্মুখ্যে উক্ত আবরণের অপগমে পুনর্ব্বার জ্ঞানের আবির্ভাব হয়। স্মৃতিতে বলিয়াছেন, 'মণির মলপ্রক্ষালনে যেরূপ উহার আলোক উৎপন্ন হয় না, পরন্তু মলাদি দোষের অপগমে আবৃত অবস্থায় অবস্থিত তেজের পুনঃপ্রকাশ হয় মাত্র, তদ্রূপ বৈমুখ্যদোষের নাশে আত্মায় অপ্রকাশিত জ্ঞানের প্রকাশ হইয়া থাকে। জলাশয়ের খননে যেরূপ জলের উৎপত্তি হয় না, যে জল পূর্ব্বে মৃত্তিকা দ্বারা আবৃত ছিল, তাহারই তখন প্রকাশ হয়, তদ্রূপ জীবের জ্ঞানও তৎকালে প্রকাশ পায়। যাহা ছিল না, তাহার উৎপত্তি হইবে কিরূপে?

দবরোধাদয়ো গুণাঃ। প্রকাশ্যন্তে ন জন্যন্তে নিত্যা এবাত্মনো হি তে ইতি ॥ ২৬ ॥

যো বিজ্ঞানে তিষ্ঠন্নিত্যাদিশ্রুতের্গতিমাহ।

তদ্‌গুণসারত্বাৎ তদ্‌ব্যপদেশঃ প্রাজ্ঞবৎ ॥ ২৭ ॥

জ্ঞাতুরপি জীবস্য জ্ঞানস্বরূপত্বেন ব্যপদেশঃ। কুতঃ তদ্‌গুণেতি। স জ্ঞানলক্ষণো গুণঃ সারো যত্র তথাত্বাৎ। সারো ব্যভিচাররহিতঃ স্বরূপানুবন্ধীতি যাবৎ। প্রাজ্ঞবৎ যথা যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদিতি প্রাজ্ঞত্বেনোক্তস্য বিষ্ণোঃ সত্যং জ্ঞানমিতি জ্ঞানস্বরূপব্যপদেশস্তদ্বৎ। অত্র জ্ঞাতা জ্ঞানস্বরূপো নির্দ্দিষ্টঃ ॥ ২৭ ॥

অথ জ্ঞানস্বরূপো জ্ঞাতা নির্দ্দেশ্য ইত্যাহ।

যাবদাত্মভাবিত্বাচ্চ ন দোষস্তদ্দর্শনাৎ ॥ ২৮ ॥

জ্ঞানস্বরূপো জীবো জ্ঞাতেতি ব্যপদেশো ন দোষঃ নির্দ্দোষ ইত্যর্থঃ। কুতঃ যাবদিতি। তথা প্রতীতেরাত্মসমান-

---

তদ্‌গুণেতি। প্রাজ্ঞত্বেনেতি। প্রকৃষ্টজ্ঞানশালিত্বেনেত্যর্থঃ ॥ ২৭ ॥

জীবের জ্ঞানগুণ নিত্যই। হেয় গুণসমূহের বিনাশে ঐ নিত্যগুণের প্রকাশ হয়; উহা উৎপত্তি নহে ॥ ২৬ ॥

এক্ষণে "যো বিজ্ঞানে তিষ্ঠন্" ইত্যাদি শ্রুতির গতি বলিতেছেন ;—

তদ্‌গুণসারত্ব প্রযুক্ত প্রাজ্ঞ শব্দের ন্যায় জ্ঞাতা জীবের জ্ঞানস্বরূপে ব্যপদেশ হইয়া থাকে।

জীব জ্ঞাতা হইলেও তাঁহার জ্ঞানস্বরূপত্বের ব্যপদেশ হইয়া থাকে। ব্যভিচাররহিত স্বরূপানুবন্ধী গুণই গুণের সার। বিষ্ণু যেরূপ জ্ঞানবিশিষ্টরূপে উক্ত হইয়াও আবার জ্ঞানস্বরূপে অভিহিত হয়েন, জীবও তদ্রূপ। অতএব জ্ঞাতা জীবই যে জ্ঞানস্বরূপে নির্দ্দিষ্ট হয়েন, ইহা স্থির হইতেছে ॥ ২৭ ॥

অনন্তর জ্ঞানস্বরূপ জ্ঞাতা নির্দ্দেশ্য, ইহাই বলিতেছেন ;—

কালভাবিত্বান্ন স বাধ্যত ইত্যর্থঃ। আত্মা খল্বনাদ্যন্তকালঃ সংপ্রতিপন্নঃ প্রকাশরূপোঽপি রবিঃ প্রকাশয়িতেতি বীক্ষ-ণাচ্চ। যাবদ্রবির্ভাবী হ্যেষ ব্যপদেশঃ নির্ভেদেঽপি বস্তুনি দ্বেধা ভাতি বিশেষাদিত্যাহুঃ॥ ২৮॥

নন্বু গুণভূতং জ্ঞানং নাত্মনো নিত্যং সুষুপ্তাবসত্ত্বাজ্জাগরে সামগ্র্যাঃ সম্ভবাচ্চেতি চেৎ তত্রাহ।

পুংস্ত্বাদিবত্ত্বস্য সতোঽভিব্যক্তিযোগাৎ॥ ২৯॥

তুশব্দঃ শঙ্কাচ্ছেদার্থঃ। নেত্যনুবর্ত্ততে। সুষুপ্তাবসতো জ্ঞানস্য জাগরে সম্ভব ইতি ন। কুতঃ অস্যেতি। অস্য জ্ঞানস্য সুষুপ্তৌ সত এব জাগরেঽভিব্যক্তেরিত্যর্থঃ। দৃষ্টান্তঃ পুংস্ত্বাদি-

---

যাবদাত্মেতি। তথা প্রতীতেরিতি। জ্ঞানস্বরূপস্য জ্ঞাতৃত্বেন প্রতীতে-রিত্যর্থঃ। স ব্যপদেশঃ। বিশেষাদিতি। অহিকুণ্ডলাধিকরণে ব্যক্তীভাবি॥২৮॥

প্রমাণবলে যাবদাত্মভাবিত্ব প্রযুক্ত জ্ঞানস্বরূপের জ্ঞাতৃত্বনির্দ্দেশ দোষাবহ হইতেছে না।

জ্ঞানস্বরূপ জীবের জ্ঞাতৃত্বব্যপদেশ দোষাবহ নহে। কারণ, ঐ প্রতীতি আত্মসমানকালভাবিনী। প্রকাশরূপ হইয়াও রবি যেরূপ প্রকাশক হয়েন, জীবও তদ্রূপ অনাদি অনন্ত কাল ঐরূপেই সম্পন্ন হয়েন, দেখা যায়। আবার রবি যতদিন থাকিবেন, ততদিন ঐরূপেই উক্ত হইবেন। নির্ভেদ বস্তুতেও স্বগত বিশেষ বলে দ্বিধা প্রকাশ হয়, এরূপও কেহ কেহ বলিয়া থাকেন॥২৮॥

সুষুপ্তিতে অদর্শন হেতু জীবের গুণভূত জ্ঞান নিত্য নহে, পরন্তু জাগরে জ্ঞানসামগ্রীর বিদ্যমানত্ব হেতু ঐ জ্ঞান জাগরমাত্রস্থায়ী, এইরূপই বলা হউক, এই প্রকার পূর্ব্বপক্ষে বলিতেছেন ;—

পুংস্ত্বাদির ন্যায় সুষুপ্তিতে যাহা থাকে, জাগরে তাহারই অভিব্যক্তি হয়, অতএব উহা নিত্য।

তু-শব্দ শঙ্কার নিরাসার্থ। পূর্ব্বসূত্র হইতে ন অনুবৃত্ত হইবে। যে জ্ঞান সুষুপ্তিতে ছিল না, তাহাই জাগরে উৎপন্ন হইল, এরূপ বলা যায় না। কারণ, ঐ

বৎ। বাল্যে জীবাত্মনা সত এব পুংস্ত্বাদেঃ কৈশোরে যথাভি-ব্যক্তিস্তদ্বৎ। সুষুপ্তৌ জ্ঞানপ্রসঙ্গস্তু শ্রুত্যৈব পরিহৃতঃ। সুষুপ্তং প্রকৃত্য বৃহদারণ্যকে পঠ্যতে। যদ্বৈ তন্ন বিজানাতি বিজানন্ বৈতদ্বিজ্ঞেয়ং ন বিজানাতি ন হি বিজ্ঞাতুর্বিজ্ঞানাৎ বিপরিলোপো বিদ্যতে অবিনাশিত্বাৎ ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যদ্বিজানীয়াদিতি। ইহ তদা সদপি জ্ঞানং বিষয়িতয়া নাভ্যুদেতি বিষয়াভাবাদেবেতি প্রতীয়তে। ইতরথা সুষুপ্তৌ স্থিতস্যাপরামর্শপ্রসঙ্গঃ স্যাৎ। ইন্দ্রিয়সংযোগ-রূপা কারণসামগ্রী তু তদভিব্যঞ্জিকা। অসতঃ সম্ভবে তু ক্লীব-স্যাপি তদাপত্তিঃ। তস্মাৎ জ্ঞানস্বরূপোঽণুর্জীবো নিত্যজ্ঞান-গুণকঃ সিদ্ধঃ ॥ ২৯ ॥

পুংস্ত্বাদিবদিতি। যদ্বৈ তদিতি। তৎ জীবচৈতন্যম্। বিজ্ঞানাদিতি। ধর্ম্ম-ভূতস্য জ্ঞানস্যেত্যর্থঃ। সুপাং সুলুগিত্যাদিনা ঙস আৎ। তদভীতি। ইন্দ্রিয়-সংযোগো হি জ্ঞানস্য ব্যঞ্জক এব ন তু জনকঃ কৈশোরসম্বন্ধো যথা পুংস্ত্বস্য ॥২৯॥

এই প্রকার বলা হইয়াছে এবং তদ্বিষয়ক বিরোধ সকলের পরিহার সহকারে ব্রহ্মের স্বরূপও নিরূপণ করা হইয়াছে। এই তৃতীয় অধ্যায়ে ঐ ব্রহ্মের প্রাপ্তির সাধন সকল নিরূপণ করা হইতেছে। ঐ সাধন সকলের মধ্যে ব্রহ্মেতর বিষয়ে বিতৃষ্ণা এবং ব্রহ্মবিষয়ে তৃষ্ণাই মুখ্য সাধন, এইটি সিদ্ধ করিবার নিমিত্তই প্রথম দুই পাদ আরব্ধ হইতেছে। তন্মধ্যে প্রথম পাদে লোকবৈরাগ্য উপদেশ করিবার জন্য পঞ্চাগ্নি-বিদ্যার আশ্রয়ে নানাবস্থাগত জীব সকলের লোকগতি দ্বারা গতির দোষ সকল প্রকাশিত হইতেছে। দ্বিতীয় পাদে প্রাপ্য পরমেশ্বরের প্রতি অনুরাগের হেতুভূত তদীয় মহিমাদি গুণ সকল উক্ত হইবে। ছান্দোগ্য উপনিষদে, 'অরুণপুত্র শ্বেতকেতু পাঞ্চাল-সভায়

লোকমাগচ্ছতীতি প্রতীয়তে। ইহ সংশয়ঃ। পরলোকং গচ্ছন্ জীবঃ সূক্ষ্মভূতৈর্ব্বিযুক্তঃ পরিষ্বক্তো বা গচ্ছতীতি। তত্রাপি তেষাং সৌলভ্যাদ্বিযুক্তো গচ্ছতীতি প্রাপ্তে—

তদনন্তরপ্রতিপত্তৌ রংহতি সংপরিষ্বক্তঃ প্রশ্ননিরূপণাভ্যাম্ ॥ ১ ॥

তচ্ছব্দেন দেহঃ পরামৃষ্টঃ পূর্ব্বং তস্য মূর্ত্তিশব্দিতস্য প্রক্রমাৎ। দেহাদ্দেহান্তরপ্রাপ্তৌ ভূতসূক্ষ্মৈঃ সংপরিষ্বক্তো

শ্বেতকেতুরিত্যাদিনা। পরলোকং গচ্ছতীতি। জীবো হি প্রাণেন্দ্রিয়ৈর্ধর্ম্মাধর্ম্মসংস্কাররূপয়া পূর্ব্বপ্রজ্ঞয়া চ সহিতঃ পূর্ব্বদেহং বিহায় দেহান্তরং গচ্ছতীতি শ্রুতিদৃষ্টম্। তাদৃশঃ স কিং দেহান্তরারম্ভকৈঃ পঞ্চীকৃতভূতভাগৈরেতদ্দেহবৎ প্রাণেন্দ্রিয়াধারকৈরযুক্তো গচ্ছতি কিংবা যুক্তস্তৈরিতি সংশয়ে মানাভাবাৎ পরত্রাপি তেষাং সৌলভ্যাচ্চ বিযুক্তস্তৈর্গচ্ছতীতি পূর্ব্বপক্ষঃ। তথা চাধারভূতান্ ভূতভাগান্ বিনা প্রাণেন্দ্রিয়াণাঞ্চ নানুবৃত্তিরিতি ইহৈব দেহবিয়োগো ভাবীত্যামৃত্যোঃ সুখসাধনে দেহে বৈরাগ্যং নোচিতমিতি পূর্ব্বপক্ষে ফলম্। প্রাণগতিশ্রবণাৎ তদাধারভূতান্যপি ভূতানি পিশাচাদিবৎ জীবমনুবর্ত্তিষ্যন্তে। নিঃশেষভূতবিয়োগস্তু তত্ত্বজ্ঞানেব ভবেদিতি তত্ত্বজ্ঞীপ্সোর্দেহে বৈরাগ্যং যুক্তমিতি সিদ্ধান্তে ফলং বোধ্যম্।

উপস্থিত হইলেন,’ ইত্যাদি বাক্য দ্বারা পঞ্চাগ্নি-বিদ্যা কথিত হইয়াছে। ঐ স্থানে, জীব পরলোকে গমন করেন এবং পুনর্ব্বার তথা হইতে ইহলোকে আগমন করেন, এইরূপ অভিপ্রায় দৃষ্ট হয়। এস্থলে সংশয় এই—জীব পরলোকে গমন-কালে সূক্ষ্মভূত হইতে বিযুক্ত হইয়াই গমন করেন অথবা তৎসহকারেই গমন করেন। পরলোকেও সূক্ষ্মভূতের অসদ্ভাব না থাকায় জীব গমন-কালে সূক্ষ্মভূত হইতে বিযুক্ত হইয়াই গমন করেন, এইরূপ পূর্ব্বপক্ষীয় সিদ্ধান্তের উত্তরে বলিতেছেন—

প্রশ্ন ও উত্তর দ্বারা সূক্ষ্মভূতের সহিত দেহান্তর-প্রাপ্তি প্রতীত হয়।

জীবো রংহতি গচ্ছতি। কুতঃ—বেত্থ যথেত্যাদিরূপাৎ প্রশ্নাৎ অসৌ বাবেত্যাদিরূপাৎ তদুত্তরাচ্চ। তত্রেয়মাখ্যায়িকা। প্রবাহণো নাম ক্ষত্রিয়ঃ পঞ্চালাধিপতির্নিজান্তিকাগতং শ্বেতকেতুং বিপ্রকুমারং পঞ্চার্থান্ পপ্রচ্ছ—কর্ম্মিণাং গন্তব্যদেশং পুনরাবৃত্তিপ্রকারম্ অমুষ্য লোকস্যাপ্রাপ্তারং দেবযানপিতৃযানয়োর্ভেদকং রূপঞ্চ বেত্থেতি বেত্থ যথা পঞ্চম্যামাহুতা বাপঃ পুরুষবচসো ভবন্তীতি চ। স চ কুমারঃ প্রশ্নপারাজ্ঞানাদ্‌বিমনাঃ পিতরং গৌতমমুপেত্য পরিদেবয়ামাস।

তদিতি। দেহাদ্দেহান্তরলাভে তদারম্ভকৈঃ সূক্ষ্মভূতৈর্যুক্তো জীবঃ প্রয়াতি। কুতঃ—গৌতমকৃতাৎ প্রশ্নাৎ প্রবাহণকৃতাৎ পঞ্চাগ্নিবিদ্যোপদেশাচ্চায়মর্থো বিজ্ঞাত ইতি। প্রশ্নান্ বিবৃণোতি—কর্ম্মিণামিত্যাদি। অমুষ্য লোকস্যাপ্রাপ্তারমিতি। পরলোকং যো ন প্রাপ্নোতি ত্বং বেৎসীত্যর্থঃ। বেত্থ যথা পঞ্চম্যামিত্যস্যার্থঃ। ইহ লোকে অম্ময়দধিপয়ঃপ্রভৃতিকদ্রব্যহোমে শ্রদ্ধাপূর্ব্বকং কৃতে শ্রদ্ধাখ্যাহুতিরূপেণ যজমানে সংবদ্ধাস্তা আপস্তদিন্দ্রিয়াধিষ্ঠাতারো দেবাস্তস্মিন্ মৃতে সতি দ্যুলোকাগ্নৌ জুহ্বতি হুতাস্তাঃ সোমাখ্যদেহরূপেণ পরিণমন্তে। স চাম্ময়ো দেহঃ পর্জন্যাগ্নৌ বৃষ্ট্যভিমানিনি দেহবিশেষে তৈ-

---

পূর্ব্বে মূর্ত্তিশব্দের প্রক্রম হেতু তৎশব্দে দেহই পরামৃষ্ট হইয়াছে। দেহ হইতে দেহান্তরপ্রাপ্তিতে সূক্ষ্মভূতের সহিতই গমন প্রতীত হয়। কারণ 'বেত্থ যথা' ইত্যাদি প্রশ্ন ও 'অসৌ বাব' ইত্যাদি উত্তরই তাহার প্রমাণ। ছান্দোগ্যে একটি আখ্যায়িকা আছে;—প্রবাহণ নামে পাঞ্চালাধিপতি ক্ষত্রিয়, সমীপাগত শ্বেতকেতু নামক বিপ্রকুমারকে বক্ষ্যমাণ পাঁচটি অর্থ জিজ্ঞাসা করেন। কর্ম্মিগণের গন্তব্য স্থান; পুনরাবৃত্তির প্রকার; ঐ লোক যাহারা প্রাপ্ত না হয়; দেবযান ও পিতৃযানের ভেদক রূপ; এবং পঞ্চমাগ্নিতে আহুত জলের পুরুষদেহপ্রাপ্তির প্রকার। শ্বেতকেতু এই পঞ্চ প্রশ্নের অর্থ অবগত হইতে না পারিয়া পিতা গৌতমের নিকট গমন পূর্ব্বক খেদ করিতে লাগিলেন। পিতাও

পিতাপ্যবিদিতপ্রষ্টব্যস্তদ্বুভুৎসয়া প্রবাহণমাগত্য কৃতার্হণং বিত্তদিৎসুঞ্চ তং প্রতি তানেব পঞ্চ প্রশ্নান্ বিভিক্ষে। স চ তমন্তিমং প্রশ্নং প্রতি ব্রুবন্নাহ—অসৌ বাব লোকে গৌতমাগ্নিরিত্যাদি। তত্র হি দ্যুপর্জ্জন্যপৃথিবীপুরুষযোষাঃ পঞ্চাগ্নিতয়া নিরূপিতাঃ। তেষু পঞ্চস্বগ্নিষু শ্রদ্ধাসোমবৃষ্ট্যন্ন-রেতোরূপাঃ ক্রমাৎ পঞ্চাহুতয়ঃ পঠিতাঃ। হোতারঃ সর্ব্বত্র দেবাঃ। হোমস্তু ভূতসূক্ষ্মপরিবেষ্টিতস্য জীবস্য স্বর্ভোগাদি-লাভায় দেবৈঃ কৃতো দ্যুলোকাদিষু প্রক্ষেপঃ। মৃতস্য জীবস্য ইন্দ্রিয়াণি খলু দেবাঃ কথ্যন্তে। তে হি দ্যুলোকাগ্নৌ শ্রদ্ধাং জুহ্বতি। সা শ্রদ্ধা স্বর্গভোগার্হসোমরাজাখ্যদিব্য-

দেবৈর্হুতো বৃষ্টির্ভবতি। বৃষ্টিভূতাস্তাঃ পৃথিব্যগ্নৌ তৈর্হুতা ব্রীহিযবাদ্যন্নতাং প্রাপ্নুবন্তি। অন্নভাবমাপন্নাস্তাঃ পুরুষাগ্নৌ তৈর্হুতা রেতোভাবং লভন্তে। রেতোভূতাস্তাঃ পঞ্চমাহুতিরূপা যোষিদগ্নৌ তৈর্হুতা গর্ভাত্মনা স্থিতাঃ পুরুষ-সংজ্ঞাং প্রয়ান্তীতি অপাং পুরুষবচস্ত্বমিতি বস্তুস্থিতিঃ। তামেতাং জানন্ রাজা পঞ্চম্যামাহুতৌ হুতায়াং যথাপঃ পুরুষবচসঃ পুরুষাকারেণ পরিণমন্তে। তথা কিং ত্বং বেৎসীতি পপ্রচ্ছেত্যর্থঃ। স চেতি। স প্রবাহণো রাজা। অস্তিমং

ঐ সকল প্রশ্ন বুঝিতে না পারিয়া প্রবাহণের নিকট গমন করিলেন। প্রবাহণ তাঁহার যথাবিধি পূজা পূর্ব্বক বিত্তদানাভিলাষী হইলে, তিনি প্রবাহণকে উক্ত পাঁচটি প্রশ্ন ভিক্ষা করিলেন। প্রবাহণ বলিলেন, গৌতম! এই সংসারে স্বর্গ, মেঘ, পৃথিবী, পুরুষ ও স্ত্রী, এই পাঁচ অগ্নি। শ্রদ্ধা, সোম, বৃষ্টি, অন্ন ও বীর্য্য, এই পাঁচটি উক্ত পঞ্চ অগ্নির আহুতি। দেবগণ হোতা। ভূতসূক্ষ্মবেষ্টিত জীবের স্বর্গলাভের নিমিত্ত দেবগণ-কৃত প্রক্ষেপের নামই হোম। মৃত জীবের ইন্দ্রিয়বর্গই দেবতা। তাঁহারা স্বর্গলোকাগ্নিতে শ্রদ্ধাকে হোম করেন। ঐ শ্রদ্ধাই স্বর্গভোগযোগ্য সোমরাজ নামক দিব্যদেহরূপে পরিণত হয়।

দেহরূপেণ পরিণমতে। স চ দেহো ভোগান্তে তৈঃ পর্জ্জন্যাগ্নৌ হুতো বর্ষং ভবতি। তচ্চ বর্ষং পৃথিব্যগ্নৌ তৈর্হুতমন্নং ভবতি। তচ্চান্নং পুরুষাগ্নৌ তৈর্হুতং রেতো ভবতি। তচ্চ রেতো যোষাগ্নৌ তৈরেব হুতং গর্ব্ভো ভবতীত্যুক্ত্বাহ—ইতি তু পঞ্চম্যামাহুতা বাপঃ পুরুষবচসো ভবন্তীতি। ইত্যুক্তক্রমেণ রেতোরূপায়াং পঞ্চম্যামাহুতৌ হুতায়ামাপঃ পুরুষবচসঃ পুরুষশব্দবাচ্যা দেহরূপা ভবন্তীত্যর্থঃ। ইহ যাভিরদ্ভির্যুক্তো দিবং গতস্তাসামেবোক্তরীত্যা স্ত্রীমাপন্নানাং পুরুষরূপতেতি প্রতীতেঃ সূক্ষ্মভূতপরিষ্বক্তো রংহতীতি সিদ্ধম্॥ ১॥

নন্বাপঃ পুরুষবচস ইত্যুক্তেঃ সর্ব্বেষাং ভূতানাং পরিষ্বঙ্গঃ কথমিতি তত্রাহ—

বেথ যথেত্যাদিরূপম্। তত্রেতি অন্তিমে প্রশ্নে। স্ফুটার্থমন্যৎ। তে হীত্যাদিকং গদিতার্থম্। শ্রদ্ধামিতি। শ্রদ্ধাপূর্ব্বিকা দধ্যাদিরূপা আপ ইত্যর্থঃ॥ ১॥

ভোগান্তে ঐ দেহ আবার পর্জন্যাগ্নিতে হুত হইয়া বর্ষরূপ ধারণ করে। উহাই আবার পৃথিবীরূপ অগ্নিতে হুত হইয়া অন্নরূপে পরিণত হয়। সেই অন্ন পুরুষাগ্নিতে রেতোরূপ ধারণ করে। ঐ রেত যোষারূপ অগ্নিতে পুরুষদেহ প্রাপ্ত হয়। এইরূপে পঞ্চমাগ্নিতে হুত জলের পুরুষাকার-প্রাপ্তি হয়। এই স্থলে যে সকল জলের সহিত জীব স্বর্গলোকে গমন করেন, সেই সকল জলই পূর্ব্বোক্ত রীতিক্রমে স্ত্রীগর্ভে প্রবিষ্ট হইয়া পুরুষাকার প্রাপ্ত হয়, এইরূপ প্রতীতিপ্রযুক্ত জীব যে সূক্ষ্মভূতের সহিতই গমন করেন, তাহা সিদ্ধ হইতেছে॥ ১॥

যদি কেবল জলই পুরুষাকার প্রাপ্ত হয়, এরূপ বলা যায়, তাহা হইলে জীব সকল সূক্ষ্মভূতের সহিতই গমন করেন, ইহা আবার কিরূপে সঙ্গত হইতে পারে, এইরূপ আশঙ্কার উত্তরে বলিতেছেন,—

ত্র্যাত্মকত্বাত্তু ভূয়স্ত্বাৎ ॥ ২ ॥

শঙ্কানিবৃত্তয়ে তুশব্দঃ। ত্রিবৃৎকৃতানামপাং ত্রিভূতীরূপত্বাৎ তাসাং গতৌ ত্রয়াণামপি গতিরনুমতেত্যর্থঃ। তথাপ্যপ্‌শব্দপ্রয়োগঃ শুক্রশোণিতরূপে দেহবীজে দ্রবভূম্না তাসাং ভূয়স্ত্বাৎ। তাপাপনোদো ভূয়স্ত্বমম্ভসো বৃত্তয়স্ত্বিমা ইতি স্মৃতেশ্চ। ভূম্না হি ব্যপদেশা ভবন্তি ॥ ২ ॥

প্রাণগতেশ্চ ॥ ৩ ॥

দেহান্তরাপ্তৌ প্রাণানাং গতিঃ শ্রূয়তে বৃহদারণ্যকে—তমুৎক্রামন্তং প্রাণোঽনূৎক্রামতি প্রাণমনূৎক্রামন্তং সর্ব্বে প্রাণা অনূৎক্রামন্তীত্যাদিনা। সা খলু নিরাশ্রয়া ন সম্ভবেদতস্তদাশ্রয়ভূতানাং ভূতানাং গতিঃ স্বীকার্য্যেত্যর্থঃ ॥ ৩ ॥

ত্র্যাত্মকত্বাদিতি। তাপাপনোদ ইতি শ্রীভাগবতে। তাপনিবর্ত্তকতা বহুলতা চাপাং ধর্ম্ম ইত্যর্থঃ। অত্র কেচিৎ বাতপিত্তশ্লেষ্মভির্দেহস্য ত্রৈরূপ্যাদস্মাদত্র নাজন্যো দেহঃ। বাতপিত্তয়োর্বায়ুতেজঃকার্য্যত্বাৎ। তথা চাজন্যোঽভিন্নভূতচতুষ্টয়জন্যশ্চ সঃ। গন্ধস্বেদপাকপ্রাণাবকাশানাং পঞ্চভূতকার্য্যাণাং দর্শনাৎ। তর্হি শ্রুতৌ তদাগ্রহঃ কথং তত্রাহ—ভূয়স্ত্বাদিতি। যদ্যপি দেহে পৃথিবীভূয়স্ত্বমেব তথাপি তেজ-আদ্যপেক্ষয়াপাং ভূয়স্ত্বং বোধ্যমিতি ॥ ২ ॥

জলের ভূতত্রয়াত্মকত্ব ও বহুলত্ব হেতু উহা সঙ্গত হইতেছে।

শঙ্কানিবৃত্তির উদ্দেশ্যে তু-শব্দ। ত্রিবৃৎকৃত জলেরই ভূতত্রয়াত্মকত্ব হেতু তাহার গমনে তিনেরই গমন সিদ্ধ হইতেছে। তথাপি শুক্রশোণিতরূপ দেহবীজে দ্রববাহুল্য প্রযুক্ত জলেরই বাহুল্যহেতু অপ্‌শব্দের প্রয়োগ বুঝিতে হইবে। স্মৃতিতেও উক্ত হইয়াছে,—তাপাপনোদন ও সকল পদার্থেই আধিক্য, এই দুইটি জলের বৃত্তি। অতএব আধিক্যপ্রযুক্তই জলের নাম ব্যবহৃত হয়। বস্তুত সমস্ত ভূতের সূক্ষ্মভাগই জীবের সূক্ষ্মদেহ ॥ ২ ॥

প্রাণের গতি বশতও অপরাপর ভূতের গতি জানিতে হইবে।

অগ্ন্যাদিগতিশ্রুতেরিতি চেন্ন ভাক্তত্বাৎ ॥ ৪ ॥

নন্বু যত্রাস্য পুরুষস্য মৃতস্যাগ্নিং বাগপ্যেতি বাতং প্রাণশ্চক্ষুরাদিত্যং মনশ্চন্দ্রং দিশঃ শ্রোত্রং পৃথিবীং শরীরমাকাশমাত্মৌষধির্লোমানি বনস্পতীন্ কেশা অপ্সু লোহিতঞ্চ রেতশ্চ নিধীয়ত ইতি তত্রৈব বাগাদীনামগ্ন্যাদীন্ প্রতি গতিশ্রুতের্ন তেষাং জীবেন সহ গতিরত উক্তশ্রুতিরন্যথৈব নেয়েতি চেন্ন। কুতঃ—ভাক্তত্বাৎ। ঔষধির্লোমানি বনস্পতীন্ কেশা ইত্যাদিনা শ্রুতায়া লোমাদিগতেঃ প্রত্যক্ষেণ বাধাৎ ভাক্তেয়-

---

প্রাণগতেশ্চেতি। গৌণ্যা মুখ্যাশ্চ প্রাণাঃ। তেষাং জীবদশায়াং দেহাত্মনা স্থিতানি ভূতান্যাশ্রিত্যৈব গতির্দৃষ্টা। অথ মরণে শ্রুতানাং তেষাং গতিস্তান্যাশ্রিত্যৈব ভবিতুং যুক্তেতি। তথাভূতৈর্যুক্তস্যৈব রংহণং সিদ্ধম্ ॥ ৩ ॥

অগ্ন্যাদীতি। অগ্ন্যাদীন্ প্রতীতি। অগ্ন্যাদিষু বাগাদীনাং লয়শ্রবণাদিত্যর্থঃ। তৎসহেতি ওষধীর্লোমানীত্যাদিসহপাঠাদিত্যর্থঃ। বাগাদীনামিতি। বাগাদীনা-

---

বৃহদারণ্যকে দেহান্তরপ্রাপ্তিতে প্রাণের গতি শ্রবণ করা যায়। যথা, জীবের সহিত প্রাণ ও প্রাণের সহিত সমস্ত প্রাণ উৎক্রমণ করে। ঐ উৎক্রান্তি নিরাশ্রয়া সম্ভব হয় না। অতএব উৎক্রমণশীল প্রাণের আশ্রয়ভূত অপরাপর ভূতেরও উৎক্রমণ স্বীকার্য্য হইতেছে ॥ ৩ ॥

শ্রুতিতে অগ্নি প্রভৃতির গতি উক্ত হয় বলিয়া ভূতসকলের গতি স্বীকার করা সঙ্গত হয় না; কারণ, ঐ সকল শ্রুতি গৌণমাত্র।

'মৃত্যুকালে পুরুষের বাক্য অগ্নিতে, প্রাণ বায়ুতে, চক্ষু সূর্য্যে, মন চন্দ্রে, কর্ণ দিকে, শরীর পৃথিবীতে, আত্মা আকাশে, লোম ওষধিতে, কেশ বৃক্ষে, রক্ত ও বীর্য্য জলে লীন হয়,' এইরূপ শ্রুতি আছে। এই শ্রুতির বলে অপরাপর ভূতের জীবের সহিত গতি অনুমান করা যায় না। কারণ, ঐ শ্রুতি গৌণ। লোম সকলের ওষধিতে ও কেশ সকলের বনস্পতিতে গমন প্রত্যক্ষ-

মগ্ন্যাদিগতিশ্রুতিঃ। তৎসহপাঠান্ন স্বার্থপরেত্যর্থঃ। ন হি লোমান্যুৎপ্লুত্যৌষধীর্গচ্ছন্তীত্যাদি দৃষ্টম্। ততশ্চ মৃতিকালে বাগাদীনামুপকারনিবৃত্তিমাত্রাপেক্ষয়া তথোক্তির্গতেরপি শ্রুতত্বাৎ ॥ ৪ ॥

প্রথমেঽশ্রবণাদিতি চেন্ন তা এব হ্যুপপত্তেঃ ॥ ৫ ॥

ননু যদ্যাপঃ পঞ্চাপ্যাহুতয়ঃ স্যুস্তদা পঞ্চম্যামিতি বাক্যাদদ্ভিঃ পরিষ্বক্তো যাতীতি শক্যং বদিতুম্। ন চ তথাস্তি প্রথমেঽগ্নৌ তাসামাহুতিত্বাশ্রবণাৎ। তত্র হি শ্রদ্ধৈবাহুতিরুক্তা। তস্মিন্নগ্নৌ দেবাঃ শ্রদ্ধাং জুহ্বতীতি তস্যা মনোবৃত্তি-

---

মগ্ন্যাদীনাঞ্চ তদা জীবোপকারিত্বং নাস্তীত্যেবাপেক্ষ্য তথোক্তিরিত্যর্থঃ। কুতঃ এবং কল্পনং তত্রাহ—গতেরপীতি। তমুৎক্রামন্তমিত্যাদৌ জীবেন সহ প্রাণগতেঃ শ্রবণাদিত্যর্থঃ ॥ ৪ ॥

বিরোধী। অগ্ন্যাদিতে গমনবোধক অর্থ গৌণমাত্র মুখ্য নহে; যেহেতু প্রত্যক্ষের বিরোধ বশত উহা স্বার্থ ত্যাগ করিয়া অন্যার্থ বোধ করাইতেছে। লোমাদি শরীর হইতে উৎপতিত হইয়া ওষধি প্রভৃতিতে গমন করে, ইহা কেহ কখন দেখেন নাই। অতএব মৃত্যুকালে বাক্য প্রভৃতির নিবৃত্তিই ঐ শ্রুতির তাৎপর্য্য। গতিই উহার মুখ্যার্থ। স্থূল দেহ সূক্ষ্ম দেহে মিলিত হয় বলিয়া সূক্ষ্মের সহিত স্থূলেরও গমন সিদ্ধ হইতেছে ॥ ৪ ॥

প্রথম আহুতিতে জলের অশ্রবণ হেতু জলাদি ভূতের সহিত জীবের গমন অসিদ্ধ, এরূপ বলা যায় না; কারণ, প্রথম আহুতিতে ঐ সকল জলাদি ভূতই শ্রদ্ধাশব্দ দ্বারা উক্ত হইয়াছে, এইরূপ উপপত্তি দৃষ্ট হইতেছে।

যদি এরূপ আশঙ্কা কর যে, জল যদি পঞ্চাহুতি বলিয়া স্বীকৃত হইত, তাহা হইলে, জলের সহিত জীবের গমন স্বীকার করা যাইত। কিন্তু প্রথম আহুতি যখন জলকে বলা হয় নাই, তখন অবশ্য জলের তদ্রূপত্ব স্বীকৃত হয় নাই। প্রথম অগ্নিতে শ্রদ্ধাই আহুতি শব্দে অভিহিত হইয়াছে। ঐ অগ্নিতে দেবতারা

রূপত্বেন প্রসিদ্ধের্নাপ্ত্বং সম্ভবতি। সোমাদীনাঞ্চ কথঞ্চিৎ সম্ভবেৎ অতো নাস্মাদ্‌বাক্যাদ্ভূতপরিষ্বঙ্গো গচ্ছতো মৃতস্যেতি চেন্ন। হি যতঃ প্রথমেঽপ্যগ্নৌ তা এবাপঃ শ্রদ্ধাশব্দেনোচ্যন্তে। কুতঃ—উপপত্তেঃ প্রশ্নোত্তরয়োরিতি শেষঃ। বেত্থ যথেতি প্রশ্নে পঞ্চস্বগ্নিষ্বাপো হোম্যা বিবক্ষিতাঃ। তস্যোত্তরারম্ভে প্রথমেঽগ্নৌ শ্রদ্ধা হোম্যোক্তা। তত্র শ্রদ্ধাশব্দেন চেন্নাপো বাচ্যাস্তদা তয়োর্বৈরূপ্যাপত্তিরিত্যর্থঃ। অপাং পঞ্চমহোমসম্বন্ধো হীতরহোমচতুষ্টয়সম্বন্ধ এবোপপদ্যতে। শ্রদ্ধাকার্য্যঞ্চ সোমবৃষ্ট্যাদি স্থূলীভবদব্বহুলং বীক্ষ্যতে। কারণানুরূপঞ্চ কার্য্যমিতি শ্রদ্ধায়া অপ্ত্বে যুক্তিশ্চ। তস্মাৎ তত্র

প্রথমে ইতি। দ্যুলোকাগ্নাবিত্যর্থঃ। ন চ তথাস্তি। পঞ্চানামাহুতীনামপ্ত্বং নাস্তীত্যর্থঃ। তস্যাঃ শ্রদ্ধায়াঃ। তয়োঃ প্রশ্নোত্তরয়োঃ উপপত্তেরিত্যর্থঃ। ব্যাখ্যান্তরমাহ—শ্রদ্ধাকার্য্যঞ্চেত্যাদিনা। প্রথমাহুতেরপ্ত্বাভাবে তজ্জন্যসোমাখ্যশরীরাদেঃ অব্‌বাহুল্যাসিদ্ধেরিত্যর্থঃ॥ ৫॥

শ্রদ্ধাকেই হোম করেন। ঐ শ্রদ্ধা মনোবৃত্তিরূপা। উহার জলত্ব কথনই সম্ভব হয় না। সোমাদির বরঞ্চ কথঞ্চিৎ জলত্ব সম্ভব হইতে পারে। অতএব ঐ বাক্য হইতে ভূতবর্গের সহিত জীবের গমন অনুমান করা অসঙ্গত। উহা শ্রদ্ধেয় হইতে পারে না। যেহেতু প্রথম অগ্নিতে যে হোম, তাহা শ্রদ্ধাশব্দ-বাচ্য জল দ্বারাই হয়, ইহাই যুক্ত। পঞ্চালাধিপতির প্রশ্নে পঞ্চাগ্নিতে জলরূপ হোমই কথিত হইয়াছে। ঐ প্রশ্নের উত্তরে প্রথম অগ্নিতে শ্রদ্ধাকেই হোম বলা হইয়াছে। ঐ স্থলে শ্রদ্ধাশব্দ যদি জলকে না বুঝায়, তবে তদুভয়ের বৈরূপ্যাপত্তি ঘটে। ইতর হোমচতুষ্টয়ের সম্বন্ধ থাকিলেই জলের পঞ্চম হোমের সহিত সম্বন্ধ উপপন্ন হয়। সোম ও বৃষ্টি প্রভৃতি শ্রদ্ধার কার্য্য, শ্রদ্ধা উহাদের কারণ। শ্রদ্ধাই স্থূলীভূত হইয়া সোম বৃষ্টি প্রভৃতির আকারে পরিণত হয়। ঐ বৃষ্টি জলবহুল। কার্য্য কারণের

শ্রদ্ধাশব্দেনাপো গ্রাহ্যাঃ। শ্রদ্ধা বা আপ ইতি শ্রুতেশ্চ। মনোবৃত্তিস্তু ন স্যাৎ। মনসো নিষ্কৃষ্য তস্যা হোমানুপপত্তেঃ। তস্মাদদ্ভিঃ পরিষ্বক্তো যাতীতি ॥ ৫ ॥

নন্বাপো গচ্ছেয়ুঃ শ্রুতত্বাৎ নতু তদ্যুক্তো জীবঃ অশ্রুতত্বাদিত্যাশঙ্ক্য পরিহরতি—

অশ্রুতত্বাদিতি চেন্ন ইষ্টাদিকারিণাং প্রতীতেঃ ॥ ৬ ॥

অশ্রুতত্বমসিদ্ধম্। তত্রৈব ছান্দোগ্যে চন্দ্রং প্রতীষ্টাদিকৃতাং গতিপ্রত্যয়াৎ। অথ য ইমে গ্রামে ইষ্টাপূর্ত্তং দত্তমিত্যুপাসতে তে ধূমমভিসম্বিশন্তীত্যাদিনা আকাশাচ্চন্দ্রমসমেষ সোমো রাজেত্যন্তেন। তত্রেষ্টাদিকারিণাং চন্দ্রং প্রাপ্য

নন্বিতি। শ্রদ্ধাসোমরূপেণাপাং রংহণস্য শ্রুতৌ প্রতীতেঃ স্বীকৃতং জীবরংহণং তু স্বীকর্ত্তুং ন শক্যম্। অব্বজ্জীবরংহণস্য তস্যামপ্রতীতেরিত্যর্থঃ।

অনুরূপ। শ্রদ্ধার কার্য্য জল শ্রদ্ধারই অনুরূপ। ইহাই শ্রদ্ধার জলরূপত্বে যুক্তি। অতএব শ্রদ্ধাশব্দে এখানে জলই স্বীকার্য্য। শ্রুতিতেও বলিয়াছেন, শ্রদ্ধাই জল। এখানে শ্রদ্ধা মনোবৃত্তি নহে। মন হইতে নিষ্কাশন পূর্ব্বক শ্রদ্ধার হোম অনুপপন্ন হয়। অতএব জলের সহিত সঙ্গত হইয়া জীব গমন করেন, ইহাই সিদ্ধ হইতেছে ॥ ৫ ॥

এক্ষণে, শ্রুতিপ্রমাণসদ্ভাব হেতু জলই গমন করে, তদসদ্ভাব নিবন্ধন উহার সহিত জীবও গমন করে, ইহা বলা না হউক; এইরূপ আশঙ্কা উত্থাপন করিয়া পরবর্ত্তী সূত্রে তাহারই পরিহার করিতেছেন;—

ইষ্ট প্রভৃতি কর্ম্মের অনুষ্ঠাতা সকলের তাদৃশী প্রতীতি হেতু শ্রুতিপ্রামাণ্যের অসদ্ভাব বলিয়া ঐরূপ আশঙ্কা অকিঞ্চিৎকরী। শ্রুতিপ্রামাণ্যের অসদ্ভাবই অসিদ্ধ। ঐ ছান্দোগ্য উপনিষদেই ইষ্টাদিকর্ম্ম-কারী জীবগণের চন্দ্রলোকগতি উক্ত হইয়াছে। যথা,—যাহারা ইষ্টাপূর্ত্তির উপাসক, তাহারা ধূমে প্রবেশ করে। পরে আকাশ হইতে চন্দ্রে প্রবেশ পূর্ব্বক সোমরাজ

সোমরাজাখ্যা ভবন্তীত্যবগম্যতে। তথা দ্যুলোকাগ্নৌ দেবাঃ শ্রদ্ধাং জুহ্বতি। তস্যাঃ আহুতেঃ সোমো রাজা ভবতীত্যত্রাপি তদৈকার্থ্যাৎ শ্রদ্ধাশরীরযুক্তঃ সোমশরীরযুক্তো ভবতীতি অবসীয়তে। শরীরস্য জীবৈকাশ্রয়ত্বস্বাভাব্যাৎ তদ্বাচকস্য শব্দস্য জীবে পর্য্যবসানমিতি তৎপরিষ্বক্তোঽসৌ যাতীতি স্থিরম্ ॥ ৬ ॥

নন্বেষ সোমরাজা দেবানামন্নং তং দেবা ভক্ষয়ন্তীতি সোমরাজশব্দিতস্য দেবভক্ষত্বশ্রবণাৎ ন স জীবঃ শক্যো বক্তুম্। তস্য ভক্ষয়িতুমশক্যত্বাদিতি চেত্তত্রাহ—

ভাক্তং বানাত্মবিত্ত্বাৎ তথাহি দর্শয়তি ॥ ৭ ॥

অশ্রুতত্বাদিতি। তদ্বাচকস্য সোমরাজাখ্যশরীরবাচিনঃ ॥ ৬ ॥

নন্বিতি। ন স ইতি। সোমরাজ ইতি বাচ্যো জীবো ভবতীতি বক্তুং ন শক্যম। তস্য চিদ্রূপস্য দেবৈর্ভক্ষণসম্বন্ধাদিত্যর্থঃ।

হয়। ঐ স্থলে, ইষ্টাদিকারী জীবগণ চন্দ্রলোক প্রাপ্ত হইয়া সোমরাজ এই আখ্যা প্রাপ্ত হয়, এইরূপ প্রতীতি হয়। আবার স্বর্গলোকাগ্নিতে দেবতারা শ্রদ্ধাকে হোম করেন। ঐ আহুতি হইতেই সোম রাজা হয়েন। উভয় শ্রুতিই এক অর্থ প্রকাশ করিতেছেন। যিনি প্রথমে শ্রদ্ধাশরীরযুক্ত ছিলেন, তিনিই পরে সোমশরীরযুক্ত হয়েন, এইরূপ অর্থ অবগত হওয়া যাইতেছে। একমাত্র জীবকে আশ্রয় করাই যখন শরীরের স্বভাব, তখন শরীরবাচক শব্দ জীবেই পর্য্যবসান প্রাপ্ত হইতেছে। অতএব ভূতগণের সহিতই যে জীবের গতি, ইহা স্থির ॥ ৬ ॥

এই সোমরাজ দেবতাদের অন্ন, দেবগণ উহা ভক্ষণ করেন। যে সোমরাজ দেবগণের অন্ন, উহাকে কখনই জীব বলিতে পারা যায় না। কারণ, জীব ভক্ষণের অযোগ্য। এইরূপ পূর্ব্বপক্ষের উত্তর করিতেছেন—

বেতি শঙ্কাহানৌ। সোমরাজশব্দিতস্য জীবস্য দেবান্নত্বং ভাক্তম্। অন্নবৎ তদ্‌ভোগহেতুত্বাদুপচরিতমিত্যর্থঃ। তদ্ধেতুত্বং তৎসেবকত্বাৎ। তচ্চানাত্মবিত্ত্বাৎ। শ্রুতিরপ্যনাত্মজ্ঞস্য দেবসেবকতাং দর্শয়তি। অথ যোঽন্যাং দেবতামুপাস্তে অন্যোঽসাবন্যোঽহমস্মীতি ন স বেদ যথা পশুরেব স দেবানামিতি বৃহদারণ্যকে। অয়ং ভাবঃ। অন্নবদ্ভক্ষণাসম্ভবাৎ তদ্বদ্‌ভোগসাধনত্বাচ্চ জীবস্য দেবান্নত্বং তত্রোপচর্য্যতে।

ভাক্তমিতি। ভাক্তং গৌণম্। তৎসেবকত্বাৎ তদ্‌ভৃত্যত্বাৎ। তচ্চেতি তৎসেবকত্বমিত্যর্থঃ। অথেতি। যঃ কর্ম্মজড়ো দেবতামন্যাং স্ববৃত্ত্যাহেতুং কর্ম্মমার্গমাত্রতয়োপকারিণীং মত্বোপাস্তে ন স বেদ নাসৌ তত্ত্বজ্ঞঃ। যথা পশুরিতি। পশুর্যথা লোকাদুপাত্তজীবিকস্তস্য সংসেবয়া নিত্যং ক্লিশ্যতি তথা দেবোপকৃতো দেবসেবক ইত্যর্থঃ। দেবাঃ খলু অপূর্ণাস্তৎসেবাভিকাঙ্ক্ষিণস্তজ্জ্ঞানং প্রতিবধ্নন্তি। হরিস্তু পূর্ণত্বাৎ পরিনিস্পৃহোঽপি সৌহার্দ্দাদেব স্বস্বরূপং স্বপদঞ্চোপলম্ভয়তি। ত্বদ্ভক্তাশ্চ তে তব ফলমিচ্ছন্তি নতু ত্বত্তোঽন্যদিতি শ্রুতিস্মৃতিপ্রসিদ্ধেঃ। কর্ম্মজড়োঽত্র বিনিন্দ্যতে। তস্মাত্তদায়ত্তধীস্থৈর্য্যার্থ-

---

জীবের অন্নত্ব গৌণ। আত্মজ্ঞানের অভাব বশতই জীব তাদৃশ ভাব প্রাপ্ত হইয়া থাকেন। শ্রুতিতেও ঐরূপই দেখাইয়া থাকেন।

বা-শব্দ আশঙ্কার নিবৃত্তির নিমিত্ত। সোমরাজ-শব্দে উক্ত জীবের দেবান্নত্ব গৌণ। জীব সকল অন্নের ন্যায় দেবগণের ভোগহেতু বলিয়া উহাতে অন্নধর্ম্ম উপচরিত হইয়াছে। জীবগণ দেবগণের সেবক বলিয়াই তাহাদিগকে দেবতাদিগের ভোগহেতু বলা হইয়া থাকে। জীবগণের আত্মজ্ঞানের অভাব হইলেই ঐরূপ দেব-সেবকতা ঘটিয়া থাকে। শ্রুতিও আত্মজ্ঞান-বিহীন জীবের দেব-সেবকতা দেখাইয়া থাকেন। যথা বৃহদারণ্যকে— 'যে অন্য দেবতার সেবা করে, সে ঐ দেবতার ও নিজের তত্ত্ব কিছুই জানে না। সে ঐ দেবতাদিগের পশু অর্থাৎ সম্পূর্ণ অধীন।' ইহার তাৎপর্য্য এই যে, অন্ন যেরূপ ভক্ষিত হইয়া থাকে, জীবের সেরূপ ভক্ষিত হওয়া অসম্ভব,

বিশোঽন্নং রাজ্ঞাং পশবোঽন্নং বিশামিত্যৌপচারিকপ্রয়োগ-দর্শনাচ্চ। মুখ্যত্বে তু জ্যোতিষ্টোমাদিবিধিবৈয়র্থ্যাপত্তিঃ। দেবাশ্চেচ্চন্দ্রলোকগতং ভক্ষয়েয়ুঃ কিমর্থং জনস্তত্র গচ্ছেৎ কিমর্থং বা তৎপ্রাপকং জ্যোতিষ্টোমাদিপ্রয়াসং কুর্য্যাদিতি। তস্মাদদ্ভিঃ পরিষ্বক্তো যাতীতি সিদ্ধম্ ॥ ৭ ॥

অথ য ইমে গ্রাম ইত্যাদিনা কেবলকর্ম্মিণাং ধূমাদিমার্গেণ স্বর্গপ্রাপ্তিমভিধায় তদন্তে পুনরাবৃত্তিঃ পঠ্যতে তত্রৈব

মেতৎ। স্ববিলক্ষণতয়া তু শ্রীহরিরূপাস্য ইতি শ্রুতেরেবাহ—পৃথগাত্মানং প্রেরিতারঞ্চ মত্বেত্যাদিনা। তস্মাদর্থান্তরকল্পনং ন চারু ॥ ৭ ॥

পূর্ব্বত্রাপাং কর্ম্মসমবেতানাং পঞ্চমহোমে সতি পুরুষরূপত্বেন পরিণাম-শ্রুতিং হেতুমালম্ব্যাদ্ভির্যুক্তস্য পুরুষস্যাগমনং যদুক্তং তন্ন যুক্তম্। স্বর্গাদেবা-

---

তবে অন্ন যেরূপ ভোগের সাধন, জীবও তদ্রূপ, এই নিমিত্তই জীবে অন্নধর্ম্ম আরোপিত হইয়াছে এবং জীবকে অন্ন-শব্দে ব্যক্ত করা হইয়াছে। বস্তুত প্রজাকে যেরূপ রাজার অন্ন এবং পশুকে যেরূপ প্রজার অন্ন বলা হইয়া থাকে, জীবকেও তদ্রূপ দেবতাদিগের অন্ন বলা হইয়াছে। ঐরূপ প্রয়োগ ঔপ-চারিক। জীব যদি যথার্থই দেবতাদিগের ভক্ষণীয় অন্ন হইত, তাহা হইলে জ্যোতিষ্টোমাদি বিধি বৃথা হইয়া যাইত। জীব যদি চন্দ্রলোকে গমন করি-লেই দেবতাগণ তাহাদিগকে ভক্ষণ করিয়া ফেলিতেন, তাহা হইলে কোন্ জীব কি নিমিত্ত তথায় গমন করিত এবং কি জন্যই বা তাহারা চন্দ্রলোক-প্রাপক জ্যোতিষ্টোমাদি যজ্ঞের অনুষ্ঠান করিত? ফলত অজ্ঞ জীবের দেবাধীনত্ব প্রদর্শন দ্বারা স্বর্গাদি ফলের অকিঞ্চিৎকরত্ব ব্যক্ত করাই ঐ সকল শ্রুতির উদ্দেশ্য জানিতে হইবে। অতএব জীব যে মৃত্যুকালে জলাদি ভূত-ত্রয়ের সহিতই গমন করেন, ইহাই সিদ্ধ হইল ॥ ৭ ॥

অনন্তর 'য ইমে গ্রামে' ইত্যাদি বাক্য দ্বারা কেবল কর্ম্মীদিগের ধূমাদি মার্গ দ্বারা স্বর্গাদি বলিয়া পরিশেষে ছান্দোগ্যোক্ত 'জীব স্বর্গভোগের অনন্তর ঐ

ছান্দোগ্যে—যাবৎসম্পাতমুষিত্বাথৈতমেবাধ্বানং পুনর্নিবর্ত্তত ইতি। তত্র সংশয়ঃ। স্বর্গাদবরোহন্নিরনুশয়ঃ সানুশয়ো বেতি। যাবৎসম্পাতমুষিত্বেত্যুক্তেঃ প্রাপ্যান্তং কর্ম্মণস্তস্যে-ত্যাদ্যুক্তেশ্চ নিরনুশয়োঽবরোহতীতি। সম্পাতঃ কর্ম্ম সম্প-তন্ত্যনেন স্বর্গমিতি ব্যুৎপত্তেঃ। অনুশয়ো ভুক্তশিষ্টং কর্ম্ম। অনুশেতে কর্ত্তারং ফলভোগায়েতি ব্যুৎপত্তেঃ। তচ্চ কৃৎস্ন-ফলভোগে সতি নাবশিষ্যতে। এবং প্রাপ্তে পঠতি—

কৃতাত্যয়েঽনুশয়বান্ দৃষ্টস্মৃতিভ্যাম্ ॥ ৮ ॥

রোহতস্তস্য কর্ম্মাভাবেন তৎসমবেতানাম্ অপাং চাভাবাদিত্যাক্ষেপঃ সঙ্গতিঃ। ভুক্ত্বা ততোঽবরোহতঃ কর্ম্মাভাবে ন তদ্ধেতুকশ্চ শূকরাদিযোনিলাভা-ভাবাৎ। কর্ম্মফলেষু ন বৈরাগ্যমিতি পূর্ব্বপক্ষে ফলং তদুপলম্ভককর্ম্মশেষ-

পথেই পুনরাবৃত্ত হয়,' এই বাক্যে তথা হইতে পুনরাবৃত্তি পঠিত হইয়া থাকে। তাহাতে সংশয় এই যে, জীব স্বর্গ হইতে অবরোহণ-কালে নিজ কর্ম্ম পরি-সমাপ্ত করিয়াই পুনরাগমন করে, কি ভুক্তাবশিষ্ট কর্ম্ম সহকারেই তাহার পুনরাবৃত্তি হয়? যদ্দ্বারা স্বর্গে গমন হয়, তাহারই নাম সম্পাত। অতএব কর্ম্মই সম্পাত শব্দের ব্যুৎপত্তিলভ্য অর্থ। কর্ম্ম যদি সম্পাতের অর্থ হইল, তবে 'যাবৎ সম্পাতমুষিত্বা' এই শ্রুতির 'যাবৎ কর্ম্ম থাকে, তাবৎ বাস করিয়া' এইরূপ অর্থ প্রাপ্ত হওয়া যায়। 'প্রাপ্যান্তং কর্ম্মণস্তস্য' এই বাক্যের তাৎপর্য্যও ঐরূপই। অতএব জীব যে নিরনুশয় অবস্থায় অর্থাৎ কর্ম্ম শেষ করিয়াই স্বর্গ হইতে অবরোহণ করে, ইহাই বুঝা যায়। কারণ, যাহা কর্ত্তাকে ফলভোগে নিযুক্ত করে, তাহাকেই অনুশয় বলে, এইরূপ ব্যুৎপত্তি হইতে ভুক্তাবশেষ কর্ম্মই অনুশয় শব্দের অর্থ। সমস্ত ফলের ভোগ সম্পন্ন হইলে আর উহা থাকিতে পারে না। অতএব জীব ফলভোগ শেষ করিয়া নিরনুশয় অবস্থাতেই ইহলোকে পুনরাবৃত্তি প্রাপ্ত হয়, ইহাই বলা যাউক। এইরূপ পূর্ব্ব-পক্ষীয় সিদ্ধান্তের খণ্ডনার্থ অষ্টম সূত্র অবতারিত হইতেছে।

চন্দ্রলোকে সুখভোগায় যৎ কর্ম্ম কৃতং তস্যেষ্টাদেস্তত্র ভোগেনাত্যয়ে ক্ষয়ে সতি তদ্ভোগক্ষয়জাতশোকানলবিলীন-ভোগদেহোঽনুশয়বানবরোহতি। কুতঃ—দৃষ্টেতি। তদ্য ইহ রমণীয়চরণাভ্যাসো হ যত্তে রমণীয়াং যোনিমাপদ্যেরন্ ব্রাহ্মণযোনিং বা ক্ষত্রিয়যোনিং বৈশ্যযোনিং বা। অথ য ইহ কপূয়চরণাভ্যাসো হ যত্তে কপূয়াং যোনিমাপদ্যেরন্ শ্বযোনিং বা শূকরযোনিং বা চাণ্ডালযোনিং বেতি তত্রৈব দর্শনাৎ। রমণীয়চরণা রমণীয়কর্ম্মাণঃ। ভুক্তশিষ্টপক্কসুকৃত-বন্ত ইত্যর্থঃ। অভ্যাসোঽভ্যাগন্তারঃ অভ্যাপূর্ব্বাদসেঃ ক্বিপি

সত্ত্বাং তেষু তদ্যুক্তমিতি সিদ্ধান্তে ফলম্। এতদভিপ্রায়েণ ন্যায়মাহ—অথ য ইত্যাদিনা। স্ফুটার্থো গ্রন্থঃ। সম্পাতশব্দার্থঞ্চ ব্যাচষ্টে সম্পাত ইত্যাদিনা।

কৃতাত্যয়ে ইতি। তচ্চ সম্পাতশব্দিতং কর্ম্ম সূত্রস্থং দৃষ্টপদমেব ব্যাচষ্টে লোকে জন্মনৈব প্রতিপ্রাণ্যুচ্চাবচভোগদর্শনাৎ সানুশয়ঃ স্বর্গাৎ পততীতরথা

ফলোন্মুখ কর্ম্মের ক্ষয় হইলেই জীব যে ভুক্তাবশিষ্ট কর্ম্মের সহিতই পুন-রাগমন করেন, ইহা শ্রুতিস্মৃতিসিদ্ধ।

চন্দ্রলোকে সুখভোগের নিমিত্ত ইহলোকে ইষ্ট প্রভৃতি যে সকল কর্ম্ম করা হয়, ঐ স্থানে ভোগ দ্বারা তাহার ক্ষয় হইলে, ভোগক্ষয়জন্য শোকানলে জীবের ঐ ভোগদেহ বিলীন হয়; সুতরাং তিনি তখন বীজরূপে স্থিত অফলোন্মুখ ভুক্তাবশিষ্ট কর্ম্মের সহিতই ইহলোকে পুনর্ব্বার আগমন করেন, শ্রুতিতে বলিয়াছেন। আগমনকালীন উৎকৃষ্ট আচরণ দ্বারা উত্তম যোনি অর্থাৎ, ব্রাহ্মণযোনি, ক্ষত্রিয়যোনি বা বৈশ্যযোনি প্রাপ্তি হয়। আর তৎ-কালীন নিন্দনীয় আচরণ দ্বারা নিকৃষ্টযোনি অর্থাৎ কুক্কুরযোনি, শূকর-যোনি বা চণ্ডালযোনি প্রাপ্তি হয়। রমণীয় চরণ শব্দের অর্থ, রমণীয় কর্ম্ম; অর্থাৎ ভুক্তাবশিষ্ট-পরিপক্ক-সুকৃতশালী। অভ্যাস শব্দের অর্থ অভ্যাগন্তা।

রূপম্। হ স্ফুটম্। যদ্যদা তদেত্যর্থাৎ। ইহ পুনর্ভবেতে উভয়শেষাভ্যাং নিবিশন্তীতি স্মৃতেশ্চ। তস্মাৎ সানুশয়োঽবরোহতি। যাবৎসম্পাতম্ ইত্যাদিবাক্যন্তু ফলার্পণপ্রবৃত্তকর্ম্মবিশেষপরমিত্যবিরোধঃ॥ ৮॥

অবরোহে প্রকারবিশেষং দর্শয়তি—

যথেতমনেবঞ্চ॥ ৯॥

চন্দ্রাদবরোহন্ননুশয়ী যথেতমবরোহত্যনেবঞ্চ। যথেতং যথাগতম্। অনেবং তদ্বিপর্য্যয়েণ। ধূমাকাশয়োরবরোহেঽপি সংকীর্ত্তনাদ্যথেতমিতি প্রতীয়তে। রাত্র্যাদ্যসংকীর্ত্তনাদভ্রাদ্যুপসংখ্যানাচ্চানেবং চেতি॥ ৯॥

তদ্ভোগস্যাকস্মিকতাপত্তিরিতি। ইহ পুনরিতি শ্রীভাগবতে। উভয়েতি পুণ্যপাপশেষাভ্যামিত্যর্থঃ। যাবদিত্যাদিবাক্যার্থং সঙ্গময়তি যাবদিতি॥ ৮॥

যথেতমিতি। উপসংখ্যানাৎ সংগ্রহাৎ॥ ৯॥

অভি পূর্ব্বক আ পূর্ব্বক অস ধাতুর উত্তর ক্বিপ্ করিয়া উক্ত পদ নিষ্পন্ন হইয়াছে। যদ্‌শব্দের অর্থ যদা, তদ্‌শব্দের তদা, এই অর্থ হইতেই উহা প্রাপ্ত হওয়া যায়। স্মৃতিতেও বলিয়াছেন,—এই পুনর্জ্জন্ম-সময়ে জীব সকল পাপ ও পুণ্য উভয়েরই অবশেষের সহিত আগমন করেন। অতএব জীবের ভুক্তাবশিষ্ট কর্ম্মের সহিতই অবরোহণ সিদ্ধ হইল। 'যাবৎ সম্পাতম্' ইত্যাদি বাক্যের অন্তর্গত 'যাবৎ সম্পাত' শব্দ ফলার্পণপ্রবৃত্ত কর্ম্মবিশেষপর। অতএব যে কর্ম্ম যত দিন ফলোন্মুখ থাকে, তত দিন সেই কর্ম্মের ফলভোগ করিয়া তদন্তে জীবের পুনরাগমন বলিলেই সমস্ত বিরোধের ভঞ্জন হইল॥ ৮॥

এক্ষণে অবরোহণের প্রকারবিশেষ প্রদর্শন করিতেছেন—

যেরূপে গমন, সেইরূপেই পুনরাগমন, কথন বা অন্যরূপও হইয়া থাকে। অনুশয়ী জীব যেরূপে গমন করেন, চন্দ্রলোক হইতে সেইরূপেই আগমন করেন। কথন বা অন্যরূপেও আগমন করিয়া থাকেন। অবরোহণ-

চরণাদিতি চেন্ন তদুপলক্ষণার্থেতি কাষ্ণাজিনিঃ ॥ ১০ ॥

ননু স্বর্গাৎ প্রচ্যুতোঽনুশয়াদ্‌যোনিং প্রাপ্নোতীতি ন যুজ্যতে। রমণীয়চরণা ইত্যাদিশ্রুত্যা চরণাৎ তদাপত্ত্যভিধানাৎ। ন চানুশয়চরণশব্দয়োরৈকার্থ্যম্। যথাকারী যথাচারী তথা ভবতীতি বৃহদারণ্যকে তয়োর্ভিন্নার্থত্বোক্তেঃ। কর্ম্মশেষোঽনুশয়শ্চরণং ত্বাচার ইতি চেন্নায়ং দোষঃ। যতোঽনুশয়োপলক্ষণার্থৈষা চরণশ্রুতিরিতি কাষ্ণাজিনির্মন্যতে কর্ম্মণঃ সর্ব্বার্থহেতুতয়া শাস্ত্রার্থপ্রসিদ্ধেরিতি ভাবঃ ॥ ১০ ॥

চরণাদিতি। তদাপত্তীতি যোন্যাপত্তিরিত্যর্থঃ। যথেতি। যথা কর্ম্ম করোতি যথাচারং করোতি তথা ভবতীত্যর্থঃ ॥ ১০ ॥

কালেও ধূম এবং আকাশের কীর্ত্তনহেতু পূর্ব্ববৎ অবরোহণই প্রতীত হয়। আবার গমনকালে রাত্রি প্রভৃতির অনুল্লেখ ও আগমন-কালে মেঘাদির উল্লেখ-হেতু তদ্‌বৈপরীত্যও প্রতীত হইয়া থাকে ॥ ৯ ॥

শ্রুতিতে চরণ-শব্দ আছে বলিয়া কর্ম্মাবশেষ হইতে যোনিপ্রাপ্তি হয়, এই প্রকার সিদ্ধান্ত অযুক্ত, এরূপও বলা যায় না; কারণ, কাষ্ণাজিনি ঋষি বলেন, চরণ-শব্দে অনুশয়ই উপলক্ষিত হয়।

যদি বল, স্বর্গ হইতে প্রচ্যুতির সময় ভুক্তশেষ বশতই দেহান্তরপ্রাপ্তি হয়, এরূপ বলা অযুক্ত। যেহেতু, রমণীয় চরণ ইত্যাদি শ্রুতিতে চরণশব্দে আচরণই অভিহিত হয়, অতএব আচরণক্রমেই দেহপ্রাপ্তি স্বীকৃত হয়; ভুক্তাবশেষক্রমে নহে। অনুশয় ও চরণ-শব্দ একার্থবাচক বলা যায় না। কারণ, বৃহদারণ্যক উপনিষদে যেরূপ কর্ম্ম, যেরূপ আচার, তদনুরূপ জন্ম হয়, এই স্থলে কর্ম্ম ও আচরণের অর্থ ভিন্ন করা হইয়াছে। তদুত্তরে এই পর্য্যন্ত বলা যাইতে পারে যে, কর্ম্মের শেষকে অনুশয় এবং আচারকেই চরণ বলিয়া উহাদের একার্থতা স্বীকারে কোনরূপ দোষ হয় না। কাষ্ণাজিনি ঋষি, শ্রুত্যুক্ত চরণ-শব্দ অনুশয়কে লক্ষ্য করিয়াই অভিহিত হইয়াছে, ইহা

আনর্থক্যমিতি চেন্ন তদপেক্ষত্বাৎ ॥ ১১ ॥

ননু কর্ম্মণঃ সর্ব্বার্থহেতুত্বে বৈফল্যমাচারস্য ততশ্চ তদ্-বিধির্ব্যর্থ ইতি চেন্ন। কুতঃ কর্ম্মণোঽপ্যাচারসাপেক্ষত্বাৎ। নহি সদাচারবিহীনঃ কর্ম্মণ্যধিক্রিয়তে। সন্ধ্যাহীনোঽশুচি-র্নিত্যমনর্হঃ সর্ব্বকর্ম্মস্বিত্যাদিস্মৃতেঃ। তথাচ সাচারস্য কর্ম্মণঃ ফলহেতুত্বাৎ তয়া কর্ম্মোপলক্ষ্যতে। ইতি কার্ষ্ণাজিনে-র্মতম্ ॥ ১১ ॥

সুকৃতদুষ্কৃতে এবেতি তু বাদরিঃ ॥ ১২ ॥

তুশব্দঃ পূর্ব্বমতনিরাসায়। চরণশব্দেন সুকৃতদুষ্কৃত এব বাচ্যে ইতি বাদরির্মন্যতে। পুণ্যং কর্ম্মাচরতীত্যাদৌ কর্ম্মণি

আনর্থক্যমিতি। নন্বনুশয়োপলক্ষণার্থা চরণশ্রুতিরিতি ন সঙ্গচ্ছতে সদা-চারদুরাচারাত্মকস্য কর্ম্মণ এব সদসদ্‌যোনিহেতুত্বসম্ভবাৎ অনুশয়াখ্যস্য কর্ম্মণঃ তদ্ধেতুত্বে চরণস্য বৈয়র্থ্যাদিতি চেন্ন। ইষ্টাদিকর্ম্মণাং চরণাখ্যাচারনিবর্ত্ত্যত্বেন চরণাপেক্ষত্বাৎ তত্র চরণস্যার্থবত্ত্বাদিত্যর্থঃ। তয়েতি চরণশ্রুত্যা ॥ ১১ ॥

স্পষ্টাক্ষরেই বলিয়াছেন। বস্তুত কর্ম্মের সকল অর্থেরই কারণতা শাস্ত্রে প্রসিদ্ধই আছে ॥ ১০ ॥

কর্ম্মের সর্ব্বার্থহেতুত্ব প্রযুক্ত আচারের বিফলতা ও পূর্ব্বোক্ত বিধির ব্যর্থতা হউক, এরূপও বলিতে পারা যায় না। কারণ, কর্ম্ম আচার-সাপেক্ষ। সদাচারবিহীন ব্যক্তি কখনই কর্ম্মে অধিকারী হয় না। স্মৃতি-তেই বলিয়াছেন, সন্ধ্যাহীন নিত্য অশুচি ব্যক্তি সকল কর্ম্মেই অনধিকারী। ফলত সদাচার সহকারে অনুষ্ঠিত কর্ম্মই ফলহেতু। অতএব তদ্দ্বারা কর্ম্মই উপলক্ষিত হইতেছে। ইহাই কার্ষ্ণাজিনির মত ॥ ১১ ॥

বাদরি ঋষি বলেন, চরণ-শব্দে সুকৃত ও দুষ্কৃত উভয়কেই বোধ করায়।

তু-শব্দ পূর্ব্বমত-নিরাসার্থ। বাদরির মতে চরণ-শব্দে সুকৃত ও দুষ্কৃত উভয়ই বোধিত হয়। 'পুণ্যং কর্ম্মাচরতি' ইত্যাদি স্থলে কর্ম্মেই চর-ধাতুর

চরতেঃ প্রয়োগাৎ। মুখ্যে সংভবতি লক্ষণা ন যুক্তা। চরণমনুষ্ঠানং কর্ম্মেতি অনর্থান্তরম্। আচারোঽপি কর্ম্মবিশেষ এব। তথাপি ভেদোক্তিঃ কুরুপাণ্ডবন্যায়েন। ইদং স্বমতমিত্যেবশব্দঃ। তথাচ চরণশব্দেন কর্ম্মবিশেষোক্তেঃ সানুশয়োঽবরোহতীতি সিদ্ধম্॥ ১২॥

ইষ্টাদিকারিণশ্চন্দ্রং গত্বা সানুশয়াস্তস্মাদবরোহন্তীত্যুক্তম্। ইদানীমনিষ্টাদিকারিণাং পাপিনামারোহাবরোহৌ পরীক্ষ্যেতে। অসূর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ। তাংস্তে প্রেত্যাভি-

---

বস্তুতঃ কর্ম্মচরণয়োর্ন ভেদ ইত্যাহ সুকৃতেতি। পুণ্যং কর্ম্মেতি। ইষ্টাদিকারিণি ধর্ম্মং চরত্যেষ মহাত্মেতি তয়োরভেদপ্রয়োগাদিত্যর্থঃ। অনর্থান্তরমিতি। এক এবার্থ ইত্যর্থঃ। তথা চেতি। ইষ্টাদিকৃতাং চন্দ্রগতানাং তস্মাদবরোহতায়ামনুশয়োঽস্তীতি সিদ্ধম্॥ ১২॥

ইষ্টাদিকৃত এব চন্দ্রং গচ্ছন্তীতি এতদাক্ষিপ্য সমাধেরাক্ষেপোঽত্র সঙ্গতিঃ। পাপিনাং শুভেন যথা গতিরপি নেতি সিদ্ধান্তোক্তের্বৈরাগ্যদার্ঢ্যকরণাৎ পাদসঙ্গতিশ্চ। ইষ্টাদিকৃতামন্যেষাঞ্চ চন্দ্রগত্যবিশেষাদিষ্টাদ্যনুষ্ঠানং ব্যর্থমিতি পূর্ব্বপক্ষে ফলম্ অনিষ্টাদিকৃতাং চন্দ্রগত্যভাবাৎ তদ্গতয়ে সার্থকং তদিতি

প্রয়োগ হইয়াছে। মুখ্যার্থের সম্ভবে লক্ষণা অযুক্ত। চরণ, অনুষ্ঠান ও কর্ম্ম অর্থান্তর নহে। আচার শব্দেও কর্ম্মবিশেষই বোধিত হয়। পাণ্ডবেরা কুরুবংশীয় হইলেও যেরূপ কুরু ও পাণ্ডব শব্দ ভিন্নভাবে ব্যবহৃত হয়, এখানেও ভেদ তদ্রূপই জানিতে হইবে। ইহাই সূত্রকারের নিজ মত, এইটি ব্যক্ত করিবার নিমিত্তই এখানে 'এব' শব্দ প্রয়োগ করিয়াছেন। এই প্রকারে চরণ-শব্দে কর্ম্মবিশেষেরই অভিধান হেতু সানুশয় জীবের অবরোহণ সিদ্ধ হইল॥ ১২॥

ইষ্ট প্রভৃতি কর্ম্মাচারী ব্যক্তি সকল চন্দ্রলোকে গমন করিয়া সানুশয় হইয়াই তথা হইতে অবরোহণ করেন, ইহা উক্ত হইয়াছে। এক্ষণে অনিষ্ট প্রভৃতির অনুষ্ঠানকারী জীবগণের আরোহণ ও অবরোহণ পরীক্ষিত

গচ্ছন্তি যে কে চাত্মহনো জনা ইতি ঈশাবাস্যে পঠ্যতে। অত্র পাপিনশ্চন্দ্রলোকং গচ্ছন্ত্যুত যমলোকমিতি সন্দেহে পূর্ব্বপক্ষং সূত্রয়তি—

অনিষ্টাদিকারিণামপি চ শ্রুতম্ ॥ ১৩ ॥

ইষ্টাদিকৃতামিবানিষ্টাদিকৃতামপি চন্দ্রে গমনং শ্রুতম্। যে বৈ কে চাস্মাল্লোকাৎ প্রয়ান্তি চন্দ্রমসমেব তে সর্ব্বে গচ্ছন্তীতি কৌষীতক্যুপনিষদি সর্ব্বেষামবিশেষেণ গতিশ্রবণাৎ তেঽপি তং গচ্ছন্তীতি। এবং সত্যুক্তবাক্যং দুরাচারনিবৃত্তি-

সিদ্ধান্তে ফলং বোধ্যম্। অসূর্য্যা ইতি। অসুরাণামিমে অসূর্য্যাঃ লোকাঃ স্থানানি ইদমর্থং যচ্ছান্দসঃ অসুরস্য ইতি সূত্রাৎ। শ্রীহরিবিমুখা হ্যসুরাঃ। দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ। বিষ্ণুভক্তিপরো দৈব আসুরস্তদ্‌বিপর্য্যয় ইত্যাগ্নেয়বিষ্ণুধর্ম্মবচনাৎ। অন্ধেন তমসাবৃতা অজ্ঞানেন বৃতাঃ। প্রেত্য মৃত্বা। আত্মহনঃ আত্মাপহ্নবকর্ত্তারো বহির্ম্মুখা ইত্যর্থঃ। অত্রেতি। পাপিনঃ চন্দ্রং গত্বা ততো যমং গচ্ছন্ত্যুত যমমেবেত্যর্থঃ।

অনিষ্টাদীতি। সর্ব্বেষামিতি। মৃতমাত্রাণামিতি পূর্ব্বপক্ষেঽর্থঃ সিদ্ধান্তে তু যে ইষ্টাদিকৃতস্তেষাং সর্ব্বেষামিত্যর্থো বোধ্যঃ। তেঽপি তমিতি। তে পাপিনঃ

হইতেছে। ঈশাবাস্য উপনিষদে পঠিত হয়,—'যাহারা আত্মঘাতী, তাহারা মৃত্যুর পর গাঢ়তিমিরাচ্ছন্ন সূর্য্যবিহীন লোকে গমন করে।' এই স্থলে পাপী সকল চন্দ্রলোকেই গমন করে, অথবা যমলোকেই গমন করে, এইরূপ সন্দেহে পূর্ব্বপক্ষীয় সূত্রের অবতারণা করিতেছেন,—

ইষ্টাদিকারীর ন্যায় অনিষ্টাদিকারীরও চন্দ্রলোকে গমন শ্রবণ করা যায়। কৌষীতকী উপনিষদে, 'যে কেহ ইহলোক হইতে গমন করে, সেই সকলেই চন্দ্রলোকে গমন করিয়া থাকে,' ইত্যাদি বাক্যে সকলেরই অবিশেষ গতির শ্রবণ-হেতু সকলেই যে চন্দ্রলোকে গমন করে, এরূপ সিদ্ধ হইতেছে।

পরতয়া নেয়ম্। ননু পুণ্যবতাং পাপিনাঞ্চ সমানং ফলম্। নৈবম্। পাপিনাং তত্র ভোগাভাবাৎ ॥ ১৩ ॥

এবং প্রাপ্তে সিদ্ধান্তয়তি।

সংযমনে ত্বনুভূয়েতরেষামারোহাবরোহৌ তদ্গতিদর্শনাৎ ॥ ১৪ ॥

তুশব্দঃ পূর্ব্বপক্ষনিরাসার্থঃ। ইতরেষামনিষ্টাদিকৃতাং সংযমনে যমপুরে গমনম্। তত্র যমদণ্ডমনুভূয় পুনরিহাগমনঞ্চ স্যাৎ। এবম্ভূতৌ তেষামারোহাবরোহৌ ভবতঃ। কুতঃ তদিতি। ন সম্পরায়ঃ প্রতি ভাতি বালং প্রমাদ্যন্তং বিত্তমোহেন মূঢ়ম্। অয়ং লোকো নাস্তি পর ইতি মানী পুনঃ-

---

চন্দ্রলোকমিতি। তত্র হেতুঃ পাপিনামিতি। পাপিনশ্চন্দ্রে গতিমাত্রং কৃত্বা ততোঽবরুহ্য নরকে নিপতন্তি নতু তত্র সুখং ভুঞ্জত ইত্যর্থঃ॥ ১৩॥

সংযমনে ইতি। নেতি। সম্পরায়ো হরিলোকস্তদুপায়ঃ সৎকর্ম্মজ্ঞানাদিঃ সাম্পরায়ঃ স বালমজ্ঞং প্রতি ন ভাতি। মূঢ়ং ছন্নদৃষ্টিম্। অতএব প্রমাদ্যন্তং বিষয়াসক্তম্। ন কেবলমেতাবদেব কিন্তু বিপরীতদর্শী চ স ইত্যাহ—অয়ং মস্তবনাধারভূতো লোকোঽস্তি নতু পরঃ ইতি মানী। অতস্তদনুগুণং পাপ-

এরূপ হইলেও ঐ সকল বাক্য দুরাচার হইতে নিবৃত্ত করিবার নিমিত্তই উক্ত হইয়াছে, বুঝিতে হয়। কারণ, পুণ্যশীল ও পাপীর সমান ফল কখনই সঙ্গত হয় না। চন্দ্রলোকে পাপীদিগের ভোগেরই অসম্ভাব দেখা যায়॥ ১৩॥

এইরূপ পূর্ব্বপক্ষে সিদ্ধান্ত প্রদর্শন করিতেছেন,—

তু-শব্দ পূর্ব্বপক্ষ-নিরাসের নিমিত্ত। অনিষ্টাদিকারী ব্যক্তি সকল সংযমন নামক যমপুরে গমন করে, এবং সেই স্থানে যমদণ্ড জন্য দুঃখ ভোগ করিয়া পুনর্ব্বার এই স্থানেই আগত হয়। সুতরাং উহাদিগেরও আরোহণ ও অবরোহণ সিদ্ধ হইতেছে। কাঠকে বলিয়াছেন, 'বালক, প্রমাদী ও বিত্তলোভে মূঢ় ব্যক্তির পরলোকের ধারণাই নাই। তাহারা এই লোকই সত্য, পরলোক

পুনর্ব্বশমাপদ্যতে মে ইতি কঠবল্ল্যাং যমলোকতদ্দণ্ডপ্রাপ্তি-শ্রবণাদিত্যর্থঃ॥ ১৪॥

স্মরন্তি চ॥ ১৫॥

তত্র তত্র পতন্ শ্রান্তো মূর্চ্ছিতঃ পুনরুত্থিতঃ। পথা পাপীয়সা নীতস্তরসা যমসাদনমিত্যাদৌ সর্ব্বে চৈতে বশং যান্তি যমস্য ভগবন্ ইত্যাদিষু চ পাপিনাং যমবশ্যতাং মুনয়ঃ স্মরন্তীতি॥ ১৫॥

অপি সপ্ত॥ ১৬॥

রৌরবোঽথ মহাংশ্চৈব বহ্নির্বৈতরণী তথা। কুম্ভীপাক ইতি প্রোক্তান্যনিত্যনরকাণি তু॥ তামিস্রশ্চান্ধতামিস্রো দ্বৌ নিত্যৌ সংপ্রকীর্ত্তিতৌ। ইতি সপ্ত প্রধানানি বলীয়স্তূত্তরোত্তরমিতি ভারতে। পাপিনাং ফলভোগভূমিত্বেন সপ্ত নরকাণি স্মর্য্যন্তে। তানি তে যান্তীত্যর্থঃ। অপিশব্দাৎ পঞ্চমাস্তস্মৃতানি পরাণি গৃহ্যন্তে॥ ১৬॥

মাচরন্ পুনঃপুনরুৎপত্তিমৃত্যুযোগে যমস্য মে, বশমাপদ্যতে ইতি নচিকেতসং প্রত্যুক্তিঃ॥ ১৪॥

স্মরন্তীতি। তত্র তত্রেত্যাদি দ্বয়ং শ্রীভাগবতে॥ ১৫॥

নাই, এইরূপ অন্ধ বিশ্বাস বশত পুনঃপুন আমার (যমের) অধীনতা স্বীকার করিয়া থাকে'॥ ১৪॥

স্মৃতিতেও উক্ত হইয়াছে,—'পাপী মৃত্যুর পর যমরাজ্য-গমন-কালে পথিমধ্যে পুনঃপুন পতনে ক্লান্ত ও মূর্চ্ছা প্রাপ্ত হইয়া থাকে। তাহারা পুনর্ব্বার উত্থিত ও পাপপথে দ্রুতগতি যমান্তিকে নীত হয়। পাপিগণ যমের বশ্যতা প্রাপ্ত হয়'॥ ১৫॥

নরক সাতটি। রৌরব, মহান্, বহ্নি, বৈতরণী ও কুম্ভীপাক, এই পাঁচটি অনিত্য নরক এবং তামিস্র ও অন্ধতামিস্র, এই দুইটি নিত্য নরক মহাভারতে

নন্বেবমীশ্বরকর্তৃকসর্ব্বনিয়মেনোক্তিবাধস্তত্রাহ—

তত্রাপি চ তদ্ব্যাপারাদবিরোধঃ ॥ ১৭ ॥

চোঽবধারণে। তেষু যমাদিষু দণ্ডকর্তৃষ্বীশ্বরকর্তৃকনিয়মনরূপাদ্ব্যাপারাত্তদুক্তেরবাধ ইত্যর্থঃ। ঈশ্বরপ্রযুক্তাঃ খলু যমাদয়ঃ পাপিনো দণ্ডয়ন্তীতি পুরাণেষু প্রসিদ্ধম্ ॥ ১৭ ॥

নন্বু পাপিনামপি যমদণ্ডানন্তরং চন্দ্রারোহঃ স্যাৎ। যে বৈ কে চাস্মাদিত্যাদৌ সর্ব্বশব্দাদিত্যাক্ষেপনিরাসায়াহ—

বিদ্যাকর্ম্মণোরিতি তু প্রকৃতত্বাৎ ॥ ১৮ ॥

অপীতি। অপিশব্দাদিতি। পঞ্চমস্কন্ধান্তেঽষ্টবিংশতির্নরকা বর্ণ্যন্তে। তেষু পরাণি রৌরবাদিসপ্তকেতরাণি গ্রাহ্যাণীত্যর্থঃ ॥ ১৬ ॥

নন্বিতি। এবং স্মরন্তীতি সূত্রোক্তে যমাদিকর্তৃকে প্রাণিদণ্ডে ন স্বীকৃতে সতীত্যর্থঃ।

তত্রাপীতি স্ফুটার্থম্ ॥ ১৭ ॥

উক্ত আছে। ঐ সাতটি নরক পাপীদিগের ফলভোগের স্থান। সূত্রোক্ত অপি-শব্দ দ্বারা তদ্ব্যতীত অপর একবিংশতি নরকও গৃহীত হইয়া থাকে ॥ ১৬ ॥

পাপীদিগের যমবশ্যতা-স্বীকারে ঈশ্বরের সর্ব্বনিয়ামকত্বের বাধ হউক, এইরূপ পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন,—

চ-শব্দ অবধারণে। যমাদির দণ্ডদাতৃত্ব ঈশ্বরপ্রযোজ্য বলিয়া তাঁহার সর্ব্বনিয়মনোক্তির বাধা হয় না। যমাদি যে পাপীকে দণ্ড দেন, তাহা ঈশ্বরপ্রেরণাতেই, একথা পুরাণেই প্রসিদ্ধ আছে ॥ ১৭ ॥

'যে কেহ এই লোক হইতে গমন করে, সকলেই চন্দ্রলোকে গমন করে,' ইত্যাদি বাক্য হইতে পাপী সকল যমপুরে যমদণ্ড ভোগ করিয়া শেষে চন্দ্রলোকে গমন করে, ইহারই সম্ভাবনায় পরসূত্রে উক্ত আক্ষেপের নিরাকরণ করিতেছেন,—

বিদ্যা দ্বারা দেবযান ও কর্ম্ম দ্বারা পিতৃযান, এইরূপ উক্তি হইতে পাপীর চন্দ্রলোক-গমন অযুক্তই হইতেছে।

তুশব্দাদাক্ষেপনিবৃত্তিঃ। নেত্যাকৃষ্যম্। পাপিনাং চন্দ্রাপ্তির্নৈবোপপদ্যতে। কুতঃ দেবযানপিতৃযানয়োঃ প্রতিপত্তৌ বিদ্যাকর্ম্মণোরেব প্রকৃতত্বাৎ। ছান্দোগ্যে তদ্য ইত্থং বিদুরিত্যাদিনা বিদ্যয়া দেবযানপন্থাঃ প্রাপ্যঃ প্রকীর্ত্ত্যতে। অথ য ইমে গ্রামে ইত্যাদিনা তু কর্ম্মণা পিতৃযানঃ পন্থাঃ প্রাপ্য ইতি। এবং সতি স সর্ব্বশব্দোঽধিকৃতাপেক্ষো ভবেৎ ॥ ১৮ ॥

ননু চন্দ্রগত্যভাবে পাপিনামিহ দেহোপলম্ভো ন স্যাৎ। তদ্ধেতোঃ পঞ্চমাহুতেরসম্ভবাৎ। তস্যাশ্চন্দ্রপ্রাপ্তিপূর্ব্বকত্বাৎ। অতো দেহোপলম্ভায় সর্ব্বেষাং চন্দ্রগতিরাবশ্যকীতি চেত্তত্রাহ—

ন তৃতীয়ে তথোপলব্ধেঃ ॥ ১৯ ॥

তৃতীয়ে স্থানে দেহলাভায় তৎপূর্ব্বকপঞ্চমাহুত্যপেক্ষা নাস্তি। কুতঃ তথেতি। শ্রুতৌ তথাপ্রত্যয়াৎ। অয়মর্থঃ।

বিদ্যেতি। নেত্যাকৃষ্যমিতি। পরসূত্রাদিতি বোধ্যম্। স ইতি। যে বৈ কে চেতি বাক্যস্থ ইত্যর্থঃ। অধিকৃতাপেক্ষঃ যে চন্দ্রলোকপ্রাপকে কর্ম্মণ্যধিকৃতাস্তৎসর্ব্বাপেক্ষীত্যর্থঃ ॥ ১৮ ॥

তু-শব্দ আক্ষেপের নিবারণার্থ। পরসূত্র হইতে 'ন' অনুবর্ত্তিত হইবে। পাপীদিগের চন্দ্রলোকপ্রাপ্তি উপপন্ন হয় না। কারণ, দেবযান ও পিতৃযানের স্বীকারে বিদ্যা ও কর্ম্মের প্রক্রম দৃষ্ট হইতেছে। ছান্দোগ্যে বিদ্যা দ্বারা দেবযান ও কর্ম্ম দ্বারা পিতৃযান উক্ত হইয়াছে। এইরূপ হইলে, বাদরি-প্রদর্শিত শ্রুতিতে যে সর্ব্ব-শব্দ দৃষ্ট হয়, তাহা যে অধিকৃতমাত্রাপেক্ষী, ইহা অবশ্য স্বীকার্য্য হইতেছে ॥ ১৮ ॥

সকলেরই চন্দ্রগতি আবশ্যক, এইরূপ আশঙ্কার নিরাসার্থ বলিতেছেন,—

তৃতীয়স্থানে দেহলাভের নিমিত্ত চন্দ্রলোকে গমন পূর্ব্বক পঞ্চমাহুতির অপেক্ষা নাই, কারণ, শ্রুতিতে ঐরূপই উপলব্ধি হইয়া থাকে। শ্রুতিতে, ঐ

তত্রৈব যথাসৌ লোকো ন সংপূর্য্যত ইত্যস্য প্রশ্নস্যোত্তরে শ্রূয়তে। অথৈতয়োঃ পথোর্ন কতরেণ চ তানীমানি ক্ষুদ্রাণ্যসকৃদাবৃত্তীনি ভূতানি জীবন্তি জায়স্ব ম্রিয়স্ব ইত্যেতৎ তৃতীয়ং স্থানম্। তেনাসৌ লোকো ন সংপূর্য্যত ইতি। যানি ভূতান্যুক্তয়োঃ দেবযানপিতৃযানয়োঃ পথোর্মধ্যে কতরেণচন কেনাপি পথা ন গচ্ছন্তি তানীমানি ক্ষুদ্রাণি দংশমশককীটাদীন্যসকৃদাবৃত্তীনি জায়স্ব ম্রিয়স্বেতি ভবন্তি। পুনঃপুনর্জায়ন্তে ম্রিয়ন্তে চেত্যর্থঃ। এতত্তৃতীয়ং স্থানমিতি। দংশাদিদেহাঃ পাপকর্ম্মাণঃ কথ্যন্তে। স্থানত্বং স্থানসম্বন্ধাৎ।

নেতি। যথাসাবিতি। শ্বেতকেতুং প্রতি প্রবাহণস্য প্রশ্নঃ। বহুভির্ম্রিয়মাণৈর্জনৈশ্চন্দ্রলোকঃ কথং ন সম্পূর্য্যতে তৎ ত্বং বেত্থেতি তস্যার্থঃ। অথৈতয়োরিতি তৎপিতরং গৌতমং প্রতি প্রবাহণস্যোত্তরম্। অস্যার্থঃ। এতয়োঃ বিদ্যাকর্ম্মণোঃ পথোর্মার্গসাধনয়োঃ কতরেণচনান্যতরেণ বিদ্যয়া কর্ম্মণা বা যেঽন্যতরস্মিন্ পথি নাধিকৃতাস্তেষাং পাপিনাং ক্ষুদ্রজন্তুলক্ষণোঽসকৃদাবৃত্তিজন্মমরণবাহুল্যযুক্তস্তৃতীয়ঃ পন্থাঃ ইতি ন তেষাং চন্দ্রপ্রাপ্তিরিত্যর্থঃ। জায়স্বেতি। জায়স্ব ম্রিয়স্ব ভবন্তীত্যর্থঃ। সমুচ্চয়েঽন্যতরস্যামিতি সূত্রাৎ লোট্। তত্র হি সামান্যার্থস্য ধাতোরনুপ্রয়োগঃ। সংসরতীতি তস্যার্থঃ। ভাষ্যে পুনঃপুনরিত্যুক্তেস্তু প্রতিদেহাপেক্ষয়েতি বোধ্যম্। তৃতীয়ং স্থানমিতি। মার্গদ্বয়োপক্রমাৎ তৃতীয়মার্গ ইত্যেকে। কিঞ্চ ইতি তু পঞ্চম্যামাহুতাবিতি বাক্যং

লোকের পূর্ত্তি হয় না কেন? এই প্রশ্নের উত্তরে বলিয়াছেন, এই দেবযান ও পিতৃযান এই দুই পথের কোন পথেই এই সকল পুনঃপুন আবর্ত্তনকারী ক্ষুদ্র দংশমশকাদি ভূত সকল গমন করিতে পারে না। জন্ম ও মরণই তৃতীয়স্থানের ধর্ম্ম। সুতরাং চন্দ্রলোকের পূর্ত্তির কোনই সম্ভাবনা নাই। যাহারা এই দুই পথে যাইতে পারে না, দংশমশকাদি তাদৃশ ক্ষুদ্র জন্মমরণাধীন নিকৃষ্ট জীব সকলই তৃতীয় স্থান। দংশমশকাদি দেহই পাপকর্ম্মের ফল

তৃতীয়ত্বন্তু পূর্ব্বনির্দ্দিষ্টব্রহ্মলোকদ্যুলোকাপেক্ষয়া। ততশ্চ যে বিদ্যয়া দেবযানে পথি নাধিকৃতা নাপি কর্ম্মণা পিতৃযানে তেষামেব ক্ষুদ্রজন্তূনাং দংশমশকাদ্যসকৃদাবৃত্তীনাং তৃতীয়ঃ পন্থাস্তেনাসৌ লোকো ন সংপূর্য্যত ইতি তেষাং দ্যুলোকারোহাবরোহাভাবেন তল্লোকাসংপূর্ত্ত্যুক্তেস্তৃতীয়ে স্থানে দেহারম্ভায় পঞ্চমাহুতির্নাপেক্ষ্যেতি ॥ ১৯ ॥

স্মর্য্যতেঽপি চ লোকে ॥ ২০ ॥

লোকে পুণ্যকর্ম্মণামপি দ্রোণধৃষ্টদ্যুম্নাদীনামাহুতিসংখ্যানপেক্ষো দেহারম্ভঃ স্মর্য্যতে। অপি চেতি কিঞ্চিদন্যদুচ্যত ইত্যর্থঃ ॥ ২০ ॥

তস্যাং সত্যামপাং পুরুষাকারতাং প্রতিপাদয়তি ন পঞ্চম্যামাহুতৌ তাং প্রতিষেধতি বাক্যভেদপ্রসঙ্গাৎ। তথা চন্দ্রং গতানামেবাহুতিসংখ্যানিয়মোঽন্যেষাং তু বিনৈব তমদ্ভিরেব দেহারম্ভ ইতি ন নিয়মস্যাদরঃ ॥ ১৯ ॥

স্মর্য্যতে ইতি। লোকে ইতি। আহুতিসংখ্যানপেক্ষ্য ইত্যর্থঃ। দ্রোণাদীনামেকা যোষিদাহুতির্নাস্তি। ধৃষ্টদ্যুম্নাদীনাং পুরুষাহুতিশ্চেতি বোধ্যম্ ॥ ২০ ॥

বলিয়া উক্ত হয়। ব্রহ্মলোক ও দ্যুলোকের অপেক্ষায় তৃতীয় বলিয়াই উহাদিগকে তৃতীয়স্থান বলা হয়। অতএব যাহারা বিদ্যা দ্বারা দেবযান পথ বা কর্ম্ম দ্বারা পিতৃযান পথ প্রাপ্ত হয় না, তাহারাই অর্থাৎ তাদৃশ দংশমশকাদি ক্ষুদ্র জীবই তৃতীয়স্থান। তাহারা চন্দ্রলোকে গমন করিতে পারে না। সুতরাং আরোহণ ও অবরোহণের অভাব হেতু তাহাদিগের দ্বারা চন্দ্রলোকের পূর্ত্তিও সম্ভব হয় না। অতএব তৃতীয়স্থানে দেহারম্ভের নিমিত্ত পঞ্চমাহুতির অপেক্ষা নাই ॥ ১৯ ॥

এইরূপ লৌকিক দৃষ্টান্তও পুরাণে দৃষ্ট হয়। এই পৃথিবীতেই পুণ্যকর্ম্মা দ্রোণ-ধৃষ্টদ্যুম্নাদিরও দেহারম্ভের নিমিত্ত পঞ্চমাহুতির অপেক্ষা দৃষ্ট হয় না।

দর্শনাচ্চ ॥ ২১ ॥

তেষাং খল্বেষাং ভূতানাং ত্রীণ্যেব বীজানি ভবন্তি। অণ্ডজং জীবজমুদ্ভিজ্জমিতি। তত্রৈব বিনৈবাহুতিসংখ্যামুদ্ভিজ্জ-স্বেদজয়োর্ভূতয়োর্জন্মশ্রবণাচ্চ তদনপেক্ষোঽপি সঃ। তথা চ যেষাং চন্দ্রারোহাবরোহৌ সম্ভবতস্তেষামেব তস্যাং সত্যাং তদারম্ভোঽন্যেষাং তু বিনৈব তামদ্ভিরেব স স্যাৎ প্রতিষেধ-কাভাবাদিতি ॥ ২১ ॥

নন্বু স্বেদজো ন শ্রূয়তে ত্রীণ্যেবেতি বচনাদিতি চেত্তত্র সমাদধাতি—

দর্শনাদিতি। তেষামিতি। জীবজং জরায়ুজং জ্ঞেয়ম্। জরায়ুজং মনুষ্যাদি। অণ্ডজং পক্ষিসর্পাদি। স্বেদজং যূকাদি। উদ্ভিজ্জং বৃক্ষাদি। অন্ত্যয়োঃ স্ত্রীপুরুষসংযোগং বিনৈব উৎপত্তিদর্শনাৎ নাদরণীয়স্তন্নিয়মঃ। বিনৈবেতি। তৎসংখ্যাদরণৈরপেক্ষ্যেণেত্যর্থঃ। তদিতি। আহুতিসংখ্যানিয়মনিরপেক্ষ্যঃ সঃ দেহারম্ভ ইত্যর্থঃ। তথা চ যেষামিতি। পঞ্চম্যামাহুতাবাপঃ পুরুষবচস ইতি নৃদেহহেতুতয়াহুতিসংখ্যা নিগদ্যতে ন তু দংশাদিদেহহেতুতয়া পুরুষশব্দস্য নৃজাতিবাচিত্বাদিতি বোধ্যম্। কিঞ্চ পঞ্চম্যামাহুতাবপাং পুরুষবচস্ত্বং কীর্ত্ত্যতে। ন পঞ্চম্যামাহুতৌ তাসাং সত্ত্বং নিষিধ্যতে। বাক্যস্য দ্ব্যর্থতাপত্তেরিত্যর্থঃ। তস্মাদুক্তমেব সুষ্ঠু ॥ ২১ ॥

পঞ্চমাহুতি ব্যতিরেকেই দংশমশকাদির উৎপত্তি সম্ভব কি না, তৎ-প্রদর্শনার্থই পৌরাণিক দ্রোণাদি পুরুষের উল্লেখ করা হইল ॥ ২০ ॥

ঐ সকল ভূতের অণ্ডজ, জীবজ ও উদ্ভিজ্জ এই ত্রিবিধ বীজ দৃষ্ট হয়। তন্মধ্যে উদ্ভিজ্জ ও স্বেদজ এই দ্বিবিধ ভূতের পঞ্চমাহুতির অপেক্ষা নাই। যাহা-দের চন্দ্রলোকে আরোহণ ও তথা হইতে অবরোহণ আছে, তাহাদেরই পঞ্চ-মাহুতির আবশ্যক। অন্যের পঞ্চমাহুতি ব্যতিরেকে কেবল জল দ্বারাই দেহা-রম্ভ হয়। বেদে ইহার কোনরূপ প্রতিষেধও দৃষ্ট হয় না, সুতরাং উহাই স্বীকার্য্য ॥ ২১ ॥

তৃতীয়শব্দাবরোধঃ সংশোকজস্য ॥ ২২ ॥

উদ্ভিজ্জমিতি তৃতীয়শব্দেন সংশোকজস্য স্বেদজস্যাপ্যবরোধঃ সংগ্রহঃ কৃতঃ। উভয়োরপি ভূম্যুদকোদ্ভেদপ্রভবত্বস্য সাম্যাৎ। লোকে ভেদোক্তিস্তু জঙ্গমত্বাদ্যবান্তরভেদমাদায়। তস্মাদনিষ্টাদিকারিণাং চন্দ্রপ্রাপ্তির্নাস্তীতি সিদ্ধম্ ॥ ২২ ॥

ইষ্টাদিকৃতঃ সূক্ষ্মভূতযুক্তাঃ সানুশয়াশ্চাবরোহন্তীতি দর্শিতম্। তৎপ্রকারস্তু অথৈতমেবাধ্বানং পুনর্নিবর্ত্তন্তে যথেত-

---

উক্তশ্রুতৌ ভূতানাং চাতুর্ব্বিধ্যং সাধয়িতুমুপক্রমতে তৃতীয়েতি। ঐতরেয়কে তত্র স্ফুটং তদুক্তং বোধ্যম্। উভয়োরপীতি। বৃক্ষাদিকং ভূমিমুদ্ভিদ্য জায়তে যূকাদিকন্তু জলমুদ্ভিদ্যেতি দ্বয়োরবয়বার্থে বিশেষাভাবাৎ তেন স ইত্যর্থঃ। তেন চাতুর্ব্বিধ্যসিদ্ধিঃ। স্থাবরজঙ্গমত্বাভ্যাং ভেদস্য দুর্ব্বারত্বাৎ ॥ ২২ ॥

পূর্ব্বত্রৈতৎ তৃতীয়ং স্থানমিত্যত্র স্থানশব্দেন স্থানী দংশাদিদেহঃ প্রাণিনিকরো লক্ষিতঃ। স্থানদ্বয়োপক্রমাৎ তেন তৃতীয়মার্গো বা লক্ষিতঃ। ইমৌ দ্বৌ বিপ্রাবিত্যুপক্রম্যায়ং তৃতীয় ইত্যত্রোপক্রান্তসজাতীয়স্তৃতীয়ো দৃষ্টঃ। ইহ ত্বাকাশাদিশব্দানামবরোহতায়ামাকাশাদিসাদৃশ্যে লক্ষণা মাস্তু। শ্রুতি-

---

উক্ত ত্রিবীজ-বচনে স্বেদজের উল্লেখ না থাকাতে তাহার সমাধান করিতেছেন,—

তৃতীয় উদ্ভিজ্জ শব্দ দ্বারাই সংশোকজ অর্থাৎ স্বেদজ সংগৃহীত হইয়াছে। উদ্ভিজ্জ ও স্বেদজ উভয়েই ভূমি ও উদক হইতে উদ্ভিন্ন হইয়া জন্ম লাভ করে বলিয়া পরস্পর সাম্য দৃষ্ট হয়, তন্মধ্যে প্রথমটি স্থাবর ও দ্বিতীয়টি জঙ্গম বলিয়াই উহাদের লৌকিক ভেদ। অতএব অনিষ্টাদিকারীর চন্দ্রপ্রাপ্তি নাই, ইহা সিদ্ধ হইল ॥ ২২ ॥

ইষ্টাদিকারী ব্যক্তি সকল সূক্ষ্মভূতযুক্ত হইয়া ভুক্তাবশিষ্ট কর্ম্মের সহিত অবরোহণ করেন, ইহা দর্শিত হইয়াছে। এবং অবরোহণের প্রকার অর্থাৎ

মাকাশমাকাশাদ্বায়ুঃ বায়ুর্ভূত্বা ধূমো ভবতি ধূমো ভূত্বা অভ্রং ভবত্যভ্রং ভূত্বা মেঘো ভবতি মেঘো ভূত্বা প্রবর্ষতীতি। যথেতমনেবঞ্চোক্তস্তত্রৈব। ইহাবরোহতায়ামাকাশাদিভাবঃ প্রতীয়তে। স কিং তাদাত্ম্যাপত্তিরুত সাদৃশ্যাপত্তিরিতি বিষয়ে সাদৃশ্যাপত্তিপক্ষে লক্ষণাপ্রসঙ্গাত্তাদাত্ম্যাপত্তিরেবাসাবিতি প্রাপ্তে—

তৎস্বাভাব্যাপত্তিরুপপত্তেঃ ॥ ২৩ ॥

তৎসাদৃশ্যাপত্তিরূপঃ স মন্তব্যঃ। কুতঃ উপপত্তেঃ। চন্দ্রলোকে যদম্ময়ং বপুরারব্ধং ভোগায় তৎ কিল চণ্ডকরকরবৃন্দেন তুষারখণ্ডমিব ভোগক্ষয়ে ক্ষণজেন শোকাগ্নিনা বিলীয়-

---

মুখ্যার্থব্যাহতিপ্রসঙ্গাদিতি প্রত্যুদাহরণসঙ্গত্যারভ্যতে ইষ্টাদিকৃত ইত্যাদিনা। পূর্ব্বপক্ষে মুখ্যার্থসিদ্ধিঃ সিদ্ধান্তে তু গৌণার্থত্বং ফলমিতি বোধ্যম্। অথৈতমিতি। অথ ভোক্তব্যকর্ম্মসমাপ্ত্যনন্তরম্। অধ্বানমাহ যথেতমিতি। অনেবমিত্যস্যোপলক্ষণমেতৎ। যাঃ খলু আপশ্চন্দ্রলোকে দেহমারেভিরে তাস্তৎকর্ম্মসমাপ্তাবাকাশমাগত্য তৎসমা যদা ভবন্তি তদা তাভির্যুক্তোঽনুশয্যাকাশসমো ভবতীত্যাহাকাশমিতি। এবমগ্রেঽপি যোজ্যম্। বায়ুর্ভূত্বা বায়ুসমো ভূত্বেত্যাদি। ধূমো মেঘোপাদানম্। অভ্রমম্বুভৃৎ সূক্ষ্মঃ। মেঘোঽম্বুমুক্ নিবিড়ঃ। স আকাশাদিভাবঃ।

তাহারা যেরূপে আকাশ হইতে বায়ু, পরে ধূম, তদন্তে অভ্র, তদন্তে মেঘ হইয়া বর্ষিত হয়, ইহাও দর্শিত হইয়াছে। এই অবরোহণে আকাশাদি-ভাব প্রতীত হয়। ঐ আকাশাদি-ভাব তাদাত্ম্যাপত্তি অথবা সাদৃশ্যাপত্তি, এইরূপ সন্দেহে সাদৃশ্যাপত্তির পক্ষে লক্ষণার প্রসঙ্গহেতু, উহা তাদাত্ম্যাপত্তিই হউক, এই পূর্ব্বপক্ষীয় সিদ্ধান্তের উত্তরে বলিতেছেন,—

স্বাভাব্যাপত্তি অর্থাৎ সাদৃশ্যাপত্তিই সঙ্গত হইতেছে; কারণ উহাই উপপন্ন হইতেছে।

মানং সৌক্ষ্ম্যাদাকাশতুল্যং ভবতি ততো বায়োর্বশমেতি ততো ধূমাদিভিঃ সংপৃচ্যতে ইত্যেবোপপদ্যতে। অন্যস্যান্য-ভাবাযোগাত্তত্ত্বেঽবরোহাসম্ভবাচ্চ ॥ ২৩ ॥

আকাশাদিপ্রবর্ষণান্তাদবরোহো বিলম্বেন ত্বরয়া বেতি সংশয়ে নিয়মহেত্বভাবাদ্বিলম্বেনেতি প্রাপ্তে—

নাতিচিরেণ বিশেষাৎ ॥ ২৪ ॥

তদিতি। তত্ত্বে ইতি। অনুশয়িনঃ আকাশাদিরূপত্বে সতি ততোঽবরোহো ন সম্ভবেদিত্যর্থঃ। ক্ষীরস্য দধিভাবো দৃশ্যতে ক্ষীরকালে দধ্নো ভাবঃ। ইহ তু প্রাগ্‌বিদ্যমানাকাশাদিভাবোঽনুশয়িনো দুরুপপাদ ইত্যাদিযুক্তি-বশাদেব শ্রুতের্গৌণার্থতা স্বীকার্য্যা। ততশ্চানুশয়িনস্তদ্ভাবস্তৎসম্বন্ধমাত্রমেব সম্বন্ধশ্চ সাদৃশ্যাদন্যো ন সংভবেদতস্তদেব সঃ ॥ ২৩ ॥

. পূর্ব্বত্রাকাশাদিপ্রবর্ষণান্তেষু পূর্ব্বপূর্ব্বসাদৃশ্যানন্তরং পরপরসাদৃশ্যমিত্যু-ক্তম্। তদুপজীব্য পরো ন্যায়ঃ প্রবর্ত্তত ইত্যুপজীব্যোপজীবকভাবসঙ্গত্যাহ আকাশাদিম্বিতি। কিমনুশয়ী পূর্ব্বসাদৃশ্যেন চিরং স্থিত্বা পরসাদৃশ্যং ভজ-ত্যুতাচিরেণেতি সন্দেহে নিয়ামকশাস্ত্রাভাবাদনিয়মেন ভাব্যমিতি প্রাপ্তে—

ঐ আকাশাদি-ভাবকে তৎ-সাদৃশ্যাপত্তিই বলিতে হইবে। যেহেতু তৎসম্বন্ধেই উপপত্তি দৃষ্ট হইতেছে। চন্দ্রলোকে ভোগের নিমিত্ত যে জলময় দেহ উৎপন্ন হয়, তাহা সূর্য্যকরোত্তপ্ত তুষারখণ্ডের ন্যায় ভোগক্ষয়ে শোকাগ্নি দ্বারা বিলীন হইলে, সূক্ষ্মতাপ্রযুক্ত আকাশতুল্য হইয়া থাকে। তদনন্তর বায়ুর বশতাপন্ন হয়। পরে ধূমাদির সহিত বিমিশ্রিত হয়। ইহাই যুক্তিসঙ্গত। এক পদার্থের অন্যপদার্থত্ব সম্ভব হয় না। বিশেষত তাদাত্ম্যা-পত্তিতে অবরোহণই অসম্ভব হইয়া পড়ে॥ ২৩॥

আকাশাদি-প্রবর্ষণান্ত অবরোহণ কথিত হইয়াছে। ঐ অবরোহণ বিলম্বে অথবা সত্বরই হইয়া থাকে, এইরূপ সংশয়ে নিয়ম ও কারণের অভাব বশত বিলম্বই সিদ্ধান্তিত হইলে, উত্তর করিতেছেন,—

আকাশাদিতো নাতিচিরেণাবরোহঃ। কুতঃ বিশেষাৎ। পরত্র ব্রীহ্যাদিভাবপ্রাপ্তাবতো বৈ খলু দুর্নিষ্প্রপতরমিতি বিশেষোক্তেরিত্যর্থঃ। তলোপশ্ছান্দসঃ। দুর্নিষ্প্রপতরং দুঃখ-নিষ্ক্রমণমিত্যর্থঃ। ব্রীহ্যাদিপ্রাপ্তৌ দুঃখনির্গমোক্ত্যাকাশাদি-প্রাপ্তৌ ত্বরয়া নির্গমো বোধ্যতে ॥ ২৪ ॥

প্রবর্ষণানন্তরং ত ইহ ব্রীহিযবা ওষধিবনস্পতয়স্তিলমাষা জায়ন্ত ইতি তত্রৈব শ্রূয়তে। ইহ সংশয়ঃ ব্রীহ্যাদিষ্বনুশয়িনাং

নাতিচিরেণেতি। অতিচিরেণ বিলম্বেন নাবরোহঃ কিন্তু ত্বরয়ৈবেত্যর্থঃ। জীবোঽল্পমল্পকালমাকাশাদিষু বর্ষান্তরেষু সাদৃশ্যেন স্থিত্বা ধারয়া ভুবমাবি-শতীতি যাবৎ। অতো বৈ খলু দুর্নিষ্প্রপতরমিতি শ্রুতৌ ব্রীহ্যাদিষু চিরস্থিতি-রূপবিশেষাবগমাৎ। অতোঽস্মাদ্‌ব্রীহ্যাদিভাবাদিত্যর্থঃ। ভূপ্রবেশানন্তরং জীবস্য ব্রীহ্যাদিষু প্রবেশমুক্ত্বা তেভ্যো নির্গমসময়ে তেষু চিরাবস্থিতিস্তস্য প্রতীয়তে। তথা চাকাশাদিষু চ চিরস্থিত্যচিরস্থিতী এব জীবস্য সুখদুঃখে ভবতঃ। তদা স্থূলদেহাভাবেন মুখ্যয়োস্তয়োরসম্ভবাৎ। তস্মাদ্‌ব্রীহ্যাদিপ্রবেশাৎ প্রাগল্পকালমেব তৎসাদৃশ্যেনাবস্থিতিরিতি সিদ্ধ্যতি ॥ ২৪ ॥

তস্মিন্নেবাবরোহেঽনুশয়িনাং বর্ষধারয়া ভূপ্রবেশানন্তরং জন্ম শ্রূয়তে ইত্যাহ ত ইহ ব্রীহীত্যাদি। তেঽনুশয়িনঃ। জীবানাং ব্রীহ্যাদিভাবেন জন্মশ্রুতির্মুখ্যার্থা ভবত্যুতান্যৈরধিষ্ঠিতে ব্রীহ্যাদৌ সংসর্গমাত্রং তেষাং জন্মেতি গৌণার্থা সেতি

আকাশাদি হইতে অবরোহণ সত্বরই হইয়া থাকে, কারণ তদ্বিষয়ে বিশেষ উক্তি দৃষ্ট হয়। 'ব্রীহ্যাদিভাবপ্রাপ্তৌ' ইত্যাদি বাক্যে 'দুর্নিষ্প্রপতরং' শব্দের অর্থ দুঃখ-নিষ্ক্রমণ; সুতরাং ব্রীহ্যাদিভাব-প্রাপ্তি হইলে, দুঃখনিষ্ক্রমণ হইবে, এইরূপ উক্তি দ্বারা আকাশাদি-ভাবপ্রাপ্তিতে শীঘ্র নির্গমণই বোধিত হইতেছে ॥ ২৪ ॥

প্রবর্ষণানন্তর তাহারা ব্রীহি, যব, ওষধি, বনস্পতি, তিল ও মাষ হইয়া জন্মে, এইরূপ শ্রুতি আছে। তদ্বিষয়ে সংশয় এই, সানুশয়ী জীবগণের

মুখ্যং জন্মোত সংশ্লেষমাত্রমিতি। জায়ন্ত ইত্যুক্তেমুর্খ্যং জন্মেতি প্রাপ্তৌ—

অন্যাধিষ্ঠিতে পূর্ব্ববদভিলাপাৎ ॥ ২৫ ॥

অন্যৈর্জীবৈর্ভোক্তৃতয়াধিষ্ঠিতে ব্রীহ্যাদিদেহে তেষাং সংশ্লেষমাত্রমেব স্যাৎ। ন তু তে ভোগায় তত্র উৎপদ্যন্তে। কুতঃ পূর্ব্বেতি। আকাশাদিভাববদ্ব্রীহ্যাদিভাবস্যাপ্যুক্তেরিত্যর্থঃ। যথাকাশাদিষু প্রবর্ষণান্তেষু ভোগহেতুঃ কর্ম্ম নাভি-

---

সন্দেহে পূর্ব্ববৎ দুর্নিস্প্রাপতরশ্রুতেঃ প্রাগুক্তযুক্তিসামর্থ্যাচ্চিরাবস্থানেঽস্ত লক্ষণা। প্রকৃতে তু ক্ষীরদধিভাবেনাবাদিভিভুক্তৈঃ পরিষক্তানাং জীবানামবাদিদ্বারা ব্রীহ্যাদিভাবেন মুখ্যমেব জন্ম সম্ভবেদতো ব্রীহ্যাদিস্থাবরদেহেষু সুখদুঃখভাজো জীবা ইতি প্রত্যুদাহরণাৎ পূর্ব্বপক্ষঃ সিদ্ধান্তমাহ—

অন্যাধিষ্ঠিত ইতি। যেষাং ব্রীহ্যাদিদেহযোগ্যানি কর্ম্মাণ্যভূবন্ তে জীবাস্তদ্দেহান্ প্রাপ্য তেষু তৎকর্ম্মপরিপাকং ভুঞ্জতে। যে তু স্বর্গাদবরূঢ়াস্তে খলু তেষু সংযোগমাত্রং লভন্তে ন তু ভোগং ব্রাহ্মণাদিষু দেহেষু তেষাং ভোগাভিধানাদিত্যর্থঃ। সূত্রে পূর্ব্ববদিতি পদং দ্ব্যর্থকম্। পূর্ব্ববৎ যথাকাশাদিষু সংসর্গমাত্রং তদ্বৎ। পুনঃ পূর্ব্ববৎ আকাশাদিভাবে যথা

ব্রীহ্যাদি অবস্থা মুখ্য-জন্ম অথবা সংশ্লেষ মাত্র? 'জায়ন্তে'—জন্মে—শব্দ হইতে মুখ্য জন্মই প্রাপ্ত হওয়া যায়। এইরূপ পূর্ব্বপক্ষের উত্তর করিতেছেন,—

অন্য জীব কর্তৃক অধিষ্ঠিত ব্রীহ্যাদি-দেহে স্বর্গভ্রষ্ট জীবের পূর্ব্ববৎ সংশ্লেষ মাত্র এবং কর্ম্মের অভাব। ব্রীহ্যাদিদেহে অন্য জীব ভোক্তৃরূপে অধিষ্ঠিত রহিয়াছে, সুতরাং তাহাতে আরার স্বর্গভ্রষ্ট জীবের মুখ্য জন্ম হইতে পারে না। কর্ম্মফল-ভোগের নিমিত্ত যাহারা ঐ ব্রীহ্যাদি-দেহ পাইয়াছে, তাহাদেরই সেই স্থানে মুখ্য জন্ম, স্বর্গভ্রষ্ট জীবের কেবল সংশ্লেষ মাত্র। স্বর্গভ্রষ্ট জীব সকল কিছু ভোগের নিমিত্ত ব্রীহ্যাদিতে উৎপন্ন হয় না, সুতরাং ঐ সকল দেহে আকাশাদি ভাবের ন্যায় তাহাদের স্বাভাব্যাপত্তিমাত্রই জানিতে হইবে।

লপ্যতে তথা ব্রীহ্যাদিভাবেঽপি। যত্র তু ভোগোঽভিমত-স্তত্র রমণীয়চরণা ইত্যাদিনা তদভিলপ্যতে। তস্মাৎ সংশ্লেষ-মাত্রমেব তৎ ন তু মুখ্যং জন্মেতি॥ ২৫ ॥

অশুদ্ধমিতি চেন্ন শব্দাৎ ॥ ২৬ ॥

নন্বন্যৈরধিষ্ঠিতে ব্রীহ্যাদিদেহে অনুশয়িনাং সংশ্লেষমাত্র-মেব ন তু ভোগার্থং জন্ম ভোগহেতোঃ কর্ম্মণোঽভাবাদিত্যুক্তি-রযুক্তা তদ্ধেতোঃ সত্ত্বাৎ। তথাহি স্বর্গাদিফলকমিষ্টাদিকর্ম্মৈ-বাশুদ্ধম্ অগ্নিসোমীয়াদিপশুহিংসামিশ্রত্বাৎ। হিংসা তু

ভোগহেতুকর্ম্মাভাবোঽভিলপ্যতে তথা ব্রীহ্যাদিভাবেঽপীত্যর্থঃ। তস্মাদিতি। জায়ন্ত ইতি শ্রুতিঃ সংসর্গমাত্রে লাক্ষণিকীতি ন মুখ্যার্থা সেত্যর্থঃ। তদিতি। কর্ম্মেতি শেষঃ॥ ২৫ ॥

ভোগজনকং কর্ম্মাশঙ্ক্য নিরস্যতি অশুদ্ধমিতি। তদ্ধেতোরিতি। ব্রীহ্যাদি-দেহেষু দুঃখভোগহেতোঃ পশুহিংসাত্মকস্য পাপকর্ম্মণঃ সত্ত্বাদিত্যর্থঃ। শরীর

আবার আকাশাদিভাবে উহাদের যেরূপ কর্ম্ম থাকে না, তদ্রূপ ব্রীহ্যাদিভাবেও কোনরূপ কর্ম্ম থাকে না। যেখানে উহাদের ভোগ অভিমত হয়, সেইখানে 'রমণীয়চরণ' ইত্যাদি শব্দ দ্বারা উহার অভিধান করা হইয়াছে। অতএব ব্রীহ্যাদিভাব সংশ্লেষমাত্র, মুখ্য জন্ম নহে॥ ২৫॥

ব্রীহ্যাদিভাব শুদ্ধাশুদ্ধ-মিশ্র-কর্ম্মকারী স্বর্গভ্রষ্ট জীবের পবিত্র কর্ম্মের ফল-ভোগের পর অপবিত্র কর্ম্মের ফলভোগের নিমিত্ত অপবিত্র জন্ম, এরূপ বলা যায় না; কারণ ইষ্টাদি কর্ম্ম সকল মিশ্র কর্ম্মই নহে, এ বিষয়ে শ্রুতিপ্রমাণ দৃষ্ট হয়।

যদি বল—অন্য জীবের ভোগদেহ ব্রীহ্যাদিতে অনুশয়ী জীবের সংশ্লেষ মাত্র, মুখ্য জন্ম নহে; কারণ, তৎকালে ভোগহেতু কর্ম্ম দৃষ্ট হয় না; এরূপ সিদ্ধান্ত অযুক্ত; যেহেতু ভোগহেতু কর্ম্মই রহিয়াছে; কারণ, স্বর্গাদিফলক ইষ্টাদি কর্ম্মই অশুদ্ধ, যেহেতু ঐ সকল কর্ম্ম অগ্নিসোমীয়াদি পশুহিংসামিশ্রিত;

পাপমেব। মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানীতি প্রতিষেধাৎ। ততশ্চ পুণ্যাংশঃ স্বর্গং দত্তে পাপাংশস্তু ব্রীহ্যাদিভাবমিতি। শরীরজৈঃ কর্ম্মদোষৈর্যাতি স্থাবরতাং নর ইতি স্মৃতেশ্চ। অতো ব্রীহ্যাদিষু মুখ্যং জন্মেতি চেন্ন। কুতঃ শব্দাৎ। অগ্নিসোমীয়ং পশুমালভেত ইত্যাদিবেদবাক্যাদিত্যর্থঃ। তথাচ ধর্ম্মত্বাধর্ম্মত্বয়োর্বৈদিকগম্যত্বাদ্বেদেনৈব হিংসানুগ্রহাত্মকস্যেষ্টাদের্ধর্ম্মত্বাবধারণান্নাশুদ্ধং তদিতি। ন চ মা হিংস্যাদিতি নিষেধাৎ পাপং হিংসেতি বাচ্যম্ উৎসর্গো হি সঃ। অগ্নিসোমীয়মিতি ত্বপবাদঃ। উৎসর্গাপবাদয়োর্ব্যবস্থিতবিষয়ত্বাৎ ন কিঞ্চিচ্চোদ্যমস্তি। তস্মাদ্ব্রীহ্যাদিভিঃ সংশ্লেষমাত্রং জন্মেতি॥ ২৬॥

জৈরিতি মনুঃ। ন চেতি। মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানীতি বাক্যং যজ্ঞেতরপশুহিংসাং নিষেধয়তি। অগ্নিসোমীয়মিতি তু যজ্ঞে তদ্ধিংসাং বিধত্তে। ইতি বিষয়ভেদঃ॥ ২৬॥

হিংসা পাপই; বেদে, কোন ভূতেরই হিংসা করিও না, এরূপ নিষেধ দৃষ্ট হয়, অতএব উক্ত কর্ম্মের পুণ্যাংশ হইতে স্বর্গভোগ এবং পাপাংশ হইতে ব্রীহ্যাদিভাবপ্রাপ্তি, আবার তদ্বিষয়ে, 'মনুষ্য শরীরজ-কর্ম্ম-দোষে স্থাবরত্ব প্রাপ্ত হয়, ইত্যাদি স্মৃতিপ্রমাণও দৃষ্ট হয়, অতএব ব্রীহ্যাদিতে মুখ্য জন্মই স্বীকার করিতে হইবে।—তাহা অসঙ্গত। কারণ, অগ্নিসোমীয় পশুর আলম্ভন করিবে, ইত্যাদি শ্রুতিবাক্যই তাহার অযৌক্তিকতা প্রমাণ করিতেছে। বেদ যখন ধর্ম্মাধর্ম্মের বোধক এবং ঐ বেদেই যখন হিংসাপ্রযোজক ইষ্টাদি কর্ম্মকে ধর্ম্ম বলিয়া নির্দ্দেশ করিতেছে, তখন ঐ সকল কর্ম্মকে কখনই অশুদ্ধ বলা যায় না। যজ্ঞে হিংসা পাপ নহে। কোন স্থলে হিংসার নিষেধ দর্শনে হিংসামাত্রই পাপ বলিয়া স্থির করা সঙ্গত হয় না। পূর্ব্বোক্ত হিংসানিষেধসূচক বাক্য সাধারণ। পরবর্ত্তী হিংসাপ্রযোজক বাক্য সকল বিশেষ।

ইতোঽপীত্যাহ—

রেতঃসিগ্‌যোগোঽথ ॥ ২৭ ॥

অথ ব্রীহ্যাদিভাবানন্তরম্ অনুশয়িনো রেতঃসিগ্‌যোগস্তত্রৈব শ্রূয়তে। যো যোঽন্নমত্তি যো রেতঃ সিঞ্চতি তদ্‌ভূয় এব ভবতীতি। ন চ তস্য মুখ্যং রেতঃসিগ্রূপত্বম্। অন্যস্যান্যরূপত্বাসম্ভবাৎ তত্ত্বে দেহাপ্ত্যযোগাচ্চ। তস্মাৎ সংশ্লেষমাত্রং তৎ স্বীকার্য্যম্। এবং সতি ব্রীহ্যাদাবপি তদেবাস্তু বৈরূপ্যে হেত্বভাবাৎ ॥ ২৭ ॥

রেতঃসিগিতি। যো রেত ইতি। অনুশয়ী ব্রীহ্যাদ্যন্নদ্বারা পুরুষং প্রবিষ্টঃ তদ্‌ভূয় এব ভবতি তদ্ভাবম্ এব গচ্ছতীত্যর্থঃ। ন চ তস্যেতি। যস্য শুক্রেণানুশয়ী দেহং ভজতি স পুমান্ রেতঃসিক্ নিগদিতঃ। যদানুশয়ী রেতঃসিগ্রূপঃ

সামান্য ও বিশেষই ব্যবস্থার বিষয়। অতএব তদ্বিষয়ে কিছুই বলিবার নাই। অতএব ব্রীহ্যাদিতে সংশ্লেষমাত্র, মুখ্য জন্ম নহে। ফলত কর্ম্মের পাপত্ব বা পুণ্যত্ব নিত্য নহে। অধিকারভেদে পুণ্যকর্ম্মও পাপ এবং পাপকর্ম্মও পুণ্য। উৎকৃষ্ট অধিকারীর পক্ষে হিংসাদি কোন অবস্থাতেই শুদ্ধ নহে। উহাই আবার নিকৃষ্ট পশুলুব্ধ অধিকারীর পক্ষে তাহাদিগের লোভসঙ্কোচার্থ প্রযুক্ত হইয়া মঙ্গলজনক বলিয়া শুদ্ধ হইতেছে ॥ ২৬ ॥

মননেন শুদ্ধাশয়ঃ স্থাতুমিচ্ছেৎ। অধ্যয়নজাতাপাতব্রহ্মধীঃ পণ্ডা তদ্বান্ পণ্ডিতস্তস্য কৃত্যং শ্রবণং পাণ্ডিত্যমুচ্যতে। বাল্যং জ্ঞানবলং তচ্চ মননমেব চ তদুভয়ং নির্বিদ্যাথ মুনির্ধ্যানপরঃ স্যাৎ। অমৌনং শ্রবণমননং মৌনঞ্চ ধ্যানং নির্বিদ্যাথৈতত্রয়সম্পত্ত্যনন্তরং ব্রাহ্মণো লব্ধব্রহ্মানুভবঃ কেন কর্ম্মণা স্যাদ্বর্ত্তেতেতি প্রশ্নঃ। যেন কর্ম্মণা স্যাৎ তেনেদৃশ ইতি তস্যোত্তরম্। ত্যক্তবিহিতকর্ম্মাপ্যনুষ্ঠিতনিখিলাশ্রমধর্ম্মেণ ব্রাহ্মণেন তুল্যঃ স্যাদিত্যর্থঃ। বিদ্যাপ্রভাবাৎ প্রত্যবায়েনাস্পৃষ্টোঽতিপবিত্রো ব্রহ্মানুভবন্ বিভায়াদিতি যাবৎ। যদ্যেবং তর্হি ব্রহ্মজ্ঞস্যাপ্যজ্ঞবৎ সর্ব্বকর্ম্মানুষ্ঠানাতিদেশবাক্যং কথং সঙ্গচ্ছেতেতি চেৎ তত্রাহ।

সম্পন্ন হইলে, যথেচ্ছ আচার করিতে পারেন,' ইত্যাদি বৃহদারণ্যকের বাক্যই উহার পোষক প্রমাণ। ঐ পরিনিষ্ঠিতদিগের সম্বন্ধে কোথাও কোথাও বিহিতানুষ্ঠানেরও কর্ত্তব্যতা দৃষ্ট হয়। ভগবদ্গীতায় বলিয়াছেন, 'বিদ্বান ব্যক্তি লোকসংগ্রহার্থ অসক্ত ভাবে কর্ম্মানুষ্ঠান করিবেন।' অতএব এস্থলে এইরূপ সঙ্গতি করিতে হইবে যে, কি যতি কি গৃহী বিদ্বানের কামচারে দোষস্পর্শ হয় না। তবে যাঁহারা প্রতিষ্ঠাসম্পন্ন গৃহী, তাঁহারা লোকসংগ্রহের নিমিত্ত ঈশ্বরেচ্ছানুসারে বিহিতের অনুষ্ঠান করিবেন। গীতার উক্তিও এই শেষোক্ত প্রতিষ্ঠাসম্পন্ন গৃহীর বিষয়েই বুঝিতে হইবে। বস্তুত যতিদিগের কামচারের ত কথাই নাই। তাঁহারা সমাজভুক্ত নহেন; সুতরাং তাঁহাদিগের কামচারে কোনই দোষ ঘটিতে পারে না। আর যাঁহারা গৃহী, তাঁহারাও যে কিছু কার্য্য করেন, তাহা অনাসক্ত ভাবেই করেন, বলিয়াই তাঁহাদিগের তাদৃশ আচারে কোনই দোষ হইতে পারে না। তবে যাঁহারা প্রতিষ্ঠিত গৃহী, অন্যে যাঁহাদিগের দৃষ্টান্তের অনুসরণ করিবেন, তাঁহাদিগের সম্বন্ধে বিহিত কর্ম্মই বিধেয় হইয়াছে। ঐ বিধেয়ের অনুষ্ঠানও তাঁহাদিগকে লিপ্ত করিতে পারে না; কারণ, তাঁহারাও

গৃহিবিষয়ম্। তথাচ কামচারেঽপি প্রত্যবায়াস্পর্শো বিদ্যা-মহিমেতি ॥ ১৭ ॥

অস্যাঃ শ্রুতের্জৈমিনিমতেনার্থান্তরং দর্শয়তি।

পরামর্শং জৈমিনিরচোদনা চাপবদতি হি ॥ ১৮ ॥

নিয়মাৎ বিহিতকর্ম্মণামেব স্বেচ্ছয়া করণং কামচার ইত্যেব শ্রুত্যর্থঃ। হি যতঃ শ্রুতিরেব বিদুষঃ কর্ম্মপরামর্শং করোতি কর্ম্মত্যাগমপবদতি চ তস্মাদচোদনা বিদ্বান্ কর্ম্মাণি ত্যজেদিতি বিধ্যভাব ইত্যর্থঃ। অয়ং ভাবঃ। কুর্ব্ব-

সক্তা ইতি শ্রীগীতাসু। আদিনা নাচরেদ্‌যস্তু সিদ্ধোঽপি লৌকিকং ধর্ম্মমগ্রতঃ। উপপ্লবাচ্চ ধর্ম্মস্য গ্লানির্ভবতি নারদ। বিবেকজ্ঞৈরতঃ সর্ব্বৈর্লোকাচারো যথাস্থিতঃ আদেহপাতাদ্‌যত্নেন রক্ষণীয়ঃ প্রযত্নত ইতি বাক্যং গ্রাহ্যম্ ॥ ১৭ ॥

অস্যাঃ শ্রুতেরিত্যাদিকং স্ফুটার্থম্।

পরামর্শমিতি। এতদুক্তং ভবতি। ইজ্যস্য বিষ্ণোঃ স্বস্য চ যজমানস্য স্বরূপসম্বন্ধৌ বেদেন বিজ্ঞায় মুমুক্ষুর্জীবংস্তেন বিহিতানি কর্ম্মাণি বিধিতন্ত্রঃ সন্ করোতি বিমুক্তয়ে। তৈর্বিশুদ্ধো লব্ধব্রহ্মানুভবোঽপি যাবদায়ুস্তানি ন ত্যজতীতি কর্ম্মঠস্য জৈমিনেঃ সিদ্ধান্তঃ। তমনুস্মৃত্য বাক্যার্থং যোজয়তি। লব্ধপাণ্ডিত্যাদির্ব্রাহ্মণো বিধিনানুষ্ঠিতৈঃ কর্ম্মভির্বিশুদ্ধো জাতব্রহ্মরতিরপি তানি সর্ব্বাণি স্বেচ্ছয়ানুতিষ্ঠতি ব্রহ্মোপলম্ভকত্বেন তেষু রুচিনির্ভরাৎ যেন স্যাৎ তেনেদৃশ ইতি সামান্যেন কর্ম্মানুষ্ঠানাভ্যনুজ্ঞত্বাৎ। ন তু কিঞ্চিৎ করোতি

আসক্তিশূন্য, অতএব তাঁহারাও নির্দ্দোষই হইতেছেন। এইরূপে জ্ঞানীর কামাচারেও দোষস্পর্শ হইতেছে না। এই প্রত্যবায়াস্পর্শই বিদ্যার মহিমা ॥ ১৭ ॥

জৈমিনির মতানুসারে ঐ শ্রুতির অর্থান্তর প্রদর্শন করিতেছেন ;—

জৈমিনি বলেন, নিয়ম প্রযুক্ত স্বেচ্ছানুসারে বিহিত কর্ম্মের অনুষ্ঠানই কামচার। শ্রুত্যুক্ত কামচার শব্দের অর্থ উহাই। কারণ, শ্রুতি স্বয়ংই জ্ঞানীর কর্ম্মানুষ্ঠানের বিধান এবং উহার অনুষ্ঠানের নিন্দা করিয়াছেন। অতএব 'বিদ্বান ব্যক্তি কর্ম্ম-ত্যাগ করিবেন;' এইটি বিধিবাক্য নহে। "কুর্ব্বন্নেবেহ

ম্মেবেহ কর্ম্মাণীত্যাদিশ্রুত্যা বিদুষাং কর্ম্মবিধানাৎ বীরহা বা ইত্যাদিশ্রুত্যা কর্ম্মত্যাগাপবাদাচ্চ তত্ত্যাগে বিধির্ন সম্ভবেৎ যুগপৎ বিধানত্যাগয়োর্বিরোধাৎ। ন চ ত্যাজকবাক্যানাং নির্বিষয়তা তেষাং পঙ্গ্বাদ্যশক্তবিষয়ত্বেনোপপত্তেঃ। তথাচ বিদুষাং শ্রৌতস্মার্ত্তানি কর্ম্মাণ্যঙ্গীকৃত্যৈব তত্র কেন স্যা-দিত্যাদি কামচারো ন ত্বন্যথেতি জৈমিনির্মন্যতে ইতি॥১৮॥

এবং তস্য বাক্যস্য জৈমিনিমতানুসারেণ সদাচারবিধিত্ব-মুক্ত্বাথ স্বমতে যথেচ্ছকরণানুজ্ঞাং তাবৎ তদর্থং দর্শয়তি।

অনুষ্ঠেয়ং বাদরায়ণঃ সাম্যশ্রুতেঃ ॥ ১৯ ॥

অনুষ্ঠেয়মেব কর্ম্ম যথেচ্ছং কিঞ্চিচ্চরণীয়ং কিঞ্চিচ্চ নেতি ভগবান্ বাদরায়ণো মন্যতে। কুতঃ সাম্যশ্রুতেঃ। কেন স্যাৎ যেন স্যাৎ তেনেদৃশ ইতি শ্রুত্যা কেনাপি প্রকারেণ বৃত্তা-

কিঞ্চিৎ ত্যজতীতি শক্যং বক্তুং কুর্ব্বন্নিতি বাক্যব্যাকোপাৎ বীরহেত্যাদিনা ত্যাগে দোষোক্তেশ্চেতি। ন ত্বন্যথেতি। স্বেচ্ছয়া কিঞ্চিৎ কর্ম্ম কুর্য্যাৎ কিঞ্চিৎ তু নেত্যেবং প্রকারো নেত্যর্থঃ॥ ১৮ ॥

এবমিতি। তস্য তস্মাদ্‌ব্রাহ্মণ ইত্যাদিকস্য।

কর্ম্মাণি” ইত্যাদি শ্রুতিতে বিদ্বানের কর্ম্মের বিধান হইয়াছে, এবং “বীরহা বা” ইত্যাদি শ্রুতিতে তাঁহারই কর্ম্মত্যাগ নিন্দিত হইয়াছে, অতএব তাঁহার কর্ম্ম-ত্যাগে বিধি সম্ভব হয় না। এককালে বিধান ও ত্যাগ বিরুদ্ধ হইয়া পড়ে। ত্যাগবোধক বাক্য সকলও নির্বিষয় হইতেছে না। কারণ, অন্ধ, পঙ্গু প্রভৃতি কর্ম্মে অক্ষম ব্যক্তির পক্ষে কর্ম্মত্যাগের উপদেশ উপপন্নই হইতেছে। বিদ্বান ব্যক্তির শ্রৌত ও স্মার্ত্ত কর্ম্ম অঙ্গীকার পূর্ব্বক ঐ স্থলে যে কামকার শব্দ ব্যবহৃত হই-য়াছে, তাহা ত্যাগার্থে সঙ্গতই হইতে পারে না, জৈমিনি এইরূপ বিচার করেন॥১৮॥

এইরূপে জৈমিনির মতানুসারে উক্ত বাক্যের সদাচারবিধিত্ব বলিয়া পশ্চে স্বমতে যথেচ্ছাকরণে অনুজ্ঞাই ঐ বাক্যের অর্থ, ইহাই বলিতেছেন ;—

বপি জ্ঞানিনঃ সাম্যশ্রবণাদিত্যর্থঃ। জৈমিনিমতেন সর্ব্বচরণপক্ষে সাম্যোক্তিরনুবাদমাত্রং স্যাৎ বিহিতকর্ম্মণাং সর্ব্বেষাং চরণে সাম্যসম্ভবাৎ। কেষাঞ্চিৎ পরিত্যাগেঽপি সাম্যোক্তিরসম্ভব-নিবৃত্ত্যর্থত্বাদুপপদ্যত ইতি। কর্ম্মপরামর্শস্য স্বনিষ্ঠবিষয়ত্বা-দবিজ্ঞমাদায় বীরঘাতশ্রুত্যুপপত্তেশ্চ চোদ্যং পরিহৃতম্। ন চ ত্যাগশ্রুতেরশক্তবিষয়তা তদ্বোধকপদাভাবাৎ ন কর্ম্মণা ন প্রজয়েত্যাদৌ মুক্ত্যসাধনতয়া তত্ত্যাগাবগমাচ্চ ॥ ১৯ ॥

অনুষ্ঠেয়মিতি। সাম্যশ্রবণাদিতি। কিঞ্চিৎ কিঞ্চিৎ কর্ম্ম কুর্ব্বতোঽপি ব্রহ্ম-নিরতস্য সর্ব্বকর্ম্মকর্ত্রা ব্রাহ্মণেন সহ তৌল্যোক্তেরিত্যর্থঃ। অসম্ভবেতি। সাম্যাসম্ভবনিরাসকত্বাদিত্যর্থঃ। কর্ম্মপরামর্শস্য কুর্ব্বন্নেবেহেতিশ্রুতিবিদিতস্য। অবিজ্ঞমাদায়েতি। বীরঘাতশ্রুতেরজ্ঞানাদগ্ন্যুদ্বাসনোদ্যতাহিতাগ্নিদ্বিজবিষয়ত্বা-দিত্যর্থঃ। ন চেতি। অশক্তবিষয়তা পঙ্গ্বাদ্যুপদেশ্যকতা ॥ ১৯ ॥

অনুষ্ঠেয় অর্থাৎ বিহিত কর্ম্মই বিদ্বান ব্যক্তি যথেচ্ছ আচরণ করিবেন, ইহাই বাদরায়ণের অভিপ্রেত। যে সকল কর্ম্ম বিহিত হইয়াছে, বিদ্বান ব্যক্তি তাহারই মধ্যে যাহা ইচ্ছা করিবেন, যাহা ইচ্ছা করিবেন না; ইহাই উক্ত কামকারের তাৎপর্য্য। কারণ, "কেন স্যাৎ যেন স্যাৎ তেনেদৃশ" ইত্যাদি শ্রুতিতে যে কোন প্রকারেই বৃত্তি হউক, জ্ঞানীর সাম্য শ্রুত হইয়া থাকে। জৈমিনির মতে সর্ব্বাচরণ পক্ষে সাম্যোক্তি অনুবাদমাত্রই হইতেছে। কারণ, বিহিত কর্ম্মের আচরণে সকলেরই সাম্য সম্ভব হইতেছে। কিন্তু কিছুকিছুর পরিত্যাগ স্বীকারে অসম্ভাবনা নিবৃত্ত্যর্থত্ব প্রযুক্ত সাম্যোক্তি উপপন্ন হইতেছে। কর্ম্মপরামর্শ স্বনিষ্ঠবিষয়ক এবং বীরঘাতশ্রুতিও অবিজ্ঞ পক্ষেই উপপন্ন হইতেছে, অতএব বিধিপক্ষ পরিহৃতই হইল। উক্ত ত্যাগশ্রুতিকে অশক্তবিষয়িণীও বলা যায় না। কারণ, উহা অশক্তের পক্ষে বোধ করায়, এরূপ বাক্যই বেদে দেখা যায় না। আরও "ন কর্ম্মণা ন প্রজয়া," ইত্যাদি শ্রুতিতে কর্ম্মাদি যাহা কিছু উক্ত হইয়াছে, উহারা মুক্তির অসাধক বলিয়া, উহাদের ত্যাগই বোধিত হইতেছে ॥ ১৯ ॥

বিধির্ব্বা ধারণবৎ ॥ ২০ ॥

কেন স্যাদিত্যাদিকো বিধির্ব্বা জ্ঞানিবিষয়ঃ ধারণবৎ। যথা বেদধারণং ত্রৈবর্ণিকানাং বিধীয়তে এবং কেন স্যাদিতি যথেচ্ছং কর্ম্মাচরণং জ্ঞানিনামেব পরিনিষ্ঠিতানাং বিধীয়তে নান্যেষামিত্যর্থঃ। শৌচমাচমনং স্নানং ন তু চোদনয়াচরেৎ। অন্যাংশ্চ নিয়মান্ জ্ঞানী যথাহং লীলয়েশ্বরঃ ॥ ২০ ॥

উক্তমাক্ষিপ্য সমাদধাতি।

স্তুতিমাত্রমুপাদানাদিতি চেন্নাপূর্ব্বত্বাৎ ॥ ২১ ॥

জ্ঞানিনঃ স্তুতিমাত্রমেবৈতৎ ন তু বিধিঃ। যথা প্রীতিপাত্রং কঞ্চিৎ প্রত্যুচ্যতে যথেষ্টং কুর্ব্বিতি তেন তস্য স্তুতিরেব

বিধির্ব্বেতি। ত্রৈবর্ণিকানামিতি। অষ্টবর্ষং ব্রাহ্মণমুপনয়ীত তমধ্যাপয়েদিত্যাদিশ্রুত্যা তেষাং বেদাধ্যয়নং যথা বিধীয়তে তদ্বদিত্যর্থঃ। শৌচমিতি শ্রীভাগবতে। ব্রহ্মানুভবোত্তরং তেষাং কর্ম্মানুষ্ঠানং লীলারূপমিত্যর্থঃ। ন তু চোদনয়েতি। কিন্তু লোকসংজিঘৃক্ষয়ৈবেত্যর্থঃ ॥ ২০ ॥

স্তুতিমাত্রমিতি। জ্ঞানী যথেচ্ছং কর্ম্ম কুর্য্যাদিতি প্রশংসৈবেয়ং ন তু বিধিঃ। তস্যাপি কুর্ব্বন্নেবেহেতি নিয়মেন কর্ম্মবিধানাদিতি চেন্ন। যথেচ্ছকর্ম্মাচারস্য বাক্যান্তরেণাপ্রাপ্তেরপূর্ব্ববিধিত্বাৎ। বিধিস্ত্রিবিধঃ অপূর্ব্ববিধির্নিয়মবিধিঃ পরিসংখ্যাবিধিশ্চেতি। তদুক্তম্—বিধিরত্যন্তমপ্রাপ্তৌ নিয়মঃ পাক্ষিকে সতি। তত্র চান্যত্র চ প্রাপ্তৌ পরিসংখ্যেতি গীয়ত ইতি। মানান্তরেণাত্যন্তাপ্রাপ্তস্য

ত্রৈবর্ণিকের যেরূপ বেদধারণের বিধি দেখা যায়; তদ্রূপ "কেন স্যাৎ" ইত্যাদি শ্রুত্যুক্ত বিধি পরিনিষ্ঠিত জ্ঞানীদিগের পক্ষেই বুঝিতে হইবে। উহা অন্যের পক্ষে, অর্থাৎ অশক্তের পক্ষে নহে। স্মৃতিতেও বলিয়াছেন, 'জ্ঞানী ব্যক্তি শৌচ, আচমন, ও স্নান প্রভৃতি কর্ম্ম সকল বিধির অনুগত হইয়া আচরণ করেন না। তাঁহার ঐ সকল কর্ম্ম ঈশ্বরের ন্যায় লীলা অর্থাৎ ইচ্ছাপূর্ব্বকই হইয়া থাকে' ॥ ২০ ॥

পুনর্ব্বার আক্ষেপ করিয়া তাহার সমাধান করিতেছেন ;—

স্যাৎ ন তু যথেষ্টকৃতিবিধানং তথৈতদপি জ্ঞানিনোঽপি কর্ম্মবিধিস্বীকারাদিতি চেন্ন। কুতঃ অপূর্ব্বত্বাৎ। ব্রহ্মানুভবিনি যথেষ্টং কর্ম্মাচারস্য অপূর্ব্ববিধিত্বাৎ ন স্তুতিমাত্রং তদিত্যর্থঃ ॥ ২১ ॥

ভাবশব্দাচ্চ ॥ ২২ ॥

মুণ্ডকে প্রাণো হ্যেষ সর্ব্বভূতৈর্বিভাতি বিজানন্ বিদ্বান্ ভবতে নাতিবাদী। আত্মক্রীড় আত্মরতিঃ ক্রিয়াবানেষ ব্রহ্মবিদাং বরিষ্ঠ ইতি ভাববাচকশব্দোপেতাৎ বাক্যাদিত্যর্থঃ।

বিধিরপূর্ব্ববিধিঃ। যথাহরহঃ সন্ধ্যামুপাসীত ইতি জ্যোতিষ্টোমেন যজেত স্বর্গকাম ইতি চ। অত্র সন্ধ্যাদেঃ শাস্ত্রতো রাগতঃ ন্যায়তো বা কচিদপ্যপ্রাপ্তেঃ। জ্যোতিষ্টোমযাজকস্য স্বর্গার্থত্বমনেনৈব বিধিনা জ্ঞাতং ন মানান্তরেণ। পক্ষে অপ্রাপ্তস্য বিধির্নিয়মবিধিঃ। যথা ঋতৌ ভার্য্যামুপেয়াৎ ইতি ব্রীহীনবহন্তীতি চ। ইহ বিধেয়স্য ভার্য্যাভিগমনস্য রাগতঃ প্রাপ্তাবপি রাগাভাবাৎ পক্ষতোঽপ্রাপ্তে নিয়মবিধিঃ। এবং বিতুষীভাবস্য নখবিদলনেনাপি সিদ্ধেঃ পক্ষেঽপ্রাপ্তোঽপঘাতোঽনেন বিধীয়তে। অপ্রাপ্তাংশপূরণাত্মকো নিয়মোঽত্র বাক্যার্থঃ। বিধেয়তৎপ্রতিপক্ষয়োরুভয়োঃ সহ প্রাপ্তাবন্যনিবৃত্তিপরো বিধিঃ পরিসংখ্যাবিধিঃ। যথা পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যা ইতি। ন চেদং ভক্ষণপরং তস্য রাগতঃ প্রাপ্তেঃ। ন চ নিয়মপরং পঞ্চনখাপঞ্চনখভক্ষণস্য যুগপৎ প্রাপ্তেঃ পক্ষপ্রাপ্ত্যভাবাৎ। কিন্ত্বপঞ্চনখভক্ষণনিবৃত্তিপরমেবেতি ভবতি পরিসংখ্যাবিধিরিতি ॥ ২১ ॥

উক্ত বাক্য জ্ঞানীদিগের স্তুতিমাত্র, বিধি নহে। যেরূপ প্রীতিপাত্রকে 'যাহা ইচ্ছা তাহাই কর,' এইরূপ বলিলে, তাহার স্তুতিমাত্রই করা হয়, কিন্তু যথেচ্ছাচারে অনুজ্ঞা করা হয় না, তদ্রূপ কর্ম্মবিধিস্বীকার হেতু উক্ত কামচারোক্তি দ্বারা জ্ঞানীর পক্ষে স্তুতিমাত্রই প্রকাশ করা হয়, বিধান করা হয় না, এরূপও বলা যায় না; কারণ, ব্রহ্মানুভবী জ্ঞানীর পক্ষে উক্ত কামচার অপূর্ব্ববিধি; স্তুতিমাত্র নহে ॥ ২১ ॥

ভাবো রতিঃ প্রেমা চেতি পর্য্যায়শব্দাঃ। অয়ং ভাবঃ। ব্রহ্মরতস্য পরিনিষ্ঠিতস্য তৎসময়ালাভাৎ লোকসংগ্রহায়ৈব কথঞ্চিৎ কিঞ্চিৎ কর্ম্মানুষ্ঠানমিতি স্বতন্ত্রা ব্রহ্মবিদ্যা॥ ২২॥

অথ প্রকারান্তরেণাশঙ্ক্য সমাধত্তে।

পারিপ্লবার্থা ইতি চেন্ন বিশেষিতত্বাৎ॥ ২৩॥

বৃহদারণ্যকাদিষ্বথ হ যাজ্ঞবল্ক্যস্য দ্বে ভার্য্যে বভূবতুর্মৈত্রেয়ী চ কাত্যায়নী চেতি। ভৃগুর্বৈ বারুণির্বরুণং পিতরমুপসসার অধীহি ভগবো ব্রহ্মেতি। প্রতর্দ্দনো হ বৈ দৈবোদাসিরিন্দ্রস্য প্রিয়ং ধামোপজগামেতি জানশ্রুতির্হ পৌত্রায়ণঃ শ্রদ্ধাদেয়ো বহুদায়ী বহুপাক্য আসেতি চৈবমাদিভিরুপাখ্যানৈঃ শ্রুতিভির্ব্রহ্মবিদ্যা নিরূপ্যতে। তাশ্চ পারিপ্লবার্থা

ভাবশব্দাদিতি। প্রাণো হীতি। প্রাণো হরিঃ সর্ব্বভূতৈঃ সহ বিভাতি। সর্ব্বাধিষ্ঠানঃ স ইত্যর্থঃ। এবং বিজানন্ বিদ্বান্নাতিবাদী ভূতোদ্বেজকো ন ভবেদিতি পরনিন্দাবিদ্বেষয়োরভাবেন সমাদিমানিত্যর্থঃ। আত্মক্রীড়স্তৎপরিকরৈঃ সহ তৎক্রীড়াসাধকঃ। আত্মরতিস্তদ্গুণনিমগ্নমনাঃ। ক্রিয়াবান্ গৌণকালে নিত্যকর্ম্মানুষ্ঠায়ী॥ ২২॥

অথেত্যাদিকং বিস্ফুটার্থম্।

পারিপ্লবার্থা ইতি। তাশ্চেতি। অত্রাপি পূর্ব্বেব সঙ্গতির্বোধ্যা। স্বপ্রভাবেন নিখিলপ্রত্যবায়বিনাশিত্বাৎ স্বতন্ত্রা ব্রহ্মবিদ্যেতি পূর্ব্বমুক্তম্। তন্ন যুজ্যতে।

মুণ্ডকোপনিষদে "প্রাণো হ্যেষ সর্ব্বভূতৈর্বিভাতি বিজানন্ বিদ্বান্ ভবতে নাতিবাদী, আত্মক্রীড় আত্মরতিঃ ক্রিয়াবান্," ইত্যাদি বাক্যে ভাববাচক রতি প্রভৃতি শব্দ সকল দেখা যায়। ভাব, রতি, প্রেম প্রভৃতি শব্দ সকল একপর্য্যায়। তাৎপর্য্য এই যে,—ব্রহ্মরত পরিনিষ্ঠিত জ্ঞানীদিগের যাবতীয় কর্ম্মানুষ্ঠানের অবসরের অভাব প্রযুক্ত লোকসংগ্রহের জন্য কিঞ্চিৎ কর্ম্মের অনুষ্ঠানই উক্ত হইয়াছে। অতএব ব্রহ্মবিদ্যা স্বতন্ত্রই॥ ২২॥

অনন্তর প্রকারান্তরে আশঙ্কা করিয়া উহার সমাধান করিতেছেন;—

উত ব্রহ্মবিদ্যাপ্রতিপত্ত্যর্থা ইতি বীক্ষায়াং পারিপ্লবার্থা ইতি বিজ্ঞায়তে সর্ব্বাণ্যাখ্যানানি পারিপ্লবে শংসন্তীতি শ্রবণাৎ। শংসনে চ শব্দমাত্রস্য প্রাধান্যেনার্থজ্ঞানস্য অতথাত্বাদাখ্যান-প্রতিপন্না ব্রহ্মবিদ্যা মন্ত্রার্থবাদার্থবদপ্রযোজিকৈবেতি কর্ম্ম-শেষতা তস্যা নাখ্যাতুং শক্যাতঃ প্রধানতা তু সুদূরোৎসারিতা ধর্ম্মিণ এবাসিদ্ধেরিতি চেন্ন। কুতঃ বিশেষিতত্বাৎ। পারিপ্লব-মাচক্ষীতেতি প্রকৃত্য তত্র প্রথমেঽহনি মনুর্বৈবস্বতো রাজেতি

আখ্যানপ্রতিপন্নায়াস্তস্যাঃ পারিপ্লবার্থায়াঃ কর্ম্মাঙ্গত্বাযোগেন স্বাতন্ত্র্যবার্ত্তায়াঃ সুদূরাপাস্তত্বাদিত্যাক্ষিপ্য তত্র সমাধানাৎ। পূর্ব্বপক্ষে পুমর্থহেতুত্বাসিদ্ধিঃ ফলং সিদ্ধান্তে তু তৎসিদ্ধিরিতি বোধ্যম্। পারিপ্লবার্থা ইতি। অশ্বমেধে পুত্রাদিপরিবৃতায় যজমানায় রাজ্ঞে নানাবিধকথাকথনং পারিপ্লবশব্দেনাভি-ধীয়তে। তদর্থা এব বেদান্তকথা অপীতি পূর্ব্বপক্ষাভিপ্রায়ঃ। অতথাত্বাদিতি অপ্রাধান্যাদিত্যর্থঃ। অপ্রযোজিকা প্রয়োজনসাধিকা নেত্যর্থঃ। তস্যা ব্রহ্ম-বিদ্যায়াঃ। ধর্ম্মিণ এবাসিদ্ধেরিতি। মন্ত্রার্থবাদভাগবদ্বেদান্তোপাখ্যানানামপি নৈরর্থক্যেন তদর্থভূতায়া বিদ্যায়াঃ স্বরূপানিষ্পত্তেরিত্যর্থঃ। সমাধত্তে বিশেষিত-ত্বাদিতি। পারিপ্লবমাচক্ষীতেত্যুপক্রম্য মনুর্বৈবস্বতো রাজেত্যাদিবাক্যশেষে

বৃহদারণ্যকাদি উপনিষৎসমূহে "অথ হ যাজ্ঞবল্ক্যস্য দ্বে ভার্য্যে," ইত্যাদি শ্রুতিবাক্যে যে সকল উপাখ্যান বর্ণিত হইয়াছে, তদ্দ্বারা ব্রহ্মবিদ্যাই নিরূপিত হইয়াছে। ঐ সকল শ্রুতি পারিপ্লবার্থ, অর্থাৎ অস্থিরার্থ, অথবা ব্রহ্মবিদ্যাপ্রতি-পত্ত্যর্থ? সকল উপাখ্যানই অস্থির অর্থ, অর্থাৎ সংশয় প্রকাশ করে, এইরূপ উক্তি হেতু উহাদিগকে পারিপ্লবার্থই বলা যায়। সংশনে শব্দমাত্রেরই প্রাধান্য হেতু এবং অর্থজ্ঞানের শব্দমাত্রের প্রাধান্যের অন্যথাত্ব হেতু আখ্যানপ্রতিপন্ন ব্রহ্মবিদ্যা মন্ত্রার্থবাদপ্রযোজিকা ও অর্থবাদপ্রযোজিকামাত্র। অতএব ব্রহ্ম-বিদ্যার কর্ম্মশেষত্ব প্রত্যাখ্যান করিতে পারা যায় না। সুতরাং উহার প্রাধান্য সুদূরোৎসারিত। কারণ, ধর্ম্মীরই সিদ্ধি হইতেছে। এইরূপ পূর্ব্বপক্ষ অসঙ্গত। যেহেতু বেদে, 'পারিপ্লবার্থ নির্দ্দেশ কর,' এই প্রশ্নে, প্রকরণ আরম্ভ করিয়া,

দ্বিতীয়েঽহনীন্দ্রো বৈবস্বতো রাজেতি তৃতীয়েঽহনি যমো বৈবস্বতো রাজেত্যাখ্যানবিশেষাস্তত্র তত্র বিনিযুজ্যন্তে। তত্রাখ্যানসামান্যগ্রহে দিবসবিশেষে আখ্যানবিশেষবিধিরনর্থকঃ স্যাৎ। ততশ্চ সর্ব্বাণীতি তৎপ্রকরণপঠিতান্যেব জ্ঞেয়ানি। তস্মাৎ বেদান্তাখ্যানানি পারিপ্লবপ্রয়োগার্থানি নেত্যর্থঃ॥ ২৩॥

তথাচৈকবাক্যতোপবন্ধাৎ॥ ২৪॥

তথাচ বেদান্তোপাখ্যানানামসতি পারিপ্লবার্থত্বে সন্নিহিতবিদ্যাপ্রতিপত্ত্যুপযোগিত্বমেব ন্যায্যম্‌। কুতঃ একেতি। আত্মা বা অরে দ্রষ্টব্য ইত্যাদিসন্নিহিতবিদ্যাভিরেকবাক্যতয়োপবন্ধাৎ। যথা সোঽরোদীদিত্যাদ্যুপাখ্যানানাং সন্নিহিতকর্ম্মবিধেঃ স্তুত্যর্থতা ন তু পারিপ্লবার্থতা তথৈতেষাং সন্নি-

---

কাসাঞ্চিদেব কথানাং পারিপ্লবশব্দেন বিশেষিতত্বাৎ ন বেদান্তকথানাং তচ্ছেষত্বমিত্যর্থঃ। কিঞ্চাখ্যানবিলক্ষণা অপি কেনৈতরেয়কাদয়ো বেদান্তাঃ সন্তি তেষাং তচ্ছেষত্বশঙ্কাপি ন শক্যা কর্ত্তুমতো বিদ্যাপ্রতিপত্ত্যর্থা এব সর্ব্বে তে ইতি॥ ২৩॥

প্রথম দিবসে বৈবস্বত মনু রাজা, দ্বিতীয় দিবসে ইন্দ্র রাজা, তৃতীয় দিবসে যম রাজা, এইরূপ বিশেষ বিশেষ আখ্যান উক্ত হইয়াছে। ঐ স্থলে সামান্যত সকল আখ্যানকে গ্রহণ করিলে, দিবসবিশেষে আখ্যানবিশেষের বিধি অনর্থক হয়। সুতরাং 'সর্ব্ব' শব্দ একপ্রকরণপঠিত উপাখ্যানপর জানিতে হইবে। অতএব সমস্ত বেদান্তাখ্যান অস্থিরার্থ নহে॥ ২৩॥

এইরূপে বেদান্তোপাখ্যান সকল যদি অস্থিরার্থ না হইল, তবে সন্নিহিত বিদ্যা সকলের সহিত একবাক্যরূপে উপনিবদ্ধ বলিয়া, উহাদিগকে ঐসকল বিদ্যার প্রতিপত্তির উপযোগী বলাই যুক্তিযুক্ত হইতেছে। যেরূপ 'তিনি ক্রন্দন করিলেন,' ইত্যাদি উপাখ্যান সকল সন্নিহিত কর্ম্মবিধির স্তুতির নিমিত্তই উক্ত

হিতবিদ্যাস্তুত্যর্থতা স্যাৎ। অয়ং ভাবঃ। স্বতন্ত্রৈব পুমর্থ-হেতুর্বিদ্যা যদস্যাং মহান্তোঽপি মহতা প্রয়াসেন প্রবর্ত্তন্ত ইতি প্ররোচনোপযোগাৎ প্রজ্ঞাসৌকার্য্যোপযোগাচ্চোপাখ্যানরীত্যা বিদ্যোপদেশঃ। তেন চাচার্য্যবান্ পুরুষো বেদেতি শ্রুত্যনুগ্রহশ্চ। তথা চ স্বতন্ত্রা সেতি ॥ ২৪ ॥

অতএব চাগ্নীন্ধনাদ্যনপেক্ষা ॥ ২৫ ॥

অতো বিদ্যাস্বাতন্ত্র্যপ্রতিপাদনাদেব হেতোস্তস্যাঃ স্বফলে প্রকাশ্যেঽগ্নীন্ধনাদীনাং যজ্ঞাদিকর্ম্মণাং নাস্ত্যপেক্ষেতি জ্ঞান-কর্ম্মসমুচ্চয়ব্যুদাসঃ ॥ ২৫ ॥

ইত্থং বিদ্যাসামর্থ্যাদ্যভিধায় তদধিকারিণং লক্ষয়িতুমারভতে। তমেতং বেদানুবচনেনেত্যাদি। তস্মাদেবংবিচ্ছান্তো

পূর্ব্বোক্তরীত্যা বেদান্তোপাখ্যানানাং পারিপ্লবপ্রয়োগার্থত্বপরিহারাৎ তৎ-সন্নিহিতবিদ্যাপ্রতিপত্ত্যুপযোগস্তেষাং ভবতীত্যাহ তথাচেতি। স্ফুটার্থো গ্রন্থঃ ॥২৪॥

জ্ঞানকর্ম্মসমুচ্চয়ভ্রান্তিমপনয়ন্নাহ অতএবেতি। অত্রাগ্নীন্ধনশব্দেন তৎ-সাধ্যান্যগ্নিহোত্রাদীনি কর্ম্মাণি লক্ষ্যন্ত ইতি ব্যাখ্যাতারঃ ॥ ২৫ ॥

ইত্থমিত্যাদি। স্বফলপ্রকাশনে কর্ম্মাণি বিদ্যা নাপেক্ষতে ইত্যুক্তং প্রাক্। স্বোৎপত্তাবপি তানি সা নাপেক্ষতাং স্বরূপশক্তিবৃত্তেস্তস্যাঃ স্বপ্রকাশত্বাদিতি

হইয়াছে, তদ্রূপ এই সকল উপাখ্যানও সন্নিহিত বিদ্যার স্তুতিই প্রকাশ করিতেছে। পুরুষার্থের হেতুভূত বিদ্যা স্বতন্ত্র। মহৎ ব্যক্তি সকলও প্রভূত প্রয়াস সহকারে উহাতে প্রবৃত্ত হইতেছেন। প্ররোচনের ও প্রজ্ঞাসৌকর্য্যের উপযোগ হেতু, বিদ্যা সকল উপাখ্যানের রীতি অনুসারেই উপদিষ্ট হইয়াছে। এই নিমিত্ত 'গুরুসেবাপরায়ণ পুরুষই ব্রহ্মজ্ঞান লাভ করেন,' ইত্যাদি গুরু-শিষ্যের আখ্যায়িকা দ্বারা ব্রহ্মের উপদেশ করা হইয়াছে ॥ ২৪ ॥

বিদ্যার স্বাতন্ত্র্য প্রতিপাদন হেতু উহার ফল সম্বন্ধে যজ্ঞাদি কর্ম্মের অপেক্ষা হয় না। এতদ্দ্বারা জ্ঞানকর্ম্মের সমুচ্চয়ও নিরস্ত হইল ॥ ২৫ ॥

দান্ত উপরতস্তিতিক্ষুঃ শ্রদ্ধাবিত্তো ভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যে-দিতি চ শ্রূয়তে বৃহদারণ্যকে। অত্র যজ্ঞাদি শমাদি চ বিদ্যাঙ্গ-তয়া প্রতীয়তে। তদুভয়মাবশ্যকং ন বেতি সংশয়ে আচার্য্য-বান্ পুরুষো বেদেত্যাদিষু গুরূপসত্ত্যৈব তদুৎপত্তিপ্রত্যয়া-ন্নেতি প্রাপ্তে—

সর্ব্বাপেক্ষা চ যজ্ঞাদিশ্রুতিরশ্ববৎ ॥ ২৬ ॥

স্বফলপ্রকাশে নিরপেক্ষাপি বিদ্যা স্বোৎপত্তৌ সর্ব্বাপেক্ষা সর্ব্বান্ যজ্ঞাদিধর্ম্মানপেক্ষত ইত্যর্থঃ। কুতঃ যজ্ঞেতি।

দৃষ্টান্তোঽত্র সঙ্গতিঃ। বিদ্যার্থং যজ্ঞাদি নানুষ্ঠেয়মিতি পূর্ব্বপক্ষে ফলং সিদ্ধান্তে ত্ববশ্যং তদনুষ্ঠেয়মিতি বোধ্যম্। তস্মাদিতি। যস্মাৎ পরমাত্মানং বিদিত্বা পাপেন কর্ম্মণা ন লিপ্যতে তস্মাদেবংবিজ্জনঃ শ্রদ্ধাবিত্তঃ শান্তাদিশ্চ সন্ আত্মনি চিত্তে তমাত্মানং পশ্যেৎ ধ্যায়েদিত্যর্থঃ। শ্রদ্ধাবিত্তঃ সুদৃঢ়শাস্ত্রবিশ্বাসঃ। মুখ্যং লক্ষণমেতৎ। শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানমিতি স্মরণাৎ। শান্তো দান্ত ইতি। নির্জ্জিতবহিরন্তঃকরণঃ শান্তো হরিনিষ্ঠবুদ্ধিকঃ দান্তঃ নির্জিতদ্বিবিধকরণ ইত্য-পরে। উপরতো নিবৃত্তবিষয়রাগঃ। আত্মন্যেবেত্যেবকারো মানস্যাঃ প্রাধান্যং সূচয়তি। গুরূপসত্ত্যা গুরুসেবয়ৈব তদুৎপত্তিপ্রত্যয়াৎ বিদ্যাধিগমাৎ।

এইরূপে বিদ্যার সামর্থ্যাদি বলিয়া তদধিকারীর লক্ষণ আরম্ভ করিতেছেন। বৃহদারণ্যক উপনিষদে, 'ব্রহ্মজ্ঞ ব্যক্তি সকল বেদানুবচন দ্বারা সেই ব্রহ্মকে জানিতে ইচ্ছা করেন,' ইত্যাদি, এবং 'শান্ত, দান্ত, উপরত, তিতিক্ষু পুরুষ সমাহিত হইয়া আত্মাতেই আত্মাকে দর্শন করেন,' ইত্যাদি শ্রবণ করা যায়। এস্থলে যজ্ঞাদি ও শমাদি বিদ্যার অঙ্গরূপে প্রতীত হয়। যজ্ঞাদি ও শমাদি উভয়ই আবশ্যক হয় কি না? এইরূপ সংশয়ে, "আচার্য্যবান্ পুরুষো বেদ" ইত্যাদি শ্রুতিবাক্য অনুসারে গুরূপসত্তি দ্বারাই বিদ্যার উৎপত্তি দর্শনে, তদু-ভয়ের প্রয়োজন নাই, এইপ্রকার পূর্ব্বপক্ষ স্থির হইলে, তদুত্তরে বলিতেছেন;—

বিদ্যা, ফলদানে নিরপেক্ষ হইলেও নিজের উৎপত্তিবিষয়ে যজ্ঞ প্রভৃতি সকল ধর্ম্মেরই অপেক্ষা করিয়া থাকেন। কারণ, "তমেতং বেদানুবচনেন"

তমেতমিত্যাদৌ তস্মাদেবমিত্যাদৌ চ বিদ্যার্থং যজ্ঞাদেঃ শমাদেশ্চ শ্রবণাদিত্যর্থঃ। তত্র দৃষ্টান্তোঽশ্বেতি। যথা গতিনিষ্পত্তয়ে অশ্বোঽপেক্ষ্যতে ন তু নিষ্পন্নগতেগ্র্ামাদিপ্রাপ্তৌ তদ্বৎ॥ ২৬॥

সর্ব্বাপেক্ষেতি। স্বফলপ্রকাশে মোক্ষোপলম্ভনে। নিষ্পন্নগতের্জ্জনস্য। যত্তু বিবিদিষন্তীতিবর্ত্তমানোপদেশাৎ যজ্ঞাদীনাং বিদ্যাঙ্গতায়াং ন বিধিরিতি বদন্তি তন্ন তেষাং বিদ্যাসংযোগস্যাপূর্ব্বত্বেন বিধেঃ কল্পনীয়ত্বাৎ। ইদমত্র বোধ্যম্। যদ্যপি সর্ব্বাণি বেদবিহিতানি কর্ম্মাণ্যুক্তভত্তৎফলস্পৃহাং বিহায়ানুষ্ঠিতানি তত্ত্বজ্ঞানং জনয়ন্তীত্যস্মিন্নধিকরণে প্রতীতং তথাপ্যেবং বিবেচনীয়ম্। অগ্নিহোত্রদর্শপৌর্ণমাসচাতুর্মাস্যান্যপশুকানি কর্ম্মাণি সনিষ্ঠৈর্বিদ্যোৎপত্তেঃ প্রাগুত্তরঞ্চানুষ্ঠেয়ানি তাৎপর্য্যেণ ন তু জ্যোতিষ্টোমাদীনি সপশুকানি। পরিনিষ্ঠিতৈস্তু ভক্তিপ্রধানৈরপশুকানি তানি ভক্ত্যবিরোধিতয়ানুষ্ঠেয়ানি নিখিললোকসংজিঘৃক্ষয়া। নিরপেক্ষাণাং তু ভক্ত্যেকনিরতানাং নৈরাশ্রম্যাদগ্নিহোত্রাদীনি নোৎপদ্যন্তে। ন চ তৈঃ কিঞ্চিৎ তৎফলং তৎফলস্য হৃদ্বিশুদ্ধের্জ্জনস্য চ ভক্ত্যৈব সিদ্ধেঃ। তস্মাদ্ধিংসাশূন্যানি কর্ম্মাণি সাশ্রমৈরনুষ্ঠেয়ানি। নিরাশ্রমৈস্তু প্রণতিতত্ত্ববিমর্শরূপাণি কর্ম্মাণীতি মন্তব্যম্। অস্যার্থস্য হিংসাকর্ম্মনিন্দাপূর্ব্বকং মোক্ষধর্ম্মে পুনঃ পুনরুক্তেঃ। তথাহি পিতাপুত্রসংবাদে পুত্রবাক্যম্। সোঽহং হ্যহিংস্রঃ সত্যার্থী কামক্রোধবহিস্কৃতঃ। সমদুঃখসুখঃ ক্ষেমী মৃত্যুং হাস্যাম্যমর্ত্ত্যবৎ। শান্তিযজ্ঞরতো দান্তো ব্রহ্মযজ্ঞে স্থিতো মুনিঃ। বাঙ্‌মনঃকর্ম্মযজ্ঞশ্চ ভবিষ্যাম্যুদগায়নে। পশুযজ্ঞৈঃ কথং হিংস্রৈর্মাদৃশো যষ্টুমর্হতি। অন্তবন্তিরিব প্রাজ্ঞঃ ক্ষেত্রযজ্ঞৈঃ পিশাচবৎ ইতি। তত্রৈব তদুত্তরত্র কপিলস্যুমরশ্মিসংবাদে কপিলবাক্যঞ্চৈবমেব। দর্শঞ্চ পৌর্ণমাসঞ্চ অগ্নিহোত্রঞ্চ ধীমতাম্। চাতুর্মাস্যানি

ইত্যাদি শ্রুতিতে বিদ্যোৎপত্তি বিষয়ে যজ্ঞাদি ও শমদমাদির শ্রবণ হয়। গমনে যেরূপ অশ্ব প্রভৃতির অপেক্ষা দেখা যায়, বিদ্যার নিষ্পত্তিতেও তদ্রূপ উহাদের অপেক্ষা দৃষ্ট হইয়া থাকে। গ্রামাদির প্রাপ্তিতে নিষ্পন্নগতি ব্যক্তির উক্ত অপেক্ষা থাকে না॥ ২৬॥

নন্বু যজ্ঞাদিনৈব বিদ্যাদিসিদ্ধৌ শমাদিনা কিমিতি চেৎ তত্রাহ—

চৈবাসংস্তেষু যজ্ঞঃ সনাতনঃ। অনারম্ভাঃ সুধৃতয়ঃ শুচয়ো ব্রহ্মসংজ্ঞিতাঃ। ব্রহ্মণৈব স্মৈতে দেবাংস্তর্পয়ন্ত্যমৃতৈষিণ ইতি। ধীমতাং সাশ্রমাণাং জিজ্ঞাসূনাম্। অনারম্ভা নিরাশ্রমাঃ। ব্রহ্মণৈব ভগবৎস্বরূপগুণনিরূপকেণোপনিষদ্বচসা তদ্‌বিমর্শেনেত্যর্থঃ। তদ্বত্তরত্র জাজলিতুলাধারসংবাদে চৈবমেব তুলাধারবাক্যম্। যদেব সুকৃতং হব্যং তেন তুষ্যন্তি দেবতাঃ। নমস্কারেণ হবিষা স্বাধ্যায়ৈরৌষধৈস্তথেতি। ঔষধৈর্ব্রীহিযবাদিভির্হবিষা যাগঃ সাশ্রমাণাম্। নমস্কারেণ স্বাধ্যায়ৈশ্চ হবিষা যাগো নিরপেক্ষাণাং নিরাশ্রমাণামিত্যর্থঃ। যত্তু ক্বচিদ্বিধুরাগ্নিহোত্রং শ্রূয়তে তৎ খলু গৃহাশ্রমারম্ভাসমর্থানাং সকামানামেবেতি বোধ্যম্। তদ্বত্তরত্র চ বিচক্ষ্ণা রাজ্ঞাপ্যেবমেবোক্তম্। সর্ব্বকর্ম্মস্বহিংসা হি ধর্ম্মাত্মা মনুরব্রবীৎ। কামদ্বারা বিহিংসন্তি বহির্বেদ্যাং পশূন্ নরা ইতি। মনুবাক্যঞ্চেদম্। জ্ঞানেনৈবাপরে বিপ্রা যজন্তে তৈর্মহামখৈঃ। জ্ঞানভূষাং ক্রিয়ামেষাং পশ্যতাং জ্ঞানচক্ষুষেতি। তথাচ সকামানাং হিংসা যজ্ঞঃ। নিষ্কামাণাং মুমুক্ষূণামহিংসা যজ্ঞঃ। তেষু নিরাশ্রমাণাং হর্য্যেকনিরতানাং নমস্কারো বেদান্তবিমর্শশ্চ যজ্ঞ ইতি মোক্ষধর্ম্মে নিষ্কর্ষঃ স্পষ্টঃ। নন্বেবং যুদ্ধযজ্ঞরূপাণি হিংসাবন্তি কর্ম্মাণি মুমুক্ষুং পার্থং প্রতি কথমুপদিষ্টানীতি চেৎ তানি গৌণানীতি গৃহাণ। অগ্নিহোত্রাদীনি চত্বারি হিংসাশূন্যানি শান্তিমিশ্রাণি ত্বরয়ৈব জ্ঞানগর্ভাং হৃদ্বিশুদ্ধিং কুর্ব্বন্তীতি তানি মুখ্যানি। যুদ্ধযজ্ঞরূপাণি তু হিংসাদিবিক্ষেপময়ানি তাং শক্নুবন্তি কর্ত্তুং কিন্তু রাজধর্ম্মাধিকৃতানামপি প্রবৃত্তিশীলানাং তাং প্রবৃত্তিং সঙ্কোচয়িতুমুপদিষ্টানি। সঙ্কুচিতায়াং স্বতিপ্রবৃত্তৌ শান্তিপূর্ব্বিকা সা হৃদ্বিশুদ্ধিঃ স্যাদিতি গৌণানীত্যেবমেব ভাবিতং গীতাবিভূষণে॥ ২৬॥

শমাদেরন্তরঙ্গসাধনত্বং বক্তুং প্রবর্ত্ততে নন্বিত্যাদিনা। তত্র যজ্ঞাদীতি। বিবিদিষাসন্নিধানাৎ যজ্ঞাদীনাং বহিরঙ্গতা বিদ্যাসন্নিধানাৎ শমাদীনামন্তরঙ্গতেত্যাশয়ঃ।

যজ্ঞাদি দ্বারাই যদি বিদ্যার সিদ্ধি হইল, শমদমাদির আর প্রয়োজন কি? এইরূপ পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন ;—

শমদমাদ্যুপেতস্তু স্যাৎ তথাপি তু তদ্বিধেস্তদঙ্গতয়া তেষামবশ্যানুষ্ঠেয়ত্বাৎ ॥ ২৭ ॥

তুদ্বয়ং নিশ্চয়শঙ্কাচ্ছেদয়োঃ। যদ্যপি যজ্ঞাদিনা বিশুদ্ধস্য বিদ্যা স্যাৎ তথাপি বিদ্যার্থী শমাদিভিরুপেত এব স্যাৎ। কুতঃ তদঙ্গতয়া তদ্বিধেঃ। তস্মাদেবংবিদিত্যাদিনা বিদ্যাঙ্গতয়া শমাদীনাং বিধানাৎ বিহিতানাং তেষামবশ্যমনুষ্ঠেয়ত্বাচ্চ। তথাচ বাক্যদ্বয়স্থত্বাদুভয়ং কার্য্যম্। তত্র যজ্ঞাদি বহিরঙ্গং শমাদি ত্বন্তরঙ্গমিতি বিবেচনীয়ম্। আদিপদাৎ প্রাগুক্তং সত্যাদি চেত্যধিকারিলক্ষণং দর্শিতম্ ॥ ২৭ ॥

অথ বিদুষাং নিষিদ্ধাচারং নিবারয়তি। যদি হ বা অপ্যেবংবিন্নিখিলং ভক্ষয়ীতৈবমেব স ভবতীতি শ্রূয়তে। অত্র

শমদমাদীতি। প্রাগুক্তমিতি। জিজ্ঞাসাধিকরণভাষ্যে মুণ্ডকশ্রুত্যা মনুস্মৃত্যা চ দর্শিতং সত্যতপোজপাদি চ বিদ্যাঙ্গমিত্যর্থঃ। ষট্‌প্রশ্নীদৃষ্টং তপঃপ্রভৃতি চ গ্রাহ্যম্। তপসা ব্রহ্মচর্য্যেণ শ্রদ্ধয়া বিদ্যয়াত্মানমন্বিষ্যেদিতি সুবালোপনিষৎপঠিতঞ্চ সত্যাদিষট্‌কং গ্রাহ্যম্। তদ্বৈ সত্যেন দানেন তপসা ব্রহ্মচর্য্যেণ নির্বেদেনানাশকেন ষড়ঙ্গেনৈব সাধয়েদেতদ্‌ব্রতং বীক্ষেত দমং দানং দয়ামিতি এমৃক্তাদঙ্গদেব সংখ্যেয়ম্ ॥ ২৭ ॥

যজ্ঞাদি দ্বারা বিশুদ্ধ ব্যক্তির বিদ্যা সম্ভব হইলেও শমদমাদির প্রয়োজন আছে। কারণ, শমদমাদিও বিদ্যার অঙ্গ। বিদ্যার্থী ব্যক্তি শমদমাদিসম্পন্ন হইয়াই বিদ্যার্জ্জনে চেষ্টিত হইবেন। "তস্মাদেবংবিৎ" ইত্যাদি শ্রুতি দ্বারা শমদমাদিকে বিদ্যার অঙ্গ বলিয়া বিধান করিয়াছেন। শমদমাদি বিহিত বলিয়াই অবশ্য অনুষ্ঠেয় হইতেছে। দুইটি স্বতন্ত্র বাক্যে স্থিত বলিয়া তদুভয়ই অনুষ্ঠেয় হইয়াছে। উক্ত উভয় সাধনের মধ্যে যজ্ঞাদি বহিরঙ্গ সাধন, এবং শমাদি অন্তরঙ্গ সাধন, ইহাই বুঝিতে হইবে। আদি শব্দ দ্বারা সত্যাদিও উক্ত হইয়াছে। এইরূপে অধিকারীর লক্ষণ দর্শিত হইল ॥ ২৭ ॥

সন্দেহঃ। বিদুষঃ সর্ব্বান্নভুক্তৌ বিধিরুতাভ্যনুজ্ঞেতি। সর্ব্বান্নভুক্তের্মানান্তরেণাপ্রাপ্তের্বিদুষোঽসৌ বিধীয়ত ইতি প্রাপ্তে—

সর্ব্বান্নানুমতিশ্চ প্রাণাত্যয়ে তদ্দর্শনাৎ॥ ২৮॥

চশব্দোঽবধারণে। অন্নালাভপ্রযুক্তপ্রাণাত্যয়কাল এব সর্ব্বান্নভক্ষণে অভ্যনুজ্ঞেব। কুতঃ তদ্দর্শনাৎ। ছান্দোগ্যে মটচীহতেষু কুরুম্বিত্যারভ্য ন বা অজীবিষ্যমিমা ন খাদন্নিতি হোবাচ কামো ম উদপানমিতি চাক্রায়ণাচারবীক্ষণাদিত্যর্থঃ। তত্রেয়মাখ্যায়িকা। ইভ্যোচ্ছিষ্টান্ কুল্মাষাংশ্চাক্রায়ণো নামর্ষিঃ

অথেত্যাদি। বিদ্যাসন্নিধানাৎ শমাদিবৎ সর্ব্বান্নভক্ষণঞ্চ বিদ্যাঙ্গমিতি দৃষ্টান্তোঽত্র সঙ্গতিঃ। যদি হেতি। এবংবিৎ পরতত্ত্বজ্ঞো জনঃ নিখিলং সর্ব্বং যেন কেনাপি রান্ধমন্নং ভুঞ্জীতেত্যর্থঃ। এবমেব স ভবতি সর্ব্বান্নভক্ষণাৎ পূর্ব্বং যথাতিপবিত্র আসীদথ ভক্ষিতসর্ব্বান্নোঽপি তথৈব ভবতীত্যর্থঃ। ন তস্য প্রভাববিচ্যুতিস্তদ্ভক্ষণাদ্দোষগন্ধশ্চ ন ভবতীতি ভাবঃ। অত্র সর্ব্বান্নভক্ষণং শমাদিবদ্বিদ্যাঙ্গতয়া বিধীয়তে উত স্তুত্যর্থং তৎ কথ্যতে। ভক্ষ্যাভক্ষ্যবিভাগাসিদ্ধিঃ পূর্ব্বপক্ষে ফলং সিদ্ধান্তে তু তৎসিদ্ধিরিতি বোধ্যম্।

এবং প্রাপ্তে সর্ব্বান্নেতি। মটচীতি। পাষাণবৃষ্টয়ো মটচীশব্দেন গ্রাহ্যা। রক্তবর্ণাঃ ক্ষুদ্রপক্ষিবিশেষাঃ বেত্যেকে। তত্রেয়মিতি। কুরুদেশে দুর্ভিক্ষপীড়িত-

---

অনন্তর বিদ্বানের নিষিদ্ধাচার নিবারণ করিতেছেন। শ্রুতিতে 'বিদ্বান ব্যক্তি নিখিল বস্তুই ভক্ষণ করিবেন,' এইরূপ বাক্য প্রাপ্ত হওয়া যায়। এস্থলে সন্দেহ এই যে, তাঁহাদিগের সর্ব্বান্নভোজনে বিধিই উক্ত বাক্য দ্বারা উক্ত হইয়াছে, অথবা উহা অভ্যনুজ্ঞা মাত্র? প্রমাণান্তর দ্বারা ঐ সর্ব্বান্নভোজনের অপ্রাপ্তি প্রযুক্ত উহাকে অপূর্ব্ববিধিই বলা হউক, এইরূপ পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন ;—

উহা বিধি নহে ; অনুজ্ঞামাত্র। কারণ, অন্নের অলাভে প্রাণাত্যয়-সম্ভাবিতস্থলে সর্ব্বান্নভোজনের অনুজ্ঞাসূচক বাক্য দৃষ্ট হইয়া থাকে। ছান্দোগ্যোপনিষদে ঐ বিষয়ে একটি উপাখ্যান আছে। 'একদা চাক্রায়ণ নামে এক ঋষি

প্রাণত্রাণায় চখাদ জলপ্রতিগ্রহমিভ্যেনাভ্যর্থিতোঽপ্যুচ্ছিষ্ট-ভয়াৎ যথেষ্টং লাভাচ্চ ন তৎ জগ্রাহ। পুনঃ পরেদ্যুঃ স্বপরো-চ্ছিষ্টান্ পর্য্যুষিতাংস্তান্ ভক্ষয়ামাসেতি। অন্যত্রাপ্যেবমেব ব্যাখ্যেয়ম্ ॥ ২৮ ॥

অবাধাচ্চ ॥ ২৯ ॥

আপদি সর্ব্বান্নভক্ষণেঽনুমতিশ্চিত্তমদুষয়তা তেন জ্ঞানে বাধাভাবাৎ ॥ ২৯ ॥

অপি স্মর্য্যতে ॥ ৩০ ॥

শ্চাক্রায়ণো দেশান্তরং ব্রজন্ হস্তিপালকদেশং প্রবিষ্টস্তেনার্দ্ধভক্ষিতান্ দত্তান্ কুৎসিতান্ মাষান্ ভক্ষিতবান্। তেনোদকং গৃহাণেত্যুক্ত উচ্ছিষ্টং ন পীতং স্যাদিতি প্রতিষিদ্ধবান্। কিমেতে মাষা নোচ্ছিষ্টা ভবন্তি তেনোক্তেন বা অজী-বিষ্যমিত্যাহ্যুক্তবান্। ইমান্ কুল্মাষান্ খাদন্ন ভুঞ্জানোঽহং জীবন্ন ভবিষ্যাম্যুদপানং তু তড়াগাদিষু যথেষ্টং স্যাদিত্যর্থঃ। এবং তান্ খাদিত্বা তদবশিষ্টান্ জায়ায়ৈ দদৌ তয়া চ পতিস্বভাবজ্ঞয়া স্থাপিতান্ তান্ পরেহ্নি স বুভুজে ইতি দর্শয়ন্তী শ্রুতির্মহাপদ্যেব সর্ব্বান্নভক্ষণমনুজ্ঞাপয়ত্যনাপদি তু সদাচারে স্থেয়মিতি বদতীত্যর্থঃ। অন্যত্রাপ্যেবমিতি বৃহদারণ্যকে ন বা অস্যানন্নং জগ্ধং ভবতীতি শ্রূয়তে অস্য প্রাণোপাসকস্য যৎ প্রাণিমাত্রেণ জগ্ধং ভক্ষ্যং তৎ সর্ব্বমনন্নমভক্ষ্যং ন কিন্তু সর্ব্বং ভক্ষ্যমেব ভবতীত্যর্থঃ অত্রাপ্যেবমেব সঙ্গতিঃ ॥ ২৮ ॥

অবাধাচ্চেতি। ভক্ষ্যাভক্ষ্যবিভাগশাস্ত্রাবাধাদেবেত্যেকে ॥ ২৯ ॥

প্রাণত্রাণের নিমিত্ত চণ্ডালের উচ্ছিষ্ট কুল্মাষ ভোজন করিয়াছিলেন। কিন্তু উহার দত্ত জল পান করেন নাই। জল সর্ব্বত্রই পাওয়া যায়, এই কারণেই তিনি তদ্দত্ত জল গ্রহণ করেন নাই। পরদিবস নিজ ভুক্তাবশিষ্ট ঐ উচ্ছিষ্টান্ন পুনর্ব্বার ভোজনও করিয়াছিলেন।' অন্যত্রও এইরূপই ব্যাখ্যা করিতে হইবে। ২৮ ॥

আপৎকালে সর্ব্বান্নভক্ষণ জ্ঞানীর সম্বন্ধে দোষাবহ হয় না। জ্ঞানীর চিত্ত নির্ম্মল। নির্ম্মলচিত্ত ব্যক্তির কোন কর্ম্মেই বাধা নাই। এই নিমিত্তই জ্ঞানীর তাদৃশ কামাচারে অভ্যনুজ্ঞা দৃষ্ট হইয়া থাকে ॥ ২৯ ॥

জীবিতাত্যয়মাপন্নো যোঽন্নমত্তি যতস্ততঃ। লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসেতি স্মৃত্যা চ বিপদ্যেব সর্ব্বেষাং সর্ব্বান্নভুক্তিরুক্তা ন তু সর্ব্বদা। অতস্তস্যামনুমতিমাত্রমেব ন তু বিধিঃ প্রতিষেধশাস্ত্রাচ্চ ॥ ৩০ ॥

শব্দশ্চাতো কামচারে ॥ ৩১ ॥

যস্মাদাপদ্যেব সর্ব্বান্নভক্ষণেঽভ্যনুজ্ঞানমতোঽকামচারে বিদুষা প্রবর্ত্তিতব্যম্। শব্দশ্চ আহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃ সত্ত্বশুদ্ধৌ ধ্রুবা স্মৃতিঃ স্মৃতিলম্ভে সর্ব্বগ্রন্থীনাং বিপ্রমোক্ষ ইতি ছান্দোগ্যশ্রুতিঃ কামচারং বারয়তি। তথা চাপদ্যেব সর্ব্বান্নাভ্যনুজ্ঞানাদনাপদি শাস্ত্রীয়ঃ সমাচারঃ ॥ ৩১ ॥

অপীতি। জীবিতেতি। য ইতি। যঃ কোঽপি ॥ ৩০ ॥

শব্দশ্চেতি। তস্মাদ্ব্রাহ্মণঃ সুরাং ন পিবেৎ ন পলাণ্ডুং ভক্ষয়েদিত্যাদ্যা শ্রুতিঃ। অতীতানাগতজ্ঞানী ত্রৈলোক্যোদ্ধরণক্ষমঃ। এতাদৃশোঽপি নাচারং শ্রৌতং স্মার্ত্তং বিবর্জ্জয়েদিতি স্মৃতিশ্চাত্রোদাহার্য্যা ॥ ৩১ ॥

স্মৃতিতেও তাদৃশ অভ্যনুজ্ঞা দৃষ্ট হইয়া থাকে। পদ্মপত্রে জল যেরূপ লিপ্ত হয় না, তদ্রূপ প্রাণাত্যয়ে যে কোন ব্যক্তির অন্নগ্রহণে পাপ হয় না। বিপৎকালে সকলেরই সর্ব্বান্ন ভোজনে অনুজ্ঞা দেখা যায়। ঐ অনুজ্ঞা সকল কালের জন্য নহে। অতএব উহা অনুমতিমাত্রই জানিতে হইবে; বিধি নহে। কারণ, ঐ বিষয়ে নিষেধশাস্ত্রও আছে ॥ ৩০ ॥

আপৎকালে যখন সর্ব্বান্নভক্ষণে অনুমতি হইল, তখন অনাপৎকালে বিদ্বান ব্যক্তির অকামাচারেই প্রবৃত্ত হওয়া উচিত। ছান্দোগ্য উপনিষদে উক্ত আছে,—'আহারশুদ্ধিতে সত্ত্বশুদ্ধি, সত্ত্বশুদ্ধিতে ধ্রুবানুস্মৃতি এবং অনুস্মৃতি হইতে সকল বন্ধনের মোচন হয়।' যিনি স্বেচ্ছাচার নহেন, তাঁহারই শুদ্ধ আহার সম্ভব হয়। অতএব আপৎকালেই সর্ব্বান্নভোজনের অনুমতি হেতু অনাপৎকালে শাস্ত্রীয় আচারই আশ্রয়ণীয় হইতেছে ॥ ৩১ ॥

পূর্ব্বসন্দর্ভে স্বনিষ্ঠাদিভেদেন ত্রেধা বিদ্যাজুষো দর্শিতাঃ। অথ তেষু লব্ধবিদ্যেষু বর্ণাশ্রমাচারঃ কথং স্যাদিত্যেতদ্-ব্যবস্থাপয়িতুমারভ্যতে। তত্র তাবৎ স্বনিষ্ঠঃ পরীক্ষ্যতে। পশ্যন্নপীমমাত্মানং কুর্য্যাৎ কর্ম্মাবিচারয়ন্ যদাত্মনঃ স্বনিয়ন্ত-মানন্দোৎকর্ষমাপ্নুয়াদিতি কৌষারবশ্রুতৌ সংশয়ঃ। লব্ধ-বিদ্যেন স্বনিষ্ঠেন কর্ম্মাণি কার্য্যাণি ন বেতি। বিদ্যালক্ষণস্য তৎফলস্য প্রাপ্তত্বাৎ ফলপ্রাপ্তৌ সাধননিবৃত্তের্দৃষ্টত্বাৎ ন কার্য্যাণীতি প্রাপ্তে—

বিহিতত্বাচ্চাশ্রমকর্ম্মাপি ॥ ৩২ ॥

পূর্ব্বত্র সর্ব্বান্নভক্ষণস্য শাস্ত্রান্তরেণ বিরোধাৎ বিধেয়ত্বং নেত্যুক্তম্। তদ্ব-ত্যাজকশাস্ত্রবিরোধাৎ জাতবিদ্যস্য যজ্ঞাদি নানুষ্ঠেয়মস্তিতি দৃষ্টান্তসঙ্গত্যারভ্যতে পূর্ব্বসন্দর্ভ ইত্যাদিনা। পশ্যন্নপীতি। লব্ধবিদ্যোঽপীত্যর্থঃ। কর্ম্ম বিদ্যোত্তর-কালিকমগ্নিহোত্রাদি নিষ্কামম্। আত্মনঃ পরেশাদ্ধেতোঃ আনন্দোৎকর্ষং বিদ্যা-বিবৃদ্ধিরূপম্। এষা শ্রুতিরাত্মানমেবেমং লোকমিত্যাদ্যা চ স্বনিষ্ঠবিষয়তয়ৈব নেয়া। সামান্যবিষয়তায়ামুত্তরকর্ম্মাশ্লেষবোধকশ্রুতের্যস্ত্বাত্মরতিরেবেত্যাদিস্মৃতেশ্চ ব্যাকোপাপত্তিঃ।

পূর্ব্বসন্দর্ভে স্বনিষ্ঠাদি ভেদে তিনপ্রকার বিদ্যাধিকারী প্রদর্শিত হইয়াছে। ঐ অধিকারী সকল লব্ধবিদ্য হইলে, আর কিরূপে তাঁহাদিগের বর্ণাশ্রম-বিহিত আচার থাকিতে পারে, তাহারই ব্যবস্থাপনার্থ প্রকরণান্তর আরম্ভ করিতেছেন। প্রথমত স্বনিষ্ঠেরই পরীক্ষা হইতেছে। 'আত্মজ্ঞান লাভ করিয়াও অবিচারে কর্ম্ম করিবে। তদ্দ্বারা আনন্দের বৃদ্ধিই হইয়া থাকে।' কৌষারব শ্রুতিতে এইরূপ বাক্য আছে। তদ্বিষয়ে সংশয় এই—লব্ধবিদ্য স্বনিষ্ঠ অধিকারীর কর্ম্ম কর্ত্তব্য কি না? ফলের প্রাপ্তিতে সাধনের নিবৃত্তি লোকপ্রসিদ্ধ। বিদ্যাই কর্ম্মের ফল। সুতরাং বিদ্যালাভ হইলে, আর কর্ম্মের প্রয়োজন কি? অতএব লব্ধবিদ্য পুরুষের কর্ম্ম কর্ত্তব্য হইতেছে না। এইরূপ পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন ;—

অপিৰ্বৰ্ণকৰ্ম্মসমুচ্চয়ার্থঃ। তেন স্ববর্ণাশ্রমকর্ম্মাণি কার্য্যাণি। কুতঃ বিদ্যোপচিতয়ে। তং প্রতি তেষাং বিহিত্বাদেব ॥ ৩২ ॥

নম্নু জাতায়ামপি বিদ্যায়াং পুনঃ কর্ম্মবিধানাৎ কিং জ্ঞানকর্ম্মণোঃ সমুচ্চয়োঽভিমতো নেত্যাহ।

সহকারিত্বেন চ ॥ ৩৩ ॥

বিদ্যাসহকারিত্বেনৈব তেন কর্ম্মাণি কার্য্যাণি ন তু মুক্তিহেতুত্বেন। তমেব বিদিত্বেত্যাদৌ তস্যা এব তত্ত্বাভিধানাৎ। এতদুক্তং ভবতি। স্বনিষ্ঠেনাদৌ পরমাত্মানমুদ্দিশ্য স্বকর্ম্মাণ্যনুষ্ঠিতানি তেষু তদুদ্দেশেনৈব বিষোর্ণাদিবৎ তদ্বিষয়া বিদ্যা সমভূৎ। তৈরসৌ তামাসাদ্যাপি তদ্বিবৃদ্ধয়ে তান্যনুতিষ্ঠতি।

বিহিতত্বাদিতি। বিদ্যোপচিতয় ইতি। নিখিলেন্দ্রিয়ব্যাপারবিলক্ষণানবচ্ছিন্নতৈলধারেব সন্ততা ব্রহ্মানুসন্ধিরূপা মনোবৃত্তির্হি বিদ্যা সা খলু প্রাকৃতদেহাদিসংসর্গিণঃ প্রমাদেন পীড্যমানেব দুঃশকা চ ভবতি নিখিলেন্দ্রিয়ব্যাপাররূপৈঃ সুশকৈরপ্রমাদৈশ্চ কর্ম্মভিঃ পুষ্যমাণা নিরন্তরা যা চ সতী বিবর্দ্ধতেতি তানি তেনানুষ্ঠেয়ান্যেবেতি ॥ ৩২ ॥

বিদ্যাবর্দ্ধনের জন্য বিদ্বানের পক্ষেও কর্ম্ম বিহিত আছে। অতএব লব্ধবিদ্য পুরুষেরও স্ববর্ণাশ্রমবিহিত কর্ম্ম কর্ত্তব্যই হইতেছে ॥ ৩২ ॥

বিদ্যোৎপত্তির পরও কর্ম্মের বিধান দেখিয়া জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয়ই মোক্ষের সাধনরূপে অভিমত হইতেছে কি না? এইরূপ সংশয়ে, সমুচ্চয় অভিমত নহে, এইরূপ সিদ্ধান্ত স্থির করিয়া, তাদৃশ সিদ্ধান্তের প্রতি যুক্তিবিন্যাসার্থ সূত্রকার বলিতেছেন ;—

ঐ সকল কর্ম্ম বিদ্যার সহকারিভাবেই অনুষ্ঠেয়; মুক্তির সাধনস্বরূপে উহারা অনুষ্ঠেয় নহে। কারণ, "তমেব বিদিত্বা" ইত্যাদি বাক্যে বিদ্যারই মোক্ষহেতুত্ব নিরূপিত হইয়াছে। ইহাই উক্ত হইল—স্বনিষ্ঠ পুরুষ প্রথমত পরমাত্মাকে উদ্দেশ করিয়াই স্বকর্ম্মের অনুষ্ঠান করেন। ঐ সকল কর্ম্মের মধ্যে পরমাত্মার উদ্দেশেই বিষোর্ণাদির ন্যায় তদ্বিষয়া বিদ্যার উৎপত্তি হয়।

সা চ স্বোত্তরাণি তানি ন বিনাশয়ত্যবিরোধাৎ। কিন্তু স্বর্গাদি-বৈচিত্রীমনুভাবয়িতুং রক্ষত্যেব। ন হাস্য কর্ম্ম ক্ষীয়ত ইতি বৃহদারণ্যকাৎ। ন চ তেষাং তদনুভবফলকত্বাৎ কাম্যত্বং তেন তৎকামনয়ানুষ্ঠানাৎ। স্বনিষ্ঠো বিদ্বান্ ব্রহ্ম প্রাপ্নুবন্ননুসঙ্গাৎ স্বর্গাদিকমনুভবতি। গ্রামং গচ্ছংস্তৃণং স্পৃশতীতি অত্র তৃণস্পর্শবৎ। স্বর্গাদ্যানন্দানুভবপূর্ব্বকং ব্রহ্মপ্রেপ্সবে স্বনিষ্ঠায়

সহকারিত্বেনেতি। ন তু মুক্তিহেতুত্বেনেতি। বিদ্যোপচিতাবেব কর্ম্মণামুপযোগো ন তু মুক্তাবিত্যর্থঃ। ন বিনাশয়তি ন বিশ্লেষয়তি। অবিরোধাদিতি। আনুসঙ্গিকস্বর্গাদিদর্শনহেতুত্বেন বিদ্যাফলে মোক্ষে বিরোধাকরণাদিত্যর্থঃ। ন হাস্যেতি। কৃৎস্না শ্রুতিস্তু আত্মানমেব লোকমুপাসীত স য আত্মানমেব লোকমুপাস্তে ন হাস্য কর্ম্ম ক্ষীয়তে তস্মাদেবাত্মনো যৎ তৎ কাময়তে তত্তৎ সৃজত ইত্যেষা। ন চেতি। তেষাং বিদ্যোদয়োত্তরানুষ্ঠিতানাং কর্ম্মণাং স্বর্গাদি-বৈচিত্র্যানুভবফলকত্বাৎ কাম্যত্বমিতি ন বাচ্যমিত্যর্থঃ। তেনেতি। তেন স্বনিষ্ঠেন। তৎকামনয়া স্বর্গাদিবৈচিত্র্যানুভবেচ্ছয়া। তেষাং কর্ম্মণামকরণাদিত্যর্থঃ। স্বনিষ্ঠো মুমুক্ষুরেবং কামনয়া প্রবর্ত্ততে। নিষ্কামৈঃ কর্ম্মভিরারাধিতঃ পরমাত্মা প্রসীদন্ স্ববিষয়াং বিদ্যাং মে দদ্যাৎ। সা বিদ্যা তৃণস্পর্শন্যায়েন স্বর্গাদিকমপি মাং দর্শয়ন্তী স্ববিষয়ং তং প্রাপয়েদিতি সৈব সর্ব্বপ্রদেতি। ইত্থঞ্চ কর্ম্মভিঃ স্বর্গাদিদিদৃক্ষাবিরহাৎ কাম্যানুষ্ঠাতৃত্বং নেতি সিদ্ধম্। উক্তং বিশদয়তি স্বর্গা-

পরে ঐ বিদ্যার বৃদ্ধির নিমিত্তই পুনর্ব্বার ঐ সকল কর্ম্ম অনুষ্ঠিত হইয়া থাকে। বিদ্যা অবিরোধ বশত উত্তরবর্ত্তী ঐসকল কর্ম্মকে বিনাশ করেন না। পরন্তু স্বর্গাদি-বৈচিত্রী অনুভব করাইবার নিমিত্ত উহাদিগকে রক্ষাই করিয়া থাকেন। বৃহদারণ্যকেও বলিয়াছেন, 'পুরুষের তাদৃশ কর্ম্ম সকলের ক্ষয় হয় না।' স্বর্গাদির অনুভবরূপ ফল উৎপন্ন করে বলিয়া, ঐ সকল কর্ম্মকে কাম্য কর্ম্মও বলিতে পারা যায় না। কারণ, স্বনিষ্ঠ পুরুষ কামনা পূর্ব্বক ঐ সকল কর্ম্ম অনুষ্ঠান করেন না। তিনি ব্রহ্মপ্রাপ্তির সময় আনুসঙ্গিক ভাবেই স্বর্গাদি অনুভব করিয়া থাকেন। গ্রামে গমনকারী ব্যক্তি গমনকালে যেরূপ তৃণ স্পর্শ করেন, স্বনিষ্ঠ

বিদ্যৈব স্বপরিকরকর্ম্মদ্বারা স্বর্গাদিকমনুভাবয়তি স্বদ্বারা তু ব্রহ্মপদমিতি শ্রুতিশ্চৈবমভিপ্রৈতি তং বিদ্যেত্যাদ্যা। ইত্থমেব তস্য সঙ্কল্পোঽপি বোধ্যঃ। নৈরপেক্ষ্যপরীক্ষায়ৈ ক্বচিৎ স্বদ্বারাপি স্বর্গাদিকমুপস্থাপয়তি। সর্ব্বং হ পশ্যঃ পশ্যতীত্যাদিশ্রুতেঃ। নচৈবং তদধিগমন্যায়বিরোধঃ তস্য স্বনিষ্ঠেতরবিষয়ত্বেনোপপত্তেঃ। স্বনিষ্ঠস্য স্বর্গাদ্যর্পকপুণ্যাংশ-প্রারব্ধাংশৌ তদিতরস্য পরিনিষ্ঠিতাদেস্তু প্রারব্ধাংশমেব বিহায়েতরৎ সর্ব্বং কর্ম্ম বিনাশয়তীতি বিদ্যৈব স্বতন্ত্রা ফল-হেতুঃ কর্ম্ম তু তস্যাঃ সহকারীতি সিদ্ধম্ ॥ ৩৩ ॥

দ্যানন্দেতি। ইত্থমিতি। তস্য স্বনিষ্ঠস্য। নৈরপেক্ষ্যেতি। অয়ং নিরপেক্ষো ন বেতি দেবাঃ পরীক্ষন্তামিত্যেতদর্থমিত্যর্থঃ। অয়মত্র বর্ত্তুলিতার্থঃ। বিদ্যা খলু হরিপদ-মেব দদাতি ন তু স্বর্গাদি তস্যাস্তদ্দানানর্হত্বাৎ। ন হি সচ্চিদানন্দাত্মা পরমেশ্বরী সা স্বর্গাদি জড়ং দদতী শ্লাঘ্যেত কিন্তু স্বপরিকরেণ স্বরক্ষিতেন কর্ম্মণা তদিচ্ছুভ্য-স্তদ্দদাতি এবং কল্পনা চ ন হাস্যেত্যাদিশ্রুতেঃ। ক্বচিদ্বিদ্যৈব নিরপেক্ষাণাং নিষ্কামত্বখ্যাতয়ে স্বর্গাদিকমর্পয়তি সর্ব্বং হেত্যাদিশ্রুতেঃ ন তু তন্ন দদতীতি।

ব্যক্তিও তদ্রূপ স্বর্গাদিগত সুখ অনুভব করেন। স্বর্গাদিগত আনন্দের অনুভব পূর্ব্বক ব্রহ্মপ্রবেশকারী স্বনিষ্ঠ পুরুষকে বিদ্যাই স্বপরিকর কর্ম্ম দ্বারা স্বর্গাদি সুখ অনুভব করাইয়া থাকেন। এবং পরিশেষে তাঁহাকে ব্রহ্মপদ প্রাপ্ত করাইয়া থাকেন। "তং বিদ্যা" ইত্যাদি শ্রুতিতেও ঐরূপ অভিপ্রায়ই ব্যক্ত হইয়াছে। এইরূপে স্বনিষ্ঠের সঙ্কল্পও বুঝিতে হইবে। তাঁহার নৈরপেক্ষ্য পরীক্ষার জন্য বিদ্যা কখন কখন তাঁহাকে স্বর্গে নিক্ষেপও করিয়া থাকেন। শ্রুতিতে বলিয়াছেন, 'জ্ঞানী সকলই দর্শন করেন।' ইহাতে তদধিগম-ন্যায়েরও বিরোধ হইতেছে না। কারণ, উক্ত ন্যায় স্বনিষ্ঠেতরেই উপপন্ন হয়। বিদ্যা স্বনিষ্ঠের স্বর্গাদ্যর্পক পুণ্যাংশ ও প্রারব্ধাংশ এবং তদিতর পরিনিষ্ঠিতাদির প্রারব্ধাংশ ভিন্ন অন্য সকল কর্ম্মেরই নাশ করেন। অতএব বিদ্যা স্বতন্ত্রভাবে ফলহেতু। কর্ম্ম উহার সহকারিমাত্র। ইহাই সিদ্ধ হইল ॥ ৩৩ ॥

অথ পরিনিষ্ঠিতঃ পরীক্ষ্যতে। আত্মক্রীড় আত্মরতিঃ ক্রিয়াবানিত্যাদি শ্রূয়তে। অত্র পরিনিষ্ঠিতস্য লোকার্থং বর্ণাশ্রমধর্ম্মাঃ কর্ত্তব্যতয়া প্রাপ্তাঃ প্রীত্যর্থং শ্রবণাদয়ো ভগবদ্ধর্ম্মাশ্চ। তেষামুভয়েষাং যুগপৎপ্রাপ্তৌ কিং তে ক্রমেণানুষ্ঠেয়াঃ কিং বাদ্যান্ বিহায়োত্তরে তে ইতি সন্দেহে যুগপদনুষ্ঠানাসম্ভবাৎ বিহিতানাং ত্যাগে দোষাচ্চানির্ণয়েন ভাব্যমিতি প্রাপ্তে—

সর্ব্বথাপি তত্র বোভয়লিঙ্গাৎ ॥ ৩৪ ॥

অপিরবধারণে। সর্ব্বথৈব স্বধর্ম্মানুরোধমকৃত্বৈবেত্যর্থঃ। পরিনিষ্ঠিতেন তেন ভগবদ্ধর্ম্মা এবানুষ্ঠেয়া। স্বধর্ম্মাস্তু কথঞ্চিৎ

তস্য ন্যায়স্য। স্বনিষ্ঠস্যেত্যাদি। স্বর্গাদ্যর্পকপুণ্যাংশো বিদ্যোত্তরক্রিয়মাণকর্ম্মরূপঃ। প্রারব্ধাংশো বিদ্যোদয়াৎ প্রাক্ সঞ্চিতরূপঃ সম্প্রত্যপি ফলং দাতুং প্রবৃত্তঃ। তৌ বিহায়ান্যদনারব্ধফলং সঞ্চিতং কর্ম্ম স্বনিষ্ঠস্য সর্ব্বং নির্দ্দহতি পরিনিষ্ঠিতস্য প্রারব্ধেতরৎ সঞ্চিতং নির্দ্দহতি ক্রিয়মাণন্তু বিশ্লেষয়তি নিরপেক্ষস্য তু প্রারব্ধেতরৎ সঞ্চিতং সর্ব্বং নির্দ্দহতীতি বিনাশয়তীত্যনেনোক্তমিত্যর্থঃ ॥ ৩৩ ॥

অথেত্যাদি। লব্ধবিদ্যস্যাপি স্বনিষ্ঠস্য কর্ম্মানুষ্ঠানং যথা নিয়তমুক্তং তথা পরিনিষ্ঠিতস্যাপি নিয়তং তদস্তু তস্যাপি লোকনিন্দানিস্তারলোকসংগ্রহফলেচ্ছুত্বাদিতি পূর্ব্ববৎ সঙ্গতিঃ। আত্মক্রীড় ইতি। হরিনিরতোঽপি গৌণকালে স্বধর্ম্মানুষ্ঠায়ীত্যর্থঃ। লোকার্থং জনসংগ্রহায়। প্রীত্যর্থং হরিপ্রেম্ণে। আদ্যান্ ধর্ম্মান্। উত্তরে শ্রবণাদয়ঃ। যুগপদেকদৈব।

অনন্তর পরিনিষ্ঠিতের পরীক্ষা হইতেছে। "আত্মক্রীড় আত্মরতিঃ ক্রিয়াবান্", ইত্যাদি শ্রুতিবাক্য দৃষ্ট হয়। এইস্থলে পরিনিষ্ঠিতের লোকসংগ্রহের নিমিত্ত বর্ণাশ্রমধর্ম্ম এবং প্রীতির নিমিত্ত শ্রবণাদি ভগবদ্ধর্ম্ম কর্ত্তব্যরূপে প্রাপ্ত হওয়া যায়। উভয়ই যুগপৎ প্রাপ্ত হওয়া যাইতেছে। তাহাতে সংশয় এই—উহারা ক্রমান্বয়ে অনুষ্ঠেয় অথবা আদ্যের পরিত্যাগ পূর্ব্বক উত্তরই অনুষ্ঠেয়? যুগপৎ অনুষ্ঠানের অসম্ভাবনা প্রযুক্ত অনুষ্ঠানের স্থিরতা নাই, এইরূপই বুঝিতে হয়। এই পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন ;—

গৌণকালে। এবং কুতস্তত্রাহ উভয়েতি। তমেবৈকং জানথে-ত্যাদিশ্রুতিলিঙ্গাৎ। মহাত্মানস্তু মাং পার্থ দৈবীং প্রকৃতি-মাশ্রিতাঃ। ভজন্ত্যনন্যমনসো জ্ঞাত্বা ভূতাদিমব্যয়ম্। সততং কীর্ত্তয়ন্তো মাং যতন্তশ্চ দৃঢ়ব্রতাঃ। নমস্যন্তশ্চ মাং ভক্ত্যা নিত্যযুক্তা উপাসত ইত্যাদিস্মৃতিলিঙ্গাচ্চ ॥ ৩৪ ॥

উপোদ্বলকান্তরমত্রাহ।

অনভিভবঞ্চ দর্শয়তি ॥ ৩৫ ॥

সর্ব্বং পাপ্মানং তরতি নৈনং পাপ্মা তরতি সর্ব্বং পাপ্মানং তপতি নৈনং পাপ্মা তপতীতি বৃহদারণ্যকশ্রুতিঃ শ্রবণাদ্যনুরোধেন স্বাশ্রমধর্ম্মাকরণে তজ্জন্যৈর্দোষৈঃ পরি-

---

সর্ব্বথেতি। অস্য বিবরণং স্বধর্ম্মানুরোধমকৃত্বেত্যেতদ্বোধ্যম্। কথঞ্চিদিতি। সায়ং ভগবদারাত্রিকতৎকৈঙ্কর্য্যানন্তরং সন্ধ্যোপাসনং যথা স্যাৎ তথা ইদং বোধ্যম্। তমেবৈকমিত্যাদি। অত্র তদুপাস্তিনিষ্ঠয়া তদন্যবাগ্বিমুক্তির্ধর্ম্মানুষ্ঠিতে-র্গৌণত্বং বোধয়তি। মহাত্মান ইত্যাদিদ্বয়ং শ্রীগীতাসু। ইহাপ্যনন্যমনস্কত্বসন্তত-কীর্ত্তনাদ্যুক্তিস্তস্যাস্তত্ত্বং দ্যোতয়তি। আদিপদাৎ শৃণ্বন্তি গায়ন্তি গৃণন্ত্যভীক্ষ্নশঃ। স্মরন্তি নন্দন্তি তবেহিতং জনা ইত্যাদিবাক্যং গ্রাহ্যম্ ॥ ৩৪ ॥

উপোদ্বলকান্তরমন্যৎ পোষকং বচনম্।

স্বধর্ম্মানুরোধ পরিত্যাগ পূর্ব্বক সর্ব্বদাই ভগবদ্ধর্ম্মের অনুষ্ঠান পরিনিষ্ঠিতের কর্ত্তব্য। স্বধর্ম্মপালন গৌণভাবেই কর্ত্তব্য; অর্থাৎ উহা ভগবদ্ধর্ম্মের অবি-রোধেই আচরণীয়। শ্রুতি ও স্মৃতি উভয়েরই এই উপদেশ। শ্রুতিতে তাঁহাকে অদ্বিতীয় রূপেই জানিতে বলেন। গীতাতেও বলিয়াছেন, 'পার্থ! যাঁহারা দৈবী প্রকৃতি আশ্রয় করিয়া জন্মগ্রহণ করিয়াছেন, সেই সকল মহাত্মা আমাকে ভূতসকলের আদি ও অব্যয় জানিয়া অনন্যমনে ভজন করেন। তাঁহারা সর্ব্ব-দাই আমার কীর্ত্তন করেন, দৃঢ়ব্রত হইয়া আমার জন্য যত্ন করেন, আমাকে ভক্তিপূর্ব্বক নমস্কার করেন এবং নিত্যযুক্ত হইয়া আমার উপাসনা করেন' ॥৩৪॥

এইস্থলে অপর একটি পোষক হেতু প্রদর্শন করিতেছেন ;—

নিষ্ঠিতস্যানভিভবং দর্শয়তি। অতস্তান্ হিত্বা ত এব কার্য্যা ইত্যর্থঃ। বর্ণাশ্রমাচারেতি শ্রীবিষ্ণুপুরাণবাক্যে তু তাদৃশেন যৎ তদারাধনং তদেব তত্তোষকমিত্যেব মন্তব্যং ন তু কর্ম্মৈব তদারাধনমিতি। পূর্ব্বত্র যজ্ঞেশাচ্যুত গোবিন্দ মাধবানন্ত কেশব। কৃষ্ণ বিষ্ণো হৃষীকেশেত্যাহ রাজা স কেবলম্। নান্যৎ জগাদ মৈত্রেয় কিঞ্চিৎ স্বপ্নান্তরেষ্বপি। এতৎ পরং তদর্থঞ্চ বিনা নান্যদচিন্তয়ৎ। সমিৎপুষ্পকুশাদানং চক্রে দেবক্রিয়াকৃতে। নান্যানি চক্রে কর্ম্মাণি নিঃসঙ্গো যোগতাপস ইতি ভরতে রাজ্ঞি তদেকনিষ্ঠানিগদাৎ ॥ ৩৫ ॥

অনভিভবমিতি। সর্ব্বমিতি। এষ ব্রহ্মনিষ্ঠঃ পুরুষঃ সর্ব্বং পাপ্মানং স্বধর্ম্মানুষ্ঠানজনিতং প্রত্যবায়ং তরতি ব্রহ্মনিষ্ঠাপ্রভাবেণোল্লঙ্ঘয়তি। তপতি তদ্রূপেণাগ্নিনা ভস্মীকরোতি। এনং ব্রহ্মনিষ্ঠম্। তল্লক্ষণঃ পাপ্মা ন তরতি ন ব্যাপ্নোতি ন তপতি স্বনিমিত্তেন দুঃখাগ্নিনা ন দহতীত্যর্থঃ। তাদৃশেন বর্ণাশ্রমধর্ম্মবতা। তদারাধনং ভগবদর্চ্চনম্। তত্তোষকং ভগবৎপরিতোষকারি। পূর্ব্বত্রেতি। বর্ণা-

---

"সর্ব্বং পাপ্মানং তরতি" ইত্যাদি বৃহদারণ্যক শ্রুতিবাক্য দ্বারা পরিনিষ্ঠিত পুরুষের ভগবৎকথাশ্রবণাদির অনুরোধে স্বাশ্রম ধর্ম্মের অকরণ জন্য যে দোষ হয়, তদ্দ্বারা তাঁহার অভিভব হয় না, ইহাই দেখাইতেছেন। অতএব স্বাশ্রমবিহিত ধর্ম্ম পরিত্যাগ করিয়াও ভগবদ্ধর্ম্মের অনুষ্ঠান কর্ত্তব্য হইতেছে। "বর্ণাশ্রমাচারবতা", ইত্যাদি বিষ্ণুপুরাণের বাক্য দ্বারা ইহাই বুঝিতে হইবে যে, বর্ণাশ্রমাচারবিশিষ্ট পরিনিষ্ঠিত অধিকারীর পক্ষে ভগবদারাধনাই ভগবানের পরিতোষণের একমাত্র উপায়। বর্ণাশ্রমবিহিত কর্ম্মই কেবল ভগবদারাধনা নহে। উহা তাদৃশ কর্ম্ম হইতে অতিরিক্ত। ঐ বিষ্ণুপুরাণেই পূর্ব্বে যে "যজ্ঞেশাচ্যুত গোবিন্দ" প্রভৃতি বাক্য পঠিত হয়, তদ্দ্বারা পরিনিষ্ঠিত অধিকারী রাজা ভরতের ভগবদারাধনা ও তদুপযোগী কর্ম্ম ব্যতীত অন্য কোন কর্ম্ম ছিল না, ইহাই প্রদর্শন করিয়াছেন। এবং তদ্দ্বারা রাজা ভরতের ভগবদেকনিষ্ঠাও উক্ত হইয়াছে ॥ ৩৫ ॥

এবং সাশ্রমেষু বিদ্যা দর্শিতা তদুত্তরানুষ্ঠিতিশ্চ। অথ নিরাশ্রমেষু নিরপেক্ষেষু তে দ্বে দর্শ্যেতে। তত্রৈব নিরাশ্রমাপি গার্গী ব্রহ্মবিৎ পঠ্যতে। অথ বাচক্রবু্যবাচ। ব্রাহ্মণা

শ্রমাচারবতেতিবাক্যাৎ প্রাগিত্যর্থঃ। এতদিতি। যজ্ঞেশাচ্যুতাদি নামবৃন্দং পরং কেবলং তদর্থং তদ্বাচ্যং হরিং বিনান্যৎ কিঞ্চিৎ নাচিন্তয়ৎ। দেবক্রিয়াকৃতে হরিপূজার্থম্। তদেকেতি। হর্য্যেকান্তিতোক্তেরিত্যর্থঃ। তত্রাহুঃ। পরিনিষ্ঠিতৈরাশ্রমকর্ম্মাণি ন কার্য্যাণি। তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্বিদ্যেত যাবতা। মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে ইতি তদনুষ্ঠিতের্হরিভক্তিশ্রদ্ধাবধিত্বস্মরণাৎ। আজ্ঞায়ৈবং গুণান্ দোষান্ ময়াদিষ্টানপি স্বকান্। ধর্ম্মান্ সংত্যজ্য যঃ সর্ব্বান্ মাং ভজেৎ স চ সত্তম ইতি স্বরূপতস্তত্ত্যাগস্মরণাচ্চেতি সত্যমেতৎ তথাপি লোকসংগ্রহায় তৈস্তানি কার্য্যাণ্যেব লোকসংগ্রহমেবাপি সংপশ্যন্ কর্ত্তুমর্হসীতিস্মরণাৎ। ন চ শ্রদ্ধাবিরহাৎ তামসং তদনুষ্ঠানমিতি বাচ্যং ভগবদাজ্ঞপ্তত্বেন তত্রাপি তস্যাঃ সত্বাৎ। স্বরূপতস্তত্তৎকর্ম্মণাং সংত্যাগে তত্তদাশ্রমচিহ্নবৃতিধর্ম্মধ্বজিত্বায় কল্প্যেত। গৃহিপরিনিষ্ঠিতানাং বৈবাহিকবিধিমন্তরা দারস্বীকারে পারদারিকত্বাদ্যাপত্তিশ্চ। তস্মাৎ গৌণকালে লোকসংগ্রহায় তদনুষ্ঠানমিতি সুষ্ঠূক্তম্। যদ্যেষাং ভক্ত্যভিনিবেশাৎ কদাচিৎ কর্ম্মানুষ্ঠানং ন স্যাৎ তদাপি ন ক্ষতিঃ। মৎকর্ম্ম কুর্ব্বতাং পুংসাং ক্রিয়ালোপো ভবেদ্যদি। তেষাং কর্ম্মাণি কুর্ব্বন্তি তিস্রঃ কোট্যো মহর্ষয় ইতি পাদ্মাৎ। স্মরন্তি মম নামানি যে ত্যক্ত্বা কর্ম্ম চাখিলম্। তেষাং কর্ম্মাণি কুর্ব্বন্তি ঋষয়ো ভগবৎপরা ইত্যাদিপুরাণাচ্চ ॥ ৩৫ ॥

অথ নিরপেক্ষাণাং বিদ্যানুষ্ঠানে দর্শ্যেতে এবমিত্যাদিনা। চিত্তশোধকধর্ম্মসত্বাদাশ্রমিষ্বস্তু বিদ্যা মাস্ত্বাশ্রমবিধুরেষু তাদৃগ্ধর্ম্মবিরহাদিতি প্রত্যুদাহরণসঙ্গতিরিত্যেকে। পরিনিষ্ঠিতানাং ভক্তিপ্রধানানাং কথঞ্চিৎ কর্ম্মানুষ্ঠানমিত্যুক্তম্। তদ্বন্নিরপেক্ষাণামপি কথঞ্চিৎ তদস্তু তেষামপি কৃপালূনাং লোকহিতায় কথঞ্চিৎ তদপেক্ষণাৎ। অন্যথা তান্ বীক্ষ্য লোকা ধর্ম্মভ্রষ্টাঃ স্যুরিতি দৃষ্টান্ত-

---

এইরূপে সাশ্রমে বিদ্যা এবং তাহার উত্তরকালীন অনুষ্ঠানও প্রদর্শিত হইল। অনন্তর আশ্রমবিহীন নিরপেক্ষ অধিকারীর বিদ্যা ও অনুষ্ঠান প্রদর্শিত

ভগবন্তো হন্তাহমেনং যাজ্ঞবল্ক্যং দ্বৌ প্রশ্নৌ প্রক্ষ্যামীত্যাদিনা। ইহ সংশয়ঃ। নিরাশ্রমেষু বিদ্যা সম্ভবেন্ন বেতি বিদ্যোৎপত্তিহেতুতয়া বিশ্রুতানামাশ্রমধর্ম্মাণাং তেম্বভাবান্নেতি প্রাপ্তে—

অন্তরা চাপি তু তদ্দৃষ্টেঃ ॥ ৩৬ ॥

তুশব্দঃ কর্ম্মাগ্রহনিরাসার্থঃ। চকারো নিশ্চয়ার্থঃ। অন্তরা চ বিনৈবাশ্রমধর্ম্মান্ বিদ্যমানেম্বৌৎপত্তিকবিরক্তিষু প্রাগ্ভবানুষ্ঠিতৈর্ধর্ম্মৈঃ সত্যতপোজপাদিভিশ্চ পরিশুদ্ধেষু তেম্বপি বিদ্যা উদয়তে। কুতঃ তদ্দৃষ্টেঃ। তাদৃশ্যা গার্গ্যা ব্রহ্মবিত্ত্বদর্শনাৎ। অয়ং ভাবঃ। প্রাগ্ভবীয়ানাং ধর্ম্মাণাং ফলোৎপত্তেঃ

সঙ্গতিরিত্যপরে। নিরপেক্ষাঃ প্রপন্না বোধ্যাঃ। অথেতি। বচক্রোরপত্যং স্ত্রী বাচক্রবীত্যর্থঃ। হে ব্রাহ্মণা ভগবন্তস্তেষু নিরাশ্রমেষু ঔৎপত্তিকবিরক্তিষু স্বাভাবিকবৈরাগ্যেম্বিত্যর্থঃ।

অন্তরেতি। তাদৃশ্যা নিরাশ্রমায়াঃ। প্রাগ্ভবীয়েতি। পূর্ব্বজন্মানুষ্ঠিতানাং ধর্ম্মাণাং বিদ্যোৎপত্তিরূপফলোদয়াৎ প্রাগেব শরীরনাশাৎ তদ্রূপফলসম্বন্ধো যেষাং নাভূৎ তেষাং পরস্মিন্ জন্মনি তৈর্বিশুদ্ধানামেব সৎসঙ্গমাত্রে সতি বৈরাগ্যসহিতা সা বিদ্যাবির্ভবতীত্যর্থঃ। তথাচ পরিনিষ্ঠিতাশ্চ বিঘ্নবশাদপ্রত্যক্ষিতবিদ্যাঃ পরস্মিন্ জন্মনি তন্মাত্রাৎ প্রত্যক্ষিতবিদ্যা ভবন্তীতি তেঽপি নিরপেক্ষাঃ কথ্যন্তে। যে তু সত্যাদিভিঃ প্রাগনুষ্ঠিতৈঃ পরত্র তন্মাত্রেণ বিদ্যা-

---

হইতেছে। বেদে নিরাশ্রম গার্গী ব্রহ্মবিদ্যা প্রাপ্তির পর যাজ্ঞবল্ক্যকে যে দুইটি প্রশ্ন করেন, তদ্বিষয়ক সংশয় এই যে—নিরাশ্রম অধিকারীর বিদ্যা সম্ভব হয় কি না? আশ্রমধর্ম্মই বিদ্যোৎপত্তির হেতু বলিয়া উক্ত হয়। যাহারা নিরাশ্রম, তাহাদের বিদ্যার সম্ভাবনাই নাই। তদুত্তরে বলিতেছেন ;—

আশ্রমধর্ম্ম না থাকিলেও স্বভাবত বিরক্ত পুরুষদিগের পূর্ব্বজন্মানুষ্ঠিত ধর্ম্ম ও সত্যজপাদি দ্বারা পরিশুদ্ধতাবশত বিদ্যার উদয় হইয়া থাকে। গার্গীর তদবস্থায় ব্রহ্মজ্ঞান দৃষ্ট হইতেছে। তাৎপর্য্য এই যে, জন্মান্তরীয় ধর্ম্ম সকলের

পূর্ব্বমেব দেহনিপাতাৎ ন ফলসম্বন্ধঃ। পরত্র তু তৈর্বিশুদ্ধানাং সৎসঙ্গমাত্রেণ সবিরাগা সাবির্ভবতীতি ॥ ৩৬ ॥

বলবতা সৎসঙ্গেন কষায়পাকে বিদ্যা ভবতীত্যাহ।

অপি স্মর্য্যতে ॥ ৩৭ ॥

পিবন্তি যে ভগবত আত্মনঃ সতাং কথামৃতং শ্রবণপুটেষু সম্ভৃতম্। পুনন্তি তে বিষয়বিদূষিতাশয়ং ব্রজন্তি তচ্চরণসরোরুহান্তিকমিত্যাদৌ রহূগণৈতদিত্যাদৌ চ। অপিঃ সমুচ্চয়ে ॥ ৩৭ ॥

ভাজস্তে তু মুখ্যনিরপেক্ষা বোধ্যাঃ। ন চৈবং লোকসংগ্রহাসিদ্ধিস্তেষাং গ্লানির্বা লোককৃতেতি বাচ্যম্। তেষাং লোকাস্ফূর্ত্তেরাশ্রমধর্ম্মানুষ্ঠানৈস্তৎসংগ্রহাচ্চ তাদৃশানাং তৎকৃতগ্লান্যদর্শনাচ্চ প্রত্যুত স্তুতিদর্শনাচ্চ। নৈরপেক্ষ্যঞ্চ হরীতরাপেক্ষাশূন্যত্বং হরীতরৎ তু স্বর্গাদি পরলোকং প্রতিষ্ঠা বেতি ব্যাখ্যাতারঃ ॥ ৩৬ ॥

অথ ধর্ম্মান্ বিনৈব মহত্তমসঙ্গেন নির্ধূতকল্মষাঃ শীঘ্রমেব বিদ্যাং লভন্ত ইতি মুখ্যনিরপেক্ষান্ দর্শয়িতুং প্রবর্ত্ততে বলবতেতি।

অপীতি। পিবন্তীতি শ্রীভাগবতে। সতাং মুখেভ্যস্তেষাং সন্নিধৌ স্থিতা বেত্যর্থঃ। অত্র সংপ্রসঙ্গলব্ধেন ভগবৎকথাশ্রবণেনৈব চিত্তবিশুদ্ধিস্তৎপদপ্রাপ্তিশ্চেতি স্ফুটমুক্তম্। রহূগণেত্যাদৌ চ চিত্তশোধকতয়া বিশ্রুতৈস্তপঃ-

---

ফলোৎপত্তির পূর্ব্বেই দেহের পতন হওয়াতেই ফলসম্বন্ধ ঘটে নাই। পরজন্মে ঐ ধর্ম্ম দ্বারা বিশুদ্ধচিত্ত ব্যক্তির সৎসঙ্গমাত্রেই বিরাগের সহিত বিদ্যার আবির্ভাব হইল ॥ ৩৬ ॥

বলবান সৎসঙ্গ দ্বারা কষায়পাকের অনন্তর বিদ্যার উৎপত্তি হয়, ইহাই বলিতেছেন ;—

"পিবন্তি যে ভগবত আত্মনঃ সতাং কথামৃতং" প্রভৃতি এবং "সৎসেবয়াদীর্ঘয়াপি জাতা ময়ি দৃঢ়া মতিঃ"—'অদীর্ঘকাল সাধুসঙ্গ দ্বারাই আমাতে মতি সুদৃঢ় হইল,' ইত্যাদি স্মৃতিবাক্য হইতে, বলবান সাধুসঙ্গে শ্রবণাদি দ্বারা কষায়পাক হইলে, বিদ্যার উৎপত্তি হইয়া থাকে, ইহা সিদ্ধ হইতেছে ॥ ৩৭ ॥

সৎসঙ্গিষু নিরপেক্ষেষু পরেশানুগ্রহবিশেষাৎ বিদ্যা সুলভেত্যাহ।

বিশেষানুগ্রহশ্চ ॥ ৩৮ ॥

মচ্চিত্তা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরম্। কথয়ন্তশ্চ মাং নিত্যং তুষ্যন্তি চ রমন্তি চ। তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকম্। দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে ইতি। তেষু তৎকৃপাবিশেষো দৃষ্টঃ। নৈরপেক্ষ্যঞ্চ তদ্যোগসাতত্যাদ্ ব্যক্তম্ ॥ ৩৮ ॥

সাশ্রমা যাজ্ঞবল্ক্যাদয়ো নিরাশ্রমাশ্চ গার্গ্যাদয়ো বিদ্যাবন্তো দর্শিতাঃ। তেষু সাশ্রমাঃ শ্রেষ্ঠা নিরাশ্রমা বেতি

প্রভৃতিভির্যঃ কষায়ো ন ক্ষীয়তে স খলু সৎপাদরজঃসেবয়া ক্ষীয়তে পরা বিদ্যা চাবির্ভবতীত্যুপদিষ্টম্। ইত্থঞ্চ তাদৃশেন তচ্ছ্রবণেন চিত্তশুদ্ধেঃ প্রমাণপ্রাপ্তত্বাদ্ধর্ম্মৈরেবানুষ্ঠিতৈস্তচ্ছুদ্ধিরিতি কর্ম্মঠানাং দুরাগ্রহ এবেতি বিদিতম্। সূত্রে অপিশব্দঃ সত্যাদীনাং সমুচ্চায়ক ইত্যাহ অপিরিতি। কর্ম্মণাং সত্যাদীনাঞ্চ যথোত্তরং প্রাবল্যং বহ্বল্পবিক্ষেপতয়া চিরাচিরফলতয়া চেতি বোধ্যম্ ॥ ৩৭ ॥

বিশেষেতি। মচ্চিত্তা ইত্যাদিদ্বয়ং শ্রীগীতাসু। বুদ্ধিযোগং মদ্বিষয়াং বিদ্যাম্। নন্বেষাং নৈরপেক্ষ্যং ন প্রতীতং তদ্বোধকপদাভাবাদিতি চেৎ তত্রাহ নৈরপেক্ষ্যঞ্চেতি। তদ্যোগসাতত্যাদুক্তপ্রকারকভগবদাবেশাৎ ॥ ৩৮ ॥

নিরপেক্ষ অধিকারী সকল সাধুসঙ্গ দ্বারা পরমেশ্বরের বিশেষ অনুগ্রহ লাভ করেন, এবং তাহাতেই বিদ্যা সুলভ হয়, ইহাই বলিতেছেন ;—

'যাঁহারা মচ্চিত্ত ও মদ্গতপ্রাণ হইয়া সাধুসঙ্গ করেন, আমি স্বয়ংই অনুগ্রহ করিয়া তাঁহাদিগকে বিদ্যা প্রদান করিয়া থাকি,' এই ভগবদুক্তিতে নিরপেক্ষ অধিকারীর সাধুসঙ্গে ভগবৎকৃপা ও বিদ্যা লাভ ব্যক্ত হইয়াছে। ঐ যোগসাতত্য হইতে অর্থাৎ সাধুসঙ্গ হইতে নৈরপেক্ষ্যও ব্যক্ত হইতেছে ॥ ৩৮ ॥

সাশ্রম যাজ্ঞবল্ক্যাদির এবং নিরাশ্রম গার্গী প্রভৃতির বিদ্যালাভ প্রদর্শিত হইয়াছে। তদুভয়ের মধ্যে সাশ্রমই শ্রেষ্ঠ অথবা নিরাশ্রমই শ্রেষ্ঠ ? এইরূপ

সংশয়ে বৈদিকাশ্রমধর্ম্মসম্পন্নত্বাৎ ব্রহ্মরতত্বাচ্চ সাশ্রমাঃ শ্রেষ্ঠা ইতি প্রাপ্তে—

অতস্ত্বিতরৎ জ্যায়ো লিঙ্গাচ্চ ॥ ৩৯ ॥

শঙ্কানিরাসায় তুশব্দঃ। চশব্দোঽবধারণার্থঃ। অতঃ সাশ্রমত্বাদিতরন্নিরাশ্রমত্বমেব জ্যায়ঃ শ্রেষ্ঠং বিদ্যাসাধনং মন্তব্যম্। কুতঃ লিঙ্গাৎ। গার্গ্যা মহাবিদ্যত্বশ্রবণাৎ লিঙ্গাদেব। অয়ং ভাবঃ। অনাদিপ্রবৃত্তিশীলানাং প্রবৃত্তিসঙ্কোচায় আশ্রমাঃ শাস্ত্রেণ বিহিতাঃ। অতস্তদ্বিধানে ন তস্য তাৎপর্য্যং কিন্তু তৎসঙ্কোচ এব। তা হি ব্রহ্মরতিপ্রতিবন্ধিকা ভবন্তি। যে তূপক্ষীণপ্রবৃত্তয়ো ব্রহ্মৈকরতাস্তেষাং ন কিঞ্চিদাশ্রমৈঃ ফলমিতি নৈরাশ্রম্যং বরীয়ঃ। অতএব জাবালোপনিষদি

নিরপেক্ষা বিদ্যাবন্তো দর্শিতাঃ। তানাশ্রিত্য শ্রৈষ্ঠ্যং তেষু প্রকাশ্যত ইত্যাশ্রয়াশ্রয়িভাবঃ সঙ্গতিঃ। সাশ্রমা ইত্যাদি। বৈদিকেতি। তেনৈতি ব্রহ্ম বিৎ পুণ্যকৃৎ তেজসশ্চেতি শ্রুতৌ ধর্ম্মিষ্ঠস্য শীঘ্রমেব ব্রহ্মলাভজ্ঞাপনাদিত্যর্থঃ। তদর্থস্তু তেন জ্ঞানেন বিদ্বিজ্ঞো ব্রহ্মেতি পুণ্যকৃৎ স্বাশ্রমধর্ম্মানুষ্ঠায়ী তেজসস্তৈজসো ব্রাহ্মণোঽয়ং তদ্রত ইত্যর্থ ইতি। অতঃ সাশ্রমাঃ শ্রেষ্ঠা ইতি প্রাপ্তে—

সংশয়ে সাশ্রম অধিকারীর বেদোক্ত আশ্রমধর্ম্ম পালন ও ব্রহ্মরতি দর্শনে সাশ্রমকেই অপেক্ষাকৃত উৎকৃষ্ট বলিয়া স্থির করা যায়, এইরূপ পূর্ব্বপক্ষ স্থাপিত হইলে, তদুত্তরে বলিতেছেন ;—

যাজ্ঞবল্ক্য হইতে গার্গীর বিদ্যাধিক্য দর্শনে সাশ্রম হইতে নিরাশ্রমেরই আধিক্য স্বীকার করিতে হয়। নিরাশ্রম ধর্ম্মই বিদ্যার শ্রেষ্ঠ সাধন। অনাদিপ্রবৃত্তিশীল জীবের প্রবৃত্তির সঙ্কোচের নিমিত্তই শাস্ত্রে আশ্রমের বিধান করা হইয়াছে। অতএব শাস্ত্রের আশ্রমের বিধানে তাৎপর্য্য না হইয়া উহার সঙ্কোচেই তাৎপর্য্য বুঝিতে হইবে। প্রবৃত্তি সকল ব্রহ্মরতির প্রতিবন্ধক। যাঁহাদিগের প্রবৃত্তির সম্যক্ ক্ষয় হইয়াছে, এবং যাঁহারা ব্রহ্মৈকরত হইয়াছেন, তাঁহাদিগের আশ্রমে কোন ফলই দেখা যায় না, অতএব সাশ্রম হইতে নিরাশ্রমই শ্রেষ্ঠ।

ক্রমেণাশ্রমান্ বিধায় পুনর্বিরক্তস্য তমপনিনায় সাংবর্ত্তকাদীনাং ব্রহ্মৈকরতানাং সন্ন্যাসং ত্যাগং চোবাচেতি। অনাশ্রমী ন তিষ্ঠেৎ তু দিনমেকমপি দ্বিজ ইত্যাদিকন্তু সামান্যবিষয়ম্ ॥ ৩৯ ॥

স্যাদেতৎ। ব্রহ্মৈকরতত্বেন নিরপেক্ষাণাং নিরাশ্রমাণাং শ্রৈষ্ঠ্যমুক্তং ন যুজ্যতে তেষাং সাপেক্ষতায়াঃ সম্ভবাৎ। তথাহি বিধিনা পরিত্যক্তস্য গৃহাদেরাশ্রমস্য পুনর্গ্রহো নিন্দ্যঃ

অতস্থিতি। জ্যায়ঃ শ্রেষ্ঠমিতি। জ্যে চেতি সূত্রেণ প্রশস্যস্য জ্যাদেশঃ অতিপ্রশস্তমিত্যর্থঃ। তস্যেতি শাস্ত্রস্য। তাঃ প্রবৃত্তয়ঃ। তং ক্রমম্। সামান্যেতি অজ্ঞবিষয়মিত্যর্থঃ। যদুক্তং শ্রীভাগবতে। বনং গৃহং বোপবিশেৎ প্রব্রজেদ্বা দ্বিজোত্তমঃ। আশ্রমাদাশ্রমং গচ্ছেন্নান্যথামৎপরশ্চরেদিতি। অন্যথা অনাশ্রমী প্রতিলোমং চ ন চরেদিত্যর্থঃ। অমৎপর ইতিচ্ছেদঃ। স্বৈকনিষ্ঠস্যাশ্রমনিয়মাভাবং যদ্বক্ষ্যতি জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা ইত্যাদি ॥ ৩৯ ॥

স্যাদেতদিতি। এতন্নিরাশ্রমতায়া বরীয়স্ত্বম্। তথৈব শাস্ত্রাদিতি প্রাতিলোম্যেনাশ্রমানুষ্ঠানপ্রতিষেধকাদিত্যর্থঃ। তেষাং নিরপেক্ষাণাম্। তস্য গৃহাদে-

---

এই নিমিত্তই জাবালোপনিষদে ক্রমে আশ্রমের বিধান করিয়া, পুনর্ব্বার বিরক্ত ব্যক্তির তৎপরিত্যাগেরও বিধান করিয়াছেন। সাম্বর্ত্তকাদি ব্রহ্মনিষ্ঠ পুরুষ সকলের সন্ন্যাসাশ্রম ত্যাগও দৃষ্ট হইয়া থাকে। স্মৃতিতে, 'এক দিনও মনুষ্য আশ্রমশূন্য থাকিবে না' এইরূপ যে সকল নিষেধবাক্য দৃষ্ট হয়, তাহা সামান্যবিষয়, অর্থাৎ সাধারণ মনুষ্যের পক্ষেই জানিতে হইবে ॥ ৩৯ ॥

পুনর্ব্বার আক্ষেপ করিতেছেন,—ঐরূপ হইলেও কেবল ব্রহ্মৈকনিষ্ঠত্বরূপ কারণ দেখিয়া, নিরাশ্রম নিরপেক্ষ অধিকারীর যে শ্রেষ্ঠত্ব নির্দ্দেশ করা হইয়াছে, তাহা সঙ্গত হইতেছে না। কারণ, তাঁহাদিগের সাপেক্ষতারও সম্ভাবনা দৃষ্ট হইয়া থাকে। ঐ সাপেক্ষতা নিন্দার বিষয়। পরিত্যক্ত গৃহাদি আশ্রম পুনর্ব্বার গৃহীত হইলে, গ্রহণকর্ত্তাকে নিন্দাভাজন হইতে হয়। তাদৃশ ব্যক্তিকে আত্মঘাতী বলিয়া শাস্ত্রে নিন্দা করিয়া থাকেন। তাঁহার প্রায়শ্চিত্তও শ্রবণ করা যায়

প্রাক্ স্বাত্মনোশ্চোত্তরয়োরিতি সূত্রব্যাখ্যানে। অনেনেতি। সর্ব্বে শাস্ত্রকৃতঃ শাস্ত্রান্তেষশেষং প্রকাশয়ন্তীতি বিস্ফুটং। ইহ জীবস্য মুক্তস্যাপি স্বরূপং নির্ণয়ন্ শাস্ত্রকৃত্তস্য ব্রহ্মণা সহ ভোগমাত্রেণ সাম্যং বদংস্তস্মাত্তস্য ভেদমেব সিদ্ধায়ন্তয়তি নাভেদমিত্যর্থঃ ॥ ২১ ॥

পূর্ব্বত্র ভগবতা সহ মুক্তস্য সর্ব্বেষাং কামানাং ভোগোঽভিহিতঃ স ন সম্ভবতি তদ্ভোগস্যাতিবহুকালাপেক্ষিত্বাৎ। ন চ তত্র মুক্তস্য বহুকালাবস্থিতিঃ সম্ভবেৎ স্বর্গলোকাদিব তল্লোকাত্তস্য পাতসম্ভবাদিত্যাক্ষেপাদারভ্যতে। অথেত্যাদি। অত্রেতি। বাক্যানি যথা নদ্য ইত্যাদীনি। ক্ষয্যেতি। কালত্বাদিভিঃ ক্ষেতুং শক্যেত্যর্থঃ। যদাহ ভগবান্ কাত্যায়নিঃ কার্য্যজয্যৌ শক্যার্থ ইতি।

থাকে, ইহাই বাস্তবিক তত্ত্ব। বেদান্তশাস্ত্রের চরম উপদেশ এই যে, মুক্ত পুরুষের ক্লেশাভাবে এবং আনন্দাংশে পরমেশ্বরের সাম্যভাব স্বীকার করা যায়, কিন্তু আর সমস্ত বিষয়েই ভেদ থাকিয়া যাইবে। অতএব ভোগাংশে সাম্য থাকিলেও সামর্থ্য ও স্বরূপাংশে ভেদ অবশ্য স্বীকার্য্য ॥ ২১ ॥

অনন্তর মুক্তপুরুষের সর্ব্বদা ভগবৎসান্নিধ্য কথিত হইতেছে। মুক্ত পুরুষের ভগবল্লোকপ্রাপ্তিসূচক বাক্যই এই প্রকরণের বিষয়। তাহাতে

অনাবৃত্তিঃ শব্দাদনাবৃত্তিঃ শব্দাৎ ॥ ২২ ॥

ভগবদুপাসনয়া তদবগতিপূর্ব্বয়া তল্লোকং গতস্য ন তস্মাদাবৃত্তির্ভবতি। কুতঃ শব্দাৎ। এতেন প্রতিপদ্যমানা ইমং মানবমাবর্ত্তং নাবর্ত্তন্তে। স খল্বেবং বর্ত্তয়ন্ যাবদায়ুষং ব্রহ্মলোকমভিসম্পদ্যতে ন চ পুনরাবর্ত্তত ইতি শ্রুতেঃ। মামুপেত্য পুনর্জন্ম দুঃখালয়মশাশ্বতং। নাপ্নুবন্তি মহাত্মানঃ সংসিদ্ধিং পরমাং গতাঃ। আব্রহ্মভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনো-ঽর্জ্জুন। মামুপেত্য তু কৌন্তেয় পুনর্জন্ম ন বিদ্যতে ইতি স্মৃতেশ্চ। ন চ সর্ব্বেশ্বরঃ শ্রীহরিঃ স্বাধীনমুক্তং স্বলোকাৎ কদাচিৎ পাতয়িতুমিচ্ছেৎ মুক্তো বা কদাচিৎ তং জিহাসে-

অনাবৃত্তিরিতি। আবৃত্তিঃ পতনং। মামিত্যাদিদ্বয়ং শ্রীগীতাসু। আব্রহ্মেত্যত্র বীরধর্ম্মেণ সত্যলোকং গতানামাবৃত্তিঃ ব্রহ্মবিদ্যয়া তদ্গতানাং তু পরপ্রাপ্তি-রিতি বিবেচনীয়ং। শঙ্কাং নিরাকর্ত্তুমাহ ন চেতি। তং শ্রীহরিং। সাধবইত্যাদি

সংশয় এই যে, ঐ প্রাপ্তিলক্ষণা মুক্তি অনিত্য কি নিত্য? লোকত্বের অবি-শেষ হেতু স্বর্গাদির ন্যায় ভগবল্লোক হইতে পতনের সম্ভাবনা প্রযুক্ত উহাকেও অনিত্য বলা হউক; এই প্রকার সংশয়ের নিরাসার্থ পরবর্ত্তী উপসংহার সূত্রের অবতারণা করিতেছেন।—

ভগবদুপাসনা ও ভগবত্তত্ত্বজ্ঞান দ্বারা তল্লোকগত জীবের তাহা হইতে পুনরাবৃত্তি নাই। কারণ, 'এতেন প্রতিপদ্যমানা', ইত্যাদি শ্রুতিবাক্যে এবং 'মামুপেত্য পুনর্জন্ম', ইত্যাদি স্মৃতিবাক্যে মুক্তের পুনরাবৃত্তির নিষেধই করি-য়াছেন। সর্ব্বেশ্বর হরি স্বাধীন মুক্ত জীবকে স্বলোক হইতে পাতন করিতে ইচ্ছা করেন না এবং মুক্তপুরুষও কদাচিৎ ভগবানকে পরিত্যাগ করিতে

দিতি শক্যং শঙ্কিতুং। প্রিয়ো হি জ্ঞানিনোঽত্যর্থমহং স চ মম প্রিয়ঃ। সাধবো হৃদয়ং মহ্যং সাধূনাং হৃদয়স্ত্বহমিত্যাদিষু দ্বয়োর্মিথঃ স্নেহাতিশয়াভিধানাৎ। যে দারাগারপুত্রাপ্তান্ প্রাণান্ বিত্তমিমং পরং। হিত্বা মাং শরণং যাতাঃ কথং তাংস্ত্যক্তুমুৎসহে। ধৌতাত্মা পুরুষঃ কৃষ্ণপাদমূলং ন মুঞ্চতি। মুক্তসর্ব্বপরিক্লেশঃ পান্থঃ স্বশরণং যথেত্যাদিষু ভজদত্যাগসঙ্কল্পভজনীয়ৈকসংরতিস্মরণাৎ নির্দ্দোষাচ্চ। এতদুক্তং ভবতি। সত্যবাক্ সত্যসঙ্কল্পঃ স্বাশ্রিতবাৎসল্যবারিধিঃ সর্ব্বেশ্বরঃ স্বভক্তানাং স্বনিমিত্তপরিত্যক্তসর্ব্ববিষয়াণাং স্ববৈমুখ্যকরীমবিদ্যাং নির্ধূয় তানতিপ্রিয়ান্ নিজাংশান্ স্বান্তিকমুপানীয় কদাচিদপি ন জিহাসতি। জীবশ্চ

সার্দ্ধদ্বয়ং শ্রীভাগবতে। দ্বয়োঃ শ্রীহরিমুক্তয়োঃ। ধৌতাত্মা ধ্বস্তাবিদ্যঃ। স্বশরণং স্বগৃহং। নির্দ্দোষাচ্চেতি। ক্রৌর্য্যকার্পণ্যাদিগন্ধোঽপি ন শ্রীহরৌ তদন্তপ্রসক্তিগন্ধোঽপি। ন চ মুক্তেঘস্তীতি দোষাভাবাচ্চেত্যর্থঃ। অভাবেঽব্যয়ীভাবঃ। এতদুক্তমিতি। সত্যবাঙ্ মামুপেত্য ইত্যাদিভাষী। সত্যবাক্যাদিত্রয়ো ভক্তাবিদ্যা-

চাহেন না। 'প্রিয়ো হি জ্ঞানিনঃ', 'সাধবো হৃদয়ং মহ্যং', ইত্যাদি স্মৃতিবাক্য সকলে ভগবানের ভক্তকে অপরিত্যাগ এবং ভক্তের ভগবানে একমাত্র সংরতি স্পষ্টাক্ষরেই উক্ত হইয়াছে। তবে জয়বিজয়াদির স্বধাম হইতে বিচ্যুতি প্রভৃতি লীলাগত-বিশেষ ও ভগবৎকার্য্যনির্ব্বাহক বলিয়াই মানিতে হইবে। সত্যবাক্, সত্যসঙ্কল্প, ভক্তবাৎসল্যনীরধি হরি স্বনিমিত্ত-পরিত্যক্ত-সমস্ত-বিষয় ভক্তের সম্বন্ধে স্ববৈমুখ্যকরী অবিদ্যা বিনির্ধূত করিয়া সেই অতিপ্রিয় নিজাঙ্গগণকে স্বসমীপে আনয়ন পূর্ব্বক আর তাহাদিগকে পরিত্যাগ করিতে

সুখৈকান্বেষী সুখাভাসায় তুচ্ছেষু তেষ্বনুরজ্যন্ ব্যতীতাসংখ্যেয়জনুর্ভাগ্যবিশেষোপলব্ধাৎ সদ্‌গুরুপ্রসাদাৎ বিদিতনিজাংশিস্বরূপস্তদিতরনিস্পৃহস্তদনুবৃত্তিপরিশুদ্ধস্তমনন্তানন্দচিৎস্বরূপং প্রসাদাভিমুখং সুহৃত্তমং নিজস্বামিনং প্রাপ্য কদাচিদপি তদ্বিচ্যুতিং নেচ্ছতীতি শাস্ত্রাদেবাধিগতমতঃ শাস্ত্রৈকশরণৈস্তথৈব তত্ত্বদাস্থেয়মিতি। সূত্রাভ্যাসঃ শাস্ত্রসমাপ্তিদ্যোতনার্থঃ ॥ ২২ ॥

নির্ধ্বননাদৌ হেতুঃ। তেষু গেহাদিষু স্ত্রীদেহাদিষু চেত্যর্থঃ। নিজাংশী পুরুষোত্তমঃ শ্রীহরিঃ। তদিতরেতি প্রাকৃতসুখেচ্ছাশূন্য ইত্যর্থঃ। তদনুবৃত্তীতি শ্রীহর্য্যুপাসনানিবৃত্তাবিদ্য ইত্যর্থঃ। অনন্তানন্দেত্যাদিকং তদ্বৈচ্যুত্যনিচ্ছায়াং হেতুঃ। শাস্ত্রাদিতি। শ্রুত্যাদিবাক্যাদেব ন তু তর্কাদিত্যর্থঃ। আস্থেয়ং দৃঢ়বিশ্বাসেন গ্রাহ্যং। সূত্রাভ্যাস ইতি। সূত্রৈকদেশাবৃত্ত্যা শাস্ত্রৈকদেশপূর্ত্তির্দ্যোত্যতে। কৃৎস্নসূত্রাবৃত্ত্যা তু কৃৎস্নশাস্ত্রপূর্ত্তিরিত্যর্থঃ। তদিত্থমষ্টসপ্ততিসূত্রকস্ত্রিচত্বারিংশদধিকরণকোহয়ং চতুর্থাধ্যায়ো ব্যাখ্যাতঃ। গ্রহপঞ্চেষুভিঃ (৫৫৯) সূত্রৈঃ ছায়ৈশ্চেষুখযুগ্মকৈঃ (২০৫)। যুক্তেয়ং ব্রহ্মমীমাংসা বোধ্যা গোবিন্দভাষ্যতঃ॥ ইহ প্রথমেঽধ্যায়ে সূত্রাণি

ইচ্ছা করেন না। জীবও সুখান্বেষণ করিতে করিতে সুখাভাস দর্শনে তুচ্ছ জড় বস্তুতে অনুরজ্যমান হইয়া অসংখ্য জন্ম অতিবাহনের পর ভাগ্যক্রমে সদ্‌গুরুর প্রসাদে নিজাংশী ভগবানের স্বরূপতত্ত্ব প্রাপ্ত হয়েন; এবং তদিতর সমস্ত বিষয়ে নিস্পৃহ হইয়া ভগবদনুবৃত্তি দ্বারা পরিশুদ্ধ হয়েন। তখন সেই অনন্তানন্দ চিৎস্বরূপকে নিজ স্বামী ও সুহৃত্তম জানিতে পারেন এবং তাঁহাকে প্রসাদাভিমুখরূপেই প্রাপ্ত হয়েন। তিনি বহুকাল পরে সেই পরম রমণীয় রসস্বরূপ বস্তু প্রাপ্ত হইয়া আর তাঁহাকে পরিত্যাগ করিতে স্বভাবতই ইচ্ছা করেন না। অতএব তাদৃশ পুরুষের পুনরাবৃত্তির সম্ভাবনাই নাই ॥ ২২ ॥

সমুদ্ধৃত্য যো দুঃখপঙ্কাৎ স্বভক্তান্
নয়ত্যচ্যুতশ্চিৎসুখে ধাম্নি নিত্যে।
প্রিয়ান্ গাঢ়রাগাৎ তিলার্দ্ধং বিমোক্তুং
ন চেচ্ছত্যসাবেব সুজ্ঞৈর্নিষেব্যঃ॥
শ্রীমদ্‌গোবিন্দপদারবিন্দমকরন্দলুব্ধচেতোভিঃ।
গোবিন্দভাষ্যমেতৎ পাঠ্যং শপথোঽর্পিতোঽন্যেভ্যঃ॥

ইষুগুণেন্দুসংখ্যানি (১৩৫) অধিকরণানি তু মুনিগুণসংখ্যানি (৩৭) দ্বিতীয়ে সূত্রাণি ষট্‌শরেন্দুসংখ্যানি (১৫৬) অধিকরণানি তু বেদেষুসংখ্যানি (৫৪) তৃতীয়ে সূত্রাণি খগ্রহেন্দুসংখ্যানি (১৯০) অধিকরণানি তু ইষুমুনিসংখ্যানি (৭৫) চতুর্থে তু সূত্রাণি বসুমুনিসংখ্যানি (৭৮) অধিকরণানি তু গুণবেদসংখ্যানি (৪৩) ভবন্তীতি।

প্রঘট্টকার্থমতিচারুত্বাৎ পদ্যেনাহ সমিতি। দুঃখপঙ্কাৎ সংসারকর্দ্দমাৎ ভক্তান্ সমুদ্ধৃত্য সংসারপঙ্কমপনীয় কৃপাবৃষ্ট্যা স্নাপয়িত্বা চেত্যর্থঃ। চিৎসুখে স্বপ্রকাশানন্দে নিত্যে ধাম্নি অর্চ্চিরাদিনাত্মনা চ নয়তি যঃ প্রবেশয়তি প্রিয়াংস্তান্ তিলার্দ্ধমপি কালং বিমোক্তুং ত্যক্তুং নৈবেচ্ছতি। অসাবেব সুজ্ঞৈ-রূপনিষদ্ব্রহ্মস্তবেদিভির্নিষেব্যো ন ত্বেতদ্বিলক্ষণঃ শিতিকণ্ঠাদিরিতি ভাবঃ। অচ্যুতঃ স্বরূপগুণাদিভ্যঃ কদাচিদপি ন চ্যবতে স্মেতি নিষেব্যায়াং হেতুঃ। শ্লেষেণ স্বয়ং সুবলিতত্বাদন্যানসুবলিতান্ সমুদ্ধর্ত্তুমলমিতি দ্যোতিতং। গাঢ়রাগাদিত্যুভ-য়ত্র যোজ্যং॥

যে অচ্যুত স্বভক্তকে দুঃখপঙ্ক হইতে উদ্ধার করিয়া স্বীয় নিত্য চিৎসুখ-স্বরূপ ধামে নীত করেন এবং যিনি নিজ ভক্তকে প্রগাঢ় অনুরাগ বশত তিলার্দ্ধের জন্যও বিচ্যুত করেন না, সেই ভগবান শ্রীকৃষ্ণই বিদ্বান লোকের উপাস্য।

বিদ্যারূপং ভূষণং মে প্রদায় খ্যাতিং নিন্যে তেন যো মামুদারঃ।
শ্রীগোবিন্দঃ স্বপ্ননির্দ্দিষ্টভাষ্যো রাধাবন্ধুর্বন্ধুরাঙ্গঃ স জীয়াৎ॥

ইতি শ্রীমদ্‌গোবিন্দভাষ্যে ব্রহ্মসূত্রব্যাখ্যানে চতুর্থাধ্যায়স্য চতুর্থঃ পাদঃ।

সম্পূর্ণমিদং বেদান্তদর্শনম্॥

অথৈতদ্ভাষ্যাধিকারিণো দর্শয়তি শ্রীতি। অন্যেভ্যো গোবিন্দদেবতান্তরাণি চ সাম্যধিয়োপাসীনেভ্য ইত্যর্থঃ। ন চান্যনিবারণং গ্রন্থাবদ্যভয়াদিতিবাচ্যং গ্রন্থস্য সুব্যুৎপন্নৈর্নিরবদ্যতয়া গৃহীতত্বাৎ। কিন্তু বেদনির্ণীতেঽপি গোবিন্দপারতম্যে অসমবুদ্ধিভিস্তৈরবজ্ঞাতে তেষাং দুর্গতিঃ স্যাদতস্তন্মঙ্গলায়ৈব তদিতি। গোবিন্দ-নিরূপকত্বাদ্গোবিন্দেন প্রযোজকেন সিদ্ধত্বাদ্বা গোবিন্দভাষ্যমিত্যুক্তং। তদাবি-র্ভাবকস্তু স এবেতি পীঠকাদবগম্যং॥

শ্রীরাধাদিভিরাত্মশক্তিনিকরৈরুদ্বীক্ষ্যমাণক্ষণঃ
শ্রীরূপাদিমধুব্রতাশ্রিতপদদ্বন্দ্বারবিন্দাসবঃ।
গোবিন্দঃ শরদিন্দুসুন্দরমুখঃ সদ্রক্ষণৈকব্রতী
পূর্ণব্রহ্মতয়োদিতঃ শ্রুতিগণৈঃ শ্রীমান্ স জীয়াৎপ্রভুঃ॥

শ্রীমদ্‌গোবিন্দ-পদারবিন্দ-মকরন্দ-লুব্ধচিত্ত ব্যক্তিগণই এই গোবিন্দভাষ্য পাঠ করুন। অন্যের পাঠ নিষেধার্থ শপথ অর্পিত হইল।

যে উদার পুরুষ আমাকে বিদ্যারূপ ভূষণ প্রদান করিয়া তদ্দ্বারা জগতে খ্যাত করিয়াছেন, এবং যিনি স্বপ্নে এই ভাষ্য নির্দেশ করিয়াছেন, সেই রাধা-রমণ ত্রিভঙ্গভঙ্গী শ্রীগোবিন্দ জয়যুক্ত হউন।

গোবিন্দভাষ্যানুবাদে চতুর্থ অধ্যায়ে চতুর্থ পাদ।

সমাপ্ত।

শ্রুত্যাদিবাচ্যমণিদীধিতিদীপ্যমানাং
সমুক্তিকাঞ্চনরুচিচ্ছটয়া মনোজ্ঞাং।
বাগীশ্বরোক্তিমনুচিন্ত্য বুধাঃ সুধাভাং
গোবিন্দভাষ্যমসকৃৎ পরিপাঠয়ধ্বং॥

গৌড়োদয়মুপজাততমঃসমস্তং নিহন্তি যো যুগপৎ।
জ্যোতিশ্চয়োঽতিশীতঃ পীতস্তমুপাস্মহে কৃতাঞ্জলয়ঃ॥

ইতি শ্রীগোবিন্দভাষ্যব্যাখ্যানে সূক্ষ্মাভিধানে চতুর্থাধ্যায়স্য
চতুর্থপাদো ব্যাখ্যাতঃ।

সমাপ্তেয়ং শ্রীগোবিন্দভাষ্যব্যাখ্যা॥

চতুর্থ বা শেষ অধ্যায়ের স্থূল বিবরণ।

এই চতুর্থ অধ্যায়ের প্রথম পাদে তেরটি অধিকরণে উনিশটি সূত্র, দ্বিতীয় পাদে দশটি অধিকরণে একুশটি সূত্র, তৃতীয় পাদে নয়টি অধিকরণে ষোলটি সূত্র এবং চতুর্থ পাদে এগারটি অধিকরণে বাইশটি সূত্র, এইরূপে ইহাতে সর্ব্বসমেত ৭৮টি সূত্র এবং ৪৩টি অধিকরণ আছে। ঐ সকল সূত্রে জীবের সাধন ফল বিচারিত হইয়াছে বলিয়া এই অধ্যায়ের নাম ফলাধ্যায়।

গোবিন্দভাষ্য-বিবৃতি।

প্রণম্য সৃষ্টিস্থিতিনাশহেতুং বেদাদিশাস্ত্রোক্তমচিন্ত্যশক্তিং।
মহাপ্রভুং তত্ত্বগণস্বরূপং গোবিন্দভাষ্যং বিবৃণোমি সম্যক্॥

উপক্রমণিকা।

বস্তুর উদ্দেশ, লক্ষণ ও পরীক্ষা, এই ত্রিবিধ বিষয়ই মানবের আলোচ্য। তদনুসারে মানব যখনই স্থিরচিত্তে অন্তর্জগৎ ও বহির্জগতের প্রতি দৃষ্টি করেন, তখনই তাঁহার মনে প্রথমত 'আমি কে?' এই প্রশ্ন স্বতই উত্থিত হয়। এই প্রশ্নের মীমাংসা করিতে গিয়া মানব বিষম সমস্যায় পতিত হয়েন। যখন তিনি তাঁহার নিজের আকৃতি, প্রকৃতি, শক্তি ও অবস্থিতির বিষয় আলোচনা করিতে করিতে বাহ্যজগৎ পর্য্যবেক্ষণ করেন, তখনই এই প্রকাণ্ড ব্রহ্মাণ্ড তাঁহার চিন্তাপথে পতিত হইয়া একটি অতি ক্ষুদ্র ও [illegible] অতি বৃহৎ, এই দুইটি পরস্পর বিরোধী ভাবের আবির্ভাব ক[illegible]ড়ের ন্যায় উ[illegible]। তিনি তখন বোধ করেন, আমি যে পৃথিবীতে অবস্থান করিতে[illegible], তাহা এই অসীম বিশ্বসম্বন্ধে একটি ক্ষুদ্র বালুকাকণা হইতেও ক্ষুদ্রতর এবং আমি স্বয়ং স্বকীয় বুদ্ধিবলে সসাগরা ধরার ও সমস্ত জীবের উপর আধিপত্য স্থাপনে সমর্থ হইয়াও ব্রহ্মাণ্ড সম্বন্ধে ক্ষুদ্র হইতেও ক্ষুদ্রতর। ক্ষুদ্রতম নিকৃষ্ট কীটাণুরও যে দশা, আমি উৎকৃষ্ট জীব মানব, আমারও সেই দশা। সেও বাষ্পাদিক্রমে শক্তির বা গুণের পরিণাম অনুসারে ক্রমবিকাশে জীবত্ব প্রাপ্ত হইতেছে, আমিও তদ্রূপ; এতৎসম্বন্ধে

কিঞ্চিন্মাত্র ইতরবিশেষ নাই। সেও কালে উৎপত্তি-দ্বারে প্রকাশ পাইয়া কালেই বিলীন হইতেছে, আমিও কালধর্ম্মে জন্মলাভ করিয়াছি এবং কাল-গর্ভেই মিশিয়া যাইব। এই কি আমি? এই কি আমার পরিণাম? এই পর্য্যন্তই কি আমার আমিত্বের শেষ? কে আমাকে এই জগতে আনয়ন করিল? কি নিমিত্তই বা আমি আসিলাম? এবং কি করিয়াই বা যাইব?

বৈজ্ঞানিক পণ্ডিতেরা বলিয়া থাকেন,—"সত্ব, রজ ও তম, এই শক্তিত্রয় বা গুণত্রয়ের সাম্যাবস্থাই প্রকৃতি। কোন অজ্ঞেয় কারণ বশত জ্ঞানরূপিণী সত্বশক্তি ক্রিয়াশক্তিরূপা তমঃশক্তির সংযোগে বলরূপা রজঃশক্তিতে পরিণত হইলেই বিশ্বের উৎপত্তি এবং তাহার বৈপরীত্যে অর্থাৎ তমঃশক্তি সত্বশক্তির আকর্ষণে রজঃশক্তির সহিত সত্বশক্তিতে বিলীন হইলেই বিশ্বের ধ্বংস হয়। ঐ রূপে উৎপন্ন বিশ্ব হইতেই আমাদিগের এই সৌর জগতের উৎপত্তি। সৌর-জগৎ প্রথমাবস্থাতে তড়িদ্রূপেই অবস্থান করে। পরে কালক্রমে তড়িন্ময় সূর্য্যমণ্ডলের উপরিভাগস্থ কারণরূপী পরমাণু সকল ক্রমে ঘনীভূত হইয়া বাষ্পাকারে পরিণত হয়। তদনন্তর ক্রমান্বয়ে তরলত্ব ও ঘনত্ব প্রাপ্ত হইয়া কার্য্যরূপ পরমাণুর আকার ধারণ করে। প্রত্যেক পরমাণুই চঞ্চল এবং অনুবৃত্তি ও ব্যাবৃত্তি নামক শক্তিদ্বয় বিশিষ্ট। তন্মধ্যে অনুবৃত্তি শক্তি এক পর-মাণুকে অপর পরমাণুর সহিত সংযুক্ত এবং ব্যাবৃত্তি শক্তি তাহাকে তদন্য পর-মাণু হইতে বিশ্লিষ্ট করে। ক্রমিক পরিবর্ত্তনে যে পরমাণুর আকর্ষণী শক্তি অপেক্ষাকৃত অধিক হয়, সে অপর পরমাণু সমূহ আকর্ষণ পূর্ব্বক নিজ দেহ ও বল বৃদ্ধি করে এবং [illegible] শক্তিবলে ঐরূপ অপর পরমাণু মণ্ডল হইতে বিশ্লিষ্ট হয়। এই নিয়মেই [illegible] ভাবের উৎপত্তি। এবং ঐ আকর্ষণ-বিশ্লেষণ শক্তিবলেই পরমাণুসমষ্টিরূপ [illegible] ব্যমণ্ডল হইতে গ্রহ ও উপগ্রহগণের উৎপত্তি। পরমাণু সমূহ যতই ঘনীভূত হয়, ততই সঙ্কুচিত হয়, এবং উত্তাপ অন্তর্নিহিত করে। এই নিয়মানুসারে সঞ্চিত উত্তাপও আবার সময়ে সময়ে প্রসারিত ও ব্যয়িত হয়। পূর্ব্বে এই সূর্য্যমণ্ডলের ব্যাস ১৮০ অংশ ছিল। ক্রমে ক্রমে ২ অংশে পরিণত হইয়াছে। সূর্য্যের এই সঙ্কোচে পৃথ্বীমণ্ডল ক্রমে শীতল ও কঠিন হইয়া অনুমান ১৯৫৫৮৮৪৯৯১ বৎসর হইল, জীবের

আবাস-ভূমি হইয়াছে, এবং ১৯৭২৯৪৮৯৯১ বৎসর হইল, জগতের উৎপত্তি হইয়াছে।(১)

আদৌ তড়িন্ময়ী পৃথ্বী সূর্য্যমণ্ডল হইতে বিচ্ছিন্ন হইয়া প্রথমত তরলত্ব, তৎপরে কিঞ্চিদ্ঘনোত্তপ্ত বাষ্পত্বে পরিণত হইয়া গুরু-ভারা হয়। পরে ঐ বাষ্পকণা সকল গুরুভার প্রযুক্ত পরস্পর মিলিত হইয়া অসীম শূন্যে জলাকারে পরিণত হইতে থাকে। ঐ জলরাশি মাধ্যাকর্ষণ ও মহাকর্ষণ শক্তিবলে একত্র অবস্থানে ক্রমে দৃঢ় হইতে থাকে। পূর্ব্বোক্ত বাষ্প ও শেষোক্ত জলরাশির মিশ্রণই ঐ দৃঢ়ত্ব ও শীতলত্বের হেতু। জলরাশির উপরিভাগ জমিয়া দৃঢ় হইলে, তাহা হইতে স্ফটিকাদি প্রস্তর ও তাহার তলভাগে ক্রমে ধাতু, প্রস্তর ও মৃত্তিকাদির উৎপত্তি হয়। এই প্রকারে বর্ত্তমান পৃথিবীর উৎপত্তি হইলে, অভ্যন্তরস্থ উত্তপ্ত বাষ্প তাহার উপরিভাগস্থ দৃঢ় আবরণ ভেদ করিয়া উদ্গমনের চেষ্টা করিতে থাকে। তখন জলবাষ্পের সঙ্ঘর্ষে অর্থাৎ উদ্গমশীল বাষ্প ও উপরিস্থ জলরাশির সংযোগে পৃথিবীর মধ্যদেশে নূতন বাষ্পের উৎপত্তি হয়। ঐ বাষ্পের তেজেই ভূমিকম্প ও তদ্দ্বারাই পর্ব্বত ও আগ্নেয় গিরি প্রভৃতির সৃষ্টি হইয়া থাকে। এইরূপে ক্রমে যখন পৃথিবীর উত্তাপ ৮০ অংশ হইল, তখন উদ্ভিদের উৎপত্তি হইয়া।

[illegible]।এই ভূমণ্ডলে ২৪ টি মূল পদার্থ দৃষ্টিগোচর হয়। ঐ সমস্ত মূল পদার্থই এ[illegible]বাত্র বৈদ্যুতিক শক্তি হইতে পরমাণুর আকর্ষণ-বিশ্লেষণ-শক্তিবলে পঞ্চভূতের স্থ[illegible] [illegible]ম সৃষ্ট হইয়াছে। পরে উহারাই প্রকৃতির অপরিবর্ত্তনীয় নিয়মে গতিশীল ও প[illegible]বর্ত্তনশীল ভিন্ন ভিন্ন পদার্থের রূপ ধারণ পূ[illegible]ক ভিন্ন ভিন্ন আখ্যায় অভিহিত হইয়াছে। পূর্ব্বোক্ত নিয়মেই জড়ের ন্যায় উদ্ভিদ ও প্রাণিগণেরও উৎপত্তি হইয়াছে। প্রথমত আদিকারণভূতা তাড়িতশক্তি; তাহা হইতে বিশ্লিষ্ট পরমা[illegible]—তাহা হইতে সংশ্লিষ্ট পরমাণু বা সূক্ষ্ম ভূত; তাহা হইতে পৃথিবী। পরে পা[illegible] পরমাণু সমূহের স্ফীতিক্রমে উদ্ভিদ, এবং উদ্ভিদ হইতে নিকৃষ্ট জীব-[illegible]

(১)—সূর্য্যসিদ্ধান্তের মধ্যাধিকার অনুসারে গণনা করিয়া দেখিলে বর্ত্তমান বর্ষে (১২[illegible] সালে) এইরূপ গণনাতে উপস্থিত হওয়া যায়।

বিশেষের উৎপত্তি। ঐ সকল অকিঞ্চিৎকর বিভিন্ন-জনন-নিয়মাধীন ও বিভিন্নেন্দ্রিয়-শক্তি-সমন্বিত কীটাণু-মৎস্য-শম্বুক-তির্য্যগাদি হইতে ক্রমে উৎকৃষ্ট জীব মানবের উৎপত্তি। কোন জীবেরই ইন্দ্রিয় চিরস্থায়ী নহে। সুতরাং প্রকৃতি ইহাদের নবভাবে পুনরুৎপত্তির জন্য মৃত্যুরূপ আশ্চর্য্য নিয়ম সংস্থাপন করিয়া নিজের সাম্য ও অপরিবর্ত্তনীয়তা রক্ষা করিয়াছেন। জীবসকল প্রকৃতি হইতে সম্পূর্ণ নবভাবে সমুৎপন্ন হইয়া কালক্রমে প্রাচীন অবস্থায় প্রকৃতিতেই বিলীন হইতেছে; এবং আবার উৎপন্ন ও আবার বিনষ্ট হইতেছে। ভৌতিক পদার্থ মাত্রেরই উৎপাদন-শক্তি আছে এবং ঐ শক্তির তারতম্য অনুসারেই লিঙ্গভেদ হইতেছে। পরন্তু ঐ উৎপাদন-শক্তি ভিন্ন ভিন্ন জীবের ভিন্ন ভিন্ন ভাবে প্রকাশিত হইলেও প্রাকৃতিক নিয়মের কিছুমাত্র বৈলক্ষণ্য লক্ষিত হয় না। যাবদীয় উৎপাদন কার্য্যের মূলই একরূপ। কি অঙ্গ বিশেষ হইতে, কি সমগ্র দেহ হইতে, কি একজাতীয় পদার্থদ্বয় বা বহুপদার্থের সংযোগ বা বিভিন্ন জাতির সংযোগ হইতেই উৎপাদন হউক, একমাত্র দেহের অংশ বিভাগেই যে তদ্রূপ দেহান্তরের উৎপত্তি হইতেছে, তাহার ব্যতিক্রম নাই। সুতরাং ভূত হইতেই জীব এবং জীবের পরিণাম নিঃশেষে ভূতত্ব। ভূতের দ্বিবিধ কার্য্যকারিত্বই তাহার চৈতন্যের পরিচায়ক; স্বতন্ত্র চৈতন্যের অস্তিত্বে প্রমাণাভাব।"

এই পর্য্যন্তই বিজ্ঞানের শেষ সিদ্ধান্ত—চূড়ান্ত মীমাংসা। তবে এই এক-দেশদর্শী বিজ্ঞানোক্ত পরিণামই কি আমার প্রকৃত পরিণাম? অথবা ইহাই কি সত্য যে, ভূত সকল বৃক্ষ-লতা-বায়ু-মৃত্তিকাদির ন্যায় রাসায়নিক নিয়ম অ[illegible]দের একত্র সংমিলিত হইয়া এই শরীরপ্রপঞ্চ বা দেহযন্ত্রের সৃষ্টি করিয়াছে, এবং কালক্রমে দেহ বিশ্লিষ্ট হইয়া সূক্ষ্মতম অণুরূপে প্রকৃতির অঙ্কে বিলীন হইবে, কিন্তু বিলীন হইলেও আমি থাকিব—আমার আমিত্বের বিলোপ হইবে না? হৃদয়ের উপর সংশয়! এই বিচিত্র রচনাময়ী প্রকৃতি কি জড়ময়ী? এই অপূর্ব-কৌশল-বিনির্ম্মিত বিস্ময়কর বিশ্বব্রহ্মাণ্ড কি অনিত্য ও জড়ময়? ইহার অভ্যন্তরে কি চৈতন্যের বা নিত্যত্বের চিহ্ন নাই? দুর্জ্ঞেয়া প্রকৃতি এখন থাকুক! দেখুন এই জড় কার্য্য ও অজড় কার্য্যরূপ দ্বিবিধ কার্য্যকারী সচলযন্ত্রতুল্য ক্ষুদ্র মানবশরীরের নির্ম্মাণনৈপুণ্য কি অদ্ভুত—কি চমৎকার! মানবদেহ অস্থিময় ও চর্ম্মময় আবরণে

সমাবৃত—সংরক্ষিত অসংখ্য সূক্ষ্ম সূক্ষ্ম শিরার সমষ্টি। ঐ সকল শিরা মস্তিষ্ক হইতে উৎপন্ন ও বহির্গত হইয়া সমস্ত শরীর বিশেষত নাভিদেশ পরিবেষ্টন পূর্ব্বক পুনর্ব্বার মস্তিষ্কেই গিয়া মিলিত হইয়াছে। এই মূলভূত মস্তিষ্কও স্বসম্পূর্ণ শিরাবেষ্টন-সংবেষ্টিত অংশদ্বয় বিশিষ্ট। ঐ অংশদ্বয়ের মধ্যবর্ত্তী কৈশিককেন্দ্র, 'মন' এই সংজ্ঞায় সমাখ্যাত হইয়া থাকে। ঐ মনই সমস্ত জ্ঞানের আকর-স্বরূপ।

মস্তিষ্ক ভিন্ন দেহের আরও কতকগুলি অংশ আছে ;—পরিপাকযন্ত্র, রসযন্ত্র, শ্বাসযন্ত্র ও চক্ষু প্রভৃতি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। তন্মধ্যে দেহপোষক পরিপাকাদি যন্ত্রত্রয় আত্মেচ্ছাশক্তির অজ্ঞাতসারে জীবনী শক্তির অধীনে পরিচালিত হয় বলিয়া উহাদিগকে স্বাধীন, এবং চক্ষু প্রভৃতি ইন্দ্রিয় সমূহ আত্মেচ্ছাশক্তির অধীনে পরিচালিত হয় বলিয়া উহাদিগকে পরাধীন দেহ (দেহাবয়ব) কহে। জ্ঞানেন্দ্রিয় সকলের ক্রিয়াও কর্ম্মেন্দ্রিয় সমূহের ক্রিয়ার ন্যায় পূর্ব্বোক্ত শিরাসকল দ্বারাই নির্ব্বাহ হয়। উক্ত শিরা সমূহ দুই ভাগে বিভক্ত ;—জ্ঞানজনক শিরা ও ক্রিয়াজনক শিরা। যে সকল শিরা ইন্দ্রিয়-সন্নিকৃষ্ট বস্তুর প্রতিকৃতি মস্তিষ্কে আনয়ন পূর্ব্বক তত্তদ্বস্তুর জ্ঞান উৎপাদন করে, তাহারাই জ্ঞানজনক শিরা ; এবং যাহারা শরীরের সঞ্চালন-ক্রিয়া সাধন করে, তাহাদের নাম ক্রিয়াজনক শিরা। ইন্দ্রিয় সকলও মস্তিষ্কের তুল্য স্বসম্পূর্ণ অংশদ্বয় বিশিষ্ট। এইরূপে অবয়বদ্বয়ের সমবায়স্বরূপ মানব শরীরে অবয়ব দুইটি হইলেও জ্ঞান কিন্তু একটিই হইয়া থাকে। এই জ্ঞানৈকত্বই অদ্ভুত নৈপুণ্যের পরিচায়ক। ঐ জ্ঞানৈকত্ব এবং পরিচালন কার্য্যই কি শরীরের অভ্যন্তরে এবং বহির্ভাগে সমস্ত ক্রিয়ার অনন্যসাধনরূপা জ্ঞানশক্তির অস্তিত্বের পরিচয় প্রদান করিতেছে না? তবে আমরা, 'এই শরীরের জ্ঞানবান কর্ত্তা নাই'—'এই স্বতঃসিদ্ধ আত্মবোধের কারণ নাই'—এবম্প্রকার নিশ্চায়ক বাক্য প্রয়োগ দ্বারা অযোগ্য দম্ভ ও অসঙ্গত প্রলাপ প্রকাশ করি কেন? আমরা কি শরীরযন্ত্র বিশ্লিষ্ট করিয়া সমস্ত ক্রিয়ার কারণ পরীক্ষা করিয়া ঐরূপ অভ্রান্ত সিদ্ধান্তে উপনীত হইয়াছি? যদি স্থির সিদ্ধান্ত না হইয়া থাকে, তবে কেন আত্মবস্তুর অস্তিত্ব অপ্রামাণ্য বলি? যে সকল দার্শনিক আত্মাস্তিত্ব অপ্রমাণ করিতেছেন—আত্মবস্তুর অস্তিত্বে অবিশ্বাস

করিতেছেন, তাঁহারাও কি প্রকারান্তরে পরোক্ষশক্তির কর্তৃত্ব, আধিপত্য ও অস্তিত্ব অনুভব করিতেছেন না? প্রত্যেক ব্যক্তিই এই দেহপ্রপঞ্চাতিরিক্ত কোন অপ্রত্যক্ষ পদার্থকে লক্ষ্য করিয়া তাহারই উপর সার্ব্বজনীন আমিত্বের—অহঙ্কারের স্থাপনা—আরোপ করিতেছেন। প্রত্যেক ব্যক্তি চিন্তাকালে স্ব স্ব দেহবিষয়ক স্বত্বসম্বন্ধে যে দেহাতিরিক্ত আত্মসম্বন্ধ সংস্থাপন করিতেছেন, তাহা কি শিলাপুত্রের শরীরের তুল্য অর্থশূন্য কল্পিত সম্বন্ধমাত্র? তাহা কি বন্ধ্যাপুত্র, আকাশকুসুম, কূর্ম্মলোম বা শশবিষাণাদির ন্যায় কল্পনা মাত্র? যদি তাহাই হয়, তবে ইন্দ্রিয়দ্বৈতে জ্ঞানের দ্বৈধ হয় না কেন? কার্য্যভেদে কারণভেদ লক্ষিত হয় না কেন? ইচ্ছারূপ কারণ ব্যতিরেকে কার্য্য হয় না কেন? যে সকল কার্য্যের প্রতি ইচ্ছা শক্তির 'অন্যথাসিদ্ধিশূন্য-নিয়তপূর্ব্ববর্ত্তিতা' (২) পরিলক্ষিত হইতেছে না, তাহাদের দ্বারাও কি ব্যতিরেকমুখে বিশ্বাতিরিক্ত অপর এক অচিন্ত্যশক্তির পরিচয় হইতেছে না? বিবেক শক্তি কি এই প্রশ্নের উত্তরে সমস্ত ভৌতিক শক্তি অপেক্ষা বলীয়সী যাবদীয় শক্তির আধারভূতা এক অপ্রমেয়া শক্তির অন্বয়মুখে মহীয়সীরূপে আংশিক অস্তিত্ব প্রকাশ করিয়া দিতেছে না? প্রতিপদে যাহার সীমা লক্ষিত হয় না, তাহা কি অজ্ঞাতসীম বা সীমাশূন্য বলিয়া অসীমরূপে প্রতিভাত হইতে পারে না? এইরূপ আনন্ত্য ও অচিন্ত্যত্ব স্বীকারে যদি তর্কের দোষ হয়, তবে কোন তর্কেরই প্রতিষ্ঠা হইতে পারে না। ভ্রমপ্রমাদাদি-দোষ-দুষ্ট অসম্পূর্ণ মানবের সমস্ত তর্কই কি 'অভ্যুপপত্তির' উপর প্রতিষ্ঠিত নহে?

যাহা হউক, এবম্বিধ দুরূহ প্রশ্ন সকলের—ভয়ঙ্করী আপত্তি সকলের—মীমাংসা করিতে গিয়া—প্রকৃতির বিশ্লেষণে জ্ঞানকে আয়ত্ত করিতে গিয়া—সকলেই বিজ্ঞানশাস্ত্রের উপরই সমস্ত ভার ন্যস্ত করিয়া থাকেন। তখন তাঁহারা সমস্ত দোষ-গুণ বিজ্ঞানের স্কন্ধে অর্পণ করিয়া স্বয়ং অবসর গ্রহণ করেন। মানব যে বিজ্ঞানকে প্রবল আশ্রয় বিবেচনা করেন, করুন; আমরা ঐরূপ আচরণের

(২)—এইরূপ পারিভাষিক শব্দ সকলের অর্থাদি এই প্রবন্ধের যথাস্থলে বিবৃত হইবে। পারিভাষিক শব্দ সকল ' ' এইরূপ চিহ্নের মধ্যে থাকিবে।

বিরোধী নহি। কারণ, বিজ্ঞানশাস্ত্র সত্যের উপর সংস্থাপিত। পরীক্ষা দ্বারা যাহা অভ্রান্তরূপে নির্ণীত হয়, তাহাই সত্য। পরীক্ষার সাধনই প্রমাণ, অর্থাৎ বিষয় সকলের পরস্পর সৌসাদৃশ্য-বৈসাদৃশ্যাদি অবধারণ কার্য্যে প্রমাণ দ্বারাই পরীক্ষা কার্য্য নিষ্পন্ন হয়। অতএব বৈজ্ঞানিকের প্রমাণিত সত্যের উপর নির্ভর করিয়াই তত্ত্বনির্ণয় ও সত্যাসত্য বিচার আবশ্যক। তবে এস্থলে এই মাত্র বক্তব্য যে, স্বকীয় চেষ্টায় যখন কোন বিষয়ের পরীক্ষাকার্য্যে অক্ষম হওয়া যায়, তখন যেন পক্ষপাতী হইয়া কেবল স্বমতপোষক একদেশদর্শী মতের সহিত সহানুভূতি প্রদর্শন বা উহারই উপর বিশ্বাসস্থাপন না করিয়া, ইতিহাসাবলম্বনে 'উপক্রমাদির' সবিশেষ আলোচনা দ্বারা মহাজনগণের গভীর গবেষণার ফলস্বরূপ স্বপক্ষ ও বিপক্ষ উভয় মতেরই যুক্তিসকল যেন বিশেষরূপে পর্য্যালোচনা করা হয়।

আত্মজিজ্ঞাসু ব্যক্তির অপেক্ষাকৃত সরল প্রথম আলোচ্য বিষয়ই জীব-শরীর। কারণ, যে শরীরে আমরা প্রতিনিয়তই আত্মার 'অধ্যাস' অনুভব করি-তেছি, সেই শরীরই আত্মা বা তাহা হইতে অতিরিক্ত কোন পদার্থই আত্মা, এইরূপ পরীক্ষাপ্রণালী যখন আত্মার অস্তিত্ব (স্থিতি) বা নাস্তিত্ব (অস্থিতি) সপ্রমাণ করিবে, তখন দেহই পরীক্ষিতব্য ও আলোচ্য বস্তু। সুতরাং দেহই এক্ষণে আমাদিগের একমাত্র অবলম্বন। যদি আত্মা থাকেন, তাহাও যে পরীক্ষাপ্রণালী দ্বারা নির্ণীত হইবে, আর যদি না থাকেন, তাহাও সেই উপায়েই অবধারিত হইবে।

মানবশরীরে দুইটি বিভিন্ন ধর্ম্মের সমাবেশ দৃষ্ট হইয়া থাকে। তন্মধ্যে একটি জড়, অপরটি অজড়। পরমাণুসমূহ ও তাহাদের পরস্পর সংযোগ-বিয়োগে উৎপন্ন ইন্দ্রিয়গোচর পদার্থই জড়, এবং ঐ সকল পরমাণুর কারণস্বরূপ স্বপ্রকাশধর্ম্মক অতীন্দ্রিয় পদার্থবিশেষের নামই অজড়। অজ্ঞাত-সম্পূর্ণস্বরূপ স্বপ্রকাশধর্ম্মী অজড় পদার্থ হইতে জড়ের আবির্ভাব যে কিরূপে হইল, তাহা অসম্পূর্ণ মান-বের বুদ্ধির অগোচর। তবে যাহার যে ধর্ম্মের কোথাও কখন ব্যভিচার দৃষ্ট হয় নাই, তাহার সেই ধর্ম্মই সত্যধর্ম্ম, এইরূপ পরীক্ষাপ্রণালীতে আরূঢ় করিয়া প্রমাণ দ্বারা আবিষ্কৃত সত্যই সত্য, উহা কখনই অবিশ্বাস্য নহে, পরন্তু অবশ্য স্বীকার্য্য।

পূর্ব্বেই বলা হইয়াছে যে, জড়পদার্থমাত্রই পরমাণুসমষ্টি। পরমাণুদ্বয়ের সংযোগে অণুর বা দ্ব্যণুকের উৎপত্তি। ইহাই সূক্ষ্মজড়। দ্ব্যণুকনিচয়ের সংযোগে ত্রসরেণু প্রভৃতি স্থূল জড় বা ভূতের উৎপত্তি। কিন্তু এইরূপ সংযোগ প্রকৃত একীভাব নহে। অণুবীক্ষণ যন্ত্রের সাহায্যে অবগত হওয়া যায়, সমস্ত পরিদৃশ্যমান পদার্থই সচ্ছিদ্র। কোন পদার্থই পদার্থান্তরের সহিত একীভাবাত্মক অবিচ্ছিন্ন সংযোগ প্রাপ্ত হয় না; অর্থাৎ যাহাতে দুই পদার্থ এক হইয়া যায়, এপ্রকার সংযোগ ঘটে না। পরমাণুর স্বাভাবিক-কম্পন-তারতম্য-জনিত উষ্ণত্ব ও শৈত্য, আকর্ষণ-বিশ্লেষণ শক্তিবলে অবিচ্ছেদ সংযোগের ব্যাঘাত উৎপাদন করে। ইন্দ্রিয়গোচর ঘনত্বাদি জ্ঞান মানবের আপেক্ষিক জ্ঞান। পরস্পরের আকর্ষণে উৎপন্ন অবিচ্ছিন্নবৎ প্রতীয়মান ঘনসন্নিবেশই আপেক্ষিক ঘনত্বাদিজ্ঞানের সাধন। অণুসমূহের আকর্ষণ হইতে উৎপত্তি ও স্থিতি, এবং বিশ্লেষণ হইতে বিনাশ সম্পাদিত হয়। এইরূপে দেখা যায় যে, জড় ও জড়কারণ, সামান্যত অপৃথক্ ভাবাপন্ন প্রতীয়মান হইলেও ইন্দ্রিয়-গোচর জড়, জড়শক্তির অধীন; এবং অজড়, জড়শক্তির অধিনায়ক। ফলত এইরূপ অদৃশ্যপৃথকৃত্ব অস্বীকৃত হইলেও জড় ও অজড় প্রকৃতপক্ষে পৃথক্ ভাবাপন্ন।

পদার্থমাত্রই পরিবর্ত্তনশীল। উক্ত পরিবর্ত্তনই গতির বোধক; অর্থাৎ যে পদার্থের পরিবর্ত্তন দৃষ্ট হয়, সেই পদার্থের সেই পরিবর্ত্তনের প্রতি স্বসম্বন্ধিনী একটি গতির পূর্ব্ববর্ত্তিতা লক্ষিত হইয়া থাকে। ঐ গতি আবার তৎপদার্থ-নিহিত বা তৎসংযুক্ত-পদার্থান্তর-নিহিত বেগ দ্বারা সম্পাদিত হইয়া থাকে। এইরূপ অনুমানই কার্য্যকারণানুমান। কার্য্যকারণানুমানের অব্যভিচারিত্বেরই প্রামাণ্য স্বীকৃত হয়;—অর্থাৎ যে অন্তর্নিহিত বেগ যে ধর্ম্মবিশিষ্ট হওয়াতে গতির সাক্ষাৎসম্বন্ধে ও পরিবর্ত্তনের পরম্পরাসম্বন্ধে কারণরূপে অনুমিত হইতেছে, ঐ ধর্ম্মের যদি কুত্রাপি ব্যভিচার না থাকে, তবে ঐ অনুমান সত্য বলিয়া প্রতীত হয়। এইরূপে উক্ত অনুমানই প্রমাণ করিতেছে যে, সমস্ত ক্রিয়ার মূলকারণই জ্ঞানশক্তি ও জড়শক্তি। কেবল জড়শক্তির কারণতা স্বীকারে 'অনবস্থাপত্তি' প্রভৃতি তর্কদোষ উপস্থিত হয়। শক্তি সকল একমাত্র আধারে সামঞ্জস্যভাবে অবস্থান করিলেও গুণবিভেদ অনুসারে শক্তির বিভিন্ন আখ্যা হইয়াছে।

শক্তি প্রধানত ত্রিবিধ। অন্তরঙ্গ, বহিরঙ্গ ও তটস্থ। অন্তরঙ্গ বা স্বরূপ শক্তি বৈদান্তিক ভাষ্যে পরা, বিদ্যা, চিৎ ও জ্ঞান প্রভৃতি নামে, এবং পাশ্চাত্য দর্শনশাস্ত্রে আত্মশক্তি নামে প্রসিদ্ধ। বহিরঙ্গ (অপরা, অবিদ্যা, অচিৎ, ক্রিয়া বা মায়া) শক্তি অধুনাতন বৈজ্ঞানিক গ্রন্থে রাসায়নিক শক্তি সংজ্ঞাতে অভিহিত হয়। তটস্থ (জৈব বা বল) শক্তিরই নামান্তর শারীর শক্তি। যে শক্তি দ্বারা আকর্ষণ-বিশ্লেষণ-ক্রিয়া নিষ্পন্ন হয়, তাহারই নাম রাসায়নিক শক্তি। ঐ রাসায়নিক শক্তি আবার ভিন্ন ভিন্ন কার্য্যদ্বয় অনুসারে দুই ভিন্ন নামে অভিহিত হয়। যথা :—যে শক্তি যাবদীয় পদার্থের গতিরোধ করে, তাহার নাম মহাকর্ষণ শক্তি ; এবং যে শক্তি দ্ব্যণুকের কম্পন ও আলোক উৎপাদন করে, তাহার নাম তৈজস বা তাড়িত শক্তি। শারীর শক্তিও রাসায়নিক শক্তির সহিত মিলিত হইয়া কার্য্যবিভেদে ভাগদ্বয়ে বিভক্ত হয়। যথা :—যে শক্তি ইন্দ্রিয়গণকে সজীব রাখে, তাহার নাম জীবনী শক্তি ; এবং যে শক্তি ঐ সকল ইন্দ্রিয়ের গতি বিধান করে, তাহার নাম কৈশিকী শক্তি।

পূর্ব্বোক্ত সমস্ত শক্তিই প্রাকৃতিক নিয়মানুসারে সামঞ্জস্যভাবে এই বিশ্বমধ্যে কার্য্য করিতেছে। ঐ কার্য্য সকলের সুশৃঙ্খলার জন্য যেখানে যে শক্তির যে পরিমাণে প্রয়োজন, সেখানে সেই শক্তি সেই পরিমাণেই নিহিত রহিয়াছে। ঐ সকল শক্তির মধ্যে কোন কোন শক্তি সামান্য-বেদ্য ; কিন্তু সামান্য-বেদ্য হইলেও এককালে অবেদ্য নহে। সুতরাং সমস্ত শক্তিরই কার্য্যকারিত্ব অবশ্য স্বীকার্য্য ; এবং বিশ্বান্তর্গত মানবে ঐ শক্তির অবস্থানও অপরিহার্য্য।

ফলত যে নিয়মে স্ত্রীজাতীয় ক্ষয়বর্দ্ধনশীল অণুর সহিত পুংজাতীয় অণুর সংযোগে দ্ব্যণুক শরীরের উৎপত্তি,—যে নিয়মে পুংজাতীয় বীজাণু ও স্ত্রীজাতীয় বীজাণুর সংযোগে তরুলতাদি উদ্ভিজ্জগণের উৎপত্তি,—যে নিয়মে উভয় জাতীয় দেহাণুর সংযোগে স্বেদজ দেহের উৎপত্তি,—যে নিয়মে উভয় জাতীয় রেতাণুর সংযোগে অণ্ডজগণের উৎপত্তি,—সেই একমাত্র প্রাকৃতিক নিয়মাধীনে স্ত্রীপুংজাতীয় শোণিত-শুক্র-সহযোগেই নিকৃষ্ট জরায়ুজক্রমে উৎকৃষ্ট জীব মানবেরও উৎপত্তি হইয়াছে। যে নিয়মে উভয়জাতি-সংযোগোৎপত্তি-বশত প্রতিদেহেই উভয় জাতীয় চিহ্ন লক্ষিত হয়,—যে নিয়মে তরু লতা কীট পতঙ্গ প্রভৃতি

সকলের শরীরেরই অঙ্গদ্বয় লক্ষিত হয়,—যে নিয়মে পশুশরীরে স্বসম্পূর্ণ সম শরীরাংশদ্বয় লক্ষিত হয়,—সেই একই প্রাকৃতিক নিয়মক্রমে মানবশরীরেরও সর্ব্বাংশেই স্বসম্পূর্ণ দুইটি দুইটি করিয়া অঙ্গপ্রত্যঙ্গ সকল পরিদৃষ্ট হয়। অধিক কি, পূর্ব্বেই বলা হইয়াছে যে, মানবের মনোযন্ত্রের আধারভূত মস্তিষ্কও দুইটি সমান স্বসম্পূর্ণ অংশে বিভক্ত। স্ব-কারণ-সম্ভূত এই দ্বৈতভাব, প্রতিক্রিয়াতেই শক্তির স্বাধীন পূর্ব্বভাব এবং ইচ্ছাশক্তির অজ্ঞাতসারেও কোন কোন স্থানে কার্য্যের উৎপত্তি প্রভৃতির সম্যক্ পর্য্যালোচনার্থই দর্শনশাস্ত্রের আবির্ভাব। প্রমাতা আত্মার ইচ্ছাধীন আত্মজিজ্ঞাসার আবির্ভাবে আত্মাস্তিত্ব স্বতই ব্যক্ত হইলেও আত্মাতে অধ্যস্ত অনাত্মজ্ঞানের নিরাকরণার্থ দর্শনশাস্ত্রের প্রবৃত্তি; অর্থাৎ প্রমাণ দ্বারা আত্মস্বরূপ ব্যাখ্যানেই দর্শনশাস্ত্র নিজ সাফল্য প্রদর্শন করিয়া থাকেন। আত্মার ঐ স্বতঃসিদ্ধ নিত্যধর্ম্ম বা স্বপ্রকাশ ভাব, কি প্রত্যক্ষ কি অনুমান, উভয়ত্রই, কার্য্য কারণ, জড় শক্তি, এবং কাল ও আধার সত্তাতে স্বতঃসিদ্ধ ভাবে উপস্থিতি দ্বারা প্রকাশ হয়।

দর্শনশাস্ত্রীয় প্রমাণের রীতি দ্বিবিধ; সংযোজনী ও বিয়োজনী। বিয়োজনী রীতিতে আমরা তটস্থ ভাবে অস্বরূপ নিরসনে স্বরূপসত্তা অনুভব করি, এবং সংযোজনী রীতিতে স্বরূপত বস্তুর স্বরূপের জ্ঞান লাভ করি। বিশেষ-ইন্দ্রিয়-বেদ্য বিশেষ গুণ সকল বিয়োজনী রীতির সহায়, এবং সর্ব্বেন্দ্রিয়বেদ্য সামান্য গুণ সকল সংযোজনী রীতির সহায়; অর্থাৎ বিশেষগুণগুলি সাক্ষাৎসম্বন্ধে উপলব্ধ হইয়া স্বতঃসিদ্ধ ভাবে বস্তুসত্তা ব্যক্ত করে, এবং সামান্যগুণসকল পরম্পরাসম্বন্ধে অনুভূত হইয়া স্বতঃসিদ্ধভাবেই বস্তুস্বরূপ জ্ঞাপন করে। এই প্রকারেই আত্মবস্তুরও জ্ঞান হইয়া থাকে। কিন্তু ব্যাপক বস্তুর প্রকৃত জ্ঞানলাভে একটি ব্যাপক প্রমাণ-বিশেষের প্রয়োজন হয়। প্রত্যক্ষ ও অনুমান রূপ মানবীয় প্রাকৃত প্রমাণ ঐ স্থলে পরাভব প্রাপ্ত হইয়া একটি অপৌরুষের অপ্রাকৃত প্রমাণের প্রয়োজনীয়তা ও সার্থকতা প্রদর্শন করে।

মনোবিজ্ঞান।

দর্শনশাস্ত্র দুই ভাগে বিভক্ত; মনোবিজ্ঞান অর্থাৎ বাহ্যবস্তুর সহিত মনের সম্বন্ধ-নিরূপক বিজ্ঞানশাস্ত্র, এবং তত্ত্ববিজ্ঞান অর্থাৎ মনের অতীত সত্যবস্তুর সহিত মনের সম্বন্ধ-নিরূপক বিজ্ঞানশাস্ত্র।

অস্তিত্ব-নাস্তিত্বাত্মক তত্ত্বজ্ঞান, সৎ অর্থাৎ যে সকল বস্তু আছে তাহাদের সত্ত্ব বা অস্তিত্ব, এবং অসৎ অর্থাৎ যে সকল বস্তু নাই তাহাদের অসত্ত্ব বা অনস্তিত্ব ভেদে দ্বিবিধ। সৎ সৎ অর্থাৎ আছে আছে, এইরূপে গৃহ্যমাণ বিষয়ের অবিপরীত তত্ত্বজ্ঞানই সত্ত্বজ্ঞান বা অস্তিত্বজ্ঞান, এবং অসৎ অসৎ অর্থাৎ নাই নাই, এইরূপে গৃহ্যমাণ বিষয়ের অবিপরীত তত্ত্বজ্ঞানই অসত্ত্বজ্ঞান বা নাস্তিত্ব জ্ঞান। দীপ দ্বারা দৃশ্য বস্তুর উপলব্ধি হইলে, যেরূপ জ্ঞান হয়, তদ্রূপ জ্ঞানের নামই অস্তিত্ব জ্ঞান, এবং ঐ দৃশ্য বস্তুর ন্যায় যে যে বস্তুর উপলব্ধি হয় না, তাহাদের অনুপলব্ধি রূপ যে জ্ঞান, তাহারই নাম নাস্তিত্ব জ্ঞান; অর্থাৎ যাহা আছে, তাহার উপলব্ধি হইতেছে, এইরূপে নিশ্চয়াত্মক যে বস্তুজ্ঞান, তাহাই অস্তিত্ব জ্ঞান, এবং যদি থাকিত, তবে তাহার উপলব্ধি হইত, যাহার উপলব্ধি হইতেছে না, তাহা নাই, এইরূপ অভাবজ্ঞানই নাস্তিত্ব জ্ঞান। উক্ত প্রকারে সতের প্রকাশক 'প্রমাত্মক' জ্ঞানসাধনই অসতেরও প্রকাশক হইয়া থাকে। এইরূপ প্রমাত্মক জ্ঞানসাধন বা প্রমাণ দ্বারা অর্থ-প্রতিপত্তি (বিষয়জ্ঞান) হয়। তদনন্তর তদ্বিষয়ে প্রবৃত্তি, ও প্রবৃত্তি হইতে ফলের উৎপত্তি হয়; এই নিমিত্তই প্রমাণ ফলজনক বলিয়া নির্দ্দিষ্ট হইয়া থাকে। প্রমাণ ব্যতিরেকে বিষয়ের জ্ঞান হয় না। বিষয়জ্ঞান ব্যতিরেকে প্রবৃত্তি-সামর্থ্যও ঘটে না। জ্ঞাতা বিষয়জ্ঞান লাভ পূর্ব্বক তদ্বিষয়ের লিপ্সা (লাভেচ্ছা) বা জিহাসা (ত্যাগেচ্ছা) করিয়া থাকেন। লাভেচ্ছা-প্রযুক্ত বা ত্যাগেচ্ছা-প্রযুক্ত জ্ঞাতার চেষ্টাবিশেষের নামই প্রবৃত্তি। চেষ্টমান ব্যক্তি বিষয়-বিশেষের লাভে বা ত্যাগে ইচ্ছুক হইয়া বিষয়-সাফল্য লাভ বা ত্যাগ করিয়া থাকেন। সুখ ও সুখের কারণ এবং দুঃখ ও

দুঃখের কারণকেই বিষয় বলে। উক্ত বিষয় আবার প্রাণিভেদে অসংখ্য। প্রমাতা, অর্থবিশিষ্ট প্রমাণ দ্বারা প্রমেয়ের প্রমিতি লাভ করিয়া থাকেন; অর্থাৎ প্রমাতৃজীব বা বিষয়ী সত্যবস্তুবিষয়ক প্রমাণ বা জ্ঞানসাধন দ্বারা, ঐ সত্যবস্তুর সম্বন্ধে সত্যজ্ঞান লাভ করেন। প্রমাতা, প্রমাণ, প্রমেয় ও প্রমিতি, এই চারিটির মধ্যে একের অভাব হইলেই জ্ঞানেরও অভাব হইয়া থাকে। যাঁহার লাভেচ্ছা বা ত্যাগেচ্ছা হইতে প্রবৃত্তির উদ্রেক হয়, তাঁহারই নাম প্রমাতা, প্রমাতা যে সাধন দ্বারা প্রমেয়ের প্রমাত্মক জ্ঞান লাভ করেন, তাহার নাম প্রমাণ। প্রমাতা যে বিষয়ের সহিত প্রমাণের সম্বন্ধ বিশেষে প্রমাজ্ঞান লাভ করেন, তাহারই নাম প্রমেয়। এবং ঐরূপ সম্বন্ধ সঙ্ঘটনে যে জ্ঞানবিশেষ উৎপন্ন হয়, তাহারই নাম প্রমিতি। উক্ত প্রমাত্রাদি-বিষয়-চতুষ্টয়ই অর্থতত্ত্বের (সমস্ত বিষয়জ্ঞানের) নিদান স্বরূপ।

জ্ঞান প্রধানত দুইভাগে বিভক্ত; প্রমাজ্ঞান ও অপ্রমাজ্ঞান। সত্যজ্ঞানের নাম প্রমাজ্ঞান এবং ভ্রমজ্ঞানের নাম অপ্রমাজ্ঞান। যে বস্তু যে যে ধর্ম্ম-বিশিষ্ট, সেই বস্তুকে সেই সেই ধর্ম্মবিশিষ্ট বলিয়া বোধের নাম প্রমাজ্ঞান, এবং যে বস্তু যে যে ধর্ম্মবিশিষ্ট নহে, সেই বস্তুকে সেই সেই ধর্ম্মবিশিষ্ট বলিয়া বোধের নাম ভ্রমজ্ঞান। এই উভয়বিধ জ্ঞানেরই সাধন ইন্দ্রিয়। ইন্দ্রিয়বোধে ভ্রান্তি থাক আর নাই থাক; ইন্দ্রিয়বোধ ভিন্ন আমাদিগের জ্ঞানের উপায়ান্তর দেখা যায় না। বস্তুত ইন্দ্রিয়ই আমাদিগের সর্ব্ববিধ জ্ঞানের মূল। যেখানে ইন্দ্রিয়বোধ নাই, সেখানে কোন জ্ঞানই নাই। যোগ্যই হউক আর অযোগ্যই হউক, পূর্ণই হউক আর অপূর্ণই হউক, সত্যই হউক আর অসত্যই হউক, ইন্দ্রিয় দ্বারাই আমাদিগের সকল জ্ঞান অর্জ্জিত ও সংস্কৃত হইতেছে। বস্তুর পরিদৃশ্যমান রূপ বা গুণ ব্যতীত আমরা আর কিছুই দেখি না বা ইন্দ্রিগোচর করি না। বস্তুর স্বরূপ বা নির্গুণ সত্তায় আমাদিগের সাক্ষাৎ সম্বন্ধে কোন অধিকারই নাই। ইন্দ্রিয়ের বিষয়কেই বস্তু বলে; যাহা ইন্দ্রিয়ের বিষয় নহে, তাহা অবস্তু। অতীন্দ্রিয় আকাশকুসুমাদি বস্তু হইতে পারে না। ইন্দ্রিয় ব্যতীত কোন ধারণা, ভাবনা বা কল্পনাও সম্ভাবিত হইতে পারে না। মানব-মনের ধারণা, ভাবনা বা কল্পনা সকলকে বিশ্লিষ্ট করিলে, ইন্দ্রিয়জন্য জ্ঞানই অবশিষ্ট

থাকে। ফলত সকল জ্ঞানেরই মূল ইন্দ্রিয়সন্নিকৃষ্ট বিষয়প্রতিকৃতি বা ইন্দ্রিয়-জন্য জ্ঞান। যাহা কেহ কখন প্রত্যক্ষ করে নাই, আমরা তাহা বিশ্বাসও করি না। যাহা জনসাধারণ প্রত্যক্ষ করিয়াছেন, তাহাই বিশ্বাস্য।

কেহ কেহ বলেন, "প্রথমত দেখা যাইতেছে যে, বস্তুর উপলব্ধি, বস্তুর সহিত ইন্দ্রিয়ের ক্ষণিক সন্নিকর্ষের ফল। রূপ বস্তুতেও দৃষ্ট হয় না, চক্ষুতেও দেখা যায় না; কিন্তু চক্ষুর সহিত রূপবৎ বস্তুর ক্ষণিক সম্বন্ধ ঘটিলেই রূপের জ্ঞান উৎপন্ন হয়। দ্বিতীয়ত, একই বস্তু ইন্দ্রিয়ের অবস্থাভেদে ভিন্ন ভিন্ন ভাবে প্রকাশিত হইয়া থাকে। পিত্তরোগে সকল বস্তুই পীতবর্ণ দেখা যায়; রূপান্ধতারূপ রোগবিশেষে রক্তবর্ণ বস্তু নীলবর্ণ দেখা যায়; রুগ্ন অবস্থায় মিষ্ট বস্তুও রসনাতে তিক্ত বোধ হয়। ব্যক্তির অবস্থার পরিবর্ত্তনে এইরূপ বস্তুরও অবস্থার পরিবর্ত্তন হইতেছে। তৃতীয়ত, একই বস্তু বিভিন্ন ইন্দ্রিয়ের সাহায্যে বিভিন্ন জ্ঞান উৎপাদন করিতেছে। একই ফল, চক্ষুতে বর্ণজ্ঞান, রসনাতে রসজ্ঞান, নাসিকাতে গন্ধজ্ঞান প্রভৃতি বিভিন্ন ইন্দ্রিয়ে বিভিন্ন ভাব ধারণ করিতেছে। ভিন্ন ইন্দ্রিয়ের বিষয়সকল যদি ভিন্ন হয়, তবে ফলকেও একটি বস্তু না বলিয়া অনেকগুলি বস্তু বলিতে হয়। যদি ফলের স্বগতভেদ না স্বীকার করা হয়, তবে অবশ্যই ইন্দ্রিয়ের বিষয় সকলকে প্রকৃত বস্তু না বলিয়া অপ্রকৃত বস্তু বলিয়াই নির্দ্দেশ করিতে হয়। চতুর্থত, একই বস্তু একই নীরোগ-ইন্দ্রিয়ে দূরত্বাদি বিভিন্ন অবস্থাতে বিভিন্ন জ্ঞান উৎপাদন করিতেছে। পঞ্চমত, স্বপ্নাদিতে প্রকৃত বস্তুর অভাবেও বস্তুবিষয়ক জ্ঞানের অভাব হইতেছে না। এই প্রকারে অবস্তুর বোধ উৎপাদন করিয়া ইন্দ্রিয় কি বলিয়া প্রমাণ হইবে? তুল্য-ধর্ম্মীরই পরস্পর গ্রাহ্যগ্রাহকতা দেখা যায়। অবস্তুর গ্রাহক ইন্দ্রিয় অবশ্যই অবস্তু ও অপ্রমাণ হইবে।"

যদিও এইরূপ বিরোধী যুক্তিসকল দেখা যাইতেছে বটে, কিন্তু ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে, ইন্দ্রিয় কখনই আমাদিগকে প্রতারণা করে না। ইন্দ্রিয়জন্য উপলব্ধির অনন্তর যে সকল অনুলব্ধি হয়, তাহারাই আমাদিগকে প্রতারণা করে; অনুলব্ধিই ভ্রমের কারণ। যাঁহারা মনে করেন, ইন্দ্রিয় আমা-দিগকে প্রতারণা করে, তাঁহারা নিশ্চয়ই স্থূলদর্শী। ইন্দ্রিয়ের প্রামাণ্য আছে

কি না, বিচার করিতে হইলে, প্রথমত জ্ঞায়মান বস্তু ও প্রকৃত বস্তু এতদুভয়ের ভেদ অবগত হইতে হয়। মনে করুন, আমরা দূর হইতে কোন ব্যক্তিকে পরিচিত ব্যক্তি বলিয়া বোধ করিলাম; কিন্তু যখন তাঁহার নিকটবর্ত্তী হইলাম, তখন জানিলাম, তিনি পরিচিত ব্যক্তি নহেন, অপরিচিত ব্যক্তি। চক্ষু ব্যক্তি-কেই দর্শন করিয়াছে, কিন্তু পরবর্ত্তী মানসিক ব্যাপার সকল ব্যক্তিবিষয়ক ভ্রম উৎপাদন করিল। প্রথম দর্শনে চক্ষু দ্বারা দূরবর্ত্তী বস্তুবিশেষের উপস্থিতি জ্ঞানও প্রকৃত পক্ষে উৎপন্ন হয় না; কিন্তু দর্শনেন্দ্রিয়ের সহিত কোন না কোন একটি বস্তুর সন্নিকর্ষ হইয়াছে, এই মাত্র বোধ হইয়া থাকে। তদনন্তর পূর্ব্বোপ-লব্ধ বস্তুর ধারণা ও তদ্গত সাদৃশ্য-বৈসাদৃশ্য ভাবনা দ্বারা কতকগুলি বিশেষ গুণ বা ধর্ম্মের সমবায়ে ঐরূপ বিশিষ্ট বস্তুটি আমার ইন্দ্রিয়বৃত্তি হইতে ভিন্ন ভাবে বাহ্য জগতে কিঞ্চিৎ দেশ আশ্রয় করিয়া অবস্থিত, এই পর্য্যন্ত বোধ হয়; কিন্তু তখনও ঐ বস্তুটি মনুষ্য বলিয়া প্রতীতি হয় না। পরে ঐ বস্তুটি মনুষ্য রূপে প্রতীত হইলেও, এবারেও উহার পরিচিতত্ব বা অপরিচিতত্ব অনুভূত হয় না। তাদৃশ অনুভবে আর একটি চিন্তার অর্থাৎ পরিচিত ব্যক্তির স্মরণের অনন্তর উপমিতির প্রয়োজন। যদিও একটি জ্ঞানে পর পর এতগুলি ক্রিয়া হইল, কিন্তু ঐ সকল ক্রিয়ার অতীব সত্বরতাপ্রযুক্ত তাহার কিছুই অনুভূত হইল না। এই রূপে পরিদৃশ্যমান বস্তু ও প্রকৃত বস্তুর ভেদ বিলক্ষণ অনুভব করা যায়। সকল জ্ঞানেই প্রকৃত বস্তু ও তাহার পরিদৃশ্যমান ভাব, এই উভয়ই মিলিত ভাবে কার্য্য করে। জ্ঞানে প্রকৃত বস্তুরও যেরূপ প্রয়োজন, তাহার পরিদৃশ্যমান ভাব বা বস্তুপ্রতিকৃতিরও তদ্রূপ প্রয়োজন। এতদ্দ্বারা আরও জানা যাইতেছে যে, আমাদিগের অনুভবের সহিত ইন্দ্রিয়সন্নিকর্ষও দৃঢ় সম্বদ্ধ। আমরা যতক্ষণ অনু-ভব করি, ততক্ষণই বাহ্যবস্তুর সহিত ইন্দ্রিয়সন্নিকর্ষও থাকে। অনুভবের বিরামে ইন্দ্রিয়সন্নিকর্ষেরও বিরতি বোধ হয়। যদিও অনুভবের অপগমে ইন্দ্রিয়সন্নিকর্ষ অনুভব হয় না বটে, কিন্তু ইন্দ্রিয়সন্নিকর্ষের অনুভব না থাকিলেও তৎকালে বাহ্য বস্তুর অভাব হইয়াছে বলিতে পারা যায় না। কারণ, অনুভবের অভাব আমাদিগকে বাহ্যবস্তুর অভাবের সিদ্ধান্তে লইয়া যাইতে পারে না; অননুভব-কালেও বস্তুর অস্তিত্বের ধারণা অপরিহরণীয়।

বস্তুত মায়াবাদী ব্যতীত আর কেহই বাহ্যবস্তুর অস্তিত্বের অপলাপ করিবেন না। তিনি ব্যতীত আর কেহই ইন্দ্রিয়জন্য জ্ঞানকে অবিশ্বাস করিবেন না। ইন্দ্রিয় কখনই আমাদিগকে প্রতারণা করে না। ইন্দ্রিয় যখন যাহা যেরূপে গ্রহণ করে, তখন তাহা সেইরূপেই প্রকাশ করে। গ্রহণকালে যে বস্তু নিজের যে ভাব ব্যক্ত করে, ইন্দ্রিয় সে বস্তুর সেই ভাবই গ্রহণ করে ও প্রকাশ করে। ভ্রমজ্ঞানেও ইন্দ্রিয় মিথ্যাবাদী বা প্রতারক নহে। ইন্দ্রিয়ই যখন ভ্রমকে ভ্রম বলিয়া দিতেছে, তখন ইন্দ্রিয়কে মিথ্যাবাদী বলা যাইতে পারে না। ইন্দ্রিয় যাহা দেখিবে, তাহাই বলিয়া দিবে। তবে প্রমাতৃগত দোষ অর্থাৎ ইন্দ্রিয়শক্তির উপযুক্ত স্ফুরণের অভাবই ভ্রমের কারণ। ফলত যাহাকে আমরা ইন্দ্রিয়ভ্রম বলিয়া থাকি, তাহা উপলব্ধির অস্পষ্টতা ও তজ্জনিত অনুলব্ধির দোষ ভিন্ন আর কিছুই নহে। অন্ধকারে রজ্জু দেখিলে যে সর্পভ্রম হয়, তাহাতে উক্ত উভয় দোষই আছে। ঐস্থলে উপলব্ধিও অস্পষ্ট এবং অনুলব্ধিও ভ্রান্ত। মরীচিকা দূর হইতে জলাশয় রূপে প্রতীত হইল; অর্থাৎ জলসদৃশ-বর্ণবিশিষ্ট বিস্তৃতিবিশেষ নয়নগোচর হইল। এই স্থলেও উক্ত উভয় দোষই বিদ্যমান রহিয়াছে। তৃষ্ণাতুর পথিক ক্রমে ভ্রান্ত জলাভিমুখে অগ্রসর হইতে লাগিল। রজ্জু-সর্পস্থলে যেরূপ অন্ধকারবশত অস্পষ্ট দৃষ্টিতে রজ্জু সর্পবৎ অনুভূত হইয়াছিল, এ স্থলেও সেইরূপ দূরত্বপ্রযুক্ত তেজঃ-প্রতিবিম্বনে আলোকে জলের বর্ণ বোধ হইয়াছে, এবং সেই জলসদৃশ বর্ণবিশিষ্ট বিস্তৃত দেশে জলের ধারণামালা পর পর অনুলব্ধিতে উপস্থিত হইয়াছে। উক্ত অনুলব্ধি সকলও ভ্রমাত্মক। পথিক দূরদৃষ্ট ভ্রান্ত জলাশয়ের নিকটবর্ত্তী হইলেন,—দেখিলেন, তাহা পূর্ব্ববৎ দূরেই রহিয়াছে; তিনি যতই অগ্রসর হইতে থাকেন, জলাশয়ও ততই অন্তর্হিত হইতে থাকে। পরে তাঁহার ভ্রম দূর হইলে, তিনি জানিতে পারেন যে, উহা জল নহে, উহা তাঁহার দৃষ্টিভ্রম। ফলত দৃষ্টিরও ভ্রম হয় নাই। চক্ষুতে জলেরই বর্ণ প্রতীয়মান হইয়াছিল। দূরত্বপ্রযুক্ত সুস্পষ্ট উপলব্ধি হয় নাই, জলসদৃশ বর্ণ ই জলবর্ণ বলিয়া অনুলব্ধ হইয়াছিল। যাহা হউক, কোন ইন্দ্রিয় কচিৎ ভ্রান্ত বা অশক্ত হইলেও অপর ইন্দ্রিয় দ্বারা সে ভ্রমের সংশোধন হইয়া থাকে। যদি কোন স্থলে এরূপেও ভ্রমের সংশোধন না হয়, তবে তখন সমগ্র মনুষ্যজাতির ইন্দ্রিয়সমষ্টির

উপর নির্ভর করিতে হইবে; যেহেতু উহা অভ্রান্ত। উহাতে ভ্রম থাকিলেও আপাতত উহাকে অভ্রান্তই বলিতে হইবে। কারণ, অলৌকিক জ্ঞানের সাহায্য ভিন্ন ঐ ভ্রমের নিরাকরণ সম্ভাবিত নহে; এবং উহাকে ভ্রম বলিয়া স্থির করাও তাদৃশ জ্ঞানের সাহায্য ভিন্ন আমাদিগের দ্বারা সম্ভব হয় না।

অন্ধকারে রজ্জুদর্শনে যে সর্পভ্রম হয়, তাহাও প্রকৃত দৃষ্টিভ্রম নহে। উহার মূলে অস্পষ্ট দৃষ্টি অর্থাৎ দর্শনশক্তির উপযুক্ত স্ফুরণের ন্যূনতা রহিয়াছে। প্রথমত, রজ্জুকে অন্ধকারে অস্পষ্ট দেখা গেল; পরে তাহার আকার প্রকারে সর্পের অনুলব্ধি হইল; কিন্তু সর্পদর্শন হইল না। রাত্রি,—অন্ধকার,—উহার সহিত নানাপ্রকার ধারণামালা মনে জাগরূক রহিয়াছে; সর্পও তন্মধ্যে একটি; অর্থাৎ রাত্রিকালে সর্প বহির্গত হয়, মনে এইরূপ ধারণা রহিয়াছে। অন্ধকারে রজ্জুর দীর্ঘ ও গোল আকৃতি অস্পষ্ট উপলব্ধ হওয়ায় সর্পভীত পথিকের মনে স্বতই সর্প (অস্ফুটদৃষ্ট রজ্জুর আকার প্রকার হইতে কাল্পনিক জীব—সরীসৃপ—বিষাক্ত প্রভৃতির ধারণামালা) মনে উপস্থিত হইল। সেই অনুলব্ধির ভ্রান্তিবশতই এতাদৃশ ভ্রম জন্মে। যে ব্যক্তির অন্ধকারের সহিত—রাত্রির সহিত—ভূতপ্রেতাদির ধারণামালা মনে আছে; অর্থাৎ যাহার সংস্কার বশত বিশ্বাস আছে যে, অন্ধকারে ভূতপ্রেতাদি বিচরণ করে, তাহার নিজ ছায়াদিতেও ভূতাদিভ্রম জন্মিয়া থাকে; ইহাও সেই অনুলব্ধির ভ্রম—দৃষ্টিভ্রম নহে। ফলত কি স্বপ্ন, কি মত্ততা, কি জড়তা, কি রুগ্নাবস্থা, কি বিকার, সকল অবস্থার ভ্রমেই ইন্দ্রিয়শক্তির বহির্ভাগে গমন করিবার সাধ্য নাই। কোন অবস্থাতেই অভাবনীয় অতীন্দ্রিয় কোন বিষয়েরই অনুভব হয় না।

কোন একজন প্রসিদ্ধ দার্শনিক বলিয়াছেন,—একজন অশীতিবর্ষবয়স্ক, নীরোগসদৃশ-প্রতীয়মান, বিদ্বান ও বুদ্ধিমান বৃদ্ধের বার বৎসর পর্য্যন্ত প্রায় প্রত্যহই দৃষ্টিভ্রম হইত। তিনি সম্মুখে সততই মনুষ্যমূর্ত্তি দেখিতে পাইতেন। শরীরের উপরার্দ্ধ স্পষ্টই দৃষ্টিগোচর হইত; কিন্তু নিম্নার্দ্ধ মেঘাচ্ছাদিতের ন্যায় বোধ হইত। মূর্ত্তিগুলি প্রত্যহ একরূপ লক্ষিত হইত না বটে; কিন্তু প্রত্যেকটিই তিনি শত শত বার দর্শন করিয়াছিলেন। ঐ সকল মূর্ত্তি তিনি পূর্ব্বে কখন কোথাও দেখিয়াছিলেন কি না, তদ্বিষয়ে তাঁহার কিছুই স্মরণ ছিল না। তবে

তিনি উহাদের মধ্যে কখন কখন আপনার মুখও দেখিতে পাইতেন; উহা ক্রমে যৌবনাবস্থা হইতে প্রৌঢ়ে ও পরে বার্দ্ধক্যেও পরিণত হইত। তিনি নয়ন উন্মীলন করিলেও ঐ সকল মূর্ত্তি যেরূপ দেখিতেন, আর নেত্র নিমীলন করিলেও সেইরূপই দেখিতেন। অনেক সময় ঐ সকল মূর্ত্তি দেখিতে ইচ্ছাও হইত এবং দেখিলে আনন্দও হইত। ইচ্ছা পূর্ব্বক চক্ষুতে হস্তমার্জ্জন করিলে বা উপর্য্যুপরি শীঘ্র শীঘ্র চক্ষু মুদ্রিত বা উন্মীলিত করিলে মূর্ত্তিগুলি অদৃশ্য হইয়া যাইত। কি দিবা, কি রাত্রি, কি আলোক, কি অন্ধকার, সকল সময়েই তিনি ঐ সকল মূর্ত্তি দেখিতে পাইতেন। এক দিন তিনি তাঁহার মৃতপত্নীর মূর্ত্তি সন্দর্শন করিয়া এবং ঐ মূর্ত্তি তাঁহাকে অনুসরণের জন্য ইঙ্গিত করিতেছে ভাবিয়া তাহার পশ্চাৎ পশ্চাৎ গমন পূর্ব্বক উদ্যানমধ্যে, জীবিতাবস্থায় তাঁহার পত্নী যে স্থানে বিচরণ করিতেন, সেই স্থানে উপস্থিত হইয়াছিলেন। পরে যখন ঐ মূর্ত্তি না দেখিয়া নিজ ভৃত্যকে স্ত্রীর বৃত্তান্ত জিজ্ঞাসা করিলেন, তখন তাহার মুখে স্ত্রীর বহু দিবস মৃত্যু হইয়াছে শুনিয়া যেন অকস্মাৎ তাঁহার স্বপ্ন ভঙ্গ হইল, এবং ধীরে ধীরে পুনর্ব্বার গৃহে প্রত্যাগমন করিলেন। বার্দ্ধক্য প্রযুক্ত তাঁহার মস্তিষ্কের ক্ষয়ই উক্ত ভ্রান্তির কারণ বলিতে হইবে। ঐ অবস্থায় যোগের অবস্থার ন্যায় বৃদ্ধের প্রমাতৃগত ভাব সকল ইন্দ্রিয়শক্তি অপেক্ষা প্রবল হইয়া উঠিয়াছিল। সুতরাং দর্শনের অপেক্ষা চিন্তাই দিবারাত্র অধিক পরিমাণেই চলিত। অন্য একটি ভদ্রলোকেরও প্রায় ঐরূপ অবস্থা ঘটিয়াছিল। তিনি স্পর্শ না করিলে বা কণ্ঠস্বর না শুনিলে, কেবল চক্ষু দ্বারা লোককে চিনিতে পারিতেন না। পিত্তপীতিমাদি রোগবিশেষেও ঐরূপ হইয়া থাকে। এইরূপে এক ইন্দ্রিয়ের ভ্রম প্রায় সর্ব্বদাই অপর ইন্দ্রিয় দ্বারা সংশোধিত হইতে দেখা গিয়া থাকে।

দোষ নানাবিধ। কেবল রোগাদিজন্য ইন্দ্রিয়শক্তির হানিই ভ্রমের কারণ নহে। দূরত্বাদিও ইন্দ্রিয়শক্তির উপযুক্ত স্ফুরণের অভাব ঘটাইয়া ভ্রম উৎপাদন করিয়া থাকে। আমরা গগনমণ্ডলে যে সুনীল বর্ণ নয়নগোচর করি, উহা আকাশের বর্ণ নহে; আকাশ রূপবিহীন বস্তু। ঐ বর্ণ বায়ুরও বর্ণ নহে; কিন্তু ঐ রূপের প্রকাশ বায়ুর কার্য্য। স্পর্শগুণবিশিষ্ট বায়ুকে কেবল ত্বগিন্দ্রিয়ের বিষয় বলিয়াই বোধ আছে, উহার যে বর্ণপ্রকাশিনী শক্তি আছে, তাহা

অনেকেই স্বীকার করিবেন না; কারণ, তেজেতেই রূপ থাকে, বায়ুতে রূপ থাকে, কেহ কখন দেখেন নাই; কিন্তু উহার স্পর্শ সকলেই অনুভব করিয়া থাকেন। পরন্তু বিজ্ঞানশাস্ত্র বলিয়া থাকেন যে, বায়ুর রূপপ্রকাশকতাও আছে; ঐ রূপ নিকটে দেখা যায় না, দূর হইতে আলোকের প্রতিবিম্বনে ঐ নীলিমা অম্বুরাশির নীলিমার ন্যায় অনুলব্ধ হইয়া থাকে। অবস্থাবিশেষে বস্তুর রূপান্তরের অনুভব সকলেই প্রত্যক্ষ করিয়াছেন। একটি জ্বলন্ত মশাল দ্রুতবেগে ঘুরাইলে চক্রাকারে অগ্নির অনুভব হইয়া থাকে। বাস্তবিক অগ্নি-চক্র না থাকিলেও ভ্রামণের দ্রুততা প্রযুক্ত ঐ মশালের এক বিন্দু হইতে অপর বিন্দুতে আসিতে যে সময় লাগিতেছে, তাহা সুস্পষ্টরূপে অনুভূত হয় নাই বলিয়াই ঐরূপ অনুভব হইতেছে। চন্দ্র-সূর্য্য উদয়কালে বা অস্তগমনকালে রিক্তচক্ষুতে যত বৃহৎ দৃষ্ট হয়, মধ্যগগনে অবস্থান কালে তত বৃহৎ দেখায় না। কিন্তু কোন একটি বস্তুর ছিদ্রের মধ্য দিয়া দেখিলে, সকল সময়েই সমান দেখা যায়। উহাদের কোন সময় ক্ষুদ্র ও কোন সময় বৃহৎ দেখাইবার কারণই আলোকের প্রতিবিম্বন। সামান্য একটি পরীক্ষা দ্বারাই উক্ত ভ্রমের অপনয়ন হইতে পারে। আমরা যদি একটি পাত্রে একটি রৌপ্যমুদ্রা রাখিয়া উহা অদৃশ্য হওয়া পর্য্যন্ত পশ্চাদ্দিকে গমন করি, এবং ঐ সময়ে কোন ব্যক্তি ঐ পাত্রে জল ঢালিয়া দেন, তাহা হইলে, ঐ অদৃশ্য মুদ্রা আবার দৃষ্টিগোচর হইবে। আলোকের প্রতিবিম্বনই উহার কারণ। প্রভাত ও সায়ংকালে চন্দ্রের বা সূর্য্যের কিরণকে অপেক্ষাকৃত অধিক ও ঘনীভূত বায়ু ও বাষ্প ভেদ করিতে হয় বলিয়াই মধ্যগগনে অবস্থান কালের হইতে ঐ সময়ে উহাদিগকে অপেক্ষা-কৃত বৃহৎ দেখা যায়। ঐরূপ আলোক, সংশ্লিষ্ট অবস্থায় শ্বেতবর্ণ দৃষ্ট হয়, কিন্তু বিশ্লিষ্ট অবস্থায় ঐ আলোকেই আবার বিবিধ বর্ণের প্রত্যক্ষ হইয়া থাকে। উভয়ত্রই ইন্দ্রিয় সত্যবাদী। চূর্ণ ও হরিদ্রার পৃথক্ পৃথক্ বর্ণ এক প্রকার, আবার উহাদের মিশ্রণোৎপন্ন বর্ণ অন্য প্রকার। উভয় বর্ণই ইন্দ্রিয়ের বিষয়। উভয়ত্রই ইন্দ্রিয় সত্যবাদী। তবে যে ঐ সকল ভিন্ন ভিন্ন বোধ বা ভ্রম হই-তেছে, সে কেবল দূরত্বাদি দোষ বশত ইন্দ্রিয়শক্তির উপযুক্ত স্ফুরণের অভা-বেই বলিতে হইবে। সাঙ্খ্যদর্শনে বলিয়াছেন,—

"অতিদূরাৎ সামীপ্যাদিন্দ্রিয়ঘাতান্মনোঽনবস্থানাৎ।
সৌক্ষ্ম্যাদ্ব্যবধানাদভিভবাৎ সমানাভিহারাচ্চ॥"

কোথাও বা দূরত্ব প্রযুক্ত, কোথাও বা সামীপ্য বশত, কোথাও বা ইন্দ্রিয়-বিঘাত বশত, কোথাও বা অনবধানতা বশত, কোথাও বা সূক্ষ্মতা বশত, কোথাও বা ব্যবধান প্রযুক্ত, কোথাও বা অভিভব অর্থাৎ আবরণ প্রযুক্ত এবং কোথাও বা সজাতীয় মিশ্রণ হেতু, ভ্রম সকল উৎপন্ন হইয়া থাকে।

পূর্ব্বেই বলা হইয়াছে, সর্ব্ববিধ ভ্রমেই উপলব্ধির অস্পষ্টতা ও অনুলব্ধির অস্থানপতনই কারণ। যাহাকে আমরা সত্য বলি, তাহা কতকগুলি অনুলব্ধিমালা উপলব্ধি-সূত্রে গ্রথিত মাত্র। অনুলব্ধিগুলি ঐ উপলব্ধিরই ফল। পূর্ব্বোপলব্ধ চিত্র সকল সঙ্গ বা ধারণার গুণে মনে এমত সুন্দররূপে পর পর উপস্থিত হয় যে, যেন বস্তুতই তাহারা পুনর্ব্বার উপলব্ধ হইতেছে। সত্য মাত্রই প্রমাণ-সাপেক্ষ। যাহাকেই সত্য বলা হয়, তাহাই কোন না কোন উপলব্ধির সহিত কতকগুলি অনুলব্ধির সমন্বয় মাত্র হইতে প্রকাশিত। ফলত ইন্দ্রিয়বোধই ঐ সকল সত্যের সত্যত্বের প্রমাপক। উপলব্ধির সহিত মিলিত যে অনুলব্ধি, ইন্দ্রিয়-বোধের সহিত বিসদৃশ হয়, তাহাকেই আমরা ভ্রান্ত বলি। পৃথিবীর আকার পূর্ণাবয়বে না দেখিয়াও আংশিক উপলব্ধির পরই অন্যগোলাকৃতি বস্তুর লক্ষণ-সাদৃশ্যে অনুলব্ধি দ্বারা আমরা পৃথিবীকে গোলাকার বলিয়া থাকি। ঐরূপ, পৃথিবীকে ভ্রমণ করিতে না দেখিয়াও, সূর্য্যের উদয়াস্ত দ্বারা আংশিক গতির উপলব্ধির পরই, সচল বস্তুতে আরূঢ় ব্যক্তির সম্বন্ধে অচল বস্তুর গতির জ্ঞানরূপ ভ্রমের সাদৃশ্যে, অনুলব্ধি দ্বারা আমরা পৃথিবীর অচলতা ও সূর্য্যের সচলতাকে ভ্রান্ত বলিয়া থাকি।

এইরূপে দেখা যাইতেছে যে, ইন্দ্রিয়শক্তির বিকাশ ও অবিকাশই যথাক্রমে প্রমাজ্ঞান ও ভ্রমজ্ঞান এতদুভয়েরই সাধন। ঐ ভ্রম ইন্দ্রিয়সাহায্যেই সংশোধনীয়। যে ইন্দ্রিয় হইতে ভ্রমের উৎপত্তি, কোথাও বা সেই ইন্দ্রিয় দ্বারা এবং কোথাও বা অপর ইন্দ্রিয় দ্বারা ঐ ভ্রম অপনীত হইয়া থাকে। বিবেক অর্থাৎ পরীক্ষা-জন্য-বোধই উক্ত ভ্রমের সংশোধক। সাদৃশ্যবৈসাদৃশ্য দর্শনেই পরীক্ষাকার্য্য সমাহিত হয়। যে বিষয়ে সাদৃশ্যাদির নিতান্ত অভাব হয়, তথায়

সাধারণ বিবেক এবং তাহারও অসদ্ভাব হইলে, অলৌকিক শক্তির আশ্রয় গ্রহণ করিলেই ভ্রমের সংশোধন হইয়া থাকে।

জ্ঞানের দুইটি অংশ;—উপলব্ধি ও অনুলব্ধি। প্রমাতৃগত বিভাবনা-শক্তি হইতে সমুত্থিত জ্ঞানাবয়বের নাম উপলব্ধি এবং তদ্গত উদ্ভাবনা-শক্তি হইতে সমুত্থিত জ্ঞানাবয়বের নাম অনুলব্ধি। প্রমাতার যে শক্তির প্রকাশে ভাবনা বা চিন্তার সহকারিতা দৃষ্ট হয় না, তাহার নাম বিভাবনা-শক্তি এবং উহার যে শক্তির প্রকাশে চিন্তার সহকারিতা দৃষ্ট হয়, তাহার নাম উদ্ভাবনা-শক্তি। বিভাবনাশক্তির প্রকাশে যে জ্ঞানাংশের প্রকাশ হয়, তাহা অস্ফুট ও বিকল্প-রহিত অর্থাৎ বিশেষ-স্ফূর্ত্তি-রহিত বলিয়া নির্ব্বিকল্পক নামে, এবং উদ্ভাবনা-শক্তির প্রকাশে যে জ্ঞানাংশের প্রকাশ হয়, তাহা পরিস্ফুট ও বিকল্পবিশিষ্ট অর্থাৎ বিশেষ-স্ফূর্ত্তি-সম্পন্ন বলিয়া সবিকল্পক নামে, অভিহিত হইয়া থাকে।

দ্রব্য, গুণ ও ক্রিয়ারূপ বিষয়ত্রয়ের অস্ফুট সাক্ষাৎ জ্ঞানই নির্বিকল্পক-জ্ঞান; অর্থাৎ উক্ত বিষয়ত্রয়ের আধারবিশিষ্টতা বা কালবিশিষ্টতা অথবা আধার ও কাল এতদুভয়বিশিষ্টতা বিষয়ক সাক্ষাৎ জ্ঞানের নাম নির্ব্বিকল্পক জ্ঞান।

সাক্ষাৎসম্বন্ধে বিষয়নিষ্ঠ বিশেষজ্ঞান বা ব্যক্তিজ্ঞান ও সামান্যজ্ঞান বা জাতিজ্ঞান, এবং পরম্পরাসম্বন্ধে উক্ত বিশেষ জ্ঞান ও সামান্য জ্ঞানের পুনরুপস্থিতিজ্ঞান, এই উভয়বিধ জ্ঞানের নাম সবিকল্পক জ্ঞান।

আমি বর্ত্তমান কালে আমার সম্মুখস্থ ভূমিতে একটি বৃক্ষ দর্শন করিলাম। ঐ বৃক্ষ বস্তুটি কি, তাহা আমি জ্ঞাত নহি; অতএব লক্ষণ নির্দ্দেশে অর্থাৎ কি লক্ষণে বা কোন্ কোন্ গুণ থাকিলে, বস্তুকে বৃক্ষ বলে, আমি তাহা বলিতে অক্ষম। দর্শনে এই মাত্র বোধ হইল যে, আমার দর্শনেন্দ্রিয়ের সহিত একটি বাহ্য বস্তুর সন্নিকর্ষ বা সংযোগ হইয়াছে। এই জ্ঞান আমার প্রথম জ্ঞান; ইহারই নাম নির্ব্বিকল্পক জ্ঞান। পরে সম্মুখস্থ ভূমি ও গৃহাদি সমস্ত দৃশ্য বস্তু হইতে বা ঐ সকল দৃশ্য বস্তুর গুণাদি হইতে বৃক্ষকে বা বৃক্ষের গুণাদিকে পৃথক্ বোধ করিয়া থাকি ও ঐ সকল গুণাদির সমবায়ে বৃক্ষরূপ একটি বিশেষ বস্তু অনুভব করিয়া থাকি। ঐ সময়েই ঐ সমবেত গুণাদি দ্বারা বৃক্ষের উপর বৃক্ষত্বরূপ একটি ধর্ম্মের—একটি সামান্য ধর্ম্মের জ্ঞান হয় বলিয়াই, ঐরূপ ধর্ম্ম-

বিশিষ্ট বস্তুমাত্রই বৃক্ষ এই প্রকার জ্ঞান হইয়া থাকে। এই শেষোক্ত জ্ঞানের নাম সামান্যজ্ঞান এবং প্রথমোক্ত জ্ঞানের নাম বিশেষজ্ঞান। ভবিষ্যতে স্থানান্তরস্থ কোন বস্তুর দর্শনে, বর্ত্তমানে উপলব্ধ বস্তুটিকে ভাবনাশক্তির প্রভাবে স্মরণ পূর্ব্বক উভয় বস্তুর সাদৃশ্য-বৈসাদৃশ্য বিচার দ্বারা অপর বস্তুর অনুভব হইয়া থাকে। এই ভবিষ্যৎ ও বর্ত্তমান, এতদুভয়বিধ জ্ঞানের নাম সবিকল্পক জ্ঞান।

শারীর জ্ঞানের ন্যায় মানস জ্ঞানেরও ভেদ ঐরূপ। আমি বর্ত্তমানে ক্রোধ অনুভব করিতেছি। যখন ক্রোধ উপলব্ধ হয়, তখন মনের যে কেবল একটি ভাবান্তর হয়, তাহারই নাম নির্ব্বিকল্পক জ্ঞান। পরক্ষণেই ঐ ভাবান্তরকে মনের অপর ভাবান্তর হইতে ভিন্ন মানসিক ভাববিশেষ বলিয়া অনুভব হয়; ক্রোধভাব-বোধই, উক্ত-ক্রোধ-বিষয়ক হইলে বিশেষ জ্ঞান এবং ক্রোধ-মাত্র-বিষয়ক হইলে, সামান্য জ্ঞান বলিয়া অভিহিত হয়। কালান্তরে আমি আমার অতীত অবস্থার চিন্তা দ্বারা পূর্ব্বোপলব্ধ ক্রোধভাব স্মরণ পূর্ব্বক তৎকালানুভূত লোভাদি ভাবের সহিত তাহার সাদৃশ্য-বৈসাদৃশ্য বিচার করিয়া বস্তুনির্ণয় করিতে পারি। উক্ত রীতিদ্বয় হইতে সমুদ্ভূত জ্ঞানকেই সবিকল্পক জ্ঞান বলে। প্রথম রীতি,—তৎপ্রদেশে এবং তৎকালে একমাত্র বা অনেক বিষয়-বিষয়ক অনুভবের রীতি; এবং দ্বিতীয় রীতি,—কালান্তরে স্থানান্তরোপলব্ধ বস্তুর ধর্ম্মের সহিত পূর্ব্বোপলব্ধ বস্তুর ধর্ম্মের সাদৃশ্য-বৈসাদৃশ্য বিচার দ্বারা বস্তুনির্ণয়-রীতি।

নির্ব্বিকল্পক জ্ঞানের মূল-উপাদান দুইটি;—প্রমাতা বা বিষয়ী এবং প্রমেয় বা বিষয়। সবিকল্পক জ্ঞানের মূল-উপাদান তিনটি;—প্রমাতা, প্রমেয় ও প্রমিতি। কোন কোন দার্শনিক, জ্ঞানের সম্বন্ধ নামক অপর একটি উপাদান স্বীকার করেন, কিন্তু ঐ সম্বন্ধ পৃথক্ উপাদান নহে; উহা উল্লিখিত উপাদান সকলের শক্তি প্রকাশের অবস্থাবিশেষ মাত্র। ফলত সম্বন্ধ বিনা জ্ঞান উৎপন্ন হয় না। ঐ সম্বন্ধ দ্বিবিধ;—অন্বয়-সম্বন্ধ ও ব্যতিরেক-সম্বন্ধ। ঐ সম্বন্ধ দুইটিই বেদান্তদর্শনে স্বরূপলক্ষণ ও তটস্থলক্ষণ নামে অভিহিত হইয়াছে।

সমস্ত পদার্থই জ্ঞানের বিষয়। লক্ষিত কাল ও আধারের সহিত সম্বন্ধ বিশিষ্ট প্রমেয় মাত্রই পদার্থ। আমার সম্মুখস্থিত দৃষ্টিগোচর বৃক্ষ যেমন একটি বিষয়; পত্র, পুষ্প, ফল, শাখা, কাণ্ড, বন ও বায়ু প্রভৃতিও তদ্রূপ বিষয়। প্রত্যেকেই কিছু না কিছু স্থানকে ব্যাপিয়া অবস্থান করিতেছে। এই প্রকার জ্ঞানকেই বাহ্য উপলব্ধি কহে। এইরূপ আমরা যে ক্রোধাদি মানসিক ভাব লক্ষ্য করিতেছি, তাহাও কিছু না কিছু কালকে ব্যাপিয়া অবস্থান করিতেছে। এই প্রকার জ্ঞানকেই মানস উপলব্ধি কহে। উপলব্ধি বা নির্ব্বিকল্পক জ্ঞান অনুলব্ধি বা সবিকল্পক জ্ঞান হইতে সম্পূর্ণ বিভিন্ন। কারণ, পরিণামী নির্ব্বি-কল্পক জ্ঞান কাল ও আধারের সহিত সাক্ষাৎ-সম্বন্ধ-বিশিষ্ট; কিন্তু অপরি-ণামী সবিকল্পক জ্ঞানের সহিত কাল ও আধারের সাক্ষাৎ-সম্বন্ধই দেখা যায় না। নির্ব্বিকল্পক জ্ঞান সাক্ষাৎ-সম্বন্ধে বস্তুর জ্ঞান; কিন্তু সবিকল্পক জ্ঞান পরম্পরা-সম্বন্ধে বস্তুর জ্ঞান। নির্ব্বিকল্পক জ্ঞানের প্রতি কারণ, বস্তুর সাক্ষাৎ উপস্থিতি, কিন্তু সবিকল্পক জ্ঞানে বস্তুর উপস্থিতির প্রয়োজন নাই, পূর্ব্বোপলব্ধ বস্তুর প্রতিরূপই ঐ কার্য্য সাধন করিয়া থাকে। ঐ প্রতিরূপই বিশেষ জ্ঞান ও সামান্য জ্ঞানের জনয়িত্রী।

এই প্রকারে দেখা যাইতেছে যে, সবিকল্পক জ্ঞানের অন্তর্ভূত পূর্ব্বোক্ত উভয়বিধ বিশেষ জ্ঞান ও সামান্য জ্ঞান বাহ্যেন্দ্রিয়-গোচর বিষয়-জ্ঞান নহে; উহা বাহ্যেন্দ্রিয়-সন্নিকর্ষ-জনিত ইন্দ্রিয়-শক্তির প্রসারণ হইতে লব্ধ প্রতিরূপের জ্ঞান। ঐ প্রতিরূপ বাহ্য ইন্দ্রিয়ের যোগ্য নহে; উহা কেবল মনের গোচর।

জ্ঞান পূর্ব্বোক্ত প্রকারে নির্ব্বিকল্পক ও সবিকল্পক ভেদে দ্বিধা বিভক্ত হইলেও ঐ বিভাগ সাধারণ বুদ্ধির বেদ্য নহে। ঐ ভেদ বিশেষ বিচার ব্যতি-রেকে সাধারণ বুদ্ধি দ্বারা অনুভূতই হইতে পারে না। বিশেষত জ্ঞানদ্বয় পরস্পর এরূপ সম্মিলিত যে, নির্ব্বিকল্পক ও সবিকল্পক এতদুভয়ের মধ্যে একের অভাব হইলেই প্রকৃত জ্ঞানের অনুপপত্তি হইয়া থাকে।

একটি বস্তুর সম্পূর্ণ জ্ঞান লাভে পূর্ব্বোক্ত দুইটি সম্বন্ধেরও বিশেষ প্রয়োজন। প্রথম সম্বন্ধ অর্থাৎ অন্বয় সম্বন্ধ জ্ঞানেন্দ্রিয় ও বাহ্য বস্তুর সমবেত শক্তির স্ফুরণে বিভাবিত বস্তুর সন্নিকর্ষ বোধ করাইবে এবং দ্বিতীয় সম্বন্ধ অর্থাৎ ব্যতিরেক

সম্বন্ধ ঐ পদার্থের বিশেষ বিশেষ ধর্ম্মগুলিকে অপর পদার্থের বিশেষ বিশেষ ধর্ম্ম হইতে চিন্তা শক্তির সাহায্যে পৃথক্‌রূপে উদ্ভাবিত বস্তুর নির্ণয় করাইবে।

১। যে সম্বন্ধ দ্বারা একটি, আর একটির পর ঘটিতেছে, এইরূপ বোধ উৎপাদন করে, তাহার নাম পারম্পর্য্য সম্বন্ধ। যথা,—পুষ্প হইতে বীজ, বীজ হইতে ফল, ফল হইতে বৃক্ষ ইত্যাদি।

২। সমান দেশে বা সমান কালে অবস্থিতির বোধক সম্বন্ধবিশেষের নাম সামানাধিকরণ্য সম্বন্ধ।

৩। তুলনাবোধক সম্বন্ধের নাম সাদৃশ্য সম্বন্ধ।

৪। বিসদৃশ এইরূপ প্রতীতির কারণ সম্বন্ধবিশেষের নাম বৈসাদৃশ্য সম্বন্ধ।

৫। বস্তুর যাথার্থ্য প্রতীতির কারণ সম্বন্ধবিশেষের নাম স্বরূপ সম্বন্ধ। ঐ সম্বন্ধ আবার দৈশিক ও কালিক ভেদে দ্বিবিধ।

৬। ইহা, এই জ্ঞানের বিষয়, এইরূপ প্রতীতির কারণ, বিষয়মাত্রস্থায়ী সম্বন্ধবিশেষের নাম বিষয়তা সম্বন্ধ। যথা,—ঘট ঘটজ্ঞানের বিষয়। ঐ ঘট বিষয়তাসম্বন্ধে জ্ঞানে থাকে।

৭। এই জ্ঞান, এই বিষয়ক, এইরূপ প্রতীতির কারণ বিষয়িমাত্রস্থায়ী সম্বন্ধবিশেষের নাম বিষয়িতা সম্বন্ধ। যথা,—ঘটজ্ঞান ঘটবিষয়ক। ঐ জ্ঞান বিষয়িতাসম্বন্ধে ঘটে থাকে।

৮। যাহা, যে জ্ঞানের বিষয়, তাহাই সেই জ্ঞানের বিশেষ্য। বিশেষ্য-বোধক বিশেষ্যমাত্রস্থায়ী সম্বন্ধের নাম বিশেষ্যতা সম্বন্ধ। ঘটবিশেষ্যক জ্ঞানের নাম ঘটজ্ঞান। ঘটজ্ঞানের বিশেষ্য ঘট।

৯। যাহা, যে জ্ঞানের বিশেষ্য, তাহার ধর্ম্মই সেই জ্ঞানের প্রকার বা বিশেষণ। বিশেষণবোধক বিশেষণমাত্রস্থায়ী সম্বন্ধের নাম প্রকারতা সম্বন্ধ। ঘটত্বপ্রকারক ঘটবিশেষ্যক জ্ঞানের নামই ঘটজ্ঞান। ঘটজ্ঞানের বিশেষণ ঘটত্ব।

১০। অবয়ব-অবয়বীর, গুণ-গুণীর, ক্রিয়া-ক্রিয়াবানের ও নিত্যদ্রব্য-বিশেষের যে সম্বন্ধ, তাহারই নাম সমবায় সম্বন্ধ।

অবচ্ছেদকত্ব, স্বরূপ সম্বন্ধেরই নামান্তর। অবচ্ছেদক তিন প্রকার। বিশে-ষণাবচ্ছেদক, একদেশাবচ্ছেদক ও নিয়ামকাবচ্ছেদক। যথা,—নীল উৎপল, এই স্থলে নীলপদ বিশেষণাবচ্ছেদক। বৃক্ষ-শাখায় পক্ষী, এই স্থলে শাখা একদেশাবচ্ছেদক। নিয়ামকাবচ্ছেদক কারণতা কার্য্যতা, শক্যতা ও প্রতি-যোগিতাদি ভেদে বহুবিধ।

যদবলম্বনে জ্যেষ্ঠ ও কনিষ্ঠ এইরূপ ব্যবহার হয়, সেই ক্রিয়ার আশ্রয় ঈশ্বরীয় শক্তিবিশেষের নাম কাল। উহার বিবরণ তত্ত্ববিজ্ঞানে বিবৃত হইবে।

অদৃষ্টেরই নামান্তর কর্ম্ম। ইহাও শক্তি-বিশেষ। এই অদৃষ্ট, ধর্ম্ম ও অধর্ম্ম ভেদে দ্বিবিধ। স্থিতি বা সত্তার পোষক শক্তি-বিশেষের নাম ধর্ম্ম। ঐ ধর্ম্ম বস্তুভেদে অসংখ্য। তন্মধ্যে মানবের ধর্ম্ম চতুর্বিধ :—জড়শরীর ধর্ম্ম, লিঙ্গ-শরীর ধর্ম্ম, সামাজিক ধর্ম্ম ও আধ্যাত্মিক ধর্ম্ম। রজোগুণ ও তমোগুণের অভিভব পূর্ব্বক সত্ত্বগুণের উদ্ভাবক শক্তিরই নামান্তর ধর্ম্ম। অধর্ম্ম উহার সম্পূর্ণ বিপ-রীত। অধর্ম্ম সত্ত্বগুণকে অভিভব করিয়া রজোগুণ ও তমোগুণকে উদ্ভাবিত করে। ধর্ম্ম সুখের কারণ, পুণ্য উহার 'ব্যাপার'; অধর্ম্ম দুঃখের কারণ, পাপ উহার 'ব্যাপার'। সদাচারেই ধর্ম্ম প্রতিষ্ঠিত; পুণ্য ও তজ্জন্য সুখ উহাদের ফল স্বরূপ। অধর্ম্ম অসদাচারের অনুবর্ত্তী; পাপ ও দুঃখ উহাদের ফল। পুণ্য পাপ, সুখ দুঃখ, কেবল সামাজিক নিয়মের ফল নহে; বিবেকের প্রকৃতি বা বিকৃতিই উহাদের কারণ। শ্রদ্ধার অভাবে বিবেকের বিকৃতিতে জীব সদাচারভ্রষ্ট হইয়া অসদাচার-পরায়ণ হইলেই জড়শরীরধর্ম্ম লিঙ্গশরীরধর্ম্মের বাধক, লিঙ্গ-

শরীরধর্ম্ম সমাজধর্ম্মের বাধক, এবং সমাজশরীরধর্ম্ম আধ্যাত্মিক ধর্ম্মের বাধক হইয়া উঠে। এইরূপে জীব আধ্যাত্মিক ধর্ম্মের সুষ্ঠু পালন না করিয়াই দুঃখভার আনয়ন করেন। পূর্ব্বোক্ত চতুর্ব্বিধ ধর্ম্ম অব্যভিচরিত ভাবে পালিত হইলে দুঃখের কোন সম্ভাবনাই থাকে না। গুরু ও শাস্ত্রবাক্যে বিশ্বাসের নাম শ্রদ্ধা। শ্রদ্ধান্বিত জীবের হৃদয়ে ঐশ্বরিক আজ্ঞা ও নিয়ম সকল পরিস্ফুরিত হইয়া সত্ত্ব-গুণ ও তজ্জন্য বিবেককে অবিকৃত রাখে। কোন কারণে ঐ শ্রদ্ধা অন্তর্হিত হইলেই সত্ত্বগুণ, রজোগুণ ও তমোগুণ কর্ত্তৃক অভিভূত হয়, সুতরাং বিবেকও বিকৃত হইয়া পড়ে। তখন জীব, পাপ ও দুঃখকেই পুণ্য ও সুখ বোধে তাহারই অনুসরণে প্রবৃত্ত হয়।

জড়শক্তি বা প্রকৃতিরই নামান্তর স্বভাব। দ্রব্য শব্দেও উহাকেই বুঝিতে হইবে। প্রকৃতির ব্যক্ত অবস্থার নামই দ্রব্য। অব্যক্ত প্রকৃতি ত্রিগুণাত্মিকা। ব্যক্ত প্রকৃতি প্রকৃতিরই পরিণাম। ঐ পরিণাম আবার মহত্তত্ত্বাদি ভেদে বহু-বিধ। প্রকৃতির সত্ত্ব, রজ ও তমোগুণের সমষ্টির পরিণামের নাম মহত্তত্ত্ব বা বুদ্ধি। উহাদের ব্যষ্টির পরিণামের নাম অহঙ্কার। ঐ অহঙ্কার সাত্ত্বিক, রাজস ও তামস ভেদে ত্রিবিধ। তামস বা ভূতাদি অহঙ্কার হইতে আকাশবীজ শব্দ, শব্দ হইতে আকাশ, আকাশ হইতে বায়ুবীজ স্পর্শ, স্পর্শ হইতে বায়ু, বায়ু হইতে তেজের বীজ রূপ, রূপ হইতে তেজ, তেজ হইতে জলের বীজ রস, রস হইতে জল, জল হইতে পৃথিবীর বীজ গন্ধ, গন্ধ হইতে পৃথিবী উৎপন্ন হয়। রাজস বা তৈজস অহঙ্কার হইতে চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্, এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, এবং বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ, এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ক্রমে উৎপন্ন হয়। মন ইন্দ্রিয় সকলের কেন্দ্রস্বরূপ। জ্ঞানেন্দ্রিয় দ্বারা যথাক্রমে রূপ, শব্দ, গন্ধ, রস ও স্পর্শের উপলব্ধি হয়, এবং কর্ম্মেন্দ্রিয় দ্বারা যথাক্রমে উক্তি, শিল্প, গতি ও বিসর্গ প্রভৃতি কর্ম্ম সকল নিষ্পন্ন হয়। সাত্ত্বিক বা বৈকারিক অহঙ্কার হইতে দিক্, বায়ু, অর্ক, প্রচেতা, অশ্বি, বহ্নি, ইন্দ্র, উপেন্দ্র, মিত্র, প্রজাপতি ও চন্দ্র প্রভৃতি দেবতার উৎপত্তি হয়।

সৃষ্টির পূর্ব্বে ঈশ্বর সৃষ্টিবিষয়ে নিদ্রিত থাকেন; তাঁহার সেই অবস্থার নাম যোগনিদ্রা। পরে সৃষ্টিবিষয়ে তাঁহার ইচ্ছা হইলে, সেই অবস্থাকে তাঁহার

জাগ্রদবস্থা বলে। ঈশ্বর "একাকী অবস্থান করিব" এইরূপ ইচ্ছা করিলে তাঁহার ইচ্ছা ও কার্য্য-কারণ-রূপিণী মায়াশক্তিরও লয় হইয়াছিল, সুতরাং প্রলয়কালে জীবগণের আত্মা ও তদধিপতি ঈশ্বর মিলিতভাবে একাকী ছিলেন। মায়া-শক্তি সে সময়ে সুপ্ত ছিল, ঈশ্বরেরও দর্শনেচ্ছা ছিল না, সুতরাং দ্রষ্টা বা দৃশ্য কিছুই ছিল না। পরে দর্শনেচ্ছা প্রকাশিত হইলে, দর্শন করিবেন এমত কোন বস্তুই দৃষ্টিগোচর না হওয়াতে ঈশ্বর তৎকালে আপনাকে অসৎ বলিয়া জ্ঞান করি-লেন। অসৎ জ্ঞান করিলেন বটে, কিন্তু অসৎ বলিয়া নিশ্চয় করেন নাই, কারণ মায়াশক্তি সুপ্ত থাকিলেও চিচ্ছক্তি জাগরিত ছিল। যে সকল জীব নিরন্তর সংসারতাপে তাপিত হইয়া প্রলয়ে বিশ্রান্তির জন্য ঈশ্বরে বিলীন ছিল, তাহা-দের পূর্ব্বসঞ্চিত বাসনা ছিল বলিয়া মুক্তি পায় নাই। পুনর্ব্বার সৃষ্টিতে তাহা-দিগকে মুক্তি প্রদান করিবার নিমিত্তই ঈশ্বরের ঐ সৃষ্টির ইচ্ছা; এবং তাঁহার ঐ সৃষ্টিবিষয়িণী বুদ্ধিই মহত্তত্ত্ব। তিনি যোগনিদ্রা হইতে উত্থিত হইয়া "সেই আমি বহু হইব" অর্থাৎ আমাতে বিলীন জীব সকলকে পুনঃপ্রকাশ করিব, এইরূপ সঙ্কল্প অনুসারে সৃষ্টির বিষয় আলোচনা করিতে করিতে নিজ মায়াশক্তির প্রতি যে কটাক্ষ করেন, তাহাতেই সেই শক্তি হইতে মহত্তত্ত্বের উদ্ভব হয়। এই প্রকারে সৃষ্টিবিষয়িণী বুদ্ধি সমুৎপন্ন হইলে, ঈশ্বরে যে "আমিত্ব" বোধ হয়, তাহারই নাম অহঙ্কারতত্ত্ব। সৃষ্টিকালে ঈশ্বর যে আপনাকে তাদৃশ জ্ঞান কার্য্য হইতে স্বতন্ত্র অর্থাৎ আপনাকে "অহং" এবং সৃষ্টিকে "ইদং" বোধ করিয়া-ছিলেন, সেই বোধই অহঙ্কার। ঐ বোধের পূর্ব্বেও যে তাঁহার অহংবুদ্ধি ছিল না, তাহা নহে; কারণ তাঁহার চিচ্ছক্তির অভাব কোন সময়েই হয় না। তবে তৎকালে সৃষ্টিবিষয়িণী অহংবুদ্ধি ছিল না এই মাত্র। বিশেষত, সৃষ্টির পূর্ব্বেও যদি তাঁহার অহংবুদ্ধি না থাকে, তাহা হইলে সৃষ্টিবিষয়িণী ইচ্ছাই হইতে পারে না।

উক্ত অহঙ্কার হইতে পূর্ব্বোক্ত ক্রমে স্থূল ভূত সকলের সৃষ্টি হইলে, ঈশ্বর স্বকীয় কালশক্তির সহিত চতুর্বিংশতি তত্ত্বে প্রবেশ করিয়া ক্রিয়াশক্তি দ্বারা জীবগণের অদৃষ্টকে প্রতিবোধিত করণানন্তর তত্ত্ব সকলকে ভিন্ন ভিন্ন কার্য্যে নিযুক্ত করেন। দৈবশক্তি ও ক্রিয়াশক্তি সমন্বিত তত্ত্ব সকলের সমষ্টিই বিরাট্

পুরুষ। ঐ বিরাট্ পুরুষ আবার দৈবশক্তি বা জ্ঞানশক্তি সমন্বিত সর্ব্বপ্রাণীর আত্মা স্বরূপ পরমাত্মার অংশভূত। বিরাট্ই আদি অবতার। যাবদীয় ভূতগণ ইহাঁ-তেই প্রকাশ পাইয়া থাকে। কেহ কেহ বলেন, স্থূল আকাশের কিয়দংশ হইতে রাহু ও কেতু গ্রহের উৎপত্তি। আকাশের কিয়দংশ ও বায়ুর প্রকাশাংশ হইতে শনি ও বৃহস্পতি গ্রহের উৎপত্তি। আকাশ ও বায়ুর কিয়দংশ ও তেজের প্রকাশাংশ হইতে মঙ্গল ও রবি গ্রহের উৎপত্তি। আকাশ, বায়ু ও তেজের কিয়দংশ এবং জলের প্রকাশাংশ হইতে শুক্র, বুধ ও চন্দ্রের উৎপত্তি। অবশেষে আকাশ, বায়ু, তেজ, জল ও ক্ষিতির প্রকাশাংশ হইতে পর্ব্বতাদির সহিত পৃথিবীর উৎপত্তি। যাহাই হউক, বিরাট্ পুরুষ হইতেই যে সমস্ত বিশ্বের উৎপত্তি, তাহার সংশয় নাই।

এইরূপে বুদ্ধির ভেদ সবিস্তারে প্রদর্শিত হইল। এক্ষণে মানসিক অবস্থা ও তাহার গতির বিষয় আলোচনা করা যাইতেছে।

মনের দুইটি অবস্থা :—প্রকৃতি ও বিকৃতি। বিশুদ্ধ সত্ত্বগুণের বা অন্তরঙ্গা বৃত্তির স্ফূর্তির নামই প্রকৃতি এবং মিশ্রসত্ত্বগুণের (রজস্তমোমিশ্রিত সত্ত্বের) বা বহিরঙ্গা বৃত্তির স্ফূর্তির নামই বিকৃতি। শুদ্ধসত্ত্বসন্নিকর্ষে শুদ্ধসত্ত্বের ও মিশ্রসত্ত্ব সন্নিকর্ষে মিশ্রসত্ত্বের স্ফূর্ত্তি হয়। বাহ্যবস্তুর বা জড়ের সন্নিকর্ষই মিশ্রসত্ত্বসন্নিকর্ষ এবং আত্মসন্নিকর্ষই শুদ্ধসত্ত্বসন্নিকর্ষ। পূর্ব্বোক্ত প্রকৃত অবস্থা হইতে যে ইচ্ছাদি উদ্ভূত হয় তাহার নাম নিষ্কাম ইচ্ছা বা ধর্ম্মচেষ্টাদি এবং মনের বিকৃত অবস্থা হইতে যে ইচ্ছাদি উৎপন্ন হয় তাহার নাম সংসারবাসনাদি। নিষ্কাম ইচ্ছা শব্দে আপাতত বৈয়র্থ্য বা তাদৃশ ইচ্ছার অসম্ভাবনা অনুমিত হয় বটে, কিন্তু তাহা নহে। কারণ, যে ইচ্ছা কেবল আত্মার উদ্দেশেই স্ফুরিত হয়—যে ইচ্ছার সহিত প্রাকৃত সম্বন্ধ নাই, তাহাই নিষ্কাম ইচ্ছা। এই বিষয় তত্ত্ববিজ্ঞানভাগে বিশেষ-রূপে আলোচিত হইবে। এক্ষণে প্রকৃত বিষয়ের অনুসরণার্থ মনোবিজ্ঞান ভাগের উপযোগী বিষয় অর্থাৎ মনের বিকৃত অবস্থা প্রদর্শনেরই প্রস্তাবনা হইতেছে।

মনের বিকৃত অবস্থা প্রাকৃত ইচ্ছা ও প্রাকৃত বিবেক ভেদে দ্বিবিধ।

ইচ্ছা ও বিবেক। ইচ্ছা যথাক্রমে সুখ ও দুঃখের জ্ঞানের সহিত মিলিত হইয়া দুইভাগে বিভক্ত হইয়া থাকে। সুখ-জ্ঞান-সংশ্লিষ্ট ইচ্ছার নাম লিপ্সা বা

ইচ্ছা এবং দুঃখ-জ্ঞান-সংশ্লিষ্ট ইচ্ছার নাম জিহাসা বা দ্বেষ। শিরঃপীড়া দুঃখ-জ্ঞানসংশ্লিষ্ট, কিন্তু শিরঃপীড়াকে ইচ্ছা বলে না। শিরঃপীড়া-জনিত-দুঃখ-জ্ঞানের কারণ ইচ্ছা এবং বিবেক উহার 'ব্যাপার'। পীড়াদিজনিত সর্ব্ববিধ জ্ঞানেরই কারণ ইচ্ছা, এবং বিবেক ঐ ইচ্ছারই পরিণাম বিশেষ। পীড়াদিজন্য দুঃখ বা সুখ বিবেক দ্বারা নির্ণীত হইলে, তদ্বিষয়ে যে ত্যাগেচ্ছা বা লাভেচ্ছা সমুদ্বোধিত হয়, তাহারই নাম জিহাসা বা লিপ্সা।

লিপ্সার ফল প্রীতি, আসক্তি ও প্রবৃত্তি; এবং জিহাসার ফল অপ্রীতি, বিরক্তি ও নিবৃত্তি। ঐ লিপ্সা-জিহাসাত্মিকা ইচ্ছার দুইটি অবস্থা; একটি কর্ত্রধীনা অপরটি কর্ম্মাধীনা। কর্ত্রধীনা ইচ্ছার নাম কামনা এবং কর্ম্মাধীনা ইচ্ছার নাম বাসনা। কামনা ও বাসনা একান্ত ভিন্ন বস্তু নহে; কর্তৃগতা কামনাই বিষয় বিশেষে আকৃষ্ট হইয়া বাসনা নামে অভিহিত হইয়া থাকে। সিদ্ধির সম্ভাবিত স্থলে উক্ত কামনা বা বাসনা হইতে যে অবস্থা জন্মে তাহার নাম আশা এবং সিদ্ধির অসম্ভাবিত স্থলে উক্ত কামনা বা বাসনা হইতে যে অবস্থা বিশেষ উৎপন্ন হয় তাহার নাম নিরাশা। পূর্ব্বোক্ত অজন্যা বুদ্ধি এবং তাহার বৃত্তিভেদ সকল ঐ বাসনারই বিশেষ বিশেষ অবস্থা মাত্র এবং সম্পাদ্যা বুদ্ধি ও তাহার বৃত্তিভেদ সকল, কামনারই বিশেষ বিশেষ অবস্থা মাত্র।

প্রবৃত্তি, ক্রিয়া ও ফল। প্রমাতার ইচ্ছানুসারেই ইন্দ্রিয়শক্তির স্ফূর্ত্তি হয়। ঐ স্ফূর্ত্তি বা চেষ্টার নামই প্রবৃত্তি বা যত্ন। তদনন্তর ইন্দ্রিয়শক্তির ও বস্তুশক্তির সন্নিকর্ষে যে অবস্থান্তর হয় তাহাই ক্রিয়া এবং তাহার পরিণামই ফল। সত্য-স্বরূপ প্রমাতা হইতেই ঐ ইচ্ছাশক্তির আবির্ভাব। ফলত ইচ্ছারূপ কার্য্য হইতেই আমরা প্রমাতৃরূপ কারণের অস্তিত্ব অনুভব করি। যদিও আমরা সংস্কারবশত ও ক্রিয়ার সত্বরতাপ্রযুক্ত সকল ক্রিয়াতে—স্বাধীন ও পরাধীন উভয়বিধ ক্রিয়াতে বা সকল সময়ে ঐ ইচ্ছার ও তাহার জনকরূপ প্রমাতার পূর্ব্ববর্ত্তিতা লক্ষ্য করি না, তথাপি কিঞ্চিৎ অনুধাবন করিলেই অবগত হওয়া যায় যে, ইচ্ছাশক্তির অব্যভিচরিত পূর্ব্বভাব ভিন্ন ঐ সকল ক্রিয়ার উৎপত্তি হইত না। বস্তুত পরাধীন ক্রিয়া সকল যেরূপ কর্ত্রধীনা কামনা বা আত্মেচ্ছার অধীনে সম্পাদিত হইতেছে, তদ্রূপ স্বাধীন ক্রিয়া সকলও কর্ম্মাধীনা বাসনা

বা পরমাত্মেচ্ছার অধীনে সম্পাদিত হইতেছে। ঐ রূপে নিখিল ক্রিয়াই—জীবের নিখিল অবস্থাই প্রমাতার অস্তিত্ব ও ইচ্ছাজনকত্ব সপ্রমাণ করিতেছে।

জীবের সহজ অবস্থা তিনটি :—জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি। সংস্কারজ বা যোগজ অবস্থা কারণভেদে বহুতর। ইন্দ্রিয়গণ যখন কার্য্যরত থাকে, তখন জীবের জাগ্রৎ অবস্থা। ঐ জাগ্রৎ অবস্থা আবার তিন প্রকার ;—যে অবস্থায় সত্য জ্ঞান হয়, তাহার নাম জাগ্রৎ-জাগ্রৎ; যে অবস্থায় ভ্রম জ্ঞান হয়, তাহার নাম জাগ্রৎ-স্বপ্ন। এবং যে অবস্থায় জ্ঞানের ক্ষণিক উপরতি হয়, তাহার নাম জাগ্রৎ-সুষুপ্তি।

জাগ্রৎ ও সুষুপ্তির মধ্যস্থিত অবস্থার নাম স্বপ্ন। অর্থাৎ তত্ত্বে প্রতিফলিত বা তত্ত্বোৎপাদিত বস্তুর প্রতিকৃতি নিদ্রিতাবস্থায় গ্রহণেরই নামান্তর স্বপ্ন। তত্ত্বশব্দে এখানে আকাশতত্ত্ব, বায়ুতত্ত্ব, অগ্নিতত্ত্ব, জলতত্ত্ব ও পৃথ্বীতত্ত্ব, এই পাঁচটি বুঝিতে হইবে।

শরীরের মধ্যে ছয়টি বৃহৎ চক্র এবং দুইটি ক্ষুদ্র চক্র আছে। মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞা এই ছয়টি বৃহৎ চক্র এবং মনশ্চক্র ও গুরুচক্র এই দুইটি ক্ষুদ্র চক্র। গুহ্যস্থিত মূলাধারে পৃথ্বীতত্ত্ব, লিঙ্গমূলস্থ স্বাধিষ্ঠানে জলতত্ত্ব, নাভিস্থ মণিপুরে অগ্নিতত্ত্ব, হৃদয়স্থ অনাহত চক্রে বায়ুতত্ত্ব ও জীবাত্মা, কণ্ঠস্থ বিশুদ্ধ চক্রে আকাশতত্ত্ব, এবং মস্তকস্থ পরব্যোমে আজ্ঞা চক্রে পরমাত্মতত্ত্ব অবস্থিত। ভ্রূদ্বয়মধ্যবর্ত্তী একটি গুপ্ত চক্রে মনস্তত্ত্ব এবং পরব্যোমস্থ অপর চক্রে গুরুতত্ত্ব অবস্থিত। চক্র সকল শরীরসংস্থানের কেন্দ্র-স্বরূপ। তত্ত্ব সকল শক্তিপ্রকাশ বিশেষ। দর্পণ ক্ষুদ্র হইয়াও যেরূপ বৃহৎ বস্তুর প্রতিবিম্ব ধারণ করিতে পারে, তদ্রূপ তত্ত্ব সকলও স্বোৎপাদিত বস্তুর প্রতিকৃতি গ্রহণে সমর্থ। পৃথ্বীতত্ত্বে পৃথিবীর সকল দেশের ও সকল কালের বস্তুর প্রতিবিম্ব প্রতিফলিত হয়। জলতত্ত্বে জলীয় বস্তু, অগ্নিতত্ত্বে তৈজস বস্তু, বায়ুতত্ত্বে বায়বীয় বস্তু এবং আকাশতত্ত্বে আকাশীয় বস্তুর, এইরূপে সকল তত্ত্বেই সকল বস্তুর প্রতিবিম্ব প্রতিফলিত হয়। কিন্তু এক তত্ত্বের বস্তুর প্রতিবিম্ব অপর তত্ত্ব গ্রহণ করে না। যোগিগণ তত্ত্বের পরিচালন অবগত হয়েন, সুতরাং তাঁহারা তত্ত্বজ্ঞানী।

বাহ্যেন্দ্রিয় প্রবল থাকিলে অন্তরিন্দ্রিয়ের তত্ত্বানুভবসামর্থ্য জন্মে না, এই কারণে তত্ত্বজ্ঞানিগণ কোন বিষয় জানিতে ইচ্ছা হইলে সমাধিস্থ হয়েন, অর্থাৎ বাহ্যেন্দ্রিয় রুদ্ধ করিয়া স্থির অন্তরিন্দ্রিয়ের সাহায্যে ঈপ্সিত বিষয় তত্ত্বযোগে অবগত হয়েন। সমাধির অবস্থায় গুণত্রয়ের সাম্য ও সত্ত্বের উদ্রেক হয়। নিদ্রিতাবস্থায় সমাধির অবস্থার সমান না হউক, মন কথঞ্চিৎ স্থির হওয়াতে বাহ্যেন্দ্রিয়ের কার্য্য স্থগিত থাকে, কিন্তু অন্তরিন্দ্রিয়ের কার্য্য বন্ধ হয় না, উহারা সাম্যাবস্থা প্রাপ্ত হয়। তৎকালে দৈবযোগে সত্ত্বের স্ফুরণে তত্ত্বজ্ঞান সমুৎপন্ন হয়। কিন্তু নিদ্রিতাবস্থায় মনের দোষবশত অধিকাংশস্থলে মিথ্যা জ্ঞানেরই উদয় হইয়া থাকে।

যাহা হউক, যতদিন না মন স্থির হয় এবং বাহ্যেন্দ্রিয় শান্তভাব অবলম্বন করে, ততদিন স্বপ্নের সত্যত্ব অনুভবের সামর্থ্য জন্মিতে পারে না। যোগিগণ নিদ্রিতাবস্থার ন্যায় জাগ্রদবস্থাতেও তত্ত্বজ্ঞান লাভ করেন। উহা শিক্ষা ও অভ্যাস সাপেক্ষ। শিক্ষা ও অভ্যাসগুণে মনের স্থৈর্য্য হইলে বহিরিন্দ্রিয় সকল আপনা হইতেই নিরুদ্ধ হয়। বাহ্যেন্দ্রিয় নিরুদ্ধ হইলে তত্ত্বসংযোগে তত্ত্বজ্ঞান সমুৎপন্ন হয়। এইরূপে বাহ্যজগৎ ও অন্তর্জগৎ অবগত হইলে, ক্রমে পরমাত্মার দর্শন হইয়া থাকে।

স্বপ্নের অবস্থাও তিন প্রকার।—যে অবস্থায় স্বপ্নে সত্যজ্ঞান হয়, তাহার নাম স্বাপ্ন-জাগ্রৎ। যদিও স্বপ্নাবস্থায় প্রায়ই মিথ্যাজ্ঞান হইতে দেখা যায় বটে, কিন্তু তন্মধ্যে অনেক সময়ে সত্যজ্ঞানও উদিত হইতে দেখা গিয়াছে। অনেকে অনেক সময়ে স্বপ্নে মন্ত্র ও ঔষধ লাভ করিয়াছেন এবং অনেকে অনেক প্রকার যথার্থজ্ঞানও লাভ করিয়াছেন। সুতরাং স্বপ্নান্তঃপাতী তাদৃশ সত্যজ্ঞানের অবস্থা অস্বীকার্য্য নহে। যে অবস্থায় স্বপ্নে স্বপ্ন দৃষ্ট হয়, তাহার নাম স্বাপ্ন-স্বপ্ন। যে অবস্থায় প্রকৃত সুষুপ্তি হয় নাই, অথচ স্বপ্নদর্শনও উপরত হইয়াছে, এরূপ দুর্লক্ষ্য অবস্থাবিশেষের নাম স্বাপ্ন-সুষুপ্তি।

যে অবস্থায় সমস্ত বিভিন্ন জ্ঞান বিষয়চ্যুত হইয়া আত্মাভিমুখে এক অখণ্ড আকার ধারণ করে, তাহার নাম সুষুপ্তি। সুষুপ্তিও পূর্ব্ববৎ ত্রিবিধ:—যে অবস্থায় বৃত্তি সুখাকার হওয়াতে অস্পষ্ট ঘন সুখজ্ঞান হইতে থাকে,

সেই অবস্থার নাম সুষুপ্তি-জাগ্রৎ। যে অবস্থায় রজোবৃত্তি অর্থাৎ দুঃখভাব লুকায়িত—আবদ্ধ থাকে, সেই অবস্থার নাম সুষুপ্তি-স্বপ্ন। যে অবস্থায় সর্ব্ব-প্রকার জ্ঞান তিরোহিত হয় অর্থাৎ যে অবস্থায় চিত্ত তম অর্থাৎ অজ্ঞানমাত্র অবলম্বন করিয়া নির্ব্যাপার হয়, তাহার নাম সুষুপ্তি-সুষুপ্তি।

উল্লিখিত অবস্থা সমূহের মধ্যে স্বাপ্ন-জাগ্রদভিধেয় অবস্থাটি বিশেষ অদ্ভুত ও অনুসন্ধান-যোগ্য। কি প্রকারে উক্ত প্রকার সত্যপ্রজ্ঞা উদিত হয়, তাহা জানিতে পারিলে অবশ্যই তদ্দ্বারা তদ্রূপ জ্ঞানলাভে কোন না কোন কৃত্রিম উপায় আবিষ্কৃত হইতে পারে। পূর্ব্বকালের ঋষিগণ বোধ হয়, উক্ত অবস্থার তাৎপর্য্য বিশেষরূপ অবগত হইয়াই যোগজ বলের—বিভূতি লাভের—উপায় আবিষ্কার করিয়া গিয়াছেন। এখন অনেকেই তাহাতে বিশ্বাস করেন না; কিন্তু উহার বিশ্বাস্যতার বিষয় আমরা প্রস্তাবান্তরে আলোচনা করিব। তৎ-সম্বন্ধে আপাততঃ এই পর্য্যন্ত বলা যাইতে পারে যে, ফ্রান্সদেশের ক্লেয়ার ভয়ান্স, জর্ম্মণির হেল্‌সেম্ ও সুপ্রসিদ্ধ জর্ম্মণদেশীয় রসায়নশাস্ত্রবেত্তা এম্ রিসেন্‌ব্যাস্ সাহেবের অড্‌ফোর্স বা ওডিল্ ফোর্সের প্রতি বিশ্বাস স্থাপন করিবার যদি কোন ভিত্তি থাকে, তবে অস্মদ্দেশীয় যোগজ বলের অমূলকতাও অসম্ভব।

যে সকল অবস্থা জীব প্রতিনিয়তই অনুভব করিতেছেন, তাহাদের নাম সহজ অবস্থা, আর যে সকল অবস্থা আত্মার সহিত প্রকৃতির বা পরমাত্মার সংযোগবশত উৎপন্ন হয়, তাহাদিগের নাম যোগজ অবস্থা। যোগজ অবস্থা কারণভেদে দ্বিবিধ;—জড়শক্তির সহিত সংযোগে যে অবস্থা প্রকাশ পায় তাহার নাম কর্ম্মযোগ; এবং পরমাত্মার সহিত সংযোগে যে অবস্থা প্রকাশ পায় তাহার নাম অধ্যাত্মযোগ। অধ্যাত্মযোগ আবার জ্ঞানযোগ ও ভক্তিযোগ ভেদে দ্বিবিধ। এ বিষয় পরে আলোচিত হইবে।

জীবাত্মা, পরমাত্মা ও মন। পূর্ব্বোক্ত অবস্থা সকল হইতেই জীবাত্মা, পরমাত্মা ও মনের স্বতন্ত্র অস্তিত্ব অনুমিত হইয়া থাকে। আত্মা পুরুষ ও মন প্রকৃতি; উভয়ের সংযোগেই সমস্ত জ্ঞানকার্য্য নির্ব্বাহ হইয়া থাকে। সূর্য্য ও চন্দ্রের প্রতিভার মধ্যে যেরূপ সূক্ষ্ম তেজের ও রসের বীজ নিহিত থাকে এবং

কোন কারণবশত উহা প্রকাশিত হইলেই অগ্নি ও জল উৎপাদন করে, তদ্রূপ পরমাত্মাতে নিহিত চিৎ বীজ প্রকৃতির সহিত সংযোগে জীবাত্মার উৎপাদন করে এবং উক্ত কারণের শক্তি অনুসারে জীবাত্মারও শক্তির অল্পতা বা আধিক্য হইয়া থাকে। প্রকৃতি বিষমা; তদংশভূত মনও বিষম; সুতরাং মনের বৈষম্যপ্রযুক্ত বায়ুরাশিসংযুক্ত এবং মণিসংযুক্ত চন্দ্র এবং সূর্য্য কিরণের ন্যায় তৎসংযুক্ত আত্মারও বৈষম্য হয়। এই কারণেই জীবমধ্যে উচ্চ নীচ ভেদ—এই নিমিত্তই জীবগণমধ্যে গুণ ও অবস্থার তারতম্য অনুসারে বর্ণাশ্রম-ভেদ হইয়া থাকে। স্বকীয় প্রকৃতির গুণে যে আত্মাতে যে পরিমাণে পরমাত্মার শক্তি আকৃষ্ট হয়, সেই আত্মা সেই পরিমাণে উজ্জ্বলতা বা অনুজ্জ্বলতা, চিত্ত্ব বা জড়ত্ব, জ্ঞান বা অজ্ঞান এবং সুখ বা দুঃখ লাভ করে। যে আত্মা যে পরিমাণে ঐশ্বরিক তেজ ধারণ করে, সেই আত্মা সেই পরিমাণে সূক্ষ্মতা লাভ করিয়া ঈশ্বরের সহিত সংযুক্ত হইবার জন্য উন্নত হইতে থাকে; এবং যে আত্মা যে পরি-মাণে প্রাকৃতিক মোহ ধারণ করে, সেই আত্মা সেই পরিমাণে স্থূলতা লাভ করিয়া প্রকৃতির সহিত সংযুক্ত হইবার জন্য অবনত হইতে থাকে। উন্নতির সোপান সকলই স্বর্গ এবং অবনতির সোপান সকলই নরক। আত্মশক্তি ঊর্দ্ধস্রোতস্বতী এবং জড়শক্তি অধঃস্রোতস্বতী। আত্মশক্তি হইতেই নিরোধ সঞ্জাত হইয়া বিবেক উদ্ভাবিত করে, এবং জড়শক্তি হইতেই ব্যুত্থান সঞ্জাত হইয়া মূঢ়তা উদ্ভাবিত করে। সত্ত্বগুণোৎপাদক ক্রিয়া দ্বারা যে শক্তির প্রকাশ হয়, তাহার নাম নিরোধশক্তি এবং রজ ও তমোগুণোৎপাদক ক্রিয়া দ্বারা যে শক্তি উৎপন্ন হয়, তাহার নাম ব্যুত্থানশক্তি। নিরোধশক্তির অভ্যুদয়ে আত্মার চিৎশক্তি সংযুক্ত হইলে উহা তেজস্বী জ্যোতির্ম্ময় ও ঊর্দ্ধগামী হয়, এবং ব্যুত্থানশক্তির উদয়ে আত্মা তেজ ও জ্যোতি বিরহিত এবং অধোগামী হয়। জীবাত্মা ও দেহ সকল গোলক স্বরূপ এবং পরমাত্মা ও মন যথাক্রমে উহাদের কেন্দ্র। জীবাত্মা ও শরীর সৌরজগৎ স্বরূপ এবং পরমাত্মা ও মন যথাক্রমে তাহাদের সূর্য্য। যেমন আধ্যা-ত্মিক জগতে গুণতারতম্যে তেজেরও তারতম্য হয়, জড়জগতেও তদ্রূপ গুণ-তারতম্যে তেজের তারতম্য হইয়া থাকে। সুতরাং যেরূপ প্রকৃতির সহিত শরীরের সম্বন্ধ হইবে, শরীর সেইরূপ তেজ মনে প্রেরণ করিবে এবং মনও সেইরূপ তেজ

আত্মাতে এবং আত্মা সেইরূপ তেজ পরমাত্মাতে প্রেরণ করিবে। মন আত্মা ও শরীরের মধ্যবর্ত্তী। শরীর আহার-বিহারাদি দ্বারা প্রকৃতি হইতে যে তেজ সংগ্রহ করে, তাহা মনেই সঞ্চিত করে। মন ঐ সঞ্চিত তেজের বলে আত্মার সহিত সংযুক্ত বা তাহা হইতে বিযুক্ত হয় অর্থাৎ যদি মনের জড়ীয় তেজ অপেক্ষাকৃত অধিক হয়, তবে মন আত্মার বশ্যতা পরিত্যাগ করে এবং যদি উহার জড়ীয় তেজ সমতা বা অল্পতা প্রাপ্ত হয়, তবে মন আত্মার অধীনস্থ হইয়া আত্মশক্তির পরিবর্দ্ধন করে। অতএব আত্মশক্তির পরিবর্দ্ধনের উপায় দুইটি :—প্রথম, প্রকৃতির সত্ত্ব রজ ও তম, এই গুণত্রয়কে সাম্যাবস্থায় আনয়ন করিয়া মনকে আত্মার অধীন করা; দ্বিতীয়, সত্ত্বগুণের আধিক্য দ্বারা রজ ও তম, এই দুইটি গুণকে অভিভূত করিয়া আত্মার তেজ বর্দ্ধন পূর্ব্বক মনকে তাহার আয়ত্ত করা। প্রথমোক্ত উপায় কর্ম্মযোগ-সাধ্য এবং দ্বিতীয় উপায় জ্ঞানযোগ ও ভক্তিযোগ সাধ্য।

মন প্রাকৃতিক শক্তিবিশেষ। জল, লবণ, তাম্র ও দস্তা প্রভৃতির সহযোগে উৎপন্ন শক্তিবিশেষ যেরূপ সর্ব্বত্র ব্যাপ্ত তাড়িতকে আকর্ষণ করিয়া স্বসংস্থিত করে; কিন্তু তাহাকে কেহ দেখিতে পায় না, কেবল তাহার কার্য্য দ্বারা তাহার অস্তিত্ব অনুমিত হয়; তদ্রূপ প্রাকৃতিক পদার্থনিচয়ের সহযোগে উৎপন্ন মনরূপ শক্তি দেহাদি সর্ব্বত্র ব্যাপ্ত প্রকৃতির শক্তিকে আকর্ষণ পূর্ব্বক স্বসংস্থিত করে, কিন্তু মনকে কেহ দেখিতে পান না; কেবল মানসিক কার্য্য দ্বারাই মনের অনুমান হয়। মন আত্মশক্তির সাহায্যে ইন্দ্রিয়সমূহকে কার্য্যে প্রবর্ত্তিত করিয়া তদ্দ্বারা নিজের প্রয়োজনীয় শক্তির সঞ্চয় করে এবং ঐ শক্তি আবার আত্মার উন্নতি-সাধনার্থ তাঁহাকেই সমর্পণ করে। মনের সহিত আত্মার ও বাহ্য জগতের ঘনিষ্ঠ সম্বন্ধ। কোন কারণ বশত কোন একটি শরীরে জীবনীশক্তির উদ্বোধন হইলে, সেই শরীরের সহিত আত্মা ও মনের যে সম্বন্ধ বিশেষ উপস্থিত হয়, সেই সম্বন্ধের ঘটক অবস্থার নামই জন্ম এবং কোন কারণ বশত কোন একটি শরীরের জীবনীশক্তির অপগম হইলে, সেই শরীরের সহিত আত্মার ও মনের যে সম্বন্ধ ছিল, তাহার নাশক অবস্থার নামই মৃত্যু। এই জন্ম ও মৃত্যু উভয়ই আত্মার উন্নতির জন্য। আত্মাতে জ্ঞানোৎপাদনের জন্যই শরীর। ঐ শরীর যখন

জ্ঞানোৎপাদনে অসমর্থ হয়, তখন আত্মার জ্ঞানোদ্বোধনার্থ নূতন শরীর হইয়া থাকে। ইহাই জন্ম ও মৃত্যুর রহস্য।

আত্মা পূর্ব্বোক্ত জাগ্রদাদি অবস্থা ও এই শেষোক্ত জন্মাদি অবস্থার সাক্ষিস্বরূপ। ফলত এই সকল অবস্থাই আত্মার প্রমাপক। জীব তমোগুণাদি জন্য মূঢ়তাবশত আত্মবিস্মৃত হয়েন; কিন্তু এই সকল অবস্থাই আবার তাঁহার সম্বন্ধে আত্মস্মৃতি আনয়ন করে। আমরা কথাপ্রসঙ্গে প্রস্তাবিত বিষয় পরিত্যাগ পূর্ব্বক বহুদূর আসিয়াছি, সুতরাং এক্ষণে তাহারই আলোচনাতেই প্রবৃত্ত হইব।

এস্থলে এই মাত্র বক্তব্য, আমরা পূর্ব্বে যে ইচ্ছা ও বিবেকের বিষয় বলিয়াছি, তন্মধ্যে বিভাবনাশক্তির প্রকাশই ইচ্ছা এবং উদ্ভাবনাশক্তির প্রকাশই বিবেক। ইচ্ছাশক্তির প্রকৃত অবস্থায় অবস্থান কালে অর্থাৎ ইচ্ছাশক্তি দূষিত না হইলে, উহার সহিত বিবেকের কিছুমাত্র বিরোধ দৃষ্ট হয় না; কিন্তু তদ্বৈপরীত্যেই বিরোধ ঘটে। ইচ্ছার অনিয়মিত প্রাবল্য হইলে বিবেকের খর্ব্বতা হওয়াতে ইচ্ছা বিবেককে বশীভূত করিয়া তদুপরি আপনার আধিপত্য বিস্তার করে। কিন্তু ইচ্ছার ঐ স্থানচ্যুতি না হইলে উভয়ের মধ্যে কোন বিরোধ বা অসামঞ্জস্য উপস্থিত হয় না। তখন উভয়ে পরস্পরের অবিরোধিভাবে কার্য্য করিতে থাকে। বিভাবনাশক্তি আত্মা হইতে উৎপন্ন হইয়াও আত্মা হইতে পুনরুৎপন্ন উদ্ভাবনাশক্তির জননী। যেমন দর্শন-ক্রিয়া কোন ব্যক্তি কর্তৃক নিষ্পন্ন হইলেও চক্ষুর দোষে দর্শনের দোষ সম্ভব হয়, তদ্রূপ বিভাবনার দোষে উদ্ভাবনারও দোষ ঘটিয়া থাকে। উদ্ভাবনার প্রকাশ বিবেক, আত্মারই কার্য্য হইয়াও মনোদোষে এবং বিভাবনার প্রকাশ ইচ্ছার দোষে দূষিত হইয়া পড়ে। আত্মাতে বিচারশালিনী নৈতিকী বৃত্তির প্রকাশই বিবেক। এবং সম্বকর্ত্তব্যতাত্মিকা বুদ্ধির নামই নীতি। প্রমাতার কামনারূপা ইচ্ছা বিবেকশালিনী হইয়া যে প্রবৃত্তি উৎপাদন করে, তাহাই [illegible]তিকী প্রবৃত্তি। কিন্তু বিবেকাবস্থার স্ফূর্ত্তি না হইতেই ঐ ইচ্ছা যদি বাসনারূপে পরিণতা হয়, তাহা হইলেই মানবের আচার নীতিবিরুদ্ধ হইয়া পড়ে। ফলত প্রবৃত্তির ফল সুখই হউক আর দুঃখই হউক, কর্ত্রধীনা ইচ্ছা সকল সময়েই তাহার অধীনতা

পরিত্যাগ পূর্ব্বক কার্য্যের বশবর্ত্তিনী হয় না। অনেক সময়ে বিবেক যাহা বলিয়া দিবে, প্রবৃত্তি সেই দিকেই ধাবিত হইবে। বিবেক যাহা অকর্ত্তব্য বলিবে, মন তাহা হইতে নিবৃত্ত হইবে। অতএব বিবেককেই নীতির জনক বলিতে হইবে। ভূয়োদর্শন বা শিক্ষাই বিবেকের উদ্বোধক। বিবেকের দুইটি উপাদান ;—একটি স্বত্ব বা স্বসম্বন্ধিত্ব জ্ঞান, এবং অপরটি স্বসম্বন্ধীয়ের প্রতি আচরণীয় মূলক কর্ত্তব্য জ্ঞান। শেযোক্তটিকে আবার দুই ভাগে বিভক্ত করা যাইতে পারে। যথা,—জীবের বা স্বসমধর্ম্মীর প্রতি ও ঈশ্বরের বা প্রধানের প্রতি আচরণ মূলক কর্ত্তব্য জ্ঞান। এই শেষ জ্ঞানটি বর্ত্তমান প্রস্তাবের বিচার্য্য নহে। যাহা হউক, পূর্ব্বোক্ত স্বত্ব-কর্ত্তব্যতাত্মক জ্ঞান মানবমাত্রেরই হৃদয়ে সমভাবে বিরাজমান। তবে শিক্ষা অনুসারে ঐ বিবেকের বৈকল্য ঘটিয়া থাকে। কোন রূপে বিবেক দূষিত হইলেই সৎপ্রবৃত্তির অন্তর্ধানে অসৎপ্রবৃত্তি সকলের মনে উদয় হইতে থাকে। দূষিত বিবেক হইতেই পরবর্ত্তী ইচ্ছারও বিকার উপস্থিত হয়। এইরূপে ইচ্ছাশক্তি বিকৃতা হইলেই মানব স্বত্ব ও কর্ত্তব্য বিস্মৃত হয়েন, এবং ক্রমে বিনয়ের অপগমে অহঙ্কৃত ও অধার্ম্মিক হইয়া পড়েন। যত দিন গুণের সামঞ্জস্য থাকে, অর্থাৎ সুখস্বরূপ, লঘু ও প্রকাশ-স্বভাব সত্ত্বগুণ স্বকীয়া শান্তা বৃত্তি অবলম্বন করিয়া বিষয়ের প্রকাশরূপ স্বকার্য্য সম্পাদন করিতে থাকে, এবং দুঃখরূপ, ঘোরবৃত্তি, উপষ্টম্ভক অর্থাৎ প্রবর্ত্তক, চঞ্চলস্বভাব রজোগুণ ও মোহস্বরূপ, গুরু, আবরক ও মূঢ়স্বভাব তমোগুণ তাহাকে নিয়ন্ত্রিত বা আবরণ না করে, ততদিন বিবেকও বিকৃত হয় না। সুতরাং মানবের পতনের সম্ভাবনাও ঘটে না। কিন্তু অসৎসঙ্গাদি দ্বারা গুণের অসামঞ্জস্য ঘটিলেই পরিণামী, চঞ্চল রজোগুণ এবং বিকারী, মূঢ় তমোগুণের প্রাবল্য-প্রযুক্ত শুদ্ধ সত্ত্বের সম্যক্ স্ফূরণের অভাব হইয়া পড়ে। পরিশেষে অধর্ম্মপ্রবৃত্তির প্রাবল্য বশত দেবতুল্য মানব মোহগর্ত্তে নিপতিত ও পশুতুল্য হইয়া উঠেন। তখন তাঁহার উন্নতির সম্ভাবনাও সুদূরপরাহতা হয়।

পূর্ব্বোক্ত মতে আপত্তি উত্থাপন পূর্ব্বক কোন কোন ব্যক্তি বলিয়া থাকেন যে, যখন অপরাপর বস্তুর ন্যায় সাক্ষাৎসম্বন্ধে প্রমাতার অস্তিত্বের কোন প্রমাণ প্রাপ্ত হওয়া যায় না, তখন তাহার স্বীকারেরও প্রয়োজন নাই। এইরূপ পূর্ব্ব-

পক্ষ নিতান্ত অসঙ্গত। কারণ, আমরা যখন প্রত্যেক কার্য্যেরই উৎপত্তিসম্বন্ধে ইন্দ্রিয়ের অগোচর শক্তি স্বীকার করিতেছি,—যে সকল শক্তি স্বীকার করিতেছি, তাহাদের মধ্যে কোন কোন শক্তি আমাদিগের বেদ্য না হইলেও তাহাদিগের অস্তিত্ব অপ্রমাণ বলিয়া প্রতিপাদন করিতে পারিতেছি না,—বিশেষত সমস্ত কার্য্যজনিকা শক্তির অস্তিত্বের স্থির সিদ্ধান্ত করিতেছি;—অগ্নি দাহ করিতেছে বলিয়া তাহার দাহিকা শক্তি স্বীকার করিতেছি, এইরূপ মহাকর্ষণ, তাড়িত, জীবনী ও কৈশিকাদি নানা শক্তি স্বীকার করিতেছি;—যদি ঐ সকল শক্তি অবনত শীর্ষে স্বীকার করিতে পারিলাম, একমাত্র আত্মশক্তির—যাবদীয় কার্য্যের সাক্ষিস্বরূপিণী যাবদীয় শক্তির আকরস্বরূপা আত্মশক্তির—অস্বীকার করি কেন? যদি সকলই স্বীকার করিলাম, তবে যে শক্তি ভিন্ন কোন কার্য্য হয় না, সেই নিখিল-কার্য্যকারিণী ইচ্ছাশক্তির ও সর্ব্বাকরস্বরূপিণী আত্মশক্তির এবং বিচিত্ররচন বিশ্বের একমাত্র কারণস্বরূপ, নিখিলশক্তির আশ্রয়ভূত, শক্তিসমূহের আভিমুখ্যসম্পাদক পরমাত্মারই অস্তিত্ব অস্বীকার করিবার কারণ কি? সুতরাং ঐ অস্বীকার সম্পূর্ণ অহেতুক ও সর্ব্বতোভাবে অপ্রমাণ!!!

এই পর্য্যন্তই আমাদিগের বিভাবনাশক্তির আলোচনার শেষ। অতঃপর উদ্ভাবনাশক্তি সমালোচিত হইতেছে।

অনুলব্ধি। উপলব্ধির ন্যায় কেবল অনুলব্ধি দ্বারাও জ্ঞানের সম্পূর্ণতা সিদ্ধি হয় না। বিভাবনাশক্তি দ্বারা যাহা কিছু উপলব্ধ হয়, প্রমাতা তাহার চিন্তা দ্বারা যেরূপে বস্তু অনুভব করেন, তাহারই নাম অনুলব্ধি। যে সকল নিয়মে উক্ত ব্যাপার সম্পাদিত হয়, তাহাদিগকেই ভাবনার নিয়ম কহে। এবং ঐ নিয়ম সকল যেরূপে পরিচালিত হয়, তাহাকে ভাবনার আকার কহে। নিয়ম বা রীতি ভাবনার কার্য্য এবং আকার বা সংস্থান উহার ফলস্বরূপ।

সামান্যাবধারণ, বিমর্শন ও পরামর্শন, ইহারাই ভাবনার নিয়ম বা কার্য্য। এবং সামান্যজ্ঞান, বিমর্শ ও পরামর্শ, ইহারা ঐ কার্য্যের আকার বা ফলস্বরূপ।

চিন্তাই বিভাবনা-শক্তি-সমুথ অপরিস্ফুট জ্ঞানকে সীমাবদ্ধ করে এবং উহাকে জ্ঞানান্তর হইতে পৃথক্ করিয়া পরিস্ফুট রূপে প্রকাশ করে। এই

ব্যাপারদ্বয়ের সাধনই অন্বয় ও ব্যতিরেক। উহাদের মধ্যে প্রথমটি ভিন্ন জ্ঞানের এরূপ কোন নির্দ্দিষ্ট সীমাই প্রাপ্ত হওয়া যায় না, যদ্দ্বারা বস্তুজ্ঞান নিষ্পন্ন হইতে পারে। এবং দ্বিতীয়টি ভিন্ন সবিকল্পক জ্ঞানের অনুৎপত্তিতে বস্তুর সামান্যজ্ঞান বা বিশেষজ্ঞানও জন্মে না; কিন্তু তাহার অপরিস্ফুট বা অসম্পূর্ণ ভাবের বোধ অর্থাৎ নির্ব্বিকল্পক জ্ঞান মাত্র হইয়া থাকে।

মেলক সম্বন্ধের নাম অন্বয় সম্বন্ধ এবং ভেদক সম্বন্ধের নাম ব্যতিরেক সম্বন্ধ। এই দুইটির মধ্যে কোনটির অভাবেই বস্তুজ্ঞান হইতে পারে না। একটি বৃক্ষকে আম্রবৃক্ষ বা অপর কোন বিশেষ বৃক্ষ বলিয়া জানিতে হইলে, ঐ বৃক্ষের কতকগুলি বিশেষ গুণ বা ধর্ম্মের জ্ঞান হওয়ার প্রয়োজন। এবং ঐ গুণ বা ধর্ম্ম অনুভব করিতে হইলেই চতুঃপার্শ্বস্থ অপরাপর বস্তুর গুণ বা ধর্ম্ম হইতে উহার গুণ বা ধর্ম্ম গুলিকে পৃথক্ বোধ করিতে হইবে।

ক ক-ই এবং ক ক-ভিন্ন নহে; অর্থাৎ কাদি বস্তুমাত্রই নিজ বিশেষ গুণ বা বিশেষ ধর্ম্ম বিশিষ্ট এবং ঐ ধর্ম্মবিশিষ্ট পদার্থটি তদন্যধর্ম্মবিশিষ্ট পদার্থ হইতে সম্পূর্ণ বিভিন্ন। অনেকেই বলেন, এই বিশেষজ্ঞান ও সামান্যজ্ঞানে একটি অতিরিক্ত তৃতীয় সম্বন্ধের প্রয়োজন। বস্তু—যাহাকে পৃথক্ করিতেছি, অন্য বস্তু—যাহা হইতে পৃথক্ করিতেছি, এবং তদুভয়ের মধ্যবর্ত্তী জ্ঞানগোচর যাবদীয় পদার্থ, এই তিনটির মধ্যে শেষটির বোধ, উক্ত তৃতীয় সম্বন্ধ দ্বারাই হইয়া থাকে। কারণ, ঐ ভেদ, অন্বয়ী ও ব্যতিরেকী পদার্থদ্বয়ের পরস্পর ভেদ নহে; উহা যে দুইটি বিষয়ের চিন্তা করা যাইতেছে তাহাদের ও তদতিরিক্ত যাবদীয় সম্ভবপর জ্ঞানগম্য পদার্থমাত্রেরও ভেদ। ক-ভিন্ন বলিতে ক-ব্যতিরিক্ত চিন্তনীয় সমস্ত বিশ্ব। প্রত্যেক সম্ভবপর বস্তুই হয় ক, না হয় ক-ভিন্ন। অতএব তাঁহারা ক-ভিন্ন বুঝিতে অন্বয়-ব্যতিরেক রূপ উভয়-সম্মিলিত অতিরিক্ত একটি তৃতীয় সম্বন্ধ স্বীকার করেন। বস্তুত ঐ সম্বন্ধটি একটি অতিরিক্ত সম্বন্ধ নহে; উহা উক্ত অন্বয় ও ব্যতিরেক নামক সম্বন্ধদ্বয়ের সম্মিলন মাত্র, সুতরাং অতিরিক্ত সম্বন্ধ স্বীকারের কোনই প্রয়োজন দেখা যায় না।

উক্ত অন্বয় ও ব্যতিরেক নামক সম্বন্ধদ্বয়ই চিন্তার মূল ও ন্যায়শাস্ত্রের ভিত্তিস্বরূপ। জ্ঞানমাত্রই পূর্ব্বোক্ত সম্বন্ধদ্বয়ের সহায়তায় নির্ব্বিকল্পক ও

সবিকল্পকের সহযোগে সমুৎপন্ন। জ্ঞানের বিভাবনাশক্তিসমুত্থ, নির্ব্বিকল্পকরূপ, অস্ফুট উপাদান উদ্ভাবনাশক্তির পরিচালনে পূর্ব্বোক্ত নিয়মদ্বয়ের অধীনে পরবর্ত্তী নিয়মে সবিকল্পক আকারে পরিণত হইয়া উহার সম্পূর্ণতা বিধান করে। যথা, একটি বস্তু, অন্য বস্তু হইতে ভিন্ন ও অবশিষ্ট বস্তুর সহিত সম্মিলিত হইয়া সবিকল্পক বস্তুজ্ঞানের উৎপাদন পূর্ব্বক জ্ঞানগোচর বিশ্বের সম্পূর্ণতা সাধন করে।

সামান্যজ্ঞান, বিমর্শ ও পরামর্শ নামক উদ্ভাবনাশক্তির অবস্থাত্রয় ভাবনার শক্তিভেদ নহে; কিন্তু ফলভেদ বা অবস্থাভেদ মাত্র। ঐ ভেদ ন্যায়শাস্ত্রের অনুগত—সমগ্র দর্শনশাস্ত্রের অনুমোদিত নহে। প্রকৃত পক্ষে ঐ তিনের বৃত্তি বা স্বভাব একই। কেবল সূক্ষ্ম বিচারের নিমিত্ত কল্পিত সংজ্ঞা বা অবস্থার ভেদ মাত্র। ফলত, কল্পিত হইলেও অসঙ্গত বলা যায় না। ভিন্ন ভিন্ন শাস্ত্রকারগণ—কি বৈজ্ঞানিক, কি দার্শনিক, কি জ্যোতির্ব্বিদ্, কি কবি, সকলেই নিজ নিজ শাস্ত্রে স্ব স্ব অভিপ্রায় সাধনার্থ ঐ রূপ ভেদ ও পরিভাষা কল্পনা করিয়া থাকেন। ফলত এক শাস্ত্রের কল্পনা অপর শাস্ত্রানুসারে অসঙ্গত বোধ হইলেও তত্তৎ-শাস্ত্রের উদ্দেশ্যসিদ্ধির নিমিত্ত সঙ্গত বলিয়া অবশ্য স্বীকার্য্য।

সামান্যজ্ঞান। পূর্ব্বেই বলা হইয়াছে যে, জ্ঞানের বিষয় কাল ও আধারের অধিকারী। কোন একটি বিষয়কে বা কার্য্যকে আমরা অপর বিষয় বা কার্য্য হইতে পৃথক্ বোধ করিতে পারি। কাল ও আধারই উক্ত ভেদজ্ঞানের সহায়। বিভাবনাশক্তি দ্বারা আমরা প্রকৃত ভেদ স্থির করিতে পারি না; উদ্ভাবনা শক্তির সাহায্যেই ঐ ভেদ নির্ণীত হয়। বিভাবনাশক্তি দ্বারা আমরা যাহা উপলব্ধি করি, তাহা কেবল কতকগুলি সাধারণ ধর্ম্ম; ঐ সকল ধর্ম্ম হইতে যে জ্ঞান হয়, তাহা নির্ব্বিকল্পক জ্ঞান মাত্র; অসাধারণ ধর্ম্ম অর্থাৎ বস্তুর বিশেষ-জ্ঞান ও সামান্যজ্ঞান হয় না। ঐ জ্ঞান উদ্ভাবনাশক্তির অপেক্ষা করে। সামান্যজ্ঞান সামান্যলক্ষণা-নামক অলৌকিকসন্নিকর্ষের ফল।

বিষয়ের সম্পূর্ণ জ্ঞান প্রাপ্তির নিমিত্ত চিন্তা দ্বারা বিশেষ গুণের সমবায় অবধারণ করিয়া ঐ সমবেত গুণ বা ধর্ম্ম বিশিষ্ট একটি বিষয়ের বা তৎশ্রেণীর বিষয়মাত্রের উপর যে জ্ঞান জন্মে, তাহাই ব্যক্তিজ্ঞান ও জাতিজ্ঞান। ধর্ম্ম

আধারে নিরবচ্ছিন্নভাবে অর্থাৎ অনন্বিতভাবে অবস্থান করে না। সুতরাং এক্ষণে এই একটি গুরুতর প্রশ্ন হইতে পারে যে, এক মাত্র আধারে নিরবচ্ছেদস্থায়ী গুণ সকল কি প্রকারেই বা অনন্বিত ভাবে গৃহীত হয় ও তদ্দ্বারা পৃথক্ ভাবে বস্তুজ্ঞান নিষ্পন্ন হয়? ঐরূপ অনুভবের সাধনে প্রতিকৃতির প্রয়োজন। আধার যেরূপ লৌকিক সন্নিকর্ষের কারণ, উক্ত প্রতিকৃতিও তদ্রূপ অলৌকিক সন্নিকর্ষের কারণ। এইরূপে দেখা যায়, ঐ প্রতিকৃতিই ব্যক্তিজ্ঞান ও জাতিজ্ঞানের সাধন; অর্থাৎ কতকগুলি গুণের অন্বয়-ব্যতিরেকেই ব্যক্তিজ্ঞান ও জাতিজ্ঞান নিষ্পন্ন হয়।

সামান্যজ্ঞান দ্বিবিধ:—বাস্তবিক ও প্রাতিকৃতিক। নিশ্চিত বস্তুগত সামান্যজ্ঞানই বাস্তবিক সামান্যজ্ঞান এবং সম্ভবপর বস্তুগত সামান্যজ্ঞানই প্রাতিকৃতিক সামান্যজ্ঞান। কতকগুলি গুণের অন্বয়-ব্যতিরেকে যে বস্তুজ্ঞান হয়, তাহারই নাম বাস্তবিক সামান্যজ্ঞান বা ব্যক্তিজ্ঞান এবং উক্ত ব্যক্তির ধর্ম্ম-সাদৃশ্যে যে নিখিল তদ্বস্তুনিষ্ঠ জাতিজ্ঞান হয়, তাহাকেই প্রাতিকৃতিক সামান্যজ্ঞান বলে। ব্যক্তিজ্ঞান বা বিশেষজ্ঞান প্রাতিকৃতিক সামান্য জ্ঞানের পরবর্ত্তী। উক্ত ব্যক্তিজ্ঞান নিম্নলিখিত অবস্থা চতুষ্টয় হইতে উৎপন্ন হয়। প্রথমত, সামান্যভাবে বস্তুর উপলব্ধি অর্থাৎ নির্ব্বিকল্পক জ্ঞান, তদনন্তর পূর্ব্বোপলব্ধ বস্তুর স্মরণ, পরে তদ্বস্তু ও তদ্বস্তু-ভিন্ন এতদুভয়ের পরস্পর সাদৃশ্য বৈসাদৃশ্য চিন্তন, অবশেষে বস্তুর ধর্ম্ম ও ধর্ম্মবিশিষ্ট বস্তুর সবিকল্পক জ্ঞান। ক-এর জ্ঞানে সামান্যত ক-এর উপলব্ধি, তদনন্তর ক-এর উপলব্ধ আকার স্মরণ, পরে ক ও ক-ভিন্নের পরস্পর সাদৃশ্য বৈসাদৃশ্য চিন্তন, অবশেষে কত্ববিশিষ্ট ক-এর জ্ঞান হইয়া থাকে।

উল্লিখিত অবস্থা-চতুষ্টয়ের অন্তর্গত সমস্ত কার্য্যই অন্বয়-ব্যতিরেক নিয়ম দ্বারা নিষ্পাদিত হইল। ক-এর উপলব্ধি অর্থাৎ ইন্দ্রিয়সন্নিকর্ষ, ক-এর স্মরণ অর্থাৎ মনঃসন্নিকর্ষ, ক ও ক-ভিন্নের সাদৃশ্য-বৈসাদৃশ্য বা উপমিতি ও কত্ব-বিশিষ্ট ক-এর জ্ঞান, সকলই অন্বয়-ব্যতিরেকের ফল। ক ক-ই, এইটি অন্বয়স্থল অর্থাৎ ক-এর কত্ববিশিষ্টত্বের কোন দেশে বা কোন কালেই ব্যভিচার নাই। ক ক-ভিন্ন নহে, এইটি ব্যতিরেক স্থল অর্থাৎ ক-ভিন্ন হইতে ক-এর ভেদ সর্ব্ব-

দেশে বা সর্ব্বকালেই বিদ্যমান। বস্তুমাত্রই হয় ক, না হয় ক নহে, এইটি অন্বয়-ব্যতিরেক স্থল অর্থাৎ যে কোন বস্তু ক বা ক-ভিন্ন হইবে।

বিমর্শ-জ্ঞান। দুইটি সামান্য জ্ঞানের পরস্পর সম্বন্ধনির্ণয়ার্থ উপমিতিজনিত জ্ঞানই বিমর্শ-জ্ঞান। সীমানির্ণয় দ্বারা একটি সামান্য জ্ঞানকে অপর সামান্য জ্ঞান হইতে পৃথক্ করা যাইতে পারে। কিন্তু উপমিতি ব্যতিরেকে উভয়ের সম্বন্ধ বা ঐ সীমা নির্ণীত হয় না। দুইটি সরলরেখা একটি স্থানকে পরিবেষ্টন করিতে পারে না; এই বাক্য উচ্চারিত হইলে, আমরা যে কেবল উক্ত বাক্যের শব্দার্থমাত্র অবগত হই, তাহা নহে; কিন্তু উদ্ভাবনা শক্তির সাহায্যে মনে দুইটি সরল রেখার কল্পনা করি, এবং তাহাদের যৎকিঞ্চিৎ স্থানাধিকারও কল্পনা করি। অতএব সরল রেখাদ্বয়ের সম্বন্ধে বিমর্শ-জ্ঞান পরিব্যক্ত করিবার অর্থাৎ উহাদের লক্ষণ ও সম্বন্ধ নির্দ্দেশ করিবার পূর্ব্বেই উহাদের স্থানপরি-বেষ্টনাসামর্থ্য অনুভূত হইয়া থাকে। এইরূপ স্বর্ণের গুরুত্ববিশিষ্টতা বা চন্দ-নাদির সৌরভাদিবিশিষ্টতা জ্ঞানও বিমর্শ-জ্ঞান। অর্থাৎ বিশিষ্ট-বৈশিষ্ট্যাবগাহী জ্ঞানই বিমর্শ-জ্ঞান। বোধ করুন, আমার স্বর্ণ জ্ঞান অর্থাৎ স্বর্ণের কাঠিন্য, বর্ণ ও ঔজ্জ্বল্যের জ্ঞান আছে; কিন্তু ঐ সকল গুণের চিন্তার পর স্বর্ণকে হস্তে গ্রহণ করিলে, কি জ্ঞান হয়, জানি না। সামান্যলক্ষণা-সন্নিকর্ষ দ্বারা স্বর্ণের বিশেষ ধর্ম্মমাত্রেরই বোধ হইয়াছে। স্বর্ণ হইতে পৃথক্ রূপে তত্তদ্ধর্ম্মের জ্ঞান জ্ঞানলক্ষণাসন্নিকর্ষ ভিন্ন হইতেই পারে না। সুতরাং স্বর্ণ হস্তে লইলাম এবং সংস্কার বশত উহার ভার বা অলৌকিক গুরুত্বও অনুভব করিলাম। কিন্তু ঐ ভারজ্ঞান স্বর্ণ হইতে উৎপন্ন কি না অর্থাৎ গুরুত্ব স্বর্ণেরই গুণ কি না, তাহা জানিতে পারিলাম না। উহা উদ্ভাবনা শক্তির কার্য্য। ঐরূপ জ্ঞানের নামই অন্বয়ি-বিমর্শ-জ্ঞান এবং তদ্বিপরীতই ব্যতিরেকি-বিমর্শ-জ্ঞান। বিভাবনা-শক্তি দ্বারা বস্তুর গুণ সকলের সামান্যাধিকরণ্য উপলব্ধ হইলে, ঐ গুণ সকল ঐ বস্তুতে কোন্ সম্বন্ধে আছে, তাহার স্থিরীকরণের নামই বিমর্শন। ব্যতিরেকি-বিমর্শ-জ্ঞান যথা;—আমি একটি কাষ্ঠাসনের উপর কতকগুলি কন্দুক দেখিয়া বলিলাম, উহারা কৃষ্ণবর্ণ, এবং অপর কতকগুলি দেখিয়া বলিলাম, উহারা শ্বেতবর্ণ। সকলগুলি এক বর্ণের নহে; কতকগুলি শ্বেত ও কতকগুলি কৃষ্ণ।

এইরূপ ভেদজ্ঞানই ব্যতিরেকি-বিমর্শ-জ্ঞান। সামান্যজ্ঞানের সাহায্যেও বস্তুর ভেদ অবগত হওয়া যায় সত্য, কিন্তু তদ্দ্বারা সামস্ত্য বা অংশত্ব জ্ঞান হয় না। যাহার সাহায্যে ঐ জ্ঞান অর্থাৎ শ্বেত ও কৃষ্ণ কন্দুক সকল সমস্ত কন্দুকের অংশ, এইরূপ জ্ঞান হয়, তাহাকেই ব্যতিরেকি-বিমর্শ-জ্ঞান বলা হয়। অন্বয়ী ও ব্যতিরেকী উভয় বিমর্শ-জ্ঞানই জ্ঞানলক্ষণা নামক অলৌকিক সন্নিকর্ষের ফল।

পরামর্শ-জ্ঞান। উদ্ভাবনের তৃতীয় ক্রিয়াই পরামর্শ। ইহাও সামান্যদ্বয়েরই উপমিতি হইলেও বিমর্শ-জ্ঞানের সহিত ইহার প্রভেদ এই যে, বিমর্শে উক্ত উপমিতি সাক্ষাৎ সম্বন্ধে হয়, কিন্তু পরামর্শে কোন তৃতীয়কে লক্ষ্য করিয়া তাহার সহিত উক্ত সামান্যদ্বয়ের সম্বন্ধ বিষয়ক উপমিতি সাক্ষাৎ সম্বন্ধেই হইয়া থাকে। সামান্যজ্ঞান যেরূপ বিমর্শ-জ্ঞানের কারণ, বিমর্শ-জ্ঞানও তদ্রূপ পরামর্শের কারণ। পরামর্শের অবয়ব কতকগুলি প্রতিজ্ঞা। বাক্য সকল যেরূপে মিলিত হইলে, উপসংহার হয়, সেই নিয়মই পরামর্শের রীতি। এবং উক্ত উপসংহার হইতে যে জ্ঞান হয়, তাহারই নাম অনুমিতি।

পূর্ব্বেই বলা হইয়াছে, জ্ঞান প্রমা ও অপ্রমা ভেদে দ্বিবিধ। জ্ঞানমাত্রই হয় সত্য জ্ঞান, না হয় মিথ্যাজ্ঞান। যদিও কোন কোন জ্ঞানের মিথ্যাত্ব আছে, কিন্তু সেই কারণে জ্ঞানমাত্রকেই অবিশ্বাস করিতে পারা যায় না। জ্ঞানকে বিশ্বাস না করিলে, মানবের পৃথিবীতে ক্ষণকালের জন্য অবস্থানও অসম্ভব হইয়া উঠে। ফলত এই নিমিত্ত মানবমাত্রই মুখে স্বীকার করুন বা না করুন, অন্তরে জ্ঞানকে নিশ্চয়ই বিশ্বাস করেন। এক্ষণে দেখিতে হইবে, তাঁহাদিগের ঐ প্রামাণ্য-নিশ্চয় অর্থাৎ যে জ্ঞানটিকে সত্য বলিয়া বিশ্বাস করিবেন, সেই জ্ঞানের সত্যত্ব বিষয়ক নিশ্চয়টি স্বতঃসিদ্ধ কি না?—এই জ্ঞানটি সত্য কি না? এইরূপ সংশয় হয় বলিয়া উহাকে স্বতঃসিদ্ধ বলা যাইতে পারে না। নিশ্চয় হইলে সংশয় থাকে না। সন্দেহনিরসনকারক তর্কাদি দ্বারা সংশয়ের নিরাশে নিশ্চয় হইলে, ঐ প্রামাণ্য-নিশ্চয়কে অবশ্যই অনুমেয় বলিতে হয়। বস্তুত প্রামাণ্য জ্ঞানকে অনুমানগম্য ভিন্ন আর কিছুই বলিতে পারা যায় না।

যাহার প্রামাণ্য আছে, তাহাই প্রমাণ অর্থাৎ প্রমাজ্ঞানের জনক। চার্ব্বাক-মতাবলম্বী নাস্তিকগণের মতে প্রত্যক্ষই একমাত্র প্রমাণ। বৈশেষিক মতে

প্রত্যক্ষ ও অনুমান এই দুইটিই প্রমাণ। সাংখ্য মতে ও পাতঞ্জল মতে প্রত্যক্ষ, অনুমান ও শব্দ এই ত্রিবিধ প্রমাণ। মীমাংসক মতে অর্থাপত্তি ও অনুপলব্ধি, এবং পৌরাণিকমতে ঐতিহ্য ও সম্ভব, ইহারাও অতিরিক্ত প্রমাণ। এইরূপে দেখা যায়, আমাদিগের দেশে প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ, অর্থাপত্তি, অনুপলব্ধি, ঐতিহ্য ও সম্ভব, এই আটটি প্রমাণ স্বীকৃত হইয়া আসিতেছে। তন্মধ্যে 'আমি চক্ষু দ্বারা ঘট দর্শন করিতেছি,' ইত্যাদি স্থলে বস্তুসন্নিকৃষ্ট অর্থাৎ বস্তুর সহিত সাক্ষাৎসম্বন্ধ বিশিষ্ট ইন্দ্রিয়ই দর্শনাদি জ্ঞানের সাধন বলিয়া ইন্দ্রিয়কেই প্রত্যক্ষ প্রমাণ বলা হয়; 'ধূমাদিদর্শনে পর্ব্বতাদিতে বহ্ন্যাদির জ্ঞান' হইতেছে বলিয়া বহ্ন্যাদিজ্ঞানরূপ অনুমিতির সাধন ধূমাদি-ব্যাপ্তিজ্ঞানকেই অনুমান প্রমাণ বলা হয়; 'নদীতীরে পাঁচটি বৃক্ষ রহিয়াছে,' 'স্বর্গকাম ব্যক্তি অগ্নিষ্টোমাদি যজ্ঞ করিবে,' ইত্যাদি আপ্তবাক্যই তত্ত্বজ্ঞানের সাধন বলিয়া আপ্তবাক্যকেই শব্দ প্রমাণ বলা হয়; 'গবয় নামক জন্তুটি গোর সদৃশ,' ইত্যাদি স্থলে সাদৃশ্য জ্ঞানকেই উপমান প্রমাণ বলা হয়; 'স্থূলকায় দেবদত্ত দিবাতে ভোজন করেন না; যে ব্যক্তি দিবাতে ভোজন না করিয়াও স্থূলকায় থাকেন তিনি অবশ্যই রাত্রিতে ভোজন করেন,' ইত্যাদি স্থলে অনুপপদ্যমান স্থূলকায়ত্বাদি অর্থ দর্শনে তদুপপাদক রাত্রিভোজনাদি অর্থান্তর কল্পনকেই অর্থাপত্তি প্রমাণ বলা হয়; ঘটাদির অনুপলব্ধি দ্বারা ঘটাদির অভাব নিশ্চয় হয় বলিয়া উপলব্ধির অভাবকেই অনুপলব্ধি প্রমাণ বলা হয়; 'শত সংখ্যার মধ্যে দশকের সম্ভাবনা আছে,' ইত্যাদি বুদ্ধিতে সম্ভাবনকেই সম্ভব প্রমাণ বলা হয়; 'এই বৃক্ষে ভূত বাস করে,' এইরূপ অজ্ঞাতবক্তৃকত্বাগত পারম্পর্য্য-প্রসিদ্ধিকেই ঐতিহ্য প্রমাণ বলা হয়। এই সকল প্রমাণের মধ্যে কোন বিশেষ অর্থে শব্দবিশেষের পরিচ্ছেদ রূপ উপমান, অন্যথানুপপত্তি-প্রসূত অর্থাপত্তি ও অবিনাভূত-সত্ত্ব-জ্ঞাপক সম্ভব প্রমাণ অনুমানেরই অন্তর্গত; উহারা পৃথক্ প্রমাণ নহে। ইন্দ্রিয়সাধ্য অনুপলব্ধি প্রমাণ প্রত্যক্ষেরই অন্তর্গত। অনির্দ্দিষ্ট বক্তৃকত্বরূপে সংশয়িত ঐতিহ্য প্রমাণই নহে। এবং শব্দ প্রমাণ আপ্তবক্তৃকত্বরূপে নিশ্চিত থাকাতে উহা বৈদান্তিকোক্ত আগম প্রমাণেরই অন্তর্গত। সুতরাং প্রমাণ তিনটি মাত্র;—প্রত্যক্ষ, অনুমান ও আগম।

"প্রত্যক্ষমনুমানঞ্চ শাস্ত্রঞ্চ বিবিধাগমম্।
ত্রয়ং সুবিদিতং কার্য্যং ধর্ম্মশুদ্ধিমভীপ্সতা॥"

যিনি শুদ্ধভাবে ধর্ম্মযাজন করিতে অভিলাষী, তাঁহার পক্ষে প্রত্যক্ষ, অনুমান ও আগম অর্থাৎ বেদ, এই তিনটি প্রমাণই বিশেষরূপে বিদিত হওয়া কর্ত্তব্য।

প্রমাতা জীব, যে বস্তু যাহা নয় তাহাতে তদ্‌বুদ্ধি রূপ ভ্রম, অনবধানতা রূপ প্রমাদ, বঞ্চনেচ্ছা রূপ বিপ্রলিপ্সা ও ইন্দ্রিয়ের অপটুত্ব রূপ করণাপাটব, এই চারিটি দোষে দূষিত; সুতরাং তদীয় প্রত্যক্ষ, অনুমান ও শব্দরূপ প্রমাণ তিনটিও দূষিত হইবার বিশেষ সম্ভাবনা। জীব স্থাণুতে পুরুষবুদ্ধি, শুক্তিকাদিতে রজতাদি বুদ্ধি করিয়া থাকেন, অনবধানতাবশত অন্তিকে গীয়মান গানের শব্দও গ্রহণ করেন না, মায়ামুগ্ধ হইয়া ঐন্দ্রজালিকের মায়ামুণ্ডচ্ছেদনাদিকেও সত্য বলিয়া বিশ্বাস করেন, ইন্দ্রিয়ের দোষ বশত অনেক সময়েই কি নিকটস্থ কি দূরস্থ বস্তুও দেখিতে পান না, কখন বা দেখিয়াও একরূপ বস্তুকে অন্যরূপ বোধ করেন। এইরূপ প্রত্যক্ষের ন্যায় অনুমানেরও ব্যভিচার দৃষ্ট হইয়া থাকে। জীব বৃষ্টিতে বহ্নির নির্ব্বাণ হইলেও যে ধূম দেখেন, তদ্দর্শনেও পর্ব্বতে বহ্নির অনুমান করিয়া থাকেন। কিন্তু আপ্তবাক্য রূপ শব্দপ্রমাণের—বেদের—কোন স্থানেই ব্যভিচার দৃষ্ট হয় না। অধিকন্তু আপ্তবাক্য দ্বারা পূর্ব্বোক্ত নিখিল দোষেরই নিবৃত্তি হইয়া থাকে। ঋষিগণের পরস্পর বিবাদ দর্শনে আপ্ত মানবের বাক্যের যদিও কোথাও কোথাও ব্যভিচার সম্ভাবনা অনুভূত হয়, কিন্তু পরমাপ্ত বাক্য বেদের কুত্রাপি ব্যভিচার দর্শনের সম্ভাবনা নাই। 'বাচাবিরূপনিত্যয়া;' 'অনাদিনিধনা নিত্যা;' ইত্যাদি শাস্ত্র বাক্যই উহার প্রমাণ। বস্তুত সর্ব্বাতীত, সর্ব্বাশ্রয়, সর্ব্বাচিন্ত্য, আশ্চর্য্যস্বভাব বস্তুর জ্ঞানে অভিলাষী ব্যক্তির সম্বন্ধে অনাদিসিদ্ধ সর্ব্বপুরুষপরম্পরায় সর্ব্বলৌকিকালৌকিক জ্ঞানের আদি কারণ অপ্রাকৃত-বচন স্বরূপ বেদই একমাত্র প্রমাণ। তবে যে নাস্তিকগণ বেদোক্ত কোন কোন ক্রিয়ার ফল না দেখিয়া, কোন কোন স্থলে আপাতত পরস্পর বিরুদ্ধ স্বমতখণ্ডক বচন দেখিয়া, বিশেষবচনার্থক পুনরুক্তি দেখিয়া বেদশাস্ত্রকে অনৃত-ব্যাঘাত-পুনরুক্তি-দোষে দূষিত বলেন, সে কেবল তাঁহাদিগেরই ক্রিয়ার

বুদ্ধির ও তাৎপর্য্যাবগতির দোষ মাত্র, নির্দ্দোষ অভ্রান্ত পুরুষ কর্ত্তৃক উক্ত বেদ-শাস্ত্রের দোষ নহে।

এক্ষণে সঙ্ক্ষেপত প্রমাণের বিষয়ই আলোচিত হইতেছে।

কার্য্যমাত্রই করণজন্য। ব্যাপারবিশিষ্ট কারণের নাম করণ। স্বকারণজন্য কার্য্যান্তরের জনকই ব্যাপার। প্রত্যক্ষরূপ জ্ঞানকার্য্যের করণ অর্থাৎ প্রধান সাধন ইন্দ্রিয় এবং সন্নিকর্ষ উহার ব্যাপার। বৃক্ষপ্রত্যক্ষের করণ নয়নাদি ইন্দ্রিয় এবং চক্ষুঃ-সংযোগাদি উহার ব্যাপার। উক্ত সন্নিকর্ষও প্রধানত লৌকিক সন্নিকর্ষ ও অলৌকিক সন্নিকর্ষ ভেদে দ্বিবিধ। তন্মধ্যে লৌকিক সন্নিকর্ষ আবার ষড়্‌বিধ। যথা,—দ্রব্যপ্রত্যক্ষের ব্যাপার দ্রব্যের সহিত ইন্দ্রিয়-সংযোগ প্রথম সন্নিকর্ষ। দ্রব্যসমবেত গুণ, ক্রিয়া ও জাতির প্রত্যক্ষের ব্যাপার ইন্দ্রিয়-সংযুক্ত-সমবায় দ্বিতীয় সন্নিকর্ষ। দ্রব্য-সমবেত-গুণাদি-সমবেত জাতির প্রত্যক্ষের ব্যাপার ইন্দ্রিয়-সংযুক্ত-সমবেত সমবায় তৃতীয় সন্নিকর্ষ। শব্দ-প্রত্যক্ষের ব্যাপার, শ্রোত্রাবচ্ছিন্ন সমবায় চতুর্থ সন্নিকর্ষ। শব্দসমবেত জাতির প্রত্যক্ষের ব্যাপার শ্রোত্রাবচ্ছিন্ন-সমবেত সমবায় পঞ্চম সন্নিকর্ষ। এবং অভাব প্রত্যক্ষ ও সমবায় প্রত্যক্ষের ব্যাপার যথাক্রমে ইন্দ্রিয়-সংযুক্ত বিশেষণতা ও বিশেষণতা ষষ্ঠ সন্নিকর্ষ। অলৌকিক সন্নিকর্ষও সামান্যলক্ষণা, জ্ঞানলক্ষণা ও যোগজ ভেদে ত্রিবিধ। তন্মধ্যে সামান্যলক্ষণা সন্নিকর্ষ দ্বারা সামান্যজ্ঞান নিষ্পন্ন হয়, জ্ঞানলক্ষণা সন্নিকর্ষ দ্বারা বিশিষ্টবৈশিষ্ট্যাবগাহী জ্ঞান নিষ্পন্ন হয়। সামান্য অর্থাৎ জাতি যে ইন্দ্রিয় সন্নিকর্ষের বিষয় তাহার নাম সামান্যলক্ষণা সন্নিকর্ষ। সামান্যবিষয়ক জ্ঞানের নাম সামান্য জ্ঞান। যে সামান্য জ্ঞানে যে জাতিটি বিষয় হইবে, সেই জ্ঞানে সামান্যলক্ষণা সন্নিকর্ষ দ্বারা নিখিল তজ্জাত্যা-শ্রয়ের বোধ করাইবে। ইন্দ্রিয়ের সহিত যে কোন বস্তুর সম্বন্ধ হউক না কেন, যে বস্তুর সংযোগ বোধ করাইবে, সামান্যলক্ষণাসন্নিকর্ষ দ্বারা নিখিল তদ্ধর্ম্মা-শ্রয়েরই জ্ঞান উৎপাদিত হইবে। জ্ঞানলক্ষণা দ্বারা যে জ্ঞানটি যদ্বিষয়ক, কেবল তাহারই বোধ করাইবে। সামান্যলক্ষণা সন্নিকর্ষ দ্বারা একটি ধূম দৃষ্ট হইলেও নিখিল ধূমের বোধ হইয়া থাকে। এবং জ্ঞানলক্ষণাসন্নিকর্ষ দ্বারা যে ধূমের দর্শন হয়, সেই ধূমমাত্রেরই বোধ হয়। সুতরাং সামান্যলক্ষণার অস্বীকারে

দৃষ্টব্যতিরিক্ত দেশান্তরীয় ও কালান্তরীয় ধূমের সহিত সম্বন্ধ-বিশিষ্ট দেশান্তরীয় বা কালান্তরীয় বহ্নির তাহাতে ব্যাপ্তি জ্ঞান অসম্ভব হয়। এবং সুরভি চন্দন ইত্যাকার জ্ঞানে সামান্যলক্ষণা দ্বারা সুরভিত্ব বিশিষ্ট বা সৌরভের ভাণ হইলেও জ্ঞানলক্ষণা ব্যতিরেকে সৌরভত্বের ভাণ ও ধূলীপটলের যে স্থলে ভ্রমবশত ধূমত্ববিশিষ্ট রূপে বোধ হইয়াছে, তথায় ধূলীপটলের অনুব্যবসায়ের ভাণ অসম্ভব হয়। সুতরাং কি সামান্যলক্ষণা কি জ্ঞানলক্ষণা উভয়ই স্বীকার্য্য। যুক্ত ও যুঞ্জান ভেদে যোগীর দ্বৈবিধ্য বশত যোগজ সন্নিকর্ষও দ্বিবিধ। যুক্ত যোগীর চিন্তা ব্যতিরেকেই প্রত্যক্ষ হয়। এবং যুঞ্জান যোগীর প্রত্যক্ষে চিন্তার প্রয়োজন হয়। বিশেষণ বিশিষ্ট বিশেষ্যের সন্নিকর্ষই প্রত্যক্ষের গুণ এবং পিত্তদূরত্বাদি উহার দোষ। অনুমিতিতে ব্যাপ্তিজ্ঞান করণ এবং পরামর্শ ব্যাপার। সাধ্য-বিশিষ্ট পক্ষে লিঙ্গপরামর্শ গুণ এবং হেত্বাভাস উহার দোষ। শব্দে পদজ্ঞান করণ, পদার্থজ্ঞান ব্যাপার এবং শক্তিজ্ঞান সহকারী কারণ, আর আসত্তি, যোগ্যতা, আকাঙ্ক্ষা ও তাৎপর্য্যজ্ঞান কারণ।

বস্তুর যাথার্থ্য-নির্ণায়ক প্রমাণ ত্রিবিধ :—প্রত্যক্ষ, অনুমান ও আগম বা শব্দ। এই তিনটি প্রমাণ দ্বারা যথাক্রমে প্রত্যক্ষ, অনুমিতি ও শাব্দবোধ এই তিনটি প্রমিতি জন্মে। উপমান পৃথক্ প্রমাণ নহে, উহা জ্ঞানের সম্পূর্ণতা সাধক অনুলব্ধিরই অবয়ব বিশেষ।

নয়নাদি ইন্দ্রিয় দ্বারা যথার্থরূপে বস্তুসকলের যে জ্ঞান হয়, তাহাকে প্রত্যক্ষ প্রমিতি কহে। প্রত্যক্ষ প্রমিতি ছয় প্রকার; ঘ্রাণজ, রাসন, চাক্ষুষ, ত্বাচ, শ্রাবণ ও মানস। ঘ্রাণাদি ছয়টি ইন্দ্রিয়ই উক্ত ছয় প্রকার প্রত্যক্ষের কারণ। গন্ধ ও তদ্গত মধুরত্বাদি জাতির ঘ্রাণজ প্রত্যক্ষ হয়। মধুরাদি রস ও তদ্গত মধুরত্বাদি জাতির রাসন প্রত্যক্ষ হয়। নীলপীতাদি রূপ ও তদ্গত নীলত্ব পীতত্বাদি জাতি, ঐ ঐ রূপ বিশিষ্ট দ্রব্য, তত্তদ্ দ্রব্যের ক্রিয়া ও যোগ্যবৃত্তি-সমবায়াদির চাক্ষুষ প্রত্যক্ষ হয়। উদ্ভূত-শীতোষ্ণাদি-স্পর্শ ও তাদৃশ স্পর্শ-বিশিষ্ট দ্রব্যের ত্বাচ্ প্রত্যক্ষ হয়। কাঠিন্য-কোমলত্বাদিরও স্পার্শন-প্রত্যক্ষ হয়। কিন্তু অনেকানেক দার্শনিক বলেন যে, কেবল স্পর্শ দ্বারা আমরা কঠিন বা কোমল বস্তুর জ্ঞান লাভ করিতে পারি না। সেই স্পর্শের সহিত যদি আমরা

আমাদিগের শারীরিক বল প্রকাশ করি, তাহা হইলেই কাঠিন্যাদির বোধ হইতে পারে। এইরূপ কোন দ্রব্যের দৈর্ঘ্যাদি সম্বন্ধীয় জ্ঞান স্পর্শ ও বেগ হইতে হইয়া থাকে এবং উহাদিগের চাক্ষুষ প্রত্যক্ষও হইতে পারে। শব্দ ও তদ্গত বর্ণত্ব ও ধ্বনিত্বাদি জাতির শ্রাবণ-প্রত্যক্ষ এবং সুখদুঃখাদি আত্মবৃত্তি গুণের, আত্মার ও সুখত্বাদি জাতির মানস প্রত্যক্ষ হয়।

ব্যাপ্য পদার্থ দর্শন করিয়া ব্যাপক পদার্থের যে জ্ঞান হয়, তাহাকে অনুমিতি কহে। যে পদার্থ থাকিলে যে পদার্থের অভাব না থাকে, তাহাকে তাহার ব্যাপ্য, এবং যে পদার্থ না থাকিলে যে পদার্থ না থাকে, তাহাকে তাহার ব্যাপক কহে; যথা, কোন স্থানেই ধূম থাকিলে বহ্নির অভাব থাকে না এবং বহ্নি ব্যতিরেকে ধূম থাকে না বলিয়া ধূম বহ্নির ব্যাপ্য, এবং বহ্নি ধূমের ব্যাপক। এইজন্য লোকে পর্ব্বতাদিতে ধূম সন্দর্শন করিয়া বহ্নির অনুমান করিয়া থাকেন। উক্ত অনুমান গৌতমের মতে ত্রিবিধ; কারণলিঙ্গক, কার্য্যলিঙ্গক ও সামান্য লিঙ্গক। কারণ দর্শনে কার্য্যের অনুমানকে কারণলিঙ্গক অনুমান কহে। যেমন মেঘোন্নতি দর্শনে বৃষ্টির অনুমান; অগ্নি দর্শনে ধূমের অনুমান প্রভৃতি। কার্য্য দর্শনে কারণের অনুমানকে কার্য্যলিঙ্গক অনুমান কহে। যেমন নদীর অত্যন্ত বৃদ্ধি দর্শনে বৃষ্টির অনুমান; ধূম দর্শনে বহ্নির অনুমান প্রভৃতি। অনেক দার্শনিক এই অনুমানের প্রামাণ্য স্বীকার করেন না। কারণ, এই অনুমানটি কারণবাহুল্য প্রযুক্ত ভ্রান্তিমূলক হইয়া থাকে। কারণ ও কার্য্য ভিন্ন সামান্য ব্যাপ্যবস্তু দর্শনে ব্যাপক বস্তুর অনুমানকে সামান্যলিঙ্গক অনুমান কহে। যেমন গগনমণ্ডলে সম্পূর্ণমণ্ডল শশধর সন্দর্শনে শুক্লপক্ষের অনুমান।

শব্দ দ্বারা যে বোধ জন্মে, তাহাকে শাব্দবোধ কহে। যেমন গুরুর উপদেশ বাক্য শ্রবণ করিয়া ছাত্রগণের উপদিষ্ট অর্থের শাব্দবোধ জন্মে। ঐ শব্দ প্রমাণ আবার দ্বিবিধ;—দৃষ্টার্থক বা সিদ্ধার্থক এবং অদৃষ্টার্থক বা বিধ্যর্থক। যে শব্দের অর্থ প্রত্যক্ষসিদ্ধ তাহাকে সিদ্ধার্থক এবং যাহার অর্থ অদৃষ্ট তাহার নাম বিধ্যর্থক শব্দ। তুমি গৌর, ইনি শ্যাম, আমার বস্ত্র উত্তম, তুমি যাও; ইত্যাদি বাক্যই সিদ্ধার্থক বাক্য। এবং যজ্ঞ করিলে স্বর্গ হয়, বিষ্ণুপূজাতে বিষ্ণুর প্রীতি জন্মে; ইত্যাদি বাক্যের নাম বিধ্যর্থক বাক্য।

অনুমান। পরামর্শরূপ ব্যাপার জন্য ও ব্যাপ্তিজ্ঞানরূপ করণ জন্য জ্ঞান-কার্য্যের নামই অনুমিতি এবং তাহার করণই অনুমান, অর্থাৎ ব্যাপ্তি-বিশিষ্ট-পক্ষ-ধর্ম্মতা-জ্ঞান-জন্য জ্ঞানই অনুমিতি ও তাহার করণই অনুমান। হেত্বধিকরণ-বৃত্তি অভাবের অপ্রতিযোগি-সাধ্যের সহিত হেতুর সামানাধিকরণ্য জ্ঞানই ব্যাপ্তি-জ্ঞান। সাধনেচ্ছা-বিরহিত সিদ্ধির অভাব রূপ পক্ষধর্ম্মতাবিশিষ্টই পক্ষ। পরিভাষা পরিত্যাগ পূর্ব্বক সামান্যত যথাশ্রুত লক্ষণ করিতে হইলে, ব্যাপ্য ও ব্যাপকের সামানাধিকরণ্যকেই ব্যাপ্তি বলা যায়; অর্থাৎ অন্বয়মুখেই হউক বা ব্যতিরেকমুখেই হউক, যাহা ব্যাপকের সহিত ব্যাপ্তি অর্থাৎ সামানাধিকরণ্য বিশিষ্ট, তাহা অবশ্যই তদ্ব্যাপ্যেরও সহিত ব্যাপ্তিবিশিষ্ট। পরিভাষা পরিত্যাগ পূর্ব্বক সরলভাষায় এইরূপ বলিতে পারা যায়,—যাহা এক শ্রেণীর সমস্ত বস্তুর সহিত সাধর্ম্ম্যবিশিষ্ট, তাহা তৎশ্রেণীর অংশবিশেষের সহিতও সাধর্ম্ম্যবিশিষ্ট। যে বক্রকক্ষায় ভ্রমণ সমস্ত গ্রহের কার্য্য, তাহা অবশ্যই মঙ্গল, বুধ, বৃহস্পতি বা অপর গ্রহেরও কার্য্য। এইরূপ ব্যতিরেকাংশেও আমরা গ্রহগণের স্বতঃজ্যোতিৰ্ম্ময়ত্ব অস্বীকার করিয়া অবশ্যই গ্রহান্তর্গত প্রত্যেক গ্রহেরও স্বতঃজ্যোতির্ম্ময়ত্ব অস্বীকার করিব। উক্ত লক্ষণের প্রধান দোষ এই যে, উহা শ্রেণী ও তদংশীয়ের ব্যাপ্তিস্থলেই গমন করিতে পারে, কিন্তু সর্ব্বাঙ্গীণ সাধর্ম্ম্যস্থলে গমন করিতে পারে না; সুতরাং অন্যবিধ লক্ষণের প্রয়োজন হইয়া উঠে। ফলত উপাধি-রহিত অর্থাৎ অবিনাভাব সম্বন্ধ দ্বারা নিরূপিত স্বাভাবিক সামানাধিকরণ্যকেই ব্যাপ্তি বলা যায়। যে অবিনাভাব সম্বন্ধ স্বাভাবিক নহে, তন্নিরূপিত সামানাধি-করণ্যও স্বাভাবিকী বা প্রকৃত ব্যাপ্তি নহে। যে সামানাধিকরণ্য পদার্থান্তরের সংসর্গাধীন হয়, তাহার নাম অস্বাভাবিক সামানাধিকরণ্য এবং যে সামানাধি-করণ্য পদার্থান্তরের সংসর্গ ব্যতিরেকেই হয়, তাহার নাম স্বাভাবিক সামা-নাধিকরণ্য। স্বাভাবিক সামানাধিকরণ্যই সামানাধিকরণ্য এবং অস্বাভাবিক সামানাধিকরণ্য সামানাধিকরণ্যই নহে। সুতরাং বহ্নি ও ধূমের সামানাধি-করণ্য স্থলে ব্যাপক বহ্নির ব্যাপ্যধূমব্যাপকতা রূপা ব্যাপ্তিই প্রকৃত ব্যাপ্তি; কিন্তু ব্যাপ্য ধূমের ব্যাপকবহ্নিব্যাপকতারূপা ব্যাপ্তি স্বাভাবিকী নহে; উহা ব্যাপ্ত্যাভাস মাত্র। কারণ, ধূমের বহ্নিতে ব্যাপ্তি জলীয় পরমাণুবহুল আর্দ্রেন্ধন

ব্যতিরেকে নিষ্পন্ন হয় না। যদি হইত, তাহা হইলে, ধাতবপদার্থস্থিত বহ্নিতেও ধূমের ব্যাপ্তি দৃষ্ট হইত। কিন্তু বহ্নির ধূমব্যাপ্তিতে পদার্থান্তরের সংযোগের আবশ্যকতা নাই। যদি থাকিত, তাহা হইলে, কোন না কোন স্থলে তাহার ব্যভিচার দৃষ্ট হইত। এইরূপে স্থির হইতেছে যে, ব্যাপক পদার্থে তদ্ব্যাপ্য পদার্থের ব্যাপ্তিই স্বাভাবিকী; কিন্তু ব্যাপ্য পদার্থের তদ্ব্যাপক পদার্থে ব্যাপ্তি কোন কারণ বশত হইয়া থাকে। অতএব ধূম দর্শনে বহ্নি-দর্শনের আশা হইতে পারে, কিন্তু বহ্নি দর্শনে ধূম দর্শনের আশা হইতে পারে না; হইলেও তাহা অসঙ্গতা।

যে উপায়ে ঐ ব্যাপ্তির অস্বাভাবিকত্ব প্রতিপন্ন করা যায়, তাহার নাম উপাধি। ইহা পরকীয় ব্যাপ্তির প্রতিবন্ধকতাচরণের সহায়স্বরূপ। ধূমের বহ্নিব্যাপ্তিস্থলে আর্দ্রেন্ধনই উপাধি। সাধ্যের ব্যাপকত্ব থাকিয়া সাধনের অব্যাপকত্ববিশিষ্ট হইলেই তাহাকে উপাধি বলা যায়। ঐ উপাধি ত্রিবিধ:— সাধনের অব্যাপক হইয়া শুদ্ধসাধ্যের ব্যাপক, সাধনের অব্যাপক হইয়া পক্ষধর্মাবচ্ছিন্ন সাধ্যের ব্যাপক, সাধনের অব্যাপক হইয়া সাধনাবচ্ছিন্ন সাধ্যের ব্যাপক। ক্রমান্বয়ে উদাহরণ যথা, লৌহগোলক ধূমবিশিষ্ট, যেহেতু উহা বহ্নিবিশিষ্ট, এইস্থলে আর্দ্রেন্ধন উপাধি। বায়ু প্রত্যক্ষ, যেহেতু উহা প্রত্যক্ষ স্পর্শের আশ্রয়, এই স্থলে বায়ুর দ্রব্যত্বাবচ্ছিন্ন প্রত্যক্ষ সাধ্যের উদ্ভূতরূপবত্ব উপাধি। ধ্বংস বিনাশী, যেহেতু উহা জন্য, এই স্থলে জন্য-ত্বাবচ্ছিন্নবিনাশিত্ব ব্যাপক ভাবত্বই উপাধি। উপাধির উপস্থিতি দুই প্রকারে হইয়া থাকে; প্রথম সমারোপিত ভাবে এবং দ্বিতীয় শঙ্কিত রূপে। উপাধি প্রদর্শিত হইলে সমারোপিত এবং তাহার আশঙ্কামাত্র হইলে শঙ্কিত বলা যায়। স্বত আশঙ্কার ভূয়োদর্শনাদি দ্বারা নিবৃত্তি না হইলে, তর্কই উক্ত আশঙ্কার পরিহারকর্ত্তা হয়। সদ্ধেতু স্থলে অর্থাৎ বহ্নির ধূমব্যাপ্তিরূপ স্বাভাবিকী ব্যাপ্তি স্থলে বহ্ন্যভাবাধিকরণে ধূমের অনস্তিত্ব প্রদর্শন করিতে পারিলেই উক্ত উভয়বিধ উপাধির নিরাস হইবে। ব্যভিচারী স্থলে অর্থাৎ ধূমের বহ্নিব্যাপ্তিরূপ অস্বাভাবিক ব্যাপ্তি স্থলে ধূমাভাবাধিকরণে বহ্নির অস্তিত্ব প্রদর্শন করিতে পারিলেই ব্যাপ্তির অস্বাভাবিকত্ব প্রতিপন্ন হইবে।

ঐরূপে ব্যাপ্তিজ্ঞানের অনন্তর ব্যাপ্তিবিশিষ্টের পক্ষবৃত্তিত্ব জ্ঞান ও তদনন্তর অনুমিতি হয়। ঐ অনুমিতি স্বার্থ ও পরার্থ ভেদে দ্বিবিধা। স্বার্থানুমিতি স্বসাধ্যা, অর্থাৎ দর্শনাদিমাত্র বাক্যব্যূহের বিন্যাস ব্যতিরেকে যে অনুমান হয়, তাহাই স্বার্থানুমিতি। এই অনুমিতিতে ব্যাপ্তির উদ্ভাবনের আবশ্যকতা নাই। পরার্থানুমিতি ব্যাপ্তির উদ্ভাবন ব্যতিরেকে নিষ্পন্ন হয় না। সুতরাং এই অনুমিতি ন্যায়সাধ্যা।

ন্যায়। ন্যায়শাস্ত্র বিজ্ঞানের বিজ্ঞান। এই শাস্ত্র সকল শাস্ত্রেরই সহায়। এই শাস্ত্র ব্যতিরেকে আমরা কোন শাস্ত্রেরই জ্ঞানলাভ করিতে পারি না। এই শাস্ত্রের সাহায্য ব্যতিরেকে কোন শাস্ত্রেই ব্যুৎপত্তি জন্মে না। প্রমাণ দ্বারা অর্থপরীক্ষণের নাম ন্যায়। সুতরাং ন্যায়শাস্ত্রকে বিচারবিজ্ঞানও বলা যাইতে পারে। অর্থাৎ যে বিচারশাস্ত্র দ্বারা চিন্তার বিশুদ্ধ অপরিহার্য্য নিয়ম বিজ্ঞাত হওয়া যায়, তাহারই নাম ন্যায়শাস্ত্র। এই শাস্ত্রের সাহায্যে আমরা জ্ঞান ও নৈপুণ্য উভয়ই শিক্ষা করিয়া থাকি।

প্রকৃতির কোন নিয়মেরই নিয়মান্তরের সহিত নিয়ত সাধর্ম্ম্য দৃষ্ট হয় না। অন্যত্র যদিও কিঞ্চিৎ সাধর্ম্ম্য দৃষ্ট হয়, কিন্তু স্বাধীন বৃত্তি মানবে তাহার সম্পূর্ণ বৈপরীত্য দৃষ্ট হয়। এক মানবের অবস্থাবিশেষের কার্য্যাদির সহিত তদবস্থাপন্ন অন্য মানবের তাদৃশ কার্য্যেও বৈলক্ষণ্য লক্ষিত হয়। সুতরাং মানবীয় কার্য্য দর্শনে কোন বিষয়েরই স্থির নিয়মের সিদ্ধান্ত করা যাইতে পারে না। কিন্তু মানবের মানসিক চিন্তন ব্যাপার তদ্রূপ নহে; উহার সর্ব্বত্রই সাম্য। বিভিন্ন মানবের প্রত্যেক চিন্তার নিয়মই একরূপ। সুতরাং মানবীয় চিন্তার অনুসরণে অভ্রান্ত সিদ্ধান্তে উপনীত হইবার অধিকতর সম্ভাবনা। ন্যায়শাস্ত্রের কার্য্যই ঐ সকল ব্যাপারের পরস্পর সাধর্ম্ম্য-বৈধর্ম্ম্য দ্বারা ফল নির্ণয়।

মানবগণ যে রীতি অনুসারে চিন্তা বা বিচার করিয়া অচল সিদ্ধান্তে উপস্থিত হইতেছেন বা হইবেন, সেই রীতির অন্তর্গত সাধর্ম্ম্যই চিন্তার নিয়ম। ঐ সকল নিয়মও প্রকৃতির বহির্ভূত নহে; অর্থাৎ উহারাও প্রাকৃতিক নিয়ম। সুতরাং উহারা মানবকৃত নিয়ম দ্বারা পরাহত বা পরিবর্ত্তিত হইতে পারে না। প্রত্যেক বিজ্ঞান শাস্ত্রই, বিষয় সকল যে যে নৈসর্গিক নিয়মে পরস্পর সাধর্ম্ম্যে

পরিচালিত হইতেছে, সেই সেই নিয়মের আবিষ্কার করে, এবং নৈপুণ্য ঐ সকল আবিষ্কৃত বিষয়কে কার্য্যে পরিণত করে। জ্যোতির্বিজ্ঞানের আকর্ষণ, রসায়ন-বিজ্ঞানের মিশ্রণ, তাড়িত-বিজ্ঞানের কম্পন, পদার্থ-বিজ্ঞানের উৎপাদন প্রভৃতি ও তাহাদের যথাযোগ্য প্রয়োগে উৎপন্ন কার্য্য সকলই ঐ বিষয়ের উৎকৃষ্ট দৃষ্টান্তস্থল। তদ্রূপ চিন্তন প্রভৃতির নিয়ম সকল ও তাহাদের কার্য্যে পরিণতি ন্যায়শাস্ত্রের নিরূপণীয় বিষয়।

এই জগতে মানবই শ্রেষ্ঠ জীব; এবং মানবের মনই একমাত্র শ্রেষ্ঠ বস্তু। প্রকৃতির অধীন ও অনুকারী মানবের ঐ মনে ও বহির্জগতে প্রকৃতি যে ভাবে কার্য্য করেন, মানব স্বীয় মনে তত্তদ্ভাবের সাধর্ম্ম্য বৈধর্ম্ম্য সন্দর্শনে কার্য্যে নৈপুণ্য ও জ্ঞানে বিচক্ষণতা লাভ করেন। তিনি তদতিরিক্ত কিছুই বুঝিতে বা করিতে পারেন না। সুতরাং প্রকৃতির বশবর্ত্তী মানব প্রকৃতির সাহায্য ব্যতিরেকে যাহা কিছু করিতে বা বুঝিতে চেষ্টা করেন, তাহাই অসম্পূর্ণ, ভ্রম-সঙ্কুল ও অকিঞ্চিৎকর হইয়া পড়ে। মানবের শক্তি বা মানবীয় জ্ঞান প্রাকৃতিক কারণের অনুকারী; মানবের স্বকর্তৃত্ব কিছুতেই নাই বলিলেও দোষ হয় না। প্রকৃতি অপরাপর পদার্থের ন্যায় মানবেরও অন্তরে থাকিয়া মানবকে যে ভাবে পরিচালিত করেন, মানব সেই ভাবেই পরিচালিত হয়েন। প্রকৃতির নিয়মের সম্পূর্ণরূপ অনুসরণ ব্যতিরেকে প্রকৃতিকে স্ববশে স্থাপন বা তদুপরি আধিপত্য করা মানবের সাধ্যায়ত্ত নহে। আমরা প্রাকৃতিক নিয়ম অনুসারে চিন্তার প্রভাবে যাহাকে কারণরূপে সিদ্ধান্ত করি, কার্য্য তদনুসারেই ঘটিয়া থাকে। ন্যায়শাস্ত্রের কার্য্যই ঐ সকল প্রমাণ করা। মানবের অন্তরে বিবেক নাম্নী শক্তি নিহিতা আছে। ঐ শক্তি ইচ্ছাশক্তির সহিত সম্মিলিত ভাবে যে সকল কার্য্য সম্পাদন করে, তাহারা তিন ভাগে বিভক্ত;—সামান্য জ্ঞান, বিশেষ জ্ঞান ও পরামর্শ। উক্ত কার্য্য সকলের রীতি দ্বিবিধ;—বিশেষ স্থল দর্শনে উক্ত বিশেষ বিষয়কে সামান্য লক্ষণে লক্ষিত করণ এবং লক্ষিত সামান্য বিষয় হইতে বিশেষ বিষয়ের লক্ষণ নির্ণয়। এই রীতিদ্বয় আবার নিম্নলিখিত দুইটি নিয়মের অধীনে সম্পন্ন হইয়া থাকে। প্রথম অন্বয় নিয়ম; দ্বিতীয় ব্যতিরেক নিয়ম।

ন্যায়শাস্ত্র, ভাষা চিন্তা ও বিষয়, এই তিনটিকে আশ্রয় করিয়া প্রবর্ত্তিত হয়। অর্থাৎ উক্ত বিষয়ত্রয়ই ন্যায়ের বিচার্য্য। ন্যায় যখন বিষয়ে প্রবর্ত্তিত হয়, তখন বিষয়কে প্রত্যক্ষ, স্মৃতি ও উপমিতি এই ভাগত্রয়ে বিভক্ত করে। যখন চিন্তাতে প্রবর্ত্তিত হয়, তখন চিন্তাকে সামান্যজ্ঞান, বিশেষজ্ঞান ও যৌগিক বা ব্যাপ্তিজ্ঞান নামক ভাগত্রয়ে বিভক্ত করে। আর যখন ভাষাতে প্রবর্ত্তিত হয়, তখন ভাষাকে বাক্য, প্রতিজ্ঞা ও ব্যাপ্তিনামক ভাগত্রয়ে বিভক্ত করে।

পরস্পর অন্বিত নামসংগ্রাহক শব্দ, পদ ও বাক্য সকল মিলিত হইয়া ভাষা নামে কথিত হয়। ঐরূপ অন্বিত শব্দাদি কোন না কোন অর্থ বিশিষ্ট। যে সকল শব্দ দ্বারা জিজ্ঞাসিত ব্যক্তি বা জাতি ব্যক্ত হয়, তাহারাই সার্থক শব্দ বা পদ। প্রথমত শ্রবণ-সমবায়রূপ-সন্নিকর্ষ-জনিত-প্রথম-বর্ণ-জ্ঞানানন্তর তজ্জন্য সংস্কারত্বসম্বন্ধে পূর্ব্ব পূর্ব্ব বর্ণবিশিষ্ট চরম বর্ণ জ্ঞান হয়। তদনন্তর প্রকরণাদি-জ্ঞান-মূলক তত্তদর্থবোধেচ্ছায় উচ্চরিতত্ব-রূপ তাৎপর্য্য-জ্ঞান-সহকৃত শক্তি-লক্ষণান্ত-তর-সম্বন্ধ-রূপ-বৃত্তি-জ্ঞান জন্য তত্তৎ পদার্থের উপস্থিতি হয়। নাম ও ধাতুরূপা প্রকৃতি, কৃৎ তদ্ধিত, স্যাদি তিবাদি প্রত্যয় ও নিপাত রূপ শব্দ সকল স্বতন্ত্র ভাবে বা পরস্পর মিলিত ভাবে স্বার্থবোধকারী পদ ও বাক্য সকল উৎপাদন করে। পদজ্ঞান শব্দজ্ঞানের কারণ, পদার্থোপস্থিতি ব্যাপার, এবং আকাঙ্ক্ষা, যোগ্যতা, আসত্তি ও তাৎপর্য্যজ্ঞান সহকারি কারণ, ও শাব্দবোধ ফল। যাদৃশ শব্দ সকলের পরস্পর আকাঙ্ক্ষা যাদৃশ অর্থবোধের প্রতি অনুকূল হয়, তাদৃশ শব্দসমূহ তথাবিধ অর্থে অন্বয়বোধক বাক্য হয়। অর্থাৎ যোগ্যতা, আকাঙ্ক্ষা, আসত্তি ও তাৎপর্য্য যুক্ত পদসমূহই বিশেষ বিশেষ অর্থবোধক বাক্য। অন্বয়-প্রতিযোগী অর্থাৎ যাহার সহিত যাহার অন্বয় অপেক্ষা করে, সেই পদার্থদ্বয়ের অব্যবধানে উপস্থিতির নামই আসত্তি। ইহার অন্বয়-বোধ-কারণত্ব স্বীকার না করিলে, 'গিরি ভুক্ত,' 'দেবদত্ত হেতুক বহ্নিমান্,' ইত্যাদিও বাক্য হইত। এক পদার্থে অপর পদার্থের যে সম্বন্ধ, তাহারই নাম যোগ্যতা; অর্থাৎ পদা-র্থের পরস্পর সম্বন্ধে বাধার অভাবই যোগ্যতা। ইহার অন্বয়-বোধ-হেতুত্ব অস্বীকার করিলে, 'বহ্নি দ্বারা সিঞ্চন করিতেছে,' ইত্যাদি স্থলেও বাক্য হইত। স্বরূপযোগ্যতা থাকিয়া অজনিতান্বয়বোধকত্বই আকাঙ্ক্ষা, 'ঘট, কর্ম্মত্ব,

আনয়ন কৃতি,' এই স্থলে স্বরূপযোগ্যতার অভাবে অন্বয়বোধ হইল না। 'এই রাজার পুত্র আসিতেছেন, পুরুষ অপসৃত হও,' এই স্থলে পুত্রের সহিত রাজার অন্বয় হওয়াতে পুরুষের সহিত অন্বয়ের অভাব হইল। এই আকাঙ্ক্ষা শ্রোতার জিজ্ঞাসা স্বরূপ; অর্থাৎ যে পদ ব্যতিরেকে যে পদের অন্বয়ের অননুভাবকতা ঘটে, সেই পদের সহিত তৎপদের আকাঙ্ক্ষা স্বীকৃত হয়। ইহার কারণতা অস্বীকার করিলে, অব্যক্ত শব্দ সকলেরও অন্বয়বোধ হইত। যে অর্থ প্রতীতির জন্য যে পদের উচ্চারণ হয়, তৎপদের তাহাই তাৎপর্য্য। এই বক্তৃতাৎপর্য্য নির্ণয়ের উপায়—উপক্রম, উপসংহার, অভ্যাস, অপূর্ব্বতা, ফল, অর্থবাদ ও উপপত্তি। জ্ঞান পূর্ব্বক আরম্ভের নাম উপক্রম; এবং জ্ঞান পূর্ব্বক সমাপ্তির নাম উপসংহার। পুনঃপুন শ্রুতি বা আবৃত্তির নাম অভ্যাস। শাস্ত্রে অভূতপূর্ব্ব বিষয়ের উপস্থিতির নাম অপূর্ব্বতা। লব্ধব্য বিষয়ের নাম ফল। স্তুতি বা নিন্দা প্রতিপাদক বাক্যের নাম অর্থবাদ। এবং সঙ্গতি বা সিদ্ধান্তই উপপত্তি; অর্থাৎ প্রকরণপ্রতিপাদ্য অর্থের সাধনে সেই সেই স্থলে শ্রূয়মাণ যুক্তির নামই উপপত্তি। ফলত শাস্ত্রবাক্য সকল প্রধানত তিন শ্রেণীতে বিভক্ত হইয়া থাকে। বিধি-বাক্য, নিষেধ-বাক্য ও অর্থবাদ-বাক্য। অপূর্ব্ব উপদেশ বাক্যের নাম বিধিবাক্য; উহাদের প্রশংসা বা নিন্দা প্রতিপাদক বাক্যের নাম অর্থবাদ-বাক্য; এবং উহাদের নিষেধ-সূচক বাক্যের নাম নিষেধ-বাক্য। পূর্ব্বোক্ত অর্থবাদ আবার ত্রিবিধ। গুণবাদ, অনুবাদ ও ভূতার্থবাদ।

"বিরোধে গুণবাদঃ স্যাদনুবাদোঽবধারিতে।
ভূতার্থবাদস্তদ্ধানাদর্থবাদস্ত্রিধা মতঃ॥"—মীমাংসকাচার্য্যাঃ॥

বিরোধে অর্থাৎ বিশেষ্য বিশেষণের সামানাধিকরণ্য দ্বারা অন্বয় বিরোধ হইলে, একের অপরের অঙ্গরূপে কথনই গুণবাদ। অতএব প্রত্যক্ষবিরুদ্ধ ও যুক্তিবিরুদ্ধ হইলে গুণবাদ অর্থাৎ কেবল বিহিত বিষয়ে প্রশংসা করা হইতেছে, এই মাত্র বুঝিতে হইবে। প্রমাণান্তরের দ্বারা অবধারিত বিষয়ের বর্ণনা দৃষ্ট হইলে তাহাকে অনুবাদ জানিতে হইবে। আর যাহার কোন অবধারক প্রমাণ উপস্থিত নাই, অথচ প্রত্যক্ষবিরুদ্ধ বা যুক্তিবিরুদ্ধ নহে, এইরূপ স্থলে ভূতার্থবাদ জানিতে হইবে। এই ভূতার্থবাদ ঘটিত আখ্যায়িকা

সকলই সত্য, তদ্ভিন্ন অসত্য। উদাহরণ যথা,—'যজমানই প্রস্তর' অর্থাৎ যজমান কুশমুষ্টিধারী, ইহা গুণবাদ। 'অগ্নি হিমের ভেষজ,' ইহা অনুবাদ। 'যাহারা নিত্য সন্ধ্যোপাসনা করেন, তাঁহারা বিধূতপাপ হইয়া ব্রহ্মলোকে গমন করেন; পর্ব্বে স্ত্রী-তৈল-মাংস-সম্ভোগী ব্যক্তি নরকগামী হয়;' এই দুইটি সামান্যত প্রশংসা ও নিন্দাসূচক ভূতার্থবাদ।

শব্দের শক্তি বা বৃত্তি দ্বিবিধা। মুখ্যা ও লক্ষ্যা। লক্ষ্যা বৃত্তি আবার দ্বিবিধা; গৌণী ও লক্ষণা। শব্দের অর্থও তদনুসারে বাচ্যার্থ বা অভিধেয়ার্থ বা মুখ্যার্থ, লক্ষ্যার্থ ও ব্যঙ্গার্থ বা গৌণার্থ নামক ভাগত্রয়ে বিভক্ত হইয়া থাকে। প্রাকৃতিক নিয়মানুসারে যে শক্তি শব্দের মুখ্য অর্থ প্রকাশ করে, তাহাকে অভিধা শক্তি এবং ঐ শক্তি প্রতিপাদ্য অর্থকে শব্দের মুখ্যার্থ বলে। ব্যাকরণ, উপমান, অভিধান, আপ্তবাক্য ও বিবৃতি হইতে ঐ মুখ্যার্থের বোধ হইয়া থাকে। অভিধেয়াবিনাভূত প্রবৃত্তি অর্থাৎ শব্দের যে শক্তি মুখ্যার্থ পরিত্যাগ না করিয়াই মুখ্যার্থ সম্বন্ধি বস্তু বোধ করায়, তাহার নাম লক্ষণা শক্তি এবং ঐ শক্তিপ্রতিপাদ্য অর্থের নাম লক্ষ্যার্থ। লক্ষ্যমাণ-গুণ-যোগিনী বৃত্তি, অর্থাৎ যে শক্তি মুখ্যার্থ পরিত্যাগ পূর্ব্বক মুখ্যার্থযুক্ত গুণসম্বন্ধ বোধ করায়, তাহার নাম গৌণী শক্তি এবং ঐ শক্তিপ্রতিপাদ্য অর্থের নাম গৌণার্থ। পূর্ব্বোক্ত মুখ্যার্থ আবার রূঢ়, যৌগিক, যোগরূঢ় ও রূঢ়যৌগিক ভেদে চতুর্ব্বিধ। ইহার বিস্তার অন্যত্র দ্রষ্টব্য।

তৃতীয়-লিঙ্গ-পরামর্শ-প্রযোজক শাব্দজ্ঞানজনক বাক্যরূপ ন্যায় ভাষাগত হইলে তাহাকে পঞ্চাবয়বাত্মক বাক্যব্যূহ বলে। পঞ্চ অবয়ব যথা,—প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয় ও নিগমন। উদ্দেশ্যানুনানতিরিক্ত বিষয়ক শব্দজ্ঞানজনক বাক্যই প্রতিজ্ঞা; অর্থাৎ যে বিষয়কে সিদ্ধ করিতে হইবে, তাহার উল্লেখই প্রতিজ্ঞা। যথা—সম্মুখস্থ পর্ব্বত বহ্নিমান্; অর্থাৎ ঐ পর্ব্বতে বহ্নি আছে বা বহ্নি অনুমিত হইতেছে। প্রতিজ্ঞার দুইটি অংশ:—পক্ষ বিষয়ী উদ্দেশ্য বা প্রতিপাদ্য এবং সাধ্য বিষয় বিধেয় বা উপপাদ্য। যাহার বিষয়ে কিছু সাধন করা হয়, তাহার নাম পক্ষ এবং যাহাকে সাধন করা হয়, তাহার নাম সাধ্য। যাহা দ্বারা ক্রিয়া নিষ্পন্ন হইবে, তাহাই সাধন বা হেতু; অর্থাৎ

অবিনাভাব বিশিষ্ট ব্যাপ্য পদার্থটি দেখান। যথা,—দৃশ্যমান পর্ব্বতে ধূম দৃষ্ট হইতেছে। এই স্থলে সাধ্য বহ্নির ব্যাপ্য ধূমরূপ সাধন প্রদর্শিত হইল। প্রকৃত সাধ্য ও সাধনের অবিনাভাব প্রতিপাদক ন্যায়াবয়বের নাম উদাহরণ। যথা,—যেরূপ মহানসে ধূমের সহিত বহ্নি দৃষ্ট হইয়াছিল। অবিনাভাব বিশিষ্ট হেতুর পক্ষবৈশিষ্ট্য প্রতিপাদক ন্যায়াবয়বই উপনয়; অর্থাৎ অনুমেয় পদার্থটির সহিত দৃশ্যমান ব্যাপ্য পদার্থের যে স্বাভাবিকী ব্যাপ্তি আছে, তাহা নিঃসংশয়িত রূপে অবগত করাণ। যথা, মনে কর, তুমি যেখানে যেখানে ধূম দেখিয়াছ, সেই-খানে সেইখানেই বহ্নি দেখিয়াছ। বিশেষ প্রয়োজন নাই বলিয়া কেহ কেহ এই অবয়বটিকে স্বীকার করেন না। পক্ষে সাধ্য-বৈশিষ্ট্য-প্রতিপাদক ন্যায়াব-য়বের নামই নিগমন বা উপসংহার; অর্থাৎ বিপক্ষবাধক তর্ক দ্বারা সংশয় নিরসন করত প্রতিজ্ঞাত পদার্থের অস্তিত্ব সিদ্ধি প্রদর্শন। যথা, বহ্নিব্যাপ্য ধূম যখন অবিচ্ছিন্নভাবে উঠিতে দেখা যাইতেছে, তখন উহার মূলে বহ্নি না থাকার কারণ নাই।

এস্থলে বলা উচিত যে, অবয়ব সম্বন্ধে যাহা কথিত হইল, তাহা নৈয়া-য়িকেরা অনুমোদন করেন, কিন্তু উহা অধিকাংশ দার্শনিকেরই অনুমোদিত নহে। যাহাই হউক, বস্তুগত কোন প্রভেদই দৃষ্ট হয় না।

নৈয়ায়িকগণের অবয়ব প্রদর্শনের প্রথা এই :—

এই পর্ব্বত বহ্নিমান। (প্রতিজ্ঞা)

কারণ, ইহা হইতে ধূম উত্থিত হইতেছে। (হেতু)

যাহা হইতে ধূম উঠে, তাহাই বহ্নিমান—যেমন রন্ধনশালা। (উদাহরণ)

এই পর্ব্বত হইতে ধূম উঠিতেছে। (উপনয়)

সুতরাং ইহা বহ্নিমান। (নিগমন)

ক মৃত্যুর অধীন। (প্রতিজ্ঞা)

কারণ, ক একজন মনুষ্য। (হেতু)

মনুষ্য মাত্রই মৃত্যুর অধীন। কারণ ক, খ, গ, ঘ প্রভৃতি সকলেই মনুষ্য ছিলেন, সকলেই মরিয়াছেন। (উদাহরণ)

এইটিই আবার—

যে যে মনুষ্য, সে সে মৃত্যুর অধীন। (অন্বয়ি স্থল)

যে যে মৃত্যুর অধীন নহে, সে সে মনুষ্য নহে। (ব্যতিরেকি স্থল)

ক এক জন মনুষ্য। (উপনয়)

সুতরাং ক মৃত্যুর অধীন। (নিগমন)

প্রতিজ্ঞা ও নিগমনের মধ্যে কোন বিশেষ দেখা যায় না; অধিকন্তু ইহারা অনুমানের অবয়বও নহে। হেতু ও উপনয় আবার একই। সুতরাং হেতু ও উদাহরণ এই দুইটিই অবয়ব।

বিশেষানুমিতি। পরার্থানুমিতি সাধারণত দুই ভাগে বিভক্ত। কার্য্য-কারণ-জ্ঞানবলে বিশেষ ধর্ম্ম হইতে সামান্য ধর্ম্মের অবধারণরূপা সামান্যানুমিতি, এবং ভূয়োদর্শন, পারম্পর্য্য ও সামান্যধিকরণ্যাদি বলে সামান্য ধর্ম্ম হইতে বিশেষ ধর্ম্মের অবধারণরূপা বিশেষানুমিতি। এই উভয়বিধা অনুমিতিই ব্যাপ্তিজ্ঞান-সাধ্যা। স্বার্থানুমিতিও সামান্য-বিশেষ-ভেদে দ্বিবিধা ও ব্যাপ্তি-জ্ঞান-সাধ্যা। কিন্তু বিশেষ এই যে, স্বার্থানুমিতিতে পরার্থানুমিতির ন্যায় ব্যাপ্তির উদ্ভাবনের প্রয়োজন হয় না। সামান্যানুমান বিশেষানুমানের ভিত্তিস্বরূপ। প্রত্যেক বিশেষ অনুমানেই কি স্পষ্ট কি অস্পষ্ট যে কোন ভাবেই হউক, সামান্যানুমান নিহিত থাকেই থাকে। দৃষ্টান্ত যথা, যদি কখন দেখি যে, জলে সোডা ও এসিড মিশ্রিত হইলে, ঐ জল ফুটিতে থাকে, তবে যখনই ঐ প্রকার জলে ঐরূপ সোডা ও এসিড মিশ্রিত হইবে, তখনই আমরা অনুমান করিব যে, উহা পূর্ব্ববৎ ফুটিবে। এইরূপ, লৌহ উত্তাপে লোহিতবর্ণ হয়, ইত্যাদি নানা প্রকার অনুমান করিতে পারা যায়।

পূর্ব্বোক্ত অনুমানের অন্তরে দুইটি ধারণা নিহিত দেখা যায়। প্রথম, প্রত্যেক কার্য্যেরই কারণ আছে; যাহা হইতে আমরা অনুমান করি, জলের ঐরূপ ফুটনের কোন না কোন কারণ আছে; দ্বিতীয়, প্রকৃতির সাম্যে বিশ্বাস, যাহা হইতে আমরা অনুমান করি, যখনই সদৃশ ঘটনা উপস্থিত হইবে, তখনই সদৃশ ফল দর্শন করিব। সোডা এসিডের সহিত মিশ্রণে ফুটিয়া উঠে, (আদি প্রতিজ্ঞা)। ফুটনের কারণ মিশ্রণ, (কার্য্যমাত্রই কারণশালী)। এইরূপ মিশ্রণে এইরূপ ফুটন হয়, (প্রকৃতির নিয়মের সাম্যে বিশ্বাস)। এই পর্য্যন্তই সামান্য

অনুমান। ইহার পরেই আমরা কালান্তরে বা স্থানান্তরে ঐ প্রকার ফুটন দেখিলেই, (সদৃশ ঘটনার সদৃশ বিশেষ ফল,) এই বিশেষ নিয়ম দ্বারা বিশেষ স্থলে বিশেষ অনুমান করিয়া থাকি ; অর্থাৎ স্থলবিশেষে কার্য্যবিশেষকে পূর্ব্ব সামান্যানুমান হইতে ব্যাপ্তিস্মরণ দ্বারা বিশেষানুমানে বিশেষরূপে সিদ্ধান্ত করিয়া থাকি। যথা, পূর্ব্বে দেখিয়াছি,—এইরূপ ফুটন, সোডা ও এসিডের মিশ্রণ হইতেই উৎপন্ন হইয়াছিল। অতএব এস্থলের এই ফুটনও সোডা ও এসিডের মিশ্রণ হইতেই উৎপন্ন। (ইহাই বিশেষ অনুমান)। এইরূপ, সকল লৌহই উত্তাপে লোহিত বর্ণ ধারণ করে, (সামান্যানুমান)। ইহা একখণ্ড লৌহ, যদি উত্তপ্ত হয়, তবে লোহিতবর্ণ হইবে, (বিশেষ অনুমান)।

প্রতিজ্ঞা। অন্বয়বিশিষ্ট পদকদম্বের নামই প্রতিজ্ঞা। পদ বা বাক্যই প্রতিজ্ঞার প্রাণস্বরূপ ; সুতরাং সিদ্ধান্তের নিমিত্ত ঐ পদ বা বাক্য স্পষ্টার্থ হওয়া উচিত। কেবল অনন্বিত পদ দ্বারা কোন সত্যই প্রকাশিত হইতে পারে না। অনন্বিত পদ দ্বারা কেবল বস্তু, ব্যক্তি, জাতি, গুণ ও ক্রিয়া মাত্র ব্যক্ত হয় ; সুতরাং অন্বয়বোধের নিমিত্ত অর্থাৎ উক্ত বস্তু প্রভৃতি বিষয়ক সত্যাদির নিরূপণার্থ ঐ পদ সকলের পরস্পর অন্বয়ের প্রয়োজন। এই প্রতিজ্ঞাই বৈয়াকরণের মতে বাক্য। প্রতিজ্ঞা শব্দের প্রকৃত অর্থ কোন একটি চিন্তনীয় বিষয়ের সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যাবধারণ। প্রতিজ্ঞা প্রধানত দ্বিবিধ: অন্বয়ী ও ব্যতিরেকী। উহারা আবার প্রত্যেকেই দুই দুই ভাগে বিভক্ত হইয়া চতুর্বিধ হইয়াছে ; যথা, কেবলান্বয়ী, কেবলব্যতিরেকী এবং বিশেষান্বয়ী ও বিশেষব্যতিরেকী। উহাদের পারিভাষিকী সংজ্ঞা যথাক্রমে ক, খ, গ ও ঘ। কেবলান্বয়ীর চিহ্ন সামান্য-বাচক বিশেষণাদি, বিশেষান্বয়ীর চিহ্ন বিশেষ-বাচক বিশেষণাদি, এবং কেবল-ব্যতিরেকীর ও বিশেষব্যতিরেকীর চিহ্ন যথাক্রমে অভাববোধক অব্যয়ের সহিত সামান্যবাচক ও বিশেষবাচক বিশেষণাদি। প্রতিজ্ঞা পুনর্ব্বার সিদ্ধ ও সংশয়িত ভেদে দ্বিবিধ। তন্মধ্যে সিদ্ধ প্রতিজ্ঞার বিষয়ই আপাতত আলো-চিত হইতেছে। সংশয়িত প্রতিজ্ঞা পরে প্রদর্শিত হইবে। ঐ সংশয়িত প্রতিজ্ঞাকেও দুই ভাগে বিভক্ত করা যাইতে পারে। ঐ ভাগ যথা ; প্রথম, কল্পনীয় ; দ্বিতীয় অসংলগ্ন। তর্ক দ্বারা সংশয়নিরসনকার্য্যেই এই প্রতিজ্ঞা-

ষয়ের বিশেষ প্রয়োজন দেখা যায়। অন্বয়ী প্রতিজ্ঞা সকলই কল্পনীয় এবং ব্যতিরেকী প্রতিজ্ঞা সকলই অসংলগ্ন প্রতিজ্ঞা নামে উক্ত হইয়া থাকে।

স্বার্থানুমিতি। এই অনুমিতিতে ব্যাপ্তি অন্তর্ভূতা থাকিলেও তাহার উদ্ভাবনের প্রয়োজন থাকে না; সুতরাং এই অনুমিতিতে হেতুবিন্যাস করিতে হয় না। এই অনুমানে প্রতিজ্ঞান্তর্গত পক্ষে সাধ্যের বৃত্তিত্ববিষয়ক সাধর্ম্ম্য-বৈধর্ম্ম্য জ্ঞান সাক্ষাৎ সম্বন্ধেই নিরূপিত হইয়া যায়। যথা, (ক) ধাতুমাত্রই মূল পদার্থ। (খ) ধাতুমাত্রই মিশ্র পদার্থ নহে। (গ) কতকগুলি ধাতু উজ্জ্বল বস্তু। (ঘ) কতকগুলি অনুজ্জ্বল বস্তু।

দ্রষ্টব্য। কেবলান্বয়ী প্রতিজ্ঞাতে পক্ষ ব্যাপক হয়; কিন্তু বিশেষান্বয়ী প্রতিজ্ঞাতে তাহা হয় না। কেবলব্যতিরেকী প্রতিজ্ঞাতে সাধ্য ব্যাপক হয়; কিন্তু কেবলান্বয়ীতে হয় না। কারণ, পূর্ব্বোক্ত প্রতিজ্ঞাতে পক্ষ হইতে সাধ্যসম্বন্ধ এককালে রহিত করা হয়, কিন্তু শেষোক্ততে তাহার সংযোগ হয় না।

বিভাগ বা শ্রেণীবন্ধন। সাধর্ম্ম্যবৈধর্ম্ম্য দ্বারা কৃতপ্রসঙ্গ বিষয় সামান্য ও বিশেষ ভেদে দ্বিবিধ, ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। ঐ সামান্যেরই নামান্তর জাতি এবং বিশেষের নামান্তরই ব্যক্তি। সামান্য আবার অপেক্ষাকৃত ব্যাপকত্ব ও ব্যাপ্যত্ব অনুসারে পর ও অপর এই ভাগদ্বয়ে বিভক্ত হইয়া থাকে। ঐ বিভাগ বা বিশেষধর্ম্মের বোধনার্থ আমাদিগের ন্যায়শাস্ত্রে অবচ্ছেদক শব্দের ব্যবহার হইয়া থাকে।

লক্ষণ। স্বল্পাক্ষর হইয়াও অসন্দিগ্ধ অর্থাৎ অল্প কথায় ব্যক্ত হইয়াও স্পষ্টার্থ, সারযুক্ত, বিশ্বমুখ অর্থাৎ উদ্দেশ্যবিষয়ব্যাপক, গৌরবশূন্য অর্থাৎ বৃথাবাহুল্য-বিবর্জ্জিত, দোষরহিত নির্দ্দেশক বাক্যই লক্ষণ। ঐ লক্ষণের চিহ্ন ছয়টি:—সংজ্ঞা অর্থাৎ ব্যবহারার্থ শাস্ত্রে কৃত সঙ্কেত-বিশেষ, পরিভাষা, বিধি অর্থাৎ অপ্রাপ্ত বিষয়ের প্রাপক, নিয়ম অর্থাৎ সামান্যত প্রাপ্তের বিশেষাবধারক রূপ পাক্ষিক বিধি, অতিদেশ অর্থাৎ অন্যধর্ম্মের অন্যত্র আরোপ এবং অধিকার বা বিষয়ব্যাপকতা। লক্ষণের দুইটি দোষ:—লক্ষ্যে লক্ষণের অগমন রূপ লক্ষণ-দোষের নাম অব্যাপ্তি, এবং অলক্ষ্যে লক্ষণের গমন রূপ লক্ষণদোষের নাম

অতিব্যাপ্তি। কেহ কেহ পরিসংখ্যাকেও বিধি বলেন। উহা কামত প্রাপ্ত বিষয়ে নিবৃত্তির উদ্দেশে নিয়মিত করণার্থই ব্যবহৃত হইয়া থাকে।

চিন্তার নিয়ম। পূর্ব্বে বলা হইয়াছে যে, চিন্তার নিয়ম ত্রিবিধ :—অন্বয়ী, ব্যতিরেকী ও অন্বয়ব্যতিরেকী। প্রথম নিয়ম দ্বারা যে বস্তু যাহা, তাহা তৎ-স্বরূপ অর্থাৎ প্রত্যেক বস্তুই তদ্বস্তুস্বভাব, ইহাই প্রকাশিত হয়। যথা, ক, কই। দ্বিতীয় নিয়ম দ্বারা যাহা যে বস্তু নহে, তাহা তদ্বস্তুস্বরূপ নহে, ইহাই প্রকাশিত হয়, অর্থাৎ কোন বস্তুই এককালে একাধারে বিরুদ্ধগুণশালী হইতে পারে না। যথা, ক কস্বরূপ ও কভিন্ন এরূপ নহে, কিন্তু উহা কভিন্ন নহে। তৃতীয় নিয়ম দ্বারা প্রত্যেক বস্তুই হয় তদ্বস্তু, না হয় সামান্যত তদ্বস্তু হইতে ভিন্ন। যথা, ক হয় কস্বরূপ, না হয় কভিন্ন হইবে। ফলত প্রথম নিয়ম দ্বারা সাধর্ম্ম্য পরিব্যক্ত হয়। মনে কর, কলিকাতা, প্রধান নগর, ও ভারতবর্ষের সুপ্রসিদ্ধ জনাকীর্ণ নগর, এই তিনটির তুলনা করিতে হইবে। দেখা যাইতেছে, কলিকাতা ও প্রধান নগর পরস্পর সাধর্ম্ম্যবিশিষ্ট এবং ঐ কলিকাতা ভারতের সুপ্রসিদ্ধ জনাকীর্ণ নগরের সহিতও সাধর্ম্ম্যবিশিষ্ট; সুতরাং সিদ্ধান্ত হইবে যে, ভারতের সুপ্রসিদ্ধ জনাকীর্ণ নগরের সহিত প্রধান নগরের সাধর্ম্ম্য আছে, অর্থাৎ ভারতের প্রধান নগর কলিকাতা একটি সুপ্রসিদ্ধ জনাকীর্ণ নগর। পুনর্ব্বার যদি লৌহ, অতীব ব্যবহার্য্য ধাতু, ও অত্যন্ত সুলভ ধাতু, এই তিনটির তুলনা করা যায়, তাহা হইলে সিদ্ধান্ত হইবে যে, অতীব ব্যবহার্য্য ধাতু অত্যন্ত সুলভ। এইরূপ পৃথিবী, এক উপগ্রহ, ও বক্রকক্ষাভ্রমণকারী, এই তিনটির তুলনায় সিদ্ধান্ত করা হয় যে, একটি উপগ্রহ বক্রকক্ষাভ্রমণকারী ইত্যাদি। দ্বিতীয় নিয়ম দ্বারা নিয়তবৈধর্ম্ম্য প্রকাশ করে। মনে কর, একখানি কাগজের একাংশ কৃষ্ণবর্ণ ও অপরাংশ শুভ্রবর্ণ অথবা একখানি কাগজ এক সময়ে কৃষ্ণবর্ণ ও অপর সময়ে শুভ্রবর্ণ হইল। কিন্তু আমরা এরূপ ধারণা করিতে পারি না যে, ঐ কাগজ এককালে বা একাধারে কৃষ্ণ ও শুক্ল উভয়গুণবিশিষ্ট। ঐরূপ পদার্থমাত্রই একাধারে বা এককালে বিরুদ্ধগুণশালী হইতে পারে না। সুতরাং এই নিয়ম দ্বারা সিদ্ধান্ত হইবে যে, কোন বস্তুই তদ্বস্তুস্বরূপ হইতে ভিন্ন নহে। তৃতীয় নিয়ম দ্বারা কোন পক্ষই পূর্ব্ব-নিয়মদ্বয়ের ন্যায় স্বতঃসিদ্ধভাবে

নিঃসংশয়িতরূপে প্রমাণ হয় না। এই নিয়মের অর্থ এই যে, এমত কোন বস্তু, গুণ বা ঘটনার উল্লেখই করা যায় না, যে গুণ বা ঘটনা হয় ঐ বস্তুর হইবে, না হয় ঐ বস্তুর হইবে না, এমত নয়। মনে কর, পর্ব্বত একটি বস্তু এবং কঠিন একটি গুণ। ঐ পর্ব্বত নিশ্চয়ই হয় কঠিন, না হয় অকঠিন হইবে। এই লক্ষণের সূক্ষ্ম কথা এই যে, অকঠিন শব্দের পরিবর্ত্তে কোমল শব্দ সন্নিবিষ্ট হইতে পারে না। কারণ, পর্ব্বত কোমল বা কঠিন না হইয়া অর্দ্ধকোমল বা অর্দ্ধকঠিন হইতে পারে। এই প্রকারে সংশয়িতস্থলে ভ্রান্তিবশত হেতুদোষ আপতিত হইবার সম্ভাবনা। কিন্তু অকঠিন শব্দের প্রয়োগে সে দোষের সম্ভাবনা নাই। অকঠিন শব্দে কোন ধর্ম্মই বিশেষরূপে প্রকাশ করিল না। এই নিয়মত্রয়ই বিচারের ভিত্তিস্বরূপ। উহারা ন্যায়শাস্ত্রে নিম্নলিখিত প্রকারে লক্ষিত হয়।

১। যদি দুইটি বিষয়ের প্রত্যেকেরই তৃতীয় বিষয়ের সহিত নিত্য সাধর্ম্ম্য থাকে, তবে ঐ বিষয়দ্বয় পরস্পর সমানধর্ম্মী হইবে।

২। যদি দুইটি বিষয়ের মধ্যে একটির তৃতীয়টির সহিত নিত্য সাধর্ম্ম্য এবং অপরটির নিত্যবৈধর্ম্ম্য থাকে, তবে দুইটি বিষয় পরস্পর অসমানধর্ম্মী হইবে।

৩। যদি দুইটি বিষয়ের প্রত্যেকেরই তৃতীয়টির সহিত নিত্যবৈধর্ম্ম্য থাকে, তবে ঐ বিষয়দ্বয় হয় পরস্পর সমানধর্ম্মী হইবে, না হয় অসমানধর্ম্মী হইবে।

ক্রমান্বয়ে দৃষ্টান্ত যথা,—(১) লৌহ, ধাতু ও মূলপদার্থ। লৌহ ও মূলপদার্থ এই দুইটি বিষয়ের ধাতু নামক তৃতীয় বিষয়ের সহিত নিত্য সাধর্ম্ম্য আছে; অর্থাৎ সকল ধাতুই মূল পদার্থ এবং সকল লৌহই ধাতু। অতএব লৌহও মূল পদার্থ। এই সাধর্ম্ম্য সম্পূর্ণ ও অসম্পূর্ণ ভেদে দ্বিবিধ:—লৌহ অতি ব্যবহার্য্য ধাতু, অতি সুলভ ধাতু। অতি ব্যবহার্য্য ধাতু ও অতি সুলভ ধাতু, এই দুই বাক্যের লৌহ এই তৃতীয় সাধারণ বাক্যের সহিত সম্পূর্ণ অন্বয় বা সাধর্ম্ম্য আছে। এইরূপ পৃথিবী, উপগ্রহ, বক্রকক্ষাভ্রমণকারী। এইস্থলে অন্বয় বা সাধর্ম্ম্য অসম্পূর্ণ। কারণ, পৃথিবী অনেক উপগ্রহের মধ্যে একটি এবং যাহারা বক্রকক্ষায় ভ্রমণ করে,এরূপ উপগ্রহ অনেক জ্যোতিষ্কের এক অংশ। (২) মানব, পশু, চতুষ্পদ। মানব ও পশু, এই দুইটি বিষয়ের মধ্যে পশুরই চতুষ্পদের সহিত নিত্য সাধর্ম্ম্য এবং মানবের নিত্য বৈধর্ম্ম্য আছে; অর্থাৎ সকল পশুই চতুষ্পদ,

কিন্তু কোন মানবই চতুষ্পদ নহে। অতএব সকল মানবই পশু নহে। এইরূপ মঙ্গল একটি গ্রহ, গ্রহ সকল স্বতঃজ্যোতির্ম্ময় নহে; অতএব মঙ্গলও স্বতঃ-জ্যোতির্ম্ময় নহে। এই দ্বিতীয় লক্ষণে পাঠকের বিশেষ দৃষ্টি রাখার প্রয়োজন। কারণ, ঐ বৈধর্ম্ম্য দুইটি হইলেই বিপর্য্যয়। দুইটি বৈধর্ম্ম্য হইতে আমরা কিছুই অনুমান করিতে পারি না। যথা, সিরিয়স্ গ্রহ নহে, গ্রহসকল স্বতঃজ্যোতির্ম্ময় নহে; অতএব সিরিয়সও স্বতঃজ্যোতির্ম্ময় নহে, ইত্যাদি সিদ্ধান্ত ভ্রান্ত। কারণ, সিরিয়সাদি সকল অচল নক্ষত্রই স্বতঃজ্যোতির্ম্ময়, ইহা সিদ্ধ আছে। (৩) (ক) মনুষ্য, বিবেকী ও চতুষ্পদ। মনুষ্য ও বিবেকী, এই দুইটি বিষয়ের প্রত্যেকেরই চতুষ্পদের সহিত নিত্য বৈধর্ম্ম্য আছে। কিন্তু উহারা পরস্পর নিত্য সাধর্ম্ম্যবিশিষ্ট; অর্থাৎ মানব ও বিবেকী, ইহারা উভয়েই চতুষ্পদ না হইলেও মানবের বিবেকিত্বের ব্যভিচার নাই। (খ) গো, অশ্ব, মাংসাশী। গোমাত্রই মাংসাশী নহে, এবং অশ্বমাত্রই মাংসাশী নহে; কিন্তু, গোত্ব ও অশ্বত্ব ভিন্ন পদার্থ, অতএব গো ও অশ্ব উহারা পরস্পর নিত্যবৈধর্ম্ম্য বিশিষ্ট। এইরূপ,

ক——

খ——

গ——

ঘ————

ঙ—

এই পাঁচটি সরল রেখার মধ্যে যদি ক ও খ এই সরল রেখাদ্বয় প্রত্যেকে গ এই সরল রেখার সহিত সমান হয়, তবে ক ও খ পরস্পর সমান। আর যদি ক এই সরল রেখা খ-এর সহিত সমান হয়, কিন্তু খ রেখা ঘ রেখার সহিত সমান না হয়, তবে ক রেখাও ঘ রেখার সহিত সমান নহে। আবার ক ও ঙ রেখা উভয়েই ঘ রেখার সহিত সমান নহে এবং পরস্পরও সমান নহে। এইরূপ ক ও খ উভয়ে ঘ রেখার সহিত সমান নহে, কিন্তু পরস্পর সমান।

ইহা দ্বারা অবগত হওয়া যাইতেছে যে, সকল বিচারেই অন্ততঃ একটি সাধর্ম্ম্য থাকা চাই। যদি দুইটি সাধর্ম্ম্য দৃষ্ট হয়, তবে তৃতীয় সাধর্ম্ম্য অনুমিত

হয়। যদি একটি সাধর্ম্ম্য ও একটি বৈধর্ম্ম্য দৃষ্ট হয়, তবে দ্বিতীয় বৈধর্ম্ম্য অনুমিত হইবে। আর যদি দুইটি বৈধর্ম্ম্য দৃষ্ট হয়, তবে সিদ্ধান্ত অনিশ্চিত হইবে। এই স্বতঃসিদ্ধ নিয়ম হইতে আমরা ব্যাপ্তির নিয়ম স্থির করিতে সমর্থ হই। ঐ নিয়ম যথা,—

পরার্থানুমিতি। এই অনুমিতিতে স্বার্থানুমিতির ন্যায় দুইটি বস্তুর পরস্পর সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যজ্ঞান সাক্ষাৎ সম্বন্ধে ঘটে না; অর্থাৎ এই অনুমিতিতে হেতু নামক একটি মধ্যস্থ বাক্যের প্রয়োজন হইয়া থাকে। আমরা যেরূপ দুইটি গৃহের পরিমাণ কার্য্যে হস্তাদি কোন একটি মধ্যস্থ পরিমাণ দণ্ডের অপেক্ষা করি, এইরূপ ইহাতেও পদার্থদ্বয়ের সাধর্ম্ম্যবৈধর্ম্ম্য নিরূপণ কার্য্যে মধ্যস্থরূপ হেতুনামক বাক্যবিশেষের সাহায্য গ্রহণ করি। ফলত ঐ মধ্যস্থ বাক্য বা হেতুই উক্ত অনুমিতির সহায়স্বরূপ।

পরার্থানুমিতির বিশেষ প্রয়োজনীয় নিয়ম।—

(১) প্রত্যেকে পরার্থানুমানেই তিনটি তিনটি বিশেষ বাক্য থাকে। ঐ তিনটি বাক্যের নাম যথা, পক্ষ, সাধ্য এবং হেতু।

(২) প্রত্যেক পরার্থানুমানে তিনটি করিয়া বিশেষ প্রতিজ্ঞার প্রয়োজন। ঐ তিনটি প্রতিজ্ঞার নাম যথা,—ব্যাপার-প্রতিজ্ঞা, করণ-প্রতিজ্ঞা এবং উপ-সংহার।

(৩) হেতু অন্তত একবারও উভয় প্রতিজ্ঞায় ব্যাপক হওয়া চাই এবং উহা যেন অস্পষ্টার্থ না হয়।

(৪) প্রথম প্রতিজ্ঞাদ্বয়ে যে বাক্য ব্যাপকরূপে গৃহীত হয় নাই, তাহা উপসংহারেও ব্যাপক হইবে না।

(৫) ব্যতীরেকী প্রতিজ্ঞাদ্বয় হইতে কিছুই অনুমিত হইতে পারে না।

(৬) একটি প্রতিজ্ঞা ব্যতিরেকী হইলে উপসংহারও ব্যতিরেকী হইবে, সুতরাং ব্যতিরেকী উপসংহারে একটি প্রতিজ্ঞা অবশ্যই ব্যতিরেকী হইবে।

(৭) দুইটি বিশেষ প্রতিজ্ঞা হইতে কোন উপসংহারই হইবে না।

(৮) একটি প্রতিজ্ঞা সামান্য ও অপরটি বিশেষ হইলে, উপসংহারও বিশেষ হইবে।

তর্ক। তর্ক পঞ্চবিধ :—আত্মাশ্রয়, অন্যোন্যাশ্রয়, চক্রক, অনবস্থা ও তদন্যবাধিতার্থ। ইহাদের মধ্যে প্রথমোক্ত চতুর্বিধ তর্ক দ্বারা হেতুর সদোষত্ব এবং শেষবিধ তর্ক দ্বারা উপাধিসংশয়চ্ছেদনানন্তর হেতুর নির্দোষত্ব প্রমাণ হয়। যদ্বিষয়ে অর্থাৎ যাহার সংশয়নিরাসার্থ তর্ক করা হয়, তাহা যদি তাহাকেই অপেক্ষা করে, তবে সেই তর্ককে আত্মাশ্রয় তর্ক বলা হয়। ঐ তর্ক উৎপত্তি, স্থিতি ও জ্ঞপ্তি দ্বারা ত্রিবিধ। উৎপত্তি দ্বারা যথা, যদি এই ঘট, ঐই ঘট হইতে উৎপন্ন হইয়া থাকে, তবে এই ঘট এতদ্ঘটভিন্ন হইবে। স্থিতি দ্বারা যথা,—যদি এই ঘট, এতদ্ঘটবৃত্তি অর্থাৎ এই ঘটের আধেয় হয়, তবে এই ঘটের তদ্রূপেই উপলব্ধি হইত। জ্ঞপ্তি দ্বারা যথা,—যদি এই ঘটজ্ঞান এতদ্‌ঘট-জ্ঞান-জন্য হয়, তবে ইহা এতদ্ঘটজ্ঞান ভিন্ন হইবে। যে তর্কে সংশয়িত বিষয়দ্বয়ের উভয়েই পরস্পরকে আশ্রয় করিয়া পরস্পরের বোধক হয়, তাহার নাম অন্যোন্যাশ্রয় তর্ক। যে তর্কে সংশয়িত বিষয় সকল ক্রমান্বয়ে চক্রবৎ পরিবর্ত্তন পূর্ব্বক পুনর্ব্বার প্রথমটিকে আশ্রয় করে, তাহার নাম চক্রক। এই দুই তর্কও পূর্ব্ববৎ ত্রিবিধ। যে তর্কের ব্যবস্থা হয় না, ক্রমাগতই আকাঙ্ক্ষার বৃদ্ধি হয়, তাহার নাম অনবস্থা। এই পঞ্চবিধ তর্কে, উপসংহার, তর্কের অঙ্গীভূত হয়। যে তর্ক দ্বারা উপস্থিত সংশয়ের ছেদ হয়, তাহার নাম তদন্যবাধিতার্থ। যথা,—ধূম যদি বহ্নির ব্যভিচারী হয়, তবে ধূম বহ্নি হইতে উৎপন্ন হইতে পারে না, কিন্তু উহা বহ্নিজন্য, অতএব উহা কখনই বহ্নিব্যভিচারী নহে।

রীতি। বাক্য সকলের যথাযোগ্য সংযোজন ও বিযোজনের নিয়মই রীতি। ঐ নিয়ম চতুর্বিধ। যথা,—

(১) কোন বিষয়ই ন্যূন বা অতিরিক্ত হওয়া উচিত নহে।

(২) বিভিন্ন অংশ সকল পরস্পর অন্বয়বিশিষ্ট হওয়া উচিত।

(৩) কিছুই অপ্রস্তাবিত হওয়া উচিত নহে।

(৪) সকল বিষয়ই যথাস্থলে সন্নিবেশিত হওয়া উচিত। উক্ত চতুর্ব্বিধা রীতিকে পুনর্ব্বার দুইটি প্রধান ভাগে বিভক্ত করা যায়। প্রথম আবিষ্করণ রীতি; দ্বিতীয় শিক্ষণ রীতি।

আবিষ্করণ রীতি জ্ঞানার্জ্জনেই ব্যবহৃত হইয়া থাকে; এবং কি বিশেষানুমিতি কি সামান্যানুমিতি উভয় বিষয়েই প্রযুক্ত হইতে পারে। উহা সামান্যানুমিতিতে প্রযুক্ত হইয়া বিশেষানুমিতির আশ্রয়ে নিয়ম, লক্ষণ ও সত্যব্যবস্থা সংস্থাপন করে, এবং বিশেষানুমিতিতে ব্যবহৃত হইয়া ঐ সংস্থাপিত সাধারণ নিয়মকে বিশেষ বিশেষ কার্য্যে প্রয়োগ করে।

একজন শিক্ষার্থী যখন কোন একটি প্রসিদ্ধ ভাষা শিক্ষা করেন, তখন তত্তদ্ভাষার ব্যাকরণ-সাহিত্যাদি হইতে প্রাপ্ত নিয়ম সকলের বিশেষ বিশেষ বিষয়ে প্রয়োগ কার্য্যে উক্ত শিক্ষণ রীতির অনুসরণ করেন। এবং যখন কেহ কোন একটি চলিত ভাষার ব্যাকরণাদির সৃষ্টি করেন, তখন তত্তদ্ভাষার বাক্য সকল পরিদর্শন পূর্ব্বক তাহা হইতে কতকগুলি নিয়ম সংগ্রহার্থ ও গ্রন্থমধ্যে সংস্থাপনার্থ আবিষ্করণ রীতির অনুসরণ করেন। প্রাকৃতিক যাবদীয় নিয়ম ও ঘটনাদি সম্বন্ধেও ঐরূপ। প্রকৃতিগ্রন্থ হইতে সাধারণ নিয়ম সংগ্রহ করিয়া বিশেষ বিশেষ স্থলে তাহার প্রয়োগ এবং বিশেষ বিশেষ ঘটনা সকল পরীক্ষা করিয়া তাহার সাধারণ নিয়ম সংস্থাপন করা হইয়া থাকে।

পূর্ণ বিষয়ের খণ্ডীকরণের নাম বিযোজন এবং খণ্ড বিষয়ের পূর্ণীকরণের নাম সংযোজন। রসায়নশাস্ত্রবেত্তা যেরূপ কোন এক পূর্ণ বস্তুকে ভিন্ন ভিন্ন গুণবিশিষ্ট ভিন্ন ভিন্ন অংশে বিভক্ত করেন এবং খণ্ড খণ্ড বস্তুকে একটি পূর্ণ বস্তু রূপে সংযুক্ত করেন, নৈয়ায়িকগণও সেইরূপ করিয়া থাকেন। মানসিক বিষয় সকলের সংযোগ ও বিভাগ করণের নামই নৈয়ায়িক সংযোজন ও বিযোজন। এই বিষয়ের উপযুক্ত দৃষ্টান্তস্থল জ্যামিতি প্রভৃতি শাস্ত্র সমূহ। আমরা জ্যামিতিতে যেরূপ নির্দ্দিষ্ট বিন্দু, সরলরেখা, কোণ, ত্রিভুজ ও গোলক প্রভৃতির জ্ঞান প্রাপ্ত হইয়া থাকি, এবং রেখাদি দ্বারা অজ্ঞাত ত্রিভুজাদি নির্ম্মাণ করি ও তদ্বৈপরীত্যে জ্ঞাত ত্রিভুজাদিকে পৃথক্ পৃথক্ গুণবিশিষ্ট পৃথক্ পৃথক্ রেখাদিতে বিয়োগ করিয়া থাকি, জ্যোতিষাদিতেও ঐরূপ হইয়া থাকে।

সামান্যানুমিতি। বিগত অধ্যায় সকলে আমরা প্রধানত বিশেষানুমিতির বিষয়ই বিবৃত করিয়াছি। এক্ষণে সামান্যানুমিতি পর্য্যালোচিত হইতেছে। বিশেষানুমিতিস্থ প্রতিজ্ঞাবাক্যে যে সত্য সাধারণভাবে ব্যবহৃত হয়, তদনু-

মিতির উপসংহারে ঐ সত্য অপেক্ষাকৃত অল্প সাধারণভাবে গৃহীত হয়। যখন আমরা সাধারণ সত্যানুসারে অবগত হই যে, ধাতু সকল সঞ্চালক, এবং স্বর্ণ একটি ধাতু, তখন স্বর্ণের সঞ্চালকত্ব-ব্যাপ্তি দ্বারা স্বর্ণবৃত্তি সঞ্চালকত্ব ধর্ম্মের অনুমান করি। সামান্যানুমিতিতে তদ্বৈপরীত্যে অপেক্ষাকৃত অল্প সাধারণ বা একটি মাত্র বিষয় হইতে সাধারণ সত্যের সিদ্ধান্ত করা হয়। এই সিদ্ধান্তিত সাধারণ সত্যকেই প্রাকৃতিক নিয়ম বলে। যখন আমরা জানি যে, মঙ্গল, বুধ, বৃহস্পতি প্রভৃতি গ্রহ সকল বক্রকক্ষায় ভ্রমণ করে, তখন আমরা ব্যাপ্তি দ্বারা এই সাধারণ সিদ্ধান্তে উপনীত হই যে, সকল গ্রহই বক্রকক্ষায় ভ্রমণ করে। এইরূপ অনুমিতি আমাদিগের অতীব ইষ্টসাধক। কেবল ইহা দ্বারাই আমরা সকল বিষয়েরই সাধারণ সিদ্ধান্তে উপনীত হই; এবং ইহারই ন্যায় উপকারক বিশেষানুমিতির সাহায্যে আমরা বিশেষ বিশেষ সিদ্ধান্তে এবং নবাবিষ্কৃত সাধারণ সিদ্ধান্তে উপনীত হই। উক্ত সামান্যানুমিতিকে সম্পূর্ণ এবং অসম্পূর্ণ নামক ভাগদ্বয়ে বিভক্ত করা হয়। যদ্দ্বারা নিশ্চিত সামান্য সিদ্ধান্ত হয়, তাহার নাম সম্পূর্ণ সামান্যানুমিতি এবং যদ্দ্বারা অনিশ্চিত সামান্য সিদ্ধান্ত হয়, তাহার নাম অসম্পূর্ণ সামান্যানুমিতি। উদাহরণ যথা,—

(১) মঙ্গল, বুধ, বৃহস্পতি প্রভৃতি গ্রহ সকল পশ্চিম হইতে পূর্ব্বাভিমুখ গতিতে সূর্য্যকে পরিভ্রমণ করে; মঙ্গল, বুধ ও বৃহস্পতি প্রভৃতি গ্রহ সকল পরিচিত গ্রহ; অতএব সমস্ত পরিচিত গ্রহই পশ্চিম হইতে পূর্ব্বাভিমুখ গতিতে সূর্য্যকে পরিভ্রমণ করে।

(২) বৈশাখ হইতে চৈত্র পর্য্যন্ত প্রত্যেকেই ৩৩ দিনের ন্যূন দিন বিশিষ্ট; বৈশাখ হইতে চৈত্র পর্য্যন্ত প্রত্যেকেই বৎসরের মধ্যে মাস; অতএব বৎসরের প্রত্যেক মাসই ৩৩ দিনের ন্যূন দিন বিশিষ্ট।

অসম্পূর্ণ সামান্যানুমিতির সিদ্ধান্ত ঠিক পূর্ব্বোক্ত সিদ্ধান্তদ্বয়ের ন্যায় হয় না। যথা, এই, ঐ বা অন্য চুম্বক লৌহ আকর্ষণ করে; এই, ঐ বা অন্য চুম্বক সকল চুম্বক, অতএব সকল চুম্বকই লৌহ আকর্ষণ করে। এই স্থলে দুষ্ট হেতু বিন্যস্ত হইয়াছে। কারণ, পরীক্ষিত কয়েকটি চুম্বক কখনই সকল চুম্বক হইতে পারে না। সুতরাং সম্ভাবিত সকল চুম্বকের অনুমান অসম্পূর্ণ বলিতে হইবে।

এই অনুমানকে যদি নিম্নলিখিত প্রকার বাক্যে বিন্যস্ত করা হয়, যাহা এই, ঐ বা অন্য চুম্বকের অন্তর্গত, তাহাই সকল চুম্বক ; লৌহাকর্ষক মাত্রই এই, ঐ বা অন্যের অন্তর্গত ; অতএব ইহা সকলেরই অন্তর্গত, তাহা হইলে ঐ অনুমানই পুনর্ব্বার সম্ভাবিত সম্পূর্ণ অনুমান হইয়া পড়ে।

জ্যামিতি ও অঙ্ক সম্বন্ধীয় সামান্যানুমান।

জ্যামিতি ও অঙ্ক সম্বন্ধীয় সামান্যানুমানের বিচার দ্বারাই আমরা পূর্ব্বোক্ত অসম্পূর্ণ অনুমানের ভিত্তি ও উপকারাদি অবগত হইতে পারি। কারণ, জ্যামিতি প্রভৃতি অনেক স্থলেই উক্ত অনুমানের সাহায্যে বিচার কার্য্য সকল সাধিত হইয়া থাকে। জ্যামিতিতে, যে কোন সমদ্বিবাহু ত্রিভুজের তল রেখার উপরিভাগস্থ কোণদ্বয় পরস্পর সমান, এই লক্ষণের দৃষ্টান্তস্বরূপ একটিমাত্র সমদ্বিবাহু ত্রিভুজ প্রমাণ স্থলে প্রদর্শিত হইয়াছে। কিন্তু ঐ প্রমাণের সাহায্যে আমরা যে কোন বৃহৎ বা ক্ষুদ্র অপরীক্ষিত ত্রিভুজে ঐ সত্যের সত্যত্বের প্রমাণ প্রাপ্ত হইয়া থাকি। এই প্রকার বীজগণিতেও দেখা যায় যে, যদি ক ও খ এই দুই রাশির যোগফলকে তাহাদিগের বিয়োগফল দ্বারা গুণ করি, তাহা হইলে, আমরা ঐ দুই রাশির বর্গফলের বিয়োগ ফলকেই উদ্দিষ্ট ফল রূপে প্রাপ্ত হইব। মনে করুন, ক=১০ এবং খ=৭; ১০ ও ৭এর যোগফলকে বিয়োগফল দ্বারা গুণ করিলে ১৭×৩=৫১ প্রাপ্ত হই; উহা ১০×১০ বা ১০০ এবং ৭×৭ বা ৪৯এর বিয়োগ ফলই দৃষ্ট হইবে। এইরূপ যদি আমরা দুইটি অসম-বিভাজ্য রাশি ১ এবং ৩ গ্রহণ করিয়া তাহাদিগকে যোগ করি, তাহা হইলে, যে ৪ প্রাপ্ত হই, তাহা ২×২; এইরূপ ১+৩+৫=৯=৩×৩; ১+৩+৫+৭...=১৬...=৪×৪... ; অতএব ঐরূপ রাশি সমূহের যোগফল কোন রাশির সহিত তৎসমরাশির গুণফল, এই সিদ্ধান্তে উপনীত হই। সামান্য বীজগণিতজ্ঞ ব্যক্তিও এই বিখ্যাত নিয়মকে সত্যরূপে প্রমাণ করিতে পারেন। মনে করুন, ক কোন নির্দ্দিষ্ট সংখ্যা,—১+৩+৫+...+(২ক—১) =ক^{২}। এক্ষণে ২ক+১ এইটি সমীকরণের উভয়াংশে যোগ করিয়া দেখুন, ১+৩+৫+...+(২ক—১)+(২ক+১)=ক^{২}+২ক+১। শেষ রাশি ক^{২}+২ক+১=(ক+১)^{২}; অতএব ক এই রাশিতে প্রযুক্ত বিধি ক+১

এই রাশিতেও প্রযুক্ত হইলে, সত্যই থাকিবে। কিন্তু পরিবর্ত্তনীয় স্থলে অর্থাৎ যাহাদিগের পরীক্ষা করা হইবে তাহাদের স্থান বা কাল বিশেষে সম্ভাবিত পরিবর্ত্তন স্থলে রসায়নাদি সকল শাস্ত্রেরই ব্যভিচার দৃষ্ট হয়। সুতরাং পরিবর্ত্তনীয় স্থলের অনুমানকেই অসম্পূর্ণ অনুমান বলিতে হইবে। সম্পূর্ণ অনুমানের পরীক্ষিতব্য স্থল সকল স্থায়ী বা অপরিবর্ত্তনীয় হওয়াতেই ঐ অনুমান অসম্পূর্ণ না হইয়া সম্পূর্ণ হইয়া থাকে। যাহা হউক, উভয়স্থলেই উপমিতি ও তদ্দৃষ্টান্ত দ্বারাই অনুমানকার্য্য সিদ্ধ হইয়া থাকে। আমরা কোন একটি পুরাতন দৃষ্টান্ত দ্বারা তত্তুল্য বিষয়ের নূতন সিদ্ধান্ত করিয়া থাকি। এই অনুমানের ভ্রান্তি সম্ভাবনা অধিক হইলেও পরীক্ষা দ্বারা কোন একটি অব্যভিচরিত সিদ্ধান্তে উপনীত হওয়া অসম্ভব নহে। তবে অবশ্য স্বীকার করিতে হইবে যে, ঐ সিদ্ধান্ত অভ্যুপপত্তি মাত্র, প্রকৃত উপপত্তি নহে।

অবেক্ষণ ও পরীক্ষণ। সকল প্রকার জ্ঞানই সংস্কার হইতে উৎপন্ন হয়। ঐ সংস্কার, কালে যে সকল ভাব আমাদিগের মনে উপস্থিত হয়, তাহাদেরই একটি সাধারণ সংজ্ঞামাত্র। মন পূর্ব্বসংস্কার ব্যতীত কোন নূতন বিষয়ের জ্ঞানলাভ করিতে পারে না। যে সকল প্রকৃত বিষয় আমাদিগের বুদ্ধিবিষয়ীভূত হয়, বিচারশক্তি দ্বারা মনে তাহাদিগের সম্পূর্ণ অর্থের অববোধ হইয়া থাকে। বিজ্ঞানশাস্ত্রেও যাহা যাহা আবিষ্কার করেন, তত্তদ্বিষয়ও পূর্ব্বদৃষ্ট প্রাকৃতিক পরিবর্ত্তন সকলের অবেক্ষণের অনন্তর তাহাদেরই পুনরাবৃত্তি মাত্র। মানব কোন ভূতেরই সৃষ্টি বা ধ্বংস কার্য্যে সমর্থ নহেন। তবে তাঁহারা যাহা কিছু আবিষ্কার করেন, সে সকল কেবল প্রাকৃতিক শক্তির পদার্থবিশেষের উপর কার্য্যকারিত্বের অবেক্ষণ ও তদনন্তর তাহাদের যথাযোগ্য সংযোজন ও বিযোজন মাত্র। যদি আমরা প্রাকৃতিক নিয়মানুসারে উপযুক্ত উত্তাপ প্রদান দ্বারা জলস্থ বাষ্পপরিণমন শক্তিকে কার্য্যে পরিণত করিতে না জানিতাম, তবে আমরা বাষ্পীয় যন্ত্রের আবিষ্কার করিলাম, বলাও একান্ত অসঙ্গত হইত। আর ইহাও স্বীকার করিতে হইবে যে, আমরা প্রাকৃতিক নিয়ম পর্য্যবেক্ষণে যে কিছু জ্ঞানলাভ করি, তাহাদের প্রাকৃতিক নিয়মানুসারে কার্য্যে পরিণত করণ ব্যাপার বা তদ্বিষয়ক বিচাররীতি সকল ন্যায়শাস্ত্র দ্বারাই শিক্ষা

হইয়া থাকে। আমরা উক্ত ন্যায়শাস্ত্রের সাহায্যে বস্তু সকলের প্রাকৃতিক নিয়মানুসারে অবস্থানসামঞ্জস্য প্রভৃতি নিরূপণ করিতে সমর্থ হই। পূর্ব্বপ্রোক্ত নৈয়ায়িক অবেক্ষণরীতি ঐ কার্য্যের সর্ব্বপ্রধান সাধন। অবেক্ষণ দ্বারা আমরা নৈসর্গিক ঘটনা বা পরিবর্ত্তন সকল নিরীক্ষণ করি; কিন্তু তাহাতে আমাদিগের ঐ সকল পরিবর্ত্তনের উপর অধিকার হয় না। ঐ অবেক্ষণ হইতেই জ্যোতির্ব্বিদ্‌গণের জ্যোতিষ্কমণ্ডলের গতিনিরূপণ; পরিবর্ত্তনতত্ত্ববিদ্‌গণের যথাযোগ্য যন্ত্রসাহায্যে জলবায়ুপ্রভৃতি প্রাকৃতিক পরিবর্ত্তনের অবস্থানিরূপণ; ভূততত্ত্ববিদ্‌গণের জড়তত্ত্বনিরূপণ; উদ্ভিদ্‌তত্ত্ববিদ্‌গণের উদ্ভিদতত্ত্বনির্ণয়; আকরতত্ত্বজ্ঞগণের ও প্রাণিতত্ত্ববিদ্‌গণের ধাতু প্রভৃতির ও জীবগণের আভ্যন্তরীণ নানাবিধ তত্ত্বের আবিষ্কার, হইয়াছে। কিন্তু পরীক্ষণকার্য্যের স্বভাব সেরূপ নহে। ইহা হইতে আমরা বস্তু ও ঘটনা সকলের গুণ বা অবস্থিতি নিরূপণ দ্বারা তাহাদিগের পরস্পর সংযোগ বিয়োগের ফল পরিদর্শন করি। অধিক কি, ইহারই সাহায্যে রসায়নাদি শাস্ত্রসকলের উন্নতির সহিত মানবগণের যথেষ্ট উপকার সাধিত হইতেছে।

সামান্যানুমানের রীতি। পূর্ব্ববিভাগে আমরা অবেক্ষণ ও পরীক্ষণ হইতে সমাহৃত প্রাকৃতিক নিয়মের অনুসন্ধান প্রবৃত্তি পর্য্যন্ত অবগত হইয়াছি; এবং ঐ সকল নিয়মকে কার্য্যে পরিণত করিবার পদ্ধতিও কথঞ্চিৎ জানিয়াছি। এক্ষণে পূর্ব্বোক্ত অনুসন্ধান দ্বারা যে কার্য্যকারণভাব অস্পষ্টভাবে লক্ষিত হইয়াছে, সেই কার্য্যকারণভাবের নিরূপণপদ্ধতি প্রদর্শিত হইতেছে।

সামান্যানুমান দ্বারা আমরা কতকগুলি বিশেষ বিষয়ের পরস্পর সাধর্ম্ম্যবৈধর্ম্ম্য নির্দ্ধারণ পূর্ব্বক তাহাদিগের উপর এক একটি সামান্য ধর্ম্মের সংস্থাপন করি। ঐ কার্য্যের একমাত্র সহায়ই কার্য্যকারণ-ভাব-পর্য্যবেক্ষণ। কারণ শব্দের অর্থ কার্য্যসাধক পূর্ব্বভাব। এক কার্য্যের পূর্ব্বভাবরূপ কারণ যে একটিই হইয়া থাকে, তাহা নয়। একটি কার্য্যের পূর্ব্বভাবরূপ কারণ অনেকগুলি হইতে পারে; যে কোন একটি কার্য্য সম্পাদনে অনেকগুলি পদার্থ বা ব্যাপারের পূর্ব্বভাব লক্ষিত হয়। সুতরাং তাহাদের সকলকেই কারণ বা কারণাংশ বলিতে হইবে। একটি বন্দুকের আওয়াজ করিতে অনেকগুলি বস্তু ও

ব্যাপারের প্রয়োজন হয়। ঐ শব্দের কারণ কেবল বিক্ষেপ হইতে পারে না। বিক্ষেপ, বারুদ, বন্দুকের আকার, বায়ুমণ্ডল প্রভৃতি কোনটি ব্যতিরেকে ঐ কার্য্য সমাহিত হয় না। ঐ প্রকার কার্য্যমাত্রেরই অনেকগুলি কারণ দৃষ্ট হইয়া থাকে। সুতরাং কেবল সামান্যত কার্য্যসাধক পূর্ব্বভাবকেই কারণ বলা যাইতে পারে না। যে থাকিলে যে কার্য্য ঘটে, এবং যে না থাকিলে যে কার্য্য ঘটে না, তৎসহবর্ত্তী অন্যগুলিকে পরিত্যাগ করিয়া, যাহা অবশেষ স্বরূপে তৎ-কার্য্যের জনক হয়, এবং যাহার কোনরূপ পরিবর্ত্তনেই তৎকার্য্যের কার্য্যাবস্থা ঘটিয়াছে, তাহাই তৎকার্য্যের কারণ হয়। অর্থাৎ অন্যথাসিদ্ধিশূন্য নিয়ত-পূর্ব্ববর্ত্তীরই কারণত্ব স্বীকার্য্য, অন্যের নহে। এই লক্ষণটিকে পাঁচখণ্ডে অর্থাৎ পঞ্চ রীতিতে বিভক্ত করা যাইতে পারে, যথা :—

১ম রীতি।—যদি কোন একটি অন্বেষণীয় কার্য্যের দুই বা ততোধিক স্থলে একটি মাত্র সাধারণ সাধন দৃষ্ট হয়, কেবল যাহা সকল স্থলেই তুল্য, তাহাই তৎকার্য্যের কারণ; অর্থাৎ একমাত্র অপরিবর্ত্তনীয় পূর্ব্ববর্ত্তী সাধনই তৎপর-বর্ত্তী কার্য্যের কারণ। কারণানুসন্ধানে এই রীতির প্রয়োগ করিতে হইলে, ব্যাপারবিশেষের যথাসম্ভব কতকগুলি অবস্থা সংগ্রহ করিয়া, উহার পূর্ব্ববর্ত্তী বিষয় সকলের তৎকার্য্যজনকত্ববিষয়ক সামর্থ্য চিন্তা দ্বারা কারণ নির্ণয় করিতে হয়। ঐ সকল পূর্ব্ববর্ত্তীর মধ্যে ঐ কার্য্যের কারণ অবশ্যই থাকিবে। সুতরাং তাহাদের মধ্যে যে গুলি উপস্থিত বা অনুপস্থিত থাকিয়া, বস্তুত ঐ কার্য্যের কোন ক্ষতিবৃদ্ধি না করে, তাহারা তৎকার্য্যের কারণ নহে; অবশিষ্ট বিষয়গুলি ঐ কার্য্যের কারণ। জলবিম্ব ও শুক্তিতে সময়ে সময়ে যে সকল বর্ণ দৃষ্ট হয়, শুক্তি বা জল সাক্ষাৎসম্বন্ধে তাহার কারণ নহে; শুক্তির মসৃণতা ও জলের তরলতাই উহার কারণ। যেহেতু তত্তদ্বস্তু ব্যতিরেকেও তত্তদ্বর্ণোৎপাদক-গুণবিশিষ্ট পদার্থান্তরেও সময়ে সময়ে ঐরূপ বর্ণ দৃষ্ট হইয়া থাকে। এইরূপে কারণ নির্ণীত হইলেও, এই রীতিকেও সম্পূর্ণ রীতি বলা যাইতে পারে না। যেহেতু, স্থলবিশেষে এই রীতির অনুসরণে কারণবহুত্বাপাত অনিবার্য্য হইয়া পড়ে। যথা,—যদি আমরা উত্তাপের কারণ অনুসন্ধান করি, তাহা হইলে, ঘর্ষণ, দাহের দহন, বিদ্যুৎ ও ভার প্রভৃতি অনেকগুলি বিষয় ঐ কার্য্যের

কারণরূপে উপস্থিত হয়। এইরূপ স্থলে অগত্যা কারণলক্ষণোক্ত দ্বিতীয় রীতির আশ্রয় গ্রহণ করিতে হয়। ঐ রীতি এই :—

২য় রীতি।—একটি সাধন, যাহার উপস্থিতিতে অন্বেষণীয় কার্য্য সিদ্ধ হয় এবং যাহার অনুপস্থিতিতে অন্বেষণীয় কার্য্য সিদ্ধ হয় না, অথচ ঐস্থল ভিন্ন অন্য সকল স্থলে যাহার অপর সাধন সকলের তুল্যতা অনুমিত হয়, তাহাই তদ্-ব্যাপারের কারণ; অর্থাৎ অপরাপর সাধন সত্বেও যাহার অভাবে কার্য্যের অভাব এবং সদ্ভাবে কার্য্যোৎপত্তি, তাহাই তৎকার্য্যের কারণ। এই রীত্যনুসারে কতকগুলি পূর্ব্বভাবের মধ্যে একটি দ্বারা ব্যাপারের নির্ব্বাহ দর্শনে লক্ষণের অব্যাপ্তি দোষের বারণ হইতেছে। যথা, যখন দুইটি যষ্টি পরস্পর ঘর্ষিত হয়, তখন তাহারা উত্তপ্ত হয়; ঘর্ষিত না হইলে উত্তপ্ত হয় না। সুতরাং একমাত্র ঘর্ষণই ঐ উত্তাপের কারণ। এইরূপ বায়ুকে শব্দ সঞ্চালনের কারণ এবং অক্সি-জনকে নিশ্বাস দ্বারা জীবন রক্ষার কারণরূপে অনুমান করা যাইতে পারে। কিন্তু এই লক্ষণও সম্পূর্ণ নহে। যেহেতু এককালে কতকগুলি অবস্থার অপরি-বর্ত্তনে ও একমাত্র অবস্থার পরিবর্ত্তনেই এই নিয়ম উপযোগী হয়; ভিন্ন ভিন্ন পরিবর্ত্তন স্থলে ইহার কার্য্যকারিত্ব থাকে না। এই হেতু উক্ত রীতিদ্বয় অর্থাৎ পূর্ব্বোক্ত অন্বয়রীতি ও শেষোক্ত ব্যতিরেকরীতি স্বতন্ত্রভাবে পরিত্যাগ করিয়া তদুভয়ের সম্মিলনে আবির্ভূত তৃতীয় অন্বয়-ব্যতিরেক রীতির আশ্রয় গ্রহণ করিতে হয়।

৩য় রীতি।—যথা, দুই বা ততোধিক স্থলে যাহার পূর্ব্বভাবে কার্য্যসিদ্ধি এবং যাহার পূর্ব্বভাবের অভাবে কার্য্যের অসিদ্ধি দৃষ্ট হয়, সেই নিরত বিসদৃশ-স্থলীয় সাধনই তদ্ব্যাপারের কারণ। এই শেষোক্ত নিয়ম দ্বারা কারণ অভ্রান্ত-রূপে নির্ণীত হয় সত্য, কিন্তু ইহা দ্বারাও কেবল কারণ ভিন্ন কারণের যাবদীয় ধর্ম্মের নির্ণয় হয় না। সুতরাং ইহারই সহকারী অপর দুইটি রীতির আবির্ভাব হইয়াছে। যথা,—

৪র্থ রীতি।—কারণরূপে নির্ণীত বিষয় সকলের মধ্যে যাহাদের পূর্ব্বভাব সাক্ষাৎসম্বন্ধে দৃষ্ট হয় না, তাহারা অন্যথাসিদ্ধ রূপে পরিত্যাজ্য এবং অবশিষ্ট গুলি কারণরূপে স্বীকার্য্য।

৫ম রীতি।—যাহার বা যে নিয়তপূর্ব্ববর্ত্তীর বিশেষ পরিবর্ত্তনে যাহার যাদৃশ বিশেষ পরিবর্ত্তন, তাহাই তাহার তাদৃশ কারণ।

প্রথম রীতিত্রয় দ্বারা সামান্যত যাহার নিয়তপূর্ব্ববর্ত্তিত্ব নির্ণীত হয়, তাহাই কারণ। এবং চতুর্থ ও পঞ্চম রীতি দ্বারা অন্যথাসিদ্ধের পরিত্যাগের অনন্তর কারণের বিশেষ ধর্ম্ম নির্ণীত হয়। উক্ত কারণ প্রধানত দ্বিবিধ :—নিমিত্তকারণ ও উপাদানকারণ। উপাদানকারণ আবার দ্বিবিধ :—সমবায়ি-কারণ এবং অসমবায়িকারণ। যাহার সমবায়ে কার্য্যের উৎপত্তি, তাহার নাম সমবায়িকারণ, ইহা দ্রব্য পদার্থ। এবং ঐ সমবায়ি কারণে প্রত্যাসন্ন দ্রব্য-সম্বন্ধীয় গুণ ও কর্ম্ম অসমবায়িকারণ। অবশিষ্ট জনকের নামই নিমিত্ত-কারণ।

যাহা যে কার্য্যের সাক্ষাৎজনক নহে, তাহা তৎকার্য্যের কারণ নহে, অন্যথাসিদ্ধ। ঐ অন্যথাসিদ্ধ পঞ্চবিধ :—কারণবৃত্তি জাতি, কারণবৃত্তি ধর্ম্ম, অপরের প্রতি পূর্ব্ববর্ত্তিতায় যাহার পূর্ব্ববর্ত্তিতা, জনকের জনক এবং অনাবশ্যক পূর্ব্ববর্ত্তী পদার্থ। ফলত এই পঞ্চমের মধ্যেই পূর্ব্বচতুষ্টয় নিবিষ্ট হইতে পারে।

হেত্বাভাস। যাহা হেতুর সদৃশ বোধ হয়, অথচ প্রকৃত হেতু নহে, তাহাই হেত্বাভাস বা দুষ্টহেতু। অথবা, অনুমিতিজ্ঞান ও তৎকারণজ্ঞান, এতদুভয়ের অন্যতরের বিরোধি জ্ঞানের বিষয় যে হেতুদোষ, তদ্বিশিষ্ট হেতুই হেত্বাভাস; অর্থাৎ হেতুর যে সকল রূপ উপযোগী তাহার অন্যতর-রূপ-বিহীন হেতুই হেত্বা-ভাস। অন্বয়ব্যতিরেকী হেতুর পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব, বিপক্ষাসত্ত্ব, অবাধিতত্ব ও অসৎপ্রতিপক্ষত্ব, এই পাঁচটি রূপ হেতুত্বের উপযোগী। কেবলান্বয়ী হেতুর পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব, অবাধিতত্ব ও অসৎপ্রতিপক্ষিতত্ব, এই চারিটি রূপ হেতু-ত্বের উপযোগী; এবং কেবলব্যতিরেকী হেতুর পক্ষসত্ত্ব, বিপক্ষাসত্ত্ব, অবাধিতত্ব ও অসৎপ্রতিপক্ষিতত্ব, এই চারিটি রূপ হেতুত্বের উপযোগী; তদন্যতররূপহীন হেতুই হেত্বাভাস। যাহাতে সাধ্যসন্দেহ হয় তাহার নাম পক্ষ, যেখানে সাধ্যের নিশ্চয় আছে তাহার নাম সপক্ষ, যেখানে সাধ্যাভাবের নিশ্চয় আছে তাহার নাম বিপক্ষ, সাধ্যাভাববিশিষ্ট পক্ষের নাম বাধিত এবং সাধ্যবিরোধিসাধক হেতুবিশিষ্ট পক্ষের নাম সৎপ্রতিপক্ষ।

হেত্বাভাস পঞ্চবিধ। যথা,—সব্যভিচার (অনৈকান্ত), বিরুদ্ধ, অসিদ্ধ, সৎপ্রতিপক্ষ ও বাধিত (কালাত্যয়োপদিষ্ট)। তন্মধ্যে পক্ষে সাধ্যসদসত্ত্ব-কোটিসংশয়জনক সাধ্যব্যভিচারী হেতুর নাম সব্যভিচার; অর্থাৎ সাধ্য ও তদভাবের সহচারী হেতুর নামই সব্যভিচার। ইহা সাধারণ, অসাধারণ ও অনুপসংহারী ভেদে ত্রিবিধ। সাধ্যাভাববদ্বৃত্তিত্ব ও তদ্ব্যাপ্য হেতু অর্থাৎ সপক্ষ-বিপক্ষবৃত্তি হেতুর নাম সাধারণ। যথা,—ইহা ধূমবান, যেহেতু বহ্নিমান; শব্দ নিত্য, যেহেতু উহা নিস্পর্শ। ঐ নিস্পর্শত্ব অনিত্য বুদ্ধিতেও আছে এবং স্পর্শত্ব-নিত্য অণুতেও আছে। সাধ্যব্যাপকীভূতাভাবপ্রতিযোগী হেতু অর্থাৎ সপক্ষ-বিপক্ষ-ব্যাবৃত্ত হেতুর নাম অসাধারণ। যথা,—পর্ব্বত বহ্নিমান, যেহেতু পর্ব্বত; শব্দ অনিত্য, যেহেতু উহা শব্দত্ববান। এইস্থলে হেতুমৎ পক্ষে সাধ্যনিশ্চয়তা নাই। অত্যন্তাভাবপ্রতিযোগিসাধ্যক বা কেবলান্বয়িপক্ষক ব্যতিরেক-ব্যাপ্তির প্রতিবন্ধক হেতুর নাম অনুপসংহারী। যথা,—সকলই প্রমেয়, যেহেতু অভি-ধেয়; সকলই নিত্য, যেহেতু প্রমেয়। এইস্থলে সাধ্যসন্দেহ প্রযুক্ত ব্যাপ্তিরও অভাব হইতেছে। শ্লেষ অর্থাৎ একবাক্যের ভিন্ন ভাবার্থে প্রয়োগ, সংশয় অর্থাৎ কারকাদ্যনির্ণায়ক বাক্যপ্রয়োগ, ব্যাপ্যব্যাপকের অযথাপ্রয়োগ, প্রশ্ন অর্থাৎ দুই বা ততোধিক প্রশ্নকে একটি প্রশ্নের অন্তর্ভুক্ত করিয়া উত্তরদাতাকে উত্তরদানে অসমর্থকরণ, পূর্ব্বোক্ত পরার্থানুমান নিয়মের ব্যতিক্রম, উচ্চারণ-দোষ ও অলঙ্কারদোষ প্রভৃতি স্থলীয় দুষ্টহেতু সকল এই সব্যভিচারেরই অন্তর্গত।

পক্ষে সাধ্যাভাবফলক হেতু অর্থাৎ সপক্ষে অবৃত্তি অথচ বিপক্ষ-বৃত্তি স্বসিদ্ধান্তবিরোধী হেতুর নাম বিরুদ্ধ। যথা,— ঘট নিত্য, যেহেতু সাবয়ব; ইহা বহ্নিমান, যেহেতু হ্রদ; এইস্থলে হেতু সাবয়বত্ব ও হ্রদ, নিত্যত্ব ও বহ্নির অভাবের নিশ্চায়ক, এই দোষটি কেবল সামান্যানুমানেই দৃষ্ট হইয়া থাকে।

পক্ষ, হেতু ও তদ্ব্যাপ্য অসিদ্ধ হইলে, তাহাকে অসিদ্ধ বলে; অর্থাৎ সাধ্যের ন্যায় হেতুও যদি প্রজ্ঞাপয়িতব্য হয়, তবে তাহাকে অসিদ্ধ কহে। ঐ অসিদ্ধ দোষ ত্রিবিধ :—আশ্রয়াসিদ্ধ (পক্ষাসিদ্ধ), স্বরূপাসিদ্ধ (হেত্বসিদ্ধ বা সাধ্যাসিদ্ধ), ও ব্যাপ্যত্বাসিদ্ধ। তন্মধ্যে পক্ষে পক্ষতাবচ্ছেদকাভাব হইলে,

তাহাকে আশ্রয়াসিদ্ধ বলে। যথা,—কাঞ্চনময় পর্ব্বত বহ্নিমান, যেহেতু ধূমবান। এইস্থলে, কাঞ্চনময় পর্ব্বতের পর্ব্বতত্বই অসিদ্ধ। এইরূপ, পর্ব্বত বহ্নিমান, যেহেতু মহানস; শশবিষাণ নিত্য, যেহেতু অজন্য; শরীর হস্তাদিবিশিষ্ট, যে হেতু হস্তাদিবিশিষ্টরূপে প্রতীয়মান। পক্ষে ব্যাপ্যত্বাভিমত হেতুর বা ব্যাপকত্বাভিমত সাধ্যের অভাব হইলে, তাহাকে স্বরূপাসিদ্ধ বলে। যথা,—হ্রদ দ্রব্য, যেহেতু ধূমবান, বা হ্রদ ধূমবান, যেহেতু দ্রব্য; এই স্থলে হ্রদে ধূমের অভাব হইতেছে; শব্দ অনিত্য, যেহেতু চাক্ষুষ ও জন্য, ইহার নাম বিশেষ্যাসিদ্ধ। শব্দ অনিত্য, যেহেতু গুণ ও পরমাণুবৃত্তি, ইহার নাম বিশেষণাসিদ্ধ। এবং ইহারা দ্রব্য, যেহেতু নিরবয়ব, ইহার নাম ভাগাসিদ্ধ। স্বরূপাসিদ্ধের এইরূপ ভেদও নৈয়ায়িকসম্মত। ব্যর্থ-বিশেষণ-ঘটিত হেতু বা সাধ্য অর্থাৎ সাধ্যে সাধ্যতাবচ্ছেদকাভাব ও সাধনে সাধনতাবচ্ছেদকাভাব হইলে, তাহাকে ব্যাপ্যত্বাসিদ্ধ বলে। যথা,—নীলধূমবান পর্ব্বত বহ্নিমান ও ধূমবান পর্ব্বত মহানসীয় বহ্নিমান; এই দুই স্থলে গুরুধর্ম্মের অনবচ্ছেদকত্ব হইতেছে। যাঁহারা গুরুধর্ম্মের অবচ্ছেদকত্ব স্বীকার করেন, তাঁহারা বলেন, ইহা ধূমবান যেহেতু বহ্নিমান; এইরূপ স্থলই উহার উপযুক্ত দৃষ্টান্ত। অসিদ্ধের আর কতিপয় উদাহরণ যথা,—তুমি কল্য যাহা ক্রয় করিয়াছ, আজ তাহা ভক্ষণ করিয়াছ; কল্য অপক্ক দ্রব্য ক্রয় করিয়াছ, অতএব অদ্য অপক্ক দ্রব্যই ভক্ষণ করিয়াছ। ইহার নাম সামান্য ক্রিয়াদোষ। অধিক ব্যবহারে সুরা বিষতুল্য হয়, অতএব সুরা বিষতুল্য। ইহার নাম বিশেষ ক্রিয়াদোষ। ইষ্টক প্রস্তরময়, গৃহ প্রস্তরময়, অতএব গৃহ ইষ্টকময়। ইহা হওয়া উচিত, ইষ্টক প্রস্তরময়, গৃহ ইষ্টকময় অতএব গৃহ প্রস্তরময়। এইরূপ যে স্থলে পূর্ব্বোক্ত পঞ্চবিধ তর্কদোষ আপতিত হয়, সেই স্থলে অসিদ্ধ হয়। ফলদোষেও অসিদ্ধ হয়, যথা,—বৈষ্ণবধর্ম্ম বেদমূলক, ভাগবতের বৈষ্ণবধর্ম্মই ভারতের একমাত্র বৈষ্ণবধর্ম্ম, অতএব ভাগবতের বৈষ্ণবধর্ম্মই পূজ্য। এই পূজ্যত্বরূপ ফল আগন্তুক।

সাধ্যাভাবব্যাপ্যবান পক্ষ অর্থাৎ স্বপক্ষে সাধ্যাভাববোধক অন্য হেতু থাকিলে, তাহাকে সৎপ্রতিপক্ষ বলা যায়। যথা,—পর্ব্বত বহ্নিমান যেহেতু ধূমবান; ইহা বহ্ন্যভাববান যেহেতু মহানস নহে; শব্দ অনিত্য, যেহেতু নিত্য-

ধর্ম্মের নিশ্চয়তার উপলব্ধি হইতেছে না। এই সকল স্থলে, ধূমাভাব, বহ্নির অস্তিত্ব সম্ভাবনা ও নিত্যত্বের কিঞ্চিৎ উপলব্ধি হওয়াতেই দোষ হইল। এই-রূপ দুর্ব্বল কারণ প্রয়োগেও এই দোষ ঘটে। যথা,—পূর্ণিমা ও অমাবস্যা জল-বায়ু পরিবর্ত্তনের কারণ; এইরূপ বলা অসঙ্গত; কারণ, উহার অন্য কারণ নাই, এরূপ নিশ্চয়তা নাই।

সাধ্যাভাববান পক্ষ, অর্থাৎ প্রমাণান্তর দ্বারা হেতুর হেতুত্ব অপগত হইলে তাহাকে বাধিত বলা হয়। যথা,—জলহ্রদ বহ্নিমান, যেহেতু দ্রব্য; বহ্নি অনুষ্ণ, যেহেতু কার্য্য; ঘট গন্ধবান, যেহেতু পৃথিবী; পর্ব্বত বহ্নিমান, যেহেতু ধূমবান। এই সকল স্থলে হ্রদে বহ্ন্যভাব, বহ্নিতে উষ্ণতাভাব, উৎপত্তিকালাব-চ্ছিন্ন ঘটে গন্ধাভাব এবং শিখরাবচ্ছেদে বহ্ন্যভাব প্রমাণিত হওয়াতেই হেত্বা-ভাস হইতেছে। এইরূপ প্রকৃত বিষয় পরিত্যাগ পূর্ব্বক তৎসম্বন্ধীয়ের আলো-চনাতেও এই দোষ দৃষ্ট হয়; যথা,—রাম দোষী বলিয়া যে হরি কর্ত্তৃক ধৃত হইয়াছে, সেই হরি স্বয়ং দুষ্ট, অতএব রাম নির্দ্দোষ হইতে পারে। এই স্থলে রামের দোষ প্রমাণ হইলেও কেবল দুষ্ট ব্যক্তির সকল কার্য্যকেই দোষযুক্ত বলিয়া রামের নির্দ্দোষত্ব প্রমাণের চেষ্টা অসঙ্গত। এই প্রকার যে স্থলে শশাদি পক্ষ, অশ্বত্ব সাধ্য ও বিষাণিত্ব হেতু, তথায় পূর্ব্বোক্ত পঞ্চ হেতুদোষই বিদ্যমান জানিতে হইবে।

মনোবিজ্ঞান সমাপ্ত।

তত্ত্ববিজ্ঞান।

তত্ত্ব বা সত্য প্রধানত দ্বিবিধ :—পারমার্থিক ও ব্যবহারিক। তন্মধ্যে সশক্তিক ব্রহ্মই পারমার্থিক তত্ত্ব এবং বিশ্ব ব্যবহারিক তত্ত্ব। উভয় তত্ত্বের সমবায় ভিন্ন কোন কার্য্যই—কোন জ্ঞানই হয় না; ব্রহ্মকে ত্যাগ করিয়া বিশ্বের জ্ঞান হয় না এবং বিশ্বকে পরিত্যাগ করিয়া ব্রহ্মেরও জ্ঞান হয় না; সুতরাং সকল জ্ঞানেরই মূল বিশ্ব ও ব্রহ্ম। পূর্ব্বোক্ত দুই তত্ত্বই বেদান্তশাস্ত্রে পাঁচভাগে বিভক্ত হইয়াছে; যথা,—ব্রহ্ম বা ঈশ্বর, জীব, কাল, কর্ম্ম ও স্বভাব। ব্রহ্ম অ-দ্বিতীয়, অখণ্ড; ব্রহ্মবস্তুর বিভাগ নাই। বিশ্ব—জীব, কাল, কর্ম্ম ও স্বভাব, এই চারিভাগে বিভক্ত। স্বভাব প্রকৃতিরই নামান্তর। মহদাদি পঞ্চভূত পর্য্যন্ত অবা-ন্তর তত্ত্ব সকল স্বভাবেরই অন্তর্গত। বস্তুত জীবাদি বস্তুচতুষ্টয়ের অতিরিক্ত বিশ্ব নাই। এই সুবিপুল বিশ্বরাজ্যে আমরা যাহা কিছু জ্ঞানের বিষয়ীভূত দেখি, সে সকলই ঐ জীবাদি তত্ত্বচতুষ্টয়েরই অন্তর্ভূত। সকলই উহাদের পরস্পর মিলনে—শক্তিপ্রকাশে উৎপন্ন। কি মহত্তত্ত্ব, কি সাত্ত্বিকাদি অহঙ্কারত্রয়, কি দেবতা, কি মন, কি চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়সকল, কি রূপাদি পঞ্চতন্মাত্র, কি ক্ষিত্যাদি ভূতপঞ্চক, সকলই প্রকৃতির পরিণাম। কারণরূপ জীবাদিবিষয় হইতে কার্য্যরূপী মহত্তত্ত্বাদি বিষয়ের প্রভেদ এই যে, পূর্ব্বোক্ত বিষয় সকল অব্যক্ত এবং শেষোক্ত বিষয় সকল ক্রমান্বয়ে ব্যক্তদশাপন্ন। জীবাদি বিষয় সকল ব্যাপক বিষয় এবং মহত্তত্ত্বাদি বিষয় সকল অপেক্ষাকৃত ব্যাপ্য বিষয়। মহ-ত্তত্ত্বাদি ব্যাপ্য বিষয় সকলের মধ্যে আবার মহত্তত্ত্বাদি প্রথম কয়েকটি বিষয় অপেক্ষাকৃত সূক্ষ্ম বলিয়া অতীন্দ্রিয় এবং ইন্দ্রিয়াদি অবশিষ্ট বিষয় সকল অপেক্ষাকৃত স্থূল বলিয়া ইন্দ্রিয়গম্য। ইন্দ্রিয়াদি বিষয় সকল ইন্দ্রিয়গম্য হইয়াও তদগম্য অপেক্ষাকৃত ব্যাপক বিষয় সকলকে পরিত্যাগ করিয়া আমাদিগের বুদ্ধির বা ইন্দ্রিয়ের বিষয়ীভূত হইতে পারে না। ঐ সকল জ্ঞেয় বিষয়েরও সাক্ষিস্বরূপ ও জ্ঞাতৃস্বরূপ তত্ত্বের স্বতন্ত্র অস্তিত্ব ভিন্ন উহাদের উপলব্ধি হইতে পারে না।

সুতরাং জ্ঞেয় বস্তুমাত্রের অস্তিত্বের উপলব্ধির সহিত নিয়ন্ত্রিত জ্ঞাতার ও নিয়া-মক সাক্ষীর অস্তিত্বোপলব্ধিও অবশ্যম্ভাবিনী। রূপাদি বিশেষ সত্য সকল যেরূপ ইন্দ্রিয়গম্য হইয়াও তদগম্য সামান্য সত্য কালাদিকে পরিত্যাগ করিয়া আমাদিগের জ্ঞানের বিষয়ই হইতে পারে না, তদ্রূপ কালাদি সামান্য সত্য বা পরিদৃশ্যমান বিশ্বও তদাশ্রয়ভূত ব্রহ্মবস্তুকে পরিত্যাগ করিয়া জ্ঞানের বিষয়ই হইতে পারে না। ব্যাপ্য রূপাদি প্রকৃতির পরিণাম সকল যেরূপ এক অপরিণামী জ্ঞান ব্যতিরেকে অনুভবযোগ্যই হইতে পারে না, তদ্রূপ ব্যাপক বিশ্বরূপ প্রকৃতির পরিণামও এক অপরিমেয় অপরিণামী বিজ্ঞান ব্যতিরেকে অনুভবযোগ্যই হইতে পারে না। বস্তুত, কারণ ব্যতিরেকে কার্য্য হয় না, কার্য্য ব্যতিরেকে ফলোৎপত্তি হয় না। আধার ব্যতিরেকে বস্তুর উপলব্ধি হয় না, ফল ব্যতিরেকে পরিণামের উপলব্ধি হয় না ও জ্ঞান ব্যতিরেকে জ্ঞেয় বস্তুর প্রকাশ হয় না। ফলত, ফলের মূলে ক্রিয়া, ক্রিয়ার মূলে কাল, পরিণামের মূলে পরি-ণামী, ব্যক্তের মূলে অব্যক্ত, জ্ঞানের মূলে জ্ঞাতা, এবং কার্য্যের মূলে কারণের অস্তিত্ব অবশ্যম্ভাবী। মানব, বুদ্ধির সাহায্যে পারম্পর্য্য, সামানাধিকরণ্য, সাদৃশ্য বা বৈসাদৃশ্য দ্বারা মূলতত্ত্বের স্বরূপ অবগত হইতে না পারিলেও মূলতত্ত্বে বিশ্বাস তাঁহার স্বতঃসিদ্ধ। ঐ বিশ্বাস তাঁহার বুদ্ধির সহিত অবিচ্ছেদ্যভাবে সংমিশ্রিত। যদিও আমরা পারম্পর্য্য দ্বারা কার্য্যের মূলে কারণকে সন্দর্শন করি, সামানাধিকরণ্য দ্বারা গুণের মূলে গুণী ও শক্তির মূলে শক্তিমানকে সন্দর্শন করি, এবং সাদৃশ্য-বৈসাদৃশ্য দ্বারা বস্তুর স্বরূপ নির্ণয় করি; কিন্তু ঐরূপ বিচারে আমরা কোন ক্রমেই মূলতত্ত্বে উপনীত হইতে পারি না। না পারি-লেও তাদৃশ তত্ত্বের প্রতি বিশ্বাস অপরিহার্য্য,—আমাদিগের প্রকৃতিতে অনুস্যূত। পরন্তু মূলতত্ত্ব সর্ব্বতোভাবে জ্ঞেয় না হইলেও উহা এককালে অজ্ঞেয় নহে। যাহা সার্ব্বজনীন বিশ্বাসের মূলে অবস্থিত, তাহা অবিশ্বাস্য হইতে পারে না। যাহা সার্ব্বভৌমিক, তাহা অবশ্য স্বীকার্য্য।

স্বরূপশক্তিসমন্বিত বিভুচৈতন্যের নাম ঈশ্বর। অণুচৈতন্যের নাম জীব। ঈশ্বরীয় চেষ্টারূপ অব্যক্ত প্রকৃতির গুণক্ষোভক শক্তির নাম কাল। জৈব-চেষ্টারূপ ইন্দ্রিয়গ্রাহ্য ব্যক্তপ্রকৃত্যংশ-গুণ-ক্ষোভক পদার্থের নাম কর্ম্ম। কাল

ও কর্ম্ম, উভয়েই ঈশ্বরের শক্তি হইলেও জীবেই কর্ম্মের প্রাদুর্ভাব দর্শনে, শাস্ত্রে জৈবশক্তিকেই সামান্যত কর্ম্ম বলিয়া থাকেন। মায়াশক্তিরই নামান্তর প্রকৃতি বা স্বভাব। ঈশ্বর, জীব, কাল ও প্রকৃতি, এই তত্ত্বচতুষ্টয় নিত্য এবং কর্ম্ম অনিত্য ও অদৃষ্টাদিশব্দব্যপদেশ্য। পূর্ব্বোক্ত পারমার্থিক সত্য ব্রহ্ম ও এই ঈশ্বর অভিন্ন। জীবাদিচতুষ্টয় ব্যবহারিক সত্য বিশ্বেরই অন্তর্ভূত। ঈশ্বর বিজ্ঞানস্বরূপ, নিত্যজ্ঞানাদিগুণবিশিষ্ট, ভুক্তিমুক্তিফলদাতা ও প্রকৃতির অধীশ্বর। জীব বিজ্ঞানাংশ, অনিত্যজ্ঞানাদিগুণবিশিষ্ট, ফলভোক্তা ও প্রকৃতির অধীন। কাল নিখিল পরিবর্ত্তনের আশ্রয় ও প্রমাপক এবং জ্যেষ্ঠত্ব-কনিষ্ঠত্বাদি ব্যবহারের অদ্বিতীয় কারণ। কর্ম্ম নিখিল ফলের উৎপাদক ও প্রমাপক এবং অব্যক্তব্যক্তত্বাদিব্যবহারের কারণ। স্বভাব নিখিল পরিণামের আশ্রয় ও প্রমাপক এবং পরত্বাপরত্বব্যবহারের কারণ। কাল ও স্বভাব ঈশ্বরের শক্তি এবং কর্ম্ম জীবের শক্তি। ঐ জীব আবার ঈশ্বরের অংশ। বস্তু ও তাহার পরিদৃশ্যমান রূপ যেমত অত্যন্ত ভিন্ন পদার্থ, বিষয়ের অস্তিত্ব ও তাহার আবির্ভাবও তদ্রূপ বিভিন্ন। বিষয়ের আবির্ভাবজ্ঞান ইন্দ্রিয়-বেদ্য, কিন্তু তাহার অস্তিত্বজ্ঞান ইন্দ্রিয়বেদ্য নহে; উহা জ্ঞানগম্য। আন্তরিক অবস্থার পরিবর্ত্তন ও বস্তুর বর্হিব্যাপ্তি ইন্দ্রিয়জন্য জ্ঞানের সহিত দৃঢ় সম্বদ্ধ। কোন একটি বিষয় ইন্দ্রিয়গোচর হইবামাত্র তৎসঙ্গেই আন্তরিক অবস্থার পরিবর্ত্তন ও উক্ত বিষয়ের বহির্ব্যাপ্তি অনুভূত হইয়া থাকে। মানসিক জ্ঞানে বহির্ব্যাপ্তি অনুভূত না হইলেও মানসিক অবস্থার পরিবর্ত্তন অবশ্যম্ভাবী। ব্যাপ্তি দ্বিবিধা;—আধারব্যাপ্তি ও কালব্যাপ্তি। বাহ্যবস্তুর গুণসন্নিকর্ষ দ্বারা গুণরূপ বিষয়ের আধারব্যাপ্তি এবং মানসিক ভাবের পরিবর্ত্তনরূপ ক্রিয়াসন্নিকর্ষ দ্বারা ক্রিয়ারূপ বিষয়ের কালব্যাপ্তি অনুভূত হইয়া থাকে। এইরূপে বাহ্যবিষয়ানুভবে আমরা বিষয়ের আধারব্যাপ্তি এবং আন্তরবিষয়ানুভবে বিষয়ের কালব্যাপ্তি অনুভব করিয়া থাকি। এইরূপে আধার ও কালের অস্তিত্ব অনুভূত হইলেও কাল ও আধারকে ইন্দ্রিয়-গম্য বলা যায় না। কারণ, আধার ও কালের সহিত ইন্দ্রিয়ের সাক্ষাৎ সম্বন্ধই ঘটে না। লৌকিকসন্নিকর্ষ দ্বারা যাহা কিছু উপলব্ধ হয়, তাহা কতক-

গুলি গুণ বা ক্রিয়া মাত্র; তবে অলৌকিক সন্নিকর্ষ দ্বারা ঐ সকল গুণ বা ক্রিয়ার আশ্রয়ভূত আধার ও কাল পরম্পরাসম্বন্ধে অনুভূত হইয়া থাকে। আধার ও কাল এইরূপে আমাদিগের বুদ্ধিতে প্রতিভাত হইলেও বুদ্ধি স্বয়ং তাহাদিগের স্বতন্ত্র অস্তিত্বে বিশ্বাসোৎপাদনে অসমর্থা। বুদ্ধিতে যে গুণ ও ক্রিয়ার আধারকালব্যাপকতা প্রকাশিত হয়, তাহা ইন্দ্রিয়সম্বন্ধে সাম্বন্ধিক ভাবে ও পরস্পর আপেক্ষিকভাবেই হইয়া থাকে। আমাদিগের অন্তঃকরণের বৃত্তির প্রসারণরূপ অবস্থাসম্বন্ধেই বাহ্যবিষয়কে আপেক্ষিকভাবে আধারে অবস্থান করিতে দেখা যায় এবং বাহ্যবিষয়সম্বন্ধেই আমাদিগের অন্তঃকরণ-বৃত্তির পরিবর্ত্তনরূপ অবস্থাকে আপেক্ষিকভাবে কালে অবস্থান করিতে দেখা যায়। ফলত, বুদ্ধিদ্বারা সংশয় ভিন্ন অনন্ত আধার বা অনন্ত কালের নিরবচ্ছিন্ন অস্তিত্ব বিষয়ক নিশ্চয়াত্মক জ্ঞান উৎপন্ন হয় না।

দৈর্ঘ্য প্রস্থ ও বেধ, এই তিনটি আধারের উপাধি। ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান, এই তিনটি কালের উপাধি। বিষয়ানুভবের সঙ্গে সঙ্গেই বস্তুর দৈর্ঘ্যাদিরূপা ব্যাপ্তি ও তদানুসঙ্গিক দূরত্বাদির বোধ হইয়া থাকে। পরমাণু-সমূহের বিস্তৃতি ব্যাপ্তির বোধক। এবং ইন্দ্রিয় ও বস্তুর মধ্যবর্ত্তী ব্যবধানাদিই দূরত্বাদির বোধক। এইরূপ মানবের মনে স্মৃতি বা পূর্ব্বোপলব্ধ বিষয়ের আবির্ভাবে অতীতকালের, কল্পনা বা উপস্থিত সন্নিকর্ষে বর্ত্তমান কালের এবং আশা দ্বারা ভবিষ্যৎ কালের বোধ উৎপন্ন হইয়া থাকে। আধারগুণে বিশ্বের বহিঃপ্রকাশ এবং কালগুণে তাহাদের অন্তরে আবির্ভাব হয়। ঐ আধার ও কাল আপাতত শূন্যবৎ প্রতীয়মান হয় বটে, কিন্তু ইন্দ্রিয়বোধ-সম্বন্ধে উহারাই সর্ব্বস্ব। আধার ও কাল ব্যতিরেকে কোন জ্ঞানই সম্ভব হয় না।

বিষয় সকল আধার ও কালের সহিত দৃঢ়সম্বদ্ধ। আধার ও কালকে পরিত্যাগ করিয়া বাহ্যবস্তুর জ্ঞানই হইতে পারে না। বাহ্যবস্তুর সহিত অন্তরের সম্বন্ধ সঙ্ঘটনে একটি গতিরূপা ক্রিয়ার মধ্যবর্ত্তিতা লক্ষিত হয়। ঐ গতির সমাধানেও আবার আধারব্যাপ্তি ও কালব্যাপ্তি অবশ্যম্ভাবিনী। ইন্দ্রিয়-বোধের প্রথম লক্ষণই গতি; দ্বিতীয় প্রকাশ বা অপ্রকাশ। কালের অতীতত্ব ও আধারের দৈর্ঘ্যরূপ ব্যাপ্তি হইতে উক্ত গতির বোধ হইয়া থাকে,

কালের বর্ত্তমানতা ও আধারের বিস্তৃতিরূপ ব্যাপ্তি হইতে বস্তুর প্রকাশ হইয়া থাকে, এবং আধারের বেধরূপ ব্যাপ্তি ও কালের ভবিষ্যত্ব হইতে বস্তুর অপ্রকাশ ঘটে।

পূর্ব্বেই বলা হইয়াছে যে, বুদ্ধি, কাল বা আধার জ্ঞানের জননী নহে, কিন্তু আধার ও কালের উক্ত ভাবত্রয়ের বোধ আমাদিগের আত্মগত বিজ্ঞান-শক্তির সামর্থ্যে বুদ্ধিতে প্রতিবিম্বিত হইয়া স্বতঃসিদ্ধভাবে জ্ঞানরূপে প্রতিভাত হইয়া থাকে। যাহার সাহায্যে বস্তুর উপলব্ধি হয়, তাহাই ইন্দ্রিয়; এবং যাহার সাহায্যে বস্তুবিষয়ক বিশেষজ্ঞান বা সামান্যজ্ঞান হয়, তাহারই নাম বুদ্ধি। ঐ বুদ্ধিতে প্রকাশিত জ্ঞানরূপ ফল দ্বিবিধ; জ্ঞান ও বিজ্ঞান। জ্ঞান শব্দের অর্থ বস্তুজ্ঞান এবং বিজ্ঞান শব্দের অর্থ বস্তুতত্ত্বজ্ঞান। বুদ্ধি ইন্দ্রিয়ের ন্যায় কেবল বস্তুর আবির্ভাবমাত্র উপলব্ধি করাইয়াই ক্ষান্ত হয় না। বুদ্ধি সত্তারও অনুসন্ধান করে। কাল ও আধার যেরূপ ইন্দ্রিয়জন্য জ্ঞানের সাধন, সত্তা বা অস্তিত্বও তদ্রূপ বুদ্ধিবেদ্য জ্ঞানের সাধন। প্রমাতৃ-বিষয়ী ও প্রমেয় বিষয়ের অস্তিত্ববিশ্বাস ব্যতিরেকে কোন বুদ্ধিকার্য্যই সম্পন্ন হইতে পারে না। প্রমাতার অবয়ব, জ্ঞান বল ও ক্রিয়া। প্রমেয়ের অবয়ব, শক্তি লক্ষণ ও ব্যাপ্তি। বিষয়জ্ঞানকালে উহাদের একান্ত আবশ্যক। উহাদের মধ্যে বিষয়ীর জ্ঞান এবং বিষয়ের ব্যাপ্তিই প্রধান অবয়ব বা চিহ্ন হইলেও, বিষয়ীর জ্ঞান, বিষয়গ্রহণসামর্থ্য ও বিষয়গ্রহণ এবং বিষয়ের বিষয়ীভূত হইবার শক্তি, বিষয়ী বলিয়া পরিচিত হইবার বিশেষ লক্ষণ ও ব্যাপ্তি ভিন্ন বিষয়ের সহিত বিষয়ীর সম্বন্ধই ঘটিতে পারে না। বিষয়জ্ঞান আবার বিষয়ী ও বিষয়ের ভেদজ্ঞানমূলক। কারণ, প্রত্যেক বিষয়জ্ঞানেই আত্মার বিষয়ীরূপে জ্ঞান এবং বিষয়ের তাহা হইতে স্বাতন্ত্র্যজ্ঞান অপরিহার্য্য। বিষয় সকল বিষয়ীর জ্ঞানের বিষয় বলিয়া, বিষয়ীকে স্বাধীন ও বিষয়কে পরাধীন বলা হয়। বিষয়রূপ বিশ্বকার্য্য হইতেই স্বাধীন বিষয়ীরূপ ঈশ্বর কারণের এবং পরাধীন বিষয়রূপ জড় হইতেই স্বাধীন বিষয়ীরূপ আত্মার অস্তিত্ব অনুমিত হইয়া থাকে। তত্ত্ববিজ্ঞানের অধিকারই উক্ত অনুমান হইতে আহৃত বিষয়ী ও বিষয়ের শাস্ত্রানুসারে তত্ত্বনির্ণয় করা। অতঃপর এই বিষয়ই আলোচিত হইতেছে

এই স্থাবরজঙ্গমাত্মক বিশ্বসংসার কর্ম্মক্ষেত্র। ইহার যে দিকে দৃষ্টিনিক্ষেপ করা যায়, সেই দিকেই দেখিতে পাওয়া যায়, কার্য্য। ঊর্দ্ধে অসীম আকাশের প্রতি দৃষ্টিপাত কর, দেখিবে কার্য্য। কি প্রখর-করশালী সূর্য্যাদি গ্রহগণ, কি সুধাকর শশধর, কি অপরাপর অসংখ্য নক্ষত্রনিকর, সকলেই নিজ নিজ নিয়মিত পথে অনন্যলক্ষ্যে কেন্দ্রাভিমুখাকর্ষণে কার্য্যক্ষেত্রে পরিভ্রমণ করিতেছে। অধোদিকে দৃষ্টি কর, নিখিল ভূমণ্ডল জলনিধি-শৈল-কানন-গ্রাম-নগর-মরুভূমি-প্রান্তর-জীবনিকরের সহিত নিরন্তরালভাবে অবিচ্ছেদে স্বীয় প্রকৃতিকে কেন্দ্র করিয়া স্বস্ব কার্য্যে নিযুক্ত রহিয়াছে। চরাচরে কাহারও লক্ষ্যচ্যুতি নাই; কাহারও বিরাম নাই। কি জড়জগৎ, কি চেতন জীবনিচয় সকলেই স্বস্ব গন্তব্য পথে নিরন্তর বিচরণ করিতেছে। অপরিমেয় অম্বুরাশিও কার্য্য করিতেছে; সামান্য নদ-নদী-নির্ঝরিণীও কার্য্য করিতেছে; গিরি-মরু প্রভৃতি স্থাবরসজ্ঘও কার্য্য করিতেছে; তরুলতাদি উদ্ভিদ্‌সমূহও কার্য্য করিতেছে; কীট পতঙ্গ পশু পক্ষী প্রভৃতি নিকৃষ্ট জঙ্গম প্রাণিগণও কার্য্য করিতেছে; উৎকৃষ্ট জীব মানবমণ্ডলীও কার্য্য করিতেছে। সকলেই স্বস্ব প্রকৃতি অনুসারে কার্য্য করিতেছে, সত্য; কিন্তু কোন দুইটির কার্য্য পরস্পর একরূপ নহে। প্রত্যেক শ্রেণীর কার্য্য অপর শ্রেণীর কার্য্য হইতে সম্পূর্ণ বিভিন্ন। যদিও সকলেই একই কার্য্যক্ষেত্রে অবতীর্ণ এবং একই প্রকৃতি সকলেরই কেন্দ্রস্বরূপ—যদিও একই ধর্ম্মরূপ মহাকর্ষণশক্তি সকলকেই স্বস্ব কক্ষাতে অবস্থাপিত করিয়া রাখিয়াছে—যদিও একই উন্নতির আকাঙ্ক্ষা—উদ্দেশ্য সকলেরই অন্তর্নিহিত রহিয়াছে, তথাপি ঐ প্রকৃতির—ঐ বিচিত্রস্বভাবা মহীয়সী প্রকৃতির গুণবিভেদেই চরাচরের কার্য্যবিভাগ হইয়াছে। ঐ কার্য্যবিভাগ বা গুণবিভাগই তাহাদিগের শ্রেণীবিভাগের কারণ। জড়জগতের কার্য্য জড়রূপে প্রতিভাত; চেতন জগতের কার্য্য চেতনাত্মকস্বরূপে প্রকাশিত। জড়ের কার্য্যে কেবল সত্য ও উন্নতির ভাব কিঞ্চিৎ স্ফুরিত হইলেও তাহাতে জ্ঞান বা সুখের ছায়ামাত্র পরিদৃষ্ট হয় না; কিন্তু চেতন জগতের কার্য্যে প্রতিপদেই সত্য ও উন্নতির সহিত জ্ঞান ও সুখের পূর্ণ আভাস প্রতীত হইয়া থাকে। জীবের নিখিল কার্য্যই উন্নতিলক্ষ্যে সুখোদ্দেশে সুখময়ী

প্রকৃতিকে কেন্দ্র করিয়া সমাহিত হইতেছে। জীবের কার্য্যসমূহের প্রতিস্তরেই উন্নতি ও সুখের আকাঙ্ক্ষার মিশ্রণ সংলক্ষিত হইতেছে। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, কেহই নিজের সম্পূর্ণ উন্নতি ও সুখ দেখিতে পান না। সকলেই আপন আপন অভাবের প্রতি লক্ষ্য করিয়া অসুখী। এ দিকে জিজ্ঞাসা করিলেও ঐ অভাব ব্যক্ত হয় না। ব্যক্ত না হইবার কারণ, তদ্বিষয়িণী অজ্ঞতা। ফলত ঐ অজ্ঞতাতেও লাভ আছে। কারণ, স্বরূপত অভাব জ্ঞাত না হইলেও ব্যতিরেকত, অর্থাৎ 'অভাবের পূরণ হইল না, অতএব আমার অভাব আছে,' এই প্রকারে অংশত অভাব অবগত হওয়া যায়। এবং ঐ আংশিক জ্ঞানেই উক্ত অভাবের পূরণার্থ জড়জগৎ হইতে আধ্যাত্মিক জগতের সাহায্য অনুসন্ধান করিতে করিতে প্রকৃত অভাব নিরাকরণের প্রকৃত উপায়—যাহা করতলগত হইলেও পূর্ব্বে দেখিতে পাই নাই, তাহা এক্ষণে দেখিতে পাই। আমরা ক্রমে দেখিতে পাই, আমাদিগের অন্তরাত্মার অভাব নিরাকরণের উপায় বাহ্যজগতে নাই, তাহা অন্তর্জগতে। বাহ্য জ্ঞান, বাহ্য ক্রিয়া, বাহ্য বিভূতি, বাহ্য সিদ্ধি, আমাদিগের ঐ অভাব দূর করিতে পারে না। বিশেষত, বাহ্য জগতের কোন কার্য্যের, কোন যোগেরই, ফল প্রকৃত সুখ নহে। আমরা সুখলাভ-প্রত্যাশায়—আমাদিগের সুখাভাবপূরণাশায় যে কোন কর্ম্ম করিয়া থাকি, এবং তাহার সমাপ্তিতে যে কোন ফল প্রাপ্ত হইয়া থাকি, তাহা প্রকৃত কর্ম্ম বা প্রকৃত সুখ নহে; ঐ সকল কর্ম্ম কর্ত্তব্য কর্ম্মের আভাস ও ঐ সকল সুখ সুখের আভাস বা দুঃখের পূর্ব্বাবস্থামাত্র। তত্তাবৎই কিছুকাল পরে বা কিছু-কাল ভোগেই দুঃখের সাধনরূপে বা অসুখাকারে পরিণত হইয়া থাকে। অত-এব উহাদিগের কোনটিকেই প্রকৃত সুখ বা উক্ত-ফল-সাধক কোন কর্ম্মকেই প্রকৃত সুখসাধক কর্ম্ম বলা যায় না। চিন্তাশীল প্রকৃত উন্নতিলিপ্সু প্রকৃত সুখাভিলাষী মানবমাত্রই এই প্রকার পরীক্ষা ও চিন্তা করিতে করিতে গভীর সংশয়সাগরে নিবিড় ভ্রমান্ধকারে নিপতিত হইয়া থাকেন, এই পৃথিবীর বহুশত শতাব্দীর সঞ্চিত দর্শনশাস্ত্র সকলই তাহার প্রমাণ। মহামহোপাধ্যায় পণ্ডিত-গণ যাবজ্জীবন চিন্তামগ্ন হইয়া জ্ঞানরত্নের আকরস্বরূপ দুষ্প্রবেশ্য দর্শনশাস্ত্র সকল প্রচার করিয়া গিয়াছেন। সেই সকল দার্শনিক যে যুক্তিমালা রচনা

করিয়া গিয়াছেন—সেই সকল জ্ঞানধন মধুকর যে জ্ঞানচক্র নির্ম্মাণ করিয়া গিয়াছেন,—তাহা আলোচনা করিলে, সকলকেই বিমোহিত হইতে হয়।

জ্ঞানখনি ভারতভূমি অনেকগুলি দর্শনশাস্ত্রের জন্মক্ষেত্র। ঐ সকল দর্শন-শাস্ত্র অতীব প্রাচীন। ঐ সকল দর্শনশাস্ত্র যে সময়ে বিরচিত হইয়াছে, তৎকালে পৃথিবীর অন্যান্য দেশের লোক সকল বন্য জীবনও পরিত্যাগ করিতে সমর্থ হয়েন নাই। পৃথিবীর অপরাপর স্থানের প্রচলিত দর্শনশাস্ত্র সকলের মূল উহাদিগের হইতেই সংগৃহীত হইয়াছে বলিলেও বোধ হয় অত্যুক্তি হয় না।

ভারতবর্ষের দর্শনশাস্ত্র সকলকে প্রধানত দুই ভাগে বিভক্ত করা যাইতে পারে। তন্মধ্যে একভাগ, বিজ্ঞান অপেক্ষা অধিক পরিমাণে তর্কের উপর প্রতিষ্ঠিত বলিয়া উহাদিগকে আন্বীক্ষিক শাস্ত্র ও অপর ভাগ তর্ক অপেক্ষা অধিক পরিমাণে বিজ্ঞানের উপর প্রতিষ্ঠিত বলিয়া উহাদিগকে বিজ্ঞানশাস্ত্র বলিয়া অভিহিত করা যাইতে পারে। চার্ব্বাকাদি কয়েকটি দর্শন প্রথম বিভাগের ও বেদান্তাদি কয়েকটি দ্বিতীয় বিভাগের অন্তর্গত। যাহাই হউক, শক্তিই ঐ সকল দর্শনের একমাত্র আশ্রয়। জড়শক্তি বা চেতনশক্তিই উহা-দিগের অমূল-মূল। উহারাই ঐ সকল দর্শনশাস্ত্রের সকল তত্ত্বের সারতত্ত্ব। ফলত শক্তির বহির্ভাগে মানবের যাইবার সামর্থ্যই নাই। শক্তিই মানবের মানসিক অনুধাবনার উচ্চতম শিখর। শক্তিব্যতিরিক্ত মানবের মনে কোন ধারণাই নাই। মানবের বিশ্ববিজয়িনী বুদ্ধিবৃত্তির উহাই শেষ কীর্ত্তি ও মানব-কল্পনার উহাই বিরামস্থল। উহাই বিশ্বের সীমান্ত স্থল বা অন্তন্তম তল। আমরা শক্তির অতিরিক্ত বিশ্বসংসারের কিছুই জানি না বা জানিতেও পারি না। মনুষ্যের সুবিস্তৃত ও চিরবর্দ্ধিত জ্ঞানরাজ্যের উহাই চরমসীমা। আমা-দিগের জ্ঞানেন্দ্রিয় কখনই ঐ সীমা অতিক্রম করিতে পারে নাই এবং পারিবেও না। মানব যতকাল মানব থাকিবেন, তত কালই তাঁহাকে ঐ সীমার মধ্যে আবদ্ধ থাকিতে হইবে—তাহার অন্যথা করিবার সাধ্য নাই। তবে যদি কোন অলোকসম্ভবা শক্তি সহসা তাঁহাতে উচ্ছ্বসিত হয়, তবে যদি কোন অভাবনীয় অলোকসামান্য জ্ঞানেন্দ্রিয় তাঁহাতে অভ্যুদিত হয়, তাহা হইলে তিনি কি করেন, তাহা বলা যায় না। নতুবা আবহমান কাল যেরূপ হইয়া আসিতেছে,

ভবিষ্যতেও সেইরূপই হইবে; তদতিরিক্ত আশা করিবারও কোন কারণ নাই। জ্যামিতির কোণের ভুজদ্বয় ক্রমশ পরিবর্দ্ধিত করিলেও যেমন তাহার কোণের কোন ব্যত্যয় হয় না, মানবের জ্ঞানোন্নতিরও অনেকটা সেই ভাব। ফলত তাদৃশ অলৌকিক-জ্ঞানেন্দ্রিয়-বিশিষ্ট মনুষ্য আর মনুষ্যনামে অভিহিত হইতে পারেন না। তাঁহার পদ উচ্চ। অবস্থাভেদে পদভেদ এবং পদভেদে সংজ্ঞারও ভেদ হইয়া থাকে। তখন সে মানুষ—অলৌকিক-শক্তিসমন্বিত সেই মানুষ—আর এই মানুষ রহিল না। এতদুভয়ে চন্দ্র-সূর্য্য আকাশ-পাতাল স্বর্গ-মর্ত্ত্য প্রভেদ হইয়া দাঁড়াইল। সে দেবস্বরূপ মানবের কথা স্বতন্ত্র। নতুবা মনুষ্যের জ্ঞানকাণ্ড চিরন্তনী শক্তি দ্বারা সীমাবদ্ধ থাকিবে। সমুদ্র যেরূপ বেলাভূমি উল্লঙ্ঘন করিতে অসমর্থ, অগাধবুদ্ধি মনুষ্যও তদ্রূপ কোনক্রমেই শক্তিকে অতিক্রম করিতে পারেন না। দম্ভবায়ু-সন্তাড়িত হইয়া যদি কখন তিনি সেই শক্তিবেলা উল্লঙ্ঘন করিতে প্রয়াস পান, মাধ্যাকর্ষণ শক্তির মত কে যেন তৎক্ষণাৎ তাঁহাকে সেই সাগরগর্ত্তে নিক্ষেপ করে। চিন্তাস্রোত নদীস্রোতের ন্যায় অনন্তকাল ছুটিতেছে—দিন দিন ক্রমান্বয়ে গভীর ও প্রসারিত হইয়া আসিতেছে এবং কালসহকারে তাহার স্ফটিকের তুল্য নির্ম্মলতার ও সৌন্দর্য্যেরও বৃদ্ধি হইতেছে; কিন্তু তাহা কিছুতেই সেই তীর অতিক্রম করিয়া যাইতে পারিতেছে না; মহাবেগে কূলে কূলে প্রচণ্ড তরঙ্গাঘাত করিয়া ফিরিতেছে, ইচ্ছা যে, কূল ভাঙ্গিয়া বহির্গমন করে; স্তূপে স্তূপে মৃত্তিকারাশি সেই ভীষণ আঘাতে ভাঙ্গিয়া পড়িতেছে; তথাপি যে অবরোধ সেই অবরোধই পূর্ব্ববৎ অটলভাবে দাঁড়াইয়া রহিয়াছে, তাহা কোনক্রমেই অপসৃত হইতেছে না। আশাময়ী মায়াময়ী ছায়াময়ী কল্পনা চিরদিনই সেই অচ্ছেদ্য বন্ধন ছেদন করিবার প্রয়াস পাইতেছে; কিন্তু কোন মতেই কিছু করিয়া উঠিতে পারিতেছে না। এ বিষয়ে তাঁহার যত্নের লেশমাত্র ত্রুটি নাই; কখন মুহূর্ত্তের জন্যও তিনি আলস্য বা ঔদাস্য প্রকাশ করেন না। প্রতিনিয়তই তিনি নিজ কল্পনাবলে সংসারকে স্বর্গ-মর্ত্ত্য-পাতালের অনন্ত রহস্য ভেদ করিয়া দেখাইতেছেন, কিন্তু প্রকৃতির অধীন জীব প্রকৃতি ব্যতীত আর কিছুই দেখিতে পাইতেছেন না; বিশ্বব্রহ্মাণ্ডকে স্বেচ্ছামত ভাঙ্গিতেছেন ও পুনর্গঠিত করিতেছেন,

কিন্তু অদূরদর্শী জীব প্রকৃতিরই অবস্থান্তর ভিন্ন আর কিছুই দেখিতে পাইতেছেন না—তাঁহার স্থূল দৃষ্টি প্রকৃতির অভেদ্য আবরণ ভেদ করিয়া আর স্তরান্তরে প্রবেশ করিতে পারিতেছে না—উপরিভাগেই ভাসিয়া ভাসিয়া বেড়াইতেছে। কল্পনা তাঁহাকে ক্রমান্বয়ে লৌকিক হইতে অলৌকিকে, প্রাকৃত হইতে অপ্রাকৃতে, সগুণ হইতে নির্গুণে লইয়া যাইবার নিমিত্ত বিশেষ চেষ্টা করিতেছে; প্রাকৃত মনুষ্য কিয়দ্দূর গমন করিতেছে—স্থাবর হইতে জঙ্গমে, স্থূল হইতে সূক্ষ্মে, প্রস্তর হইতে মৃত্তিকায়, মৃত্তিকা হইতে জলে, জল হইতে তেজে, তেজ হইতে বায়ুতে, বায়ু হইতে আকাশে, আকাশ হইতে তন্মাত্রে, তন্মাত্র হইতে ইন্দ্রিয়ে, ইন্দ্রিয় হইতে মনে, মন হইতে দেবতা ও অহঙ্কারে, অহঙ্কার হইতে মহত্তত্ত্বে; পরন্তু তিনি আর উঠিতে পারিতেছেন না; তিনি যতই উঠিবার চেষ্টা করিতেছেন, ততই উৎক্ষিপ্ত লোষ্ট্রের ন্যায় প্রকৃতিতেই পুনরাগমন করিতেছেন। কল্পনা তাহাতেও ক্ষান্ত নহেন। তিনি প্রাকৃত মনুষ্যকে নিজ বক্ষে ধারণ করিয়া আলোক অপেক্ষা বেগবান পক্ষ সঞ্চালন করিয়া ভূপৃষ্ঠ হইতে বায়ুরাশি ভেদ করিয়া দ্রুতবেগে আকাশপথে উঠিতে লাগিলেন; ক্রমে সাগর গোষ্পদ এবং উচ্চতম গিরিশৃঙ্গ ধরাপৃষ্ঠে ক্ষুদ্রতম ব্রণের সদৃশ অনুভূত হইতে লাগিল, ক্রমে সমস্ত পৃথিবী ক্ষুদ্র আলোকবিন্দুর ন্যায় কোথায় মিলাইয়া গেল, কল্পনা তখনও দ্রুতবেগে ঊর্দ্ধে উঠিতে লাগিলেন এবং ক্রমে ছায়াপথে উপনীত হইয়া আকাশগঙ্গায় গাত্র ভাসাইয়া সৌরজগৎ হইতে সৌরজগদন্তরে বিচরণ করিতে লাগিলেন; এইরূপে অসংখ্য চক্রবৎপরিক্রমণশীল সৌরজগৎসমূহ পার হইবার প্রয়াস পাইলেন; কিন্তু মনুষ্য তাহার সীমান্ত পাইলেন না; এতাবৎকাল প্রকৃতির অনন্ত মূর্ত্তি সন্দর্শন করিয়া একেবারে সংজ্ঞাশূন্য হইয়া পড়িলেন। করুণাময়ী প্রকৃতি তদ্দর্শনে ব্যথিত হইয়া দুর্দ্দান্ত পুত্রকে পুনর্ব্বার শূন্য হইতে অবতরণ করাইয়া ক্রোড়ে ধারণ করিলেন। মানব তখন জননীর ক্রোড়ে নিদ্রিত—স্বপ্নে বিশ্বসংসারের আবরণ—পলাণ্ডুর কোষের তুল্য আবরণ—উন্মোচন করিতে লাগিলেন; কোষের পর কোষ, আবরণের পর আবরণ, এইরূপে ক্রমশই চলিল; আবরণেরও শেষ নাই, প্রকৃতিরও শেষ নাই; সুতরাং মনুষ্য তাহার সেই

অনন্ত কোষরহস্যও উদ্ভেদ করিয়া অনন্যাপেক্ষী উপাদান অনুধাবন করিতে পারিলেন না। কল্পনা স্থূল জগৎকে কোটি কোটি ভাগে বিভক্ত করিয়া অসংখ্য অণুতে পরিণত করিলেন; স্থূলদৃষ্টি মানব প্রকৃতিরই সূক্ষ্মতম পরিণাম ব্যতীত আর কিছুই দেখিতে পাইলেন না। জগৎকে অনন্তকাল ভাগ করিলেন, ভাগেরও শেষ হইল না, অণুরও নির্গুণ সত্তা—শূন্যত্বে পর্য্যবসান দেখিতে পাইলেন না। পরিশেষে ভ্রান্ত, আক্রান্ত ও হতাশ হইয়া প্রকৃতির চরণে বিলুণ্ঠিত হইয়া ক্ষমা প্রার্থনা করিলেন। পরমাণুতেই তাঁহার চিন্তার পর্য্যবসান হইল। কল্পনা স্বীয় অধিকারমধ্যে যতই কেন ইন্দ্রজাল বিস্তার করুন না, প্রাকৃতিক মানব সেই ছায়াবাজিতে প্রকৃতির ছায়া ভিন্ন আর কিছুই দেখিবেন না। এই পরিদৃশ্যমান জগৎ কল্পনার ক্রীড়াভূমি নহে; ইহা কল্পনাময়ী প্রকৃতির অনন্তমূর্ত্তি—অনন্তস্ফূর্ত্তি—অনন্তবিকাশমাত্র,—কলায় কলায়, পিণ্ডে পিণ্ডে, স্তূপে স্তূপে, গ্রহে গ্রহে, নক্ষত্রে নক্ষত্রে, চন্দ্রে চন্দ্রে, সূর্য্যে সূর্য্যে, লোকে লোকে, জগতে জগতে, প্রকৃতির—কল্পনাশক্তির বিকাশ ভিন্ন আর কিছুই উপলব্ধি হয় না। সুক্ষুদ্র পুষ্পরেণুও যেরূপ কল্পনাশক্তির অবয়বী মূর্ত্তি—প্রকাণ্ড ব্রহ্মাণ্ডও তদ্রূপ। বহির্জগতেও যে শক্তি, যে কথা,—অন্তর্জগতেও সেই শক্তি, সেই কথা। কল্পনাময়ী প্রকৃতি অনাদি অনন্ত কাল অনন্ত শূন্য ব্যাপিয়া অনন্তলীলা করিয়া আসিতেছেন। তাঁহার আদিও নাই—অন্তও নাই; ব্যাপ্তি আছে, ক্রম আছে, বিকাশ আছে,—তিনি পরিণামিনী। প্রাকৃতিক বিজ্ঞান বহুকালাবধি সমস্ত প্রাকৃতিক ব্যাপার স্তরে স্তরে পরীক্ষা করিয়া আসিতেছে, পরন্তু প্রকৃতির অতিরিক্ত কোন স্বরূপ না পাইয়া প্রকৃতিতেই বিশ্রাম করিয়াছে। দর্শন, অনুমানের সাহায্যে কৃতকার্য্য হইবার প্রত্যাশায় কার্য্য-কারণের মহা আড়ম্বর লইয়া ধীরে ধীরে স্থূল হইতে সূক্ষ্মে, সগুণ হইতে নির্গুণে প্রবেশ করিবার জন্য আশ্চর্য্য কৌশল প্রকাশ করিয়াছে এবং একে একে ক্ষিতি-জল-তেজ-মরুদ্-ব্যোম ও গন্ধ-রস-রূপ-স্পর্শ-শব্দ উন্মোচন করিয়া প্রকৃতিকে দিগম্বরী করিয়া তাহার অনাবৃত—অনাহার্য্য সৌন্দর্য্য সন্দর্শন করিবার নিমিত্ত নিতান্ত লালায়িত হইয়া বেড়াইয়াছে, কিন্তু পরিশেষে তাহাতে অসমর্থ হইয়া আধার ও কালের ভাবে বিভোর হইয়া কিছুকাল অন্ধের ন্যায় হস্তামর্ষণে

ইতস্তত ভ্রমণ করিল। মানবের জীবন প্রকৃতিগত—তাঁহার মনও তন্ময়। প্রকৃতিই তাঁহার ভাবনা—প্রকৃতিই তাঁহার কল্পনা। তাঁহার জ্ঞানে ধ্যানে, বিদ্যায় বুদ্ধিতে, তপে জপে, চিন্তায় কল্পনায়, ভাবে ভক্তিতে, প্রত্যক্ষে অনুমানে, সর্ব্বত্রই সেই প্রকৃতিরই মূর্ত্তি। যখন আকাশেরও চিন্তা বা ধ্যান করিতে গেলে সুনীল তারকারাজি-সুশোভিত গগনমণ্ডলই মনে উদিত হইবে, তখন মানব প্রকৃতির বহির্ভাগে কল্পনাতীত স্থলে স্বকীয় সামর্থ্যে কিরূপে গমন করিবে?

মনুষ্যের জ্ঞানকাণ্ড অনুশীলন করিলে, পর পর তিনটি বিভিন্ন অবস্থা প্রতীয়মান হয়। সেই অবস্থাত্রয়ে নিখিল বিশ্বব্যাপারের তিন প্রকার ব্যাখ্যা দেখিতে পাওয়া যায়। প্রাকৃতিক, দার্শনিক ও বৈজ্ঞানিক; এই তিনটি অবস্থা আমাদিগের বুদ্ধিবৃত্তিতে পর পর স্ফূর্ত্তি লাভ করে। এই তিনটিই আমাদিগের জ্ঞানোন্নতির সোপান। এই তিনটিই বিজ্ঞানের অনুমোদিত হইলেও প্রথম ও দ্বিতীয়টি অধিক পরিমাণে প্রকৃতি ও তর্কের উপর প্রতিষ্ঠিত বলিয়া মানবের শিক্ষাগুরু ও শেষটি একমাত্র বিজ্ঞানের উপর প্রতিষ্ঠিত বলিয়া মানবের দীক্ষাগুরু স্বরূপে অভিহিত হইয়া থাকে। ভিন্ন ভিন্ন কালে এই তিনেরই শাসন প্রবল ভাবে চলিয়া আসিতেছে। নিতান্ত তমোগুণপ্রবল চিত্তে প্রাকৃতিক বলের, রজোগুণপ্রবল চিত্তে দার্শনিক বলের এবং সত্ত্ব-সংশোধিত চিত্তে তত্ত্ববিজ্ঞানের অপেক্ষাকৃত অধিকার পরিদৃষ্ট হইয়া থাকে। কখন বা এক সময়ে ভিন্ন ভিন্ন বিষয়ে তিনেরই সমান প্রাধান্য দৃষ্ট হয়। আমাদিগের বুদ্ধিবৃত্তি ঐ তিনটি দ্বারাই পরিমার্জ্জিত হইতেছে। আমাদিগের চিন্তাস্রোত ঐ তিনটি প্রণালীতেই পর পর চলিয়া আসিতেছে। ফলত মানবের উন্নতির সহিত এই তিনটি অবস্থা পর পর অলক্ষিত ভাবে কেমন পরিস্ফুট হইয়া আসিতেছে, তাহা আলোচনা করিলে হৃদয়ে যে কিরূপ আনন্দের উদ্রেক হয়, তাহা বর্ণনাতীত। আমাদিগের জীবনে আমাদিগের জ্ঞানরাজ্যে তাহারা পর পর যে কি প্রকারে অপ্রতিহত প্রভাব বিস্তার করিয়া আসিতেছে, তাহা একবার চিন্তা করিলেও শরীর পুলকিত ও মন বিস্ময়সাগরে পরিপ্লুত হয়।

যখন হৃদয়রাজ্যে প্রাকৃতিক বিজ্ঞানের অদ্বিতীয় আধিপত্য বিস্তার হয়; তখন মানব জড়বৎ বিচরণ করিতে থাকে। যখন উহা আপন শাসন প্রচার

করিতে থাকে, তখন কাহার সাধ্য যে, তাহার প্রতিবাদ করে! তখন চিন্তা-জগতে সেই সর্ব্বেসর্ব্বা। পরে হতপ্রতাপ হইয়া বন্দিভাবে থাকিয়াও সে মধ্যে মধ্যে ভীষণ বিপ্লব ঘটাইতে ত্রুটি করে না। যখন প্রাকৃতিক বিজ্ঞানের প্রবল প্রতাপ থাকে, তখন দর্শন কোথায় নিরালয়ে এক প্রান্তে দীনভাবে জন্মগ্রহণ করিয়া ধীরে ধীরে পরিবর্দ্ধিত হইতে থাকে, এবং ক্রমে ক্রমে আত্মবলে বলীয়ান হইয়া অবসর-সুযোগে স্বীয় স্বাধীনতার ধ্বজা উঠাইয়া দেয়। তখন চতুর্দ্দিকে মহা হুলস্থুল পড়িয়া যায়। উভয়ে তুমুল সংগ্রাম উপস্থিত হয়। যে দর্শন এককালে প্রাকৃতিক বিজ্ঞানের উচ্ছিষ্ট ভোজন করিয়া পরিবর্দ্ধিত হইয়াছিল, আজি সে স্বাধীন হইল দেখিয়া প্রাকৃতিক বিজ্ঞানের ক্রোধ ও মনস্তাপের সীমা থাকে না। সে তখন তাহার উচ্ছেদব্রতে ব্রতী হয়; কিন্তু সেই উত্থিত শক্তি কোনরূপেই নির্ব্বাপিত হয় না। নববলে বলীয়ান দর্শন একে একে তাহার সুবিস্তীর্ণ রাজ্য অধিকার পূর্ব্বক আত্মসাৎ করিতে থাকে। তখন বিজ্ঞান আপনার হীনদশায় দুঃখিত হইয়া মলিন ভাবে সাহায্য প্রার্থনায় ইতস্তত ভ্রমণ করে। অবশেষে দৈবশক্তিলাভে সবল হইয়া—তত্ত্ববিজ্ঞানের সাহায্যে পরিপুষ্ট হইয়া—রণক্ষেত্রে পুনর্ব্বার প্রতিদ্বন্দ্বীর সম্মুখীন হয়। তখন দর্শন নিজ শত্রুকে প্রবল দেখিয়া তাহার সহিত বিরোধ না করিয়া বরং সন্ধিস্থাপনে সমুদ্‌যোগী হয়। ফলত অনাদি কাল হইতেই মানবরাজ্যে এইরূপই চলিয়া আসিতেছে। তিনেরই অধিকার তিনেই ভোগ করিতেছে। তত্ত্ববিজ্ঞান আগত হইলেই, দর্শন, বিজ্ঞানের অধিকার তাহাকে প্রদান করিয়া স্বয়ং তত্ত্ববিজ্ঞানের অনুগত হইয়া অবস্থান করে।

তত্ত্ববিজ্ঞান আত্মা ও পরমাত্মার দ্বারের প্রহরী। আত্মদর্শনের প্রয়োজন হইলে, তত্ত্ববিজ্ঞান ভিন্ন আর কেহই সে পথ প্রদর্শন করিতে পারে না বা সাহসও করে না। তত্ত্ববিজ্ঞানই প্রকৃত পক্ষে জগদ্‌গুরু। ঐহিক ও পারত্রিক উভয় বিষয়েই তাহার প্রাধান্য দৃষ্ট হয়। যাহাতে তত্ত্ববিজ্ঞান নাই, তাহা হেয় ও অপদার্থ। যথায় তত্ত্ববিজ্ঞান নাই, তথায় প্রেতের বাস,—নির্ব্বোধের রাজ্য। তত্ত্ববিজ্ঞানই চতুর্ব্বর্গফলদাতা। তত্ত্ববিজ্ঞানের যদি কোন অধিকার থাকে, তাহা মনুষ্যের ভাবমার্গে, চিন্তামার্গে নহে। ধর্ম্মের নিয়মগুলিকে প্রণালীবদ্ধ করাই তত্ত্ববিজ্ঞানের কার্য্য।

পদার্থের প্রকৃতি বা স্বরূপ সম্বন্ধে আমাদিগের কোন জ্ঞানই নাই। পদার্থ যেরূপে আমাদিগের ইন্দ্রিয়ের বিষয়ীভূত হয়, আমাদিগের তদ্বিষয়ে সেই রূপই জ্ঞান। তাহার অতিরিক্ত অস্তিত্বে আমাদিগের কিছুমাত্র অধিকার নাই, এবং তাদৃশ জ্ঞানও আর এক দ্বিতীয় বস্তুর সম্বন্ধে। সংসারে দ্বিতীয় বস্তু না থাকিলে আমাদিগের কোন জ্ঞানই হইত না। বস্তুর স্বরূপ বা নির্গুণ সত্তা আমাদিগের বুদ্ধির অগম্য। আমার রসালের জ্ঞান আছে; অর্থাৎ রসাল আমার ইন্দ্রিয়গোচর বস্তু। ইহার আকার প্রকার, বর্ণ, স্বাদ, গন্ধ ও স্পর্শ আমার যেরূপ অনুভব হইয়াছে, তাহা অন্য ফল হইতে পৃথক্ বা অন্যের সহিত তাহার অনেকাংশে সাদৃশ্য আছে; আমাদিগের জ্ঞানই এই প্রকার। এতদ্ভিন্ন রসালের স্বতন্ত্র অস্তিত্ব আমরা বলিতে পারি না। নির্গুণ অস্তিত্ব আমাদিগের উপলব্ধি হয় না এবং কোন বস্তুর প্রকৃত কারণও আমরা জানিতে পারি না। বস্তুসমূহের পরস্পর সাদৃশ্য, সামানাধিকরণ্য ও পারম্পর্য্য সম্বন্ধ ব্যতীত আর আমাদিগের কিছুই জানিবার সামর্থ্য নাই। কিন্তু সম্বন্ধ নিত্য; অর্থাৎ অবস্থার প্রভিন্নতা না হইলে সে সম্বন্ধেরও প্রভেদ ঘটে না—চিরকালই সমভাবে থাকে। অগ্নিতে কাষ্ঠ দগ্ধ হয়, অর্থাৎ অগ্নি ও কাষ্ঠ সমানাধিকরণ, এবং দহন পরবর্ত্তী ঘটনা। অগ্নি ও কাষ্ঠের সামানাধিকরণ্য বিশেষে দহন রূপ পরবর্ত্তী বিষয় উপস্থিত হয়। এ সম্বন্ধ নিত্য; তবে অবস্থান্তরে সম্বন্ধেরও যে ভেদ হয়—তাহাও নিত্য। অর্থাৎ আর্দ্র কাষ্ঠে অগ্নিসংযোগে দহনের পরিবর্ত্তে অপর একটি পরবর্ত্তী ঘটনা সংসাধিত হইবে। যে নিত্য সাদৃশ্য সম্বন্ধ সূত্রে বস্তু সকল পরস্পর গ্রথিত, এবং যে নিত্য প্রণালীতে তাহাদিগকে পূর্ব্ববর্ত্তিতা এবং পারম্পর্য্য সম্বন্ধে দেখা যায়, তাহাকেই নিয়ম বলে। আমরা একখানি কাষ্ঠ অগ্নিতে নিক্ষেপ করিলাম, কাষ্ঠ জ্বলিতে লাগিল, বারংবার পরীক্ষায় লক্ষিত হইল যে, সকল সময়েই সেই এক ভাব। ক্রমে প্রত্যক্ষ জ্ঞান এত প্রবল হইয়া উঠিল যে, এইরূপ সঙ্ঘটন দর্শনে আমাদিগের প্রতীতি হইল যে, এইরূপ যে কোন কাষ্ঠ এইরূপ অগ্নিতে নিক্ষিপ্ত হইলেই এইরূপ দহন নির্ব্বাহ করিবে। এইরূপে আমরা জ্ঞাত অবস্থা হইতে অজ্ঞাত অবস্থায় গমন করিলাম। ফলত অগ্নিসংযোগে কাষ্ঠ দহন কার্য্য

সম্পাদন করে, ইহারই নাম নিয়ম। পদার্থসম্বন্ধে আমরা ঐ নিয়মমাত্র জানি। তাহাদের সূক্ষ্ম প্রকৃতি বা নিগূঢ় কারণ প্রভৃতি জানিবার আমাদিগের কোন শক্তি নাই। জ্ঞাত অবস্থা হইতে নিয়ম সংগ্রহ করাই প্রাকৃতিক বিজ্ঞানের উদ্দেশ্য। উহার বহির্ভাগে গমন করা বিজ্ঞানের অনধিকারচর্চ্চামাত্র। বিজ্ঞানের ভিন্ন ভিন্ন বিষয় আছে। ঐ বিভাগ ও বিষয় অনুসারেই বিজ্ঞানের অধিকার নির্দ্দিষ্ট হয়। গণিতবিজ্ঞান সংখ্যা, জ্যামিতি দৈর্ঘ্য প্রস্থ ও বেধ, জ্যোতিষ জ্যোতিষ্কগণের আকৃতি গতি ও পরিমাণাদি, রসায়ন জড়বস্তুর পরিবর্ত্তনাদি, শারীরবিজ্ঞান শারীরিক প্রক্রিয়াদি লইয়া আলোচনা করে। দর্শনশাস্ত্রের কোন নির্দ্দিষ্ট বিষয় নাই। কিন্তু উহা পূর্ব্বোক্ত সকল গুলিকে লইয়াই আলোচনা করে। তত্ত্ববিজ্ঞান সমস্ত চিন্তাজগতের অধিকারী। মনুষ্য যে কোন অবস্থায় থাকুন না কেন, ইহাই তাহার প্রাণের প্রাণ। তত্ত্ববিজ্ঞানই জীবের জীবনের একমাত্র সুখদাতা। বিজ্ঞান ইহারই সেবার জন্য সুদূরপরাহত তত্ত্বনির্ণয়ে তন্ময় হইয়া থাকে। দর্শন ইহার অনুগত ভৃত্য। বিজ্ঞানের প্রণালী প্রমেয়গত; দর্শনের প্রণালী প্রমাতৃগত; তত্ত্ববিজ্ঞানের প্রণালী উভয়গত। তত্ত্ববিজ্ঞানের অভ্যুদয়েই বিজ্ঞান ও দর্শনের বিরোধ ভঞ্জন হইয়াছে।

বহির্জ্জগতের সহিত অন্তর্জ্জগতের মিলন করাই সকল অনুসন্ধানের মুখ্য কল্প। প্রমাতৃগত প্রণালীটি সম্পূর্ণ প্রত্যক্ষ বস্তুর উপর প্রতিষ্ঠিত, সুতরাং মনঃকল্পিত; প্রমেয়গত প্রণালীটিও সম্পূর্ণ প্রত্যক্ষ বস্তুর উপর প্রতিষ্ঠিত, সুতরাং সীমাবদ্ধ; কিন্তু তৃতীয়টি বিজ্ঞান ও অনুমানের উপর সংস্থাপিত, তদুভয়ের মধ্যবর্ত্তী, কাল্পনিক হইয়াও বাস্তবিক। প্রমাতৃগত প্রণালীটি মানসিক কল্পনার বশবর্ত্তী হইয়া চিন্তাস্রোতে প্রধাবিত হয়। মানসিক ধারণার পারম্পর্য্যের প্রতিরূপের সহিত বাস্তবিক ঘটনার ঐক্য থাকুক বা না থাকুক, সে তাহার অনুশাসন অগ্রাহ্য করিয়াই চিন্তামার্গে বিচরণ করিয়া থাকে। প্রমেয়গত প্রণালীটি ঠিক উহার বিপরীত। সে ইন্দ্রিয়ের অগোচর বিষয় চিন্তা করিতেই অসম্মত। কল্পনার রাজ্যে গমন করিতেও পরাঙ্মুখ। কিন্তু তৃতীয় প্রণালীটি সেরূপ নহে। এ প্রণালীতে চিন্তাতরঙ্গ ঘটনাতরঙ্গের সঙ্গে

সঙ্গে সমান ভাবে তালে তালে চলিতে থাকে। মানবের যে পূর্ব্ব ধারণা থাকে, তাহাকে প্রতিপদে বাস্তবিক ঘটনার সহিত বিধিমত তুলনা করিয়া মিলন করিয়া দেখায়। ইহাতেও দর্শনের ন্যায় অনুমান আছে বটে, কিন্তু তত্ত্ববিজ্ঞানের অনুমান মিথ্যা নহে, একটা যা তা ধরিয়া লওয়া নহে। ইহারও বন্ধন আছে—সঙ্কেত আছে। তৃণদর্শনে দুগ্ধের অনুমান নিতান্ত অসঙ্গত। সকল অনুমানের মূলেই উপমিতি আছে, নতুবা অন্ধের হস্তিদর্শন হইয়া পড়ে। প্রত্যেক দৃষ্ট জ্ঞানের সঙ্গেই কতকটা অনুলব্ধি থাকে। সকল গুণই সকল সময় একেবারে উপলব্ধ হয় না, সুতরাং সর্ব্বত্রই আংশিক অনুলব্ধি থাকে। বস্তুর দৃষ্ট লক্ষণ দ্বারা অদৃষ্ট লক্ষণ অনুমান করিতে হয়। উপলব্ধি হইতে অনুলব্ধি ও অনুলব্ধি হইতে জ্ঞান—প্রমাণ। উপলব্ধির প্রামাণ্য নাই; অনুলব্ধির প্রামাণ্য অপরিহার্য্য। দার্শনিক ও বৈজ্ঞানিক উভয়েই অনুমানের সাহায্য লইয়া থাকেন বটে; কিন্তু দার্শনিকের অনুমানে ও বৈজ্ঞানিকের অনুমানে বিস্তর প্রভেদ। বৈজ্ঞানিক নিজ অনুমানকে ঘটনার সহিত পরীক্ষা করিয়া প্রমাণ করেন, কিন্তু দার্শনিক সেরূপ পরীক্ষার প্রয়াস বা অবসর পান না। কাল্পনিক অনুমানের প্রামাণ্য নাই, বাস্তবিক অনুমানেরই প্রামাণ্য স্বীকৃত হয়। দার্শনিকের অনুমান স্বপ্নবৎ; তাহার সহিত বাস্তবিকের পারম্পর্য্য থাকে না। বৈজ্ঞানিকের অনুমান জাগ্রতের ন্যায় বাস্তবিকের পারম্পর্য্য বিশিষ্ট। স্বপ্নের ন্যায় কাল্পনিক কোন কোন স্থলে সত্য ও অভ্রান্ত হইলেও হইতে পারে; কিন্তু সেই নিমিত্ত তাহার প্রামাণ্য স্বীকার করা যায় না। কাল্পনিক অনুমানে স্বভাবের নিয়ম আয়ত্ত হয় না, সুতরাং উহা স্বভাবের অধীন; যেখানে স্বভাবের সহিত ঐক্য হইল, সেই থানেই কাকতালীয় ন্যায়ে কাল্পনিক অনুমান সত্য হইল; তদ্ভিন্ন স্থলে উহার ভ্রম অপরিহার্য্য। কাল্পনিক অনুমান প্রমাতৃগত, সুতরাং উহাতে প্রমাতৃগত ভ্রমাদি দোষ অপরিহার্য্য। কিন্তু বাস্তবিক অনুমানে স্বভাবের নিয়ম আয়ত্ত হয়, সুতরাং স্বভাব উহার অধীন; সর্ব্বত্রই স্বভাবের সহিত ঐক্য রহিল, সর্ব্বত্রই বাস্তবিক অনুমান সত্য হইল; কোন স্থলেই উহার ভ্রমের সম্ভাবনা নাই। বাস্তবিক নিয়ম প্রমাতৃ ও প্রমেয় এতদুভয়-গত;

সুতরাং উহাতে প্রমাতৃগত ভ্রমাদিদোষের সম্ভাবনা থাকে না। তত্ত্ববিজ্ঞানই বিজ্ঞানের, চূড়ান্ত গৌরব, মনুষ্যবুদ্ধির উহাই শেষ সাধনা। উহাই মনুষ্য-জীবনের চরম উদ্দেশ্য। উহাই মানবের জ্ঞান-পিপাসার বিরাম-সরোবর। মনুষ্য যে ভাবে যথায় থাকুক না কেন,—সংসারে বা অরণ্যে, সভ্যতার উচ্চতম সমুজ্জ্বল শিখরে বা অসভ্যতার প্রগাঢ় অন্ধকারময় কন্দরের অন্তস্তলে, বিলাসের কমনীয় নিকুঞ্জ কাননে বা উৎকট বৈরাগ্য-মরুতে—তত্ত্ব-বিজ্ঞান সর্ব্বত্রই তাহার পিপাসা নিবারণ করিয়া তাহাকে অগাধ আনন্দসাগরে নিমগ্ন করিবেই করিবে।

মনোবিজ্ঞান নিঃশব্দে অপরিস্ফুটভাবে আত্মার অস্তিত্ব অবধারণ পূর্ব্বক নিরস্ত হইলে—তৎকৃত প্রমাণ আত্মবস্তুর তত্ত্বনির্ণয়ে অসমর্থ হইলে, চিন্তাশীল মানব আত্মতত্ত্বনিরূপণার্থ অপৌরুষের তত্ত্ববিজ্ঞানের আশ্রয় গ্রহণ করেন। অতি প্রাচীনকাল হইতেই আমাদিগের দেশে আত্মতত্ত্বনির্ণয়কারিগণের মধ্যে নানাবিধ মত প্রচলিত হইয়া আসিতেছে। তত্ত্ব-বিজ্ঞান-ইতিহাসের প্রথম পথপ্রদর্শক নাস্তিকগণ।

দেহাত্মবাদী নাস্তিকগণ বলেন—"শারীরিক ও মানসিক বৃত্তিনিচয়ের পরস্পর সাদৃশ্য-বৈসাদৃশ্য সন্দর্শনেই দেহাতিরিক্ত আত্মার স্বতন্ত্র অস্তিত্ব অবধারিত হইতে পারে না। বৃত্তিদ্বয়বিশিষ্ট দেহের স্বভাবই এই যে, দেহ এক বৃত্তি দ্বারা জড়বৎ কার্য্য করে ও অপর বৃত্তি দ্বারা চেতনবৎ কার্য্য করে। বস্তুতঃ একমাত্র অনাদি অনন্ত অপরিমেয় শক্তির—বৈদ্যুতিক শক্তির ক্রমবিকাশেই পরমাণু সমূহ পরিণত হইয়া ক্রমান্বয়ে পৃথিবী হইতে মনুষ্য পর্য্যন্ত সমস্ত জীবের উৎপত্তি সাধন করিয়াছে। আস্তিকের কোন তর্কযুক্তি দ্বারাই দেহাতিরিক্ত আত্মার অস্তিত্ব প্রমাণিত হইতে পারে না। ভৌতিক জগৎ, উদ্ভিজ্জগৎ ও প্রাণিজগৎ সর্ব্বতোভাবে বিসদৃশ হইলেও উহাদের অভ্যন্তরে এক অতি আশ্চর্য্য অপরিবর্ত্তনীয় ক্রমোন্নতির নিয়ম বিদ্যমান রহিয়াছে। উক্ত ক্রমোন্নতিই ঐ বৈসাদৃশ্যের কারণ। ভূতসমূহের রাসায়নিক সংযোগজনিত গতি, উদ্ভিদ সমূহের প্রাণ এবং প্রাণিসমূহের মধ্যে নিকৃষ্ট প্রাণিগণের ঐন্দ্রিয়িক শক্তি ও উৎকৃষ্ট প্রাণিগণের চেতনাই ধর্ম্ম। অত্যুৎকৃষ্ট প্রাণী

মানবের বিবেকই ধর্ম্ম। শক্তির সমস্ত ক্রিয়ার মূলকারণ কখনই জড় হইতে পারে না। নানাবিধ কারণ সকল মূলশক্তিরূপে একত্বে পর্য্যবসিত হইয়া অখণ্ড ও অদৃশ্যভাবে সমস্ত কার্য্যই সাধন করিতেছে। উহাই বিশ্বের অদৃষ্ট; ঐ অদৃষ্ট শক্তির বশেই বিশ্বসংসার বারংবার উৎপত্তি-স্থিতি-লয় ও পুনরুৎপত্তি প্রভৃতি ভজনা করিতেছে। ঐ অদৃষ্টকারণরূপিণী মহীয়সী শক্তি হইতেই দেহের ক্রমবিকাশে ক্রমোন্নতিতে চৈতন্যের ক্রমবিকাশ। উহা হইতেই বিবেকের উৎপত্তি। ঐ অদৃষ্ট কারণ হইতেই ক্ষিতি, ক্ষিতি হইতে অঙ্কুর, অঙ্কুর হইতে উদ্ভিদ, উদ্ভিদ হইতে পত্র-পুষ্প-ফলের উৎপত্তি। আবার তাহার ক্রমাবনতিতে ক্ষিতিরূপে পরিণতি। প্রকৃতিতে সকলই নিত্যনূতন—নিত্যলয়! উৎপত্তির পর শৈশব, শৈশবের পর যৌবন, যৌবনের পর বার্দ্ধক্য; আবার বার্দ্ধক্যের পর বাল্য। এইরূপ নিত্যই প্রলয়, নিত্যই উৎপত্তি, নিত্যই নবভাব। কাহারও এককালে লয় নাই, শূন্যত্ব নাই; কেবল অবস্থান্তর। কাহারও আকস্মিকী উৎপত্তি নাই, কাহারও শূন্য হইতে আবির্ভাব নাই। যাহা ছিল, তাহাই আসিতেছে, আবার যাইতেছে, আবার আসিতেছে। কেহই শূন্য ছিল না বা শূন্য হইবে না; কেবল পরিবর্ত্তন, কেবল নবভাবের আবির্ভাব মাত্র। এই নিয়মেই সমুদ্র, এই নিয়মেই পর্ব্বত, এই নিয়মেই ক্ষিতি, এই নিয়মেই আকাশ, এই নিয়মেই অঙ্কুর, এই নিয়মেই বৃক্ষ, এই নিয়মেই কীট, এই নিয়মেই মানব, এই নিয়মেই অজ্ঞ, এই নিয়মেই বিজ্ঞ, এই নিয়মেই জাতি, এই নিয়মেই সমাজ। সকলই সেই প্রকৃতির—অজ্ঞেয়া প্রকৃতির নিয়ম। এই প্রকৃতি বিরুদ্ধস্বভাবা; কখন মনোহারিণী কখন ভয়ঙ্করী কখন ঐশ্বর্য্যময়ী কখন মাধুর্য্যময়ী। অধিক কি, এই সত্যস্বরূপা বৈচিত্র্যময়ী প্রকৃতির কারণত্বে আত্মার স্বতন্ত্র অনস্তিত্বে আর অধিক প্রমাণ প্রয়োগের—বাক্যব্যয়ের আবশ্যকতা নাই। সর্ব্বোৎকৃষ্ট প্রাণী অর্থাৎ উন্নতির প্রায় চরমসীমাপ্রাপ্ত মানব জাতিরই বাল্য, যৌবন, বার্দ্ধক্য, ও সভ্যতা, অসভ্যতা ভেদে ঐ চৈতন্যধর্ম্মেরই যেরূপ বৈলক্ষণ্য প্রতীত হয়, তাহা হইতেই ক্রমোন্নতির নিয়মানুসারে চৈতন্যের ক্রমবিকাশ বিলক্ষণ প্রতিপন্ন হইয়াছে। বলা বাহুল্য যে, মানবজাতির মধ্যে যে কয়েকটি শ্রেণী দৃষ্ট হয়,

তাহার মধ্যে একটিকে বিবেকশক্তির আধারস্বরূপ আত্মবিশিষ্ট বলিলে, অপর-টিকে তদভাববিশিষ্ট বলা অযুক্ত হয় না। একজন বিবেকশালী যুবাকে আত্ম-বিশিষ্ট বলিলে, একটি সদ্যোজাত কিম্বা পর্ব্বতগুহাবাসী অসভ্য মানবকে কি ঐ আত্মবিশিষ্ট বলিতে সাহস হয়? বিশেষত এই সূক্ষ্ম ক্রমোন্নতির নিয়মের প্রতি দৃষ্টিবিহীন হইয়া স্বতন্ত্র চৈতন্যের অস্তিত্বে বিশ্বাসাপন্ন ব্যক্তিরা যে, জড়-শরীর হইতে চৈতন্যের উৎপত্তি অসম্ভব বলিয়া অপর একটি কূট তর্কের অব-তারণা করেন, দেহাত্মবাদিগণ কি তৎপরিবর্ত্তে চেতন আত্মা হইতে জড়-শরীরের উৎপত্তিও তাদৃশ অসম্ভব বলিয়া প্রতিকূল তর্কের উত্থাপন করিয়া বিপক্ষমতের উপর অপরিহার্য্য দোষের আরোপ করিতে পারেন না?" অধি-কন্তু দেহাত্মবাদিগণ বলেন যে, "তাঁহাদের মতের যৌক্তিকতার প্রতি প্রত্যক্ষই প্রমাণ; কিন্তু প্রতিপক্ষীয়গণকে স্বমত সংস্থাপনে অজ্ঞেয় অনুমানের আশ্রয় গ্রহণ করিতে হয়। ফলত আস্তিকের মতে অসম্ভবে সম্ভবের কল্পনা, ভ্রান্ত-বিশ্বাসের অনুরোধে। আত্মজ্ঞান জীবের সংস্কারজ এবং অদ্ভুত-সংযোগের ফল। দেহের স্বভাবই অধ্যাত্ম—দেহই আত্মা। সহজ জ্ঞান কিছুই নাই, সকল জ্ঞানই সংস্কারজ। ক্রমোন্নতিই জ্ঞানের সাধন। চেতন-কর্ত্তার স্বতন্ত্র অস্তিত্বের নিশ্চ-য়তা ও সম্ভাবনাও নাই, বিশেষত আমাদিগের জ্ঞান যখন সীমাবদ্ধ, চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়ের সাহায্য ব্যতিরেকে যখন কোন জ্ঞানই হয় না, তখন ইন্দ্রিয়ের অগোচর বস্তুর অস্তিত্বে কিরূপে বিশ্বাস করা যাইতে পারে? সমস্ত মানবজাতি যে বিষয় প্রত্যক্ষ করেন নাই, সে বিষয়ের প্রামাণ্যই সিদ্ধ হইতে পারে না। ঈশ্বর, পরলোক ও ধর্ম্মাদি অতিপ্রকৃত বিষয় সকল, সামাজিক শৃঙ্খলা রক্ষার জন্য, মানবগণ কর্ত্তৃক কল্পিত হইয়াছে। ঐ কল্পনা কালক্রমে জটিল হইতে জটিলতর হইয়া ভয়ঙ্কর কুসংস্কার-জালে সমাচ্ছাদিত হইয়া পড়িয়াছে।"

"মানবজাতির ক্রমোন্নতির সঙ্গে সঙ্গে তাঁহাদিগের মনঃকল্পিত ঈশ্বরেরও ক্রমোন্নতি হইয়াছে। মানবের প্রাচীন ইতিহাস পর্য্যালোচনা করিলে, অবগত হওয়া যায় যে, অতি প্রাচীনকালে মানবজাতি যখন প্রথম বন্যজীবন হইতে সভ্যজীবনে পদার্পণ করেন, তখন পূর্ব্ব পূর্ব্ব সমাজে আধুনিক উপাসনা প্রণালী প্রচলিত ছিল না। তৎকালে তাঁহারা পদার্থসমূহের আদিকারণ

অনুসন্ধানে রত ও সময়ে সময়ে সৃষ্টিকৌশলে বিমোহিত হইয়া নদী, পর্ব্বত, ভূমি, জল, আকাশ, অগ্নি, উদ্ভিদ, বজ্র, তড়িৎ, চন্দ্র, ও সূর্য্যাদির পূজা ঈশ্বরজ্ঞানেই সম্পাদন করিতেন। সঙ্কীর্ণবুদ্ধি মানবগণ প্রকৃতিকে তাঁহাদের জ্ঞানের অগোচরে কার্য্যসাধন করিতে ও তাঁহাদিগের অভাবনীয় সুখ দুঃখ বিধান করিতে দেখিয়া অজ্ঞেয় প্রাকৃতিক শক্তিকে ঈশ্বরভাবে পূজা করিতেন।”

“সুদূরদর্শী আর্য্যঋষিগণ ঐ সকল প্রাকৃতিক শক্তির যথাযোগ্য কল্পিত মূর্ত্তি সকল রচনা করিয়া কখন ভয়ঙ্কর ঐশ্বর্য্যের ভাবে, কখন মনোহর মাধুর্য্যের ভাবে, কাব্যমধ্যে সন্নিবেশিত করিয়া সামাজিক নিয়ম সকলের ও মানসিক বৃত্তি সকলের সুশৃঙ্খলা সংস্থাপনের সুযোগ করিয়া দিয়াছেন। বর্ষাসাঙ্কর্য্যের অবসানে শারদীয়া, সর্ব্বৈশ্বর্য্যসমন্বিতা, পার্শ্বদ্বয়ে বিদ্যাধিষ্ঠাত্রী ও ধনাধিষ্ঠাত্রী সরস্বতী ও লক্ষ্মীদেবী পরিবেষ্টিতা, বীরত্ব ও গাম্ভীর্য্যের আদর্শস্বরূপ কার্ত্তিকের-গজাননপরিসেবিতা, দুষ্টরিপুমহিষাসুরবিমর্দ্দিনী, দশদিগ্ব্যাপিনী, দশভুজা, মহাশক্তি মহামায়ার মহীয়সী মূর্ত্তি। তৎপরেই মাধুর্য্যের পরাকাষ্ঠা;—ভগবান নন্দনন্দন নন্দনকানন অপেক্ষাও আনন্দধাম বৃন্দাবনে ত্রিজগন্মানসাকর্ষক মুরলীধর রাসরসাকর্ষী মনোহর নটবরবেশে মুগ্ধা গোপকন্যাগণের পরম পরিতৃপ্তি বিধান করিতেছেন। তৎপরেই শ্বেতশতদল-বিরাজিতা বিদ্যাধিষ্ঠাত্রী দেবী শুভ্রবর্ণে শুভ্রবসনে সমাবৃতা হইয়া অপূর্ব্ব সঙ্গীত-সুধাবর্ষণে জগৎ পরিতৃপ্ত করিতেছেন। তৎপরেই ঋতুরাজ বসন্তের আবির্ভাবে প্রীতি-রতি দ্বারা কন্দর্পরূপী শ্রীকৃষ্ণের দোলোৎসব। পরেই ঐশ্বর্য্যময়ী বাসন্তী। তাহারই পর ভগবৎ-কৃপায় ভক্তহৃদয়ে ভগবানের আবির্ভাবস্বরূপ জন্মাষ্টমী। এইরূপে শক্তির পর ঈশ্বর, তৎপরে শক্তি; সুতরাং অভিনব ভাব,, ঐশ্বর্য্যের সহিত মাধুর্য্য, শক্তিরই রূপান্তর।”

“যাহা হউক, ঐ প্রণালীতে আর্য্য ঋষিগণের অপূর্ব্ব কৌশল সত্ত্বেও তাঁহারা যে ঐ শক্তিকে মানবীয় সাজে ও গুণে বিভূষিত করিয়া অদ্ভুত দেবদেবীর সৃষ্টি করিয়াছেন, ইহা অবশ্য স্বীকার্য্য। কালক্রমে ঐ শক্তি ভিন্ন ভিন্ন আখ্যায় ও ভিন্ন ভিন্ন আকারে আশ্চর্য্যভাবে পূজিত হইতে লাগিল। এইরূপেই

পুত্রপরিজন-পরিবৃত মহাভোগ-বিলাসী যুদ্ধ-বিগ্রহাদি-রত কামাদি-পরিপীড়িত মানবধর্ম্মী দেবগণের উৎপত্তি হইল। কুসংস্কারের সঙ্গে সঙ্গে নাগাদি-নিবাস পাতালাদি পুরী ও দেবাদি-নিবাস স্বর্গাদি পুরীরও আবির্ভাব হইল এবং ঐ সকল পুরী নানাবিধ অলঙ্কারে সমালঙ্কৃতও হইতে লাগিল। পরে যৌক্তিক ও তার্কিক লোক সকল আবির্ভূত হইলে, দর্শনশাস্ত্রানুমোদিত কল্পিত ঈশ্বর ও তাঁহার উপাসনাপদ্ধতি প্রচলিত হইতে লাগিল। ফলত, ঈশ্বর যে মানবের মনঃকল্পিত ও ধর্ম্মাদি যে তাঁহাদিগের সমাজশাসনার্থ উদ্ভাবিত উপায়, তাহা কিঞ্চিৎ অনুধাবন করিলেই প্রতীত হয়। মানবের প্রকৃতি ও তদ্গত বৈষম্য এবং বিশ্বপ্রকৃতির পর্য্যালোচনাই মানব মনে ঐ সকলের অসারত্ব ও কল্পিতত্ব প্রতিপন্ন করিয়া দেয়।"

"জ্ঞানিমাত্রই স্বীকার করেন যে, জ্ঞান ইন্দ্রিয়সাহায্য ব্যতিরেকে উৎপন্ন হয় না। যে কোন জ্ঞান লাভ হয়, তাহাতেই ইন্দ্রিয় অনুস্যূত রহিয়াছে। যাহাকে সহজ জ্ঞান বলা হয়, তাহাও ইন্দ্রিয়ব্যতিরেকে প্রকাশ পায় না এবং ধারণা করাও যায় না; সুতরাং মানবের মনঃকল্পিত ঈশ্বরও মানবীয় গুণে বিভূষিত হইয়াছে। ঐ সকল গুণ আবার ঐ কল্পিত ঈশ্বরে এত অধিক পরিমাণে প্রদত্ত হইয়াছে যে, তাহাদের সামানাধিকরণ্য বা সামঞ্জস্য সম্ভবই হয় না। ঈশ্বর জীবের প্রতি করুণা করিয়া প্রকৃতিকে জগন্নির্ম্মাণে প্রবৃত্ত করেন, বলা নিতান্ত অসঙ্গত। করুণা শব্দের অর্থ পরদুঃখনিবারণেচ্ছা। সুতরাং ঈশ্বর জীবের প্রতি করুণা করিয়া প্রকৃতিকে সৃষ্টিকার্য্যে প্রবৃত্ত করেন, বলিলে, ঈশ্বর জীবের দুঃখনিবারণেচ্ছায় সৃষ্টি করেন, ইহাই বুঝা গেল। সৃষ্টির পূর্ব্বে দুঃখাদি কিছুই ছিল না; দুঃখাদিও ঈশ্বরসৃষ্ট। যদি তাহাই হইল, তবে ঈশ্বর কাহার নিবারণের আশায় সৃষ্টি করিলেন? কি নিমিত্তই বা সর্ব্বজ্ঞ পরমেশ্বরের ঐরূপ অসৎ দুঃখের নিবারণে ইচ্ছা হইল? সুস্থশরীর ব্যক্তিকে কোন্ বুদ্ধিমান ঔষধ সেবনের ব্যবস্থা করিবেন? এই দোষ পরিহারের নিমিত্ত জীবে দুঃখসঞ্চারের পর সৃষ্টিতে প্রবৃত্তিও বলা যায় না। কারণ, তাহা হইলে, দুঃখ সৃষ্টিসাপেক্ষ ও সৃষ্টি দুঃখসাপেক্ষ হওয়াতে পরস্পরসাপেক্ষতারূপ অন্যোন্যাশ্রয় দোষ ঘটে। বিশেষত চেতনের অধিষ্ঠান ব্যতিরেকে জড়ের কার্য্য

হয় না ভাবিয়া প্রকৃতির সৃষ্টিকর্ত্তৃত্ব অস্বীকার করাই অসঙ্গত। কারণ, চেতনাধিষ্ঠান ব্যতিরেকেও অনেক জড়বস্তুর কার্য্যকরণে প্রবৃত্তি দৃষ্ট হইতেছে। অভিনব জাত সন্তানের বৃদ্ধি ও জীবন ধারণার্থ জড়াত্মক দুগ্ধ প্রবৃত্ত হইতেছে এবং জনগণের উপকারার্থ সময়ে সময়ে জড় মেঘ বর্ষণে প্রবৃত্ত হইতেছে। অতএব জড়াত্মক প্রকৃতিও জগন্নির্ম্মাণে প্রবৃত্ত হইবে, তন্নিমিত্ত ঈশ্বর স্বীকারের প্রয়োজনই নাই। অধিকন্তু ঈশ্বরের সৃষ্টিকর্ত্তৃত্ব স্বীকারে পূর্ব্বোক্ত দোষ ভিন্ন আরও অনেক দোষ দেখা যায়। ঈশ্বর বিশ্বের সৃষ্টিকর্ত্তা; ইহা কি সম্ভবপর কথা? বিশ্ব অনাদি ও অনন্ত। এক অসংখ্য ভাগে বিভক্ত হইলেও যখন শূন্য হয় না এবং অসংখ্য শূন্য একত্র করিলেও যখন এক হয় না, তখন বিশ্বকে অবশ্যই অনাদি ও অনন্ত স্বীকার করিতে হইবে। বিশ্ব অনাদি হইলে, উহার সৃষ্টিকর্ত্তাও অসম্ভব হইল। যদি শক্তির উদ্বোধনকেই সৃষ্টি বলা হয়, তাহা হইলে, কথঞ্চিৎ সৃষ্টিকর্ত্তৃত্ব সঙ্গত হইলেও শান্তি নাই। ইচ্ছাময়ত্বাদি গুণের সামঞ্জস্য কোথায়? ঈশ্বরকে ইচ্ছাময় বলিতেছ, কিন্তু যখন দেখা যাইতেছে যে, উদ্দেশ্য বিনা ইচ্ছা থাকে না, তখন ঈশ্বরের কোন না কোন উদ্দেশ্য স্বীকার না করিলে, তাঁহাকে ইচ্ছাময় বলা যাইতে পারে না। উদ্দেশ্য স্বীকার করিলে, পূর্ণকামত্ব থাকে না। আমাদের উদ্দেশ্যই যদি ঈশ্বরের ইচ্ছার কারণ হয়, তবে ঈশ্বরের সর্ব্বশক্তিমত্তার হানি হয়; যেহেতু, আমাদের উদ্দেশ্য কখনই সিদ্ধ নহে। আমাদের পরিমিত শক্তি ও স্বাধীন ইচ্ছা স্বীকার করিলে, তাঁহার করুণাময়ত্ব, সর্ব্বশক্তিমত্ত্ব ও সার্ব্বজ্ঞ্যাদি ধর্ম্মের অসামঞ্জস্য হয়। বিশেষত, যিনি স্বয়ং এই অমঙ্গলময় বিশ্বের সৃষ্টি করিয়া আমাদিগকে স্বেচ্ছানুরূপ সুখস্বাচ্ছন্দ্য ভোগের অনধিকারী করিয়াছেন, তিনি তাঁহার উক্ত অসম্পূর্ণ কার্য্যের নিমিত্ত ভক্তির পাত্র হইতে পারেন না। অধিকন্তু তাঁহাকে উপাসনাপ্রিয় বলিলে, তাঁহার নির্ব্বিকারত্বও সম্ভব হয় না। এইরূপ বিচার করিলে, ঐ ঈশ্বরকে মানবের মনঃকল্পিতই বলিতে হয়। ঐ সকল দোষের পরিহার কামনায় পরলোক স্বীকার করাও অন্যদোষের উৎপাদক। দেহাবসানে তদুৎপন্ন আত্মার ধ্বংসও অবশ্যম্ভাবী; সুতরাং পরলোক অস্বীকার্য্য। তর্কবিভ্রান্তির জন্য পরলোক

স্বীকৃত হইলেও যিনি সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান্ ও করুণাময়, তিনি কি কারণে অসম্পূর্ণ শক্তি ও অসৎ প্রবৃত্তি প্রদান পূর্ব্বক জীবকে এই অসীম যন্ত্রণা-ভোগের পাত্র করিয়াছেন, এই প্রশ্নের উত্তর কে দিবে? যে কষ্ট নিবারণের নিমিত্ত অদৃষ্ট অশ্রুত ও অচিন্ত্য ঈশ্বর স্বীকার করিতে হইবে, তাঁহার দ্বারা সে উদ্দেশ্যের সিদ্ধি হয়, কি প্রকারে? লোক যে সুখের জন্য কল্পিত ঈশ্বরের সেবা করিবেন, প্রকৃতি কি তাঁহাকে সে সুখ প্রদান করিতে অক্ষম? প্রকৃতিতে কি সে সুখের অসদ্ভাব আছে; প্রকৃতির সুখ, দুঃখসংশ্লিষ্ট হইলেও অবর্জ্জনীয় ভাবে প্রাপ্ত দুঃখের পরিহার পূর্ব্বক সুখমাত্র ভোগ করিলেই হইল। দুঃখের দিকে দৃষ্টি না করিলেই প্রকৃতি সুখের আগার হইয়া উঠিবে।"

"বিশেষত, ঈশ্বরের সম্বন্ধে ভিন্ন ভিন্ন মত ও ধর্ম্মশাস্ত্রাদির বিভিন্ন প্রণালী হইল কেন, এই দুরূহ বিষয়ের মীমাংসা কে করিবে? একাল পর্য্যন্ত যখন ঐ সকল বিষয়ের সন্তোষজনক সিদ্ধান্ত আবিষ্কৃত হইল না, তখন কেনই বা লোকে 'ধর্ম্ম ধর্ম্ম' 'ঈশ্বর ঈশ্বর' বলিয়া চীৎকার করেন? মানবের অসম্পূর্ণতা ও আকাঙ্ক্ষা ঈশ্বরাস্তিত্বের প্রমাণ হইতে পারে না। ক্রমবিকাশি জগৎ যখন ক্রমশই উন্নতির অভিমুখে অগ্রসর হইতেছে, তখন এমত সময় আসিতে পারে, যখন মানব স্বতই সম্পূর্ণতা লাভ করিয়া অভিলষিত সুখস্বচ্ছন্দতা অনুভব করিবে। তাঁহার আকাঙ্ক্ষা বিচিত্রকৌশলময়ী প্রকৃতির নিয়মানুসারেই অন্তর্হিত হইবে।"

বস্তুত দেহাত্মবাদিগণের মতে, "প্রত্যক্ষের অতিরিক্ত প্রমাণ নাই, অনুমান সম্ভাবনা মাত্র। বিশ্বাতিরিক্ত ঈশ্বর নাই; বিশ্ব স্বতঃসিদ্ধ অনাদি অনন্ত। জড়ের পরিণতিই চেতন জীব। দেহাতিরিক্ত আত্মা, স্বর্গ, মুক্তি ও পরলোকের প্রমাণ নাই। বুদ্ধিপৌরুষবিহীন ব্রাহ্মণবর্গ আপনাদিগের জীবিকা নির্ব্বাহার্থ বেদ ও তল্লিখিত আচার ব্যবহারের সৃষ্টি করিয়াছেন। অতএব মনুষ্যসৃষ্ট অনৃতব্যাঘাতাদিদোষদুষ্ট বেদাদিশাস্ত্রসমূহের পরোক্ষবাদ প্রামাণ্য নহে। মনুষ্য প্রকৃতির নিয়মের অনুরোধে স্বীয় বিবেকশক্তির পরিচালনে যে কার্য্য করিবেন, তাহাই তাঁহাকে উন্নতির পথে লইয়া যাইবে। তাহাই তাঁহার অভিলষিত সুখের সাধন হইবে। এইরূপ করিতে করিতে তিনি

স্বয়ংই অলক্ষিত ভাবে এক দিন না এক দিন স্বকপোলকল্পিত ঈশ্বরের অনুরূপ হইবেন; ইহাই সত্য।”

সাঙ্খ্যদর্শন-প্রণেতা কপিল বলেন,—প্রকৃতিপুরুষের অবিবেক হেতু অর্থাৎ পুরুষ, ত্রিগুণাত্মিকা প্রকৃতি হইতে ভিন্ন, পুষ্করপলাশবন্নির্লেপ ও অকর্ত্তা, এইরূপ জ্ঞানের অনুৎপত্তি পর্য্যন্ত জীবকে আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক এই ত্রিবিধ দুঃখ ভোগ করিতে হয়। পরে প্রকৃতিপুরুষের বিবেক অর্থাৎ প্রকৃতিই কর্ত্রী, পুরুষের কর্ত্তৃত্ব অধ্যাসমাত্র, এইরূপ জ্ঞানের উদয়ে অনাদি অবিদ্যার নিবৃত্তি হইলে, পুরুষের প্রতি প্রকৃতির অধিকারের ত্যাগ হয়। তদনন্তর পুরুষের অর্থাৎ জীবের ত্রিবিধ দুঃখের ধ্বংস হয়। ইহাকেই আনন্দপ্রাপ্তি কহে। যেরূপ ভারবাহক পুরুষের মস্তক হইতে ভার অপনীত হইলে, ভারজনিত দুঃখের অবসানরূপ সুখের উৎপত্তি হয়, তদ্রূপ ত্রিবিধ দুঃখের আত্যন্তিক নিবৃত্তিই সুখ। পূর্ব্বোক্ত দুঃখত্রয়ের মধ্যে আধ্যাত্মিক দুঃখ দ্বিবিধ;—শারীর ও মানস। বাতপিত্তাদিজনিত বৈষম্য হেতুক দুঃখই শারীর দুঃখ এবং কামক্রোধাদিজন্য দুঃখই মানস দুঃখ। এই দুঃখদ্বয় আন্তরোপায়নাশ্য বলিয়াই ইহাদিগকে আধ্যাত্মিক দুঃখ বলা যায়। মনুষ্যপশ্বাদিহেতুক দুঃখই আধিভৌতিক দুঃখ। এবং যক্ষরাক্ষসভূতাদ্যাবেশহেতুক দুঃখকে আধিদৈবিক দুঃখ কহে। উক্ত ত্রিবিধ দুঃখই প্রকৃতিমূলক; সুতরাং প্রকৃতিপুরুষ বিবেকে প্রকৃতির অধিকারের অবসান হইলেই দুঃখত্রয়ের ধ্বংস হয়। যদিও ঔষধ-বনিতাদি দ্বারা আধ্যাত্মিক দুঃখ নাশ, দুর্গাদি সাধন দ্বারা আধিভৌতিকাদি দুঃখের নাশ হয়, কিন্তু তদ্দ্বারা উক্ত দুঃখের সমূলে নাশ হয় না, পরন্তু রোগবিশেষের ন্যায় পুনর্ব্বার উৎপন্ন হয়। অতএব প্রত্যক্ষমাত্রবিশ্বাসী নাস্তিকের মতানুসারে সাংসারিক ক্ষণিক সুখের উৎপত্তিতে যে দুঃখনাশ হয়, তাহাকে আত্যন্তিক দুঃখনাশ বলা যায় না; প্রকৃতির নিবৃত্তি হইলেই আত্যন্তিক নাশ হয়। অতএব তাদৃশ আত্যন্তিক নাশকেই আনন্দপ্রাপ্তিরূপা মুক্তি বলা হয়। ঐ ধ্বংসরূপা মুক্তি কার্য্য হইলেও উহা ঘটাদিকার্য্যের ন্যায় অনিত্য নহে। কারণ, ধ্বংসরূপ অভাবের নিত্যত্বই স্বীকার্য্য। এইরূপে পুরুষের নিত্যত্ব স্বীকারে শূন্যবাদী বৌদ্ধেরও মত নিরাকৃত হইল।

যোগদর্শন-প্রণেতা পতঞ্জলি বলেন,—প্রকৃতি-পুরুষের বিবেকাভ্যাস দ্বারা বিষয়বৈরাগ্য জন্মে। ঐ বৈরাগ্যের পক্কতা জন্মিলে যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা ও ধ্যান দ্বারা সম্প্রজ্ঞাত সমাধি লাভ হয়। এবং তল্লাভে পরমেশ্বরপ্রসাদ হয়। তাহা হইলে, দুঃখপরিহার ও সুখপ্রাপ্তি হয়। অহিংসা, সত্য, অস্তেয়, ব্রহ্মচর্য্য ও অপরিগ্রহ, এই পাঁচটিকে যম কহে। শৌচ, সন্তোষ, তপঃ, স্বাধ্যায় ও ঈশ্বরপ্রণিধানের নাম নিয়ম। যোগাভ্যাসকালীন স্বস্তিকপদ্মাদি অঙ্গসংস্থান বিশেষের নাম আসন। এবং রেচন-পূরণ-কুম্ভনরূপ বায়ুসংযমন কার্য্যবিশেষের নাম প্রাণায়াম। বিষয় সকল হইতে ইন্দ্রিয়গণের বিয়োজনরূপ কার্য্যবিশেষের নাম প্রত্যাহার। নাভিচক্র ও নাসাগ্রাদিতে নির্ব্বিষয় চিত্তের স্থিরীকরণের নাম ধারণা। যাহাতে বিষয়ান্তরের স্ফূর্ত্তি হয়, সেই চিত্ত দ্বারা যে সমাধি লাভ হয়, তাহার নাম সম্প্রজ্ঞাত সমাধি এবং প্রমাণ, বিপর্য্যয়, সঙ্কল্প, নিদ্রা ও স্মৃতি, এই পঞ্চবিধ চিত্তবৃত্তির নিরোধ হইলে, যে সমাধি লাভ হয়, তাহারই নাম অসম্প্রজ্ঞাত সমাধি। অসম্প্রজ্ঞাত সমাধি লাভ হইলেই জীবের দুঃখনিবৃত্তি ও আনন্দাবাপ্তি হয়। এই মতে সাঙ্খ্যের ন্যায় কেবল প্রকৃতি-পুরুষের বিবেকেই মুক্তি স্বীকৃত হয় না, পরন্তু মুক্তিলাভে ঐ বিবেকের পরও সমাধির নিমিত্ত যোগাভ্যাসের প্রয়োজন। এই দর্শনে পদার্থনির্ণয়াংশে সাঙ্খ্যদর্শনের সহিত ঐকমত্য থাকিলেও ইহাতে ঈশ্বরসত্তা প্রতিপাদিত হইয়াছে বলিয়াই ইহার নাম নিরীশ্বর সাঙ্খ্যদর্শন না হইয়া সেশ্বর সাঙ্খ্যদর্শন হইয়াছে। এবং ইহাতে যোগের বিষয় সবিস্তারে আলোচিত হইয়াছে বলিয়াই ইহাকে যোগদর্শনও বলা যায়।

চিত্তবৃত্তির নিরোধের নামই যোগ। নিরোধ শব্দের অর্থ সংযম; অর্থাৎ চিত্তের বৃত্তি সকল নিয়ত যে সকল বিষয়ে আসক্ত হইতেছে, তাহাদিগকে সেই সকল বিষয় হইতে আকর্ষণ পূর্ব্বক বিষয়ান্তরে সংযত বা নির্দ্দিষ্ট করার নামই চিত্তবৃত্তির নিরোধ। ঐ নিরোধ দ্বিবিধ;—প্রথম, বিভূতি লাভের নিমিত্ত কোন একটি বিষয়কে অবলম্বন করিয়া তাহারই বারংবার চিন্তা দ্বারা চিত্তের বিষয়ান্তর হইতে বিনিবর্ত্তন; এবং দ্বিতীয়, মুক্তি লাভের জন্য ধ্যেয়

বস্তুতে সংস্থাপিত চিত্তকে তন্মাত্রের নিয়ত ধ্যান দ্বারা বিষয়সুখ হইতে বিনিবর্ত্তন। যোগবলে অণিমাদি যে সকল ঐশ্বর্য্য লাভ হয়, তাহারই নাম বিভূতি। জীবাত্মা ও পরমাত্মার একতার নাম মুক্তি। ঐ পরমাত্মা, আকাশ যেরূপ নিরতিশয় বৃহত্ত্বের আশ্রয়, পরমাণু যেরূপ নিরতিশয় ক্ষুদ্রত্বের আশ্রয়, তদ্রূপ নিরতিশয় জ্ঞান ও সুখের আশ্রয়। জীবের বুদ্ধিবৃত্তি রজোগুণ ও তমোগুণ দ্বারা কলুষিত থাকে বলিয়া তাঁহার দৃক্শক্তি পরিচ্ছিন্ন। পরিচ্ছিন্ন-দৃক্-শক্তি-সমন্বিত জীবের সর্ব্বগোচর জ্ঞানের অসম্ভাবনা প্রযুক্ত জীব পরমাত্মপদ-বাচ্য হইতে পারে না। পরমেশ্বর ক্লেশকর্ম্মাদিরহিত, জগন্নির্ম্মাণার্থ স্বেচ্ছানুসারে শরীর ধারণ পূর্ব্বক সংসারপ্রবর্ত্তক, সংসারানল-সন্তপ্যমান ব্যক্তি-গণের অনুগ্রাহক, অসীম-করুণা-নিধান এবং অন্তর্য্যামিরূপে সদা সর্ব্বত্র দেদীপ্যমান। যথানিয়মে যোগানুষ্ঠান করিলেই তিনি জীবের অবিদ্যার উন্মূলনে প্রকৃতি-পুরুষ-সংযোগ-জন্য সংসারের বিনাশ সাধন পূর্ব্বক তাঁহাকে অভীষ্ট ফল প্রদান করেন এবং সাক্ষাৎ প্রত্যক্ষ হয়েন।

ন্যায়দর্শন-কর্ত্তা গৌতমের মতে, প্রমাণাদি ষোড়শ পদার্থের উদ্দেশ-লক্ষণ-পরীক্ষা দ্বারা আত্মা, শরীর, ইন্দ্রিয়, ইন্দ্রিয়ার্থ, বুদ্ধি, মন, প্রবৃত্তি, দোষ, প্রেত্যভাব, ফল, দুঃখ, ও অপবর্গ, এই দ্বাদশবিধ প্রমেয়ের জ্ঞান লাভের অনন্তর শ্রবণ, মনন ও নিদিধ্যাসন দ্বারা আত্মদ্বয়-সাক্ষাৎকার হয়। তন্মধ্যে মনন অনুমানাধীন, অনুমান ব্যাপ্তিজ্ঞানাধীন ও ব্যাপ্তিজ্ঞান পদার্থতত্ত্ব-জ্ঞানসাপেক্ষ। পরমাত্মা ও জীবাত্মার সাক্ষাৎকারের অনন্তর বাসনার সহিত মিথ্যাজ্ঞানের নিবৃত্তি হয়। তদনন্তর তৎকার্য্যভূত সপ্রবৃত্তি ধর্ম্মাধর্ম্মরূপ অদৃষ্টের নিবৃত্তি হয়। অবশেষে পূর্ব্বার্জ্জিত দেহারম্ভক কার্য্যের কায়ব্যূহ দ্বারা ভোগে ক্ষয় হইলে, দেহান্তরের অনুৎপত্তি প্রযুক্ত বাধাদায়ক শরীর, ষড়িন্দ্রিয়, ষড়্‌বিষয়, ষড়্‌বুদ্ধি, সুখ ও দুঃখ, এই একবিংশতি প্রকার দুঃখের আত্যন্তিকী নিবৃত্তি হয়। এই দুঃখনিবৃত্তিই মুক্তি।

বৈশেষিকদর্শনকার কণাদের মতে, আত্মা বিভু ও দেহেন্দ্রিয়াদি হইতে পৃথক্ এবং বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, ধর্ম্মাধর্ম্মরূপ অদৃষ্ট ও ভাবনাখ্য সংস্কার, এই নববিধ গুণের আশ্রয়। দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায়, এই

সপ্তপদার্থান্তর্গত ষট্ পদার্থের সাধর্ম্ম্য-বৈধর্ম্ম্য দ্বারা পূর্ব্বোক্ত আত্মার তত্ত্বজ্ঞান লাভ হয়। পরে উপাসনা দ্বারা তৎসাক্ষাৎকার লাভ হইলে, উক্ত বৈশেষিক প্রাগভাবের সহিত সমস্ত বৃত্তিরও ধ্বংস হয়; অর্থাৎ বৃত্তিসকলের পুনরুৎপত্তির সম্ভাবনা পর্য্যন্তও বিনষ্ট হয়। ঐরূপ বৃত্তিনাশই আত্যন্তিক দুঃখনিবৃত্তি বা মুক্তি।

"পূর্ব্বমীমাংসা-দর্শনকার জৈমিনির মতে ঈশ্বরার্চ্চনরূপ বৈদিক কর্ম্ম অর্থাৎ পুণ্যাদৃষ্ট দ্বারা দুরদৃষ্টের ক্ষয় ও স্বর্গাদিপ্রাপ্তি বা মুক্তি লাভ হয়।

সার কথা, এই সংসারে দুঃখপরিহার ও সুখপ্রাপ্তির জন্যই লোকের প্রবৃত্তি দেখা যায়। ঐ সুখলাভ ও দুঃখহানিও আবার উপায় ব্যতিরেকে সিদ্ধ হয় না। এই কারণে সারাসারবিচারজ্ঞ কপিলাদি মহর্ষিগণ প্রথমত অসঙ্গতবোধে পূর্ব্বপক্ষ স্বরূপে ঈশ্বর ও পরলোকে বিশ্বাসশূন্য চার্ব্বাকদর্শন, বৌদ্ধদর্শন এবং তদনুগত জৈনদর্শন বা আর্হতদর্শনাদির মত সকল খণ্ডন করত তদ্বিষয়ে স্বস্ববুদ্ধিবিপরিণাম অনুসারে ভিন্ন ভিন্ন উপায় সকল কীর্ত্তন করিয়া গিয়াছেন। ঐ সকল উপায় আত্যন্তিক দুঃখপরিহার ও সুখলাভে অঙ্গীকার্য্য নহে। কারণ, ঐ সকল ঋষির প্রদর্শিত মুক্তি ও তাহার উপায় প্রকৃত মুক্তি ও প্রকৃত উপায় নহে। ফলত ইহাই প্রমাণ করিবার জন্য পরিশেষে সর্ব্বদর্শনশিরোমণিস্বরূপ বেদান্ত বা উত্তরমীমাংসাদর্শনের আবির্ভাব হইয়াছে। ভগবান বাদরায়ণ এই দর্শনের রচয়িতা। তিনি স্বতঃসিদ্ধ প্রমাণ অপৌরুষের বেদশাস্ত্রের অনুগুণ তর্কযুক্তি দ্বারা সেই সেই মতের নিরাকরণ পূর্ব্বক তদুপায়াবধারণে যে স্বমত সংস্থাপন করিয়াছেন, তাহা অতি বিশুদ্ধ। এই দর্শনের মতে সর্ব্বেশ্বরাখ্য পুরুষোত্তমের স্বরূপের ও গুণের স্বজ্ঞানপূর্ব্বক পরিজ্ঞান হইলেই আত্যন্তিক দুঃখহানি ও সুখলাভ হইয়া থাকে।

"শ্রোতব্যঃ শ্রুতিবাক্যেভ্যো মন্তব্যশ্চোপপত্তিভিঃ।
মত্বা চ সততং ধ্যেয় এতে দর্শনহেতবঃ॥
যং ন পশ্যন্তি যোগীন্দ্রাঃ সাঙ্খ্যা অপি মহেশ্বরম্।
অনাদিনিধনং ব্রহ্ম তমেব শরণং ব্রজ॥"

কূর্ম্মপুরাণম্।

"এতে ভিন্নদৃশাং দৈত্য বিকল্পাঃ কথিতা ময়া।
কৃত্বাভ্যুপগমং তত্র সঙ্ক্ষেপঃ শ্রূয়তাং মম ॥
শৃণু দেবি প্রবক্ষ্যামি তামসানি যথাক্রমম্।
যেষাং শ্রবণমাত্রেণ পাতিত্যং জ্ঞানিনামপি ॥
প্রথমং হি ময়ৈবোক্তং শৈবং পাশুপতাদিকম্।
মচ্ছক্ত্যাবেশিতৈর্বিপ্রৈঃ সংপ্রোক্তানি ততঃ পরম্ ॥
কণাদেন তু সংপ্রোক্তং শাস্ত্রং বৈশেষিকং মহৎ।
গৌতমেন তথা ন্যায়ং সাঙ্খ্যন্তু কপিলেন বৈ ॥
দ্বিজন্মনা জৈমিনিনা পূর্ব্বং বেদমথার্থতঃ ॥
নিরীশ্বরেণ বাদেন কৃতং শাস্ত্রং মহত্তরম্।
ধিষণেন তথা প্রোক্তং চার্ব্বাকমতিগর্হিতম্ ॥
দৈত্যানাং নাশনার্থায় বিষ্ণুনা বুদ্ধরূপিণা।
বৌদ্ধশাস্ত্রমসৎ প্রোক্তং নগ্ননীলপটাদিকম্ ॥
মায়াবাদমসচ্ছাস্ত্রং প্রচ্ছন্নং বৌদ্ধমেব চ।
ময়ৈব কথিতং দেবি কলৌ ব্রাহ্মণরূপিণা ॥
অপার্থং শ্রুতিবাক্যানাং দর্শয়ঁল্লোকগর্হিতম্।
কর্ম্মস্বরূপত্যাজ্যত্বমত্র চ প্রতিপাদ্যতে ॥
সর্ব্বকর্ম্মপরিভ্রংশান্নৈষ্কর্ম্ম্যং তত্র চোচ্যতে।
পরাত্মজীবয়োরৈক্যং ময়াত্র প্রতিপাদ্যতে ॥
ব্রহ্মণোঽস্য পরং রূপং নির্গুণং দর্শিতং ময়া।
সর্ব্বস্য জগতোঽপ্যস্য নাশনার্থং কলৌ যুগে ॥
বেদার্থবন্মহাশাস্ত্রং মায়াবাদমবৈদিকম্।
ময়ৈব কথিতং দেবি জগতাং নাশকারণাৎ ॥"

বিষ্ণুপুরাণম্।

বেদান্তদর্শন মহর্ষি বেদব্যাসের কৃত। এই দর্শন সকল দর্শন অপেক্ষা উৎকৃষ্ট ও সর্ব্বত্র সমাদৃত। বেদের শেষভাগ অর্থাৎ উপনিষদ্ অবলম্বনে রচিত হইয়াছে বলিয়া ইহাকে বেদান্তদর্শন বা উত্তরমীমাংসা বলা হয়। এই দর্শনে

ব্রহ্মবস্তু নিরূপিত হইয়াছে বলিয়া ইহা ব্রহ্মমীমাংসা বা ব্রহ্মসূত্র নামেও অভিহিত হইয়া থাকে। অন্যান্য দর্শনের ন্যায় এই দর্শনও অতি সঙ্ক্ষিপ্ত কতকগুলি সূত্র দ্বারা গ্রথিত। ঐ স্বল্পাক্ষর সূত্রসকলের তাৎপর্য্যাববোধের নিমিত্ত অনেকগুলি প্রাচীন পণ্ডিত উহার ব্যাখ্যাস্বরূপ ভাষ্য রচনা করিয়া গিয়াছেন। ঐ সকল ভাষ্য প্রধানত দুইভাগে বিভক্ত:—অদ্বৈতভাষ্য ও দ্বৈতভাষ্য। যে সকল ভাষ্যে ব্রহ্ম হইতে জীবের ব্যবহারিক ভেদের নিত্যতা স্বীকার করা হয় নাই, তাঁহাদিগকে অদ্বৈত ভাষ্য এবং যে সকল ভাষ্যে ঐরূপ ভেদের নিত্যতা স্বীকার করা হইয়াছে, তাহাদিগকেই দ্বৈতভাষ্য বলে। অদ্বৈত ভাষ্যের মধ্যে শাঙ্করভাষ্যই প্রধান। ঐ ভাষ্য খানি ভগবান শঙ্করাচার্য্য কর্তৃক বিরচিত হইয়াছে। এবং দ্বৈতভাষ্যের মধ্যে রামানুজ, মধ্বাচার্য্য, বিষ্ণুস্বামী ও নিম্বাদিত্য, এই চারি সম্প্রদায়ের চারি খানি ভাষ্যই প্রসিদ্ধ। ভগবান বেদব্যাস স্বয়ংও নিজকৃত দর্শনশাস্ত্রের তাৎপর্য্যাবগতির নিমিত্ত ঈশ্বরানুমোদিতভাবে সমাধিলব্ধ শ্রীমদ্ভাগবত মহাপুরাণকেই উহার ভাষ্যরূপে প্রচার করেন। ফলত সেই নিমিত্তই ভগবান শ্রীকৃষ্ণচৈতন্যদেব বেদান্তদর্শনের ভাষ্যান্তরের প্রয়োজন বোধ না করিয়া এবং মধ্বাচার্য্যের ভাষ্যকেই অপেক্ষাকৃত শ্রীমদ্ভাগবতের অনুগত দেখিয়া উহার স্বতন্ত্র ভাষ্য প্রকাশ করিলেন না, বা করাইলেনও না। কথিত আছে, তিনি একখানি স্বতন্ত্র দর্শন প্রণয়ন করিয়াছিলেন; কিন্তু তাৎকালিক দার্শনিকপ্রবর রঘুনাথ শিরোমণির স্বার্থপ্রণোদিত অনুরোধের বশবর্ত্তী হইয়া উহা জনসমাজে প্রচার করেন নাই। সে যাহা হউক, তাঁহার তিরোভাবের কিছুকাল পরে বৈষ্ণবসম্প্রদায়ের প্রধান আচার্য্য মহানুভাব শ্রীমদ্বলদেববিদ্যাভূষণ মহাশয় বৈষ্ণবসম্প্রদায়ের বিচারকার্য্যের সৌকর্য্যার্থ শ্রীকৃষ্ণচৈতন্যদেবের পার্ষদ গোস্বামিপাদগণের মতানুসারে গোবিন্দভাষ্য নামে এই ভাষ্যগ্রন্থ প্রচার করেন। এই ভাষ্যখানি সাধারণে প্রচলিত না থাকায় ইহা দুষ্প্রাপ্য বলিলেও অত্যুক্তি হয় না। আমরা এই প্রস্তাবে অদ্বৈতভাষ্যের মধ্যে শাঙ্করভাষ্য ও দ্বৈতভাষ্যের মধ্যে শেষোক্ত ভাষ্য খানিরই আলোচনা করিব। তদ্দ্বারাই দ্বৈত ও অদ্বৈত, উভয়বিধ মতই বিশেষরূপে অবগত হইতে পারা যাইবে।

বিশেষত আমাদিগের দেশে যতগুলি অদ্বৈত ভাষ্য প্রচলিত আছে—সকল গুলিই শাঙ্কর ভাষ্যের অনুগত বলিয়া এবং গোবিন্দভাষ্য নামক এই দ্বৈত ভাষ্যখানি ভগবান কৃষ্ণদ্বৈপায়ন প্রচারিত শ্রীমদ্ভাগবতরূপ সিদ্ধান্ত ভাষ্যের অনুগত বলিয়া বেদান্তদর্শন আলোচনার নিমিত্ত ভাষ্যান্তরের সাহায্য গ্রহণের বিশেষ কোন আবশ্যকতা দৃষ্ট হয় না।

বেদান্তসূত্র সকল চারিটি অধ্যায়ে বিভক্ত। প্রত্যেক অধ্যায়ে আবার চারি চারিটি করিয়া পাদ আছে। অধ্যায় চতুষ্টয়ের নাম যথাক্রমে সমন্বয়াধ্যায়, বিরোধপরিহারাধ্যায়, সাধনাধ্যায় ও ফলাধ্যায়। তন্মধ্যে প্রথম অধ্যায়ের প্রথম পাদে ব্রহ্মের জগৎকর্তৃত্বাদি, দ্বিতীয় ও তৃতীয় পাদে অস্ফুটার্থ শ্রুতি সকলের ব্রহ্মপরত্বাদি এবং চতুর্থে সাঙ্খ্যমত-প্রসিদ্ধ প্রধানের জগৎকর্তৃত্ব-বোধক প্রমাণাভাসের সমন্বয়াদি উক্ত হইয়াছে। দ্বিতীয় অধ্যায়ের প্রথম পাদে অদ্বৈতমতবিরুদ্ধ শ্রুতি ও স্মৃতির সমন্বয়াদি, দ্বিতীয়ে যুক্তি ও শ্রুতি দ্বারা সাঙ্খ্যাদি দর্শনের মতের নিরাকরণ, তৃতীয়ে সৃষ্টিক্রমনিরূপণ প্রসঙ্গে আকাশের নিত্যত্ব খণ্ডন ও জন্যত্ব সংস্থাপন, এবং চতুর্থে প্রাণের নিত্যত্ববোধক শ্রুতির সমন্বয় পূর্ব্বক জন্যত্ব সংস্থাপন করা হইয়াছে। তৃতীয় অধ্যায়ের প্রথম পাদে পঞ্চাগ্নিবিদ্যানুসারে জীবের সংসারগতিক্রমাদি, দ্বিতীয়ে জগতের অবস্থাভেদাদি, তৃতীয়ে বেদান্তপ্রতিপাদ্য ব্রহ্মবিচারাদি এবং চতুর্থে বেদান্তসিদ্ধ তত্ত্বজ্ঞান ও পুরুষার্থ সাধন প্রভৃতি নিরূপণ করা হইয়াছে। চতুর্থ অধ্যায়ের প্রথম পাদে সাধন বিষয়ক বিচারাদি, দ্বিতীয়ে বাগাদির প্রয়াণ নিরূপণাদি, তৃতীয়ে অর্চ্চিরাদিমার্গ নিরূপণাদি এবং চতুর্থে মুক্ত ও মুচ্যমান ব্যক্তির প্রাপ্তি প্রকরণাদি বিবৃত হইয়াছে। এবং স্থানে স্থানে প্রসঙ্গক্রমে অপরাপর বিষয়ও প্রদর্শিত হইয়াছে।

শাঙ্করভাষ্যের মতে :—

একমাত্র ব্রহ্মই সত্য বস্তু, তদ্ভিন্ন গুণাদি প্রকৃতির গুণপরিণাম সকলই মিথ্যা। মায়ামোহিত ব্রহ্মই জীব এবং উক্ত মায়ার অপগমে ব্রহ্মজ্ঞান লাভ হইলেই জীবের মুক্তি। উপযুক্ত অধিকারী ভিন্ন উক্ত ব্রহ্মজ্ঞান লাভ করিতে পারেন না। যিনি অধিকারী না হইয়াই ব্রহ্মজ্ঞান লাভ করিতে চেষ্টা করেন, তিনি

কেবল জ্ঞানকাণ্ডের চর্চ্চার জন্য নরকে পতিত হয়েন। এই ব্রহ্মজ্ঞানে অধিকারী হওয়াও সহজ নহে। যিনি অধ্যয়নবিধি অনুসারে বেদ ও বেদান্ত সকল অধ্যয়ন পূর্ব্বক বেদার্থ এক প্রকার হৃদয়ঙ্গম করিয়াছেন এবং যিনি তদনন্তর ইহ জন্মেই হউক বা জন্মান্তরেই হউক স্বর্গাদিজনক যজ্ঞ, দান বা জপাদি কাম্য কর্ম্ম ও নরকাদিজনক ব্রহ্মহত্যাদি নিষিদ্ধ কর্ম্ম পরিবর্জ্জন পূর্ব্বক ব্রহ্মযজ্ঞ, পিতৃযজ্ঞ, দেবযজ্ঞ, ভূতযজ্ঞ, নৃযজ্ঞ ও সন্ধ্যাবন্দনাদি নিত্যকর্ম্ম, জাতেষ্টি প্রভৃতি নৈমিত্তিক কর্ম্ম, পার্ব্বণ-শ্রাদ্ধাদি নিত্য-নৈমিত্তিক কর্ম্ম, প্রায়শ্চিত্ত ও সগুণ-ব্রহ্ম-বিষয়ক মানসব্যাপাররূপ উপাসনাদির অনুষ্ঠান দ্বারা নির্ম্মলচিত্ত হইয়া পরিশেষে শমদমাদি সাধনচতুষ্টয়ের সাহায্যে অভ্রান্ত হইবেন, তিনিই ব্রহ্মজ্ঞানের অধিকারী। কারণ, তাঁহারই ইচ্ছা আশু ফলবতী হয়; অন্যের ব্রহ্মজ্ঞান লাভের অভিলাষ কেবল উপহাসাস্পদ হইবার নিমিত্তই বলিতে হইবে।

নিত্যানিত্য-বস্তু-বিবেক, ইহামুত্র-ফলভোগ-বিরাগ, শমদমাদি-সাধনসম্পৎ ও মুমুক্ষুত্ব এই চারিটির সাধারণ নামই সাধনচতুষ্টয়। তন্মধ্যে কোন্ বস্তু নিত্য ও কোন্ বস্তু অনিত্য, অর্থাৎ একমাত্র ব্রহ্ম বস্তুই নিত্য, তদন্য সকলই অনিত্য, এইরূপ বিবেচনার নামই নিত্যানিত্য-বস্তু-বিবেক। ঐহিক স্রক্-চন্দন-বনিতাদি ও পারলৌকিক স্বর্গাদি বিষয়ভোগে বিতৃষ্ণার নামই ইহামুত্র-ফলভোগ-বিরাগ। শম, দম, উপরতি, তিতিক্ষা, সমাধান ও শ্রদ্ধা, এই ছয়টির নাম শমদমাদি সাধনসম্পৎ। তন্মধ্যে ব্রহ্ম-ব্যতিরিক্ত বিষয়ের শ্রবণাদি হইতে মনের নিগ্রহের নাম শম। বাহ্য ইন্দ্রিয়কে তাদৃশ শ্রবণাদি বিষয় হইতে নিবৃত্ত করার নাম দম, বিহিত কর্ম্ম সকলের বিধিপূর্ব্বক পরিত্যাগের নাম উপরতি, শীতোষ্ণাদি-দ্বন্দ্ব-সহিষ্ণুতার নাম তিতিক্ষা। এই প্রকারে ইন্দ্রিয়াদির নিগ্রহের অনন্তর ব্রহ্ম ও তদুপযোগী বিষয়ে মনোনিবেশের নাম সমাধান। গুরু ও বেদান্ত বাক্যে বিশ্বাসের নাম শ্রদ্ধা। মোক্ষেচ্ছার নামই মুমুক্ষুত্ব।

উক্ত প্রকারে ব্রহ্মজ্ঞানে অধিকার জন্মিলে, জ্ঞানকাণ্ডের আলোচনা করিতে করিতেই জীব অচিরেই ব্রহ্মভাব-প্রাপ্তিরূপ মোক্ষ লাভ করিতে পারেন।

ব্রহ্ম সৎ অর্থাৎ সত্যস্বরূপ, চিৎ অর্থাৎ চৈতন্যপদ-বাচ্য জ্ঞানস্বরূপ এবং পরম আনন্দস্বরূপ। ব্রহ্ম অখণ্ড অর্থাৎ অপরিচ্ছিন্ন, অদ্বিতীয় এবং নির্ধর্ম্মক, অর্থাৎ ব্রহ্মে জ্ঞান বা সুখাদি কোন ধর্ম্মই নাই। জ্ঞান একমাত্র; উহা নানা নহে। ঘটাদি জ্ঞান হইতে পটাদি জ্ঞানের এবং মদীয় জ্ঞান হইতে অন্যদীয় জ্ঞানের পার্থক্য দর্শনে জ্ঞানকে নানা বলা যাইতে পারে না; কারণ, বিষয়স্বরূপ উপাধির নানাত্ব হেতু জ্ঞানের নানাত্ব প্রতীতি ভ্রান্তিমাত্র। একই বস্তু জলাদি নানা বস্তুতে প্রতিবিম্বিত হইয়া নানা প্রতিবিম্ব উৎপাদন করিলেও যেমন বস্তুর নানাত্ব হয় না, তদ্রূপ বুদ্ধিরূপ উপাধির নানাত্ব দ্বারা জ্ঞানের ভ্রান্ত নানাত্ব জানিতে হইবে; উহা বাস্তবিক নহে। একই রাজা যেরূপ ভিন্ন ভিন্ন দেশের রাজসিংহাসনে অধিরূঢ় হইয়া ভিন্ন ভিন্ন দেশের রাজা বলিয়া অভিহিত হইতে পারেন, তদ্রূপ একই জ্ঞান ভিন্ন ভিন্ন ব্যক্তির অন্তঃকরণ দ্বারা প্রকাশিত হইয়া বিভিন্ন আখ্যায় আখ্যাত হইতে পারে। বিশেষত যে বস্তুর বাস্তবিক ভেদ থাকে, তাহার উপাধির পরিত্যাগেও ভেদব্যবহার হইয়া থাকে; কিন্তু জ্ঞানের যখন উপাধির পরিত্যাগেও ভেদ-ব্যবহার দৃষ্ট হয় না, তখন জ্ঞানকে একই বলিয়াই স্বীকার করিতে হয়। যখন ঘটজ্ঞানও জ্ঞান এবং পটজ্ঞানও জ্ঞান, তখন জ্ঞানকে ভিন্ন বলিতে পারা যায় না। ঐ জ্ঞানের আবার নামান্তর চৈতন্য এবং ঐ চৈতন্যই আত্মার স্বরূপ; সুতরাং জীবাত্মা সকলও পরস্পর ভিন্ন নহে, এবং জীবাত্মার সহিত পরমাত্মারও ভেদ নাই, বলিতে হইবে। ঐ জীব-ব্রহ্মের ঐক্য 'তত্ত্বমসি' প্রভৃতি শ্রুতি দ্বারাও প্রতিপাদিত হইয়াছে।

আত্মার জন্ম, স্থিতি, পরিণাম, বৃদ্ধি, অপক্ষয় ও বিনাশরূপ ষড়্‌বিধ বিকারের কোন বিকারই নাই। আত্মা সদা সর্ব্বত্র দেদীপ্যমান; আত্মা নিরতিশয় স্নেহের অদ্বিতীয় পাত্র। পুত্রবিত্তাদিতে স্নেহ আত্মপ্রীতি-নিমিত্তক, কিন্তু অন্যস্নেহ-নিমিত্তক আত্মপ্রীতি নহে। অজ্ঞানস্বরূপ অবিদ্যার প্রতি-বন্ধকতা বশত আত্মার আনন্দরূপতা প্রতীত হইয়াও অপ্রতীত, অর্থাৎ তাহার বিশেষ প্রতীতি নাই, যাহা আছে, তাহাও সামান্য প্রতীতি মাত্র; সুতরাং অপ্রতীতি নিবন্ধন আত্মার প্রতি স্নেহের অসম্ভাবনাশঙ্কা

ও প্রতীতি নিবন্ধন বিষয়ের প্রতি আসক্তির অসম্ভাবনাশঙ্কাও নিরস্ত হইতেছে।

পরব্রহ্মের প্রতিবিম্বযুক্ত সত্ত্ব, রজ ও তম, এই ত্রিগুণাত্মক এবং সৎ বা অসৎ রূপে নির্ণয়ের অযোগ্য পদার্থ বিশেষের নাম অজ্ঞান। ঐ অজ্ঞানকে জগতের কারণনিবন্ধন প্রকৃতিও বলা যায়। অজ্ঞানের আবরণ ও বিক্ষেপ নামে শক্তিদ্বয় উক্ত হয়। অজ্ঞান যে শক্তি দ্বারা স্বয়ং পরিচ্ছিন্ন হইয়াও অপরিচ্ছিন্ন আত্মাকে বুদ্ধিবৃত্তির আচ্ছাদন দ্বারা আচ্ছাদিতের ন্যায় প্রকাশ করেন, তাহারই নাম আবরণ শক্তি। আর অজ্ঞান যে শক্তিরূপ উপাদান কারণ দ্বারা লিঙ্গাদি ব্রহ্মাণ্ড পর্য্যন্ত জগৎ সৃষ্টি করেন, তাহারই নাম বিক্ষেপ শক্তি। ঐ অজ্ঞান স্বরূপত এক হইয়াও অবস্থা ভেদে দ্বিবিধ হইয়া থাকে। যথা, মায়া ও অবিদ্যা। বিশুদ্ধ অর্থাৎ রজ বা তম গুণ দ্বারা অনভিভূত সত্ত্বগুণপ্রধান অজ্ঞানের নাম মায়া; এবং মলিন অর্থাৎ রজ ও তম গুণ দ্বারা অভিভূত সত্ত্বগুণপ্রধান অজ্ঞানের নাম অবিদ্যা। এই মায়াতে প্রতিবিম্বিত ব্রহ্মের নাম ঈশ্বর। ঈশ্বর মায়াকে স্বায়ত্ত রাখিয়া জগতের সৃষ্টি করেন বলিয়া সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান, সর্ব্বনিয়ন্তা ও সর্ব্বান্তর্য্যামী ঈশ্বর বলিয়া অভিহিত হয়েন। অবিদ্যাতে প্রতিবিম্বিত ব্রহ্মের নামই জীব। জীব মায়ার অধীন বলিয়া অল্পজ্ঞত্বাদি ধর্ম্মবিশিষ্টরূপে উক্ত হয়েন। অবিদ্যা নানা, সুতরাং তৎপ্রতিবিম্বিত জীবও (ইহা সকল অদ্বৈতবাদীর মতে নহে; কারণ, কেহ কেহ জীবের একত্বও সংস্থাপন করেন) নানারূপে অভিহিত হয়েন। মায়া ও অবিদ্যাই যথাক্রমে ঈশ্বর ও জীবের আনন্দময় কোষ ও কারণশরীর। কারণ-শরীরাভিমানী ঈশ্বর ও জীব যথাক্রমে সর্ব্বজ্ঞ ও প্রাজ্ঞ পদবাচ্য হয়েন। পরমেশ্বর জীবের উপভোগের নিমিত্ত জীবগণের পূর্ব্বকৃত সুকৃত ও দুষ্কৃত অনুসারে অপরিমিত-শক্তি মায়া দ্বারা নামরূপাত্মক নিখিল প্রপঞ্চকে প্রথমত বুদ্ধিতে কল্পনা করিয়া 'এইরূপ করাই কর্ত্তব্য,' এই প্রকার সঙ্কল্প করেন। পরে সেই মায়াবিশিষ্ট পরামাত্মা হইতে আকাশ, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে তেজ, তেজ হইতে জল, জল হইতে পৃথিবী উৎপন্ন হয়। এই আকাশাদি পৃথিব্যন্ত পাঁচটি পদার্থকে পঞ্চ সূক্ষ্মভূত, অপঞ্চীকৃত ভূত বা পঞ্চতন্মাত্রও বলে। 'কারণগুণ কার্য্যে

সংক্রান্ত হয়,' এই ন্যায় অনুসারে অজ্ঞানরূপ কারণের সত্ত্বাদি গুণত্রয় আকাশাদিতেও সংক্রমণ করে; কিন্তু ঐ সকল পদার্থে জাড্যের আতিশয্য প্রযুক্ত তমোগুণেরই প্রাধান্য লক্ষিত হইয়া থাকে।

উল্লিখিত ভূতপঞ্চকের এক একটির সত্ত্বাংশ হইতে ক্রমশ পঞ্চ জ্ঞানেন্দ্রিয় উৎপন্ন হয়; অর্থাৎ আকাশের সত্ত্বাংশ হইতে শ্রোত্র, বায়ুর সত্ত্বাংশ হইতে ত্বক, তেজের সত্ত্বাংশ হইতে চক্ষু, জলের সত্ত্বাংশ হইতে রসনা এবং পৃথিবীর সত্ত্বাংশ হইতে ঘ্রাণেন্দ্রিয়ের উৎপত্তি হয়। আর পঞ্চভূতের মিলিত সত্ত্বাংশ হইতে অন্তঃকরণের উৎপত্তি হয়। ঐ অন্তঃকরণ বৃত্তিভেদে বহুবিধ :—মন, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত। নিশ্চয়াত্মক বৃত্তির উদয়ে অন্তঃকরণের নাম বুদ্ধি, সঙ্কল্পবিকল্পাত্মক বৃত্তির উদয়ে উহার নাম মন, অভিমানাত্মক বৃত্তির উদয়ে উহার নাম অহঙ্কার এবং অনুসন্ধানাত্মক বৃত্তির উদয়ে উহার নাম চিত্ত হয়। উক্ত জ্ঞানেন্দ্রিয়পঞ্চক, বুদ্ধি, মন, অহঙ্কার ও চিত্তের অধিষ্ঠাত্রী দেবতা যথাক্রমে দিক, চন্দ্র, বায়ু, সূর্য্য, বরুণ, অগ্নি, চতুর্ম্মুখ, শঙ্কর ও অচ্যুত। জ্ঞানেন্দ্রিয় সকল তত্তদ্দেবতা কর্ত্তৃক অধিষ্ঠিত হইয়া যথাক্রমে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ প্রভৃতি বিষয়ের উপলম্ভক অর্থাৎ প্রকাশক হয়। পূর্ব্বোক্ত ভূত সকলের রজোগুণাংশ হইতে যথাক্রমে বাক, পাণি, পাদ, পায়ু ও উপস্থরূপ পঞ্চ কর্ম্মেন্দ্রিয় উৎপন্ন হয়। উহাদের অধিষ্ঠাত্রী দেবতা যথাক্রমে বহ্নি, ইন্দ্র, উপেন্দ্র, মৃত্যু ও প্রজাপতি। কর্ম্মেন্দ্রিয় সকল তত্তদ্দেবতা কর্ত্তৃক অধিষ্ঠিত হইয়া যথাক্রমে বচন, আদান, গমন, বিসর্গ ও আনন্দ সম্পাদন করিয়া থাকে। উক্ত কর্ম্মেন্দ্রিয়পঞ্চকের সমুদিত রজোগুণাংশ হইতে প্রাণের উৎপত্তি। ঐ প্রাণও একই হইলেও বৃত্তিভেদে প্রাণ, অপান, উদান, সমান ও ব্যান এই পাঁচটি আখ্যায় আখ্যাত হইয়া থাকে। নাসাগ্রস্থানবর্ত্তী প্রাগ্‌গমনবান অর্থাৎ শ্বাসপ্রশ্বাসাত্মক বায়ুর নাম প্রাণবায়ু। অবাগ্‌গমনবান অর্থাৎ অধোগামী বায়ুর নাম অপানবায়ু। শরীরস্থ ভুক্তান্নাদি-পরিপাক-সাধন বায়ুর নাম সমানবায়ু। কণ্ঠদেশবর্ত্তী ঊর্দ্ধগমনশীল বায়ুর নাম উদানবায়ু। সমস্তশরীরসঞ্চারী বায়ুর নাম ব্যানবায়ু। বুদ্ধি-সমন্বিত জ্ঞানেন্দ্রিয়-পঞ্চকের নাম বিজ্ঞানময় কোষ। মনের সহিত কর্ম্মেন্দ্রিয়পঞ্চকের নাম মনোময় কোষ। প্রাণের সহিত

কর্ম্মেন্দ্রিয়পঞ্চকের নাম প্রাণময় কোষ। এই কোষত্রয়ের মধ্যে বিজ্ঞানময় কোষ জ্ঞানশক্তিমান ও কর্ত্তৃত্বশক্তিমান ; মনোময় কোষ ইচ্ছাশক্তিশীল ও করণস্বরূপ এবং প্রাণময় কোষ ক্রিয়াশক্তিশালী ও কার্য্যস্বরূপ। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ প্রাণ, বুদ্ধি ও মন এই সপ্তদশ পদার্থের সম্মিলনে সূক্ষ্ম শরীরের উৎপত্তি। ঐ সূক্ষ্ম শরীরেরই নামান্তর লিঙ্গশরীর ; উহাই ইহলোক-পরলোক গামী ও মুক্তি পর্য্যন্ত স্থায়ী। এক একটি লিঙ্গ শরীরের অভিমানী জীবের নাম তৈজস এবং নিখিল লিঙ্গশরীরের অভিমানী জীবের নাম হিরণ্যগর্ভ।

ঈশ্বর, জীবের উপভোগের সাধন স্থূল বিষয় সকলের সম্পাদনার্থ পূর্ব্বোক্ত পঞ্চ সূক্ষ্ম ভূতকে মিশ্রিত করেন। ঐ মিশ্রণের নামই পঞ্চীকরণ। আকাশাদি পঞ্চভূতের প্রত্যেককে প্রথমত সমান দুই দুই অংশে বিভাগ করিয়া পরে প্রত্যেক ভূতের এক এক অর্দ্ধাংশকে আবার সম চারি অংশে বিভাগ পূর্ব্বক পূর্ব্বকৃত আকাশের অর্দ্ধাংশের সহিত শেষকৃত বায়াদির প্রত্যেকের এক-অষ্টাংশ যোগ করিলে স্থূল আকাশ এবং বায়ুর অর্দ্ধাংশের সহিত আকাশাদির অষ্টাংশ-যোগ করিলে স্থূল বায়ু প্রভৃতি উৎপন্ন হইয়া থাকে। ফলত এই পঞ্চীকৃত পঞ্চ ভূতই পঞ্চভূত বলিয়া গণ্য হইয়া থাকে। এই স্থূল ভূত হইতেই শব্দাদি গুণ সকলের অভিব্যক্তি হয়। সূক্ষ্ম ভূতেরও গুণ আছে বটে, কিন্তু উহা অতি সূক্ষ্ম বলিয়া অব্যক্ত। পঞ্চ ভূতের পঞ্চীকরণের ন্যায় আকাশ, বায়ু ও তেজ, বা তেজ, জল ও পৃথিবী, এই তিনটি ভূতের ত্রিবৃৎ করণ হইতে উৎপন্ন স্থূল ভূত সকলই লোক সকলের উপাদান। লোক চতুর্দ্দশসংখ্যক। ভূর্লোক, ভুবর্লোক, স্বর্লোক, মহর্লোক, জনলোক, তপোলোক ও সত্যলোক, এই সাতটি উপর্য্যুপরি বর্ত্তমান ঊর্দ্ধতন লোক এবং অতল, বিতল, সুতল, রসাতল, তলাতল, মহাতল ও পাতাল, এই সাতটি অধঃ-অধ বর্ত্তমান অধস্তন লোক। তন্মধ্যে অবীচি অর্থাৎ নিম্নতন স্থান হইতে মেরুপৃষ্ঠ পর্য্যন্ত ভূলোক অর্থাৎ পৃথিবীলোক। পৃথিবী হইতে ঊর্দ্ধে ধ্রুব পর্য্যন্ত গ্রহনক্ষত্রাদি-বিভূষিত দৃষ্টিগোচর অবকাশময় স্থানের নাম ভুবর্লোক অর্থাৎ অন্তরীক্ষলোক। তদূর্দ্ধে মহেন্দ্রলোক বা স্বর্গ-লোক, তদূর্দ্ধে মহর্লোক, মহর্লোকের ঊর্দ্ধে জনলোক, তদূর্দ্ধে তপোলোক ও তদূর্দ্ধে সত্যলোক অবস্থিত। শেষোক্ত পাঁচটি লোকের সাধারণ নাম

স্বর্লোক বা স্বর্গলোক। তন্মধ্যে জনলোকাদি লোকত্রয় আবার প্রজাপতি-লোক বা ব্রহ্মলোক এই আখ্যাতেও আখ্যাত হইয়া থাকে। পূর্ব্বোক্ত অবীচি অর্থাৎ নরকস্থান পৃথিবীরই অন্তর্গত। ঐ অবীচি নিম্নতম নরকেরই নামান্তর। উহার উপরিভাগে উর্দ্ধোর্দ্ধভাবে মৃত্তিকাস্থান, জলস্থান, অগ্নি-স্থান, বায়ুস্থান, আকাশস্থান প্রভৃতি নামে আরও ছয়টি নরক আছে। উহারাই শাস্ত্রে যথাক্রমে অম্বরীষ, রৌরব, মহারৌরব, কালসূত্র, তামিস্র ও অন্ধতামিস্র নামে অভিহিত হইয়া থাকে। মহাতলাদি সপ্ত পাতাললোক আবার ঐ সকল নরকেরই নিম্নভাগে ক্রমান্বয়ে উর্দ্ধ-উর্দ্ধে অবস্থিত। এই সকল লোকও দৃশ্য পৃথিবীমণ্ডলেরই অন্তর্গত। পাতালের পরই পৃথিবীলোক। সমস্ত লোকই জীবগণের আবাসভূমি। জীবগণ স্ব স্ব কর্ম্মানুসারে ভিন্ন ভিন্ন লোক প্রাপ্ত হয়েন। তন্মধ্যে পৃথিবী কর্ম্মভূমি; স্বর্গ ও পাতাল ভোগভূমি; নরক সকল, দণ্ডভোগের স্থান। মনুষ্য জীবশ্রেণীর মধ্যবর্ত্তী। এই মনুষ্যজন্মে যিনি যেরূপ কর্ম্ম করেন, তিনি সেইরূপ লোকেই গমন করেন। সৎক্রিয়াবান মনুষ্য স্বর্গে এবং অসৎক্রিয়াবান মনুষ্য নরকে গমন করেন। স্বর্গগত জীব সঙ্কল্পসিদ্ধ হয়েন, অর্থাৎ সঙ্কল্প অনুসারেই কল্পান্তকাল পর্য্যন্ত সূক্ষ্ম শরীরে তাঁহাদের ভোগ হইয়া থাকে; তাঁহাদিগের ভোগের জন্য মনুষ্যের ন্যায় চেষ্টার প্রয়োজন হয় না। স্বর্লোকবাসী জীবের আবার মহর্লোকাদি লাভের সম্ভা-বনাও আছে। তাঁহারা যদি স্বর্লোকে থাকিয়া কেবল ভোগরত না হইয়া উহারই মধ্যে ঈশ্বরকে স্মরণ করিতে পারেন, তবেই তাঁহাদিগের উর্দ্ধগতি হইয়া থাকে। উর্দ্ধগতির প্রথম সোপানই মহর্লোক; মহর্লোকবাসী জীব সকলও স্বর্লোকবাসিগণের ন্যায় সূক্ষ্মশরীরধারী বটেন, কিন্তু তাঁহাদিগের ঐ শরীর তাঁহাদিগের ইচ্ছার বশবর্ত্তী এবং তাঁহারা সহস্রকল্পস্থায়ী। ইহাঁ-দিগেরও পূর্ব্ববৎ উর্দ্ধগতি হইতে পারে; ইহাঁরা উর্দ্ধগতিতে জনলোকে গমন করেন। জনলোকের জীব সকল দ্বিসহস্রকল্পস্থায়ী ও ইন্দ্রিয়বশী। জনলোক-বাসীরা তপোলোকে উর্দ্ধগতি লাভ করেন। তপলোকবাসিগণ মহাপ্রলয় পর্য্যন্ত স্থায়ী এবং ব্রহ্মার সদৃশ শক্তিসম্পন্ন। তদূর্দ্ধে সত্যলোক বা ব্রহ্মধাম। ব্রহ্মধাম মুক্তগণের আবাসস্থান। শাস্ত্রোক্ত সাধারণ পিতৃগণ ভুবর্লোকে বাস

করেন; স্বর্গলোকবাসী বসু প্রভৃতি দেবতাগণ বা পিতৃগণ তাঁহাদিগের আরাধ্য।, মরীচি প্রভৃতি মহর্লোকবাসী পিতৃলোক সকল আবার স্বর্গলোকবাসীদিগের সেব্য। তাঁহারা আবার তাহাদিগের জনলোকবাসী পিতৃলোক সনকাদি ঋষি সকলের অর্চ্চনা করেন। সনকাদি ঋষিগণ আবার তপোলোকবাসী বৈরাজ পুরুষগণের আশ্রিত। বৈরাজ পুরুষ সকল সত্যলোবাসিগণের শরণাপন্ন। পিতৃগণ প্রধানত সাতভাগে বিভক্ত:—সুভাস্বর, বর্হিষদ, অগ্নিস্বাত্ত, ক্রব্যাদ, উপাহূত, আজ্যপ ও সুকালিন। প্রথমোক্ত তিন সম্প্রদায় স্থিরমূর্ত্তিবিহীন এবং শেষোক্ত চারি সম্প্রদায় তদ্‌বিশিষ্ট। প্রথম তিন সম্প্রদায় ভুবর্লোকবাসিগণের ও স্বর্লোকবাসিগণের পিতা এবং শেষ চারি সম্প্রদায় ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়ের পিতা।

পূর্ব্বোক্ত ত্রিবৃৎকৃত ভূত হইতেই পার্থিব স্থূল শরীরেরও উৎপত্তি। স্থূল শরীর আবার জরায়ুজ অণ্ডজ স্বেদজ ও উদ্ভিজ ভেদে চতুর্ব্বিধ। জরায়ু অর্থাৎ গর্ভবেষ্টন চর্ম্মস্থালীতে যে শরীরের উৎপত্তি, তাহারই নাম জরায়ুজ শরীর; ঐ শরীর মনুষ্য পশ্বাদির। অণ্ড অর্থাৎ ডিম্ব হইতে যে শরীরের উৎপত্তি, তাহার নাম অণ্ডজ শরীর; ঐ শরীর পক্ষী ও সর্পাদির। স্বেদ অর্থাৎ উষ্ম হইতে যে শরীরের উৎপত্তি, তাহার নাম স্বেদজ শরীর; ঐ শরীর মশক ও বৃশ্চিকাদির। এবং ঊর্দ্ধ ভেদ করিয়া যে শরীরের উৎপত্তি, তাহার নাম উদ্ভিদ শরীর; ঐ শরীর তরু ও লতাদির। তরু-লতাদিরও চৈতন্ম আছে এবং পুণ্যপাপের ভোগ হয় বলিয়া উহাদিগেরও শরীর স্বীকার করিতে হয়। বৃক্ষ-লতাদির চৈতন্ম থাকিলেও মনুষ্যাদির ন্যায় স্ফুট-চৈতন্য না থাকাতেই তাহার উপলব্ধি হয় না। স্থূল শরীরের সমষ্টির অভিমানীর নাম বৈশ্বানর এবং ব্যষ্টির অভিমানীর নাম বিশ্ব। এই স্থূল শরীরের অপর একটি নাম অন্নময়কোষ। জীব ঐ স্থূল শরীরের কান্তি ও পুষ্টির নিমিত্তই অন্নপানীয়াদি গ্রহণ করিয়া থাকেন। অন্ন উদরস্থ হইলে, তাহার স্থূলাংশ হইতে পুরীষ, মধ্যম অংশে মাংস এবং সূক্ষ্মাংশে মনের পুষ্টিকারক বস্তু উৎপন্ন হয়। পীত পানীয় বস্তুর স্থূলাংশে মূত্র, মধ্যমাংশে রক্ত ও সূক্ষ্মাংশে প্রাণের পুষ্টিকারক দ্রব্য উৎপন্ন হয়। ঐরূপ ঘৃতাদি স্নেহময় দ্রব্যের স্থূলাংশ হইতে

অস্থির, মধ্যমাংশ হইতে মজ্জার এবং সূক্ষ্মাংশ হইতে বাক্‌শক্তির পুষ্টি হইয়া থাকে।

যদিও বাস্তবিক ব্রহ্ম ভিন্ন আর সকল বস্তুই মিথ্যা, বিশ্ব রজ্জুতে সর্পাদির ন্যায় আরোপিত—কল্পিত, জীবাত্মাপরমাত্মা হইতে অভিন্ন, যদিও "দ্বৈতাদ্বৈ ভয়ম্" দ্বৈত অর্থাৎ জীব ও ব্রহ্মের ভেদজ্ঞান বা বিশ্বের সত্যত্বজ্ঞান ভয় বা অধর্ম্মের উৎপাদক, তথাপি অজ্ঞান বালকের ন্যায় অজ্ঞ জীবের জীবননাশক বিষতুল্য বিষয়কে বা বিশ্বসংসারকে আপাতত নিত্য ও সুখজনক বলিয়াই বোধ হইয়া থাকে, এবং উহার সত্যতার যৌক্তিকতা ও ঔচিত্যই অনুভূত হইয়া থাকে। ফলত শাস্ত্র ও বহুদর্শী ঋষিগণ এই কারণেই বিশ্বের সত্যত্ব স্বীকার করিয়াই উহার সৃষ্টিক্রমাদি প্রদর্শন করিয়া গিয়াছেন। বস্তুত জ্ঞানের অনুৎপত্তি পর্য্যন্তই বিশ্বের সত্যত্বভ্রম; জ্ঞানোদয়ে ঐ ভ্রম আপনা হইতেই তিরোহিত হইয়া যাইবে। এইরূপে জগতের সত্তা ও অসত্তা উভয়ই সঙ্গত হইতেছে। সৃষ্টির পূর্ব্বে উহা অসৎ ছিল, সৃষ্টি হইতেই সৎ হইয়াছে। যদিও এই প্রকারে সংসারের সাদিত্ব দৃষ্ট হইতেছে বটে, কিন্তু উৎপত্তি, প্রলয় ও পুনরুৎপত্তি বশত উহার অনাদিত্বও অসঙ্গত হইতেছে না। চক্রের যেরূপ আদি নাই, প্রবাহের যেরূপ আদি নাই, সংসারেরও তদ্রূপ আদি নাই, সুতরাং উহাকে অনাদি বলাতেও কোন দোষ হইতেছে না। মায়াবী যেরূপ ঐন্দ্রজালিক বস্তু সকল প্রকাশ পূর্ব্বক দর্শকবর্গের দর্শনোৎসুক্য নিবারণের পর পুনর্ব্বার উহার সংহার করেন, পরমেশ্বরও তদ্রূপ নিজ অচিন্ত্যশক্তি মায়া দ্বারা জগৎ সৃষ্টি করিয়া জীবের সুকৃত ও দুষ্কৃতের ফল প্রদানান্তে পরিশেষে জগতের প্রলয় করেন।

প্রলয় চতুর্ব্বিধ; নিত্য, প্রাকৃত, নৈমিত্তিক ও আত্যন্তিক। সুষুপ্তি কালে বাহ্যবস্তুর যে লয় হয়, তাহার নাম নিত্যপ্রলয়। ব্রহ্মার লয়ে প্রারব্ধ-ক্ষয়ে অর্থাৎ বিদেহকৈবল্যে ব্রহ্মাণ্ড পর্য্যন্তের যে প্রকৃতিতে লয় হয়, তাহার নাম প্রাকৃত প্রলয়। চতুর্যুগসহস্র-পরিমিত ব্রহ্মার রাত্রিকালে যে লোক-ত্রয়ের বিলয় হয়, তাহার নাম নৈমিত্তিক প্রলয়। এবং ব্রহ্মজ্ঞানে পরমমুক্তিতে যে লয় হয়, তাহারই নাম আত্যন্তিক প্রলয়। পূর্ব্বোক্ত প্রলয়ত্রয়ের পর

আবার সংসার উৎপন্ন হয়, কিন্তু আত্যন্তিক প্রলয়ের পর আর সংসার উৎপন্ন হয় না। যে ক্রমে সংসারের উৎপত্তি হয়, তাহারই ব্যুৎক্রমে প্রলয় হইয়া থাকে।

প্রত্যক্ষাদি প্রমাণদ্বারা বুদ্ধিমান ব্যক্তি ঐহিক ও পারত্রিক সুখসম্ভোগাদির অস্থিরত্বাদি দোষ দর্শন করিয়া পরমসুখস্বরূপ পরব্রহ্ম প্রাপ্তির নিমিত্ত তৎ-সাধনীভূত তত্ত্বজ্ঞান লাভে ইচ্ছুক হইয়া তাহার উপায়স্বরূপ শ্রবণ, মনন, নিদিধ্যাসন, ও সমাধির অনুষ্ঠানে প্রবৃত্ত হইবেন।

উপক্রমাদি ষড় বিধ লিঙ্গ দ্বারা সকল বেদান্তেরই ব্রহ্মপদার্থে তাৎপর্য্যাব-ধারণের নাম শ্রবণ। অদ্বিতীয় পরব্রহ্মের বেদান্তানুগুণ যুক্তি দ্বারা অনবরত চিন্তনের নাম মনন। দেহাদি-বিবিধ-বিষয়ক বুদ্ধিপরম্পরা পরিত্যাগ পূর্ব্বক একমাত্র অদ্বিতীয়-ব্রহ্ম-বিষয়ক বুদ্ধিধারার নাম নিদিধ্যাসন। এবং চিত্তের একাগ্রতার নাম সমাধি। ঐ সমাধি আবার সবিকল্পক ও নির্ব্বিকল্পক ভেদে দ্বি-বিধ। জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাতা, ইত্যাদি বিকল্পের বিলয়ে নিরপেক্ষ ও তৎসাপেক্ষ চিত্তের স্থিরতার নামই যথাক্রমে নির্ব্বিকল্পক ও সবিকল্পক সমাধি। নির্ব্বিকল্পক সমাধিতে চিত্ত নির্ব্বাত দেশস্থ দীপের শিখার ন্যায় নিশ্চল হয়। যমাদি অষ্টাঙ্গ যোগই উক্ত সমাধির সাধন।

জীব ব্রহ্মবস্তু হইতে স্বরূপত ভিন্ন না হইলেও আপাতত প্রতীয়মান ভেদজ্ঞানের নিরাসার্থ পূর্ব্বোক্ত উপায়ই জীবের একমাত্র অবলম্বনীয়।

এই বেদান্ত শাস্ত্রে বিষয়, সংশয়, পূর্ব্বপক্ষ, সিদ্ধান্ত ও সঙ্গতি, এই পঞ্চ ন্যায়াবয়ব স্বীকৃত হইয়াছে। অধিকরণ অর্থাৎ অধ্যায়ের অংশ বিশেষের নামই ন্যায়। বিচারযোগ্য বাক্যের নাম বিষয়। এক ধর্ম্মীতে বিরুদ্ধ নানার্থ-বিমর্শের নাম সংশয়। প্রতিকূল অর্থের নাম পূর্ব্বপক্ষ। প্রামাণিক রূপে অভ্যুপগত অর্থের নাম সিদ্ধান্ত। এবং পূর্ব্বোত্তর অর্থদ্বয়ের অবিরোধ অর্থাৎ একটি প্রস্তাবের পর যে কারণে পরবর্ত্তী প্রস্তাব আরব্ধ হয়, তাহারই প্রদর্শক অর্থের নাম সঙ্গতি। এই সঙ্গতি প্রধানত ছয়টি উক্ত হয়। যথা; প্রসঙ্গ, উপোদ্ঘাত, হেতুতা বা অপবাদ, অবসর, নির্ব্বাহক বা কার্য্যতা এবং এককার্য্যকারিত্ব বা এককার্য্যত্ব। উপেক্ষার অযোগ্য স্মৃত সঙ্গতির নাম প্রসঙ্গ।

প্রকৃতসাধক অর্থাৎ নির্দ্দিষ্ট বিষয়ের উপপাদক সঙ্গতির নাম উপোদ্‌ঘাত। কারণতা সঙ্গতির নাম হেতুতা। অনন্তর-বক্তব্য সঙ্গতির নাম অবসর। কারণতার নির্ব্বাহক কার্য্যতা সঙ্গতির নাম নির্ব্বাহক। এবং যে দুইটি প্রস্তাবের পরস্পর এককার্য্যকারিত্ব দৃষ্ট হয়, সেই প্রস্তাবদ্বয়ের যে সঙ্গতি তাহারই নাম এককার্য্যত্ব।

এই পর্য্যন্তই শাঙ্কর ভাষ্যের আলোচনা শেষ হইল। অতঃপর গোবিন্দ-ভাষ্যেরই সমালোচনা করা হইবে।

গোবিন্দভাষ্যে নয়টি প্রমেয় নির্ণীত হইয়াছে। নিম্নলিখিত শ্লোকটি হইতেই ঐগুলি সঙ্ক্ষেপে প্রাপ্ত হওয়া যায়। শ্লোকটি এই:—

"বেদান্তঃ প্রাহ কৃষ্ণং পরতমমখিলাম্নায়বেদ্যঞ্চ বিশ্বং
সত্যং ভেদঞ্চ জীবান্ হরিচরণজুষস্তারতম্যঞ্চ তেষাং।
মোক্ষং কৃষ্ণাঙ্‌ঘ্রিলাভং তদমলভজনং তস্য হেতুং প্রমাণং
প্রত্যক্ষাদিত্রয়ঞ্চেত্যুপদিশতি হরিঃ কৃষ্ণচৈতন্যচন্দ্রঃ॥"

১। শ্রীকৃষ্ণই একমাত্র পরতম বস্তু।

২। তিনি নিখিল-নিগম-বেদ্য।

৩। বিশ্ব সত্য।

৪। তদ্‌গত ভেদও সত্য।

৫। জীবমাত্রই শ্রীহরির দাস।

৬। জীবের সাধনগত তারতম্য অবশ্য স্বীকার্য্য।

৭। শ্রীকৃষ্ণের চরণলাভই মোক্ষ।

৮। নির্গুণ হরিভজনরূপ অপরোক্ষ জ্ঞান বা ভক্তিই মুক্তির হেতু।

৯। প্রত্যক্ষ, অনুমান ও শব্দ এই তিনটি প্রমাণ।

স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণই একমাত্র পরতম বস্তু। তিনি অদ্বিতীয়-তত্ত্ব। তিনি ভিন্ন আর যে কোন তত্ত্ব দৃষ্ট, শ্রুত বা অনুমিত হয়, সে সকলই তাঁহা হইতে অনতিরিক্ত; তিনি সর্ব্বতত্ত্বাত্মক। কি গুরুতত্ত্ব, কি ভক্ততত্ত্ব, কি অবতারতত্ত্ব, কি শক্তিতত্ত্ব, কি প্রকাশতত্ত্ব—সকলই তাঁহারই শক্তিভিন্ন আর কিছুই নহে। ব্রহ্ম বা পরমাত্মা, তাঁহারই প্রকাশবিশেষ বা অপর-

পর্য্যায়মাত্র। তাঁহার স্বয়ং ভগবত্তাই তাঁহার পরতমত্বের পরিচায়ক। ঐশ্বর্য্য-মাধুর্য্য-পূর্ণত্বই স্বয়ং ভগবত্ত্ব। ঐ ঐশ্বর্য্য অণিমাদিভেদে অষ্টবিধ। ঐশ্বর্য্যসত্ত্বে নরলীলার অনতিক্রমের নাম মাধুর্য্য। প্রকৃতি-জীব-কাল-কর্ম্মাত্মক-তত্ত্বচতুষ্টয়বিশিষ্ট পরিদৃশ্যমান বিশ্বসংসারের সৃষ্ট্যাদি কার্য্যে তাঁহার ঐশ্বর্য্যব্যক্তি এবং নরলীলার মধ্যে তাঁহার মাধুর্য্যের প্রকাশ।

গোপালতাপনী শ্রুতিতে বলিয়াছেন,

"তস্মাৎ কৃষ্ণ এব পরো দেবস্তং ধ্যায়েৎ তং রসেৎ তং ভজেৎ তং যজেদিতি॥"

স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণই পরম দেবতা, অতএব তাঁহারই চিন্তন করিবে, তাঁহারই নাম জপ করিবে এবং প্রেম সহকারে তাঁহারই উপাসনা করিবে।

শ্বেতাশ্বতর উপনিষদেও বলিয়াছেন,

"জ্ঞাত্বা দেবং সর্ব্বপাশাপহানিঃ
ক্ষীণৈঃ ক্লেশৈর্জন্মমৃত্যুপ্রহাণিঃ।
তস্যাভিধ্যানাৎ তৃতীয়ং দেহভেদে
বিশ্বৈশ্বর্য্যং কেবলমাপ্তকামঃ॥"

সদ্‌গুরুর নিকট ভগবত্তত্ত্ব অবগত হইলে, জীবের দেহ-দৈহিক-মমতাদি-পাশের বিনাশ ও পাশজন্য ক্লেশ সকলের সমূলে ক্ষয় হইয়া থাকে। অতঃপর জন্মমৃত্যুর হানি হয়। তদনন্তর উত্তরোত্তর তাঁহারই অভিধ্যান দ্বারা লিঙ্গ-শরীরের নাশ হইলে, শুদ্ধসত্ত্বময় অপ্রাকৃত ভাগবত পদ প্রাপ্তি ও মনোরথ পূর্ণ হয়।

"এতজ্জ্ঞেয়ং নিত্যমেবাত্মসংস্থং
নাতঃ পরং বেদিতব্যং হি কিঞ্চিৎ॥" ইতি চ॥

অতএব সেই একমাত্র পরতম বস্তুই জ্ঞাতব্য, তদতিরিক্ত বেদিতব্য বিষয় আর কিছুই নাই।

শ্রীমদ্‌ভগবদ্গীতাতেও উক্ত হইয়াছে,

"মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়॥" ইতি॥

হে ধনঞ্জয়, আমা হইতে পরতম বস্তু আর কিছুই নাই।

শ্রীকৃষ্ণের সর্ব্বতত্ত্বাত্মকত্বের প্রমাণ যথা,—

"পঞ্চতত্ত্বাত্মকং কৃষ্ণং ভক্তরূপস্বরূপকম্।
ভক্তাবতারং ভক্তাখ্যং নমামি ভক্তশক্তিকম্॥" ইতি॥
"বন্দে গুরূনীশভক্তানীশমীশাবতারকান্।
তৎপ্রকাশাংশ্চ তচ্ছক্তীঃ কৃষ্ণচৈতন্যসংজ্ঞকম্॥" ইতি চ॥

ভগবান শ্রীকৃষ্ণ গুরুতত্ত্ব, ভক্ততত্ত্ব, অবতারতত্ত্ব, প্রকাশতত্ত্ব ও শক্তিতত্ত্ব এই পঞ্চতত্ত্বস্বরূপ।

তন্মধ্যে গুরুতত্ত্ব দ্বিবিধ;—মন্ত্রদাতা গুরু ও শিক্ষাগুরু। শিক্ষাগুরু আবার দুই প্রকার; অন্তর্য্যামী ভগবান স্বয়ং মনুষ্যের অন্তরে থাকিয়া সদসৎ বুঝাইয়া দেন; তাঁহার নাম চৈত্যগুরু। এবং ভক্তশ্রেষ্ঠগণ উপদেশ ও আদর্শ দ্বারা মনুষ্যের মঙ্গলের পথ দেখাইয়া দেন।

ভক্ত দুই প্রকার;—পার্ষদগণ, অর্থাৎ প্রত্যক্ষ সাধন ব্যতিরেকে ঈশ্বর-কৃপায় স্বতঃসিদ্ধ; যথা, শুকদেবাদি। আর সাধনসিদ্ধ অর্থাৎ যাঁহারা তপস্যাদি প্রত্যক্ষ সাধন দ্বারা সিদ্ধি লাভ করিয়া থাকেন; যথা, নারদ-প্রহ্লাদাদি।

অবতার ত্রিবিধ;—অংশাবতার, গুণাবতার ও শক্ত্যাবেশাবতার। তন্মধ্যে অংশাবতার দ্বিবিধ;—পুরুষাবতার ও লীলাবতার। পুরুষাবতারগণ যথা, কারণার্ণবশায়ী, গর্ভোদকশায়ী ও ক্ষীরোদশায়ী নারায়ণ। লীলাবতারগণ যথা, মৎস্যকূর্ম্মাদি। গুণাবতার যথা, ব্রহ্মা-বিষ্ণু-শিবাদি। শক্ত্যাবেশাবতার যথা, সনক-সনাতন-পৃথু-ব্যাসাদি।

ভগবানের বিলাস সকলও অবতারমধ্যেই গণ্য হয়। তবে বিলাস প্রায় ভগবত্তুল্যশক্তিশালী ও অপরাপর অংশাবতার হইতে উৎকৃষ্ট। বিলাস যথা; ভগবানের বিলাস নারায়ণ এবং নারায়ণের বিলাস বাসুদেবাদি। তন্মধ্যে প্রথমোক্তটি প্রাভব-বিলাস এবং শেষোক্তটির নাম অংশ-বিলাস। প্রকাশ বিলাসের ন্যায় ভেদমধ্যে গণ্য হয় না। একই রূপ এককালে নানাস্থানে প্রকট হইলেই তাহাকে প্রকাশ বলা যায়। প্রকাশ স্বয়ংরূপ হইতে স্বরূপত অভিন্ন, তবে স্বয়ংরূপ অনন্যাপেক্ষী; কিন্তু প্রকাশ স্বয়ংরূপকে অপেক্ষা করিয়াই প্রকাশিত হয়। ভগবানের প্রকাশ যথা; রাসে ও মহিষী বিবাহাদিতে বহুরূপ।

ভগবানের শক্তি ত্রিবিধ ;—জীবশক্তি, মায়াশক্তি ও স্বরূপশক্তি। জীবশক্তি সমস্ত ব্রহ্মাণ্ডে অনন্তকোটি জীবমধ্যে প্রকাশিত। মায়াশক্তি বিশ্বের উপাদান ; তদ্দ্বারাই সমস্ত সৃষ্ট্যাদি কার্য্য সম্পন্ন হইয়াছে। স্বরূপশক্তি বা চিচ্ছক্তিও আবার তিন প্রকারে প্রকাশিত হয়; যথা, লক্ষ্মীগণ, মহিষীগণ ও কান্তাগণ।

শ্রীকৃষ্ণের ঐশ্বর্য্য-মাধুর্য্য-পূর্ণ ভগবত্তার প্রমাণ; যথা,—

"ঐশ্বর্য্যং বিশ্বকর্ম্মাদৌ মাধুর্য্যং নরকর্ম্মণি।
জ্ঞাতং যস্য স ভগবান্ কৃষ্ণঃ পরতমো মতঃ॥"

বিশ্বব্যাপারাদিতে যাঁহার ঐশ্বর্য্য পরিব্যক্ত হইতেছে এবং নরলীলায় যাঁহার মাধুর্য্য পরিব্যক্ত হইতেছে, সেই ভগবান শ্রীকৃষ্ণই পরমদেবতা।

প্রমেয়রত্নাবলীতেও উক্ত হইয়াছে,

"হেতুত্বাদ্বিভুচৈতন্যানন্দত্বাদিগুণাশ্রয়াৎ।
নিত্যলক্ষ্ম্যাদিমত্ত্বাচ্চ কৃষ্ণঃ পরতমো মতঃ॥"

কারণত্ব, বিভুচৈতন্যানন্দত্বাদিগুণাশ্রয়ত্ব এবং নিত্যলক্ষ্ম্যাদিবিশিষ্টত্ব প্রযুক্তই শ্রীকৃষ্ণের পরতমত্ব উক্ত হইয়া থাকে। অর্থাৎ যিনি স্বীয় পরাখ্যশক্তি দ্বারা বিশ্বের নিমিত্তকারণ, যিনি প্রধান ও ক্ষেত্রজ্ঞ শক্তি দ্বারা উহার উপাদান-কারণ এবং যিনি নিত্য ঐশ্বর্য-মাধুর্য্য দ্বারা পরিপূর্ণ, সেই ভগবান শ্রীকৃষ্ণই একমাত্র পরতম তত্ত্ব ; তিনি ভিন্ন আর কেহই পরতম হইতে পারেন না।

তন্মধ্যে শ্রীকৃষ্ণের সর্ব্বহেতুত্বের প্রমাণ যথা, শ্বেতাশ্বতর উপনিষদে,—

"একঃ স দেবো ভগবান্ বরেণ্যো
যোনিস্বভাবানধিতিষ্ঠত্যেকঃ॥" ইতি॥
"যশ্চ স্বভাবং পচতি বিশ্বযোনিঃ
পাচ্যাংশ্চ সর্ব্বান্ পরিণাময়েদ্ যঃ॥" ইতি চ॥

সর্ব্বোত্তম একমাত্র পূজ্য সেই ভগবান্ শ্রীকৃষ্ণ প্রধানাদি কারণতত্ত্ব সকলকে আপন স্বরূপ পরাখ্যশক্তি দ্বারা স্বয়ং সর্ব্বথা অস্পৃষ্ট থাকিয়াই স্ববশে স্থাপন করেন।

যিনি সেই সকল কারণতত্ত্বকে কার্য্যাবির্ভাবকতা বিষয়ে আভিমুখ্য প্রাপ্ত করান এবং তদাভিমুখ্যযোগ্য প্রধানাদি তত্ত্বকে পরিণামিত অর্থাৎ মহদাদি

অবস্থা প্রাপ্ত করান, সেই শ্রীকৃষ্ণই স্বীয় পরাখ্যশক্তি দ্বারা বিশ্বের নিমিত্তকারণ এবং ক্ষেত্রজ্ঞ ও মায়াশক্তি দ্বারা বিশ্বের উপাদানকারণ হয়েন।

কার্য্যমাত্রেরই কারণ আছে, এ কথা স্থির; কিন্তু কার্য্য কাহাকে বলে? আমরা মেঘকে বৃষ্টির কারণ বলি এবং বৃষ্টিকে মেঘের কার্য্য বলি। আমরা জানি মেঘ বাষ্পময়, ঐ বাষ্প শীতল হইয়া ক্রমে ঘনীভূত হইয়া আইসে; তৎপরে যখন বিদ্যুদ্‌বলে সেই বাষ্পের সহিত বায়বীয় অক্সিজন নামক বাষ্পবিশেষের রাসায়নিক মিলন সঙ্ঘটিত হয়, তখন তাহা বৃষ্টির আকার ধারণ করে, এবং সেই বৃষ্টি পার্থিব আকর্ষণে ভূতলে পতিত হয়। এই ঘটনাকে আমরা কার্য্য বলি। সূক্ষ্মরূপে বিচার করিতে গেলে ইহাই প্রতীত হয় যে, যতক্ষণ এই ব্যাপার ঘটিতেছে, ততক্ষণই আমরা এই ব্যাপারকে কার্য্য বলিতেছি। আবার উক্ত কার্য্যের কারণ, হাইড্রোজেন এবং অক্সিজেন নামক বাষ্পদ্বয়, বিদ্যুৎ ও আকর্ষণশক্তি। ঘটনাই যখন কার্য্য হইল, এবং ঐ ঘটনাও যখন বাষ্পাদি বস্তুনিচয়ের পরিণাম ভিন্ন আর কিছুই নহে, তখন কারণের পরিণামই কার্য্য। এইরূপে কারণপদার্থের পরিণামই যদি কার্য্য হইল, তবে উহাকে কারণেরই অবস্থান্তর ভিন্ন আর কিছুই বলিতে পারা যায় না। কারণই অবস্থান্তরে কার্য্যরূপ প্রাপ্ত হইলেও, উহা অনাগমাপায়ি অতএব নিত্য; অর্থাৎ যে কারণ হইতে যে কার্য্যের উৎপত্তি হইতেছে, সেই কার্য্যের উৎপত্তিতেও যখন কারণবস্তু স্বতন্ত্রভাবে কারণরূপেই অবস্থান করিতেছে, তখন কার্য্য আগমাপায়ি ও অনিত্য হইলেও কারণ বস্তু অনাগমাপায়ি, অতএব নিত্য; এবং কার্য্যান্তর বা অবস্থান্তর যখন অপরিহার্য্য (অর্থাৎ অবস্থান্তরের নামান্তরই যখন কার্য্য) তখন ঐ কার্য্যভূত বস্তু আগমাপায়ি অতএব অনিত্য। আবার কার্য্য যখন কারণেরই অবস্থান্তর মাত্র, উহার যখন স্বতন্ত্র অস্তিত্ব নাই; তখন কারণবস্তুর অবস্থাভেদে ধর্ম্মদ্বয় স্বীকার করিতে হয়। কারণাবস্থার ধর্ম্ম নিত্যত্ব এবং কার্য্যাবস্থার ধর্ম্ম অনিত্যত্ব। বারির বিশ্লেষণে যখন বাষ্পকেই প্রাপ্ত হওয়া যাইতেছে, রাসায়নিক সংযোগ-বিয়োগে যখন বাষ্পের বাষ্পত্ব অপনীত হইতেছে না, তখন বাষ্পত্বরূপ ধর্ম্মের নিত্যত্ব অবশ্য স্বীকার্য্যই হইতেছে। এইরূপ কারণের যদি নিত্যত্ব হইল, তাহা হইলে, তাহার আর

কারণান্তর অনুসন্ধান করিতে হইল না; সুতরাং জড়পদার্থেরও আদিকারণত্ব সিদ্ধ হইল। জড়পদার্থ প্রলয়দশায় যত কেন সূক্ষ্ম অবস্থা প্রাপ্ত হউক না, জড়শক্তির নিত্যত্ব ও আদিকারণত্ব কখনই অস্বীকার্য্য হইতে পারিবে না। এরূপ হইলেও একমাত্র জড়শক্তিকেই বিশ্বের অমূল-মূল বলিতে পারা যায় না। কারণ, জড়শক্তির ন্যায় চিৎ-শক্তিরও নিত্যত্ব ও আদিকারণত্ব অবশ্য স্বীকার্য্য। পরিদৃশ্যমান বিশ্বসংসার কেবল জড়ময় নহে; বিশ্বের মধ্যে মোহের ন্যায় সুখ ও দুঃখের পূর্ণ প্রকাশ প্রতিপদেই পরিলক্ষিত হইতেছে। সুখ ও দুঃখ জড়ের কার্য্য নহে; উহা জড়ের অদ্ভুত সংযোগের ফল নহে। কারণ, জড় বস্তুতে সুখ ও দুঃখের কোন আভাসই প্রাপ্ত হওয়া যায় না। সুখ ও দুঃখ জড়ের কারণাবস্থার পরবর্ত্তী নহে; উহার সমসাময়িক। উপাদান-প্রত্যক্ষ দ্বারা যদিও জড়ের প্রবৃত্তির প্রতি কারণতা দৃষ্ট হয়, কিন্তু জড় তদ্বিষয়ে অদ্বিতীয় কারণ নহে; উপাদানপ্রত্যক্ষের ন্যায় ইষ্টসাধনতাজ্ঞানও উহার অপর কারণ। এইরূপ নিবৃত্তির প্রতি অনিষ্টসাধনতাজ্ঞানেরও কারণতা দৃষ্ট হইয়া থাকে। অতএব জড়ের কার্য্যসাধনের প্রাক্কালে সুখ ও দুঃখের অবস্থান অপরিহরণীয়। এই প্রকারে জড়শক্তি ও চিৎ-শক্তি উভয়েরই কারণত্ব ও নিত্যত্ব সিদ্ধান্তিত হইতেছে। উভয়েই অনাগমাপায়িনী ও নিত্যা। ঐ চিচ্ছক্তি জড়শক্তির অধীনও নহে। যদিও কোন কোন কার্য্যে চিচ্ছক্তিকে জড়শক্তির অধীন বলিয়াই প্রতীতি হয়, কিন্তু জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এবং যোগজ অবস্থার পর্য্যালোচনা করিয়া দেখিলে ঐ ভ্রম সহজেই বিদূরিত হইতে পারে। বস্তুত চিচ্ছক্তি ও জড়শক্তি লইয়াই সংসার। উভয়েই অনাগমাপায়িনী ও পরস্পর-পৃথক্-ভাবাপন্না। কার্য্যমাত্রেই তদুভয়ের অন্বয়-ব্যতিরেক দৃষ্ট হয়। জড় ব্যতিরেকেও কার্য্য হয় না এবং চিচ্ছক্তি ব্যতিরেকেও কার্য্য হয় না। উভয়ের অস্তিত্ব ও পূর্ব্ববর্ত্তিতাই কার্য্যের প্রতি কারণ। কার্য্যকারণভাব জড় ও শক্তিরূপ শৃঙ্খলেই আবদ্ধ। উহাদের কেহই কাহারও কারণ নহে এবং কেহ কাহারও অধীন নহে। উভয়েই উভয়ের প্রমাপক—উভয়েই পরস্পরের অস্তিত্ব দ্বারা পরস্পরের স্বতন্ত্র অস্তিত্ব ব্যক্ত করিতেছে। এইরূপে শক্তিদ্বয়ের পরস্পরানধীনত্ব নিত্যত্ব ও কারণত্ব প্রমাণিত হইলেও উহাদেয় কোনটিরই

স্বাধীনত্ব সংস্থাপিত হইতে পারে না; কারণ, উহারা উভয়েই আশ্রয়ের অধীন এবং আশ্রয়ের নিত্যতাতেই উহাদের নিত্যতা। নিরাশ্রয় শক্তি আকাশকুসুমতুল্য।

ঐ শক্তির আশ্রয়ই আত্মা। আত্মাই তত্ত্ব; আত্মাই বস্তু। আত্মাতিরিক্ত নিখিল পদার্থই আত্মারই শক্তিপ্রকাশমাত্র। কি ক্ষিত্যাদি ভূতগ্রাম, কি চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়বর্গ, কি ইন্দ্রাদি দেবতাগণ, কি রূপাদি গুণ সকল, কি ক্রিয়াসমূহ, কি ধর্ম্মনিকর—সকলই ঐ আত্মারই শক্তির পরিণাম ভিন্ন আর কিছুই নহে। আত্মা নিখিল পদার্থের উৎপাদক ও নিখিল শক্তির আশ্রয়। আত্মা উৎপন্ন বা আশ্রিত তত্ত্ব নহেন; আত্মা স্বতঃসিদ্ধ ও স্বাশ্রয়। আত্মশব্দের ব্যুৎপত্তিলভ্য অর্থ হইতে অণুচৈতন্য স্বরূপ দেহব্যাপক জীবাত্মা ও বিভুচৈতন্যস্বরূপ সর্ব্বাশ্রয়, সর্ব্বব্যাপক, মুক্ত ব্যক্তির লব্ধব্য বা উপাস্য পরমাত্মার বোধ হয়। ঐ পরমাত্মাই নিখিল সংসারের আদিকারণ। শক্তির আদিকারণত্ব থাকিলেও আত্মার পরিচালনা ভিন্ন উহা কোন ক্রমেই সঙ্গত হয় না। শক্তি সকল কার্য্যের প্রাক্কালে আত্মা কর্ত্তৃক বিক্ষোভিত হইয়াই কার্য্যে প্রবৃত্ত হয়। অতএব তাদৃশ বিক্ষোভকারক আত্মাই প্রকৃত আদিকারণ এবং শক্তি সকল উহার সহকারিণী মাত্র। পরমাত্মা স্বকীয় জড়শক্তি দ্বারা বিশ্বের উপাদানকারণ এবং চিচ্ছক্তি দ্বারা নিমিত্তকারণ হয়েন। জীবাত্মা ও পরমাত্মা উভয়েই শক্তির অধীশ্বর, আশ্রয় ও প্রবর্ত্তক হইলেও খণ্ডশক্তির আশ্রয়ভূত জীবাত্মা বিশ্বব্যাপিনী শক্তির অধিনায়ক পরমাত্মার সম্পূর্ণ অধীন। কারণ, জীবাত্মা পরমাত্মার অংশমাত্র। জীবের স্বকীয় শক্তির উপর আধিপত্য থাকিলেও বিশ্বশক্তির উপর আধিপত্যের অভাববশত তদ্দ্বারা জগদ্ব্যাপারাদি বিভুকার্য্য নির্ব্বাহ হইতে পারে না। বিশ্বব্যাপিনী শক্তিরই নামান্তর প্রকৃতি; উহা ত্রিগুণের সাম্যাবস্থা।

বিভুত্ব ও চৈতন্যাদিগুণাশ্রয়ত্ব যথা কঠোপনিষদে—

"মহান্তং বিভুমাত্মানং মত্বা ধীরো ন শোচতি ॥" ইতি ॥

মহান অর্থাৎ পূজ্য ও বিভু আত্মার উপাসনা করিলে আর শোকগ্রস্ত হইতে হয় না। এই স্থলে আত্মশব্দ দ্বারা তাঁহার বিজ্ঞানসুখরূপত্বই বোধিত

হইতেছে। কারণ, আত্মশব্দের অর্থ ব্যাপক হইলেও মুক্তগম্যত্ব অর্থ দ্বারা বিজ্ঞানসুখরূপত্বই সিদ্ধ হইতেছে।

বাজসনেয়িগণ স্পষ্টই বলিয়াছেন,—

"বিজ্ঞানমানন্দং ব্রহ্ম রাতির্দাতুঃ পরায়ণম্॥" ইতি

বিজ্ঞানন্দস্বরূপ ব্রহ্মই যজমান অর্থাৎ উপাসককে তাঁহার উপাসনার অনুরূপ ফল প্রদান করিয়া থাকেন।

গোপালোপনিষদেও বলিয়াছেন,—

"তমেকং গোবিন্দং সচ্চিদানন্দবিগ্রহম্॥"

সচ্চিদানন্দস্বরূপ একমাত্র গোবিন্দকেই জানিতে হইবে।

এই সকল শ্রুতি দ্বারা চিদানন্দ বস্তুর মূর্ত্তিমত্ত্বও অবশ্য স্বীকার্য্য হইতেছে। যেরূপ ভৈরবাদি রাগের মূর্ত্তিমত্ত্ব গান্ধর্ব্ববাসিত শ্রবণেন্দ্রিয়েই প্রতীত হয়, ভক্তিভাবিতচিত্তেও তদ্রূপ চিদানন্দ বস্তুর স্বরূপ মূর্ত্তির স্ফূর্ত্তি হইয়া থাকে। বিশেষত শ্রুতিতে বিজ্ঞানঘন প্রভৃতি উক্তিতে ঘনশব্দের প্রয়োগ করিয়া তাঁহার বিগ্রহবত্ত্ব প্রমাণ করিয়াছেন। এইরূপে চিদানন্দ বস্তুর মূর্ত্তিমত্ত্ব নির্দ্ধারণে ভগবদ্বিগ্রহে দেহদেহিভেদও নিরস্ত হইয়াছে। মূর্ত্তিমদ্বস্তুর বিভুত্বও অসঙ্গত নহে। কারণ, মাণ্ডুক্যে বলিয়াছেন,—

"বৃক্ষ ইব স্তব্ধো দিবি তিষ্ঠত্যেক-
স্তেনেদং পূর্ণং পুরুষেণ সর্ব্বম্॥" ইতি

একমাত্র সেই হরিই বৃক্ষের ন্যায় সকলের নমস্য হইয়া পরব্যোমে অধিষ্ঠিত আছেন। কিন্তু সেই পুরুষ কর্তৃক নিখিল জগৎ ব্যাপ্ত আছে। বিশেষত অসংখ্য ভক্তের মানসে এককালে বহুরূপে প্রতিষ্ঠিত হয়েন বলিয়াই, উহা তাঁহার নিত্য ধর্ম্মই বলিতে হইবে।

শ্রীমদ্ভাগবতেও বলিয়াছেন,—

"ন চান্তর্ন বহির্যস্য ন পূর্ব্বং নাপি চাপরম্।
গোপিকোলূখলে দাম্না ববন্ধ প্রাকৃতং যথা॥"

যাঁহার অন্তর বাহির ও পূর্ব্বাপর রূপ পরিচ্ছেদ নাই, কিন্তু যিনি জগতের পূর্ব্বাপর ও অন্তর্বহির্দ্দেশে বর্ত্তমান, যাঁহার শক্তি জগদ্ব্যাপিনী, তাঁহাকেই

মা যশোদা প্রাকৃত বালকের ন্যায় বন্ধন করিলেন, এইরূপ বলাতেই তাঁহার বিজ্ঞানঘনত্ব ও বিভুত্বসত্ত্বেও মূর্ত্তিমত্ত্ব স্পষ্টই প্রতিপাদিত হইতেছে।

শ্রীমদ্ভগবদ্গীতাতেও উক্ত হইয়াছে,—

"ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্তমূর্ত্তিনা।
মৎস্থানি সর্ব্বভূতানি ময়ি তে চ ন তেম্বহং॥" ইতি॥

প্রত্যগ্‌বিগ্রহ মৎকর্ত্তৃক এই জগৎ ব্যাপ্ত; আমিই ভূতগণের আশ্রয়, কিন্তু আমি তাহাদিগের আশ্রিত নহি। উহারা মৎকর্ত্তৃক ধৃত হইয়াও কলসে জলের ন্যায় ধৃত নহে; অর্থাৎ আমি সঙ্কল্পমাত্রই উহাদিগকে ধারণ করিয়া আছি; অতএব উহারা মদুপাধিসম্বন্ধ স্থাপনে সমর্থ নহে; যেহেতু আমি ঈশ্বর; ইহাই আমার যোগমহিমা বা অচিন্ত্য শক্তির প্রভাব।

পূর্ব্বোক্ত আদিশব্দ দ্বারা যে সর্ব্বজ্ঞত্বাদি সঙ্কেতিত হইয়াছে, এক্ষণে তাহাদেরই প্রমাণ যথাক্রমে প্রদর্শিত হইতেছে। সর্ব্বজ্ঞত্ব যথা মুণ্ডকে,—

"যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ॥" ইতি॥

যিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্বসম্পন্ন।

আনন্দিত্ব যথা তৈত্তিরীয়কে,—

"আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চন॥" ইতি॥

ব্রহ্মানন্দ অনুভূত হইলে, কালকর্ম্মাদিকৃত সকল ভয়ই নিবারণ হয়।

প্রভুত্ব, সুহৃত্ত্ব, জ্ঞানদত্ব ও মোচকত্ব যথা শ্বেতাশ্বতরে,—

"সর্ব্বস্য প্রভুমীশানং সর্ব্বস্য শরণং সুহৃৎ॥" ইতি॥

"সংসারবন্ধস্থিতিমোক্ষহেতুঃ॥" ইতি চ॥

যিনি সকলের প্রভু, নিয়ন্তা, রক্ষক ও একমাত্র হিতকারী সুহৃৎ; যাঁহার সেবা করিলে, তদীয় নিজ ধর্ম্মভূতা সনাতনী প্রজ্ঞা জীবে আবির্ভূত হয়; এবং যিনি সংসারবন্ধন মোচনের হেতু।

বিভুত্বাদি লোকবিস্মাপন গৌরবজ্ঞানোদ্ভূত ঐশ্বর্য্যের ন্যায় প্রেমস্ফুরিত লোকাকর্ষক মাধুর্য্যগুণশালিত্ব যথা গোপালোপনিষদে,—

"সৎপুণ্ডরীকনয়নং মেঘাভং বৈদ্যুতাম্বরম্।
দ্বিভুজং মৌনমুদ্রাঢ্যং বনমালিনমীশ্বরম্॥" ইতি॥

বিকসিত-পুণ্ডরীক-নয়ন নবীন-নীরদ-সমকান্তি বিদ্যুল্লতা-সদৃশ-পীতবসন-পরিহিত বনমালা-বিরাজিত-গলদেশ ও মৌনমুদ্রাযুক্ত দ্বিভুজ মনুষ্যাকার ভগবানই সমস্ত লীলার প্রকাশক। ভগবানের ভগবত্তার অন্তর্ব্বর্ত্তী ঐশ্বর্য্য ও মাধুর্য্য কেহ কাহারও বিরোধ উৎপাদন করে না। স্তনপান দ্বারা পুতনার প্রাণহরণ, কোমলপাদপ্রহারে কঠিনতর শকট ভঞ্জন, সপ্তমবর্ষ বয়সে গোবর্দ্ধন ধারণ প্রভৃতি কার্য্যে মনুষ্যভাবেই পরমেশ্বরসাধ্য কার্য্য সকল সম্পাদিত হইয়াছে এবং তত্তৎকালেই আবার দধিপয়স্তেয় ও ব্রজস্ত্রীজন-লোলুপত্বাদি মানবকার্য্যও সম্পাদিত হইয়াছে। এইরূপ জনক-জননীর নিকট চতুর্ভুজমূর্ত্তির প্রকাশাদি এবং অর্জ্জুনাদি ভক্তের নিকট বিশ্বরূপ-প্রকাশনাদি কার্য্যে নরলীলার অপেক্ষা না করিয়াই পারমৈশ্বর্য্যও প্রকাশিত হইয়াছে।

ভগবানের মূর্ত্তত্বাদি ধর্ম্মও ধর্ম্মী ভগবান হইতে ভিন্ন নহে; যেহেতু "এবং ধর্ম্মান্ পৃথক্ পশ্যংস্তানেবানুবিধাবতি" প্রভৃতি শ্রুতিতে তাদৃশ ভেদ নিষিদ্ধই হইয়াছে। আবার তিনি ঐ সকল ধর্ম্ম হইতে অভিন্নও নহেন। কারণ, অভেদত্ব স্বীকারে তাঁহার নৈর্গুণ্যাপত্তি হয়। বস্তুত স্বরূপত ভেদ না থাকিলেও স্ববৃত্তি-বিশেষ-বলে অচিন্ত্য ভেদজ্ঞান হইয়া থাকে। যেরূপ কাল সর্ব্বদা আছে, সত্তা আছে, ইত্যাদি প্রয়োগে কালের কালাশ্রয়ত্ব ও সত্তার সত্তাশ্রয়ত্বাদি ভেদাভাবেও ভিন্ন ভাবের প্রতীতি হইয়া থাকে, তদ্রূপ ঈশ্বরের বিভুত্বাদি ধর্ম্ম, তাঁহা হইতে ভিন্ন না হইলেও ভেদভানের প্রতীতি হইয়া থাকে। বিশেষই ঐ ভেদভানের হেতু। উহার অস্বীকারে ভিন্নবাচ্য-বাচক সত্যাদিশব্দেরও একবাচ্যবাচকতারূপ পর্য্যায়তার আপত্তি হয়। ঐ বিশেষ বা ভেদক ধর্ম্ম, বস্তু হইতে অভিন্ন ও স্বনির্ব্বাহক; উহা ধর্ম্মিগ্রাহক-প্রমাণসিদ্ধ।

নারদপঞ্চরাত্রেও উক্ত হইয়াছে,—

"নির্দ্দোষপূর্ণগুণবিগ্রহ আত্মতন্ত্রো
নিশ্চেতনাত্মকশরীরগুণৈশ্চ হীনঃ।
আনন্দমাত্রকরপাদমুখোদরাদিঃ
সর্ব্বত্র চ স্বগতভেদবিবর্জ্জিতাত্মা॥" ইতি॥

ভগবান শ্রীকৃষ্ণ মুগ্ধত্বাদি-দোষশূন্য, সার্ব্বজ্ঞ্যাদিগুণ-পূর্ণবিগ্রহ, আত্মতন্ত্র, নিশ্চেতনাত্মক-জড়শরীর-ধর্ম্ম-বিবর্জ্জিত, অতএব তাঁহার করপাদমুখোদরাদি অবয়ব সকল আনন্দমাত্র। তিনি স্বগতভেদ-বিবর্জ্জিতাত্মা; অর্থাৎ প্রাকৃত বস্তুমাত্রই স্বজাতীয়, বিজাতীয় ও স্বগত,এই ত্রিবিধ ভেদবিশিষ্ট, কিন্তু আনন্দস্বরূপ ভগবানে ঐ সকল ভেদের সম্ভাবনাই নাই। মুগ্ধত্বাদি অষ্টাদশ দোষ মাধুর্য্যলীলাতে দৃষ্ট হইলেও উহারা লীলার পুষ্টিকারক ও প্রাকৃতগন্ধশূন্য বলিয়া ভগবানকে তত্তদ্‌-দোষ-বিবর্জ্জিতই জানিতে হইবে। তাঁহার মুগ্ধত্বাদিদোষরাহিত্য যথা তন্ত্রে,—

"অষ্টাদশমহাদোষৈঃ রহিতা ভগবত্তনুঃ।
সর্ব্বৈশ্বর্য্যময়ী সত্যবিজ্ঞানানন্দরূপিণী॥" ইতি॥

ভগবত্তনু অষ্টাদশদোষবিবর্জ্জিত ও বিজ্ঞানানন্দস্বরূপ।

উক্ত অষ্টাদশ দোষ যথা,—

"মোহস্তন্দ্রা ভ্রমো রুক্ষরসতা কাম উল্বনঃ।
লোলতা মদমাৎসর্য্যে হিংসা খেদপরিশ্রমৌ॥
অসত্যং ক্রোধ আকাঙ্ক্ষা আশঙ্কা বিশ্ববিভ্রমঃ।
বিষমত্বং পরাপেক্ষা দোষা অষ্টাদশোদিতা॥" ইতি॥

ভক্তানন্দ-বৈচিত্র্য-পোষক ঐ দোষ সকল ভগবানের লীলাবিলাস, ভক্ত-সংরক্ষণ ও বাৎসল্যাদি সিদ্ধির নিমিত্ত সময়ে সময়ে উদিত হয়। উহারা প্রাকৃতগন্ধাস্পৃষ্ট ও ভগবৎস্বরূপভূত। ঐ সকল ব্যতিরেকে লীলাই অসিদ্ধ হয়। ফলত মুগ্ধতা ও আশঙ্কা দ্বারা ঐশ্বর্য্যসেবী ভক্তে বিতর্ক ও বিস্ময়রসের উদ্রেক হয় এবং মাধুর্য্যভক্তের বাৎসল্যাদি রসের উদ্গম হয়। লোলতা ও মদ দ্বারা সখাগণের ক্রীড়নেচ্ছা ও গোপীগণের কাম উদ্রিক্ত হয়। খেদাদি দ্বারা ভক্তহৃদয়ে সেবাভিলাষ জন্মে। মাৎসর্য্য, ক্রোধ ও হিংসা দ্বারা অসাধু বিনাশে ভক্তসংরক্ষণ হয়। ভ্রম ও লোলতা দ্বারা পিতৃগণের কৌতুক বৃদ্ধি হয়। অসত্য দ্বারা সখা ও সখী প্রভৃতির কোপাদির উদয়ে তত্তদ্রসের বৃদ্ধি হয়। বিশ্ববিভ্রম দ্বারা প্রকৃতিলীন জীবগণের প্রতি অনুগ্রহ করা হয়। তবে মুগ্ধত্বাদি দোষের উদয়কালে ভগবানের সর্ব্বজ্ঞত্বাদি গুণের অভাব অস্বীকার্য্য। ভগবানের স্বরূপানুবন্ধী গুণ সকল যথা—

"অয়ং নেতা সুরম্যাঙ্গঃ সর্ব্বসল্লক্ষণান্বিতঃ।
রুচিরস্তেজসা যুক্তো বলীয়ান্ বয়সান্বিতঃ॥
বিবিধাদ্ভুতভাষাবিৎ সত্যবাক্যঃ প্রিয়ম্বদঃ।
বাবদূকঃ সুপাণ্ডিত্যো বুদ্ধিমান্ প্রতিভান্বিতঃ॥
বিদগ্ধশ্চতুরো দক্ষঃ কৃতজ্ঞঃ সুদৃঢ়ব্রতঃ।
দেশকালসুপাত্রজ্ঞঃ শাস্ত্রচক্ষুঃ শুচির্ব্বশী॥
স্থিরো দান্তঃ ক্ষমাশীলো গম্ভীরো ধৃতিমান্ সমঃ।
বদান্যো ধার্ম্মিকঃ শূরঃ করুণো মান্যমানকৃৎ॥
দক্ষিণো বিনয়ী হ্রীমান্ শরণাগতপালকঃ।
সুখী ভক্তসুহৃৎ প্রেমবশ্যঃ সর্ব্বশুভঙ্করঃ॥
প্রতাপী কীর্ত্তিমান্ রক্তলোকঃ সাধুসমাশ্রয়ঃ।
নারীগণমনোহারী সর্ব্বারাধ্যঃ সমৃদ্ধিমান্॥
বরীয়ানীশ্বরশ্চেতি গুণাস্তস্যানুকীর্ত্তিতাঃ।
সদা স্বরূপসম্প্রাপ্তঃ সর্ব্বজ্ঞো নিত্যনূতনঃ॥
সচ্চিদানন্দসান্দ্রাঙ্গঃ সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ।
অবিচিন্ত্যমহাশক্তিঃ কোটিব্রহ্মাণ্ডবিগ্রহঃ॥
অবতারাবলীবীজং হতারিগতিদায়কঃ।
আত্মারামগণাকর্ষীত্যমী কৃষ্ণে কিলাদ্ভুতাঃ॥
সর্ব্বাদ্ভুতচমৎকারলীলাকল্লোলবারিধিঃ।
অতুল্যমধুরপ্রেমমণ্ডিতপ্রিয়মণ্ডলঃ॥
ত্রিজগন্মানসাকর্ষিমুরলীকলকূজিতঃ।
অসমানোর্দ্ধরূপশ্রীবিস্মাপিতচরাচরঃ॥
লীলা প্রেম্না প্রিয়াধিক্যং মাধুর্য্যং বেণুরূপয়োঃ॥
ইত্যসাধারণং প্রোক্তং গোবিন্দস্য চতুষ্টয়ম্।
এবং গুণাশ্চতুর্ভেদাশ্চতুঃষষ্টিরুদাহৃতাঃ॥

ভগবানের নিত্যলক্ষ্মীকত্ব যথা বিষ্ণুপুরাণে,—"নিত্যৈব সা জগন্মাতেত্যাদি।" ভগবান বিষ্ণুর নিত্যা শক্তিজগন্মাতা লক্ষ্মীদেবী তাঁহাতেই নিত্যসম্বদ্ধা। তিনি

যেরূপ সর্ব্বব্যাপক, তাঁহার শক্তিও তদ্রূপ। ভগবানের শক্তি প্রধানত তিনটি, —পরা, ক্ষেত্রজ্ঞা বা জীবশক্তি এবং অপরা বা মায়াশক্তি। ইহাদের মধ্যে পরা শক্তিই লক্ষ্মীরূপিণী এবং ভগবান হইতে অভিন্ন। ভগবান শুদ্ধ অর্থাৎ পরাখ্যা শক্তি হইতে অভিন্ন হইলেও উপচার বশত পরমেশ অর্থাৎ পরাশক্তির অধীশ্বর বলিয়া কথিত হয়েন। ভগবানের নিত্যবিবিধশক্তিময়ত্ব যথা শ্বেতাশ্বতরে,— "পরাস্য শক্তির্বিবিধৈব শ্রূয়তে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ॥" ইতি। যেরূপ অগ্নির উষ্ণতাশক্তি, সেইরূপ জ্ঞান, বল ও ক্রিয়ারূপিণী সম্বিৎ সন্ধিনী ও হ্লাদিনী শক্তিও তাঁহার স্বাভাবিকী ও স্বরূপানুবন্ধিনী। পূর্ব্বোক্ত পরাশক্তিই সম্বিদাদি ত্রিরূপে ভাসমানা হয়েন। যথা,—"হ্লাদিনী সন্ধিনী সম্বিৎ ত্বয্যেকে-ত্যাদি।" হ্লাদিনী (ভগবান স্বয়ং হ্লাদাত্মা হইয়া যদ্দ্বারা হ্লাদবান হয়েন, ও জীবকে আনন্দ প্রদান করেন), সন্ধিনী (ভগবান সদাত্মা হইয়াও যদ্দ্বারা সত্তা ধারণ করেন, ও জীবকে সত্তা প্রদান করেন), সম্বিৎ (ভগবান সম্বিদাত্মা হইয়াও যদ্দ্বারা জ্ঞানবান হয়েন ও জীবকে জ্ঞানবান করেন); এই ত্রিরূপা একই (অর্থাৎ বিশেষবলে নির্ভাতভেদকার্য্যা হইলেও নির্ভেদরূপা) পরাশক্তি তোমাতেই বর্ত্তমানা। হ্লাদতাপকরী মিশ্রা প্রাকৃতা শক্তি প্রাকৃতগুণ-বর্জ্জিত ভগবানে নাই। অর্থাৎ সত্ত্বাংশ দ্বারা হ্লাদকারিণী রজ-অংশ দ্বারা তাপকারিণী ও তম অংশ দ্বারা মোহজননী মিশ্রা ত্রিগুণাত্মিকা মায়াশক্তি ভগবানে প্রকাশ পায় না। পূর্ব্বোক্তা অব্যভিচারিণী পরাশক্তি এক হইয়াও মণির নীলপীতাদি বর্ণ সকলের ন্যায় সাধকের ধ্যানভেদে বহুরূপে বিরাজিতা ও প্রতি অবতারে সহায়রূপে লীলাকারিণী। বিষ্ণুর একত্ব হইয়াও বহুত্ব যথা গোপালোপ-নিষদে,—"একো বশী সর্ব্বগঃ কৃষ্ণ ঈড্য, একোঽপি সন্ বহুধা যোঽবভাতি। তং পীঠস্থং যে তু যজন্তি ধীরাস্তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্।" ইতি। ভগবান শ্রীকৃষ্ণ স্বয়ং সকলের পূজ্য সর্ব্বগামী বশী ও একমাত্র হইয়াও বহু-প্রকারে অর্থাৎ মৎস্যাদিরূপে লীলা করিয়া থাকেন। পীঠমধ্যস্থ ভগবানের অর্চ্চনাই কেবল নিত্য সুখের একমাত্র নিদান। লক্ষ্মীদেবী ও ভগবানের নিজ নিজ অবতারে যদিও পূর্ণতা তুল্যা, তথাপি গুণপ্রাকট্যের তারতম্যহেতুক অংশাংশিভাব স্বীকৃত হইয়া থাকে। যথা বাজসনেয়কে,—"পূর্ণমদঃ পূর্ণমিদং

পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে। পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥” ইতি। অবতার-মাত্রেই অবিশেষপূর্ণতা বর্ত্তমানা আছে; অবতারীও পূর্ণ, অবতারও পূর্ণ; পূর্ণ অবতারী হইতেই পূর্ণ অবতার প্রাদুর্ভূত হয়েন। ইহাতে পূর্ণত্বের হানি হয় না। মহাবারাহে যথা,—“সর্ব্বে নিত্যাঃ শাশ্বতাশ্চেত্যাদি।” সেই পরমাত্মার লীলার্থ জগতে প্রকাশিত সকল দেহই নিত্য। কোন দেহই প্রাকৃত নহে। অতএব হানোপাদানবর্জ্জিত গুণপূর্ণ ও দোষশূন্য। লক্ষ্মীদেবীরও অবতারে পূর্ণতা যথা বিষ্ণুপুরাণে,—“এবং যথা জগৎস্বামীত্যাদি।” দেবদেব জগৎস্বামী জনার্দ্দন যখন যেরূপ অবতার প্রকাশ করেন, তৎসহায়িনী লক্ষ্মীদেবীও তদ্রূপ অবতার প্রকাশ করেন। আদিত্যাবতারে পদ্মজা, ভার্গবে ধরণী, রামাবতারে সীতা ও কৃষ্ণে রুক্মিণী। অবতার সকল তুল্য হইলেও অকৃৎস্নশক্তি প্রকাশের নাম বিলাস, দুই এক শক্তি প্রকাশের নাম অংশ বা কলা এবং পূর্ণশক্তি প্রকাশের নাম স্বয়ং ভগবান, এইরূপ তারতম্য শাস্ত্রে উক্ত হয়। যথা শ্রীমদ্ভাগবতে,—“এতে চাংশকলেত্যাদি।” পূর্ব্বোক্ত চতুর্ব্বিংশতি অবতার গর্ভোদশায়ী পুরুষের অংশ; কিন্তু কৃষ্ণ স্বয়ং ভগবান। এই পূর্ণ অবতার স্বয়ং ভগবানে সমস্ত অবতারই অংশরূপে অনুপ্রবিষ্ট হয়েন। ইনিই একমাত্র অবতারী। লক্ষ্মী-দেবীর অবতারতারতম্যে প্রমাণ যথা অথর্ব্বোপনিষদে,—“গোকুলাখ্যে মাথুরমণ্ডলে বৃন্দাবনমধ্যে সহস্রদলপদ্মমধ্যে কল্পতরোর্মূলে অষ্টদলকেশরে গোবিন্দোঽপি শ্যামঃ পীতাম্বরো দ্বিভুজো ময়ূরপুচ্ছশিরো বেণুবেত্রহস্তো নির্গুণঃ সগুণো নিরাকারঃ সাকারো নিরীহঃ সচেষ্টো (সমুদ্রতরঙ্গন্যায়েন স্বোল্লাসাত্মক-নিত্যচেষ্টিতঃ) বিরাজতে। দ্বে পার্শ্বে চন্দ্রাবলী রাধিকা চেতি। যস্যা অংশে লক্ষ্মীদুর্গাদিকা শক্তিরিতি। অগ্রে চ তস্যাদ্যা প্রকৃতিঃ রাধিকা নিত্যনির্গুণ-সর্ব্বালঙ্কারশোভিতা প্রসন্নাশেষলাবণ্যসুন্দরীত্যাদি।” শ্রীরাধিকাই অংশিনী; লক্ষ্মীদুর্গাদিকা তাঁহার অংশভূতা। গৌতমীয়তন্ত্রে যথা,—“দেবী কৃষ্ণময়ী-ত্যাদি।” শ্রীরাধাই সর্ব্বলক্ষ্মীময়ী পরদেবতা। আদিপদোক্ত ভগবানের ধামাদির নিত্যত্ব যথা ছান্দোগ্যে,—“স ভগবঃ কস্মিন্ প্রতিষ্ঠিতঃ? স্বে মহিম্নি।” ইতি। হে ভগবন! সেই ভূমাখ্য হরি কোথায় প্রতিষ্ঠিত আছেন? স্বীয় অসাধারণ মহিমাপুরে। মুণ্ডকে যথা,—“দিব্যে পুরে হ্যেষ সংব্যোম্ন্যাত্মা প্রতিষ্ঠিতঃ।”

ইতি। আত্মাস্বরূপ সেই ভগবান দ্যোতনাত্মক স্বীয় পুরে প্রতিষ্ঠিত আছেন। ঋগ্বেদে যথা,—"তাং বাং বাস্তূন্যুশ্মসি গমধ্যে যত্র গাবো ভূরিশৃঙ্গাঃ অয়াসঃ।" অত্রাহ। "তদুরুগায়স্য বৃষ্ণঃ পরমং পদমবভাতি ভূরি।" ইতি। তোমাদিগের সেই গৃহ সকল প্রাপ্ত হইতে অভিলাষ করি, যেখানে গাভীসকল প্রশস্ত শৃঙ্গবিশিষ্ট ও শুভাবহবিধিরূপা। ভক্তেচ্ছাবর্ষণকারী শ্রীকৃষ্ণের পরমপদ প্রচুররূপে অবভাত হইতেছে। গোপালোপনিষদে যথা,—"তাসাং মধ্যে সাক্ষাৎ ব্রহ্ম গোপালপুরী হি।" সপ্তপুরীর মধ্যে গোপালপুরী মথুরা সাক্ষাৎ ব্রহ্ম স্বরূপ অর্থাৎ প্রপঞ্চগত হইয়াও নিত্য। তদুপরি গোকুল ও নিম্নে দ্বারকাপুরী। কারণ, ভগবান নিজধামই প্রপঞ্চে অবতারিত করিয়া স্বয়ং অবতার করেন। ভগবানের লীলাও নিত্যা। যথা শ্রুতিতে,—"যদ্গতং ভবচ্চ ভবিষ্যচ্চ।" ইতি। "একো দেবো নিত্যলীলানুরক্তো ভক্তব্যাপী ভক্তহৃদ্যন্তরাত্মা।" ইতি চ। ব্রহ্মনিষ্ঠ গুণ ও কর্ম্মসকল নিত্য। একমাত্র সেই নিত্যলীলানুরক্ত ভগবান ভক্তব্যাপক ও ভক্তহৃদয়ে সাক্ষাৎ স্বরূপে বিরাজমান। ভগবানের রূপ, পার্ষদ ও ধামাদির আনন্ত্য হেতুক অপ্রকটেও লীলার নিত্যত্বের হানি হয় না। কারণ, ভিন্ন ভিন্ন লোকে তত্তল্লীলার কোন কালেই ব্যভিচার নাই। প্রকট ও অপ্রকট অবস্থাই দর্শন ও অদর্শনের হেতু।

ভগবানের অখিলাম্নায়বেদ্যত্ব যথা গোপালোপনিষদে,—"যোঽসৌ সর্ব্বৈর্ব্বেদৈর্গীয়তে।" ইতি। যাঁহাকে সকল বেদ গান করেন। কাঠকে,—"সর্ব্বে বেদা যৎপদমামনন্তি তপাংসি সর্ব্বাণি চ যদ্বদন্তি।" ইতি। সকল বেদ ও তপস্যা যে একমাত্র ব্রহ্মবস্তুকেই গান করেন। হরিবংশে,—"বেদে রামায়ণে চৈবেত্যাদি।" বেদ, রামায়ণ, পুরাণ ও ভারত প্রভৃতি সমস্ত শাস্ত্রই সর্ব্বত্র শ্রীহরিকে গান করেন। ফলত সমস্ত বেদই সাক্ষাৎ ও পরম্পরারূপে একমাত্র ভগবান শ্রীকৃষ্ণকে গান করিয়া থাকেন। তন্মধ্যে বেদান্ত সকল সাক্ষাৎ সম্বন্ধে এবং তদতিরিক্ত কর্ম্মকাণ্ড সকল ভগবজ্জ্ঞানের অঙ্গভূত চিত্তবিশুদ্ধিকারক কর্ম্মবিধানপরীপাটী দ্বারা পরম্পরা সম্বন্ধে গান করিয়া থাকেন। পুরাণাদিও তদ্রূপ। ঐ সকল বেদাদি শাস্ত্রের প্রমাণপরম্পরা দ্বারা ইহাই প্রতিপন্ন হয় যে, ভগবান অন্বয়ব্যতিরেক মুখে বেদ সকলের বেদ্য, লক্ষ্য নহেন। তবে

কোন কোন ('যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ' ইত্যাদি) শ্রুতিতে যে তাঁহার অবাচ্যত্ব ও অজ্ঞেয়ত্বাদি উক্ত হইয়াছে, তাহা কেবল তাঁহার মহত্ত্ব-প্রযুক্ত। অর্থাৎ বেদ সকল বা জীব সকল তাঁহার মহিমাগুণাদি সর্ব্বতোভাবে বলিতে ও ধারণা করিতে পারে না বলিয়াই শ্রুত্যাদিশাস্ত্রে ঐ প্রকার বিরুদ্ধ বাক্যের বিন্যাস দৃষ্ট হইয়া থাকে। নির্বিশেষব্রহ্মবাদিগণ বলেন, ব্রহ্ম জাতি-গুণ-ক্রিয়া-সংজ্ঞা-রহিত বস্তু। সুতরাং তাঁহাদের মতে শব্দপ্রবৃত্তির হেতুভূত উক্ত বিষয় চতুষ্টয়ের অভাবে নির্ধর্ম্মক ব্রহ্ম বেদের বাচ্য হইতে পারেন না। কিন্তু লক্ষণাশক্তি দ্বারা বেদগণ ব্রহ্মে প্রবৃত্ত হইয়া কথঞ্চিৎ জ্ঞান উৎপাদন করেন। তাঁহাদিগের এইরূপ সিদ্ধান্ত নিতান্ত অসঙ্গত। কারণ, লক্ষণা যে শব্দের শক্তি সেই শব্দই যদি ব্রহ্মের বাচক না হইল, তবে তাহার সেই শক্তিরূপা লক্ষণা দ্বারাই বা কিরূপে ব্রহ্মজ্ঞান হইতে পারে! বিশেষত বিচার করিয়া দেখিলে, সমস্ত নির্বিশেষ-বাদিনী শ্রুতিরই উপসংহারভাগোক্ত সবিশেষবাদই বলীয়ান বোধ হয়। অধিকন্তু ব্রহ্মের বেদাবাচ্যত্ব স্বীকারে বেদপাঠাদিরও বৈয়র্থ্য হয়।

বিশ্বের সত্যত্ব যথা বিষ্ণুপুরাণে,—"একদেশস্থিতস্যেত্যাদি।" যেমত অগ্নি একস্থানে থাকিয়াও স্বীয় বিস্তারিণী কিরণশক্তি দ্বারা দেশব্যাপক হয়েন, তদ্রূপ সেই পরব্রহ্ম স্বীয় শক্তি দ্বারা এই অখিল জগৎ ব্যাপিয়া আছেন, অর্থাৎ এই বিশ্ব তাঁহার শক্তিকার্য্য বা সত্য। শ্বেতাশ্বতরে যথা,—"য একোঽবর্ণো বহুধা শক্তিযোগাদ্বর্ণাননেকান্ নিহিতার্থো দধাতি।" ইতি। অদ্বিতীয় পরমেশ্বর এক হইয়াও স্বীয় শক্তি দ্বারা বহুধা সৃষ্টি করেন। ঐ সৃষ্টির প্রতি কারণ তাঁহার লীলাসঙ্কল্প। ঈশাবাস্যোপনিষদে,—"স পর্য্যগাচ্ছুক্রমকায়মব্রণমস্নাবিরং শুদ্ধমপাপবিদ্ধম্। কবির্মনীষী পরিভূঃ স্বয়ম্ভুর্যাথাতথ্যতোঽর্থান্ ব্যদধাৎ শাশ্বতীভ্যঃ সমাভ্যঃ।" ইতি। যিনি দীপ্ত স্থূলসূক্ষ্মকায়বর্জ্জিত অক্ষত রাগাদিরহিত শুদ্ধ ও অপাপবিদ্ধ সর্ব্বজ্ঞ মনীষী ও মায়েশ্বর এবং যিনি স্বয়ম্ভু, সেই ব্যাপক পরমাত্মা সম্বৎসরগণ ব্যাপিয়া মহদাদি অর্থকে সত্যরূপে বিহিত করিয়াছেন। বিষ্ণুপুরাণে ও মহাভারতে,—"তদেতদক্ষয়মিত্যাদি।" "ব্রহ্ম সত্যমিত্যাদি চ।" মুনিবর! এই অখিল জগৎ নিত্য ও অক্ষয়। ইহার জন্ম ও নাশ আবির্ভাব ও তিরোভাব মাত্র। সচ্চিদানন্দরূপ ব্রহ্ম সত্য, আলোচনা রূপ তাঁহার তপ

সত্য, তাঁহার নাভিকমলোদ্ভব ব্রহ্মা সত্য, ভূত সকল সত্য ও ভূতময় জগৎও সত্য। একমাত্র আত্মার অস্তিত্বসূচক প্রমাণ সকল "বন-মীন-বিহঙ্গ" ন্যায়েই সঙ্গত হয়। অর্থাৎ বিহঙ্গগণ যেরূপ বনে অবস্থিতি করে, সেইরূপ আত্মাতে এই জগৎ সূক্ষ্মরূপে অবস্থান করে। অতএব 'প্রথমত আত্মাই একমাত্র ছিল' ইত্যাদি শ্রুত্যর্থেরও কোনরূপ অসামঞ্জস্য হইতে পারিল না।

অনন্তর ঈশ্বর হইতে জীবের ভেদ প্রদর্শিত হইতেছে,—শ্বেতাশ্বতরে উক্ত হইয়াছে, "দ্বাসুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতি। সমানে বৃক্ষে পুরুষো নিমগ্নোঽনীশয়া শোচতি মুহ্যমানঃ জুষ্টং যদা পশ্যত্যন্যমীশমস্য মহিমানমেতি বীতশোকঃ।" ইতি। জীব ও ঈশ্বররূপ দুইটি পক্ষী সহযোগে তুল্যভাবে দেহরূপ সমান একটি বৃক্ষ আশ্রয় করিয়া আছেন। তন্মধ্যে জীবরূপ পক্ষী নানাবিধ সুখদুঃখরূপ কর্ম্মফল ভোগ করিয়া থাকেন। অপর ঈশ্বররূপ পক্ষী ফলভুক না হইয়া প্রদীপ্তভাবেই অবস্থিত হয়েন। দেহরূপ সমান এক বৃক্ষে নিমগ্ন ও মায়া কর্তৃক মোহিত হইয়া জীব অশেষ-শোক-ভাজন হয়েন। অনন্তর যখন আপনা হইতে ভিন্ন ঈশ্বরকে উপাস্য এবং আপনাকে উপাসকরূপে দেখিতে পান, তখন ঈশ্বরের মহিমা অধিগত হইয়া বীতশোক হয়েন। এই শ্রুতি দ্বারা জীব ঈশ্বর হইতে যে ভিন্ন, ইহাই অবগত হওয়া গেল। শ্রুতি-তাৎপর্য্য-জ্ঞান-কারণরূপ উপক্রমাদি দ্বারা ভেদই নির্ণীত হইয়াছে। "দ্বাসুপর্ণা" অর্থাৎ দুইটি পক্ষী ভিন্ন, এই উপক্রম দ্বারা, "অন্যমীশং" অর্থাৎ ঈশ্বর জীব হইতে অন্য বা ভিন্ন, এই উপসংহার দ্বারা, "দ্বা তয়োরন্যঃ অনশ্নন্নন্যঃ" অর্থাৎ দুই, উভয়ের অন্যতর, অন্য ঈশ্বর ফলভুক না হইয়াও, এই তিনটি স্থলে কোন বিশেষ ভাব প্রকাশ না করিয়াই পুনরুক্তি বা অভ্যাস দ্বারা, অণুত্ববৃহত্ত্বাদি-বিরুদ্ধ-নিত্য-ধর্ম্মাবচ্ছিন্ন-প্রতিযোগি-ভাবে ভেদের শাস্ত্র ব্যতিরেকে লৌকিক প্রমাণ হইতে অপ্রতীতি হেতুক, অপূর্ব্বতা দ্বারা ও বীতশোকরূপ ফল দ্বারা "তস্য মহিমানমেতি" অর্থাৎ তাঁহার মহিমা অবগত হইয়া, এই অর্থবাদ বা প্রশংসা দ্বারা, ফলভুক না হইয়াও, এইরূপ উপপত্তি বা ভেদ-বিষয়ে যুক্তি দ্বারা শাস্ত্রে ভেদ উক্ত হইয়াছে। অধিকন্তু মুণ্ডক উপনিষদেও উক্ত হইয়াছে,—"যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং কর্ত্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিম্।

তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধূয় নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি।” ধ্যাতা জীব যখন রুক্মবর্ণ জ্যোতিঃস্বরূপ জগৎকর্ত্তা ব্রহ্মযোনি পরমপুরুষকে দর্শন করেন, তখন তত্ত্ববিৎ সেই সাধক বন্ধনের মূলীভূত কারণ পুণ্যপাপ সমূলে পরিহার পূর্ব্বক নির্দ্দোষ হইয়া পরম সাম্য লাভ করেন। কাঠকে,—“যথোদকং শুদ্ধে শুদ্ধমাসিক্তং তাদৃগেব ভবতি। এবং মুনের্বিজানত আত্মা ভবতি গৌতম।” ইতি। যেমত শুদ্ধ সলিল নির্ম্মল জলে প্রক্ষিপ্ত হইলে, তাদৃশই হয়, গৌতম! আত্মবিৎ মুনির আত্মাও সেইরূপ হয়। অর্থাৎ তাঁহার আত্মাতে দেহাদিবুদ্ধির সংযোগ না থাকাতে তিনি স্বরূপ প্রাপ্ত হয়েন। গীতাতে,—“ইদং জ্ঞানেত্যাদি।” এই জ্ঞান আশ্রয় করিয়া যাঁহারা আমার সাধর্ম্ম্য প্রাপ্ত হয়েন, তাঁহারা আর সৃষ্টিকালে ও প্রলয়কালে জন্মমৃত্যুজন্য ব্যথার ভাজন হয়েন না। পূর্ব্বোক্ত বাক্য সকলে মোক্ষাবস্থাতেও সাম্যাদি উপমাবাচক শব্দের প্রয়োগ হেতু ভেদের পারমার্থিকত্ব নিঃসন্দিগ্ধরূপে প্রতিপন্ন হইতেছে। এক্ষণে “স এব মায়াপরিমোহিতাত্মা শরীরমাস্থায় করোতি সর্ব্বং।” সেই ব্রহ্মই মায়া কর্ত্তৃক পরিমোহিত হইয়া শরীর গ্রহণ পুরঃসর সকলই করিতেছেন, ইত্যাদি শ্রুতির অর্থাভাসমাত্র গ্রহণে শঙ্করমতানুযায়ী কেহ কেহ কল্পনা করিয়া থাকেন যে, অবিদ্যা-পরিমোহিত ব্রহ্মই একমাত্র বাস্তব জীব, সেই জীবই আমি, আমা ভিন্ন অন্য জীব আমারই অবিদ্যা-পরিকল্পিত এবং স্বপ্নাদিদৃষ্ট রথাশ্বাদিসদৃশ, অনন্তর আমি যখন জ্ঞাতাত্মতত্ত্ব হইব, তখন আর কেহই থাকিবেন না, ইত্যাদি যে মত, তাহা দূষিত। “নতুবা, নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানাং একো বহূনাং যো বিদধাতি কামান্ তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরাস্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাম্।” যিনি নিত্যচৈতন্যস্বরূপ পরমেশ্বর এবং যিনি চৈতন্যস্বরূপ ও নিত্যভূত জীবগণের একমাত্র সাধনানুরূপ বাঞ্ছিতার্থ বিধান করেন, তাঁহাকে যে সকল ধীর আত্মস্বরূপে দর্শন করেন, তাঁহারাই শাশ্বত সুখের অধিকারী হয়েন, অন্য নহে। ইত্যাদি শ্রুতির অসঙ্গতি হয়। যখন চৈতন্যস্বরূপ এক ঈশ্বর হইতে তাদৃশ চৈতন্যস্বরূপ বহু জীব পরস্পর ভিন্ন হইয়া থাকেন, তখন জীব ও ঈশ্বরের ভেদও অবশ্য নিত্য, ইহা প্রতিপন্ন হইতেছে। তবে অণুচৈতন্যরূপে জীব ঈশ্বরের অংশ হইলেও এই

পারমার্থিক ভেদস্থলে ভক্তগণ জীব ও ঈশ্বরের অচিন্ত্য ভেদাভেদ স্বীকার করিয়া থাকেন। এক্ষণে এই আশঙ্কা হইতে পারে, "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম," "তত্ত্ব-মসি" ইত্যাদি শ্রুতির কি গতি হইবে? তদুত্তরে এই বলা যায় যে, যেরূপ বাগাদি ইন্দ্রিয়গণ একমাত্র প্রাণেরই অধীন বলিয়া তাহাদিগকে প্রাণ শব্দেই অভিহিত করা হয়, তদ্রূপ এই জগৎও ব্রহ্মেরই অধীনবৃত্তিতা হেতুক ব্রহ্ম শব্দেই উক্ত হইয়া থাকে। এই ব্রহ্মের ব্যাপকত্ব হেতু জগৎ ব্রহ্মরূপে উক্ত হইলেও বস্তুত তিনি জগৎ হইতে ভিন্ন। যাঁহারা প্রতিবিম্ব ও পরিচ্ছেদ বাদ স্বীকার করেন, তাঁহাদিগের সেই পক্ষদ্বয়ই ব্রহ্মের বিভুত্ব ও অবিষয়ত্ব, এই হেতুদ্বয় দ্বারা নিরাকৃত হইয়া থাকে। অর্থাৎ কেবলাদ্বৈতবাদীরা যে বলেন, মায়ারূপ উপাধিতে প্রতিবিম্বিত অথবা মায়োপাধি কর্তৃক পরিচ্ছিন্ন ব্রহ্মই জীবরূপ হয়েন, এবং ঐ উপাধির অপগম হইলেই শুদ্ধ একমাত্র ব্রহ্মই থাকেন। তাঁহাদিগের উক্ত সিদ্ধান্ত অপসিদ্ধান্ত; কারণ, ব্রহ্ম যখন বিভু অর্থাৎ ব্যাপক পদার্থ এবং অবিষয় অর্থাৎ কোন বস্তুর গ্রাহ্য নহেন, তখন তিনি কোন মতেই উপাধিতে প্রতিবিম্বিত বা তৎকর্তৃক পরিচ্ছিন্ন হইতে পারেন না। যাহার পরিচ্ছেদ আছে, সেই বস্তুই প্রতিবিম্বিত হইতে পারে, এবং যে বস্তু পরিচ্ছিন্ন বা ব্যাপ্য তাহাই অন্য বস্তুর বিষয় হইতে পারে। সর্ব্বব্যাপক ও অবিষয় ব্রহ্ম পদার্থ কখনই প্রতিবিম্বিত বা পরিচ্ছিন্ন হইতে পারেন না। ক্ষণিকত্ব দোষ দর্শনে ঐ পরিচ্ছেদের বাস্তবত্ব স্বীকারেও মহান অনর্থ আপতিত হয়। অর্থাৎ উহার নিত্যত্বস্বীকারে টঙ্কচ্ছিন্ন পাষাণখণ্ডাদির ন্যায় বিকারিত্ব-রূপ অপরিহার্য্য দোষ উপস্থিত হয়। সুতরাং প্রতিবিম্বাদিবাদ সর্ব্বতোভাবে হেয়। ঐরূপ অদ্বৈত পক্ষও দূষিত। জীবব্রহ্মের অদ্বৈত, ব্রহ্ম হইতে ভিন্ন কি না? ভিন্নে দ্বৈতাপত্তি এবং অভিন্নে সিদ্ধসাধনতা অপরিহার্য্যা। কারণ, উহা শ্রুতিই প্রতিপাদন করিয়াছেন। "সাক্ষী চেতাঃ কেবলো নির্গুণশ্চ" কেবল-চৈতন্য-স্বরূপ সাক্ষী সেই পরমাত্মা নির্গুণ, ইত্যাদি শ্রুত্যর্থ অবলম্বন পূর্ব্বক যাঁহারা নির্গুণ ব্রহ্মেরই বাস্তবত্ব স্বীকার করেন, তাঁহাদিগের মতও ভ্রান্ত। কারণ, প্রমাণের অবিষয়তা হেতুক নির্গুণ ব্রহ্ম অলীক। অতএব ঐ মত অশ্রদ্ধেয়। নির্গুণ ব্রহ্মের রূপাদির অভাব হেতু তাঁহাতে প্রত্যক্ষ প্রমাণ যাইতে পারে না। ব্যাপ্তিলিঙ্গের

অভাব হেতু অনুমানও যাইতে পারে না। শব্দপ্রবৃত্তির কারণভূত জাতি-গুণাদির অভাব বশত শব্দও গমন করিতে পারে না। সুতরাং শব্দশক্তি লক্ষণাও যাইতে পারে না। অতএব ব্রহ্ম যে স্বরূপানুবন্ধিগুণবিশিষ্ট, ইহা স্থির হইতেছে।

জীবের ভগবদ্দাসত্ব যথা শ্বেতাশ্বতরে,—"তমীশ্বরাণাং পরমং মহেশ্বরং তং দেবতানাং পরমঞ্চ দৈবতম্। পতিং পতীনাং পরমং পরস্তাৎ বিদাম দেবং ভুবনেশমীড্যম্॥" ইতি। ব্রহ্মাদি ঈশ্বরগণের পরম ঈশ্বর, ইন্দ্রাদিদেবতা-বৃন্দেরও পরম দেবতা, দক্ষাদি প্রজাপতিগণেরও পরম পতি, এবং পর হইতেও পরতম, জগতের একমাত্র ঈশ্বর, অতএব পূজ্য সেই দেবকে জানিব। স্মৃতিতে যথা,—"ব্রহ্মা শম্ভুস্তথৈবার্কশ্চন্দ্রমাশ্চ শতক্রতুঃ। এবমাদ্যাস্তথৈবান্যে যুক্তা বৈষ্ণবতেজসা॥" ইত্যাদি। কমলাসন, মহাদেব, সূর্য্য, চন্দ্র ও ইন্দ্রাদি দেবতা সকল ভগবান বিষ্ণুরই তেজোযুক্ত। সকল দেবতাই সেই পরম দেবের অর্চ্চনা করিয়া থাকেন। জীবগণ একমাত্র হরিরই দাসভূত। জীবের মুক্তাবস্থাতে সগুণ ব্রহ্মের সহিত সাম্য হইলেও জীব তাঁহা হইতে ভিন্নই থাকেন। ঐ জীবগণও আবার পরস্পর ভিন্ন। ফলত জীবগণের অণুচৈতন্য-রূপত্ব ও জ্ঞানিত্বাদির অবিশেষ হেতু পরস্পর সাম্য সত্ত্বেও সাধনতারতম্যে তারতম্য হইয়া থাকে। অর্থাৎ কর্ম্মরূপ ও ভক্তিরূপ সাধনের তারতম্য হেতুক ঐহিক ও পারত্রিক ফলেরও তারতম্য হইয়া থাকে। কর্ম্ম-তারতম্য হেতু ঐহিক এবং ভক্তিতারতম্য হেতু পারত্রিক ফলের তারতম্য হয়। ঐরূপ জীবগণের স্বরূপত অণুরূপে সাম্যসত্ত্বেও মায়ামোহিতত্বরূপে ব্রহ্ম হইতে ভেদ এবং সাধনতারতম্য হেতু পরস্পর ভেদ অবশ্য স্বীকার্য্য।

জীবের অণুচৈতন্যরূপত্বের প্রমাণ যথা, শ্বেতাশ্বতরে,—"বালাগ্রশতভাগস্য শতধা কল্পিতস্য চ। ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ স চানন্ত্যায় কল্পতে॥" ইতি। শতভাগে বিভক্ত যে কেশাগ্র, জীব তাহার শতাংশ হইয়াও ভগবৎপ্রপন্ন হইয়া মায়োত্তীর্ণ ও মুক্ত হয়েন। জ্ঞানিত্বের প্রমাণ যথা ষট্‌প্রশ্নে,—"এষ হি দ্রষ্টা স্প্রষ্টা শ্রোতা ঘ্রাতা রসয়িতা মন্তা বোদ্ধা কর্ত্তা বিজ্ঞাতাত্মা পুরুষঃ।" ইতি। এই বিজ্ঞাতাত্মা পুরুষ জীবই দ্রষ্টা, শ্রোতা, ঘ্রাণকর্ত্তা, স্পর্শকর্ত্তা, আস্বাদকর্ত্তা, মন্তা, বোদ্ধা ও কর্ত্তা। আদিপদ-প্রাপ্ত গুণদ্বারা দেহব্যাপিত্বও উক্ত হইয়াছে।

যথা গীতাতে,—"যথা প্রকাশয়ত্যেক" ইত্যাদি। ভারত! যেমত এক সূর্য্য এই অখিল লোক প্রকাশ করেন, তদ্রূপ ক্ষেত্রজ্ঞ জীবও সমস্ত দেহ প্রকাশ করেন। সূত্রকারও বেদান্তসূত্রে বলিয়াছেন,—"আলোকবদিতি।" আলোক যেমত গুণ দ্বারা সমস্ত গৃহ আলোকিত করেন, তদ্রূপ জীবও চেতনাখ্য স্বীয় গুণ দ্বারা সমস্ত দেহ ব্যাপিয়া অবস্থান করেন। ঐ গুণও নিত্য, যথা বাজসনেয়কে,—"অবিনাশী বা অরে আত্মানুচ্ছিত্তিধর্ম্মা।" ইতি। মৈত্রেয়ি! এই জীব স্বরূপতই অবিনাশী ও উচ্ছেদশূন্য। সাধন-জনিত বৈষম্যের প্রমাণ যথা কৌথুমীয় শাখাতে,—"যথাক্রতুরস্মিন্ লোকে পুরুষো ভবতি তথেতঃ প্রেত্য ভবতি।" ইতি। ইহলোকে পুরুষ যেরূপ সাধন করেন, লোকান্তরে ফলও তদ্রূপই হয়। স্মৃতিতে,—"যাদৃশী ভাবনেত্যাদি।" যাঁহার যেরূপ সাধন, তাঁহার সিদ্ধিও তদ্রূপ হয়। শান্তাদি রতি পর্য্যন্ত যে পাঁচটি ভাব শাস্ত্রে কীর্ত্তিত হইয়াছে, সেই সেই ভাবানুসারে জীবগণের হরির স্মরণাদিতে ফলেরও তারতম্য হয়।

কৃষ্ণপ্রাপ্তিই পরম মোক্ষ। শ্বেতাশ্বতরে উক্ত হইয়াছে, "জ্ঞাত্বা দেবং সর্ব্বপাশাপহানিরিত্যাদি।" যিনি সদ্গুরুর নিকট পরমেশ্বরতত্ত্ব অবগত হইয়াছেন, তাঁহার দেহদৈহিক মমতাদি পাশের হানির সহিত পাশজন্য ক্লেশ সকল সমূলে ক্ষয় হয়। অতঃপর জন্মমৃত্যুরও হানি হয়। তদনন্তর উত্তরোত্তর ভগবানের অভিধ্যান দ্বারা লিঙ্গশরীরের একেবারে নাশ হইলে, শুদ্ধসত্ত্বময় অপ্রাকৃত ভাগবত-পদপ্রাপ্তিতে অভিলাষ পূর্ণ হয়। গোপালতাপনী শ্রুতিতেও বলিয়াছেন, "একো বশী সর্ব্বগঃ কৃষ্ণ ঈড্য" ইত্যাদি। যাঁহারা পীঠমধ্যস্থিত সেই ভগবানের পূজা করেন, তাঁহারাই কেবল শাশ্বত সুখসম্ভোগে সমর্থ হয়েন। এক্ষণে সংশয় হইতে পারে যে, শ্রীকৃষ্ণপ্রাপ্তিই যদি মোক্ষ হইল, তবে শ্রীরামাদি অবতারগণের প্রাপ্তি মোক্ষ হয় কি না? কিন্তু তাদৃশ সংশয়ের কোন কারণ নাই; কারণ, স্বয়ং প্রভু শ্রীকৃষ্ণই বহু বহু বেশে বহু প্রকারে প্রকাশিত হয়েন। অতএব যে কোন প্রকারেই হউক, উপাসনা অনুসারে মুক্তি ও নিত্যধামে সুখে অবস্থিতি হইয়া থাকে।

একান্ত ভক্তিই ঐ মুক্তির হেতু। ভক্তির লক্ষণাদি যথাস্থানে বিবৃত হইবে। ভক্তি মুক্তির হেতু হইয়াও স্বয়ং অহৈতুকী। সাধুসেবা ও গুরুসেবাই ভক্তিলাভের

একমাত্র উপায়। সাধুসেবাদি ব্যতিরেকে ঐ ভক্তি লাভ করিতে পারা যায় না। যথা• তৈত্তিরীয়কে, "অতিথিদেবো ভব।" অতিথিদেব হও; অর্থাৎ দেব-ভাবে অতিথির সেবা কর। "আচার্য্যদেবো ভব।" আচার্য্যদেব হও; অর্থাৎ দেবভাবে গুরুর সেবা কর। শ্বেতাশ্বতরেও বলিয়াছেন, "যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥" ইতি। যাঁহার দেবতার প্রতি এবং গুরুর প্রতি পরমভক্তি আছে, তাঁহার সম্বন্ধেই উপদিষ্ট বিষয় সকল স্ফূর্ত্তি লাভ করে।

পূর্ব্বেই বলা হইয়াছে, প্রত্যক্ষ, অনুমান ও শব্দ, এই তিনটিই প্রমাণ। অন্যান্য তন্ত্রোক্ত প্রমাণগুলি উহাদেরই অন্তর্ভুক্ত। উক্ত প্রমাণত্রয়ের মধ্যে অপৌরুষেয় বাক্য শ্রুতিই সর্ব্বোৎকৃষ্ট প্রমাণ। কারণ, প্রত্যক্ষ ও অনুমান উভয় প্রমাণই সদোষ। ইন্দ্রিয়সকল সন্নিকৃষ্ট স্থূলবস্তুকেই গ্রহণ করে। অতি দূরবর্ত্তী আকাশচর পক্ষী বা অতি নিকটস্থ নেত্রস্থ অঞ্জন ইন্দ্রিয়গ্রাহ্য হয় না। চিত্ত অনবস্থিত থাকিলে, স্থূল বস্তুরও গ্রহণ হয় না। রবি-কিরণাভিভূত গ্রহ-নক্ষত্রাদি দৃষ্টি-গোচর হয় না। ক্ষীরে অনুভূত দধিভাবের প্রত্যক্ষ হয় না। জলাশয়ে জলদ-বিমুক্ত জলবিন্দুর প্রত্যক্ষ হয় না। অতি সূক্ষ্ম পরমাণুরও প্রত্যক্ষ হয় না। ইন্দ্রিজালাদির ত কথাই নাই। এইরূপে প্রত্যক্ষের প্রামাণ্য সর্ব্বদাই দুষ্ট হইয়া পড়ে। অনুমানও ঐরূপ।

অনুমানমাত্রই প্রত্যক্ষমূলক। যাহার কিছুই প্রত্যক্ষ নাই, তাহার অনু-মানও নাই। তবে প্রত্যক্ষ ও অনুমানে প্রভেদ এই যে, প্রত্যক্ষে অনুমান নাই; কিন্তু অনুমানে প্রত্যক্ষ আছে। প্রকৃত পক্ষে প্রত্যক্ষের সম্ভাবনার নামই অনুমান। দেশ, কাল ও পাত্র প্রভৃতির ভিন্ন ভিন্ন অবস্থা সহকারে যাহা সম্পূর্ণরূপে প্রত্যক্ষীভূত হইত, আপাতত তাহার আংশিক প্রত্যক্ষ হইতে অবশিষ্ট অপ্রত্যক্ষকে মানসিক ধ্যানে সংযোজন করাই অনুমানের কার্য্য। যদি সকল সময় সকল অবস্থায় সকল বিষয় সম্পূর্ণরূপে প্রত্যক্ষ হইত, তাহা হইলে, আর অনুমানের আবশ্যকতা থাকিত না। তাহা হয় না বলিয়াই অনু-মান অপরিহার্য্য। অনুমান আমাদিগের একটি প্রশস্ত জ্ঞানমার্গ। এমন কি, আমাদের জ্ঞানের অধিকাংশই অনুমানসাপেক্ষ। পূর্ব্ব প্রত্যক্ষ বা তচ্ছায়াই

অনুমানের বেলাভূমি। উহা অতিক্রম করিবার সামর্থ্য অনুমানে নাই। সুতরাং অপ্রত্যক্ষের অনুমান আছে, ইন্দ্রিয়াতীতের অনুমান নাই। অনুমান অপ্রত্যক্ষকে আবির্ভূত করিয়া থাকে, কিন্তু যেখানে প্রত্যক্ষের সম্ভাবনা নাই, অর্থাৎ যেখানে দেশ, কাল, অবস্থা, প্রভৃতিতেও প্রত্যক্ষ হইবার নহে, সেখানে অনুমানের কোন অধিকারই নাই।

অনুমান প্রত্যক্ষমূলক বলিয়া উহার ভ্রমও অপরিহার্য্য। যাহাকে সচরাচর কথায় প্রত্যক্ষ বলে, তাহার প্রায় দশভাগের একভাগ ব্যতীত সমস্তই অনুমান। পরিচিত ব্যক্তির কণ্ঠস্বর শ্রবণ করিলাম। শুদ্ধ তাঁহার তুল্য কণ্ঠস্বর কর্ণগোচর হইল। স্মৃতিপটে সেই কণ্ঠস্বর ব্যক্তিবিশেষ-সমন্বিত-ভাবেই রহিয়াছে। আজি সেই সমন্বিত পূর্ণভাবের কণ্ঠস্বররূপ সামান্য আংশিক প্রত্যক্ষে অবশিষ্ট ব্যক্তি-বিশেষ অনুমিত হইল। তাই বলিলাম, পরিচিত ব্যক্তি আসিয়াছেন। কিন্তু আর কাহারও যদি তাঁহার তুল্য কণ্ঠস্বর থাকে, তাহা হইলেই অনুমান ভ্রান্ত হইল। পরিচিত ব্যক্তিবিশেষ আসিয়াছেন, বলায় দোষ জন্মিল। প্রত্যক্ষের ন্যায় স্মৃতি ও সাদৃশ্যনিরূপণ প্রভৃতির দোষগুণেও অনুমানের দোষগুণ জন্মে। সম্মুখে মনুষ্য দেখিলাম। দৃষ্ট মনুষ্যের বর্ণ, অবয়ব, গঠন প্রভৃতি নয়নগোচর হইল। এই প্রত্যক্ষের সামগ্রীতে শারীরিক তাপ, কোমলতা, প্রভৃতি আপাতত অপ্রত্যক্ষ ত্বাচ্-প্রকরণ অনুমান করিলাম। প্রত্যক্ষ ও অনুমান বলে স্থির হইল যে, দৃষ্টমূর্ত্তি মনুষ্য বিশেষ। নিকটে আসিয়া স্পর্শ করিয়া দেখিলাম, প্রত্যাশিত তাপ, প্রভৃতি অনুভূত হইতেছে না। তখন বুঝিলাম, ভুল হইয়াছে। দৃষ্ট মনুষ্য দর্পণে প্রতিবিম্বিত বা ভাস্করখোদিত মূর্ত্তি মাত্র।

অনুমানে সংসর্গ প্রবল। যাহা সতত একত্র দেখা যায়, তাহার একটি দেখিবামাত্র অপরটি স্বতই মনে আইসে। এই অনুমান-সংশ্লিষ্ট ইন্দ্রিয়-বোধকেই আমরা সচরাচর কথায় প্রত্যক্ষ বলিয়া থাকি। ভূতলে বৃক্ষশাখা দৃষ্ট হইল, এবং দৃষ্ট শাখা হইতে অদৃষ্ট স্কন্ধ, মূল, প্রভৃতি অনুমান করিয়া মনে বৃক্ষের পূর্ণ মূর্ত্তি উপস্থিত করিলাম। ভূতলে দৃষ্ট শাখাগুলির অবশ্যই অদৃষ্ট স্কন্ধ, মূল প্রভৃতি আছে; অনুনানে ইহাই স্থির হইল। কেন না, স্কন্ধ, মূল, শাখা প্রভৃতি সতত সমন্বিত ভাবেই দেখা যায়। কিন্তু যদি কেহ বস্তুতই

কয়েকটি শাখা বৃক্ষ হইতে সদ্যঃ-বিচ্ছিন্ন করিয়া ভূমিতলে বৃক্ষাকারে সাজাইয়া রাখিয়া থাকেন, তাহা হইলেই উক্ত অনুমান ভ্রান্ত হইল।

সাদৃশ্যানুমানেও ঐরূপ। তবে বস্তুগত বাস্তবিক সাদৃশ্যে ব্যাপ্তির প্রসারতা প্রযুক্ত সাম্বন্ধিক সাদৃশ্যের ন্যায় ভ্রম অত্যল্প পরিমাণেই হইয়া থাকে। সাম্বন্ধিক সাদৃশ্যে বস্তুর সংখ্যা অল্প, সদৃশ গুণ বা লক্ষণের সংখ্যাই অধিক। দুই বা বহু বস্তুতে কোন অসাধারণ ধর্ম্ম দর্শনে পরস্পরের সাদৃশ্যানুমানই বাস্তবিক সাদৃশ্যানুমান। জলবিন্দু বা শিশির বিন্দুতে বঙ্কিম সূর্য্যরশ্মি পড়িলে যে বর্ণাবলি অভিব্যক্ত হয়, তদ্দর্শনে রামধনুর বর্ণকেও জলবিন্দু-পতিত-সূর্য্য-কিরণ-সমুদ্ভূত বলিয়া সিদ্ধান্ত করাই বাস্তবিক সাদৃশ্যানুমানের ফল। ইহাতে আমরা নানা বস্তুতে কোন অসাধারণ গুণ বা লক্ষণ দেখিয়া থাকি। কিন্তু সাম্বন্ধিক সাদৃশ্যে সেরূপ হয় না। উহাতে চিন্তনীয় বস্তু অপেক্ষা সদৃশ গুণ বা লক্ষণের সংখ্যাই অধিক হয়। অতএব সাম্বন্ধিক সাদৃশ্য গভীর হইলেও বাস্তবিকের ন্যায় ব্যাপক নহে। মন্ত্রী ও কর্ণধারের কার্য্য সম্পূর্ণ পৃথক্; কিন্তু কর্ণধারের তরীর সহিত যে সম্বন্ধ, মন্ত্রীরও রাজ্যের সহিত সেই সম্বন্ধ; সুতরাং সাম্বন্ধিক সাদৃশ্যে মন্ত্রীকে রাজ্যের কর্ণধার বলা যাইতে পারে। স্বর্ণ পদার্থে ও স্বর্ণ শব্দে কোন সাদৃশ্যই নাই; তথাপি উভয়ে বাচ্যবাচকতা-লক্ষণ-সম্বন্ধ-সূত্রে গ্রথিত বলিয়া একের সাহায্যে অপরের অনুমান হইয়া থাকে। বাস্তবিকেও ভ্রম ঘটে। সাম্বন্ধিকের ত কথাই নাই। কোন ভূমির গোধূমের অংশবিশেষ দেখিয়া তত্রত্য সমস্ত গোধূমের অনুমানই যখন নিঃসংশয় হইতে পারে না, তখন গোধূম দেখিয়া তণ্ডুলের অনুমানে ত সংশয় থাকিবেই থাকিবে। গোধূমে গোধূমে পূর্ণমাত্রায় সাদৃশ্য আছে, বিসদৃশ লক্ষণ নাই বলিলেই হয়; কিন্তু তণ্ডুলে গোধূমে সদৃশ ভাব থাকিলেও অনেক বিসদৃশ লক্ষণ আছে। অতএব ইহাতে ভ্রমের সম্ভাবনাই অধিক। এই সকল বিচার করিয়া দেখিলে, অনুমানের প্রামাণ্যেও নির্ভর করা যাইতে পারে না। আপ্ত-বাক্য-লক্ষণ শব্দের কুত্রাপি ব্যভিচার হয় না। অতএব সর্ব্ব-পুরুষ-পরম্পরাগত-প্রসিদ্ধি সর্ব্বলৌকিকালৌকিক-জ্ঞান-নিদানভূত অপ্রাকৃত-লক্ষণ শব্দের আনুগত্য ব্যতিরেকে কি প্রত্যক্ষ কি অনুমান, কাহারই স্বতন্ত্র

প্রামাণ্য স্বীকার্য্য হইতে পারে না। জীবমাত্রই ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা ও করণাপাটবরূপ-দোষচতুষ্টয়-দুষ্ট; সুতরাং প্রমাতৃজীবগত দোষ সকল প্রমাণেও সঞ্চারিত হয় বলিয়া তৎকৃত প্রমাণও সদোষই হইবে। সদোষ প্রমাণ দ্বারা বস্তুতত্ত্ব নির্ণয় করা নিতান্ত অসম্ভব। এই নিমিত্ত শব্দের—আগমের অনুগত প্রত্যক্ষ ও অনুমানেরই প্রামাণ্য স্বীকৃত হইয়া থাকে। বিশেষত সর্ব্বত্র তর্কের প্রতিষ্ঠা নাই। তবে যেখানে বেদবাক্যের পরস্পর বিরোধ বোধ হইবে, সেই সেই স্থলে শুষ্কতা-দোষ-বিরহিত অনুকূল তর্ক দ্বারা সংশয় চ্ছেদ করিয়া সিদ্ধান্ত করাই কর্ত্তব্য।

বাজসনেয়ীরা বলেন,—"আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ।" মৈত্রেয়ি, আত্মার সাক্ষাৎকার করিবে; এবং উহার সাধনভূত শ্রবণ, মনন ও নিদিধ্যাসন করিবে। কাঠকে বলিয়াছেন,—"নৈষা তর্কেণ মতিরাপনেয়া প্রোক্তান্যেন সুজ্ঞানায় প্রেষ্ঠ।" প্রেষ্ঠ নচিকেত, ব্রহ্ম-জ্ঞানের যোগ্য এই মতিকে শুষ্ক তর্ক দ্বারা অপমার্গে নীত করা কর্ত্তব্য নহে। বেদজ্ঞ গুরু কর্ত্তৃক শিক্ষিত হইলে, উহা সুজ্ঞানের নিমিত্ত হইবে। স্মৃতিতেও বলিয়াছেন,—"পূর্ব্বাপরাবিরোধেন কোঽত্রার্থোঽভিমতো ভবেৎ। ইত্যাদ্যমূহনং তর্কঃ শুষ্কতর্কন্তু বর্জ্জয়েৎ॥" পূর্ব্বাপরের অবিরোধে কোন্ অর্থটি অভি-মত হইতে পারে, ইত্যাদি উহনের নামই তর্ক এবং ঐরূপ তর্কই গ্রাহ্য। শুষ্কতর্ক পরিবর্জ্জন করিবে। বিশেষত শ্রুতিতে বলিয়াছেন,—"নাবেদবিন্মনুতে তং বৃহন্তম্।" "ঔপনিষদং পুরুষং পৃচ্ছামি।" বেদজ্ঞানবিরহিত ব্যক্তি কখনই ব্রহ্মবস্তুকে জানিতে পারেন না। উপনিষৎ-প্রতিপাদ্য পুরুষই জীবের জিজ্ঞাস্য। অতএব বেদানুগত প্রত্যক্ষাদিই প্রমাণ।

পরিশেষে ভক্তির স্বরূপ ও লক্ষণ বিচারিত হইতেছে।

ভক্তিই জীবের একমাত্র পুরুষার্থের সাধন। ঐ ভক্তি হ্লাদিনী শক্তি ও সম্বিৎ শক্তির সারভূতা। সুতরাং ভক্তি জ্ঞানরূপিণী ও আনন্দদায়িনী। জ্ঞানের সারই ভক্তি। ঐ জ্ঞান দ্বিবিধ; বিদ্যা ও বেদন। শুদ্ধত্বম্পদার্থানু-সন্ধি অর্থাৎ নির্ভেদব্রহ্মানুসন্ধানাত্মক জ্ঞানের নাম বিদ্যা। এই বিদ্যা কৈবল্য বা নির্ব্বাণ মুক্তির সাধন। এবং তৎপদার্থ-পরিশুদ্ধি-বিজ্ঞানরূপ সালোক্যাদি-

সাধক জ্ঞান বা বিধিভক্তি, ও নির্গুণভক্তি রূপ প্রকৃত পুরুষার্থসাধক জ্ঞান বা রুচিভক্তির নামই বেদন। শাস্ত্রীয় জ্ঞান বা বৈরাগ্য উভয়ত্রই দ্বারভূত। জ্ঞান ও বৈরাগ্য সামান্যত ভক্তিমার্গে বর্জ্জনীয় হইলেও উহার অবিরোধী জ্ঞান ও বৈরাগ্য যে তৎপ্রবেশের সহায়, তাহা অবশ্য স্বীকার্য্য। যে জ্ঞান ও যে বৈরাগ্য হইতে চিত্তের কাঠিন্য জন্মে, তাহাই ভক্তিমার্গে বর্জ্জনীয় জানিতে হইবে। ভক্তি অতি সুকুমারপ্রকৃতি। কোন কারণে চিত্তের কাঠিন্য জন্মিলে, ভক্তিস্ফূর্ত্তির ব্যাঘাত ঘটে বলিয়াই ভক্তিতত্ত্ববিদ্‌গণ চিত্তের কঠিনতাসাধক জ্ঞানবৈরাগ্যাদি বর্জ্জন করিয়াছেন। কথিত আছে ;—

"কর্ম্ম বিক্ষেপকং তস্যা বৈরাগ্যং রসশোষকম্।
জ্ঞানং হানিকরং তত্তচ্ছোধিতং ত্বনুযাতি তাম্॥"

কর্ম্ম চিত্তকে বিক্ষিপ্ত করে, বৈরাগ্য শুষ্ক করে, জ্ঞান শ্রদ্ধাশূন্য করে বলিয়াই ভক্তিতে ঐ তিনটি বিরোধি বস্তু বর্জনীয় হইয়াছে। ভক্তিশাস্ত্র-শিরোমণি শ্রীমদ্ভাগবতেও উক্ত হইয়াছে ;—

"বদন্তি তৎ তত্ত্ববিদস্তত্ত্বং যজ্জ্ঞানমদ্বয়ম্।
ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে॥
তচ্ছ্রদ্দধানা মুনয়ো জ্ঞানবৈরাগ্যযুক্তয়া।
পশ্যন্ত্যাত্মনি চাত্মানং ভক্ত্যা শ্রুতগৃহীতয়া॥"

তত্ত্ববিদ্‌ব্যক্তিগণের মধ্যে কেহ কেহ ধর্ম্মকেই তত্ত্ব বলিয়া থাকেন। বস্তুত ধর্ম্ম ও তত্ত্ব একই। শাস্ত্রে ক্ষণিক জ্ঞানের ব্যাবর্ত্তন পূর্ব্বক অদ্বয় তত্ত্বজ্ঞানকেই জ্ঞান বলিয়াছেন। ঐ অদ্বয় তত্ত্ব ও ধর্ম্মের বস্তুত কোন ভেদই দেখা যায় না। ঐ তত্ত্বেরও আবার স্বগত ভেদ নাই। বৈদান্তিকেরা যাঁহাকে ব্রহ্ম বলেন, সাংখ্যেরা যাঁহাকে পরমাত্মা বলেন, ভগবদ্ভক্ত সকল তাঁহাকেই ভগবান বলিয়া থাকেন। ঐ তিন তত্ত্বের মধ্যে পরস্পর বস্তুত ভেদ নাই। তবে শক্তির প্রকাশ ও অপ্রকাশে অথবা তত্তারতম্যে ভেদের প্রতীতিমাত্র। শ্রদ্দধান মুনিগণ অনুকূল-জ্ঞান-বৈরাগ্য-যুক্ত শ্রুতগৃহীত ভক্তি দ্বারা আত্মাতেই ঐ তত্ত্বের সাক্ষাৎকার লাভ করিয়া থাকেন।

ভক্তির লক্ষণ যথা, গোপালতাপনীয় শ্রুতিতে,—

"ভক্তিরস্য ভজনং তদিহামুত্রোপাধিনৈরাস্যেনামুষ্মিন্ মনঃকল্পনমেতদেব নৈষ্কর্ম্ম্যমিতি।"

সর্ব্ববিধ-উপাধি-শূন্য হইয়া অনুকূলভাবে শ্রীকৃষ্ণের ভজনের নামই ভক্তি, এবং ইহাতেই নৈষ্কর্ম্ম্যসিদ্ধি।

অবিকল এই শ্রুতির অনুবাদে গোস্বামিপাদগণ ভক্তিরসামৃতসিন্ধুতে ভক্তির যে লক্ষণ করিয়াছেন, তাহা এই—

"অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥"

শ্রীকৃষ্ণসম্বন্ধীয় অনুকূল অনুশীলনকেই সামান্যত ভক্তি বলা যায়। ঐ অনুশীলন যদি জ্ঞান ও কর্ম্ম দ্বারা অনাবৃত এবং ভক্তি ভিন্ন অন্য বস্তুমাত্রের স্পৃহাশূন্য হয়, তবেই তাহাকে উত্তমা ভক্তি বলা যায়।

এই স্থলে শ্রীকৃষ্ণশব্দ তদীয় অবতারাদির উপলক্ষক। ফলত শ্রীকৃষ্ণই ভক্তির অদ্বিতীয় বিষয় বা চরম বিশ্রামস্থান। তাঁহার অন্যান্য অবতারাদিতেও ভক্তির ক্রিয়া হইলেও তত্তদ্বিষয়ে পূর্ণ ক্রিয়ার অসম্ভাবনা প্রযুক্ত তত্তৎস্থলীয় ভক্তির ন্যূনতা অনিবার্য্য। বস্তুত অতল্লিরসনমুখে জ্ঞানদৃষ্ট মায়াতিরিক্ত শক্তিগণরহিত চিন্মাত্রতত্ত্ব ব্রহ্মবস্তুর দিগ্‌দর্শনে বা যোগাদিমার্গানুসন্ধেয় অন্তর্য্যামিত্বময় মায়াশক্তিপ্রচুর চিচ্ছক্ত্যংশযুক্ত পরমাত্মতত্ত্বের পরিদর্শনে ভক্তির যাদৃশী ক্রিয়া লক্ষিত হয়, তাহা পরিপূর্ণসর্ব্বশক্তিসমন্বিত সর্ব্বতত্ত্বাত্মক ভগবানে অর্পিত ভক্তির ক্রিয়ার নিকট অতীব অকিঞ্চিৎকরী। অতএব একমাত্র আনুকূল্যময়ী কৃষ্ণচেষ্টাই ভক্তি। অনুশীলন শব্দে প্রবৃত্ত্যাত্মক ও নিবৃত্ত্যাত্মক শারীরিক, মানসিক ও বাচনিক চেষ্টা এবং প্রীতিবিষয়াত্মক মানসিক ভাব। উহা কেবল শ্রীকৃষ্ণ ও তদ্ভক্তগণের অনুগ্রহেই লব্ধ হইয়া থাকে। ধাতু হইতে অনুশীলন শব্দের ব্যুৎপত্তিলভ্য অর্থ উক্ত প্রকারে দ্বিবিধ হইলেও কারণাত্মক স্বপ্রকাশরহিত ভাবরূপ অনুশীলন, কার্য্যাত্মক স্বপ্রকাশধর্ম্মি চেষ্টারূপ অনুশীলন দ্বারা নিয়ত আচ্ছাদিত আছে বলিয়া চেষ্টাই একমাত্র অনুশীলনের পর্য্যায়রূপে পর্য্যবসিত হইতেছে। এই কৃষ্ণানুশীল অনুকূল হওয়া চাই; প্রতিকূল হইলে, তাহাকে ভক্তি বলা যাইবে না। শ্রীকৃষ্ণবিষয়িণী রোচমানা অর্থাৎ স্পৃহণীয়া

প্রবৃত্তিই এই স্থানে আনুকূল্য শব্দের অর্থ। লক্ষণোক্ত জ্ঞানশব্দে ভজনীয়স্বরূপে অনুসন্ধান ভিন্ন অভেদ ব্রহ্মজ্ঞান এবং কর্ম্ম শব্দে শ্রীকৃষ্ণানুশীলনের উপযোগী সেবনাদি ভিন্ন স্মৃত্যুক্ত নিত্যনৈমিত্তিকাদি কর্ম্মই বুঝিতে হইবে। কারণ, ভক্তিতে ভজনীয়ত্বানুসন্ধানরূপ জ্ঞান এবং শ্রীকৃষ্ণভজনরূপ কর্ম্ম বর্জনীয় নহে; কারণ, উহারা ভক্তিরই অঙ্গ। বস্তুত আমরা শারীরিক, মানসিক বা বাচিক যে কোন বিষয়ে প্রবৃত্ত ও তাহা হইতে নিবৃত্ত হই, এবং যে কোন জ্ঞান উপার্জ্জন করি, সে সমুদায়ই শ্রীকৃষ্ণের প্রীত্যুদ্দেশে, এই প্রকার অনুরাগ রূপ মানসিক ভাব বিশেষের নামই উত্তমা ভক্তি। যদিও জ্ঞানাদিশূন্য অনুকূলতাচরণই সেবন শব্দের মুখ্যার্থ, তথাপি এস্থলে বিশুদ্ধ ভক্তির লক্ষণ প্রদর্শন করিবার নিমিত্ত শারীরিক ব্যাপারাদিরূপ গৌণার্থও বিবক্ষিত হইয়াছে। ভক্তিপদবাচ্য অনুশীলনের তিনটি অবস্থা; সাধন, ভাব ও প্রেম। ইন্দ্রিয়গণের প্রেরণা দ্বারা সাধনীয়া সামান্য-ভক্তির নামই সাধন-ভক্তি। ইহা জীবের হৃদয়নিহিত প্রেমকে উদ্দীপিত করে বলিয়াই ইহাকে সাধন-ভক্তি বলে। শুদ্ধসত্ত্ববিশেষ-স্বরূপ, প্রেমসূর্য্যাংশুসদৃশ এবং রুচি দ্বারা চিত্তের স্নিগ্ধতা সম্পাদক ভক্তিবিশেষের নামই ভাব। এই ভাব প্রেমের প্রথম অবস্থা। এই নিমিত্ত ভাব ঘনীভূত হইলেই তাহাকে প্রেম বলা হয়। বিষয়ভোগসত্ত্বেও সৌভাগ্য বশত যখন জীবের বহির্ম্মুখতার নিবৃত্তি হয়, তখন ঈশ্বর, আত্মা, পরলোক ও কর্ম্মফল, এই সকল বিষয়ে বিশ্বাস জন্মে। ক্রমে তত্তদ্বিষয়ের কিছু কিছু আলোচনারও উদয় হইতে থাকে। এইরূপে অপ্রাকৃত তত্ত্বের আলোচনা হইতে হইতে শ্রবণ-কীর্ত্তনাদি তত্তদ্বিষয়িণী ইন্দ্রিয়চেষ্টার সহিত উহা ক্রমে চরম অবস্থায় উপনীত হয়। ঐ চেষ্টা প্রথমে সাধনরূপেই প্রকাশ পায়। পরে উহা ভাবের উদ্দীপন করে। ঐ ভাব আবার পরিশেষে প্রেমরূপে পরিণত হয়। অতএব প্রেমই উক্ত চেষ্টার চরম ফল। বাস্তবিক, প্রেমই জীবের নিত্য ধর্ম্ম। কিন্তু যতদিন ভগবত্তত্ত্বের অভ্যুদয় না হয়, সেই পর্য্যন্ত উহা অপরিস্ফুটই থাকে। তবে জীবের অবস্থাভেদে সাধন ও ভাব রূপে উহার কিঞ্চিৎ নৈমিত্তিকতামাত্র দৃষ্ট হয়। শ্রীকৃষ্ণবিষয়ক ভাব বাসনারূপে আত্মাতে নিত্যই অবস্থান করিতেছে। সাধন-ভক্তি ঐ ভাবকে জীবের হৃদয়ে প্রকটিত করিয়া দেয় বলিয়াই উহা সাধন রূপে

এবং ভাব সাধ্যরূপে পরিগণিত হইয়া থাকে। বস্তুত ভগবানে যাঁহাদিগের স্বাভাবিক রাগের উদয় আছে, তাঁহারাই প্রকৃত প্রেমিক; তাঁহাদিগের পক্ষে সাধন ভক্তির প্রয়োজনীয়তাই নাই।

বিশুদ্ধা ভক্তি ক্লেশনাশিনী, শুভদায়িনী, মোক্ষলঘুতাকারিণী, সুদুর্লভা, সান্দ্রানন্দস্বরূপিণী ও শ্রীকৃষ্ণাকর্ষণী। ক্লেশ—পাপ, পাপবীজ ও অবিদ্যা ভেদে তিন প্রকার। তন্মধ্যে পাপ দ্বিবিধ; অপ্রারব্ধ ও প্রারব্ধ। যাহাতে কোন ফল অর্থাৎ কূটত্বাদিরূপ কার্য্যাবস্থা আরব্ধ হয় নাই, তাহাকেই অপ্রারব্ধ পাপ বলে। ঐ অপ্রারব্ধ পাপ অদৃষ্টরূপে আত্মাতেই অবস্থান করে; উহা অনাদি ও অনন্ত। আর যাহা ফলোন্মুখ, অর্থাৎ যদ্দ্বারা দুর্জাতিতে জন্মগ্রহণ প্রভৃতি ক্লেশ ভোগ করিতে হয়, তাহাকেই প্রারব্ধ পাপ বলে। আমরা নিষিদ্ধ কর্ম্মের অনুষ্ঠানাদি দ্বারা পূর্ব্বজন্মে অথবা বর্ত্তমানে যে পাপ করিয়াছি বা করিতেছি, যাহার ফলভোগ অবশ্যই আমাদিগকে করিতে হইবে, অর্থাৎ যে পাপ, ফল জন্মাইয়া দেয়, তাহাকেই প্রারব্ধ পাপ কহে। উহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে, আমাদিগের পাপকর্ম্মে প্রবৃত্তি জন্মাইবার কোন একটি বিশেষ কারণ আছে; ঐ কারণটি অনাদি সংস্কাররূপে আত্মাতেই অবস্থিতি করিতেছে। উহা পাপকর্ম্মের প্রবর্ত্তক বলিয়া অপ্রারব্ধ পাপ রূপে কথিত হইয়া থাকে। প্রারব্ধ পাপ উহারই কার্য্যভূত। ঐ কার্য্য আবার ক্রমবিকাশি। অপ্রারব্ধ পাপ ক্রমান্বয়ে কূট, বীজ ও ফলরূপে পরিণত হইয়া থাকে। ফলাবস্থার নামই প্রারব্ধ পাপ। কূট বীজত্বের উন্মুখ অর্থাৎ বীজের কারণ। বীজ আবার অঙ্কুর উৎপাদন করাইয়া তদ্দ্বারা ফলের জনক হয়।

জগতের প্রীতিবিধান, অনুরাগ, সদ্‌গুণ ও সুখ প্রভৃতির নামই শুভ। যিনি শ্রীহরির অর্চ্চনা করেন, তাঁহা হইতে অখিল জগৎ প্রীতি লাভ করে, এবং স্থাবরজঙ্গমাত্মক নিখিল জগৎই তাঁহাতে অনুরক্ত হয়। দেবতাগণ তাঁহাতে অনুরক্ত হইয়া বৈরাগ্যাদি বিবিধ সদ্‌গুণের সহিত তাঁহাতেই অবস্থান করিয়া থাকেন। বৈষয়িক, ব্রাহ্ম ও ঐশ্বর ভেদে সুখও তিন প্রকার। যাঁহারা গোবিন্দে ভক্তি লাভ করেন, তাহাদিগের কি ভুক্তিরূপ বৈষয়িক সুখ কি মুক্তিরূপ ব্রাহ্ম সুখ এবং কি নিত্য পরমানন্দময় ঐশ্বর সুখ সকলই আয়ত্ত

হইয়া থাকে। ঐ হরিভক্তি সুদুর্লভা, অর্থাৎ একমাত্র সাধন ভক্তি ভিন্ন অন্য কোন উপায়ে উহা লাভ করা যায় না। ঐ সাধ্য ভক্তির পর পর আটটি অবস্থা। যথা—ভাব, প্রেম, প্রণয়, স্নেহ, রাগ, মান, অনুরাগ ও মহাভাব।

সাধুসঙ্গাদিজনিত সংস্কার বিশেষ দ্বারা যাঁহার শ্রীকৃষ্ণসেবনে শ্রদ্ধা জন্মিয়াছে এবং যিনি কর্ম্মযোগমাত্রে বৈরাগ্যযুক্ত বা অতিসক্ত হয়েন নাই; অর্থাৎ শ্রীকৃষ্ণের গুণানুবাদাদি ভিন্ন অন্য কর্ম্মে যাঁহার আসক্তি নাই, তিনিই ভক্তিবিষয়ে অধিকারী।

ঐ অধিকারী তিন শ্রেণীতে বিভক্ত; উত্তম, মধ্যম ও কনিষ্ঠ।

যিনি শাস্ত্রে ও শাস্ত্রানুগত যুক্তিবিন্যাসে বিশেষ নিপুণ, যিনি তত্ত্ববিচার, সাধনবিচার এবং পুরুষার্থবিচার, অর্থাৎ শ্রীকৃষ্ণের অতিরিক্ত তত্ত্ব নাই, শ্রবণ কীর্ত্তনাদির অতিরিক্ত সাধন নাই, এবং প্রেমের অতিরিক্ত পুরুষার্থ নাই, এইরূপ স্থিরনিশ্চয় করিয়াছেন; এবং এই প্রকার বিচার দ্বারা ভগবানই একমাত্র উপাস্য বস্তু ও প্রাপ্তির বিষয়, এইরূপ নিশ্চয় যাঁহার দৃঢ়তর হইয়াছে, এবং বিশ্বাসও প্রগাঢ় হইয়াছে, তিনিই ভক্তিবিষয়ে উত্তম অধিকারী।

যিনি শাস্ত্রে ও শাস্ত্রানুমোদিত যুক্তি প্রদর্শনে বিশেষ নৈপুণ্য লাভ করিতে পারেন নাই; কিন্তু তাহাতে শ্রদ্ধাবান হইয়াছেন, তিনিই মধ্যম অধিকারী।

শাস্ত্রে ও শাস্ত্রানুগত যুক্তি প্রদর্শনে নৈপুণ্য লাভ দূরে থাকুক, যাঁহার বিশ্বাসও কোমল, অর্থাৎ বিরুদ্ধ শাস্ত্র ও যুক্তি দ্বারা যাঁহার বিশ্বাস অনায়াসেই শিথিল করা যাইতে পারে, তিনিই ভক্তি বিষয়ে কনিষ্ঠ অধিকারী।

গোবিন্দভাষ্যবিবৃতি সমাপ্ত।

কলিকাতা—গোপীকৃষ্ণ পালের লেন নং ১৫, নূতন বাঙ্গালা যন্ত্রে মুদ্রিত। সন—১৩০১।

নিম্ন-লিখিত পুস্তকগুলি কলিকাতা—নিমতলা—গোপীকৃষ্ণ পালের লেন ১৫ নং ভবনে পুরাণ-কার্য্যালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। শ্রীযুক্ত বাবু কৃষ্ণগোপাল ভক্ত মহাশয়ের নিকট মূল্যসহ পত্র লিখিলেই পাওয়া যায়। মূল্য, মণি-অর্ডর দ্বারা পাঠাইতে হয়। অল্প হইলে অর্দ্ধ আনা মূল্যের টিকিট দ্বারা পাঠাইলেও চলিবে। অন্তত পাঠাইবার খরচ অগ্রিম পাঠাইলে ভ্যালুপেয়েবল-পোষ্টেও পাঠান হয়।

(১) শ্রীযুক্ত বাবু কৃষ্ণগোপাল ভক্ত সম্পাদিত।

১। অভূতপূর্ব্ব সুলভ,
একত্র সংগৃহীত ও বিশুদ্ধ সংস্করণ

শ্রীমদ্ভাগবত।

বিশেষ বিবরণ স্বতন্ত্র বিজ্ঞাপনে দ্রষ্টব্য।

২। শ্রীমন্মধুসূদনসরস্বতী-কৃতা

শ্রীমদ্ভাগবতাদ্যশ্লোকত্রয়স্য টীকা।

মূল্য চারি আনা; ডাকে মাসুল অর্দ্ধ আনা।

৩। বেদান্তদর্শন।

শ্রীমদ্বলদেব-বিদ্যাভূষণ-বিরচিত সটীক গোবিন্দভাষ্য, অনুবাদ ও বিবৃতি সমেত। ২৯ খণ্ডে সম্পূর্ণ হইয়াছে। মূল্য সাত টাকা আট আনা। মফস্বলে পাঠাইবার খরচ আট আনা।

৪। যোগশাস্ত্র—শিবসংহিতা।

অনুবাদ ও যোগশাস্ত্রসম্বন্ধীয় অত্যাবশ্যক টিপ্পনী সমেত। উত্তমরূপে বাঁধান। মূল্য দেড় টাকা; মফস্বলে পাঠাইবার খরচ দুই আনা।

৫। মহানির্ব্বাণ তন্ত্র।

কুলাবধূত শ্রীমদ্ হরিহরানন্দ ভারতী বিরচিত টীকা এবং শ্রীযুক্ত বৃদ্ধ জগন্মোহন তর্কালঙ্কার কৃত অনুবাদ ও প্রায় ৪০০ অতি প্রয়োজনীয় টিপ্পনী সমেত। কিঞ্চিদধিক ৯০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। বিলাতী কাপড়ে উত্তমরূপে বাঁধান। মূল্য ছয় টাকা স্থলে সম্প্রতি পাঁচ টাকা; মফস্বলে পাঠাইবার খরচ আট আনা।

৬। বাল্মীকি রামায়ণের গদ্য অনুবাদ।

বিভিন্ন প্রকার মূল গ্রন্থের সহিত সামঞ্জস্য করিয়া ইহার অনুবাদ হইয়াছে। ইহাতে মূলের একটি বর্ণও পরিত্যক্ত হয় নাই। অথচ ভাষা যতদূর সরল ও প্রাঞ্জল হইতে পারে, হইয়াছে। ৺ কালীপ্রসন্ন সিংহ মহোদয়ের মহাভারতের পর এরূপ অবিকল অথচ প্রাঞ্জল অনুবাদ আর দেখা যায় নাই।

সুবৃহৎ আকারের ১৬০০ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য বার টাকা আট আনা স্থলে সম্প্রতি পাঁচ টাকা; মফস্বলে পাঠাইবার খরচ এক টাকা চারি আনা।

৭। স্বর্গীয় স্যার রাজা রাধাকান্ত
দেব বাহাদুর সঙ্কলিত

শব্দকল্পদ্রুম।

(বাঙ্গালা অক্ষরে দ্বিতীয় সংস্করণ)

মূল্য ৭৫ টাকা স্থলে সম্প্রতি ৬০ টাকা; মফস্বলে পাঠাইবার খরচ পাঁচ টাকা।

শব্দকল্পদ্রুমের অন্তর্গত কোন কোন খণ্ডের আবশ্যক হইলেও পাওয়া যায়। মূল্য প্রতি খণ্ড এক টাকা; ডাকমাসুল এক আনা।

৮। দশরথ-কৃত-

শনৈশ্চরস্তোত্রম্।

শনিগ্রহ-প্রপীড়িত ব্যক্তিমাত্রেরই পাঠ করা একান্ত কর্ত্তব্য। মূল্য এক আনা; ডাকমাসুল অর্দ্ধ আনা।

৯। বিশ্বরহস্য।

অতি আশ্চর্য্য প্রাকৃতিক ও লৌকিক রহস্যসন্দর্ভ। মূল্য আট আনা; ডাকমাসুল অর্দ্ধ আনা।

১০। চাতকভৃঙ্গবিবাদ।

খণ্ডকাব্য-বিশেষ; বিবিধ ছন্দোবন্ধে বিরচিত।

মূল্য আড়াই আনা; ডাকমাসুল অর্দ্ধ আনা।

১। শ্রীশ্রীগুরুতন্ত্রম্।

৪০০ বৎসরের হস্তলিখিত প্রাচীন পুথি দৃষ্টে মুদ্রিত। শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কার কর্তৃক অনুবাদ সমেত। মূল্য চারি আনা স্থলে সম্প্রতি দুই আনা। ডাকমাসুল অর্দ্ধ আনা।

২। কৃষ্ণদাসচরিতম্।

খণ্ডকাব্যম্।

স্বর্গীয় কৃষ্ণদাস পালের জীবনীর
প্রধান প্রধান ঘটনাবলী
সুললিত সংস্কৃত কবিতায় লিখিত।

মূল্য দুই আনা; ডাকমাসুল অর্দ্ধ আনা।

৩। মিবারদলন কাব্য।

চিতোরের হৃদয়ভেদী পরিণাম—অমিত্রাক্ষরচ্ছন্দে বিরচিত। মূল্য এক টাকা স্থলে সম্প্রতি আট আনা; ডাকমাসুল এক আনা।

৪। মধুবিলাপ।

অর্থাৎ মাইকেল মধুসূদন দত্তের
বিয়োগ-জনিত বিলাপ।

মূল্য এক আনা; ডাকমাসুল অর্দ্ধ আনা।

৫। বাবু রাজনারায়ণ বসু প্রণীত

সেকাল আর একাল।

মূল্য আট আনা; ডাকমাসুল অর্দ্ধ আনা।

৬। বাঙ্গালা মুদ্রাঙ্কনের ইতিবৃত্ত।

নামেই গ্রন্থের পরিচয় পাওয়া যাইতেছে। মূল্য চারি আনা; ডাকমাসুল অর্দ্ধ আনা।

৭। পণ্ডিত কৃষ্ণধন বিদ্যারত্ন
অনুবাদিত হরিবংশের অন্তর্গত

(১) মধুময় কৃষ্ণলীলাপূর্ণ বিষ্ণুপর্ব্ব।

মূল্য দেড় টাকা স্থলে সম্প্রতি আট আনা; ডাকমাসুল দুই আনা।

(২) ঐ ঐ ভবিষ্যপর্ব্ব।

মূল্য এক টাকা স্থলে সম্প্রতি ছয় আনা; ডাকমাসুল দুই আনা।

৮। ইচ্ছামূলাকর্ষণ।

অঙ্ক পুস্তক; ইহ। দ্বারা বর্গ ঘন প্রভৃতি সকল প্রকার মূল ইচ্ছামত আকর্ষণ করিতে পারা যায়। মূল্য পাঁচ আনা স্থলে সম্প্রতি তিন আনা; ডাকমাসুল অর্দ্ধ আনা।

৯। লাট রিপণ সাহেবের বক্তৃতা।

(ইংরাজী)

লর্ড রিপণের তুল্য প্রজারঞ্জন লাটসাহেব ভারতবর্ষে পদার্পণ করিয়া কোথায় কি বলিয়াছেন, তাহা এই পুস্তক পাঠে জানিতে পারা যায়। ইহা সকলেরই পাঠ করা কর্ত্তব্য। মূল্য সর্ব্বসাধারণের সুবিধার নিমিত্ত এবং বাহুল্যরূপে প্রচারের নিমিত্ত, ক্ষতি স্বীকার করিয়াও দুই টাকা স্থলে সম্প্রতি আট আনা। মফস্বলে পাঠাইবার খরচ দুই আনা। উত্তমরূপে বিলাতী কাপড়ে বাঁধানর মূল্য এক টাকা; পাঠাইবার খরচ চারি আনা।

---

(৩) পুরাণ-কার্য্যালয়ে বিক্রয়ার্থ স্থাপিত।

১। শ্রীমদ্ভগবদ্গীতা।

শ্রীমদ্বলদেববিদ্যাভূষণ-কৃত ভাষ্য, শ্রীযুক্ত শ্রীধরস্বামি-কৃত টীকা, সানুবাদ গীতামাহাত্ম্য এবং শ্রীযুক্ত শ্যামলাল গোস্বামি-কৃত বাঙ্গালা অনুবাদ ও সমালোচন সমেত। মূল্য আড়াই টাকা; ডাকে পাঠাইবার খরচ তিন আনা।

২। প্রমেয়রত্নাবলী।

শ্রীযুক্ত গোকুলচন্দ্র গোস্বামিকৃত অনুবাদ সমেত মূল্য বার আনা; ডাকমাসুল অর্দ্ধ আনা।

৩। প্রাণতোষিণী।

মূল্য সম্প্রতি দুই টাকা; পাঠাইবার খরচ চারি আনা।

৪। গুপ্তলিপি।

(অপূর্ব্ব নবন্যাস) ২য় ভাগ।

মূল্য এক টাকা স্থলে সম্প্রতি আট আনা; ডাকমাসুল এক আনা।

৫। ভূগোলরত্নাকর।

ভূগোলবিশেষ। মূল্য এগার আনা স্থলে সম্প্রতি ছয় আনা। ডাকমাসুল অর্দ্ধ আনা।

বেদান্তদর্শনের নির্ঘণ্ট।*

অ

* অনায়াসে সূত্র বাহির করিবার সুবিধার নিমিত্ত আমরা চারি অধ্যায়ের সূচী একত্র করিয়া অকারাদিবর্ণক্রমে আভিধানিক নিয়মানুসারে যথাক্রমে বিন্যস্ত করিয়া দিলাম।

আ

ই

ঈ

উ

নির্ঘণ্ট।

ঊ

এ

সূত্র,		অধ্যায়াঙ্ক,	পাদাঙ্ক,	সূত্রাঙ্ক,	পত্রাঙ্ক।

ন

প

ফ

হ

মুখবন্ধ।

এই বেদান্ত-দর্শন সমুদায় দর্শনশাস্ত্রের শিরোমণি স্বরূপ। ইহা ভগবদবতার মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস কর্ত্তৃক ব্রহ্মনির্ণয়ার্থ সূত্ররূপে নিবদ্ধ, এবং এই জন্যই ব্রহ্মসূত্র বা বেদান্তসূত্র বলিয়া প্রসিদ্ধ। ইহাতে সমুদায় শাস্ত্রের মীমাংসা করা হইয়াছে বলিয়া ইহার অপর নাম উত্তর-মীমাংসা-দর্শন বা উত্তর-মীমাংসা-সূত্র। ঐ সকল বেদার্থ-নির্ণায়ক সূত্র অতীব সঙ্ক্ষেপে নিবদ্ধ হইয়াছে দেখিয়া সাধারণের দুর্ব্বোধ্য বিবেচনায় করুণাময় মহর্ষি বেদব্যাস স্বয়ংই উহার ভাষ্য প্রণয়নকার্য্যে প্রবৃত্ত হয়েন। তৎপ্রণীত শ্রীমদ্ভাগবত মহাপুরাণই ঐ ব্রহ্মসূত্র বা বেদান্তসূত্রের ভাষ্য বলিয়া প্রসিদ্ধ। গরুড়পুরাণ প্রভৃতি অন্যান্য মহাপুরাণেও এই বিষয়ের সুস্পষ্ট উল্লেখ দেখিতে পাওয়া যায়। ব্রহ্মসূত্রের শ্রীমদ্ভাগবতরূপ ভাষ্যগ্রন্থ ভগবান বেদব্যাসের সমাধিলব্ধ বস্তু। শাস্ত্রে কথিত আছে, মহর্ষি বেদব্যাস পরম ভাগবত দেবর্ষি নারদের উপদেশানুসারে সমাধিযোগে উক্ত ভাষ্যগ্রন্থ লাভ করেন ও সাধারণের বিদিতার্থ জগতে প্রচার করিয়া সংতৃপ্ত-হৃদয় হয়েন। কালক্রমে অনেকানেক সুপণ্ডিত মহোদয়গণ এই অবনীমণ্ডলে জন্মগ্রহণ করিয়া স্ব স্ব সম্প্রদায়ের অনুরোধে, নিজ নিজ বুদ্ধি বিবেচনা অনুসারে, উক্ত সূত্র সকলের এক এক খানি সাম্প্রদায়িক ভাষ্যও রচনা করিয়া গিয়াছেন। প্রচলিত ভাষ্য সকলের মধ্যে রামানুজ, মধ্ব, বিষ্ণুস্বামী ও নিম্বাদিত্য, এই চারি সম্প্রদায়ের চারিখানি এবং বৌদ্ধবুদ্ধি-বিমোহনার্থ ধরাধামে অবতীর্ণ শঙ্করাবতার শ্রীমৎ-শঙ্করাচার্য্যের একখানি, এই পাঁচখানি ভাষ্যই সুপ্রসিদ্ধ।

বেদান্তসূত্রের শ্রীমদ্ভাগবতরূপ অকৃত্রিম ভাষ্যগ্রন্থ থাকিতে ভাষ্যান্তরের তাদৃশ প্রয়োজন না দেখিয়া ভগবান শ্রীকৃষ্ণচৈতন্যদেব স্বয়ং ঐ বেদান্তসূত্রের কোন ভাষ্য রচনা করেন নাই। তবে শ্রীমন্মধ্ব মুনি প্রণীত ভাষ্যকেই অপেক্ষাকৃত শ্রীমদ্ভাগবতের অনুমোদিত দেখিয়া তিনি উহাকেই স্বীয় সম্প্রদায়ের ভাষ্য বলিয়া একপ্রকার স্বীকার করিয়া গিয়াছেন। ভগবান চৈতন্যদেবের পার্ষদ শ্রীশ্রীগোস্বামিপাদগণও তদনুসারে উক্ত বেদান্তসূত্রের কোন ভাষ্যরচনাকার্য্যে

প্রবৃত্ত হয়েন নাই। ফলত, মাধ্ব ভাষ্যের যে যে অংশ আপাতত শ্রীমদ্ভাগবতের বিরোধী বলিয়া প্রতীয়মান হয়, ভগবান চৈতন্যদেব সেই সেই অংশের প্রকৃত অর্থ আবিষ্কার করিয়া তাহার সামঞ্জস্য করিয়া দেন; পরন্তু সেইগুলি তৎকাল পর্য্যন্ত কেহ গ্রন্থনিবদ্ধ করেন নাই দেখিয়া শ্রীযুক্ত পণ্ডিত বলদেব বিদ্যাভূষণ তাহা স্বতন্ত্র ভাষ্যরূপে প্রকাশ করিতে মানস করিয়াছিলেন; কিন্তু বক্ষ্যমাণ ঘটনার পূর্ব্বে তিনি তাহাতে হস্তক্ষেপ করেন নাই। ঘটনাটি এই :—

বলদেব বিদ্যাভূষণ মহাশয় শ্রীকৃষ্ণচৈতন্যসম্প্রদায়ের মধ্যে একজন অদ্বিতীয় পণ্ডিত ছিলেন, দর্শনশাস্ত্রে বিশেষত ভক্তিশাস্ত্রে তাঁহার অসাধারণ ব্যুৎপত্তি ছিল; অধিক কি, তাঁহার সময়ে তাঁহার তুল্য পণ্ডিত আর দ্বিতীয় ছিলেন না বলিলেও অত্যুক্তি হয় না। তিনি যখন শ্রীবৃন্দাবনধামে বাস করিতেছিলেন, সেই সময় একদিন শঙ্করমতাবলম্বী একজন অদ্বৈতবাদী পণ্ডিতের সহিত তাঁহার বিচার উপস্থিত হয়। ঐ বেদান্তবিচারে তিনি শ্রীকৃষ্ণচৈতন্যদেব স্বীকৃত অর্থাবলম্বনেই প্রতিপক্ষীয় পণ্ডিতের পরাজয় সাধনের প্রয়াস পাইয়াছিলেন। উক্ত অদ্বৈতবাদী, বিদ্যাভূষণ মহাশয়ের অশ্রুতপূর্ব্ব যুক্তিরূপ শরনিকরে নিপীড়িত হইয়া তাঁহাকে নিরস্ত করিবার অভিপ্রায়েই জিজ্ঞাসা করিলেন, আপনার এই সকল যুক্তি কোন্ সম্প্রদায়ের ভাষ্যের অনুগত? তাহাতে বিদ্যাভূষণ মহাশয় উত্তর করেন যে, উহা শ্রীকৃষ্ণচৈতন্য সম্প্রদায়ের ভাষ্যের অনুগত। এইরূপ উত্তর শ্রবণ করিয়া উক্ত অদ্বৈতবাদী তদুক্ত ভাষ্য দেখিতে ইচ্ছা করেন। তখন বিদ্যাভূষণ মহাশয় বৃন্দাবনধামের অধিষ্ঠাতৃদেব শ্রীশ্রীগোবিন্দ জীউর স্বপ্নলব্ধ আদেশে এই ভাষ্য এক মাসের মধ্যেই রচনা করিয়াছিলেন; এইরূপ প্রবাদ আছে। এই ভাষ্যের গোবিন্দভাষ্য নাম হইবার কারণও ইহাই। ফলত, এই ভাষ্য মাধ্ব ভাষ্য অপেক্ষাও প্রাঞ্জল। এই ভাষ্য শ্রীমদ্ভাগবতেরই সঙ্ক্ষেপ। ইহা মহাপ্রভুর পার্ষদ পূজ্যপাদ গোস্বামিপ্রভুগণের গ্রন্থানুমোদিত সুতরাং শ্রীশ্রীমহাপ্রভুরও মতানুমোদিত ভাষ্য। এই ভাষ্যে তর্ক, যুক্তি ও সিদ্ধান্ত সকল যে ভাবে সন্নিবেশিত হইয়াছে, প্রচলিত কোন দর্শনশাস্ত্রেই প্রায় সেরূপ দেখা যায় না।

বিদ্যাভূষণ মহাশয় বৈষ্ণবজগতে সুপরিচিত। ইনি স্বীয় চরিত্র ও পাণ্ডিত্য দ্বারা জগন্মান্য হইয়া গিয়াছেন। ইহাঁর রচিত এই ভাষ্যরত্ন গোবিন্দভাষ্য

ইঁহাকে পণ্ডিতসমাজে চিরস্মরণীয় করিয়া রাখিয়াছে। বিদ্যাভূষণ মহাশয় এই গোবিন্দ ভাষ্য ভিন্ন আরও অনেকগুলি উৎকৃষ্ট গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন। তদ্রচিত অপর গ্রন্থসকলের মধ্যে সিদ্ধান্তরত্ন বা ভাষ্যপীঠক, প্রমেয়রত্নাবলী, বেদান্তস্যমন্তক, গীতাভাষ্য ও দশোপনিষদ্ভাষ্যই সুপ্রসিদ্ধ। বেদান্তস্যমন্তক ও প্রমেয়রত্নাবলী একপ্রকার মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। কিন্তু অবশিষ্ট কয়েকখানি এপর্য্যন্ত প্রকাশিত হয় নাই। এই ভাষ্যের অনুবাদক, ব্যক্তি-বিশেষের সহযোগে আর একবার এই ভাষ্যখানি প্রচারের নিমিত্ত চেষ্টা করিয়াছিলেন, কিন্তু তাঁহার সে চেষ্টা ফলবতী হয় নাই। উহা যথোপযুক্ত রূপে মুদ্রিত ও প্রকাশিত হইতেও আরম্ভ হয় নাই; অধিকন্তু, যৎসামান্য অংশমাত্র প্রচারিত হইবার পরই উহা বন্ধ হইয়া যায়। ঈদৃশ মহার্হ দুর্লভ গ্রন্থ প্রচারের এরূপ আকালিক পরিণাম দর্শনে সহৃদয় মাত্রই যে নিরতিশয় ব্যথিত ও ক্ষুব্ধ হইয়াছেন, তাহাতে সন্দেহ নাই। সেই ব্যথা ও ক্ষোভ অপনয়ন করণ মানসে, অনেকের অনুরোধে, আমরা এই ভাষ্যের প্রচারকার্য্যে প্রবৃত্ত হইয়াছি।

এই ভাষ্যগ্রন্থ অতীব দুরূহ ও দুষ্প্রাপ্য;—ইহা সচরাচর প্রায় কুত্রাপি দেখিতে পাওয়া যায় না; এমন কি, বাঙ্গালা গবর্ণমেণ্টের আদেশ অনুসারে রাজা রাজেন্দ্র লাল মিত্র সি. আই. ই. এলএল. ডি. মহাশয় ভারতবর্ষের ভিন্ন ভিন্ন স্থানের হস্তলিখিত সংস্কৃত গ্রন্থের যে পরিপাটী তালিকা প্রস্তত করিয়াছেন। তন্মধ্যেও কোন স্থানে ইহার উল্লেখ নাই। আমাদের পরিচিত যে দুই এক মহাত্মার নিকট দুই একখানি গ্রন্থ আছে বলিয়া বোধ হয়, তাঁহারা ইহা দেখাইতে চাহেন নাই; এমন কি তাঁহাদের নিকট ইহার সত্তা পর্য্যন্ত অস্বীকার করেন। নিরতিশয় ক্ষোভের বিষয় যে, শাস্ত্র-শাসন-ভীরু আমাদের পণ্ডিত মণ্ডলীর মধ্যে কতিপয় মহাপুরুষের এইরূপ অনুদারতাপ্রযুক্ত আমাদের অনেকানেক মহার্হ গ্রন্থই বিলুপ্ত হইয়া গিয়াছে ও যাইতেছে। বলা বাহুল্য যে, কোন একখানি হস্তলিখিত গ্রন্থ মুদ্রিত করিতে হইলে যত অধিক গ্রন্থের সংগ্রহ হয়,—যত অধিক গ্রন্থের সহিত মিলাইয়া লইতে পারা যায়,—মুদ্রিত গ্রন্থ ততই পরিশুদ্ধ ও ভ্রম-প্রমাদাদি-পরিশূন্য হইয়া থাকে। কিন্তু অত্যন্ত দুঃখ সহকারে প্রকাশ করিতেছি যে, বহু অনুসন্ধান ও পরিশ্রম স্বীকার করিয়াও উল্লিখিত কারণ বশত আমরা হস্তলিখিত এই গ্রন্থ আশানুযায়ী সংগ্রহ করিতে পারি নাই। পরমোদারচেতা

পূজ্যপাদ শ্রীযুক্ত গোকুলচাঁদ গোস্বামী মহাশয়ের গ্রন্থই আমাদের এক্ষণে প্রধান অবলম্বন; অন্য দুই এক খানি যাহা হস্তগত হইয়াছে, তাহা তাদৃশ বিশুদ্ধ বা সম্পূর্ণ নহে। এক্ষণে যদি অপর কোন মহাত্মার নিকট সম্পূর্ণ গ্রন্থ বিদ্যমান থাকে, অনুগ্রহ পূর্ব্বক তিনি আমাদিগকে তাহা প্রদান করিলে, একখানি মুদ্রিত গ্রন্থ উপহার স্বরূপ প্রদান সহকারে আমরা তাঁহার প্রদত্ত গ্রন্থখানি সর্ব্বতোভাবে অবিকৃত অবস্থাতেই তাঁহাকে প্রত্যর্পণ করিব।

এই ভাষ্যের যে টীকাখানি আমরা প্রকাশ করিতেছি, তাহা কাহার কৃত, এ বিষয়ের কোথাও স্পষ্ট উল্লেখ নাই; তবে, রচনাগত সাদৃশ্যাদি দর্শনে বোধ হয়, এই টীকাও উক্ত বিদ্যাভূষণ মহাশয়েরই বিরচিত। যাহা হউক, ইহাতে বেদান্তসূত্র, বিদ্যাভূষণ মহাশয় কৃত গোবিন্দভাষ্য, তাহার টীকা এবং শ্রীশ্রীনিত্যানন্দবংশাবতংস শ্রীযুক্ত শ্যামলাল গোস্বামী কৃত তাহার বাঙ্গালা অনুবাদ সন্নিবেশিত হইয়াছে। অধিকন্তু এই দুরূহ বেদান্তশাস্ত্রের সুখবোধার্থ উক্ত গোস্বামী মহাশয় বহু পরিশ্রমে যে একখানি বিবৃতি সঙ্কলন করিয়াছেন, তাহাও প্রতিখণ্ডে দুই এক ফর্ম্মা করিয়া ইহার সহিত প্রকাশিত হইতেছে। দর্শনশাস্ত্রে অধিকন্তু বেদান্তশাস্ত্রে বিশেষ অধিকার না থাকিলে গোবিন্দভাষ্য সহসা হৃদয়ঙ্গম হয় না। এই জন্য তত্তৎগ্রন্থের সারসঙ্কলন পূর্ব্বক গোস্বামী মহাশয় বাঙ্গালা ভাষায় এই বিবৃতিখানি প্রস্তুত করিয়াছেন। এই বিবৃতি মনঃসংযোগ সহকারে পাঠ করিলে, বোধ করি, গোবিন্দভাষ্য বুঝিতে অনেক সুবিধা হইবে।

উপসংহার স্থলে আশা করি, শ্রীগোবিন্দকৃপানিদেশে আমরাও অল্পকাল মধ্যেই এই গ্রন্থ সম্পূর্ণ প্রচার করিতে সমর্থ হইব; এবং সহৃদয় মহোদয়গণের সহানুভূতি পাইলে গ্রন্থ সমাপনের পর বিদ্যাভূষণ মহাশয়ের উল্লিখিত অপ্রকাশিত গ্রন্থসমূহ এবং বৈষ্ণবসম্প্রদায়ের অপরাপর উৎকৃষ্ট গ্রন্থ সকলও এই ভাবেই প্রচার করিতে উদ্যোগী হইব। এক্ষণে এতদ্দ্বারা সহৃদয় পাঠকমণ্ডলীর তৃপ্তিসাধন হইলেই শ্রম সফল জ্ঞান করি।

সম্পাদক।

আশ্বিন—১২৯৭।

উৎসর্গপত্র.

বিবিধগুণগ্রামবিভূষিত,

অশেষকলাকুশল, নিখিলরাজগুণরাজিসমলঙ্কৃত,

রাধাকৃষ্ণপদারবিন্দমধুপ,

ধর্ম্মপ্রাণ, সৎকবি, বৈষ্ণবাগ্রগণ্য,

চন্দ্রবংশাবতংস,

ত্রিপুরাধীশ্বর শ্রী শ্রী শ্রী শ্রী শ্রীলশ্রীযুক্ত বীরচন্দ্র মাণিক্য দেব বর্ম্ম

মহারাজ বাহাদুর শ্রীশ্রীচরণকমলেষু—

মহারাজ বাহাদুর!

শ্রীমদ্ভাগবতের প্রতি শ্রীশ্রীমন্মহারাজের প্রগাঢ় অনুরাগ। এই অনুরাগ ঐ অপূর্ব্ব গ্রন্থের প্রচারবাহুল্য সম্বন্ধে মহারাজের অকাতর মুক্তহস্ততার সঙ্গে সঙ্গেই জগতে অভিব্যক্ত হইয়া পড়িয়াছে। সেই শ্রীমদ্ভাগবত মহর্ষি শ্রীকৃষ্ণ-দ্বৈপায়নের ব্রহ্মসূত্র বা বেদান্তসূত্রের অকৃত্রিম ভাষ্যস্বরূপ। বৈষ্ণবচূড়ামণি অসাধারণ-মনীষাসম্পন্ন শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ মহোদয় গোবিন্দভাষ্য প্রণয়ন করিয়া এই বাক্যের যাথার্থ্য নিঃসংশয়িতরূপে প্রতিপন্ন করিয়াছেন। অতএব শ্রীশ্রীমন্মহারাজ যে আমাদিগের প্রকাশিত এই শ্রীমদ্‌গোবিন্দভাষ্যসমেত বেদান্তসূত্রের প্রতিও অনুরাগী হইবেন, ইহা স্বতঃসিদ্ধ। শ্রীশ্রীমন্মহারাজ স্বয়ংও ইতিপূর্ব্বে এই পরমোপাদেয় পবিত্র গ্রন্থ প্রকাশের অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন। আমরা ভবদীয় সেই সদভিপ্রায়-প্রণোদিত হইয়াই পরমোৎসাহ সহকারে, বহুল যত্ন আয়াস ও পরিশ্রমাদি স্বীকার করিয়া, এই শ্রীমদ্‌গোবিন্দ-ভাষ্যসমেত বেদান্তদর্শন গ্রন্থখানি অনুবাদ সহ সম্পাদিত ও মুদ্রিত করিয়াছি।

এই পরমপবিত্র বৈষ্ণবগ্রন্থ সম্পাদন ও মুদ্রাঙ্কন আরম্ভ করিবার পূর্ব্বেই শ্রীশ্রীমন্মহারাজের প্রাতঃস্মরণীয় নামে উৎসর্গ করিবার সঙ্কল্প করিয়াছিলাম।

গ্রন্থ সমাপনের পর সেই সঙ্কল্প সাধনের অভিপ্রায়ে মহারাজের অলোকসামান্য গুণগ্রামে সমাকৃষ্ট হইয়া আমরা মহারাজের রাজধানী পর্য্যন্ত গমন করিয়া অনুমতি গ্রহণ পূর্ব্বক আন্তরিক ভক্তি ও শ্রদ্ধার সহিত পরম সমাদরে মহারাজের জগদ্‌বিখ্যাত সুপবিত্র নামে এই দুর্লভ গ্রন্থখানি উৎসর্গ করিলাম। এতদ্দ্বারা মহারাজের যশোজ্যোৎস্না সমধিক পরিমাণে ও সর্ব্বতোভাবে সমুজ্জ্বলিত হইয়া দিগ্‌দিগন্তে পরিব্যাপ্ত হউক।

এক্ষণে মহারাজ স্বীয় স্বভাবসিদ্ধ সহৃদয়তা-গুণে আমাদিগের অশেষবিধ ত্রুটি মার্জ্জনা পূর্ব্বক এই ভক্তিগ্রন্থখানি গ্রহণ করিয়া কিয়ৎপরিমাণে সন্তুষ্ট হইলেই আমরা সমুদায় পরিশ্রমাদি সার্থক জ্ঞান করিব—কৃতকৃতার্থ হইব।

বিনয়াবনত

শ্রীকৃষ্ণগোপাল ভক্ত

সম্পাদক।

পুরাণ-কার্য্যালয়।

কলিকাতা—গোপীকৃষ্ণ পালের লেন নং ১৫।

শকাব্দা—১৮১৬।

বেদান্তদর্শন।

মহর্ষি-বেদব্যাসকৃত উত্তরমীমাংসা বা ব্রহ্মসূত্র।

সটীক

শ্রীমদ্‌-বলদেব-বিদ্যাভূষণ-কৃত শ্রীমদ্‌-গোবিন্দভাষ্য

এবং

শ্রীযুত শ্যামলাল গোস্বামী সিদ্ধান্তবাচস্পতি কৃত বঙ্গানুবাদ

ও গোবিন্দভাষ্য-বিবৃতি সমেত।

শ্রীযুত কৃষ্ণগোপাল ভক্ত সম্পাদিত।

বেদান্তবাক্যেষু সদা রমন্তঃ * * * * ।

* * * * কৌপীনবন্তঃ খলু ভাগ্যবন্তঃ ॥

কলিকাতা:

গোপীকৃষ্ণ পালের লেন নং ১৫:

পুরাণ-কার্য্যালয় হইতে শ্রীরাখালচন্দ্র মিত্র কর্ত্তৃক

মুদ্রিত ও প্রকাশিত।

শ্রাবণ.—১৩০১।

M. P. ৫১

উপসংহারিক বিজ্ঞাপন

শ্রীশ্রীমদ্‌গোবিন্দ-কৃপানিদেশে আরম্ভ করিয়া, আজি অতি শুভদিনে—শ্রীশ্রীমদ্‌বলদেবের শুভ জন্মোৎসব দিবসে—শ্রীশ্রীকৃষ্ণের শুভ হিন্দোল (ঝুলন) উৎসবের শেষ দিবসে,—আমাদের অবলম্বিত সটীক ও সানুবাদ শ্রীমদ্বলদেব-বিদ্যাভূষণ-প্রণীত বেদান্তসূত্রের শ্রীমদ্‌গোবিন্দভাষ্যের মুদ্রণ-কার্য্য আমরা সম্পূর্ণরূপে সমাপ্ত করিতে সমর্থ হইলাম। বিগত ১২৯৭ সালের আশ্বিন মাসে এই মহদ্ব্যাপার-সম্পাদন-ভার আমরা গ্রহণ করিয়াছিলাম; শ্রীশ্রীমদ্‌গোবিন্দ দেবের অনুকম্পা-প্রভাবেই নানাবিধ বিঘ্নব্যাঘাতাদি অতিক্রম করিয়া আজি সেই সুপবিত্র ভার অবতরণ করিতে সমর্থ হইলাম। মধ্যে মধ্যে শারীরিক ও মানসিক নানাবিধ অসুস্থতাদি নিবন্ধন যদিও আমরা আশানুযায়ী মনোযোগ প্রদান করিতে পারি নাই, তথাপি কার্য্য-সম্পাদনে যথাসাধ্য শ্রম ও যত্নাদির ত্রুটি হয় নাই। এক্ষণে কিরূপে কার্য্য সম্পাদন করিতে সমর্থ হইলাম, তাহা সহৃদয় সাধুবৃন্দই বিবেচনা করিবেন।

"হেম্নঃ সংলক্ষ্যতে হ্যগ্নৌ বিশুদ্ধিঃ শ্যামিকাপি বা।"

স্বর্ণ বিশুদ্ধ কি বিমিশ্র, তাহার পরীক্ষা অগ্নিতেই হইয়া থাকে।

ফল কথা, উপস্থিত গ্রন্থের গুরুত্ব ও দুরূহত্ব বিবেচনা করিয়া, এবং লিপিকর-প্রমাদ-বহুল হস্তলিখিত পুঁথিগুলি মিলাইয়া সঙ্গতি অসঙ্গতি স্থির করিয়া পাঠ নির্ব্বাচনের দায়িত্ব ও কষ্টসাধ্যতা স্মরণ রাখিয়া, আর মনুষ্যমাত্রই ভ্রম-প্রমাদ-প্রবণ জানিয়া, ইহার মধ্যে যে কিছু ত্রুটি পরিলক্ষিত হইবে, বিদ্বজ্জনগণ স্বভাবসিদ্ধ সহৃদয়তা গুণে তৎসমূহ মার্জ্জনা করিবেন।

এস্থলে আর একটি কথার উল্লেখ আবশ্যক যে, শ্রীকৃষ্ণচৈতন্যচরণ-পরায়ণ বৈষ্ণবাগ্রগণ্য শ্রীযুক্ত বাবু কেদারনাথ দত্ত ভক্তিবিনোদ মহাশয় দাক্ষিণাত্য প্রদেশের হস্তলিখিত গ্রন্থ দৃষ্টে স্বহস্তলিখিত বেদান্তদর্শন গ্রন্থ এবং শান্তিপুর-নিবাসী, বাসুদেববিজয় প্রভৃতি সংস্কৃত-কাব্য-প্রণেতা, হস্তলিখিত প্রাচীন সংস্কৃত গ্রন্থ সংগ্রহের জন্য বাঙ্গালা-গবর্ণমেণ্টের ভূতপূর্ব্ব ভ্রমণকারী পণ্ডিত শ্রীযুক্ত

রামনাথ তর্করত্ন মহাশয় স্বীয় সংগৃহীত আর এক খানি হস্তলিখিত বেদান্তগ্রন্থ প্রদান পূর্ব্বক আমাদিগের সংশোধনকার্য্যের যথেষ্ট সহায়তা করিয়াছেন। ফলত ইহাঁদের প্রদত্ত এই দুই খানি এবং মুখবন্ধে উল্লিখিত শ্রীযুক্ত পণ্ডিত গোকুলচন্দ্র গোস্বামী প্রভুপাদ মহাশয়ের প্রদত্ত একখানি, সর্ব্বসমেত এই তিন খানি হস্তলিখিত গ্রন্থই সম্পাদন সম্বন্ধে আমাদের প্রধান অবলম্বন। ইহাঁদের এই সাময়িক সাহায্য জন্য আমরা যথেষ্ট কৃতজ্ঞ রহিলাম।

ভাষ্যের মতামতাদি সম্বন্ধে এ স্থলে কোন কিছু বলিবার বিশেষ আবশ্যক নাই; কারণ, তৎসম্বন্ধে যাহা যাহা বক্তব্য, তত্তাবৎ "গোবিন্দভাষ্য-বিবৃতি" নামক প্রবন্ধেই অতি বিস্তারিত ও বিশদ রূপে বিবৃত হইয়াছে।

এক্ষণে, যাঁহাদের জন্য আমাদের এই প্রয়াস,—প্রচুর অর্থব্যয়, প্রচুর পরিশ্রম ও প্রচুর যত্নাদি সহকারে যাঁহাদের জন্য এই পবিত্র গ্রন্থ মুদ্রিত ও প্রচারিত হইল,—তাঁহাদের কিঞ্চিন্মাত্রও উপকার দর্শিলেই—তাঁহারা যৎকিঞ্চিন্মাত্রও পরিতোষ লাভ করিলেই—আমরা সমুদায় অ[illegible], সমুদায় পরিশ্রম এবং সমুদায় যত্নাদি সফল জ্ঞান করিব। অলমতিবিস্তরেণ।

শ্রীকৃষ্ণগোপাল ভক্ত

সম্পাদক:

এবং

এসিয়াটিক সোসাইটির অন্যতম মেম্বর,

নূতন বাঙ্গালা যন্ত্রের অধ্যক্ষ,

শব্দকল্পদ্রুম দ্বিতীয় সংস্করণের সম্পাদক

ও অন্যতম প্রকাশক,

রামায়ণ-সম্পাদক, মহানির্ব্বাণতন্ত্র-সম্পাদক,

যোগশাস্ত্র-সম্পাদক,

মহাপুরাণ-সম্পাদক প্রভৃতি।

পুরাণ-কার্য্যালয়।

কলিকাতা—গোপীকৃষ্ণ পালের লেন নং ১৫;

শ্রাবণী-পূর্ণিমা—১৩০১।